জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

# বনপর্ব্ব

## ৯

দর্শনাচার্য্য-
শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-
সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণেন
শ্রীমদ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া
ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-
বঙ্গানুবাদেন চ সহিতম্

বিশ্ববাণী প্রকাশনী
কলিকাতা-৭০০০০৯

## প্রকাশকের নিবেদন

'মহাভারতম্' মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীমদ্ হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয়ের তপস্যালব্ধ অমৃতময় ফল। সে আশ্চর্য্য তপশ্চর্য্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছর তিনি ছিলেন 'মহাভারতম্'-এর তপস্যায় মগ্ন—এবং সে একক ও দুশ্চর তপস্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞার সঙ্গে মিলিত হয়েছিল অসীম ধৈর্য্য, অশেষ নিষ্ঠা ও অলৌকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্য রেখে গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐশ্বর্য্য। 'মহাভারতম্'-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্ত্তি উপলক্ষে ঋষি হরিদাসের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়াস। সুধীজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

## ষড বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

গতে তস্মিন্ হরিবরে ভীমোঽপি বলিনাং বরঃ।
তেন মার্গেণ বিপুলং ব্যচরদ্‌গন্ধমাদনম্ ॥১॥

অনুস্মরন্ বপুস্তস্য শ্রিয়ঞ্চাপ্রতিমাং ভুবি।
মাহাত্ম্যমনুভাবঞ্চ স্মরন্ দাশরথের্যযৌ ॥২॥

স তানি রমণীয়ানি বনান্যুপবনানি চ।
বিলোকয়ামাস তদা সৌগন্ধিকবনেপ্সয়া ॥৩॥

ভারতকৌমুদী

এবমিতি। পাণ্ডবানাং যুধিষ্ঠিরাদীনাং নন্দনমানন্দকরম্। মার্গং তৎপদ্মবনপথম্ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

গত ইতি। হরিবরে বানরশ্রেষ্ঠে হনূমতি। তেন হনূমদুপদিষ্টেন ॥১॥

অন্বিতি। শ্রিয়ং দেহবর্দ্ধনাদিবিভূতিম্। মাহাত্ম্যমৌদার্য্যম্, অনুভাবং প্রভাবম্ ॥২॥

ভারতভাবদীপঃ

গত ইতি ॥১—১৯॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষড় বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৬॥

আর, আমি অর্জ্জুনের ধ্বজের উপরে থাকিয়া তোমার শত্রুগণের প্রাণনাশক দারুণ শব্দ করিব; যাহাতে তুমি অনায়াসে শত্রুসংহার করিতে পারিবে" ॥১৮॥

ভীমসেনের নিকট এইরূপ বলিয়া এবং তাঁহাকে পদ্মবনের পথ বলিয়া দিয়া হনূমান্ তখন সেইখানেই অন্তর্হিত হইলেন ॥১৯॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন – বানরশ্রেষ্ঠ হনূমান্ অন্তর্হিত হইলে, বলিশ্রেষ্ঠ ভীমসেনও সেই পথে বিশাল গন্ধমাদনপর্ব্বতে গমন করিতে লাগিলেন ॥১॥

তিনি হনূমানের সেই শরীর ও জগতে অতুলনীয় ক্ষমতার বিষয় ভাবিতে থাকিয়া এবং রামের মাহাত্ম্য ও প্রভাবের বিষয় স্মরণ করিতে থাকিয়া গমন করিতে লাগিলেন ॥২॥

তিনি সেই পদ্মবনে গমন করিবার ইচ্ছায় যাইতে থাকিয়া তখন বহুতর মনোহর বন ও উপবন দর্শন করিতে থাকিলেন ॥৩॥

ফুল্লপদ্মবিচিত্রাণি সরাংসি সরিতস্তথা।
নানাকুসুমচিত্রাণি পুষ্পিতানি বনানি চ ॥৪॥
মত্তবারণযূথানি পঙ্কক্লিন্নানি ভারত!।
বর্ষতামিব মেঘানাং বৃন্দানি দদৃশে তদা ॥৫॥ (যুগ্মকম্)
হরিণৈশ্চঞ্চলাপাঙ্গৈর্হরিণীসহিতৈর্বনম্।
সশষ্পকবলৈঃ শ্রীমান্ পথি দৃষ্ট্বা দ্রুতং যযৌ ॥৬॥
মহিষৈশ্চ বরাহৈশ্চ শার্দ্দূলৈশ্চ নিষেবিতম্।
ব্যপেতভীর্গিরিং শৌর্য্যাদ্ভীমসেনো ব্যগাহত ॥৭॥
কুসুমানতশাখৈশ্চ তাম্রপল্লবকোমলৈঃ।
যাচ্যমান ইবারণ্যে দ্রুমৈর্মারুতকম্পিতৈঃ ॥৮॥
কৃতপদ্মাঞ্জলিপুটা মত্তষট্পদসেবিতাঃ।
প্রিয়তীর্থবনা মার্গে পদ্মিনীঃ সমতিক্রমন্ ॥৯॥

ভাবতকৌমুদী

স ইতি। সৌগন্ধিকবনেপ্সয়া তৎসুরভিপদ্মবনগমনেচ্ছয়া ॥৩॥

ফুল্লেতি। সরিতো নদীঃ। মত্তবারণযূথানি মত্তহস্তিসমূহান ॥৪—৫॥

হরিণৈরিতি। সশষ্পকবলৈঃ মুখে প্রবেশিতঘাসসহিতৈঃ, শ্রীমান ভীমঃ ॥৬॥

মহিষৈরিতি। ব্যপেতভীঃ নির্ভয়চিত্তঃ। ব্যগাহত ব্যচরৎ ॥৭॥

ত্রিভিবিশেষকেণ ভীমসেনগমনং বর্ণয়তি—কুসুমেতি। কুসুমৈরানতা অবনতাঃ শাখা যেষাং তৈঃ তাম্রৈঃ পল্লবৈঃ কোমলাস্তৈঃ, মারুতকম্পিতৈশ্চ দ্রুমৈঃ, উপহারদ্রব্যভারাবনতকোমলকরৈঃ পুরুষৈরিবেতি ধ্বনিঃ, অরণ্যে প্রবেশং যাচ্যমান ইব, কৃত পদ্মমেব অঞ্জলি-

ভরতনন্দন জনমেজয়! ভীমসেন তখন প্রস্ফুটিত পদ্মসমূহে বিচিত্র সরোবর, নদী, নানাবিধ পুষ্পে সুশোভিত বন এবং বর্ষণকারী মেঘসমূহের ন্যায় কর্দ্দমাক্ত দেহ হস্তী সকল দর্শন করিলেন ॥৪—৫॥

মনোহর মূর্ত্তি ভীমসেন পথে চঞ্চলনয়ন, মুখে ঘাসধারী ও হরিণীগণযুক্ত হরিণ সকল ও বন দেখিতে থাকিয়া দ্রুত গমন করিতে লাগিলেন ॥৬॥

ভীমসেন বীরত্বনিবন্ধন নির্ভয়চিত্তে মহিষ, শূকর ও ব্যাঘ্রসেবিত পর্ব্বতে গমন করিতে থাকিলেন ॥৭॥

যাহাদের শাখাগুলি পুষ্পভারে অবনত ছিল এবং যাহারা তাম্রবর্ণ পল্লবসমূহে কোমল ছিল, সেই সকল বৃক্ষ বায়ুকম্পিত হইয়াই যেন ভীমসেনের নিকট

(৪) ফুল্লক্রমবিচিত্রাণি—বা ব কা। (৫)…সংঘাতং দদৃশে তদা—পি।

(৮) কুসুমানম্রগন্ধৈশ্চ—বা ব কা, কুসুমানতশাখাগ্রৈঃ…বাধ্যমান ইবারণ্যে—পি।

সজ্জমানমনোদৃষ্টিঃ ফুল্লেষু গিরিসানুষু।
দ্রৌপদীবাক্যপাথেয়ো ভীমঃ শীঘ্রতরং যযৌ ॥১০॥ (বিশেষকম্)
পরিবৃত্তেঽহনি ততঃ প্রকীর্ণহরিণে বনে।
কাঞ্চনৈর্বিমলৈঃ পদ্মৈর্দদর্শ বিপুলাং নদীম্ ॥১১॥
হংসকারণ্ডবযুতাং চক্রবাকোপশোভিতাম্।
রচিতামিব তস্যাদ্রের্মালাং বিমলপঙ্কজাম্ ॥১২॥ (যুগ্মকম্)
তস্যাং নদ্যাং মহাসত্ত্বঃ সৌগন্ধিকবনং মহৎ।
অপশ্যৎ প্রীতিজননং বালার্কসদৃশদ্যুতি ॥১৩॥

ভাবকৌমুদী

পুটং যাভিস্তাঃ, অন্যত্র কৃতং পদ্মবৎ অঞ্জলিপুটং যাভিস্তাঃ, মত্তৈঃ ষট্পদৈর্নয়নৈরিব ভ্রমরৈঃ সেবিতাঃ, প্রিয়াণি তীর্থানি ঘট্টাঃ তটস্থবনানি চ যাসাং তাঃ, অন্যত্র প্রিয়াণি তীর্থবনানি যোনিভবনানি যাসাং তাশ্চ, পদ্মাঢ্যাঃ পদ্মবত্যঃ সরসীঃ, স্ত্রীবিশেষাংশ্চ, মার্গে, সমতিক্রমন্ কার্য্য-গৌরবাৎ শীলসৌন্দর্য্যাচ্চ অতিক্রামন, তথা পুষ্পকুসুমেষু গিরিসানুষু, সজ্জমানে লগ্নীভূতে মনোদৃষ্টী যস্য সঃ, দ্রৌপদ্যা বাক্যমেব পাথেয়ং যস্য স তাদৃশশ্চ ভীমঃ, শীঘ্রতরং যযৌ ॥৮—১০॥

পরীতি। পরিবৃত্তে মধ্যাহ্নমতিক্রান্তে, প্রকীর্ণা বিক্ষিপ্তা ইতস্ততো বিরচিতা হরিণা যত্র তস্মিন্। কাঞ্চনৈঃ স্বর্ণময়ৈর্বিমলৈঃ পদ্মৈর্বিশিষ্টম্। রচিতাং বিধাত্রা ॥১১—১২॥

তস্যামিতি। মহাসত্ত্বো মহাধ্যবসায়ঃ, সৌগন্ধিকবনং সুগন্ধিপদ্মবনম্ ॥১৩॥

বনপ্রবেশ প্রার্থনা করিতেছিল; যেগুলি পদ্মরূপ অঞ্জলি বন্ধন করিয়াছিল, নয়নের ন্যায় মত্ত ভ্রমরগণ যেগুলির উপরে ঘুরিতেছিল এবং যেগুলির ঘাট ও তীরস্থ বনগুলি প্রীতিকর ছিল, সেই পদ্মপূর্ণ সরোবর সকল অতিক্রম করিতে থাকিয়া, দ্রৌপদীর বাক্যমাত্র পাথেয় লইয়া ভীমসেন অতি দ্রুত গমন করিতে লাগিলেন; তখন পুষ্পময় পর্ব্বতসানুদেশে তাঁহার মন ও নয়ন সংসক্ত হইতে থাকিল ॥৮—১০॥

তাহার পর মধ্যাহ্নকাল অতীত হইলে, ভীমসেন হরিণপূর্ণ বনের ভিতরে একটী বৃহৎ নদী দর্শন করিলেন; সেই নদীতে নির্ম্মল স্বর্ণপদ্ম ছিল; হংস, কারণ্ডব ও চক্রবাক সকল বিচরণ করিতেছিল এবং বিধাতা যেন সেই নদীটীকে সেই পর্ব্বতের নির্ম্মল পদ্মমালার ন্যায় নির্ম্মাণ করিয়া রাখিয়াছিলেন ॥১১—১২॥

অত্যন্ত অধ্যবসায়শালী ভীমসেন সেই নদীতে আনন্দজনক, নবীন সূর্য্যের ন্যায় রক্তবর্ণ ও বিশাল পদ্মবন দেখিতে পাইলেন ॥১৩॥

(১০) মজ্জমানমনোদৃষ্টিঃ···বা ব কা।

তদ্দৃষ্ট্বা লব্ধকামঃ স মনসা পাণ্ডুনন্দনঃ।
বনবাসপরিক্লিষ্টাং জগাম মনসা প্রিয়াম্ ॥১৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সৌগন্ধিকাহরণে ষড়্‌বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

— :*: —

## সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

স গত্বা নলিনীং রম্যাং রাক্ষসৈরভিরক্ষিতাম্।
কৈলাসশিখরাভ্যাসে দদর্শ শুভকাননাম্ ॥১॥
কুবেরভবনাভ্যাসে জাতাং পর্ব্বতনির্ঝরে।
সুরম্যাং বিপুলচ্ছায়াং নানাদ্রুমলতাকুলাম্ ॥২॥
হরিতাম্বুজসংছন্নাং দিব্যাং কনকপুষ্করাম্।
নানাপক্ষিগণাকীর্ণাং সুপতীর্থামকর্দ্দমাম্ ॥৩॥
অতীবরম্যাং সুজলাং জাতাং পর্ব্বতসানুষু।
বিচিত্রভূতাং লোকস্য শুভামদ্ভুতদর্শনাম্ ॥৪॥ কলাপকম্

ভাবকৌমুদী

তদিতি। মনসা লব্ধকামঃ। জগাম সম্প্রাপ্তবান্‌, প্রিয়াং দ্রৌপদীম্ ॥১৪॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য মহাকবি পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ষড়্‌বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

স ইতি। নলিনী প্রাগুক্তাং পদ্মবতীমাকাশগঙ্গাম্, "খগঙ্গায়াঞ্চ নলিনী" ইতি ত্রিকাণ্ডশেষঃ। কৈলাসস্য পর্ব্বতস্য শিখরাভ্যাসে শৃঙ্গসমীপে। পর্ব্বতনির্ঝরে জাতাম্। হরিতাম্বুজসংছন্নাং পালাশবর্ণপদ্মাবৃতাম্। কনকপুষ্করাং স্বর্ণপদ্মবহুলাম্। শোভনানি উপতীর্থানি সন্নিহিতঘট্টা যস্যাস্তাম্। বিচিত্রভূতাম্ আশ্চর্য্যরূপাম্ ॥১—৪॥

সেই পদ্মবন দেখিয়া ভীমসেন মনে মনে অভীষ্ট লাভ করিলেন এবং মনে মনে বনবাসপরিক্লিষ্টা দ্রৌপদীকে স্মরণ করিতে লাগিলেন ॥১৪॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—ভীমসেন যাইয়া সেই মনোহর নদীটী দর্শন করিলেন; সে নদীটী—কৈলাসপর্ব্বতের শৃঙ্গের ও কুবেরভবনের নিকটে, পার্ব্বত্য-

* '…দ্বিপঞ্চাশদধিক…'—বা ব কা পি, '…ত্রিপঞ্চাশদধিক…'—নি।

তত্রামৃতরসং শীতং লঘু কুন্তীসুতঃ শুভম্।
দদর্শ বিমলং তোয়ং পিবংশ্চ বহু পাণ্ডবঃ ॥৫॥
তাং তু পুষ্করিণীং দিব্যাং দিব্যসৌগন্ধিকাবৃতাম।
জাতরূপময়ৈঃ পদ্মৈশ্ছন্নাং পরমগন্ধিভিঃ ॥৬॥
বৈদূর্য্যবরনালৈশ্চ বহুচিত্রৈর্মনোরমৈঃ।
হংসকারণ্ডবোদ্ধূতৈঃ সৃজদ্ভিরমলং রজঃ ॥৭॥
আক্রীড়ং রাজরাজস্য কুবেরস্য মহাত্মনঃ।
গন্ধর্বৈরপ্সরোভিশ্চ দেবৈশ্চ পরমার্চ্চিতাম্ ॥৮॥
সেবিতামৃষিভির্দিব্যৈর্যক্ষৈঃ কিম্পুরুষৈস্তথা।
রাক্ষসৈঃ কিন্নরৈশ্চাপি গুপ্তাং বৈশ্রবণেন চ ॥৯॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তত্রেতি। অমৃতস্যেব রসঃ স্বাদো যস্য তৎ, লঘু অদেহমজ্জনকম্। বহু প্রচুরম্। পুষ্করিণীং সাধারণপদ্মযুক্তাম্, দিব্যৈঃ স্বর্গীয়ৈঃ সৌগন্ধিকৈঃ সুরভিপদ্মৈশ্চাবৃতাম্। জাতরূপময়ৈঃ স্বর্ণময়ৈঃ। বৈদূর্য্যবরাণাং শ্রেষ্ঠবৈদূর্য্যমণীনাং নালানি যেষাং তৈঃ, বহূনি চ তানি চিত্রাণি চেতি তৈঃ। হংসৈঃ কারণ্ডবৈশ্চ পক্ষিভিঃ উদ্ধূতৈঃ কম্পিতৈঃ, অতএব অমলং রজঃ পরাগম্, সৃজদ্ভির্বিকিরদ্ভিঃ। আক্রীড়ং ক্রীড়াস্থানীভূতম্। গুপ্তাং রক্ষিতাম্, বৈশ্রবণেন কুবেরেণ ॥৫—৯॥

ভারতভাবদীপঃ

স গত্বেতি ॥১—২॥ সুপ্রতীর্থা শোভনানি উপতীর্থানি তীর্থানি যস্যাং সা ॥৩—৪॥ লঘু আরোগ্যকরম্ ॥৫॥ জাতরূপং স্বর্ণম্ ॥৬॥ হংসাদিপোতৈঃ সংস্থানৈকৈরবা ॥৭॥ আক্রীড়ং

নির্ঝরের জলে উৎপন্ন হইয়া পর্ব্বতেরই সমতল ভূমিতে প্রবাহিত হইতেছিল; রাক্ষসেরা সেটীকে রক্ষা করিতেছিল; তীরে নানাবিধ বৃক্ষ ও লতা ছিল, সেগুলির ছায়া আসিয়া তাহার জলে পড়িয়াছিল; তাহাতে হরিদ্বর্ণ পদ্ম, স্বর্ণপদ্ম ও সুন্দর সুন্দর ঘাট ছিল; তাহার উপর দিয়া নানাবিধ পক্ষী বিচরণ করিতেছিল, কদ্দম একেবারেই ছিল না, জল অতিসুন্দর ছিল এবং সেই নদীটী লোকের নয়নে অতি মনোহরা, অতি বৈচিত্র্যময়ী, সুলক্ষণা এবং অদ্ভুতদর্শনা ছিল ॥১—৪॥

ভীমসেন—অমৃতের ন্যায় সুস্বাদ, শীতল, নির্ম্মল, লঘু (হাল্কা) ও শুভজনক জল প্রচুর পরিমাণে পান করিয়া, সেইখানেই থাকিয়া সেই দিব্য নদীটী দেখিতে লাগিলেন; তাহাতে সাধারণ পদ্ম, উত্তম রক্তপদ্ম এবং মনোহর সৌরভশালী স্বর্ণপদ্ম ছিল; সেই স্বর্ণপদ্মগুলির নাল ছিল বৈদূর্য্যমণিময় এবং বিচিত্র ও মনোহর, সেই পদ্মগুলি সংখ্যায় ছিল বহুতর; হংস ও কারণ্ডবপক্ষীর

(৫)…পিবং বহু চ পাণ্ডবঃ—পি।

তাঞ্চ দৃষ্ট্বৈব কৌন্তেয়ো ভীমসেনো মহাবলঃ
বভূব পরমপ্রীতো দিব্যং সংপ্রেক্ষ্য তৎ সরঃ ॥১০॥
তচ্চ ক্রোধবশা নাম রাক্ষসা রাজশাসনাৎ।
রক্ষন্তি শতসাহস্রাশ্চিত্রায়ুধপরিচ্ছদাঃ ॥১১॥
তে তু দৃষ্ট্বৈব কৌন্তেয়মজিনৈঃ প্রতিবাসিতম্।
রুক্মাঙ্গদধরং বীরং ভীমং ভীমপরাক্রমম্ ॥১২॥
সায়ুধং বদ্ধনিস্ত্রিংশমশঙ্কিতমরিন্দমম্।
পুষ্করেপ্সুমুপায়ান্তমন্যোন্যমভিচুক্রুশুঃ ॥১৩॥ (যুগ্মকম্)
অয়ং পুরুষশার্দ্দূলঃ সায়ুধোঽজিনসংবৃতঃ।
যচ্চিকীর্ষুরিহ প্রাপ্তস্তং সংপ্রষ্টুমিহার্হথ ॥১৪॥

---

ভারতকৌমুদী

তামিতি। তাং নদীম্। তৎ তৎসন্নিহিতম্, সরশ্চ সংপ্রেক্ষ্যেতি সম্বন্ধঃ ॥১০॥

তদিতি। তচ্চ সরো রক্ষন্তি স্ম। চিত্রা নানাবিধা আয়ুধপরিচ্ছদা যেষাং তে ॥১১॥

ত ইতি। অজিনৈর্ম্মৃগচর্ম্মভিঃ, প্রতিবাসিতম্ আচ্ছাদিতদেহম্, রুক্মাঙ্গদধরং স্বর্ণকেয়ূরধারিণম্, বদ্ধনিস্ত্রিংশং ধৃতকৃপাণম্, অশঙ্কিতং নিঃশঙ্কচিত্তম্, পুষ্করেপ্সুং পদ্মগ্রহণেচ্ছুম্। অভিচুক্রুশুঃ আহ্বানপূর্ব্বকং পরস্পরমূচুঃ ॥১২—১৩॥

অয়মিতি। সায়ুধঃ অথ চ অজিনসংবৃতঃ, অতএব বেশবৈচিত্র্যাৎ সন্দেহঃ ॥১৪॥

পক্ষবায়ুতে কম্পিত হইয়া সে সমস্ত পদ্মই নির্ম্মল রেণু সকল বিক্ষিপ্ত করিতেছিল। রাজরাজ মহাত্মা কুবের সেই নদীতে জলক্রীড়া করিতেন; দেবগণ, গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণ সেই নদীর বিশেষ আদর করিতেন; দেবর্ষিগণ, যক্ষগণ ও কিম্পুরুষগণ সেই নদীর জল ব্যবহার করিতেন এবং রাক্ষসগণ, কিন্নরগণ ও স্বয়ং কুবের সেই নদীটীকে রক্ষা করিতেন ॥৫—৯॥

কুন্তীনন্দন মহাবল ভীমসেন সেই নদীটী দেখিয়া এবং তাহার নিকটবর্ত্তী একটী দিব্য সরোবর অবলোকন করিয়া পরম আনন্দিত হইলেন ॥১০॥

বিচিত্র অস্ত্র ও পরিচ্ছদধারী 'ক্রোধবশ'-নামক শতসহস্র রাক্ষস রাজা কুবেরের আদেশে সেই সরোবরটীকে রক্ষা করিতেছিল ॥১১॥

এদিকে কুন্তীনন্দন, ভীমপরাক্রম, মহাবীর ও অরিন্দম ভীমসেন পরিধানে মৃগচর্ম্ম, বাহুতে স্বর্ণকেয়ূর, নানাস্থানে নানা অস্ত্র এবং হস্তে তরবারি ধারণ করিয়া নিঃশঙ্কচিত্তে পদ্ম লইবার জন্য আসিতেছেন ইহা দেখিয়াই সেই রক্ষী রাক্ষসেরা আহ্বানপূর্ব্বক পরস্পর বলিতে লাগিল—॥১২—১৩॥

"নানাবিধ অস্ত্রধারী অথচ মৃগচর্ম্মাবৃতদেহ এই শ্রেষ্ঠ পুরুষটী যাহা করিবার ইচ্ছায় এখানে আসিয়াছে, তাহা আমাদের জিজ্ঞাসা করা উচিত" ॥১৪॥

ততঃ সর্ব্বে মহাবাহুং সমাসাদ্য বৃকোদরম্।
তেজোযুক্তমপৃচ্ছন্ত কস্ত্বমাখ্যাতুমর্হসি ॥১৫॥
মুনিবেশধরশ্চৈব সায়ুধশ্চৈব লক্ষ্যসে।
যদর্থমসি সংপ্রাপ্তস্তদাচক্ষ্ব মহামতে! ॥১৬॥

ভীম উবাচ।

পাণ্ডবো ভীমসেনোঽহং ধর্ম্মরাজাদনন্তরঃ।
বিশালাং বদরীং প্রাপ্তো ভ্রাতৃভিঃ সহ রাক্ষসাঃ! ॥১৭॥
অপশ্যত্তত্র পাঞ্চালী সৌগন্ধিকমনুত্তমম্।
অনিলোঢ়মিতো নূনং সা বহূনি পরীপ্সতি ॥১৮॥
তস্যা মামনবদ্যাঙ্গ্যা ধর্ম্মপত্ন্যাঃ প্রিয়ে স্থিতম্।
পুষ্পাহারমিহ প্রাপ্তং নিবোধত নিশাচরাঃ! ॥১৯॥

ভারতকৌমুদী

তত ইতি। তেজোযুক্তং বলান্বিতম্, অপৃচ্ছন্ত অপৃচ্ছন্, আখ্যাতুং বক্তুম্ ॥১৫॥
মুনীতি। সংপ্রাপ্ত আগতঃ। আচক্ষ্ব ব্রূহি ॥১৬॥
পাণ্ডব ইতি। অনন্তরঃ পরবর্ত্তী অনুজ ইত্যর্থঃ। প্রাপ্ত আগতঃ ॥১৭॥
অপশ্যদিতি। সৌগন্ধিকং সুরভিপদ্মম্। অনিলেন বায়ুনা, ঊঢং প্রাপিতম্ ॥১৮॥

তাহার পর রাক্ষসেরা সকলে মহাবাহু ও বলবান্ ভীমসেনের নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিল—"তুমি কে? তাহা বল ॥১৫॥

মহামতি! তোমাকে মুনিবেশধারী অথচ সশস্ত্র দেখা যাইতেছে; অতএব তুমি যে জন্য আসিয়াছ, তাহা বল" ॥১৬॥

ভীম বলিলেন—"রাক্ষসগণ! আমি পাণ্ডব পুত্র এবং যুধিষ্ঠিরের কনিষ্ঠ ভ্রাতা; আমার নাম—'ভীমসেন'। আমি ভ্রাতাদের সহিত বদরিকাশ্রমে আসিয়াছি ॥১৭॥

পাঞ্চালরাজনন্দিনী সেই বদরিকাশ্রমে থাকিয়া—নিশ্চয়ই এই স্থান হইতে বায়ুকর্ত্তৃক নীত একটী অত্যুৎকৃষ্ট সুরভি পদ্ম দেখিতে পান; তাই তিনি উহারই বহু পদ্ম লইতে ইচ্ছা করেন ॥১৮॥

নিশাচরগণ! শ্রবণ কর—ধর্ম্মপত্নী অনিন্দ্যসুন্দরী সেই পাঞ্চালনন্দিনীর প্রিয়কার্য্য করিতে আমি প্রবৃত্ত; তাই এই পুষ্প লইবার জন্য আমি এখানে আসিয়াছি" ॥১৯॥

(১৬)…যদর্থমপি সংপ্রাপ্তঃ—বা ব কা নি। ইতঃ পরম্ '…ত্রিপঞ্চাশদধিক…'—বা ব কা পি, '…চতুঃপঞ্চাশদধিক…'—নি।

রাক্ষসা ঊচুঃ।

আক্রীড়োঽয়ং কুবেরস্য দয়িতঃ পুরুষর্ষভ!।
নেহ শক্যং মনুষ্যেণ বিহর্ত্তুং মর্ত্ত্যধর্ম্মিণা ॥২০॥
দেবর্ষয়স্তথা যক্ষা দেবাশ্চাত্র বৃকোদর!।
আমন্ত্র্য যক্ষপ্রবরং পিবন্তি চ রমন্তি চ ॥২১॥
গন্ধর্বাপ্সরসশ্চৈব বিহরন্ত্যত্র পাণ্ডব!।
যক্ষাধিপস্যানুমতে কুবেরস্য মহাত্মনঃ ॥২২॥
অন্যায়েনেহ যঃ কশ্চিদবমন্য ধনেশ্বরম্।
বিহর্ত্তুমিচ্ছেদ্দুর্বৃত্তঃ স বিনশ্যেন্ন সংশয়ঃ ॥২৩॥
তমনাদৃত্য পদ্মানি জিহীর্ষসি বলাদিতঃ।
ধর্ম্মরাজস্য চাত্মানং ব্রবীষি ভ্রাতরং কথম্ ॥২৪॥

ভারতকৌমুদী

তস্যা ইতি। পুষ্পাণি হরতীতি পুষ্পহারস্তং পুষ্পাণি হর্ত্তুমিচ্ছুমিত্যর্থঃ ॥১৯॥
আক্রীড় ইতি। আ সম্যক্ ক্রীডত্যস্মিন্নিতি আক্রীডঃ সরোবরঃ ॥২০॥
দেবেতি। আমন্ত্র্য আমন্ত্রণপূর্ব্বকমনুজ্ঞাং গৃহীত্বা। রমন্তি ক্রীডন্তি ॥২১॥
গন্ধর্ব্ব ইতি। অনুমতে অনুমতৌ সত্যাম্ ॥২২॥
অন্যায়েনেতি। অবমন্য অবজ্ঞায়। বিনশ্যেৎ, অস্মাভির্হননাদেবেতি ভাবঃ ॥২৩॥
তমিতি। জিহীর্ষসি যদি হর্তুমিচ্ছসি। অধর্ম্মাচরণে ধর্ম্মরাজভ্রাতৃত্বং ন সম্ভবতীতি ভাবঃ ॥২৪॥

---

রাক্ষসেরা বলিল—"পুরুষশ্রেষ্ঠ! এটী কুবেরের প্রিয় ক্রীড়াস্থান; তাই এখানে মর্ত্ত্যবাসী মনুষ্য বিচরণ করিতে পারে না ॥২০॥

এমন কি বৃকোদর! দেবগণ, দেবর্ষিগণ এবং যক্ষগণও যক্ষরাজ কুবেরের অনুমতি লইয়াই ইহার জল পান ও জলকেলি করিয়া থাকেন ॥২১॥

পাণ্ডুনন্দন! গন্ধর্ব্বগণ এবং অপ্সরোগণও, যক্ষাধিপতি মহাত্মা কুবেরের অনুমতি হইলেই এখানে বিহার করিতে পারেন ॥২২॥

সুতরাং যে কোন লোক অন্যায়পূর্ব্বক কুবেরকে অবজ্ঞা করিয়া এখানে বিহার করিতে ইচ্ছা করে, সে দুর্বৃত্ত বিনষ্ট হয়, ইহাতে কোন সন্দেহ নাই ॥২৩॥

(আর এক কথা—) তুমি যদি কুবেরকে অগ্রাহ্য করিয়া বলপূর্ব্বকই এস্থান হইতে পদ্ম লইতে ইচ্ছা কর, তবে কি করিয়া নিজেকে ধর্ম্মরাজের ভ্রাতা বল! ॥২৪॥

---

(২২) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

আমন্ত্র্য যক্ষরাজং বৈ ততঃ পিব হরস্ব চ।
নাতোঽন্যথা ত্বয়া শক্যং কিঞ্চিৎ পুষ্করমীক্ষিতুম্ ॥২৫॥

ভীম উবাচ।*

রাক্ষসাস্তং ন পশ্যামি ধনেশ্বরমিহান্তিকে
দৃষ্ট্বাপি চ মহারাজং নাহং যাচিতুমুৎসহে ॥২৬॥
ন হি যাচন্তি রাজান এষ ধর্ম্মঃ সনাতনঃ।
ন চাহং হাতুমিচ্ছামি ক্ষাত্রং ধর্ম্মং কথঞ্চন ॥২৭॥
ইয়ঞ্চ নলিনী রম্যা জাতা পর্ব্বতনির্ঝরে।
নেয়ং ভবনমাসাদ্য কুবেরস্য মহাত্মনঃ ॥২৮॥
তুল্যা হি সর্ব্বভূতানামিয়ং বৈশ্রবণস্য চ।
এবং গতেষু দ্রব্যেষু কঃ কং যাচিতুমর্হতি ॥২৯॥

বৈশম্পায়ন উবাচ।

ইত্যুক্ত্বা রাক্ষসান্ সর্ব্বান্ ভীমসেনোঽত্যমর্ষণঃ।
ব্যগাহত মহাবাহুর্নলিনীং তাং মহাবলঃ ॥৩০॥

ভারতকৌমুদী

আমন্ত্র্যেতি। পিব জলম্, হরস্ব চ পদ্মম্। পুষ্করং পদ্মম্, ঈক্ষিতুং দ্রষ্টুমপি ২৫।

রাক্ষসা ইতি। হে রাক্ষসাঃ। মহারাজং কুবেরম্, উৎসহে শক্নোমি ॥২৬॥

নেতি। হি যস্মাৎ, রাজানঃ ক্ষত্রিয়াঃ। হাতু ত্যক্তুম্, ক্ষাত্রং ক্ষত্রিয়সম্বন্ধিনম ॥২৭॥

ইয়মিতি। নলিনী অত্র গঙ্গা, "খগঙ্গায়াঞ্চ নলিনী" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥২৮॥

তুল্যেতি। "অটব্যঃ পর্ব্বতাঃ পুণ্যা নদ্যস্তীর্থানি যানি চ। সর্ব্বাণ্যস্বামিকান্যাহুর্নহি তেষু পরিগ্রহঃ ॥" ইতি প্রায়শ্চিত্ততত্ত্বধৃত-) স্মৃতেরিতি ভাবঃ। বৈশ্রবণস্য কুবেরস্য ॥২৯॥

---

অতএব তুমি যক্ষরাজের অনুমতি লইয়া ইহার জল পান কর এবং পদ্ম হরণ কর; না হইলে তুমি কোন পদ্ম দেখিতেও পারিবে না" ॥২৫॥

ভীম বলিলেন—"রাক্ষসগণ! এখন নিকটে ত কুবেরকে দেখিতেছি না: আর তাঁহাকে দেখিলেও আমি তাঁহার নিকট প্রার্থনা করিতে পারি না ॥২৬॥

কারণ, এই সনাতন ধর্ম্ম আছে যে, ক্ষত্রিয়েরা প্রার্থনা করেন না: সুতরাং আমি কোন প্রকারেই সেই ক্ষত্রিয়ধর্ম্ম ত্যাগ করিতে ইচ্ছা করি না ॥২৭॥

বিশেষতঃ, এই মনোহর নদীটী পার্ব্বত্যপ্রস্রবণে জন্মিয়াছে; কিন্তু মহাত্মা কুবেরের বাড়ীতে জন্মে নাই ॥২৮॥

সুতরাং এই নদী সমস্ত প্রাণীর ও কুবেরের পক্ষে সমান; অতএব দ্রব্য এইরূপ থাকিলে, কে কাহাকে প্রার্থনা করে?" ॥২৯॥

* ভীমসেন উবাচ—বা ব কা নি।

ততঃ স রাক্ষসৈর্বাচা প্রতিষিদ্ধঃ প্রতাপবান্ ।
মা মৈবমিতি সক্রোধৈর্ভর্ৎসয়দ্ভিঃ সমন্ততঃ ॥৩১॥
কদর্থীকৃত্য তু স তান্ রাক্ষসান্ ভীমবিক্রমঃ ।
ব্যগাহত মহাতেজাস্তে তং সর্ব্বে ন্যবারয়ন্ ॥৩২॥
গৃহ্নীত বধ্নীত নিকৃন্তথৈনং পচাম খাদাম চ ভীমসেনম্ ।
ক্রুদ্ধা ব্রুবন্তোঽভিযযুর্দ্রুতং তে শস্ত্রাণি চোদ্যম্য বিবৃত্তনেত্রাঃ ॥৩৩॥
ততঃ স গুর্ব্বীং যমদণ্ডকল্পাং মহাগদাং কাঞ্চনপট্টনদ্ধাম্ ।
প্রগৃহ্য তানভ্যপতত্তরস্বী ততোঽব্রবীত্তিষ্ঠত তিষ্ঠতেতি ॥৩৪॥

ভারতকৌমুদী

ইতীতি। অত্যমর্ষণঃ অতীবাসহিষ্ণুঃ, ব্যগাহত আলোড়িতুমুপাক্রামৎ ॥৩০॥
তত ইতি। সমন্ততঃ সর্ব্বাভ্য এব দিগ্ভ্যঃ প্রতিষিদ্ধ ইতি সম্বন্ধঃ ॥৩১॥
কদর্থীতি। কদর্থীকৃত্য প্রতিনির্ভর্ৎস্য। ব্যগাহত নদীমালোড়িতুমুপাক্রামৎ ॥৩২॥
গৃহ্নীতেতি। নিকৃন্তত ছিন্ত। বিবৃত্তনেত্রা বিস্ফারিতনয়নাঃ ॥৩৩॥
তত ইতি। কাঞ্চনপট্টনদ্ধাং স্বর্ণপট্টাবৃতাম্। অভ্যপতৎ অভ্যধাবৎ, তরস্বী বেগবান্ ॥৩৪॥

বৈশম্পায়ন বলিলেন—অত্যন্ত অসহিষ্ণু, মহাবাহু ও মহাবল ভীমসেন সকল রাক্ষসকে এই কথা বলিয়া সেই নদীটাকে আলোড়ন করিবার উপক্রম করিলেন ॥৩০॥

তাহার পর সেই রাক্ষসেরা ক্রুদ্ধ হইয়া, বাক্যদ্বারা ভর্ৎসনা করিতে থাকিয়া, "নামিও না, নামিও না" বলিয়া সকল দিক্ হইতেই প্রতাপশালী ভীমসেনকে নিষেধ করিতে লাগিল ॥৩১॥

কিন্তু ভীমবিক্রম ও মহাতেজা ভীমসেন সেই রাক্ষসগণকে প্রতিভর্ৎসনা করিয়া নদীটাকে আলোড়ন করিবার উপক্রমই করিলেন; তখন তাহারা সকলেই ভীমসেনকে বারণ করিল ॥৩২॥

"এই ভীমটাকে ধর, বাঁধ এবং কাট; উহাকে পাক করিব এবং খাইব" এই কথা বলিয়া, ক্রুদ্ধ হইয়া অস্ত্র উত্তোলন করিয়া, সেই রাক্ষসেরা বিস্ফারিত নেত্রে ভীমের প্রতি দ্রুত ধাবিত হইল ॥৩৩॥

তাহার পর ভীমসেন বিশাল, স্বর্ণপট্টে আবৃত (সোণার পাতে মোড়া) এবং যমদণ্ডের তুল্য মহাগদা লইয়া তাহাদের দিকে ধাবিত হইলেন, তৎপরে বলিলেন—"থাক্ থাক্" ॥৩৪॥

---

(৩৩) গৃহ্নীত বধ্নীত বিকর্ত্তথৈনম্—বা ব কা নি।

তে তং তদা পট্টিশতোমরাদ্যৈর্ব্যাবিদ্ধশস্ত্রৈঃ সহসা নিপেতুঃ।
জিঘাংসবঃ ক্রোধবশাঃ সুভীমা ভীমং সমন্তাৎ পরিবব্রুরুগ্রাঃ ॥৩৫॥
বাতেন কুন্ত্যাং বলবান্ স জাতঃ শূরস্তরস্বী দ্বিষতাং নিহন্তা।
ক্ষাত্রে চ ধর্ম্মে নিরতঃ সদৈব পরাক্রমৈঃ শত্রুভিরপ্রধৃষ্যঃ ॥৩৬॥
তেষাং স মার্গান্ বিবিধান্ মহাত্মা নিহত্য শস্ত্রাণি চ শাত্রবাণাম্।
যথাপ্রবীরং নিজঘান ভীমঃ পরঃশতান্ পুষ্করিণীসমীপে ॥৩৭॥
তে তস্য বীর্য্যঞ্চ বলঞ্চ দৃষ্ট্বা বিদ্যাবলং বাহুবলং তথৈব।
অশক্নুবন্তঃ সহিতুং সমন্তাদ্দ্রুতং প্রবীরাঃ সহসা নিবৃত্তাঃ ॥৩৮॥

ভারতকৌমুদী

ত ইতি। ব্যাবিদ্ধশস্ত্রৈঃ উত্তোলিতাস্ত্রৈঃ। ক্রোধবশা নাম রাক্ষসাঃ, উগ্রা নিষ্ঠুরাঃ ॥৩৫॥

অথ ভীমঃ কথমেকাকী বহুভিঃ সহ যোদ্ধুং প্রবৃত্ত—ইত্যাহ বাতেনেতি। বাতেন মহাবলেন বায়ুনা। তরস্বী বেগবান্। অপ্রধৃষ্যঃ অনভিভবনীয়ঃ ॥৩৬॥

তেষামিতি। মার্গান্ প্রহারপ্রকারান্। নিহত্য বিফলীকৃত্য। প্রবীরাননতিক্রম্যেতি যথাপ্রবীরম্। শতাৎ পরে ইতি পরঃশতাস্তান্ শতাধিকানিত্যর্থঃ। "অপস্করাদয়শ্চ" ইতি সুট্। সহ নিপাতঃ। পুষ্করিণী পদ্মবতী নদী তস্যাঃ সমীপে ॥৩৭॥

ত ইতি। বীর্য্যং দৈহিকশক্তিম্, বলং মানসিকশক্তিম্, বিদ্যাবলং শিক্ষানৈপুণ্যম্ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

ক্রীড়াস্থানম্ ॥৮—১৭॥ অনিলোদ্ধৃং বায়ুনা আনীতম্ ॥১৮—৩৬॥ বিহত্য বিনাশ্য। "বা ল্যপী" ত্যনুনাসিকলোপপক্ষে ইদং রূপম্ ॥৩৭॥ সহিতমেকীভূয়াপাশক্নুবন্তঃ ॥৩৮—৩৯॥

তখন সেই 'ক্রোধবশ'-নামক অতিভয়ঙ্কর ও নিষ্ঠুর রাক্ষসেরা ভীমকে বধ করিবার ইচ্ছা করিয়া তোমর ও পট্টিশপ্রভৃতি অস্ত্র উত্তোলনপূর্ব্বক সকল দিক্ হইতে দ্রুত ধাবিত হইল ॥৩৫॥

ভীমসেন বায়ুর ঔরসে কুন্তীর গর্ভে জন্মিয়াছিলেন; তাই তিনি বলবান্, বীর, বেগবান্, শত্রুহন্তা, ক্ষত্রিয়ধর্ম্মে নিরত এবং পরাক্রমে সর্ব্বদাই শত্রুগণের অজেয় ছিলেন ॥৩৬॥

সুতরাং মহাত্মা ভীমসেন সেই নদীর নিকটে সেই শত্রুগণের নানাবিধ প্রহারের প্রকার (কায়দা) ও অস্ত্রসমূহ নিষ্ফল করিয়া একশতেরও অধিক প্রধান প্রধান বীরকে বধ করিলেন ॥৩৭॥

তাহার পর সেই মহাবীর রাক্ষসেরা ভীমসেনের দৈহিক বল, মানসিক বল, শিক্ষানৈপুণ্য ও বাহুবল দেখিয়া, তাঁহাকে সহ্য করিতে না পারিয়া সকল দিক্ হইতেই তৎক্ষণাৎ নিবৃত্তি পাইল ॥৩৮॥

(৩৬)···বলবান্ সুজাতঃ—বা ব কা নি। (৩৭)···বিহত্য শস্ত্রাণি চ···যথাপ্রবীরান্···পরং শতম্—বা ব কা। (৩৮)···অশক্নুবন্তঃ সহিতম্—বা ব কা।

বিদীর্য্যমাণাস্তত এব তূর্ণমাকাশমাস্থায় বিমূঢ়সংজ্ঞাঃ।
কৈলাসশৃঙ্গাণ্যভিদুদ্রুবুস্তে ভীমার্দ্দিতাঃ ক্রোধবশাঃ প্রভগ্নাঃ ॥৩৯॥
স শক্রবদ্দানবদৈত্যসংঘান্ বিক্রম্য জিত্বা চ রণেঽরিসংঘান্।
বিগাহ্য তাং পুষ্করিণীং জিতারিঃ কামায় জগ্রাহ ততোঽম্বুজানি ॥৪০॥
ততঃ স পীত্বাঽমৃতকল্পমম্ভো ভূয়ো বভূবোত্তমবীর্য্যতেজাঃ।
উৎপাট্য জগ্রাহ চ সোঽম্বুজানি সৌগন্ধিকান্যুত্তমগন্ধবন্তি ॥৪১॥
ততস্তু তে ক্রোধবশাঃ সমেত্য ধনেশ্বরং ভীমবলপ্রণুন্নাঃ।
ভীমস্য বীর্য্যঞ্চ বলঞ্চ সংখ্যে যথাবদাচখ্যুরতীব ভীতাঃ ॥৪২॥
তেষাং বচস্তত্তু নিশম্য দেবঃ প্রহস্য রক্ষাংসি ততোঽভ্যুবাচ।
গৃহ্লাতু ভীমো জলজানি কামাৎ কৃষ্ণানিমিত্তং বিদিতং ময়ৈতৎ ॥৪৩॥

ভাবতকৌমুদী

বিদীর্য্যেতি। আস্থায় আশ্রিত্য, বিমূঢ়সংজ্ঞা লুপ্তপ্রায়চেতনাঃ।৩৯॥
স ইতি। শক্রবৎ ইন্দ্র ইব। পুষ্করিণীং পদ্মবতীং নদীম্। কামায় কামনাপূরণায় ॥৪০।
তত ইতি। স ভীমঃ, অমৃতকল্পং সুধাসদৃশম্। সৌগন্ধিকং পদ্মাখ্যম্।৪১।
তত ইতি। ক্রোধবশা নাম ভীমবলেন প্রণুন্নাঃ পরাজিতাঃ। সংখ্যে যুদ্ধে।৪২।
তেষামিতি। দেবঃ কুবেরঃ। জলজানি পদ্মানি। কৃষ্ণানিমিত্তং দ্রৌপদ্যর্থম্।৪৩॥

এবং 'ক্রোধবশ'-নামক সেই রাক্ষসেরা ভীমকর্ত্তৃক পীড়িত, ক্ষতবিক্ষত দেহ, পরাজিত ও লুপ্তপ্রায়চৈতন্য হইয়া সেই স্থান হইতেই আকাশে উঠিয়া কৈলাস-পর্ব্বতের শৃঙ্গের দিকে পলায়ন করিল ॥৩৯॥

পূর্ব্বকালে ইন্দ্র যেমন দৈত্য ও দানবগণকে জয় করিয়াছিলেন, সেইরূপ ভীমসেন যুদ্ধে বিক্রমপ্রকাশপূর্ব্বক শত্রুগণকে জয় করিয়া সেই পদ্মযুক্ত নদীতে অবগাহনপূর্ব্বক দ্রৌপদীর অভিলাষ পূর্ণ করিবার জন্য বহুতর পদ্ম গ্রহণ করিলেন ॥৪০॥

তাহার পর ভীমসেন অমৃততুল্য জল পান করিয়া আরও অধিক বল ও গর্ব্বশালী হইলেন এবং তিনি লতা উৎপাটন করিয়া উত্তম সৌরভসম্পন্ন বহুতর পদ্ম তুলিয়া লইলেন ॥৪১॥

তদনন্তর ভীমের বাহুবলে পরাজিত 'ক্রোধবশ'-নামক সেই রাক্ষসেরা অত্যন্ত ভীত হইয়া কুবেরের নিকট যাইয়া যুদ্ধে ভীমের দৈহিক বল ও মানসিক বলের বিষয় যথাযথভাবে বলিল ॥৪২॥

তৎপরে কুবের তাহাদের সেই কথা শুনিয়া হাস্য করিয়া তাহাদিগকে

(৩৯) শ্লোকঃ পি নাস্তি। (৪২)·· অতীবদীনাঃ—পি।

ততোঽভ্যনুজ্ঞাপ্য ধনেশ্বরং তে জগ্মুঃ কুরূণাং প্রবরং বিরোষাঃ।
ভীমঞ্চ তস্যাং দদৃশুর্নলিন্যাং যথোপজোষং বিহরন্তমেকম্ ॥৪৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সৌগন্ধিকাহরণে সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

## অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততস্তানি মহার্হাণি দিব্যানি ভরতর্ষভ !।
বহূনি বহুরূপাণি বিরজাংসি সমাদদে ॥১॥
ততো বায়ুর্মহান্ শীঘ্রো নীচৈঃ শর্করকর্ষণঃ।
প্রাদুরাসীৎ খরস্পর্শঃ সংগ্রামমভিচোদয়ন্ ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। যথোপজোষং যথাসুখম্, "তূষ্ণীমর্থে সুখে জোষম্" ইত্যমরঃ ॥৪৪॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। তানি পদ্মানি, মহার্হাণি মহামূল্যানি বিরজাংসি নির্ম্মলানি ॥১॥

ভারতভাবদীপঃ

বিক্রম্য জিত্বা চ, অভিভূয় বশীকৃত্য চেত্যর্থঃ ॥৪০—৪২॥ কামাৎ কামায় স্বেষ্টসিদ্ধ্যর্থম্ ॥৪৩—৪৪॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৭॥

—:*:—

বলিলেন—"আমি এ ঘটনা জানিয়াছি। ভীম দ্রৌপদীর জন্য ইচ্ছানুসারে পদ্ম গ্রহণ করুন" ॥৪৩॥

তাহার পর সেই রাক্ষসেরা কুবেরের অনুমতি লইয়া ক্রোধশূন্য হইয়া ভীমের নিকট গেল এবং একাকী ভীমকে সেই নদীতে যথাসুখে জলক্রীড়া করিতে দেখিল ॥৪৪॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ জনমেজয়! তাহার পর ভীমসেন মহামূল্য, বহুবিধ ও নির্ম্মল বহুতর স্বর্গীয় পদ্মপুষ্প তুলিয়া লইলেন ॥১॥

* '…চতুঃপঞ্চাশদধিক…'—বা ব কা পি, '…পঞ্চপঞ্চাশদধিক…'—নি।

পপাত মহতী চোল্কা সনির্ঘাতা মহাভয়া।
নিষ্প্রভশ্চাভবৎ সূর্য্যশ্ছন্নরশ্মিস্তমোবৃতঃ ॥৩॥
নির্ঘাতশ্চাভবদ্ভীমো ভীমে বিক্রমমাস্থিতে।
চচাল পৃথিবী চাপি পাংশুবর্ষং পপাত চ ॥৪॥
সলোহিতা দিশশ্চাসন্ খরবাচো মৃগদ্বিজাঃ।
তমোবৃতমভূৎ সর্ব্বং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৫॥
অন্যে চ বহবো ভীমা উৎপাতাস্তত্র জজ্ঞিরে।
তদদ্ভুতমভিপ্রেক্ষ্য ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ॥৬॥
উবাচ বদতাং শ্রেষ্ঠঃ কোঽস্মানভিভবিষ্যতি।
সজ্জীভবত ভদ্রং বঃ পাণ্ডবা যুদ্ধদুর্ম্মদাঃ! ॥৭॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত ইতি। শর্করকর্ষণঃ প্রস্তররেণুবাহী। অভিচোদয়ন্ সংসূচয়ন্ ॥২॥
পপাতেতি। সনির্ঘাতা প্রাগুক্তলক্ষণবায়ুপাতসহিতা। ছন্নরশ্মিঃ আবৃতকিরণঃ ॥৩॥
নির্ঘাত ইতি। নির্ঘাতঃ পৃথগ্ বায়ুপাতঃ। আস্থিতে আশ্রিতে। পাংশুবর্ষং ধূলিবৃষ্টিঃ ॥৪॥
সেতি। লোহিতশব্দোঽত্র গুণবচনঃ। খরবাচস্তীব্ররবাঃ, মৃগদ্বিজাঃ পশুপক্ষিণঃ ॥৫॥
অন্য ইতি। তত্র বদরিকাশ্রমে। অভিভবিষ্যতি অভিভবিতুমাগমিষ্যতি ॥৬—৭॥

---

তখন (বদরিকাশ্রমে) শর্কর-(কাকর) বাহী, খরস্পর্শ ও বেগবান্ মহাবায়ু যুদ্ধ সূচনা করিয়া নিম্ন দিয়া বহিত হইতে লাগিল ॥২॥

অতিভয়ঙ্কর ও বিশাল উল্কা সকল বায়ুপাতের সহিত পতিত হইতে থাকিল এবং সূর্য্য অন্ধকারাবৃত ও আবৃতকিরণ হইয়া নিষ্প্রভ হইলেন ॥৩॥

(রাক্ষসদের সহিত যুদ্ধের সময়ে) ভীমসেন বিক্রম প্রকাশ করিতে থাকিলে, ভয়ঙ্কর নির্ঘাত হইতে থাকিল, পৃথিবী কম্পিত হইতে লাগিল এবং ধূলিবৃষ্টি পতিত হইতে থাকিল ॥৪॥

আর দিক্ সকল রক্তবর্ণ হইল, পশু-পক্ষীরা তীব্ররব করিতে লাগিল এবং সমস্তই অন্ধকারাবৃত হইয়া গেল, কিছুই জানা যাইতে লাগিল না ॥৫॥

বদরিকাশ্রমে আরও বহুতর ভয়ঙ্কর উৎপাত হইতে থাকিল। তখন বাগ্মিশ্রেষ্ঠ ধর্ম্মপুত্র যুধিষ্ঠির সেই অদ্ভুত দেখিয়া বলিলেন—"কেহ আমাদিগকে অভিভূত করিতে আসিবে; সুতরাং যুদ্ধদুর্ম্মদ পাণ্ডবগণ! তোমরা সজ্জীভূত হও, তোমাদের মঙ্গল হউক ॥৬—৭॥

(৩)…সনির্ঘাতা মহাবলা—পি। (৪) নির্ঘাতশ্চাপতদ্ভীমঃ—পি

যথা রূপাণি পশ্যামি স্বভ্যগ্রো নঃ পরাক্রমঃ ।
এবমুক্ত্বা ততো রাজা বীক্ষাঞ্চক্রে সমন্ততঃ ॥৮॥
অপশ্যমানো ভীমন্তু ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ ।
ততঃ কৃষ্ণাং যমৌ চাপি সমীপস্থানরিন্দমঃ ।
পপ্রচ্ছ ভ্রাতরং ভীমং ভীমকর্ম্মাণমাহবে ॥৯॥
কচ্চিন্নু ভীমঃ পাঞ্চালি ! কিঞ্চিৎ কৃত্যং চিকীর্ষতি ।
কৃতবানপি বা বীরঃ সাহসং সাহসপ্রিয়ঃ ॥১০॥
ইমে হ্যকস্মাদুৎপাতা মহাসমরদর্শিনঃ ।
দর্শয়ন্তো ভয়ং তীব্রং প্রাদুর্ভূতাঃ সমন্ততঃ ॥১১॥
তং তথাবাদিনং কৃষ্ণা প্রত্যুবাচ মনস্বিনী ।
প্রিয়া প্রিয়ং চিকীর্ষন্তী মহিষী চারুহাসিনী ॥১২॥

### ভারতকৌমুদী

যথেতি । যথা রূপাণি লক্ষণানি পশ্যামি, তথা মন্যে ইতি শেষঃ । নঃ অস্মাকং পরাক্রমঃ পরাক্রমপ্রকাশকালঃ, স্বভ্যগ্রঃ অত্যন্তসন্নিহিতঃ, "উপকণ্ঠান্তিকাভ্যর্ণাভ্যগ্রাঃ" ইত্যমরঃ । সমন্ততো বীক্ষাঞ্চক্রে ভীমস্য দর্শনার্থমিতি ভাবঃ ।

অপশ্যেতি । আহবে যুদ্ধে ভীমকর্ম্মাণম্ । ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৯॥

কচ্চিদিতি । সাহসং কৃত্যং সাহসপ্রবৃত্তিযুদ্ধাদিকং কার্য্যম্ ॥১০॥

ইম ইতি । মহাসমরদর্শিনঃ মহাযুদ্ধসূচকাঃ দর্শয়ন্তো জ্ঞাপয়ন্তঃ ॥১১॥

তমিতি । কৃষ্ণা দ্রৌপদী । প্রিয়ং যুধিষ্ঠিরস্য প্রীতিকরং পুষ্পানয়নং কার্য্যম্ ॥১২॥

---

যেরূপ লক্ষণ দেখিতেছি, তাহাতে বোধ হয়—আমাদের পরাক্রম প্রকাশ করার সময় অত্যন্ত সন্নিহিত হইয়াছে।" এইরূপ বলিয়া তাহার পর যুধিষ্ঠির সকল দিকেই দৃষ্টিপাত করিলেন ॥৮॥

কিন্তু ভীমসেনকে না দেখিয়া অরিন্দম ধর্ম্মপুত্র যুধিষ্ঠির—দ্রৌপদী এবং নিকটবর্ত্তী নকুল ও সহদেবের নিকট যুদ্ধে ভীমকর্ম্মা ভ্রাতা ভীমসেনের বিষয় জিজ্ঞাসা করিলেন ॥৯॥

"দ্রৌপদি! বীর ও সাহসপ্রিয় ভীমসেন কি কোন সাহসের কার্য্য করিবার ইচ্ছা করিতেছেন বা করিয়াছেন? ॥১০

যে হেতু, মহাযুদ্ধসূচক ও মহাভয়জ্ঞাপক এই উৎপাত সকল অকস্মাৎ সমস্ত দিক্ হইতে উপস্থিত হইয়াছে" ॥১১॥

যুধিষ্ঠির সেইরূপ বলিতেছিলেন, এমন সময়ে তাঁহারই প্রিয়কার্য্য করিবার অভিলাষিণী, মনস্বিনী ও মধুরহাসিনী প্রিয়তমা মহিষী দ্রৌপদী বলিলেন ॥১২॥

---

(৮)·· প্রত্যগ্রো নঃ পরাক্রমঃ পি । (১১)·· মহাসমরদর্শনাঃ—বা ব বা ।

দ্রৌপদ্যুবাচ।

যত্তৎ সৌগন্ধিকং রাজন্নাহৃতং মাতরিশ্বনা।
তন্ময়া ভীমসেনস্য প্রীতয়াহদ্যোপপাদিতম্ ॥১৩॥
অপি চোক্তো ময়া বীরো যদি পশ্যের্বহূন্যপি।
তানি সর্ব্বাণ্যুপাদায় শীঘ্রমাগম্যতামিতি ॥১৪॥
স তু নূনং মহাবাহুঃ প্রিয়ার্থং মম পাণ্ডবঃ।
প্রাগুদীচীং দিশং রাজংস্তান্যাহর্ত্তুমিতো গতঃ ॥১৫॥
উক্তস্ত্বেবং তয়া রাজা যমাবিদমথাব্রবীৎ।
গচ্ছাম সহিতাস্তূর্ণং যেন যাতো বৃকোদরঃ ॥১৬॥
বহন্তু রাক্ষসা বিপ্রান্ যথা শ্রান্তান্ যথা কৃশান্।
ত্বমপ্যমরসঙ্কাশ! বহ কৃষ্ণাং ঘটোৎকচ! ॥১৭॥
ব্যক্তং দূরমিতো ভীমঃ প্রবিষ্ট ইতি মে মতিঃ।
চিরঞ্চ তস্য কালোহয়ং স চ বায়ুসমো জবে ॥১৮॥

ভারতকৌমুদী

যদিতি। সৌগন্ধিকং সুরভি পদ্মম্। মাতরিশ্বনা বায়ুনা। উপপাদিতং দত্তম্ ॥১৩॥
অপীতি। বীরো ভীমসেনঃ। [illegible] ॥১৪॥
স ইতি। নূনমিত্যুৎপ্রেক্ষায়াম্। প্রাগুদীচীম্ ঐশানীম্ [illegible] ॥১৫॥
উক্ত ইতি। তয়া দ্রৌপদ্যা, যমৌ নকুলসহদেবৌ [illegible] দিশা [illegible] ॥১৬॥
ঘটোৎকচং প্রত্যাহ—বহ ইতি। [illegible] শ্রান্তান্, কৃশান্ দুর্ব্বলান্ ॥১৭॥

দ্রৌপদী বলিলেন—"রাজা! বায়ু সেই যে সৌরভশালী পদ্ম আনয়ন করিয়াছিল, তাহা আমি আনন্দিত হইয়া ভীমসেনের নিকট দিয়াছিলাম ॥১৩॥

এবং তাঁহাকে বলিয়াছিলাম যে, "যদি ইহা বহুতর দেখেন, তবে তাহা সমস্ত লইয়া সত্বর আগমন করুন" ॥১৪॥

সুতরাং নিশ্চয়ই মহাবাহু মধ্যমপাণ্ডব আমার প্রীতি সম্পাদন করিবার জন্য সেই পদ্ম আনিতে এ স্থান হইতে ঈশানকোণে গিয়াছেন" ॥১৫॥

দ্রৌপদী এইরূপ বলিলে, যুধিষ্ঠির নকুল-সহদেবকে এই কথা কহিলেন—"ভীম যে দিক্ গিয়াছেন, আমরা মিলিত হইয়া সত্বর সেই দিকে যাইব ॥১৬॥

অতএব দেবতুল্য ঘটোৎকচ! ব্রাহ্মণেরা যেমন পরিশ্রান্ত ও যেমন দুর্ব্বল হইয়া পড়িয়াছেন, তেমন তাঁহাদিগকে রাক্ষসেরা বহন করুক; আর তুমি দ্রৌপদীকে বহন কর ॥১৭॥

(১৮)...চিরং গতস্য কালোহয়ম্—পি।

তরস্বী বৈনতেয়স্য সদৃশো ভুবি লঙ্ঘনে।
উৎপতেদপি চাকাশং নিপতেচ্চ মহীতলম্ ॥১৯॥
তমন্বিয়াম ভবতাং প্রভাবাদ্ রজনীচরাঃ।
পুরা স নাপরাধ্নোতি সিদ্ধানাং ব্রহ্মবাদিনাম্ ॥২০॥
তথেত্যুক্ত্বা তু তে সর্বে হৈড়িম্বপ্রমুখাস্তদা।
উদ্দেশজ্ঞাঃ কুবেরস্য নলিন্যা ভরতর্ষভ ॥২১॥
আদায় পাণ্ডবাংশ্চৈব তাংশ্চ বিপ্রাননেকশঃ।
লোমশেনৈব সহিতাঃ প্রযযুঃ প্রীতমানসাঃ ॥২২॥ (যুগ্মকম্)
তে গত্বা সহিতাঃ সর্বে দদৃশুঃ শুভকাননম্।
পদ্মসৌগন্ধিকবনং নলিনীং সুমনোরমাম্।
তঞ্চ ভীমং মহাত্মানং তস্যাস্তীরে ব্যবস্থিতম্ ॥২৩॥

## ভারতকৌমুদী

ব্যক্তমিতি [illegible] চিরমিতি। [illegible] বেগে ॥১৮॥

তরস্বীতি। তরস্বী বেগবান্ [illegible] উৎপতেৎ উৎপ্লবনেন, নিপতেৎ উচ্চাবপ্লবনেন ॥১৯॥

তমিতি। অন্বিয়াম অনুগচ্ছাম। পুরা [illegible] ॥২০॥

তথেতি। হৈড়িম্বপ্রমুখাঃ ঘটোৎকচপ্রভৃতয়ঃ। উদ্দেশজ্ঞাঃ স্থানবৃত্তান্তজ্ঞাঃ। নলিন্যাঃ প্রাগুক্তায়াঃ [illegible] ॥২১—২২॥

## ভারতভাবদীপঃ

তরস্বীতি ॥১৯—২০॥ [illegible] ক্রমকঃ ৮—২০॥ উদ্দেশজ্ঞাঃ স্থানজ্ঞাঃ ॥২১—২৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৮॥

কারণ, আমার ধারণা হইতেছে যে, ভীমসেন নিশ্চয়ই এ স্থান হইতে দূরে গিয়াছেন। যে হেতু তাঁহার বিলম্ব হইতেছে এবং তিনি বেগে বায়ুর তুল্য ॥১৮॥

পৃথিবীর মধ্যে ভীমসেন লঙ্ঘনবিষয়ে গরুড়ের তুল্য বেগবান্ এবং তিনি আকাশেও উঠিতে পারেন, (উচ্চস্থান হইতে) ভূতলেও পড়িতে পারেন ॥১৯॥

অতএব রাক্ষসগণ! তোমাদের প্রভাব বলে আমরা তাঁহার অনুসরণ করিব, যাহাতে তিনি পূর্বে সিদ্ধ বেদবাদী ঋষিদের নিকট অপরাধী না হন" ॥২০॥

ভরতশ্রেষ্ঠ জনমেজয়! "তাহাই হউক" এই কথা বলিয়া কুবেরনদীর সমস্ত স্থানাভিজ্ঞ ঘটোৎকচপ্রভৃতি রাক্ষসেরা সকলেই পাণ্ডবগণ ও ব্রাহ্মণগণকে লইয়া সন্তুষ্টচিত্তে লোমশের সহিত গমন করিতে লাগিল ॥২১—২২॥

---

(১৯)···নিপতেচ্চ যথেচ্ছকম্—বা ব কা নি।

দদৃশুর্নিহতাংশ্চৈব যক্ষান্ সুবিপুলেক্ষণান্।
ভিন্নকায়াক্ষিবাহূরূন্ সংচূর্ণিতশিরোধরান্ ॥২৪॥
তঞ্চ ভীমং মহাত্মানং তস্যাস্তীরে ব্যবস্থিতম্।
সক্রোধং স্তব্ধনয়নং সন্দষ্টদশনচ্ছদম্ ॥২৫॥
উদ্যম্য চ গদাং দোর্ভ্যাং নদীতীরে ব্যবস্থিতম্।
প্রজাসংক্ষেপসময়ে দণ্ডহস্তমিবান্তকম্ ॥২৬॥ (বিশেষকম্)
তং দৃষ্ট্বা ধর্ম্মরাজস্তু পরিষ্বজ্য পুনঃ পুনঃ।
উবাচ শ্লক্ষ্ণয়া বাচা কৌন্তেয়! কিমিদং কৃতম্ ॥২৭॥
সাহসং বত ভদ্রং তে দেবানামথ চাপ্রিয়ম্।
পুনরেবং ন কর্ত্তব্যং মম চেদিচ্ছসি প্রিয়ম্ ॥২৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ত ইতি। পদ্মানি সাধারণানি সৌগন্ধিকানি প্রাগুক্তবিলক্ষণপদ্মানি চাস্যাঃ সন্তীতি তাম্। তরস্বিনং বলবন্তম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৩॥

দদৃশুরিতি। শিরোধরাঃ গ্রীবাঃ। দোর্ভ্যাং বাহুভ্যাম্। প্রজাসংক্ষেপো লোকক্ষয়ঃ ॥২৪—২৬॥

তমিতি। শ্লক্ষ্ণয়া কোমলয়া। সাহসং প্রাণিবধরূপং কার্য্যম্। বত খেদে ॥২৭—২৮॥

তাহারা সকলে সত্বর যাইয়া মনোহর বন-শোভিত এবং সাধারণ পদ্ম ও সুরভি পদ্মসমন্বিত সেই অতিমনোরম নদী এবং তাহার তীরে বলবান ও মহাত্মা ভীমসেনকে দর্শন করিল ॥২৩॥

তাহারা আরও দেখিল—বিশাল নয়ন বহুতর যক্ষ নিহত হইয়া রহিয়াছে; তাহাদের কাহারও দেহ, কাহারও নয়ন, কাহারও বাহু এবং কাহারও উরু বিদীর্ণ হইয়া গিয়াছে; আর কতকগুলির মস্তক চূর্ণ হইয়া রহিয়াছে এবং ক্রুদ্ধ মহাত্মা ভীমসেন সেই নদীর তীরে অবস্থান করিতেছেন; তাঁহার নয়নযুগল স্তব্ধ এবং ওষ্ঠদেশ দন্তদ্বারা সংদষ্ট ছিল; আর তিনি হস্তদ্বয়ে গদা ধারণ করিয়া, লোকসংহারকালীন দণ্ডধারী যমের ন্যায় অবস্থান করিতেছিলেন ॥২৪—২৬॥

তখন যুধিষ্ঠির তাঁহাকে দেখিয়া বার বার আলিঙ্গন করিয়া কোমল বাক্যে বলিলেন "হায় ভীমসেন! তুমি এটা কি করিয়াছ; এটা যে সাহসের কার্য্য এবং এটা যে দেবগণের অপ্রিয় কার্য্য; তোমার মঙ্গল হউক, তুমি যদি আমার প্রিয়কার্য্য ইচ্ছা কর, তবে আর এরূপ কার্য্য করিও না" ॥২৭—২৮॥

(২৫) পূর্ব্বার্দ্ধং পি নাস্তি। (২৭)...পরিষ্বজ্য ভারত।—নি।

অনুশিষ্য চ কৌন্তেয়ং পদ্মানি পরিগৃহ্য চ।
তস্যামেব নলিন্যাং তে বিজহ্রুরমরোপমাঃ ॥২৯॥
এতস্মিন্নেব কালে তু প্রগৃহীতশিলায়ুধাঃ।
প্রাদুরাসন্ মহাকায়াস্তস্যোদ্যানস্য রক্ষিণঃ ॥৩০॥
তে দৃষ্ট্বা ধর্ম্মরাজানং মহর্ষিঞ্চাপি লোমশম্।
নকুলং সহদেবঞ্চ তথান্যান্ ব্রাহ্মণর্ষভান্।
বিনয়েন নতাঃ সর্ব্বে প্রণিপেতুশ্চ ভারত ॥৩১॥
সান্ত্বিতা ধর্ম্মরাজেন প্রসেদুঃ ক্ষণদাচরাঃ।
বিদিতাশ্চ কুবেরস্য তত্র তে কুরুপুঙ্গবাঃ ॥৩২॥
ঊষুর্নাতিচিরং কালং রমমাণাঃ কুরূদ্বহাঃ।
প্রতীক্ষমাণা বীভৎসুং গন্ধমাদনসানুষু ॥৩৩॥ [illegible]

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সৌগন্ধিকাহরণে [illegible]বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অন্বিতি। অনুশিষ্য উপদিশ্য, কৌন্তেয়ং [illegible] ॥২৯

এতস্মিন্নিতি। প্রগৃহীত[illegible] ॥৩০

তে ইতি। [illegible] ॥৩১।

সান্ত্বিতা ইতি। ক্ষণদাচরা [illegible] ॥৩২ ৩৩।

ইতি মহামহোপাধ্যায়-[illegible]

মহাভারতটীকায়াং ভারতকৌমুদী[illegible]

[illegible]

দেবতার তুল্য প্রভাবশালী পাণ্ডবেরা ভীমসেনকে উক্তরূপ উপদেশ দিয়া এবং পদ্ম সকল গ্রহণ করিয়া সেই নদীতেই বিহার করিতে লাগিলেন ॥২৯॥

এই সময়েই বিশালদেহ সেই উদ্যানরক্ষিগণ পর্ব্বত ও নানাবিধ অস্ত্র লইয়া উপস্থিত হইল ॥৩০॥

ভরতনন্দন জনমেজয়! তাহারা—ধর্ম্মরাজ যুধিষ্ঠির, মহর্ষি লোমশ, নকুল, সহদেব ও অন্যান্য ব্রাহ্মণশ্রেষ্ঠদিগকে দেখিয়া বিনয় সহকারে অবনত হইয়া সকলেই প্রণাম করিল ॥৩১॥

তখন যুধিষ্ঠির সেই রাক্ষসগণকে সান্ত্বনা করিলে তাহারা প্রসন্ন হইল এবং কুবের তাঁহাদের বৃত্তান্ত অবগত হইলেন; তখন কুরুশ্রেষ্ঠ পাণ্ডবগণ অর্জ্জুনের প্রতীক্ষা করিতে থাকিয়া সেই গন্ধমাদনপর্ব্বতের সমতল ভূমিতেই আমোদে প্রবৃত্ত থাকিয়া অনধিক কাল বাস করিলেন ॥৩২—৩৩॥

* '...পঞ্চপঞ্চাশদধিক...'—বা ব কা নি, '...ষট্‌পঞ্চাশদধিক...'—নি।

# ঊনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

তস্মিন্ নিবসমানোঽথ ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ।
কৃষ্ণয়া সহিতান্ ভ্রাতৄনিত্যুবাচ সহদ্বিজান্ ॥১॥
দৃষ্টানি তীর্থান্যস্মাভিঃ পুণ্যানি চ শিবানি চ।
মনসো হ্লাদনীয়ানি বনানি চ পৃথক্ পৃথক্ ॥২॥
দেবৈঃ পূর্ব্বং বিচীর্ণানি মুনিভিশ্চ মহাত্মভিঃ।
যথাক্রমং বিশেষেণ দ্বিজৈঃ সম্পূজিতানি চ ॥৩॥ যুগ্মকম্
ঋষীণাং পূর্ণচরিতং তথা কর্ম্ম বিচেষ্টিতম্।
রাজর্ষীণাঞ্চ চরিতং কথাশ্চ বিবিধাঃ শুভাঃ ॥৪॥
শৃণ্বানাস্তত্র তত্র স্ম আশ্রমেষু শিবেষু চ।
অভিষেকং দ্বিজৈঃ সার্দ্ধং কৃতবন্তো বিশেষতঃ ॥৫॥ যুগ্মকম্।

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। নিবসমানো নিবসন্। দ্বিজৈর্ব্রাহ্মণৈঃ সহিতান্ সহদ্বিজাংস্তান্ ॥১॥
দৃষ্টানীতি। শিবানি মঙ্গলকরাণি। হ্লাদনীয়ানি আহ্লাদজনকানি। দ্বিজৈর্বিপ্রৈঃ ॥২—৩॥
ঋষীণামিতি। কথা আখ্যানানি। স্ম স্থিতা বয়মিতি শেষঃ, শিবেষু শুভেষু ॥৪—৫॥

বৈশম্পায়ন বলিলেন— তাহার পর ধর্ম্মরাজ যুধিষ্ঠির সেই নদীতীরে বাস করিতে থাকিয়া একদা দ্রৌপদী ও ব্রাহ্মণগণের সহিত ভ্রাতৃগণকে বলিলেন—॥১॥

"পূর্ব্বে দেবগণ ও মহাত্মা ঋষিগণ যেগুলিতে বিচরণ করিয়াছিলেন এবং ব্রাহ্মণেরা যেগুলির বিশেষ গৌরব করিয়াছেন, সেই সকল পুণ্য, মঙ্গল ও মনের আহ্লাদজনক তীর্থ ও বন আমরা যথাক্রমে ও পৃথক্ পৃথক্ ভাবে দেখিয়াছি ॥২—৩॥

তা'র পর ঋষিদের পূর্ণ চরিত্র, কার্য্য ও ব্যবহার এবং রাজর্ষিদের চরিত্র ও নানাবিধ মাঙ্গলিক উপাখ্যান শুনিতে থাকিয়া সেই সেই মঙ্গলময় আশ্রমে বাস করিয়াছি এবং ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া বিশেষভাবে স্নান করিয়াছি ॥৪—৫॥

(৩)…যথাক্রমবিশেষেণ—বা, …যথাক্রমমশেষেণ—নি। (৪) ঋষীণাং পূর্ব্বচরিতম্—বা ব কা নি।

অর্চ্চিতাঃ সততং দেবাঃ পুষ্পৈরদ্ভিঃ সদা চ নঃ।
যথালব্ধৈর্ম্মূলফলৈঃ পিতরশ্চাপি তর্পিতাঃ ॥৬॥
পর্ব্বতেষু চ রম্যেষু সরঃসু চ সরঃসু চ।
উদধৌ চ মহাপুণ্যে সুপ্লুতৈঃ মহাত্মভিঃ ॥৭॥
ইলা সরস্বতী সিন্ধুর্যমুনা নর্ম্মদা তথা।
নানাতীর্থেষু রম্যেষু সুপ্লুতাঃ সহ দ্বিজৈঃ ॥৮॥
গঙ্গাদ্বারমতিক্রম্য বহবঃ পর্ব্বতাঃ শুভাঃ।
হিমবান্ পর্ব্বতশ্চৈব নানাদ্বিজগণাযুতঃ ॥৯॥
বিশালা বদরী দৃষ্টা নরনারায়ণাশ্রমঃ।
দিব্যা পুষ্করিণী দৃষ্টা সিদ্ধদেবর্ষিপূজিতা ॥১০॥
যথাক্রমং বিশেষেণ সর্ব্বাণ্যায়তনানি চ।
দর্শিতানি দ্বিজশ্রেষ্ঠ লোমশেন মহাত্মনা ॥১১॥

ভারতকৌমুদী

অর্চ্চিতা ইতি। আস্মাভিঃ [illegible] ।৬।
পর্ব্বতেষ্বিতি। [illegible]
ইলেতি [illegible]
গঙ্গেতি। [illegible]
বিশালেতি [illegible]
যথেতি [illegible] ।১১।

আর, সর্ব্বদাই আমরা পুষ্পদ্বারা দেবগণের [illegible] করিয়াছি এবং যথালব্ধ ফুল, ফল ও জলদ্বারা সর্ব্বদাই পিতৃলোকের তর্পণ করিয়াছি ।৬।

এবং মনোহর সমস্ত পর্ব্বতসরোবর ও মহাপুণ্যজনক মহাসমুদ্রে মহাত্মারা (আপনারা) যথানিয়মে স্নান করিয়াছেন ॥৭॥

আমরা ব্রাহ্মণগণের সহিত ইলা, সরস্বতী, সিন্ধু, যমুনা ও নর্ম্মদাপ্রভৃতি মনোহর বহুতর তীর্থে যথানিয়মে স্নান করিয়াছি ॥৮॥

হরিদ্বার অতিক্রম করিয়া মঙ্গলময় বহুতর পর্ব্বত এবং নানাবিধ পক্ষিসমন্বিত হিমালয়পর্ব্বত দেখিয়াছি ॥৯॥

নর-নারায়ণের বিশাল বদরিকাশ্রম দেখিয়াছি এবং তৎসন্নিহিত দেবগণ, ঋষিগণ ও সিদ্ধগণসেবিত ও পদ্মসমন্বিত স্বর্গগঙ্গা দর্শন করিয়াছি ॥১০॥

এবং ব্রাহ্মণশ্রেষ্ঠ মহাত্মা লোমশ আমাদিগকে সমস্ত সিদ্ধক্ষেত্রই যথাক্রমে বিশেষ করিয়া দেখাইয়াছেন ॥১১॥

(৬)...সদা চ বঃ—বা ব কা নি। (১১)...দ্বিজশ্রেষ্ঠা লোমশেন—পি।

ইমং বৈশ্রবণাবাসং পুণ্যং সিদ্ধনিষেবিতম্।
কথং ভীম! গমিষ্যামো গতিরন্তরধীয়তাম্ ॥১২॥

বৈশম্পায়ন উবাচ।

এবং ব্রুবতি রাজেন্দ্রে বাগুবাচাশরীরিণী।
ন শক্যো দুর্গমো গন্তুমিতো বৈশ্রবণাশ্রমাৎ ॥১৩॥
অনেনৈব পথা রাজন্! প্রতিগচ্ছ যথাগতম্।
নরনারায়ণস্থানং বদরীত্যভিবিশ্রুতম্ ॥১৪॥
তস্মাদ্‌যাস্যসি কৌন্তেয়! সিদ্ধচারণসেবিতম্।
বহুপুষ্পফলং রম্যমাশ্রমং বৃষপর্ব্বণঃ ॥১৫॥
অতিক্রম্য চ তং পার্থ! ত্বার্ষ্টিষেণাশ্রমে বসেঃ।
ততো দ্রক্ষ্যসি কৌন্তেয়! নিবেশং ধনদস্য তম্ ॥১৬॥

ভারতকৌমুদী

ইমমিতি। বৈশ্রবণাবাসং কুবেরভবনম্। অন্তশ্চিত্তে গতির্গমনোপায়ঃ, অধীয়তাং চিন্ত্যতাম্। অধিপূর্ব্বস্য "ইক স্মরণে" ইত্যস্য প্রয়োগঃ ॥১২॥

এবমিতি। অশরীরিণী। অশরীরিপ্রযুক্তা আকাশোদ্ভবেত্যর্থঃ। ইতঃ স্থানাৎ, বৈশ্রবণাশ্রমাৎ কুবেরাবাসাৎ তমুদ্দিশ্যেত্যর্থঃ, দুর্গমো দেশো গন্তুং ন শক্যঃ ॥১৩॥

অনেনেতি। প্রতিগচ্ছ নিবর্ত্তস্ব, যথা আগতং তথেতি শেষঃ ॥১৪॥

তস্মাদিতি। তস্মাদ্বদরিকাশ্রমাৎ। বহূনি পুষ্পাণি ফলানি চ যত্র তম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—১১॥ গতিরন্তরধীয়তাম্ অন্তর্গতিঃ কুবেরভবনে প্রবেশঃ কথং ভবেদিত্যধীয়তাং বিচার্য্যতাম ॥১২॥ ইতো হেতোর্বৈশ্রবণাশ্রমাৎ প্রতিগচ্ছ পরাবর্ত্তস্ব ॥১৩—২১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১২৯॥

কিন্তু ভীম! আমরা এখন কি করিয়া পুণ্যজনক ও সিদ্ধসেবিত এই কুবেরভবনে গমন করিব, তাহার উপায় তুমি মনে মনে চিন্তা কর" ॥১২॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে আকাশবাণী বলিল—"এ স্থান হইতে কুবেরভবনোদ্দেশে কোন মনুষ্যই গমন করিতে সমর্থ হয় না। কারণ, এই দেশ অতি দুর্গম ॥১৩॥

অতএব রাজা! আপনি যে পথে আসিয়াছেন, সেই পথেই নর-নারায়ণস্থান বদরিকাশ্রমে ফিরিয়া যান ॥১৪॥

কুন্তীনন্দন! সে স্থান হইতে সিদ্ধ-চারণ-সেবিত এবং বহুতর পুষ্প-ফলযুক্ত মনোহর বৃষপর্ব্বার আশ্রমে গমন করিবেন ॥১৫॥

(১৬)…আর্ষ্টিষেণাশ্রমে বস—পি। …আর্ষ্টিষেণাশ্রমে বস—বা ব কা নি।

এতস্মিন্নন্তরে বায়ুর্দিব্যগন্ধবহঃ শুচিঃ।
মনঃপ্রহ্লাদনঃ শীতঃ পুষ্পবর্ষং ববর্ষ চ ॥১৭॥
তচ্ছ্রুত্বা দিব্যমাকাশাদ্বিস্ময়ঃ সমপদ্যত।
ঋষীণাং ব্রাহ্মণানাঞ্চ পার্থিবানাং বিশেষতঃ ॥১৮॥
শ্রুত্বা তন্মহদাশ্চর্য্যং দ্বিজো ধৌম্যোঽব্রবীত্তদা।
ন শক্যমুত্তরং বক্তুমেবং ভবতু ভারত! ॥১৯॥
ততো যুধিষ্ঠিরো রাজা প্রতিজগ্রাহ তদ্বচঃ।
প্রত্যাগম্য ততস্তেন নরনারায়ণাশ্রমম্ ॥২০॥
ভীমসেনাদিভিঃ সর্ব্বৈর্ভ্রাতৃভিঃ পরিবারিতঃ।
পাঞ্চাল্যা ব্রাহ্মণৈশ্চৈব ন্যবসত্ সুখং তদা ॥২১॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং পুনর্নরনারায়ণাশ্রমাগমনে ঊনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভাবকৌমুদী

অতীতি। নিবেশং ভবনম্, ধনদস্য কুবেরস্য। সুগমপথোপদেশোঽয়ম্ ॥১৬॥
এতস্মিন্নিতি। অন্তরে অবসরে। ববর্ষ চকার, পাণ্ডবানাং শুভসূচনায়েতি ভাবঃ ॥১৭॥
তদিতি। দিব্যং দিব্যপুরুষপ্রযুক্তং বাক্যম্। সমপদ্যত সমজায়ত ॥১৮॥
শ্রুত্বেতি ন শক্যম্, এতৎপথস্যাস্মাভিরজ্ঞাতত্বাদিত্যাশয়ঃ। এবং প্রতিগমনম্ ॥১৯॥
তত ইতি। তেন সহচরবর্গেণ সহ। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥২০—২১॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভাবকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামূনত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

---

পৃথানন্দন! সেই বৃষপর্ব্বার আশ্রম অতিক্রম করিয়া আর্ষ্টিষেণের আশ্রমে যাইয়া বাস করিবেন, তথা হইতেই কুবেরের ভবন দেখিতে পাইবেন" ॥১৬॥

এই সময়ে শীতল, পবিত্র, দিব্যগন্ধবাহী ও মনের আহ্লাদজনক বায়ু পুষ্পবর্ষণ করিল ॥১৭॥

আকাশ হইতে সেই দৈববাণী শুনিয়া ঋষিগণ, ব্রাহ্মণগণ ও পাণ্ডবগণের বিশেষ বিস্ময় জন্মিল ॥১৮॥

তখন ধৌম্যপুরোহিত সেই মহাবিস্ময়জনক বাক্য শুনিয়া বলিলেন—"ভরতনন্দন! ইহার উত্তর আমরা বলিতে সমর্থ নহি; সুতরাং এইরূপই হউক" ॥১৯॥

তাহার পর রাজা যুধিষ্ঠির ধৌম্যের সেই উপদেশই গ্রহণ করিলেন এবং

---

(১৭)···মুখপ্রহ্লাদনঃ—বা ব কা পি। (১৮) শ্রুত্বা তু দিব্যমাকাশাদ্বাচং সর্ব্বে বিসিস্মিয়ুঃ—বা ব কা পি। * '···ষট্পঞ্চাশদধিক···'—বা ব কা পি, '···সপ্তপঞ্চাশদধিক···'—নি।

# ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:※:—

বৈশম্পায়ন উবাচ।

ততস্তান্ পরিবিশ্বস্তান্ বসতস্তত্র পাণ্ডবান্।
পর্ব্বতেন্দ্রে দ্বিজৈঃ সার্দ্ধং পার্থাগমনকাঙ্ক্ষয়া ॥১॥
গতেষু তেষু রক্ষঃসু ভীমসেনাত্মজেঽপি চ।
রহিতান্ ভীমসেনেন কদাচিত্তান্ যদৃচ্ছয়া ॥২॥
জহার ধর্ম্মরাজানং যমৌ কৃষ্ণাঞ্চ রাক্ষসঃ।
ব্রাহ্মণো মন্ত্রকুশলঃ সর্ব্বশাস্ত্রবিদুত্তমঃ ॥৩॥
ইতি ব্রুবন্ পাণ্ডবেয়ান্ পর্য্যুপাস্তে স্ম নিত্যদা।
পরীপ্সমানঃ পার্থানাং কলাপানি ধনূংষি চ ॥৪॥

ভাবতকৌমুদী

অথ পঞ্চভিঃ কুলকেন জটাসুরকর্ত্তৃকযুধিষ্ঠিরাদিহরণমাহ তত ইতি। ততঃ, দুষ্টাত্মা দুষ্টচিত্তঃ, পাপবুদ্ধিশ্চ, জটাসুর ইতি নাম্না খ্যাতঃ, কশ্চিৎ রাক্ষসঃ, পার্থানাং পাণ্ডবানাম্, কলাপানি তূণীরান্, "কলাপো ভূষণে বর্হে তূণীরে সংহতাবপি" ইত্যমরঃ, ধনূংষি চ, পরীপ্সমানো লিপ্সমানঃ, দ্রৌপদ্যা হরণং প্রতি, অন্তরমবকাশম্, সমভিপ্রেপ্সুঃ প্রাপ্তুমিচ্ছুশ্চ সন্, অহং মন্ত্রকুশলো মন্ত্রণানিপুণঃ সর্ব্বশাস্ত্রবিৎ উত্তমশ্চ ব্রাহ্মণোঽস্মি, ইতি ব্রুবন্ আত্মানং পরিচায়য়ন্, নিত্যদা সর্ব্বদৈব পাণ্ডবেয়ান্, পর্য্যুপাস্তে সেবতে স্ম; কদাচিত্তু তেষু ঘটোৎকচানুচরেষু, রক্ষঃসু রাক্ষসেষু গতেষু সৎসু, ভীমসেনাত্মজে ঘটোৎকচেঽপি চ গতে সতি,

---

তিনি সে স্থান হইতে সহচরবর্গের সহিত বদরিকাশ্রমে ফিরিয়া আসিয়া ভীমসেনপ্রভৃতি ভ্রাতৃগণ, দ্রৌপদী ও ব্রাহ্মণগণে পরিবেষ্টিত হইয়া সেইখানেই তখন সুখে বাস করিতে লাগিলেন ॥২০—২১॥

—:※:—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর, পাণ্ডবেরা অর্জ্জুনের আগমন প্রতীক্ষায় ব্রাহ্মণগণের সহিত সেই পর্ব্বতশ্রেষ্ঠে (বদরিকাশ্রমে) নিরুদ্বেগে যদৃচ্ছাক্রমে বাস করিতেছিলেন, এমন সময়ে দুষ্টচিত্ত ও পাপমতি 'জটাসুর'-নামে প্রসিদ্ধ একটা রাক্ষস আসিয়া, পাণ্ডবগণের তূণ ও ধনু লইবার জন্য এবং দ্রৌপদীকে হরণ করিবার অবকাশ খুঁজিবার জন্য, 'আমি—মন্ত্রণানিপুণ ও সর্ব্বশাস্ত্রজ্ঞ উত্তম ব্রাহ্মণ' এইরূপ পরিচয় দিয়া সর্ব্বদাই পাণ্ডবগণের পরিচর্য্যা করিতে লাগিল।

অন্তরং সমভিপ্রেপ্সুর্দ্রৌপদ্যা হরণং প্রতি।
দুষ্টাত্মা পাপবুদ্ধিশ্চ নাম্না খ্যাতো জটাসুরঃ ॥৫॥ (কুলকম্)
পোষণং তস্য রাজেন্দ্র! চক্রে পাণ্ডবনন্দনঃ।
বুবুধে ন চ তং পাপং ভস্মচ্ছন্নমিবানলম্ ॥৬॥
স ভীমসেনে নিষ্ক্রান্তে মৃগয়ার্থমরিন্দমে।
ঘটোৎকচং সানুচরং দৃষ্ট্বা বিপ্রদ্রুতং দিশঃ ॥৭॥
লোমশপ্রভৃতীংস্তাংস্তু মহর্ষীংশ্চ সমাহিতান্।
স্নাতুং বিনির্গতান্ দৃষ্ট্বা পুষ্পার্থঞ্চ তপোধনান্ ॥৮॥
রূপমন্যৎ সমাস্থায় বিকৃতং ভৈরবং মহৎ।
গৃহীত্বা সর্ব্বশস্ত্রাণি দ্রৌপদীং পরিগৃহ্য চ ॥৯॥
প্রাতিষ্ঠত স দুষ্টাত্মা ত্রীন্ গৃহীত্বা চ পাণ্ডবান্।
সহদেবস্তু যত্নেন ততোঽপক্রম্য পাণ্ডবঃ ॥১০॥

ভারতকৌমুদী

ভীমসেনেন রহিতান্, তস্য মৃগয়াদ্যগমনাদিনি ভাবঃ, পার্থাগমনকাঙ্ক্ষয়া অর্জ্জুনাগমনপ্রতীক্ষয়া, তত্র পর্ব্বতেন্দ্রে, দ্বিজৈঃ সার্দ্ধম্, পরিবিশ্বস্তান্ সর্ব্বতো নিরুদ্বেগান্ সতঃ, যদৃচ্ছয়া বসতঃ, তান্ প্রসিদ্ধান, ধর্ম্মরাজানং যুধিষ্ঠিরম্, যমৌ নকুলসহদেবৌ, এতান্ তান্ পাণ্ডবান, কৃষ্ণাং দ্রৌপদীঞ্চ জহার ॥১—৫॥

পোষণমিতি। পাণ্ডুরেব পাণ্ডবঃ প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ তস্য নন্দনো যুধিষ্ঠিরঃ ॥৬॥

অথ সৎসু লোমশপ্রভৃতিলোকেষু কথং নির্ব্বাধং যুধিষ্ঠিরাদীনাং হরণং সম্ভবতীতি পুনঃ পঞ্চভিঃ কুলকেনাহ স ইতি। বিপ্রদ্রুতং গতম্। সমাহিতান্ ধ্যানস্থান্ অচেতনান্। রূপমাকৃতিম্, বিকৃতং ব্রাহ্মণরূপাদন্যথাভূতম্। সর্ব্বশস্ত্রাণি পাণ্ডবানাম্। ত্রীন্ যুধিষ্ঠির-

তাহার পর কোন সময়ে ঘটোৎকচের অনুচর রাক্ষসেরা চলিয়া গেলে, ঘটোৎকচও প্রস্থান করিলে এবং ভীমসেনও মৃগয়ার জন্য গমন করিলে, সেই জটাসুর—যুধিষ্ঠির, নকুল, সহদেব ও দ্রৌপদীকে হরণ করিল ॥১—৫॥

রাজশ্রেষ্ঠ জনমেজয়! অথচ যুধিষ্ঠির তাহাকে পোষণ করিতেছিলেন; কিন্তু তিনি, ভস্মাবৃত অগ্নির ন্যায় সে পাপাত্মাকে চিনিতে পারেন নাই ॥৬॥

অরিন্দম ভীমসেন মৃগয়া করিবার জন্য নির্গত হইয়া গিয়াছেন, ঘটোৎকচ ও তাহার অনুচরগণ নানাদিকে প্রস্থান করিয়াছে, লোমশপ্রভৃতি মহর্ষিরা ধ্যানস্থ হইয়া অচেতনপ্রায় রহিয়াছেন এবং অন্যান্য তপস্বীরাও স্নান ও পুষ্পাহরণের জন্য চলিয়া গিয়াছেন, এই সমস্ত দেখিয়া দুরাত্মা জটাসুর বিকৃত,

(৫) অন্তরং সম্পরিপ্রেপ্সুঃ—বা ব কা নি।

বিক্রম্য কৌশিকং খড়্গং মোক্ষয়িত্বা গ্রহং রিপোঃ।
আক্রন্দদ্ভীমসেনং বৈ যেন যাতো মহাবলঃ ॥১১॥ (কুলকম্)
তমব্রবীদ্ধর্ম্মরাজো হ্রিয়মাণো যুধিষ্ঠিরঃ।
ধর্ম্মস্তে হীয়তে মূঢ়! ন চৈনং সমবেক্ষসে ॥১২॥
যেঽন্যে কেচিন্মনুষ্যেষু তির্য্যগ্‌যোনিগতাশ্চ যে।
ধর্ম্মং তে সমবেক্ষন্তে রক্ষাংসি চ বিশেষতঃ ॥১৩॥
ধর্ম্মস্য রাক্ষসা মূলং ধর্ম্মং তে বিদুরুত্তমম্।
এতৎ পরীক্ষ্য ধর্ম্মং ত্বং সময়ে স্থাতুমর্হসি ॥১৪॥

## ভারতকৌমুদী

নকুলসহদেবান্। ততো জটাসুরাৎ, অপক্রম্য নিষ্ক্রম্য। বিক্রম্য বিক্রমং প্রকাশ্য, কৌশিকং কোশাভ্যন্তরগতং খড়্গম্, রিপোর্জটাসুরস্য, গ্রহং তৎখড়্গগ্রহণঞ্চ মোক্ষয়িত্বা, ভীমসেনম্, আক্রন্দৎ আহূতবান্, যেন হেতুনা, স মহাবলো যাতো মৃগয়ার্থং গতঃ ॥৭—১১॥

তমিতি। হীয়তে অনেন কর্ম্মণা ভ্রশ্যতি। এনং ধর্ম্মম্ ॥১২॥

য ইতি। তির্য্যগ্‌যোনিগতাঃ পশুপক্ষিণঃ। রক্ষাংসি রাক্ষসাঃ ॥১৩॥

ধর্ম্মস্যেতি। পূর্ব্বার্দ্ধং স্তুতিপরম্। পরীক্ষ্য পর্য্যালোচ্য। সময়ে ধর্ম্মনিয়মে ॥১৪॥

ভীষণ ও বিশাল অন্য রূপ ধারণপূর্ব্বক পাণ্ডবদের সমস্ত অস্ত্র আত্মসাৎ করিয়া এবং দ্রৌপদী, যুধিষ্ঠির, নকুল ও সহদেবকে ধরিয়া লইয়া প্রস্থান করিল। তখন সহদেব বিশেষ চেষ্টা করিয়া তাহার হস্ত হইতে নির্গত হইয়া, বিক্রমপ্রকাশপূর্ব্বক কোশস্থ তরবারিখানাকে তাহার ধারণ হইতে মুক্ত করিয়া, উচ্চস্বরে ভীমসেনকে ডাকিতে লাগিলেন। যেহেতু মহাবল ভীমসেন মৃগয়ায় গিয়াছিলেন ॥৭—১১॥

জটাসুর যুধিষ্ঠিরকেও হরণ করিয়া লইয়া যাইতেছিল, এই অবস্থায় তিনি জটাসুরকে বলিলেন—"মূর্খ! তোমার ধর্ম্ম নষ্ট হইতেছে; অথচ তুমি তাহা দেখিতেছ না ॥১২॥

মনুষ্যের মধ্যে অন্য যে কেহ আছে এবং যাহারা পশু ও পক্ষী, তাহারাও ধর্ম্ম পর্য্যবেক্ষণ করে, রাক্ষসেরা ত বিশেষভাবেই ধর্ম্ম দেখে ॥১৩॥

রাক্ষসেরাই ত ধর্ম্মের মূল এবং তাহারা উত্তম ধর্ম্ম জানে; সুতরাং এই ধর্ম্মের পর্য্যালোচনা করিয়া ধর্ম্মের নিয়মে তোমার থাকা উচিত ॥১৪॥

(১১) বিভ্রাম্য কৌশিকং খড়্গম্—পি। (১২)…ন তত্ত্বং সমবেক্ষসে—বা ব কা নি (১৩) যেঽন্যে কচিন্মনুষ্যেষু—বা ব কা নি। (১৪)…এতৎ পরীক্ষ্য সর্ব্বং ত্বং সমীপে স্থাতুমর্হসি—বা ব কা নি।

দেবাশ্চ পিতরঃ সিদ্ধা ঋষয়শ্চাপি রাক্ষস ! ।
গন্ধর্ব্বযক্ষরক্ষাংসি বয়াংসি পশবস্তথা ॥১৫॥
তির্য্যগ্‌যোনিগতাশ্চৈব অপি কীটপিপীলিকাঃ।
মনুষ্যানুপজীবন্তি ততস্ত্বমপি জীবসি ;
সমৃদ্ধ্যা হ্যস্য লোকস্য লোকো যুষ্মাকমৃধ্যতি ॥১৬॥ (যুগ্মকম্)
ইমঞ্চ লোকং শোচন্তমনুশোচন্তি দেবতাঃ।
পূজ্যমানাশ্চ বর্দ্ধন্তে হব্যকব্যৈর্যথাবিধি ॥১৭॥
বয়ং রাষ্ট্রস্য গোপ্তারো রাজানশ্চৈব রাক্ষস ! ।
রাষ্ট্রস্যারক্ষ্যমাণস্য কুতো ভূতিঃ কুতঃ সুখম্ ॥১৮॥
ন চ রাজাঽবমন্তব্যো রক্ষসা জাত্বনাগসি।
অণুরপ্যপচারশ্চ নাস্ত্যস্মাকং নরাশন ! ॥১৯॥

---

ভারতকৌমুদী

দেবা ইতি। বয়াংসি পক্ষিণঃ। উপজীবন্তি, মনুষ্যৈর্যজ্ঞাদৌ দেবাদিভ্যো ভাগদানাদিতি ভাবঃ। ততস্ত্বভ্যমপি মনুষ্যৈর্ভাগদানাৎ। ঋধ্যতি বর্দ্ধতে। ষোড়শঃ শ্লোকঃ ষট্‌পাদঃ ॥১৫—১৬॥
ইমমিতি। অনুশোচন্তি তদাশ্রিতত্বাৎ। হব্যানি দেবদেয়ানি, কব্যানি পিতৃদেয়ানি ॥১৭॥
বয়মিতি। গোপ্তারো রক্ষকাঃ। ভূতির্ধনাদিসমৃদ্ধিঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

ততস্তানিতি ॥১—২॥ জহার ধর্ম্মাদীনাং মনো হৃতবান্ উক্ত:মোঽস্মীতি ব্রুবন্ ॥৩॥ কলাপানি নিষঙ্গাদীনি ॥৪—১০॥ কৌশিকং কোশাদাগতম্। গ্রহং গ্রহণম্ ॥১১—১৫॥ যুষ্মাকং দেবাসুরাদীনাম্। ঋধ্যতি ঋচ্ছতীতি পাঠে বৃদ্ধিং গচ্ছতি ॥১৬—১৯॥ বিঘসাশান্

---

রাক্ষস ! দেবগণ, পিতৃগণ, সিদ্ধগণ, ঋষিগণ, গন্ধর্ব্বগণ, যক্ষগণ, রাক্ষসগণ, পক্ষিগণ, পশুগণ, অন্যান্য তির্য্যগ্‌জাতি, এমন কি কীট ও পিপীলিকা পর্য্যন্ত সকল প্রাণীই মনুষ্যদিগকে অবলম্বন করিয়া জীবন ধারণ করেন ও করে ; সুতরাং তুমিও সেই মনুষ্যদিগকে অবলম্বন করিয়াই জীবন ধারণ করিতেছ এবং এই মনুষ্যলোকের সমৃদ্ধিতেই তোমাদের রাক্ষসলোক সমৃদ্ধ হয় ॥১৫—১৬॥

তা'র পর মনুষ্যেরা শোক করিতে থাকিলে, তাহা লক্ষ্য করিয়া দেবতারাও শোক প্রকাশ করেন এবং মনুষ্যেরা হব্য-কব্যদ্বারা যথাবিধানে পূজা করিলে দেবতারা বৃদ্ধি পান ॥১৭॥

রাক্ষস ! আমরা রাজ্যের রক্ষক রাজা ; এই রাজ্য রক্ষিত না হইলে, প্রজাদের কোথা হইতেই বা সমৃদ্ধি এবং কোথা হইতেই বা সুখ হইবে ? ॥১৮॥

---

(১৫,...গন্ধর্ব্বোরগরক্ষাংসি—বা ব কা নি। (১৮)...রক্ষিতারস্ত রাক্ষস !—বা ব কা।

বিঘসাশান্ যথাশক্ত্যা কুর্ম্মহে দেবতাদিষু।
গুরূংশ্চ ব্রাহ্মণাংশ্চৈব প্রণামপ্রবণাঃ সদা ॥২০॥
দ্রোগ্ধব্যং ন চ মিত্রেষু ন বিশ্বস্তেষু কর্হিচিৎ।
যেষাঞ্চান্নানি ভুঞ্জীত যত্র চ স্যাৎ প্রতিশ্রয়ঃ ॥২১॥
স ত্বং প্রতিশ্রয়েঽস্মাকং পূজ্যমানঃ সুখোষিতঃ।
ভুক্ত্বা চান্নানি দুষ্প্রজ্ঞ! কথমস্মান্ জিহীর্ষসি ॥২২॥
এবমেব বৃথাচারো বৃথা বৃদ্ধো বৃথা মতিঃ।
বৃথা মরণমর্হশ্চ বৃথৈব বিনশিষ্যসি ॥২৩॥
অথ চেদ্দুষ্টবুদ্ধিস্ত্বং সর্ব্বৈর্ধর্ম্মৈর্বিবর্জ্জিতঃ।
প্রদায় শস্ত্রাণ্যস্মাকং যুদ্ধেন দ্রৌপদীং হর ॥২৪॥

ভারতকৌমুদী

নেতি। রক্ষসা রাক্ষসেন, জাতু কদাচিৎ, অনাগসি অপরাধাভাবে ॥১৯॥

বিঘসেতি। প্রণামায় প্রবণা আগ্রহান্বিতা বয়ম্, দেবতাদিষু দেবতাদ্যুদ্দেশকযজ্ঞাদিষু, যথাশক্ত্যা, সদৈব, গুরূংশ্চ ব্রাহ্মণাংশ্চৈব, বিঘসো যজ্ঞশেষঃ আশো ভোগ্যো যেষাং তান, কুর্ম্মহে। "অমৃতং বিঘসো যজ্ঞশেষভোজনশেষয়োঃ" ইত্যমরঃ ॥২০॥

দ্রোগ্ধব্যমিতি। দ্রোগ্ধব্যং দ্রোহঃ কর্ত্তব্যঃ। প্রতিশ্রয় আশ্রয়ঃ ॥২১॥

স ইতি। প্রতিশ্রয়ে আশ্রয়ে, সুখেন উষিতঃ স্থিতঃ। জিহীর্ষসি হর্ত্তুমিচ্ছসি ॥২২॥

এবমিতি। মরণং প্রাপ্তুমিতি শেষঃ, অর্হো যোগ্যঃ ॥২৩॥

রাক্ষস! অপরাধ না থাকিলে, রাক্ষস কখনও রাজাকে অবজ্ঞা করিবে না, কিন্তু আমাদের অণুমাত্রও অপরাধ নাই ॥১৯॥

বরং, সর্ব্বদাই আমরা আগ্রহসহকারে প্রণত হইয়া দেবতাদের উদ্দেশে যজ্ঞ করিয়া তাহার অবশিষ্ট দ্রব্যদ্বারা শক্তি অনুসারে গুরুজন ও ব্রাহ্মণগণকে ভোজন করাইয়া থাকি ॥২০॥

যাহাদের অন্ন ভোজন করা হয়, যাহাদের আশ্রয়ে বাস করা হয়, যাহারা মিত্র এবং যাহারা বিশ্বাস করে, তাহাদের প্রতি কখনও দ্রোহ করিবে না ॥২১॥

দুর্ব্বুদ্ধি রাক্ষস! তুমি আমাদের আশ্রয়ে সম্মানের সহিত সুখে থাকিয়া এবং আমাদের অন্ন ভোজন করিয়া কি প্রকারে আমাদিগকেই হরণ করিতে ইচ্ছা করিতেছ! ॥২২॥

এইরূপই তোমার আচার বৃথা, বুদ্ধি বৃথা এবং তুমিও বৃথা বৃদ্ধ হইয়াছ; সুতরাং তোমার মরণও বৃথাই হওয়া উচিত; অতএব মরিবেও বৃথাই ॥২৩॥

---

(২৩)...বৃথাহন্ত ন ভবিষ্যসি—বা ব কা নি।

অথ চেত্ত্বমবিজ্ঞানাদিদং কর্ম্ম করিষ্যসি।
অধর্ম্মঞ্চাপ্যকীর্ত্তিঞ্চ লোকে প্রাপ্স্যসি কেবলাম্ ॥২৫॥
এতামদ্য পরামৃশ্য স্ত্রিয়ং রাক্ষস! মানুষীম্।
বিষমেতৎ সমালোড্য কুম্ভেন প্রাশিতং ত্বয়া ॥২৬॥
ততো যুধিষ্ঠিরস্তস্য গুরুকঃ সমপদ্যত।
স তু ভারাভিভূতাত্মা ন তথা শীঘ্রগোঽভবৎ ॥২৭॥
ততোঽব্রবীদ্‌দ্রৌপদীং বৈ নকুলঞ্চ যুধিষ্ঠিরঃ।
মা ভৈষ্টং রাক্ষসান্মূঢ়াদ্‌গতিরস্য ময়া হৃতা ॥২৮॥
নাতিদূরে মহাবাহুর্ভবিতা পবনাত্মজঃ।
অস্মিন্ মুহূর্ত্তে সংপ্রাপ্তে ন ভবিষ্যতি রাক্ষসঃ ॥২৯॥
সহদেবস্তু তং দৃষ্ট্বা রাক্ষসং মূঢ়চেতসম্।
উবাচ বচনং রাজন্! কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্ ॥৩০॥

ভারতকৌমুদী

অথেতি। যুদ্ধেন হরণে পুরুষত্বপ্রকাশঃ স্যাদিত্যাশয়ঃ ॥২৪॥
অথেতি। অবিজ্ঞানাৎ ধর্ম্মনীত্যাদেরিতি শেষঃ। ইদমস্মাকং হরণম্ ॥২৫॥
এতামিতি। পরামৃশ্য সংস্পৃশ্য। প্রাশিতং ভুক্তম্। বিষপানতুল্যমেবৈতদিতি ভাবঃ ॥২৬॥
তত ইতি। গুরুকো ভারা। তচ্চ প্রাকৃতশক্ত্যাপি সম্ভবতীতি দ্রষ্টব্যম্ ॥২৭॥
তত ইতি। মা ভৈষ্টং যুবাং ভয়ং ন কুরুতম্, গতিঃ শীঘ্রগমনশক্তিঃ ॥২৮॥
নেতি। ভবিতা স্থাস্যতি। অন্তেঃ প্রয়োগোঽগম্। ন ভবিষ্যতি ন স্থাস্যতি ॥২৯॥

আর, দুর্বুদ্ধি রাক্ষস! তুমি যদি বস্তুতই সর্ব্বধর্ম্মবিবর্জ্জিত হও, তবে আমাদের অস্ত্র দিয়া যুদ্ধ করিয়া দ্রৌপদীকে হরণ কর ॥২৪॥

পক্ষান্তরে তুমি যদি না জানিয়া অবশ্যই এই কার্য্য কর, তবে জগতে কেবল পাপ ও নিন্দাই ভোগ করিবে ॥২৫॥

রাক্ষস! তুমি আজ এই মনুষ্যরমণীকে স্পর্শ করায় কলসের ভিতরে বিষ আলোড়ন করিয়া তাহাই পান করিয়াছ" ॥২৬॥

তাহার পর যুধিষ্ঠির সেই রাক্ষসের নিকট অত্যন্ত ভারী হইলেন; তখন সে, ভারাক্রান্ত হইয়া পূর্ব্বের ন্যায় আর দ্রুত গমন করিতে পারিল না ॥২৭॥

তৎপরে যুধিষ্ঠির দ্রৌপদী ও নকুলকে বলিলেন—"তোমরা মূর্খ রাক্ষস হইতে ভীত হইও না; আমি উহার দ্রুতগমনের শক্তি হরণ করিয়াছি ॥২৮॥

(সম্ভবতঃ) মহাবাহু ভীমসেন অনতিদূরে রহিয়াছেন; সুতরাং এই (পরবর্ত্তী) মুহূর্ত্তে আর রাক্ষস থাকিবে না" ॥২৯॥

রাজন্! কিং নাম সৎ কৃত্যং ক্ষত্রিয়স্যাস্ত্যতোঽধিকম্।
যদ্‌যুদ্ধেঽভিমুখঃ প্রাণাংস্ত্যজেচ্ছত্রূন্ জয়েত বা ॥৩১॥
এষ বাঽস্মান্ বয়ং বৈনং যুধ্যমানাঃ পরন্তপ!।
সূদয়েম মহাবাহো! দেশঃ কালো হ্যয়ং নৃপ! ॥৩২॥
ক্ষত্রধর্ম্মস্য সংপ্রাপ্তঃ কালঃ সত্যপরাক্রম!।
জয়ন্তো হন্যমানা বা প্রাপ্তুমর্হাম সদ্‌গতিম্ ॥৩৩॥
রাক্ষসে জীবমানেঽস্য রবিরস্তমিয়াদ্‌যদি।
নাহং ব্রূয়াং পুনর্জাতু ক্ষত্রিয়োঽস্মীতি ভারত! ॥৩৪॥
ভো ভো রাক্ষস! তিষ্ঠ ত্বং সহদেবোঽস্মি পাণ্ডবঃ।
হত্বা বা মাং নয়স্বৈনাং হতো বাঽদ্যেহ স্বপ্স্যসি ॥৩৫॥

ভারতকৌমুদী

সহেতি। মূঢ়ং কর্ত্তব্যজ্ঞানহীনং চেতো যস্য তম্, ভারাধিক্যাদিতি ভাবঃ ॥৩০॥
রাজন্নিতি। সৎ সাধু, কৃত্যং কার্য্যম্। ত্যজেৎ ক্ষত্রিয় ইতি শেষঃ ॥৩১॥
এষ ইতি। সূদয়েম নাশয়েম। দেশো যুদ্ধযোগ্যত্বাৎ কালো যুদ্ধকরণাৎ ॥৩২॥
ক্ষত্রেতি। সংপ্রাপ্ত উপস্থিতঃ। জয়ন্তঃ সদ্‌গতিং লোকেষু কীর্ত্তিম্ ॥৩৩॥
রাক্ষস ইতি। ইয়াদ্‌গচ্ছেৎ। জাতু কদাচিৎ ॥৩৪॥
ভো ইতি। এনাং দ্রৌপদীম্। স্বপ্স্যসি শয়িষ্যসে ॥৩৫॥

ভারতভাবদীপঃ

দেবাসুরব্রাহ্মণাদিশেষাশ্নং বিঘসং তস্য আশো ভোজনং যেষাং তান্ ॥২০॥ প্রতিশ্রয়ো গৃহম্ ॥২১—২২॥ ন ভবিষ্যসি মরিষ্যসি ॥২৩—৩০॥ সৎকৃত্যং সাধুকার্য্যম্ ॥৩২—৩৩॥

রাজা জনমেজয়! সহদেব সেই রাক্ষসটাকে কর্ত্তব্যজ্ঞানহীন দেখিয়া যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥৩০॥

"রাজা! ক্ষত্রিয়ের ইহা অপেক্ষা অধিক কি সৎ কার্য্য আছে যে, ক্ষত্রিয় সম্মুখ হইয়া যুদ্ধে প্রাণত্যাগ করিবে, কিংবা শত্রুকে জয় করিবে ॥৩১॥

পরন্তপ মহাবাহু! যুদ্ধ করিতে থাকিয়া এ-ই আমাকে বিনাশ করুক, কিংবা আমিই উহাকে বিনাশ করি; রাজা! এই তাহার স্থান ও কাল ॥৩২॥

হে সত্যপরাক্রম! ক্ষত্রিয়ধর্ম্মের উপযুক্ত সময় উপস্থিত হইয়াছে। আমি জয় করিয়া বা নিহত হইয়া সদ্‌গতি লাভ করিতে পারিব ॥৩৩॥

ভরতনন্দন! এই রাক্ষস জীবিত থাকিতে যদি সূর্য্য অস্ত যান, তবে আমি আর কখনও 'আমি ক্ষত্রিয়' এ কথা বলিব না ॥৩৪॥

(৩২)…দেশকালো হ্যয়ং নৃপ।—বা ব কা পি।

তথা ব্রুবতি মাদ্রেয়ে ভীমসেনো যদৃচ্ছয়া।
প্রাদৃশ্যত গদাহস্তঃ সবজ্র ইব বাসবঃ ॥৩৬॥

সোঽপশ্যদ্‌ভ্রাতরৌ তত্র দ্রৌপদীঞ্চ যশস্বিনীম্।
ক্ষিতিস্থং সহদেবঞ্চ ক্ষিপন্তং রাক্ষসং তদা ॥৩৭॥

মার্গাচ্চ রাক্ষসং মূঢ়ং কালোপহতচেতসম্।
ভ্রমন্তং তত্র তত্রৈব দৈবেন বিনিবারিতম্ ॥৩৮॥ (যুগ্মকম্)

ভ্রাতৄংস্তান্ হ্রিয়তো দৃষ্ট্বা দ্রৌপদীঞ্চ মহাবলঃ।
ক্রোধমাহারয়দ্ভীমো রাক্ষসঞ্চেদমব্রবীৎ ॥৩৯॥

বিজ্ঞাতোঽসি ময়া পূর্ব্বং পাপ। শস্ত্রপরীক্ষণে।
আস্থা তু ত্বয়ি মে নাস্তি যতোঽসি ন হতস্তদা ॥৪০॥

ভারতকৌমুদী

তথেতি। মাদ্রেয়ে মাদ্রীপুত্রে। যদৃচ্ছয়া কর্ত্তব্যসঙ্কল্পশূন্যভাবেনাগচ্ছন্ ॥৩৬॥

স ইতি। ভ্রাতরৌ যুধিষ্ঠিরনকুলৌ। ক্ষিপন্তং নিন্দন্তম্। মার্গাদগন্তব্যপথাৎ, মূঢ়ং মোহেন বিচ্যুতম, বিনিবারিতং ক্রমগমনাদিতি শেষঃ ॥৩৭—৩৮।

ভ্রাতৄনিতি। হ্রিয়তো রাক্ষসেন হ্রিয়মাণান আহারয়ৎ কৃতবান্ ॥৩৯॥

বিজ্ঞাত ইতি বিজ্ঞাতো দুষ্টত্বেন। শস্ত্রপরীক্ষণে অস্মাকমস্ত্রসমূহদর্শনসময়ে। ত্বয়ি ত্বদ্বধে, মে আস্থা যত্নো নাস্তি, যত অস্থাহভাবাৎ ॥৪০॥

---

ওরে ওরে রাক্ষস! তুই দাড়া। আমি পাণ্ডুনন্দন সহদেব, আজ আমাকে বধ করিয়া ইহাকে হরণ করিবি, কিংবা নিজেই নিহত হইয়া এখানে শয়ন করিবি" ॥৩৫॥

সহদেব এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে বজ্রহস্ত ইন্দ্রের ন্যায় গদাহস্ত ভীমসেনকে যদৃচ্ছাক্রমে আসিতে দেখা গেল ॥৩৬॥

তখন ভীমও দেখিলেন—যুধিষ্ঠির, নকুল ও যশস্বিনী দ্রৌপদী রাক্ষসের আয়ত্তে রহিয়াছেন এবং সহদেব ভূতলে থাকিয়া রাক্ষসকে তিরস্কার করিতেছেন, আর রাক্ষস ভ্রমবশতঃ গন্তব্যপথ হইতে বিচ্যুত হইয়া সেই সেই স্থানে ভ্রমণ করিতেছে, কাল তাহার বুদ্ধি হরণ করিয়াছেন এবং দৈব তাহাকে দ্রুত গমন হইতে নিবৃত্ত করিয়াছেন ॥৩৭—৩৮॥

তখন মহাবল ভীমসেন ভ্রাতৃগণকে ও দ্রৌপদীকে হরণ করিতে দেখিয়া ক্রুদ্ধ হইলেন এবং রাক্ষসকে এই কথা বলিলেন—॥৩৯॥

"পাপিষ্ঠ! তুই পূর্ব্বে যখন আমাদের অস্ত্রগুলির দিকে দৃষ্টিপাত করিতি,

---

(৩৬) তথৈব তস্মিন্ ব্রুবতি—পি।

ব্রহ্মরূপপ্রতিচ্ছন্নো ন নো বদসি চাপ্রিয়ম্।
প্রিয়েষু রমমাণং ত্বাং ন চৈবাপ্রিয়কারিণম্ ॥৪১॥
অতিথিং ব্রহ্মরূপঞ্চ কথং হন্যামনাগসম্।
রাক্ষসং জানমানোঽপি যো হন্যান্নরকং ব্রজেৎ ॥৪২॥ (যুগ্মকম্)
অপক্বস্য চ কালেন বধস্তব ন বিদ্যতে।
নূনমদ্যাসি সম্পক্বো যথা তে মতিরীদৃশী ॥৪৩॥
দত্তা কৃষ্ণাপহরণে কালেনাদ্ভুতকর্ম্মণা।
বড়িশোঽয়ং ত্বয়া গ্রস্তঃ কালসূত্রেণ লম্বিতঃ।
মৎস্যোঽম্ভসীব স্যূতাস্যঃ কথমদ্য ভবিষ্যসি ॥৪৪॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। ব্রহ্মরূপেণ ব্রাহ্মণবেশেন প্রতিচ্ছন্ন আবৃতস্বরূপঃ, নঃ অস্মাকম্। ব্রহ্মরূপং ব্রাহ্মণবেশধারিণম্, অনাগসং নিরপরাধম্ ॥৪১—৪২॥

অপক্বস্যেতি। অপক্বস্য অপরিণতাপরাধস্য। ন বিদ্যতে ন যুজ্যতে ॥৪৩॥

দত্তেতি। কৃষ্ণা দ্রৌপদী। অয়ং কৃষ্ণারূপঃ। স্যূতাস্যো বড়িশেন গ্রথিতমুখঃ, কথং ভবিষ্যসি মরিষ্যসীত্যর্থঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৪॥

ভারতভাবদীপঃ

রাক্ষস ইতি। সুখ্যাস্যাং পাপযং মরিষ্যতী ত্যর্থঃ ॥৩৪॥ ছিন্নৈব স্থিরো ভব ॥৩৫—৩৮॥ হ্রিয়তো হ্রিয়মাণান্ ॥৩৯॥ আস্থা ত্বন্মারণে আদরঃ ॥৪০ ৪৩॥ বড়িশো মৎস্যবেধনম্। ভবি-

তখনই তোকে আমি চিনিতে পারিয়াছিলাম, কিন্তু তোকে বধ করিতে আমার আগ্রহ ছিল না বলিয়াই তুই তখন নিহত হইস্ নাই ॥৪০॥

তুই তখন ব্রাহ্মণবেশে আবৃত থাকিয়া আমাদের অপ্রিয় কথা বলিতি না, বরং প্রিয় কার্য্যই করিতি, কোন অপ্রিয় কার্য্য করিতি না, সুতরাং আমি তখন তোকে রাক্ষস বলিয়া জানিতে পারিয়াও অতিথি, ব্রাহ্মণবেশধারী এবং নিরপরাধকে কি প্রকারে বধ করিতে পারিতাম, এ প্রকার লোককে যে বধ করে, সে নরকে যায় ॥৪১—৪২॥

তখন তোর অপরাধ পূর্ণ হয় নাই, সুতরাং তখন তোকে বধ করা সঙ্গত হইত না; কিন্তু এখন তোর অপরাধ নিশ্চয়ই পূর্ণ হইয়াছে; যেহেতু তোর এইরূপ বুদ্ধি হইয়াছে ॥৪৩॥

অদ্ভুতকার্য্যকারী কাল অপহরণ করিবার জন্য তোর হস্তে দ্রৌপদীকে দিয়াছেন; তুইও কালসূত্রবদ্ধ সেই দ্রৌপদীরূপ বড়িশ গ্রাস করিয়াছিস্; সুতরাং জলে বড়িশবিদ্ধমুখ মৎস্যের ন্যায় তুই আজ কি রূপ হইবি ॥৪৪॥

যঞ্চাসি প্রস্থিতো দেশং মনঃ পূর্ব্বং গতঞ্চ তে।
ন তং গন্তাসি গন্তাসি মার্গং বকহিড়িম্বয়োঃ ॥৪৫॥
এবমুক্তস্তু ভীমেন রাক্ষসঃ কালচোদিতঃ।
ভীত উৎস্বজ্য তান্ সর্ব্বান্ যুদ্ধায় সমুপস্থিতঃ ॥৪৬॥
অব্রবীচ্চ তদা ভীমং রোষাৎ প্রস্ফুরিতাধরঃ।
ন মে মূঢ়া দিশঃ পাপ! ত্বদর্থং মে বিলম্বিতম্ ॥৪৭॥
শ্রুতা মে রাক্ষসা যে যে ত্বয়া বিনিহতা রণে।
তেষামদ্য করিষ্যামি তবাস্রেণোদকক্রিয়াম্ ॥৪৮॥
এবমুক্তস্ততো ভীমঃ স্বক্কণী পরিসংলিহন্।
স্ময়মান ইব ক্রোধাৎ সাক্ষাৎ কালান্তকোপমঃ ॥৪৯॥
বাহুসংরম্ভমেবেচ্ছন্নভিদুদ্রাব রাক্ষসম্।
রাক্ষসোঽপি তদা ভীমং যুদ্ধার্থিনমবস্থিতম্ ॥৫০॥
মুহুর্মুহুর্ব্যাদদানঃ স্বক্কণী পরিসংলিহন্।
অভিদুদ্রাব সংরব্ধো বলিবজ্রধরং যথা ॥৫১॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

যমিতি। গতঞ্চ যং দেশমিত্যনুবৃত্তিঃ। মার্গং যমালয়মিত্যর্থঃ ॥৪৫॥

এবমিতি। কালেন চোদিতঃ প্রেরিতঃ। তান্ যুধিষ্ঠিরাদীন্ ॥৪৬॥

অব্রবীদিতি। মূঢ়া মোহবিষয়ীভূতা ভ্রান্তা ইত্যর্থঃ। ত্বদর্থং ত্বদ্বধার্থম্, মে ময়া ॥৪৭॥

শ্রুতা ইতি। অস্রেণ রুধিরেণ, উদকক্রিয়াং তর্পণম্ ॥৪৮॥

এবমিতি। স্বক্কণী ওষ্ঠপ্রান্তৌ। স্ময়মান ইবহসন্। বাহুসংরম্ভং বাহুযুদ্ধম্। ব্যাদদানঃ মুখব্যাদানং কুর্ব্বন্। সংরব্ধঃ ক্রুদ্ধঃ, বজ্রধরমিন্দ্রম্ ॥৪৯—৫১॥

তুই যে স্থানে চলিয়াছিস্ এবং তোর মন পূর্ব্বেই যে স্থানে গিয়াছে, তুই সে স্থানে যাইতে পারিবি না ; বক ও হিড়িম্বের পথেই যাইবি” ॥৪৫॥

ভীমসেন এইরূপ বলিলে, জটাসুর কালপ্রেরিত ও ভীত হইয়া যুধিষ্ঠির-প্রভৃতি সকলকে পরিত্যাগ করিয়া যুদ্ধের জন্য উপস্থিত হইল ॥৪৬॥

এবং তখন সে—ক্রোধে কম্পিতোষ্ঠ হইয়া ভীমকে বলিল—“পাপিষ্ঠ! আমার দিগ্‌ভ্রম হয় নাই, তোকে বধ করিবার জন্যই আমি বিলম্ব করিয়াছি ॥৪৭॥

তুই যুদ্ধে যে যে রাক্ষসকে বধ করিয়াছিস্ বলিয়া আমি শুনিয়াছি, আজ তোর রক্তদ্বারা আমি তাহাদের তর্পণ করিব” ॥৪৮॥

জটাসুর এইরূপ বলিলে, ভীমসেন ক্রোধে ওষ্ঠপ্রান্তদ্বয় লেহন করিতে

(৪৭) অব্রবীচ্চ পুনর্ভীমম্—বা ব কা নি।

বর্ত্তমানে তয়ো রাজন্ ! বাহুযুদ্ধে সুদারুণে ।
মাদ্রীপুত্রাবতিক্রুদ্ধাবুভাবপ্যভ্যধাবতাম্ ॥৫২॥
ন্যবারয়ত্তৌ প্রহসন্ কুন্তীপুত্রো বৃকোদরঃ ।
শক্তোঽহং রাক্ষসস্যেতি প্রেক্ষধ্বমিতি চাব্রবীৎ ॥৫৩॥
আত্মনা ভ্রাতৃভিশ্চাহং ধর্ম্মেণ সুকৃতেন চ ।
ইষ্টেন চ শপে রাজন্ ! সূদয়িষ্যামি রাক্ষসম্ ॥৫৪॥
ইত্যেবমুক্ত্বা তৌ বীরৌ স্পর্দ্ধমানৌ পরস্পরম্ ।
বাহুভিঃ সমসজ্জেতামুভৌ রক্ষোবৃকোদরৌ ॥৫৫॥
তয়োরাসীৎ সম্প্রহারঃ ক্রুদ্ধয়োর্ভীমরক্ষসোঃ ।
অমৃষ্যমাণয়োঃ সংখ্যে দেবদানবয়োরিব ॥৫৬॥

ভারতকৌমুদী

বর্ত্তমান ইতি। মাদ্রীপুত্রৌ নকুলসহদেবৌ। অভ্যধাবতাং রাক্ষসং প্রতি ॥৫২॥
ন্যবারয়দিতি। রাক্ষসস্য বধে ইতি শেষঃ। প্রেক্ষধ্বং যূয়ং কেবলং পশ্যত ॥৫৩॥
যুধিষ্ঠিরং প্রত্যাহ—আত্মনেতি। সুকৃতেন সম্যগনুষ্ঠিতেন। ইষ্টেন যজ্ঞেন ॥৫৪॥
ইতীতি। দ্বয়োর্বাহুচতুষ্টয়াদ্বহুবচনম্। রক্ষোবৃকোদরৌ রাক্ষসভীমসেনৌ ॥৫৫॥

থাকিয়া এবং যেন ঈষৎ হাস্য করিতে প্রবৃত্ত হইয়া, বাহুযুদ্ধেরই ইচ্ছা করিয়া, সাক্ষাৎ কালান্তক যমের ন্যায় জটাসুরের প্রতি ধাবিত হইলেন এবং ক্রুদ্ধ জটাসুরও মুহুর্মুহু মুখব্যাদান এবং ওষ্ঠপ্রান্ত লেহন করিতে থাকিয়া—পূর্ব্বে বলি যেমন ইন্দ্রের প্রতি ধাবিত হইয়াছিলেন, সেইরূপ যুদ্ধার্থী ও অবস্থিত ভীমের প্রতি ধাবিত হইল ॥৪৯—৫১॥

রাজা জনমেজয় ! ভীম ও জটাসুরের অতিভীষণ বাহুযুদ্ধ চলিতে লাগিল, নকুল এবং সহদেবও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া দুই জনই জটাসুরের প্রতি ধাবিত হইলেন ॥৫২॥

তখন ভীমসেন হাস্য করিয়া তাঁহাদিগকে বারণ করিলেন এবং বলিলেন—"আমিই রাক্ষসকে সংহার করিতে সমর্থ হইব; সুতরাং তোমরা কেবল দর্শন কর ॥৫৩॥

রাজা ! নিজের জীবন, ভ্রাতৃগণ, সমীচীনভাবে অনুষ্ঠিত ধর্ম্ম এবং অভীষ্ট বিষয়—এই সমস্তদ্বারা আমি শপথ করিতেছি যে, আমি রাক্ষসকে সংহার করিব" ॥৫৪॥

এইরূপ বলিয়া সেই মহাবীর ভীম ও জটাসুর দুই জনই পরস্পর স্পর্দ্ধা করিতে থাকিয়া বাহুতে বাহুতে সম্মিলিত হইলেন ॥৫৫॥

(৫২)...বর্ত্তমানে তদা তাভ্যাম্—বা ব কা পি। (৫৫)...বাহুভ্যাং সমসজ্জেতাম্—বা ব কা।

আরুজ্যারুজ্য তৌ বৃক্ষানন্যোন্যমভিজঘ্নতুঃ।
জীমূতাবিব গর্জ্জন্তৌ বিনদন্তৌ মহাবলৌ ॥৫৭॥
বভঞ্জতুর্মহাবৃক্ষানূরুভির্বলিনাং বরৌ।
অন্যোন্যেনাতিসংরব্ধৌ পরস্পরবধৈষিণৌ ॥৫৮॥
তদ্‌বৃক্ষযুদ্ধমভবন্মহীরুহবিনাশনম্।
বালিসুগ্রীবয়োর্ভ্রাত্রোঃ পুরা শ্রীকাঙ্ক্ষিণোর্যথা ॥৫৯॥
আবিধ্যাবিধ্য তৌ বৃক্ষান্ মুহূর্ত্তমিতরেতরম্।
তাড়য়ামাসতুরুভৌ বিনদন্তৌ মুহুর্ম্মুহুঃ ॥৬০॥
তস্মিন্ দেশে যদা বৃক্ষাঃ সর্ব্বে এব নিপাতিতাঃ।
পুঞ্জীকৃতাশ্চ শতশঃ পরস্পরবধেপ্সয়া ॥৬১॥

ভারতকৌমুদী

তয়োরিতি। অমৃষ্যমাণয়োঃ পরস্পরমসহমানয়োঃ, সংখ্যে যুদ্ধে ॥৫৬॥
আরুজ্যেতি। আরুজ্যারুজ্য ভঙ্‌ক্ত্বা ভঙ্‌ক্ত্বা। গর্জ্জন্তৌ জীমূতৌ মেঘাবিব ॥৫৭॥
বভঞ্জতুরিতি। অতিসংরব্ধৌ অতীবক্রুদ্ধৌ ॥৫৮॥
তদিতি। মহীরুহবিনাশনম্, উৎপাটনেন পদাঘাতেন চেতি ভাবঃ ॥৫৯॥
আবিধ্যেতি। আবিধ্য আবিধ্য ঘূর্ণয়িত্বা ঘূর্ণয়িত্বা। ইতরেতরং পরস্পরম্ ॥৬০॥

ভারতভাবদীপঃ

হসি জীবিষ্যসি ॥৪৪—৪৭॥ অগ্রেণ লোহিতেন ॥৪৮—৪৯॥ বাহুসংরম্ভোতে আস্ফোটোতে যস্যাং ক্রিয়ায়াং যথা স্যাত্তথা বাহুসংরম্ভম্ ॥৫০—৫৯॥ আবিধ্য ভ্রাময়িত্বা ॥৬০॥ মুঞ্জীকৃতাঃ

ক্রমে ক্রুদ্ধ ভীমসেন ও জটাসুর—দুই জনই যুদ্ধে দেব ও দানবের ন্যায় পরস্পর অসহিষ্ণু হইয়া উঠিলেন; তখন তাঁহাদের গুরুতর প্রহার চলিতে লাগিল ॥৫৬॥

মহাবল ভীম ও জটাসুর, গর্জ্জনকারী দুইখানা মেঘের ন্যায় গুরুতর শব্দ করিতে থাকিয়া বৃক্ষ ভগ্ন করিয়া করিয়া পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥৫৭॥

পরস্পর অতি ক্রুদ্ধ এবং পরস্পর বধাভিলাষী বলিশ্রেষ্ঠ ভীম ও জটাসুর উরুদ্বারা বিশাল বিশাল বৃক্ষ ভগ্ন করিতে লাগিলেন ॥৫৮॥

পূর্ব্বকালে রাজ্যাভিলাষী বালী ও সুগ্রীব—দুই ভ্রাতার যেমন হইয়াছিল, তেমন সেই বৃক্ষযুদ্ধ হইতে লাগিল; তাহাতে বহুতর বৃক্ষ বিনষ্ট হইল ॥৫৯॥

সেই ভীম ও জটাসুর দুই জনই মুহুর্মুহু গর্জ্জন করিয়া বৃক্ষ ঘূর্ণন করিয়া করিয়া মুহূর্ত্তকাল পরস্পর আঘাত করিলেন ॥৬০॥

---

(৬১)…মুঞ্জীকৃতাশ্চ—বা ব কা, …পুঞ্জীকৃতাশ্চ—নি।

ততঃ শিলাঃ সমাদায় মুহূর্ত্তমিব ভারত ! ।
মহাভ্রৈরিব শৈলেন্দ্রৌ যুযুধাতে মহাবলৌ ॥৬২॥ (যুগ্মকম্)
শিলাভিরুগ্ররূপাভির্ব্বৃহতীভিঃ পরস্পরম্ ।
বজ্রৈরিব মহাবেগৈরাজঘ্নতুরমর্ষণৌ ॥৬৩॥
অভিদ্রুত্য চ ভূয়স্তাবন্যোন্যবলদর্পিতৌ ।
ভুজাভ্যাং পরিগৃহ্যাথ চকর্ষাতে গজাবিব ॥৬৪॥
মুষ্টিভিশ্চ মহাঘোরৈরন্যোন্যমভিজঘ্নতুঃ ।
ততশ্চটচটাশব্দো বভূব সুমহাত্মনোঃ ॥৬৫॥
ততঃ সংহৃত্য মুষ্টিন্তু পঞ্চশীর্ষমিবোরগম্ ।
বেগেনাভ্যহনদ্ভীমো রাক্ষসস্য শিরোধরাম্ ॥৬৬॥

---

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। পুঞ্জীকৃতা ভগ্নত্বাৎ পরিত্যাগেন রাশীকৃতাঃ। ততস্তদা। মহাভ্রৈর্মহামেঘৈঃ, শৈলেন্দ্রৌ পর্ব্বতশ্রেষ্ঠাবিব। সম্ভাবনাবশাদুৎপ্রেক্ষেয়ম্ ॥৬১—৬২॥

শিলাভিরিতি। বৃহতীভির্মহতীভিঃ। অমর্ষণৌ ক্রোধনৌ ॥৬৩॥

অভীতি। ভূয়ঃ পুনঃ। চকর্ষাতে আচকৃষতুঃ, আত্মনেপদবদ্গ্রণোহপ্যার্ষঃ ॥৬৪॥

মুষ্টিভিরিতি। সুমহাত্মৌ অতিদৃঢ়ৌ যৌ আত্মানৌ দেহৌ তয়োরুপরি ॥৬৫॥

তত ইতি। সংহৃত্য বদ্ধা। পঞ্চ শীর্ষাণি মস্তকানি যস্য তম্। এতেন সঙ্কুচিতাঃ পঞ্চাঙ্গুলয় আক্ষিপ্যন্তে। অভ্যহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। শিরোধরাং গ্রীবাম্ ॥৬৬॥

---

ভরতনন্দন! তাঁহারা পরস্পর বধ করিবার ইচ্ছায় যখন সেই স্থানের সমস্ত বৃক্ষই নিপাত করিয়া শত শত পুঞ্জীভূত করিলেন, তখন দুইটা পর্ব্বতশ্রেষ্ঠ যেন মহামেঘদ্বারা যুদ্ধ করিতেছে এমন ভাবে মহাবল ভীম ও জটাসুর প্রস্তর লইয়া কিছু কাল যুদ্ধ করিলেন ॥৬১—৬২॥

ক্রুদ্ধ ভীম ও জটাসুর মহাবেগশালী বজ্রের ন্যায় বিশাল ও ভয়ঙ্কর প্রস্তরদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন ॥৬৩॥

তাহার পর দুইটা হস্তীর ন্যায় বলদর্পিত ভীম ও জটাসুর আবার দ্রুত যাইয়া বাহুদ্বারা ধারণ করিয়া পরস্পর আকর্ষণ করিতে লাগিলেন ॥৬৪॥

পরে তাঁহারা ভয়ঙ্কর মুষ্টিদ্বারা পরস্পর আঘাত করিতে লাগিলেন; তাহাতে সুদৃঢ় শরীর দুইটার উপরে 'চটচটা'-শব্দ হইতে থাকিল ॥৬৫॥

তাহার পর ভীমসেন, পঞ্চমস্তক সর্পের ন্যায় মুষ্টি বন্ধন করিয়া তাহা দ্বারা জটাসুরের গ্রীবাদেশে বেগে আঘাত করিলেন ॥৬৬॥

---

(৬৩)...অভিজঘ্নতুরমর্ষণৌঃ—পি।

ততঃ শ্রান্তস্তু তদ্রক্ষো ভীমসেনভুজাহতম্।
সুপরিশ্রান্তমালক্ষ্য ভীমসেনোঽভ্যবর্ত্তত ॥৬৭॥
তত এনং মহাবাহুর্বাহুভ্যামমরোপমঃ।
সমুৎক্ষিপ্য বলাদ্ভীমো নিষ্পিপেষ মহীতলে ॥৬৮॥
ততঃ সম্পীড্য বলবদ্ভুজাভ্যাং ক্রোধমূর্চ্ছিতঃ।
তস্য গাত্রাণি সর্ব্বাণি চূর্ণয়ামাস পাণ্ডবঃ ॥৬৯॥
অরত্নিনা চাভিহত্য শিরঃ কায়াদপাহরৎ।
সন্দষ্টৌষ্ঠং বিবৃত্তাক্ষং ফলং বৃন্তাদিব চ্যুতম্ ॥৭০॥
জটাসুরস্য তু শিরো ভীমসেনবলাদ্ধৃতম্।
পপাত রুধিরাদিগ্ধং সন্দষ্টদশনচ্ছদম্ ॥৭১॥

ভারতকৌমুদী

তত ইতি। শ্রান্তং ক্লান্তম্, রক্ষো রাক্ষসঃ। অভ্যবর্ত্তত দ্বিগুণোৎসাহেনাভ্যগচ্ছৎ ॥৬৭॥
তত ইতি। এনং রাক্ষসম্। সমুৎক্ষিপ্য উত্তোল্য, পুনঃ পাতয়িত্বেতি শেষঃ ॥৬৮॥
তত ইতি। সম্পীড্য মুষ্টিপাতেন। চূর্ণয়ামাস আঘাতেন চূর্ণিতঞ্চকার ॥৬৯॥
অরত্নিনেতি। অরত্নিনা নিষ্কনিষ্ঠেন মুষ্টিনা। বিবৃত্তাক্ষং ঘূর্ণিতনয়নম্ ॥৭০॥
জটেতি। হৃতং পৃথক্ কৃতম্। সন্দষ্টৌ দশনচ্ছদৌ ওষ্ঠৌ যেন তৎ ॥৭১॥

ভারতভাবদীপঃ

রক্তার্থং মুষ্টিবজ্রজর্জ্জরীকৃতাঃ ॥৬১॥ মহাবৈদ্রবিষোঃ ভূতোপমা ॥৬২—৬৫। শিরোধরাং গ্রীবাম্ ॥৬৬॥ অভ্যবর্ত্ততাধিকোৎসাহবানভূৎ ॥৬৭—৬৯॥ অরত্নিনা তলপ্রহারেণেত্যর্থঃ ॥৭১—৭২।
ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩০॥

ভীমের সেই মুষ্টির আঘাতেই জটাসুর ক্লান্ত হইয়া পড়িল; তখন ভীম তাহাকে অত্যন্ত ক্লান্ত দেখিয়া দ্বিগুণ উৎসাহে তাহার উপরে পড়িলেন ॥৬৭॥

তদনন্তর দেবতার তুল্য মহাবাহু ভীম বাহুযুগলদ্বারা বলপূর্ব্বক জটাসুরকে উত্তোলন করিয়া আবার নিপাতিত করিয়া ভূতলে নিষ্পেষণ করিতে লাগিলেন ॥৬৮॥

তৎপরে মহাক্রুদ্ধ ভীম হস্তযুগলদ্বারা অত্যন্ত পীড়ন করিয়া জটাসুরের সমস্ত অঙ্গ চূর্ণ (থেঁতো) করিলেন ॥৬৯॥

তখনও জটাসুর ওষ্ঠ দংশন করিতেছিল এবং তাহার নয়ন ঘুরিতেছিল; এই অবস্থায় ভীম অরত্নির (কনুইয়ের) আঘাত করিয়া করিয়া বৃন্তচ্যুত ফলের ন্যায় তাহার মস্তকটা দেহ হইতে অপহরণ করিলেন ॥৭০॥

---

(৬৯) পূর্ব্বার্দ্ধং বা ব কা পি নাস্তি। (৭১)…ভীমসেনবলাহতম্—বা ব কা পি।

তং নিহত্য মহেষ্বাসো যুধিষ্ঠিরমুপাগমৎ।
স্তূয়মানো দ্বিজাগ্র্যৈস্তু মরুদ্ভিরিব বাসবঃ ॥৭২॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
জটাসুরবধে ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

(১। যক্ষযুদ্ধপর্ব্ব।)

## একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।
নিহতে রাক্ষসে তস্মিন্ পুনর্নারায়ণাশ্রমম্।
অভ্যেত্য রাজা কৌন্তেয়ো নিবাসমকরোৎ প্রভুঃ ॥১॥
স সমানীয় তান্ সর্ব্বান্ ভ্রাতৄনিত্যব্রবীদ্বচঃ।
দ্রৌপদ্যা সহিতান্ কালে সংস্মরন্ ভ্রাতরং জয়ম্ ॥২॥

ভারতকৌমুদী

তমিতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরো ভীমঃ। দ্বিজাগ্র্যৈস্তদানীং তত্রাগতৈঃ সার্থবিপ্রৈঃ ॥৭২॥
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি জটাসুরবধে ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

নিহত ইতি। রাজা সহচরবর্গসমেত এবেতি বোধ্যম্। প্রভুঃ প্রভাববান্ ॥১॥
স ইতি। কালে একদেত্যর্থঃ। জয়ম্ অর্জ্জুনম্ ॥২॥

ক্রমে ভীমসেনের বলে পৃথক্ কৃত, রক্তলিপ্ত এবং ওষ্ঠদংশনকারী জটাসুরের মস্তকটা ভূতলে পতিত হইল ॥৭১॥

এইভাবে মহাধনুর্দ্ধর ভীমসেন জটাসুরকে বধ করিয়া যুধিষ্ঠিরের নিকট উপস্থিত হইলেন; তখন দেবতারা যেমন ইন্দ্রের স্তব করেন, তেমন সহচর ব্রাহ্মণেরা ভীমের স্তব করিতে লাগিলেন ॥৭২॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—জটাসুর নিহত হইলে, কুন্তীনন্দন প্রভাবশালী রাজা যুধিষ্ঠির (সহচরগণের সহিত) পুনরায় বদরিকাশ্রমে আসিয়া বাস করিতে লাগিলেন ॥১॥

* '...সপ্তপঞ্চাশদধিক...'—বা ক কা পি, '...অষ্টপঞ্চাশদধিক...'—নি। (১) নিহতে রাক্ষসে রাজন্।—পি।

সমাশ্চতস্রোঽভিগতাঃ শিবেন চরতাং বনে।
কৃতোদ্দেশস্তু বীভৎসুঃ পঞ্চমীমভিতঃ সমাম্ ॥৩॥
প্রাপ্য পর্ব্বতরাজানং শ্বেতং শিখরিণাং বরম্।
পুষ্পিতৈর্দ্রুমষণ্ডৈশ্চ মত্তকোকিলষট্পদৈঃ ॥৪॥
ময়ূরৈশ্চাতকৈশ্চাপি নিত্যোৎসববিভূষিতম্।
ব্যাঘ্রৈর্ব্বরাহৈর্মহিষৈর্গবয়ৈর্হরিণৈস্তথা ॥৫॥
শ্বাপদৈর্ব্যালরূপৈশ্চ রুরুভিশ্চ নিষেবিতম্।
ফুল্লৈঃ সহস্রপত্রৈশ্চ শতপত্রৈস্তথোৎপলৈঃ ॥৬॥
প্রফুল্লৈঃ কমলৈশ্চৈব তথা নীলোৎপলৈরপি।
মহাপুণ্যং পবিত্রঞ্চ সুরাসুরনিষেবিতম্ ॥৭॥ (কুলকম্)

ভারতকৌমুদী

সমা ইতি। বনে চরতামস্মাকমিতি শেষঃ, চতস্রঃ, সমা বৎসরাঃ, শিবেন মঙ্গলেন, অভিগতা অতীতাঃ, সম্প্রতি পঞ্চমো বৎসরো বর্ত্তত ইতি ভাবঃ। কিন্তু বীভৎসুরর্জ্জুনঃ, পঞ্চমীং সমাং বৎসরম্, অভিতঃ পঞ্চমবৎসরপূর্ণতাসমীপ ইত্যর্থঃ, কৃত উদ্দেশঃ অস্মাভিঃ সহ সম্মেলননির্দ্দেশো যেন স তাদৃশ আসীৎ। "সমীপোভয়তঃশীঘ্রসাকল্যাভিমুখেঽভিতঃ" ইত্যমরঃ। "তসোভয়াভিপরিসর্ব্বৈঃ" ইতি দ্বিতীয়া। কুত্র স্থানে সম্মেলননির্দ্দেশঃ কৃতঃ ইত্যাহ প্রাপ্যেতি। শ্বেতং কৈলাসম্। দ্রুমাণাং ষণ্ডৈঃ সমূহৈর্বিশিষ্টম্, মত্তাঃ কোকিলাঃ ষট্পদা ভ্রমরাশ্চ যেষু তৈঃ। নিত্যোৎসবো দেবাদীনাম্। ব্যালরূপৈর্হিংস্রৈঃ। রুরুভির্হরিণবিশেষৈঃ। মলৈঃ পদ্মৈঃ ॥৩—৭॥

---

একদা তিনি অর্জ্জুনকে স্মরণ করিয়া দ্রৌপদীর সহিত সকল ভ্রাতাকে আনয়নপূর্ব্বক এই কথা বলিলেন—॥২॥

'বনবাসী অবস্থায় আমাদের চারি বৎসর নির্বিঘ্নে অতীত হইয়া গিয়াছে, (সম্প্রতি পঞ্চম বৎসর চলিতেছে)। কিন্তু অর্জ্জুন যাইবার সময়ে বলিয়া গিয়াছিলেন যে, 'পঞ্চম বৎসর পূর্ণ হইবার সময়ে কৈলাস পর্ব্বতে আসিয়া আমি আপনাদের সহিত মিলিত হইব; যে কৈলাসপর্ব্বত—পর্ব্বতের রাজা, পর্ব্বতের শ্রেষ্ঠ, সর্ব্বদা উৎসবপূর্ণ, মহাপুণ্য, পরম পবিত্র এবং দেবাসুরগণের বিচরণস্থান; আর যে কৈলাসপর্ব্বতে পুষ্পসমন্বিত এবং মত্ত কোকিল ও মত্ত ভ্রমরগণে পরিপূর্ণ বৃক্ষসমূহ রহিয়াছে; ময়ূর, চাতক, ব্যাঘ্র, বরাহ, মহিষ, গবয়, হরিণ, হিংস্র জন্তু ও রুরুহরিণ বিচরণ করে; আর, প্রস্ফুটিত সহস্রদল ও শতদল পদ্ম এবং উৎপল ও নীলোৎপল শোভিত থাকে' ॥৩—৭॥

তত্রাপি চ কৃতোদ্দেশঃ সমাগমদিদৃক্ষুভিঃ।
কৃতশ্চ সময়স্তেন পার্থেনামিততেজসা।
পঞ্চ বর্ষাণি বৎস্যামি বিদ্যার্থীতি পুরা ময়ি ॥৮॥
তত্র গাণ্ডীবধন্বানমবাপ্তাস্ত্রমরিন্দমম্।
দেবলোকাদিমং লোকং দ্রক্ষ্যামঃ পুনরাগতম্ ॥৯॥
ইত্যুক্ত্বা ব্রাহ্মণান্ সর্ব্বানামন্ত্রয়ত পাণ্ডবঃ।
কারণঞ্চৈব তত্তেষামাচচক্ষে তপস্বিনাম্ ॥১০॥
তানুগ্রতপসঃ প্রীতান্ কৃত্বা পার্থান্ প্রদক্ষিণম্।
ব্রাহ্মণাস্তেঽন্বমোদন্ত শিবেন কুশলেন চ ॥১১॥

ভারতকৌমুদী

তত্রেতি। সমাগমম্ অর্জ্জুনাগমনং দিদৃক্ষুভির্দ্রষ্টুমিচ্ছুভিরস্মাভিরপি, তত্র চ কৈলাসপর্ব্বত এব, কৃত উদ্দেশো গমননির্দ্দেশো যস্মৈ স তথোক্তঃ অর্জ্জুন আসীদিতি শেষঃ। কিঞ্চ পুরা, ময়ি মৎসমীপে, অমিততেজসা তেন পার্থেনার্জ্জুনেন অহং বিদ্যার্থী সন্, পঞ্চ বর্ষাণি স্বর্গে বৎস্যামি, ইতি সময়ঃ শপথঃ কৃতঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

তত্রেতি। তত্র কৈলাসপর্ব্বতে, গাণ্ডীবধন্বানমর্জ্জুনম্, অবাপ্তাস্ত্রং লব্ধদেবাস্ত্রম্ ॥৯॥

ইতীতি। কারণম্ অর্জ্জুনদর্শনরূপং কৈলাসপর্ব্বতগমনে হেতুম্ ॥১০॥

তানিতি। শিবেন নির্বিঘ্নেন, কুশলেন চ তত্র গচ্ছতেত্যন্বমোদন্ত ॥১১॥

ভারতভাবদীপঃ

নিহত ইতি ॥১॥ জয়মর্জ্জুনম্ ॥২॥ কৃতোদ্দেশঃ পঞ্চমে বর্ষে ময়াবশ্যমাগন্তব্যমিতি কৃতসঙ্কেতঃ ॥৩॥ শ্বেতং কৈলাসম্ ॥৪—৭॥ তত্রাপি দেশে অস্মাভিরিতি শেষঃ। উদ্দেশঃ

---

আমরাও অর্জ্জুনের আগমন দেখিবার ইচ্ছায় তখন তাঁহার নিকট বলিয়াছিলাম যে—"আমরাও সেইখানেই যাইব"। পূর্ব্বে অমিততেজা অর্জ্জুনও আমার নিকট এইরূপ শপথ করিয়াছিলেন যে—'আমি অস্ত্রশিক্ষার জন্য পাঁচ বৎসর স্বর্গে বাস করিব' ॥৮॥

অতএব শত্রুবিজয়ী অর্জ্জুন দেবাস্ত্র সকল লাভ করিয়া দেবলোক হইতে পুনরায় এই মর্ত্ত্যলোকে আসিবেন; তাহা আমরা সেইখানেই দেখিব" ॥৯॥

এই কথা বলিয়া যুধিষ্ঠির সমস্ত ব্রাহ্মণকে আহ্বান করিলেন এবং সেই তপস্বীদের নিকটে কৈলাসগমনের সেই কারণ বলিলেন ॥১০॥

তখন সেই উগ্রতপা ব্রাহ্মণেরা আনন্দিত চিত্ত পাণ্ডবগণকে প্রদক্ষিণ করিয়া অনুমোদন করিলেন যে—'আপনারা নির্বিঘ্নে ও কুশলে গমন করুন ॥১১॥

---

(৮)…বিদ্যার্থীতি পুরন্দরে—পি। (৯) অত্র গাণ্ডীবধন্বানম্—বা ব কা নি। (১১)…কৃত্বা পার্থাঃ প্রদক্ষিণম্—বা ব কা।

সুখোদর্কমিমং ক্লেশমচিরান্তরতর্ষভ!।
ক্ষত্রধর্ম্মেণ ধর্ম্মজ্ঞ! তীর্ত্বা গাং পালয়িষ্যসি ॥১২॥
তত্তু রাজা বচস্তেষাং প্রতিগৃহ্য তপস্বিনাম্।
প্রতস্থে সহ বিপ্রৈস্তৈর্ভ্রাতৃভিশ্চ পরন্তপঃ ॥১৩॥
দ্রৌপদ্যা সহিতঃ শ্রীমান্ হৈড়িম্বেয়াদিভিস্তদা।
রাক্ষসৈরনুযাতো বৈ লোমশেনাভিরক্ষিতঃ ॥১৪॥ (যুগ্মকম্)
ক্বচিৎ পদ্ভ্যাং ততোঽগচ্ছদ্রাক্ষসৈরুহ্যতে ক্বচিৎ।
তত্র তত্র মহাতেজা ভ্রাতৃভিঃ সহ সুব্রতঃ ॥১৫॥
ততো যুধিষ্ঠিরো রাজা বহূন্ ক্লেশান্ বিচিন্তয়ন্।
সিংহব্যাঘ্রগজাকীর্ণামুদীচীং প্রযযৌ দিশম্ ॥১৬॥
অবেক্ষমাণঃ কৈলাসং মৈনাকঞ্চৈব পর্ব্বতম্।
গন্ধমাদনপাদাংশ্চ শ্বেতঞ্চাপি শিলোচ্চয়ম্ ॥১৭॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

সুখেতি। সুখমেব উদর্কো ভাবি ফলং যস্য তম্। গাং পৃথিবীম্ ॥১২॥
তদিতি। রাজা যুধিষ্ঠিরঃ। হৈড়িম্বেয়াদিভির্ঘটোৎকচপ্রভৃতিভিঃ ॥১৩—১৪॥
ক্বচিদিতি। সুব্রতঃ সদাকশাস্ত্রবিহিতনিয়মশালী যুধিষ্ঠিরঃ ॥১৫॥
তত ইতি। বিচিন্তয়ন্ অনুভবন্। শিলোচ্চয়ং প্রস্তরসমূহম্ ॥১৬—১৭॥

এবং ধর্ম্মজ্ঞ ভরতশ্রেষ্ঠ! আপনি অচিরকাল মধ্যে ভাবি-সুখজনক এই ক্লেশ হইতে উত্তীর্ণ হইয়া ক্ষত্রিয়ধর্ম্ম অনুসারে পৃথিবী পালন করিবেন' ॥১২॥

তখন শত্রুবিজয়ী যুধিষ্ঠির তপস্বিগণের সেই কথা স্বীকার করিয়া সেই ব্রাহ্মণগণ, ভ্রাতৃগণ ও দ্রৌপদীর সহিত তথা হইতে প্রস্থান করিলেন; তখন ঘটোৎকচপ্রভৃতি রাক্ষসগণ তাঁহার পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে লাগিল এবং লোমশমুনিও তাঁহার রক্ষায় প্রবৃত্ত থাকিয়া তাঁহার সঙ্গে সঙ্গে চলিলেন ॥১৩—১৪॥

তাহার পর মহাতেজা ও শাস্ত্রীয়-নিয়মানুসারী রাজা যুধিষ্ঠির ভ্রাতৃগণের সহিত সেই সেই পথে কোথাও পদব্রজে গমন করিতে লাগিলেন, কোথাও বা রাক্ষসেরা তাঁহাদিগকে বহন করিতে থাকিল ॥১৫॥

তদনন্তর রাজা যুধিষ্ঠির কৈলাস ও মৈনাকপর্ব্বত, গন্ধমাদনের সন্নিহিত পর্ব্বত সকল এবং শুভ্রবর্ণ প্রস্তরসমূহ দর্শন ও বহুতর ক্লেশ অনুভব করিতে থাকিয়া সিংহ, ব্যাঘ্র ও হস্তিসমূহে পরিপূর্ণ উত্তর দিকে গমন করিলেন ॥১৬—১৭॥

(১৪) পূর্ব্বার্দ্ধং বা ব কা পি নাস্তি।

উপর্য্যুপরি শৈলানাং বহ্বীশ্চ সরিতঃ শিবাঃ।
পৃষ্ঠং হিমবতঃ পুণ্যং যযৌ সপ্তদশেঽহনি ॥১৮॥
দদৃশুঃ পাণ্ডবা রাজন্! গন্ধমাদনমন্তিকাৎ।
পৃষ্ঠে হিমবতঃ পুণ্যে নানাদ্রুমলতাবৃতে ॥১৯॥
সলিলাবর্ত্তসঞ্জাতৈঃ পুষ্পিতৈশ্চ মহীরুহৈঃ।
সমাবৃতং পুণ্যতমমাশ্রমং বৃষপর্ব্বণঃ ॥২০॥ (যুগ্মকম্)
তমুপাগম্য রাজর্ষিং ধর্ম্মাত্মানমরিন্দমাঃ।
পাণ্ডবা বৃষপর্ব্বাণমবন্দন্ত গতক্লমাঃ ॥২১॥
অভ্যনন্দৎ স রাজর্ষিঃ পুত্রবদ্ভরতর্ষভান্।
পূজিতাশ্চাবসংস্তত্র সপ্তরাত্রমরিন্দমাঃ ॥২২॥
অষ্টমেঽহনি সংপ্রাপ্তে তমৃষিং লোকবিশ্রুতম্।
আমন্ত্র্য বৃষপর্ব্বাণং প্রস্থানং প্রত্যরোচয়ন্ ॥২৩॥

ভারতকৌমুদী

উপরীতি। শিবা জলগুণেন মঙ্গলজনিকাঃ সরিতঃ, অতিক্রম্যেতি শেষঃ ॥১৮॥
দদৃশুরিতি। গন্ধমাদনমন্তিকাৎ তৎসমীপে। সলিলস্যাবর্ত্তেনাগমেন সঞ্জাতৈঃ ॥১৯—২০॥
তমিতি। গতক্লমা বিশ্রামকরণেনৈব তিরোহিতপরিশ্রমাঃ ॥২১॥
অভীতি। অভ্যনন্দৎ আদ্রিয়ত। পূজিতা অতিথিসৎকারেণ সম্মানিতাঃ ॥২২॥

তাহার পর তিনি পর্ব্বতসমূহের নিকটে নিকটে মঙ্গলজনক বহুতর নদী অতিক্রম করিয়া করিয়া সপ্তদশ দিবসে পবিত্র হিমালয়ের উপরে গমন করিলেন ॥১৮॥

রাজা! তদনন্তর পাণ্ডবেরা গন্ধমাদনপর্ব্বতের নিকটে নানাবিধ বৃক্ষলতায় আবৃত ও পবিত্র হিমালয়ের উপরে অতিপবিত্র বৃষপর্ব্বামুনির আশ্রম দর্শন করিলেন; সে আশ্রমটী—জলসেকসমুৎপন্ন ও পুষ্পসমন্বিত বহুতর বৃক্ষে আবৃত ছিল ॥১৯—২০॥

তৎপরে শত্রুবিজয়ী পাণ্ডবগণ বিশ্রাম করিয়া সেই ধর্ম্মাত্মা রাজর্ষি বৃষপর্ব্বার নিকট উপস্থিত হইয়া তাঁহাকে নমস্কার করিলেন ॥২১॥

তখন রাজর্ষি বৃষপর্ব্বা পাণ্ডবগণকে পুত্রের ন্যায় আদর করিলেন; সুতরাং শত্রুবিজয়ী পাণ্ডবেরা সেই আশ্রমে সম্মানিতভাবে সাত দিন বাস করিলেন ॥২২॥

অষ্টমদিন প্রভাতকালে পাণ্ডবেরা জগদ্বিখ্যাত সেই বৃষপর্ব্বামুনির নিকট অনুমতি লইয়া প্রস্থান করিবার ইচ্ছা করিলেন ॥২৩॥

(১৮) উপর্য্যুপরি শৈলস্য—বা ব কা।

এবৈককশশ্চ তান্ বিপ্রান্ নিবেদ্য বৃষপর্ব্বণি।
ন্যাসভূতান্ যথাকালে বন্ধূনিব সুসৎকৃতান্ ॥২৪॥
পারিবর্হঞ্চ তং শেষং পরিদায় মহাত্মনে।
ততস্তে যজ্ঞপাত্রাণি শুভান্যাভরণানি চ।
ন্যদধুঃ পাণ্ডবাস্তস্মিন্নাশ্রমে বৃষপর্ব্বণঃ ॥২৫॥ (যুগ্মকম্)
অতীতানাগতে বিদ্বান্ কুশলঃ সর্ব্বধর্ম্মবিৎ।
অন্বশাসৎ স ধর্ম্মজ্ঞঃ পুত্রবদ্ভরতর্ষভান্ ॥২৬॥
তেঽনুজ্ঞাতা মহাত্মানঃ প্রযযুর্দিশমুত্তরাম্।
তান্ প্রস্থিতানভ্যগচ্ছদ্‌বৃষপর্ব্বা মহামতিঃ ॥২৭॥
উপন্যস্য মহাতেজা বিপ্রেভ্যঃ পাণ্ডবাংস্তদা।
অনুসংসার্য্য কৌন্তেয়ানাশীর্ভিরভিনন্দ্য চ।
বৃষপর্ব্বা নিববৃতে পন্থানমুপদিশ্য চ ॥২৮॥

ভারতকৌমুদী

অষ্টম ইতি। সম্প্রাপ্তে উপস্থিতে। প্রত্যরোচয়ন্ কর্ত্তুমৈচ্ছন্ ॥২৩॥
একেতি। নিবেদ্য বিজ্ঞাপ্য। পারিবর্হং পারিচ্ছদম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৪--২৫॥
অতীতেতি। অতীতানাগতে কালে, বিদ্বান্ সর্ব্বং জানন্। অন্বশাসৎ উপদিষ্টবান্ ॥২৬॥
ত ইতি। তে পাণ্ডবাঃ। অভ্যগচ্ছৎ কিয়দ্দূরমন্বগচ্ছৎ, স্নেহাদিত্যাশয়ঃ ॥২৭॥
উপেতি। উপন্যস্য সমর্প্য, বিপ্রেভ্যস্তৎসহচরেভ্যঃ। অনুসংসার্য্য সম্প্রেষ্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

ভারতভাবদীপঃ

কৃতঃ, সন্ধিরার্ষঃ ॥৮—১১॥ সুখোদর্কং সুখোদয়ম্ ॥১২—১৬॥ শ্বেতং হিমাচলম্ ॥১৭—২৭॥

তৎপরে পাণ্ডবেরা, ন্যাসভূত (গচ্ছিত) বন্ধুর ন্যায় সমাদৃত সেই সহচর ব্রাহ্মণগণের এক এক জনকে বৃষপর্ব্বার নিকটে পরিচিত করাইয়া দিয়া এবং সেই মহাত্মার নিকট অবশিষ্ট পরিচ্ছদ সমর্পণ করিয়া সেই বৃষপর্ব্বারই আশ্রমে যথাসময়ে মঙ্গলময় যজ্ঞপাত্র ও আভরণ সকল রাখিয়া দিলেন ॥২৪—২৫॥

তখন কার্য্যনিপুণ, সর্ব্বধর্ম্মজ্ঞ, ন্যায়বিৎ এবং ভূত-ভবিষ্যতের সমস্ত বেত্তা বৃষপর্ব্বামুনি পাণ্ডবগণকে পুত্রের ন্যায় উপদেশ দিলেন ॥২৬॥

তদনন্তর মহাত্মা পাণ্ডবগণ বৃষপর্ব্বার অনুমতিক্রমে উত্তর দিকে প্রস্থান করিলেন; তখন মহামতি বৃষপর্ব্বাও কিছু দূর তাঁহাদের অনুগমন করিলেন ॥২৭॥

তাহার পর মহাতেজা বৃষপর্ব্বামুনি (পাণ্ডবগণেরই সহচর) ব্রাহ্মণগণের

(২৫)...ন্যদধুঃ পাণ্ডবা রাজন্।—বা ব কা নি।

নানামৃগগণৈর্জুষ্টং কৌন্তেয়ঃ সত্যবিক্রমঃ।
পদাতির্ভ্রাতৃভিঃ সার্দ্ধং প্রাতিষ্ঠত যুধিষ্ঠিরঃ ॥২৯॥
নানাদ্রুমবিচিত্রেষু বসন্তঃ শৈলসানুষু।
পর্ব্বতং বিবিশুঃ শ্বেতং চতুর্থেঽহনি পাণ্ডবাঃ ॥৩০॥
মহাভ্রঘনসঙ্কাশং সলিলোপহিতং শুভম্।
মণিকাঞ্চনরূপ্যস্য শিলানাঞ্চ সমুচ্চয়ম্ ॥৩১॥ (যুগ্মকম্)
তে সমাসাদ্য পন্থানং যথোক্তং বৃষপর্ব্বণা।
অনুসব্রুর্যথোদ্দেশং পশ্যন্তো বিবিধান্ নগান্ ॥৩২॥
উপর্য্যুপরি শৈলস্য গুহাঃ পরমদুর্গমাঃ।
সুদুর্গমাংস্তেষু বহূন্ সুখেনৈবাভিচক্রমুঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

নানেতি। নানামৃগগণৈর্বহুবিধপশুভিঃ, জুষ্টং সেবিতম্। পদাতিঃ পাদচারী ॥২৯॥

নানেতি। শ্বেতং কৈলাসম্। মহান্তৌ যৌ অভ্রঘনৌ ধাতুবিশেষ-নির্জ্জলমেঘৌ তয়োঃ সঙ্কাশং তুল্যম্, সলিলোপহিতং জলযুক্তম্। সমুচ্চয়ং সমূহভূতম্ ॥৩০—৩১॥

ত ইতি। অনুসব্রুঃ অনুজগ্মুঃ, যথোদ্দেশং যথাস্থানম্, নগান্ বৃক্ষান্ ॥৩২॥

উপরীতি। সুদুর্গমান্ পথঃ, তেষু তদ্গুহাতীরদেশেষু। অভিচক্রমুঃ জগ্মুঃ ॥৩৩॥

---

নিকটে পাণ্ডবগণকে সমর্পণ করিয়া, পথের কথা বলিয়া দিয়া, আশীর্ব্বাদ দ্বারা অভিনন্দিত করিয়া এবং বিদায় দিয়া নিজে নিবৃত্তি পাইলেন ॥২৮॥

যথার্থপরাক্রমশালী কুন্তীনন্দন যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত পদব্রজেই প্রস্থান করিলেন, সে পথে নানাবিধ পশু বিচরণ করিতেছিল ॥২৯॥

পাণ্ডবগণ, নানাবিধ বৃক্ষে বিচিত্র পার্ব্বত্য সমতলভূমিতে বাস করিয়া করিয়া চতুর্থ দিনে কৈলাসপর্ব্বতে যাইয়া প্রবেশ করিলেন, সেই মঙ্গলময় কৈলাসপর্ব্বত—বিশাল অভ্র (ধাতুবিশেষ) ও জলশূন্য মেঘের ন্যায় বিরাজ করিতেছিল এবং তাহাতে জল, মণি, স্বর্ণ, রৌপ্য ও প্রস্তরসমূহ ছিল ॥৩০—৩১॥

পাণ্ডবেরা বৃষপর্ব্বমুনিকথিত পথ ধরিয়া যথাস্থানে নানাবিধ বৃক্ষ দর্শন করিতে থাকিয়া গমন করিতে লাগিলেন ॥৩২॥

পর্ব্বতের নিকটে নিকটে অতিদুর্গম গুহাসমূহ ছিল এবং সেগুলির তীর দিয়া আরও অতিদুর্গম বহুতর পথ ছিল; কিন্তু পাণ্ডবেরা অনায়াসেই সে সকল পথে গমন করিতে লাগিলেন ॥৩৩॥

---

(৩০) নানাদ্রুমনিরোধেষু—বা ব কা নি।

ধৌম্যঃ কৃষ্ণা চ পার্থাশ্চ লোমশশ্চ মহানৃষিঃ।
অগচ্ছন্ সহিতাস্তত্র ন কশ্চিদবহীয়তে ॥৩৪॥
তে মৃগদ্বিজসংঘুষ্টং নানাদ্রুমলতাযুতম্।
শাখামৃগগণৈশ্চৈব সেবিতং সুমনোহরম্ ॥৩৫॥
পুণ্যং পদ্মসরোযুক্তং সপল্বলমহাবনম্।
উপতস্থুর্মহাভাগা মাল্যবন্তং মহাগিরিম্ ॥৩৬॥ (যুগ্মকম্)
ততঃ কিম্পুরুষাবাসং সিদ্ধচারণসেবিতম্।
দদৃশুর্হৃষ্টরোমাণঃ পর্ব্বতং গন্ধমাদনম্ ॥৩৭॥
বিদ্যাধরানুচরিতং কিন্নরীভিস্তথৈব চ।
গজসংঘসমাবাসং সিংহব্যাঘ্রগণাযুতম্।
শরভোন্নাদসংঘুষ্টং নানামৃগনিষেবিতম্ ॥৩৮॥ (যুগ্মকম্)
তে গন্ধমাদনবনং তন্নন্দনবনোপমম্।
মুদিতাঃ পাণ্ডুতনয়া মনোহৃদয়নন্দনম্ ॥৩৯॥

ভারতকৌমুদী

ধৌম্য ইতি। কৃষ্ণা দ্রৌপদী, পার্থাঃ পাণ্ডবাঃ। অবহীয়তে সংঘচ্যুতোঽভবৎ ॥৩৪॥

ত ইতি। মৃগদ্বিজসংঘুষ্টং পশুপক্ষিশব্দিতম্। শাখামৃগগণৈর্ব্বানরসমূহৈঃ। পল্বলৈঃ ক্ষুদ্র-সরোভির্মহাবনৈশ্চ সহেতি তম্। মাল্যবন্তং নাম ॥৩৫—৩৬॥

যুগ্মকেন গন্ধমাদনদর্শনমাহ—তত ইতি। হৃষ্টরোমাণ আশ্চর্য্যদর্শনেন রোমাঞ্চিতদেহাঃ। তথৈব অনুচরিতমিত্যর্থঃ। শরভাণাং ভীষণহিংস্রজন্তুবিশেষাণাম্ উন্না...ন উচ্চগর্জ্জনেন সংঘুষ্টং শব্দিতম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭—৩৮॥

---

ধৌম্য, দ্রৌপদী, পাণ্ডবগণ ও মহর্ষি লোমশ—ইহারা মিলিত হইয়া সে পথে গমন করিতে লাগিলেন; কিন্তু কেহই সংঘচ্যুত হইলেন না ॥৩৪॥

ক্রমে সেই মহাত্মারা 'মাল্যবান্'-নামক মহাপর্ব্বতে যাইয়া উপস্থিত হইলেন; সেই পর্ব্বতে পশু-পক্ষী সকল রব করিতেছিল, নানাবিধ বৃক্ষ ও লতা ছিল, বানরগণ বিচরণ করিতেছিল এবং পদ্মময় পবিত্র সরোবর, ক্ষুদ্র জলাশয় ও বিশাল বন ছিল ॥৩৫—৩৬॥

সেই মাল্যবান্ পর্ব্বত হইতেই পাণ্ডবেরা গন্ধমাদনপর্ব্বত দর্শন করিলেন এবং তাহার আশ্চর্য্যদর্শনে তাঁহাদের শরীর রোমাঞ্চিত হইল। কারণ, সে পর্ব্বতে কিন্নর, কিন্নরী, সিদ্ধ ও চারণগণ বাস করে, বিদ্যাধরগণ বিচরণ করে এবং সিংহ, ব্যাঘ্র, হস্তী ও নানাবিধ মৃগ অবস্থান করে, আর শরভের (ভীষণ অষ্টপদ-হিংস্রজন্তু-বিশেষের) গর্জ্জন হইয়া থাকে ॥৩৭—৩৮॥

বিবিশুঃ ক্রমশো বীরাঃ শরণ্যং শুভকাননম্ ।
দ্রৌপদীসহিতা বীরাস্তৈশ্চ বিপ্রৈর্মহাত্মভিঃ ॥৪০॥
শৃণ্বন্তঃ প্রীতিজননান্ বল্গূন্ মদকলান্ শুভান্ ।
শ্রোত্ররম্যান্ সুমধুরান্ শব্দান্ খগমুখেরিতান্ ॥৪১॥
সর্ব্বর্ত্তুফলভারাঢ্যান্ সর্ব্বর্ত্তুকুসুমোজ্জ্বলান্ ।
পশ্যন্তঃ পাদপাংশ্চাপি ফলভারাবনামিতান্ ॥৪২॥
আম্রানাম্রাতকান্ ভব্যান্ নারিকেলান্ সতিন্দুকান্ ।
মুঞ্জাতকাংস্তথা জীবান্ দাড়িমান্ বীজপূরকান্ ॥৪৩॥
পনসাল্লকুচান্ মোচান্ খর্জ্জূরানম্লবেতসান্ ।
পারাবতাংস্তথা ক্ষৌদ্রান্ নীপাংশ্চাপি মনোরমান্ ॥৪৪॥
বিল্বান্ কপিত্থান্ জম্বূংশ্চ কাশ্মরীর্বদরীস্তথা ।
প্লক্ষানুডুম্বরবটানশ্বত্থান্ ক্ষীরিকাংস্তথা ॥৪৫॥
ভল্লাতকানামলকীর্হরীতকবিভীতকান্ ।
ইঙ্গুদান্ করমর্দ্দাংশ্চ তিন্দুকাংশ্চ মহাফলান্ ॥৪৬॥

ভারতকৌমুদী

চতুর্দ্দশভিঃ কুলকেন গন্ধমাদনবনপ্রবেশমাহ—ত ইতি। মনোহৃদয়য়োর্নন্দনম্ আনন্দজনকম্। মনোহৃদয়য়োর্বৃত্তিভেদাদ্ভেদো বেদান্তসারাদৌ দ্রষ্টব্যঃ। শুভং কাননং ক্ষুদ্রবনং যত্র তৎ। বল্গূন্ সুন্দরান্। অপিশব্দাল্লতাশ্চ। ভব্যান্ পথিকাদীনাং মঙ্গলকরানিতি নারিকেলবিশেষণম্। মোচান্ কদলীবৃক্ষান্। কাশ্মরীর্গম্ভারীবৃক্ষান্। প্লক্ষান্ পর্কটীবৃক্ষান্। ফলভেদাত্তিন্দুকভেদ ইতি ন পৌনরুক্ত্যম্। অতএব মহাফলানিতি বিশেষণম্।

ক্রমে সেই মহাবীর পাণ্ডবগণ—দ্রৌপদী ও সেই মহাত্মা ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া আনন্দিতচিত্তে গন্ধমাদনপর্ব্বতের বনের ভিতরে যাইয়া প্রবেশ করিলেন; সে বনটী নন্দনবনের ন্যায় মন ও চিত্তের আনন্দজনক এবং বাসের যোগ্য ছিল, আর তাহার ভিতরে ক্ষুদ্র ক্ষুদ্র ও সুন্দর সুন্দর বিভিন্ন বন ছিল। প্রবেশ করিবার সময়ে তাঁহারা আনন্দজনক, সুন্দর, অস্পষ্ট, শুভসূচক, কর্ণহারী ও সুমধুর পক্ষিরব শুনিতেছিলেন এবং সকল ঋতুর ফলসমূহসম্পন্ন, সকল ঋতুর কুসুমশোভিত এবং ফলভারে অবনত নানাবিধ বৃক্ষ ও লতা দর্শন করিতেছিলেন। সেই সকল বৃক্ষের নাম—আম, আমড়া, উত্তম নারিকেল, গাব, মুঞ্জাতক, জীবক, দাড়িম, বীজপূরক, কাঁঠাল, ডহুয়া, কদলী, খর্জ্জূর, অম্লবেতস (অম্লকুচাই), পারাবত, চম্পক, সুন্দর সুন্দর কদম্ব, বিল্ব, কপিত্থ,

(৪৩) আম্রানাম্রাতকান্ কুম্ভান্—নি। (৪৪) পনসাল্লকুচান্ মোচাঃ—নি।

এতানন্যাংশ্চ বিবিধান্ গন্ধমাদনসানুষু।
ফলৈরমৃতকল্পৈস্তানাচিতান্ স্বাদুভিস্তরূন্ ॥৪৭॥
তথৈব চম্পকাশোকান্ কেতকান্ বকুলাংস্তথা।
পুন্নাগান্ সপ্তপর্ণাংশ্চ কর্ণিকারান্ সকেতকান্ ॥৪৮॥
পাটলাঃ কুটজান্ রম্যান্ মন্দরেন্দীবরাংস্তথা।
পারিজাতান্ কোবিদারান্ দেবদারুদ্রুমাংস্তথা ॥৪৯॥
শালাংস্তালাংস্তমালাংশ্চ পিপ্পলানিঙ্গুদাংস্তদা।
শাল্মলীঃ কিংশুকাশোকান্ শিংশপাঃ সরলাংস্তথা ॥৫০॥
চকোরৈঃ শতপত্রৈশ্চ ভৃঙ্গরাজৈস্তথা শুকৈঃ।
কোকিলৈঃ কলবিঙ্কৈশ্চ হারীতৈর্জীবজীবকৈঃ ॥৫১॥
প্রিয়কৈশ্চাতকৈশ্চৈব তথান্যৈর্বিবিধৈঃ খগৈঃ।
শ্রোত্ররম্যং সুমধুরং কূজদ্ভিশ্চাপ্যধিষ্ঠিতান্ ॥৫২॥ (কুলকম্)
সরাংসি চ মনোজ্ঞানি সমন্তাজ্জলচারিভিঃ।
কুমুদৈঃ পুণ্ডরীকৈশ্চ তথা কোকনদোৎপলৈঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

আচিতান্ ব্যাপ্তান্। পুষ্পাদিভেদাৎ কেতকস্যাপি দ্বৈবিধ্যমতঃ সকেতকানিতি পুনরুক্তম্। মন্দরা মন্দারাঃ। শ্বেতরক্তভেদেনাশোকভেদঃ। ইঙ্গুদানামপি তথৈব ভেদঃ। শতপত্রৈর্দার্বাঘাটৈঃ। অধিষ্ঠিতান্ পূর্ব্বোক্তান্ পাদপান্ পশ্যন্তো বিবিশুরিতি সম্বন্ধঃ ॥৩৯—৫২॥

পঞ্চভিঃ কুলকেন সরসাং দর্শনমাহ—সরাংসীতি। সরাংসি চ অপশ্যন্নিতি ব্যবহিতক্রিয়য়া

জম্বু, গম্ভারী, বদরী, পাকুড়, উড়ুম্বর, বট, অশ্বত্থ, ক্ষীরিক, ভল্লাতক, আমলকী, হরীতকী, বিভীতক, ইঙ্গুদী, করমর্দ্দ এবং বৃহৎ বৃহৎ ফলযুক্ত গাব, তাঁহারা গন্ধমাদনপর্ব্বতের সমতল ভূমিতে এই সকল বৃক্ষ এবং অমৃতের ন্যায় সুস্বাদু ফলযুক্ত অন্যান্য নানাবিধ বৃক্ষ দর্শন করিতে লাগিলেন। আরও দেখিলেন—চম্পক, অশোক, কেতক, বকুল, পুন্নাগ, সপ্তপর্ণ, কর্ণিকার, অন্যবিধ কেতক, পাটলা, কুটজ, মনোহর মন্দার ও ইন্দীবর, পারিজাত, কোবিদার, দেবদারু, শাল, তাল, তমাল, পিপ্পল, ইঙ্গুদী, শাল্মলী, কিংশুক, অশোক, শিংশপা ও সরলবৃক্ষ রহিয়াছে এবং সেই সকল বৃক্ষের উপরে চকোর, কুড়লিয়া, ভৃঙ্গরাজ, শুক, কোকিল, কলবিঙ্ক, হারীত, জীবজীবক, প্রিয়ক ও চাতকপক্ষী এবং অন্যান্য নানাবিধ পক্ষী কর্ণহারী সুমধুর রব করিতে থাকিয়া, অবস্থান করিতেছে ॥৩৯—৫২॥

তৎপরে নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা গন্ধমাদনপর্ব্বতের সমতল ভূমিতে আরও

কহ্লারৈঃ কমলৈশ্চৈব আচিতানি সমন্ততঃ।
কাদম্বৈশ্চক্রবাকৈশ্চ কুররৈর্জলকুক্কুটৈঃ ॥৫৪॥
কারণ্ডবৈঃ প্লবৈর্হংসৈর্বকৈর্মদ্গুভিরেব চ।
এতৈশ্চান্যৈশ্চ কীর্ণানি সমন্তাজ্জলচারিভিঃ ॥৫৫॥
হৃষ্টৈস্তথা তামরস-রসাসবমদালসৈঃ।
পদ্মোদরচ্যুতরজঃকিঞ্জল্কারুণরঞ্জিতৈঃ ॥৫৬॥
মঞ্জুস্বরৈর্মধুকরৈর্বিরুতান্ কমলাকরান্।
অপশ্যংস্তে নরব্যাঘ্রা গন্ধমাদনসানুষু।
তথৈব পদ্মষণ্ডৈশ্চ মণ্ডিতাংশ্চ সমন্ততঃ ॥৫৭॥ (কুলকম্)
শিখণ্ডিনীভিঃ সহিতাল্লঁতামণ্ডপকেষু চ।
মেঘতূর্য্যরবোদ্দামমদনাকুলিতান্ ভৃশম্ ॥৫৮॥
কৃত্বৈব কেকামধুরং সঙ্গীতং মধুরস্বরম্।
চিত্রান্ কলাপান্ বিস্তীর্য্য সবিলাসান্ মদালসান্ ॥৫৯॥

ভারতকৌমুদী

সমস্ব:। পুণ্ডরীকৈঃ শ্বেতপদ্মৈঃ। কোকনদানি রক্তোৎপলানি। কহ্লারৈঃ সৌগন্ধিকপদ্মৈঃ। আচিতানি ব্যাপ্তানি। কীর্ণানি ব্যাপ্তানি। তামরসানাং পদ্মানাং রসা এব আসবা মদ্যানি তৎপানানীত্যর্থঃ তৈর্যো মদস্তেন অলসৈর্নিষ্ক্রিয়ৈঃ। পদ্মোদরেভ্যশ্চ্যুতানি যানি রজাংসি পরাগাঃ কিঞ্জল্কাঃ কেশরাশ্চ তৈঃ অরুণং যথা স্যাত্তথা রঞ্জিতৈঃ। মঞ্জুস্বরৈঃ সুন্দরস্বরৈঃ। কমলাকরান্ জলাশয়বিশেষান্। নরব্যাঘ্রাঃ পাণ্ডবাঃ। পদ্মানাং ষণ্ডৈঃ সমূহৈঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৩—৫৭॥

ত্রিভির্বিশেষকেণ ময়ূরদর্শনমাহ—শিখেতি। শিখণ্ডিনীভির্ময়ূরীভিঃ। মেঘঃ তূর্য্যং

ভারতভাবদীপঃ

উপসৃত্য নিবেশ্য, অনুসংসার্য্য অনুগম্য ॥২৮—৪৪॥ কাশ্মরী গম্ভারী, ক্ষীরিকা রাজাদনা ॥৪৫—৫৫॥ তামরসানাং রক্তোৎপলানাম্, রস এব আসবো মদ্যং তজ্জেন মদেন

দেখিলেন—বহুতর মনোজ্ঞ সরোবর এবং সকল দিকেই পদ্মসমূহশোভিত সাধারণ জলাশয় রহিয়াছে; সেগুলির সর্ব্বত্রই জলের উপরে শ্বেতোৎপল, রক্তোৎপল, শ্বেতপদ্ম, সুরভি পদ্ম ও সাধারণ পদ্ম শোভা পাইতেছে; সেগুলির উপর দিয়া সকল দিকেই কলহংস, চক্রবাক, কুরল, পানকৌড়ি, কারণ্ডব, পিবল, হাঁস, বক ও মদ্গুপক্ষী এবং অন্যান্য জলচারী পক্ষী বিচরণ করিতেছে এবং মধুরস্বর ভ্রমরগণ পদ্মের মধুরূপ মদ্যপানে অলস হইয়া এবং পদ্মের পরাগ ও কেশরে রঞ্জিত থাকিয়া রব করিতেছে ॥৫৩—৫৭॥

আরও দেখিলেন—বনলোলুপ ময়ূরগণ তূর্য্য-(বাদ্য) ধ্বনির তুল্য মেঘের

ময়ূরান্ দদৃশুর্হৃষ্টান্ নৃত্যতো বনলালসান্।
কাংশ্চিৎ প্রিয়াভিঃ সহিতান্ রমমাণান্ কলাপিনঃ ॥৬০॥ (বিশেষকম্)

বল্লীলতাসঙ্কটেষু কুটজেষু স্থিতাংস্তথা।
কাংশ্চিচ্চ কুটজানান্তু বিটপেষূৎকটানিব ॥৬১॥
কলাপরুচিরাটোপনিচিতান্ মুকুটানিব।
বিবরেষু তরূণাঞ্চ রুচিরং দদৃশুশ্চ তে ॥৬২॥ (যুগ্মকম্)
সিন্ধুবারাংস্তথোদারান্ মন্মথস্যেব তোমরান্।
সুবর্ণবর্ণকুসুমান্ গিরীণাং শিখরেষু চ ॥৬৩॥
কর্ণিকারান্ বিকসিতান্ কর্ণপূরানিবোত্তমান্।
তথাঽপশ্যন্ কুরুবকান বনরাজিষু পুষ্পিতান্ ॥৬৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বাদ্যবিশেষ ইব তস্য রবেণ উদ্দাম উৎকটো যো মদনস্তেন আকুলিতান্ বিহ্বলীকৃতান্। "কেকা বাণী ময়ূরস্য" ইত্যমরঃ। কলাপান পুচ্ছানি। কলাপিনো ময়ূরান্ ॥৫৮—৬০॥

দ্বাভ্যাং যুগ্মকেনাপরবিধময়ূরদর্শনমাহ - বল্লীতি। বল্লীভিব্রততিভিঃ লতাভিঃ শাখাভিশ্চ সঙ্কটেষু সঙ্কীর্ণেষু কুঞ্জবদ্বিহিতেষু স্থানেষিত্যর্থঃ "লতা প্রতেত রুমে" ইত্যমরঃ। কুটজেষু বৃক্ষেষু, স্থিতান্ ময়ূরান্। বিটপেষু উপরিস্থশাখাসু, উৎকটানিব নৃত্যোম্মণানিব, কলাপেন প্রসারিতপুচ্ছেন রুচিরাটোপং সুন্দরাড়ম্বরং যথা স্যাত্তথা নিচিতান্ উপরি ব্যাপ্তান্, অতএব মুকুটানিব স্থিতান্, অপরময়ূরান্। রুচিরং ময়ূরাম্বরম্ ॥৬১—৬২॥

দ্বাভ্যাং যুগ্মকেন কুসুমদর্শনমাহ -সিন্ধীতি। সিন্ধুবারান্ বৃক্ষবিশেষান্। তোমরান্

ভারতভাবদীপঃ

অলসাঃ ॥৫৬॥ বিরুতান বিশিষ্টশব্দযুতান ॥৫৭—৬০॥ কুটজেষু বৃক্ষবিশেষেষু বল্লীনাং লতাপ্রতানানি তৈঃ, সঙ্কটেষু কুঞ্জীকৃতেষু ॥৬১—৬২॥ সিন্ধুবারান্ পদ্মবিশেষান্ ॥৬৩—৬৪॥

ধ্বনি শুনিয়া প্রবল কামবেগে অত্যন্ত আকুল হইয়া, মধুর কণ্ঠে 'কেকা' রূপ মধুর সঙ্গীত গাহিয়া এবং মত্ততানিবন্ধন অলস, বিলাসযুক্ত ও বিচিত্র পুচ্ছ সকল প্রসারিত করিয়া, ময়ূরীগণের সহিত মিলিত হইয়া, লতামণ্ডপের ভিতরে হৃষ্টচিত্তে নৃত্য করিতেছে, আর কতকগুলি ময়ুব প্রিয়তমাদের সহিত রমণ করিতেছে ॥৫৮—৬০॥

তৎপরে আবার দেখিলেন—কতকগুলি ময়ূর কুটজবৃক্ষের লতা ও শাখার কুঞ্জের ভিতরে রহিয়াছে, কতকগুলি ময়ূর কামোন্মত্ত হইয়া কুটজবৃক্ষের শাখায় অবস্থান করিতেছে, কতকগুলি ময়ুব আড়ম্বরের সহিত সুন্দরভাবে পুচ্ছদেশ বিস্তৃত করায় কুটজবৃক্ষগুলির মুকুটের ন্যায় শোভা পাইতেছে এবং কোন কোন ময়ূর বৃক্ষবিবরে রহিয়াছে ॥৬১—৬২॥

কামবশ্যৌৎসুক্যকরান্ কামস্যেব শরোৎকরান্ ।
তথৈব বনরাজীনামুদারান্ রচিতানিব ॥৬৫॥
বিরাজমানাংস্তেঽপশ্যংস্তিলকাংস্তিলকানিব ।
তথানঙ্গশরাকারান্ সহকারান্ মনোরমান্ ॥৬৬॥ (যুগ্মকম্)
অপশ্যন্ ভ্রমরান্ রাজন্ ! মঞ্জরীভিবিরাজিতান্ ।
হিরণ্যসদৃশৈঃ পুষ্পৈর্দাবাগ্নিসদৃশৈরপি ॥৬৭॥
লোহিতৈরঞ্জনাভৈশ্চ বৈদূর্য্যসদৃশৈরপি ।
অতীব বৃক্ষা রাজন্তে পুষ্পিতাঃ শৈলসানুষু ॥৬৮॥ (যুগ্মকম্)
তথা শালাংস্তমালাংশ্চ পাটলান্ বকুলানপি ।
মালা ইব সমাসক্তাঃ শৈলানাং শিখরেষু চ ॥৬৯॥

ভারতকৌমুদী

অভ্রভেদান্। সুবর্ণবর্ণানি কুসুমানি যেষাং তান্। কর্ণপূরান্ গিরীণামেব কর্ণালঙ্কারান্। অপশ্যন্, তে পাণ্ডবা ইতি শেষঃ। কুরুবকান্ পুষ্পবিশেষান্ ॥৬৩-৬৪॥

দ্বাভ্যাং যুগ্মকেন তিলকপুষ্পাম্রপুষ্পদর্শনমাহ—কামেতি। কামবশ্যানাং জনানামৌৎসুক্যকরান্। শরোৎকরান্ বাণসমূহান্। বিধাত্রা রচিতান, স্ত্রীণামিব বনরাজীনাম্ উদারান্ মহতঃ, তিলকান্ বিশেষকানিব বিরাজমানান্, তিলকান্ তিলকবৃক্ষপুষ্পাণি, তথা অনঙ্গশরাকারান্ মনোরমান্ সহকারান্ আম্রপুষ্পাণি, তে পাণ্ডবা অপশ্যন্ ॥৬৫—৬৬॥

পুনর্দ্বাভ্যাং যুগ্মকেন ভ্রমরান্ বৃক্ষাংশ্চ বর্ণয়তি—অপশ্যন্নিতি। হিরণ্যসদৃশৈঃ স্বর্ণবর্ণৈঃ। অঞ্জনাভৈঃ কজ্জলবর্ণৈঃ, বৈদূর্য্যসদৃশৈঃ বৈদূর্য্যমণিবৎ শ্যামবর্ণৈঃ ॥৬৭—৬৮॥

অন্য দিকে দেখিলেন—পর্ব্বতের শৃঙ্গে কামদেবের বড় বড় তোমরের (অস্ত্রবিশেষের) ন্যায় স্বর্ণবর্ণপুষ্পশোভিত সিন্ধুবারবৃক্ষ (নিসিন্দা গাছ) রহিয়াছে এবং বনশ্রেণীর ভিতরে পর্ব্বতেরই উত্তম উত্তম কর্ণভূষণের ন্যায় বিকসিত স্থলপদ্ম ও ও প্রস্ফুটিত কুরুবকপুষ্প শোভা পাইতেছে ॥৬৩—৬৪॥

তাহার পর তাঁহারা দর্শন করিলেন—কামী লোকদিগের কামোৎকণ্ঠাজনক ও কামবাণসমূহের ন্যায় এবং বিধাতৃনির্ম্মিত বনশ্রেণীর ললাটতিলকের ন্যায় বিশাল তিলকপুষ্পসমূহ ও কামবাণের তুল্য মনোহর আম্রপুষ্পসমূহ শোভা পাইতেছে ॥৬৫—৬৬॥

রাজা! তাঁহারা আরও দেখিলেন—ভ্রমরগণ পুষ্পমঞ্জরীর রেণুতে রঞ্জিত হইয়া বিচরণ করিতেছে এবং পর্ব্বতের সমতল ভূমিতে স্বর্ণবর্ণ, অগ্নিবর্ণ, রক্তবর্ণ, কজ্জলবর্ণ ও বৈদূর্য্যমণিবর্ণ পুষ্পসমূহদ্বারা সুশোভিত বৃক্ষ সকল অত্যন্ত শোভা পাইতেছে ॥৬৭—৬৮॥

(৬৭) অপশ্যন্ ভ্রমরারাবান্—বা ব কা পি।

বিমলস্ফটিকাভানি পাণ্ডুরচ্ছদনৈর্দ্বিজৈঃ।
কলহংসৈরুপেতানি সারসাভিরুতানি চ ॥৭০॥
সরাংসি বহুশঃ পার্থাঃ পশ্যন্তঃ শৈলসানুষু।
পদ্মোৎপলবিচিত্রাণি সুখস্পর্শজলানি চ ॥৭১॥
এবং ক্রমেণ তে বীরা বীক্ষমাণাঃ সমন্ততঃ।
গন্ধবন্ত্যথ মাল্যানি রসবন্তি ফলানি চ ॥৭২॥
সরাংসি চ মনোজ্ঞানি বৃক্ষাংশ্চাতিমনোরমান্।
বিবিশুঃ পাণ্ডবাঃ সর্ব্বে বিস্ময়োৎফুল্ললোচনাঃ ॥৭৩॥
কমলোৎপলকহ্লার-পুণ্ডরীকসুগন্ধিনা।
সেব্যমানা বনে তস্মিন্ সুখস্পর্শেন বায়ুনা ॥৭৪॥ (কুলকম্)
ততো যুধিষ্ঠিরো ভীমমাহেদং প্রীতিমদ্বচঃ।
অহো শ্রীমদিদং ভীম! গন্ধমাদনকাননম্ ॥৭৫॥

ভারতকৌমুদী

পুনঃ ষড়্ভিঃ কুলকেন শালবৃক্ষাদিদর্শনপূর্ব্বকং প্রবেশমাহ—তথেতি। শৈলানাং শিখরেষু, সমাসক্তা মালা ইব শালাদীন্ পশ্যন্ত ইতি সম্বন্ধঃ। পাণ্ডুরচ্ছদনৈঃ শ্বেতবর্ণপক্ষৈঃ দ্বিজৈঃ পক্ষিভিঃ করণৈঃ, বিমলস্ফটিকাভানীত্যন্বয়ঃ। [illegible]। মাল্যানি পুষ্পাণি, "মাল্যং মালাপ্রসূনয়োঃ" ইতি বিশ্বঃ। উক্তরূপেণ বায়ুনা সেব্যমানাঃ সন্তঃ পাণ্ডবাস্তদ্বনং [illegible] বিবিশুরিত্যন্বয়ঃ ॥৬৯—৭৪॥
তত ইতি। আত্মবীতিমন্ম [illegible]। শ্রীমৎ কান্তিযুক্তম্ ॥৭৫॥

পর্ব্বতশৃঙ্গসংলগ্ন মালার ন্যায় শাল, তমাল, পাটল ও বকুলবৃক্ষ ছিল এবং শ্বেতপক্ষ পক্ষিগণ উপরে উড়িতে থাকায় নির্ম্মল স্ফটিকের ন্যায় শুভ্রবর্ণ, কলহংসযুক্ত, সারসপক্ষীর রবে মুখরিত, পদ্ম ও উৎপলসমূহ থাকায় বিচিত্র ও সুখস্পর্শ-জলসমন্বিত বহুতর সরোবর শোভা পাইতেছিল এবং সৌরভসমন্বিত পুষ্প, সুস্বাদু ফল, মনোহর জলাশয় ও সুন্দর সুন্দর বৃক্ষ বিরাজ করিতেছিল, সকল দিকে এই সমস্ত দেখিতে থাকিয়া বিস্ময়ে উৎফুল্লনয়ন হইয়া পাণ্ডবেরা সকলে বনের ভিতরে প্রবেশ করিলেন; তখন রক্তপদ্ম, শ্বেতপদ্ম, সাধারণ পদ্ম ও উৎপলের সৌরভবাহী সুখস্পর্শ বায়ু বহিত হইতে থাকিয়া তাঁহাদের সেবা করিতে লাগিল ॥৬৯—৭৪॥

তাহার পর যুধিষ্ঠির প্রীতিসহকারে ভীমের নিকট এই কথা বলিলেন—"ভীম! গন্ধমাদনপর্ব্বতের এই বনটী আশ্চর্য্য শোভাসম্পন্ন ॥৭৫॥

বনে হ্যস্মিন্ মনোরম্যে দিব্যাঃ কাননজা দ্রুমাঃ।
লতাশ্চ বিবিধাকারাঃ পত্রপুষ্পফলোপগাঃ।
ভান্ত্যেতে পুষ্পবিকচাঃ পুংস্কোকিলকুলাকুলাঃ ॥৭৬॥
নাত্র কণ্টকিনঃ কেচিন্ন চ বিদ্যন্ত্যপুষ্পিতাঃ।
স্নিগ্ধপত্রফলা বৃক্ষা গন্ধমাদনসানুষু ॥৭৭॥
ভ্রমরারাবমধুরা নলিনীঃ ফুল্লপঙ্কজাঃ।
বিলোড্যমানাঃ পশ্যেমাঃ করিভিঃ সকরেণুভিঃ ॥৭৮॥
পশ্যেমাং নলিনীঞ্চান্যাং কমলোৎপলমালিনীম্।
স্রগ্ধরাং বিগ্রহবতীং সাক্ষাচ্ছ্রিয়মিবাপরাম্ ॥৭৯॥
নানাকুসুমগন্ধাঢ্যাস্তস্যেমাঃ কাননোত্তমে।
উপগীযমানা ভ্রমরৈ র্ভান্তে বনরাজয়ঃ ॥৮০॥

ভারতকৌমুদী

বন ইতি। পত্রাণি পুষ্পাণি ফলানি চ উপগচ্ছন্তি লভন্ত ইতি তে। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৬॥
নেতি। বিদ্যন্তি বিদ্যন্তে। স্নিগ্ধানি পত্রাণি ফলানি চ যেষাং তে ॥৭৭॥
ভ্রমরেতি। ভ্রমরাণামারাবৈর্গুঞ্জনৈঃ মধুরা মনোহরাঃ, নলিনীঃ সরসীঃ ॥৭৮॥
পশ্যেতি। নলিনীং সরসীম্। স্রগ্ধরাং মালাধারিণীম্ বিগ্রহবতীং মূর্ত্তিমতীম্ ॥৭৯॥
নানেতি। তস্য গন্ধমাদনপর্ব্বতস্য। বনানাং রাজয়ঃ শ্রেণয়ঃ ॥৮০॥

ভাবভাবদীপঃ

কামবশ্যানাং নরাণামৌৎসুক্যকরান্ ॥৬৫—৬৯॥ স্ফটিকাভানি নির্ম্মলানি, সারসানামভিরুতঞ্চ যেষু তানি সরাংসীত্যন্তরেণান্বয়ঃ ॥৭০—৭৪॥ হে ভীম! ॥৭৫—৭৮॥ নলিনীং সরসীম্,

---

কারণ, এই মনোহর বনে নানাবিধ স্বর্গীয় বন্য বৃক্ষ ও লতা—পত্র, পুষ্প ও ফল ধারণ করিয়া শোভা পাইতেছে এবং এগুলির উপরে পুষ্প সকল প্রস্ফুটিত হইয়া রহিয়াছে, আর কোকিলগণ বিচরণ করিতেছে ॥৭৬॥

গন্ধমাদনপর্ব্বতের এই সমতল ভূমিতে কোন বৃক্ষই কণ্টকযুক্ত নহে, কিংবা পুষ্পবিহীন নহে; অথচ সকল বৃক্ষেরই পত্র ও ফল স্নিগ্ধ ॥৭৭॥

তা'র পর এই সরোবরগুলি দেখ, এগুলিতে পদ্ম সকল ফুটিয়া রহিয়াছে, ইহার উপর দিয়া ভ্রমরগণ মধুর রব করিয়া বেড়াইতেছে এবং হস্তিগণ হস্তিনীগণের সহিত মিলিত হইয়া এগুলিকে আলোড়ন করিতেছে ॥৭৮॥

এই আর একটী সরোবর দেখ—ইহাতে পদ্ম ও উৎপলের শ্রেণী রহিয়াছে; তাহাতে মাল্যধারিণী মূর্ত্তিমতী সাক্ষাৎ অপরা লক্ষ্মীর ন্যায় এটীকে দেখা যাইতেছে ॥৭৯॥

পশ্য ভীম! শুভান্ দেশান্ দেবাক্রীড়ান্ সমন্ততঃ।
অমানুষগতিং প্রাপ্তাঃ সংসিদ্ধাঃ স্মো বৃকোদর! ॥৮১॥
লতাভিঃ পুষ্পিতাগ্রাভিঃ পুষ্পিতাঃ পাদপোত্তমাঃ।
সংশ্লিষ্টাঃ পার্থ! শোভন্তে গন্ধমাদনসানুষু ॥৮২॥
শিখণ্ডিনীভিশ্চরতাং সহিতানাং শিখণ্ডিনাম্।
নদতাং শৃণু নির্ঘোষং ভীম! পর্ব্বতসানুষু ॥৮৩॥
চকোরাঃ শতপত্রাশ্চ মত্তকোকিলশারিকাঃ।
পত্রিণঃ পুষ্পিতানেতান্ সংপতন্তি মহাদ্রুমান্ ॥৮৪॥
রক্তপীতারুণাঃ পার্থ। পাদপাগ্রগতাঃ খগাঃ।
পরস্পরমুদীক্ষন্তে বহবো জীবজীবকাঃ ॥৮৫॥

ভারতকৌমুদী

পশ্যেতি। দেবানামাক্রীডান্ ক্রীডাস্পদীভূতান্। সংসিদ্ধাঃ সম্যক্ সিদ্ধবদ্ভূতাঃ ॥৮১॥
লতাভিরিতি। পুষ্পিতপদদ্বয়েন লতাপাদপয়োঃ সংশ্লিষ্টপুরুষত্বং ব্যজ্যতে ॥৮২॥
শিখেতি। শিখণ্ডিনীভির্ময়ূরীভিঃ। শিখণ্ডিনাং ময়ূরাণাম্ ॥৮৩॥
চকোরা ইতি। পত্রিণঃ পক্ষিণঃ, সম্পতন্তি গচ্ছন্তি ॥৮৪॥
রক্তেতি। হে পার্থ। ভীম।। জীবজীবকাস্তদাখ্যাঃ, খগাঃ পক্ষিণঃ ॥৮৫॥

গন্ধমাদনের বিশাল বনের মধ্যে এই অনেকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র বন রহিয়াছে; এগুলি হইতে নানাবিধ পুষ্পের সৌরভ ছুটিতেছে এবং এগুলির উপর দিয়া ভ্রমরগণ গান করিয়া বেড়াইতেছে ॥৮০॥

ভীম! সকল দিকেই দেবগণের মঙ্গলময় ক্রীড়াস্থানগুলি দেখ। বৃকোদর! আমরা মানুষের অগম্যস্থানে আসিয়া সিদ্ধ হইয়া গিয়াছি ॥৮১॥

পৃথানন্দন! গন্ধমাদনপর্ব্বতের সমতল ভূমিতে পুষ্পসমন্বিত উত্তম উত্তম বৃক্ষ শোভা পাইতেছে। তাহার প্রধান কারণ—পুষ্পিতাগ্র লতাসমূহ ঐগুলিকে আলিঙ্গন করিয়া রহিয়াছে ॥৮২॥

ভীম! ময়ূরগণ ময়ূরীগণের সহিত মিলিত হইয়া পর্ব্বতের সমতল ভূমিতে বিচরণ করিতেছে এবং রব করিতেছে; তুমি ঐ রব শ্রবণ কর ॥৮৩॥

চকোর, কুড়লিয়া, মত্ত কোকিল ও শারী—এই সকল পক্ষী পুষ্পসমন্বিত এই বিশাল বৃক্ষগুলির উপরে আসিয়া পড়িতেছে ॥৮৪॥

পৃথানন্দন! রক্তবর্ণ, পীতবর্ণ ও অরুণবর্ণ বহুতর জীবজীবক পক্ষী বৃক্ষের উপরে থাকিয়া পরস্পর অবলোকন করিতেছে ॥৮৫॥

(৮১)…সংসিদ্ধাঃ স্ম বৃকোদর!—বা ব কা নি।

হরিতারুণবর্ণানাং শাদ্বলানাং সমীপতঃ।
সারসাঃ প্রতিদৃশ্যন্তে শৈলপ্রস্রবণেষ্বপি ॥৮৬॥
বদন্তি মধুরা বাচঃ সর্ব্বভূতমনোরমাঃ।
ভৃঙ্গরাজোপচক্রাশ্চ লোহপৃষ্ঠাঃ পতত্রিণঃ ॥৮৭॥
চতুর্বিষাণাঃ পদ্মাভাঃ কুঞ্জরাঃ সকরেণবঃ।
এতে বৈদূর্য্যবর্ণাভং ক্ষোভয়ন্তি মহৎ সরঃ ॥৮৮॥
বহুতালসমুৎসেধাঃ শৈলশৃঙ্গপরিচ্যুতাঃ।
নানাপ্রস্রবণেভ্যশ্চ বারিধারাঃ পতন্তি চ ॥৮৯॥
ভাস্করাভাঃ প্রভাভিশ্চ শারদাভ্রঘনোপমাঃ।
শোভয়ন্তি মহাশৈলং নানারজতধাতবঃ ॥৯০॥
ক্বচিদঞ্জনবর্ণাভাঃ ক্বচিৎ কাঞ্চনসন্নিভাঃ।
ধাতবো হরিতালস্য ক্বচিদ্ধিঙ্গুলকস্য চ ॥৯১॥

ভাবতকৌমুদী

হরিতেতি। শাদ্বলানাং নবতৃণময়স্থানানাম্। শৈলস্য প্রস্রবণেষু জলপ্রপাতেষু ॥৮৬॥
বদন্তীতি। উপচক্রঃ পার্ব্বতপক্ষিবিশেষঃ, লোহপৃষ্ঠাঃ কঙ্কাঃ, পতত্রিণঃ পক্ষিণঃ ॥৮৭॥
চতুরিতি। চতুর্বিষাণাশ্চতুর্দন্তাঃ। সকরেণবো হস্তিনীসহিতাঃ ॥৮৮॥
বহ্বিতি। বহুতালসমুৎসেধা বহবস্তালাস্তালবৃক্ষা যাবদূর্দ্ধং তিষ্ঠন্তি তাবদুচ্চাঃ ॥৮৯॥
ভাস্করেতি। শারদাঃ শরৎকালীনা যে অভ্রঘনা আকাশমেঘাস্তদুপমাঃ ॥৯০॥
ত্রিভির্বিশেষকেণ গুহাঃ স্থানানি চ বর্ণয়তি ক্বচিদিতি। ক্বচিদঞ্জনবর্ণাভাঃ, ক্বচিচ্চ

হরিদ্বর্ণ ও অরুণবর্ণ নবতৃণময় স্থানের নিকটে এবং পর্ব্বতের জলপ্রপাতের নিকটে সারসপক্ষিগণকে দেখা যাইতেছে ॥৮৬॥

ভৃঙ্গরাজ, উপচক্র এবং কঙ্ক-(হাড়গিলা) পক্ষিগণ মধুর ও সমস্ত প্রাণীর চিত্তাকর্ষক রব করিতেছে ॥৮৭॥

চতুর্দ্দন্ত ও পদ্মবর্ণ এই হস্তীগুলি হস্তিনীদের সঙ্গে মিলিয়া—বৈদূর্য্যমণির ন্যায় শ্যামবর্ণ বিশাল সরোবরটাকে আলোড়িত করিতেছে ॥৮৮॥

পর্ব্বতশৃঙ্গস্থিত অত্যুচ্চ প্রস্রবণ হইতে জলধারা পতিত হইতেছে ॥৮৯॥

সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং শরৎকালের মেঘের ন্যায় শুভ্রবর্ণ নানাবিধ রৌপ্যধাতু মহাপর্ব্বতটাকে শোভিত করিতেছে ॥৯০॥

কোথাও কজ্জলবর্ণ ধাতু, কোথাও স্বর্ণবর্ণ ধাতু, কোথাও হরিতালের গুহা,

(৯০) ভাস্করাভপ্রভা ভীমাঃ—বা ব কা নি।

মনঃশিলাগুহাশ্চৈব সন্ধ্যাভ্রনিকরোপমাঃ।
শশলোহিতবর্ণাভাঃ ক্বচিদ্‌গৈরিকধাতবঃ ॥৯২॥
সিতাসিতাভ্রপ্রতিমা বালসূর্য্যসমপ্রভাঃ।
এতে বহুবিধাঃ শৈলং শোভয়ন্তি মহাপ্রভাঃ ॥৯৩॥ (বিশেষকম্)
গন্ধর্ব্বাঃ সহ কান্তাভির্যথোক্তং বৃষপর্ব্বণা।
দৃশ্যন্তে শৈলশৃঙ্গেষু পার্থ! কিম্পুরুষৈঃ সহ ॥৯৪॥
গীতানাং সমতালানাং তথা সাম্নাঞ্চ নিস্বনঃ।
শ্রূয়তে বহুধা ভীম! সর্ব্বভূতমনোহরঃ ॥৯৫॥

ভারতকৌমুদী

কাঞ্চনসন্নিভা ধাতবঃ, ক্বচিৎ হরিতালস্য, ক্বচিচ্চ হিঙ্গুলকস্য গুহা ইত্যপকর্ষঃ, ক্বচিন্মনঃশিলাগুহাঃ, ক্বচিৎ সন্ধ্যায়াং যোঽভ্রনিকরো মেঘসমূহস্তদুপমা গুহাঃ, ক্বচিৎ শশবৎ তদাখ্যমৃগবৎ লোহিতবর্ণাভা গুহাঃ; ক্বচিচ্চ গৈরিকা ধাতবো যাসু তা গুহাঃ, ক্বচিৎ সিতাসিতাভ্রপ্রতিমাঃ শুভ্রকৃষ্ণমেঘবর্ণাঃ, ক্বচিদ্বালসূর্য্যসমপ্রভাশ্চ, এতে বহুবিধা মহাপ্রভ, দেশ ইতি শেষঃ, শৈলং শোভয়ন্তি ॥৯১—৯৩॥

গন্ধর্ব্বা ইতি। বৃষপর্ব্বণা যথোক্তেন প্রাগুক্তেন বৃষপর্ব্বণা ॥৯৪॥

গীতানামিতি। সমতালানাং করতালানাং মেঘানাং তেষাং সাম্নাং গীতানাম্ ॥৯৫॥

ভারতভাবদীপঃ

কমলোৎপলযোরবান্তরজাতিভেদঃ বিগ্রহবতীং শরীরবতীম্ ॥৭৯॥ তস্য শৈলস্য ॥৮০—৮৬॥ ভৃঙ্গরাজাদয়ঃ পক্ষিবিশেষাঃ ॥৮৭॥ চতুর্বিষাণাশ্চতুর্দন্তাঃ, পদ্মাভাঃ শ্বেতাঃ ॥৮৮—৯৩॥ যথোক্তং বৃষপর্ব্বণা নিমিত্তভূতেন উক্তং যয়াস্মরেণ। এতাদৃশি সভাপর্ব্বণি যেন বৃষপর্ব্বকথা যুধিষ্ঠিরং প্রতি সভাকরণপ্রসঙ্গাদুক্তেত্যুক্তম্। "স পূর্ব্বদেবচরিতং তদা তত্র বিশাম্পতে।। কথয়ামাস দৈতেয়ঃ পাণ্ডুপুত্রেষু ভারত!॥" ইতি সময়ঃ। পূর্ব্বদেবোঽসুরঃ বৃষপর্ব্বা ॥৯৪—১০১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩১॥

কোথাও হিঙ্গুলের গুহা, কোথাও মনঃশিলার গুহা কোথাও সান্ধ্যমেঘের ন্যায় অরুণবর্ণ গুহা, কোথাও শশের ন্যায় রক্তবর্ণ গুহা এবং কোথাও গৈরিকগুহা, আর কোথাও শুভ্রমেঘের ন্যায় স্থান, কোথাও কৃষ্ণমেঘের ন্যায় স্থান এবং কোথাও নবীন সূর্য্যের ন্যায় স্থান—এইরূপ নানাবিধ মহাপ্রভাসম্পন্ন স্থানগুলি পর্ব্বতটাকে শোভিত করিতেছে ॥৯১—৯৩॥

পৃথানন্দন! রাজর্ষি বৃষপর্ব্বা যেমন বলিয়াছিলেন, তেমনই কিন্নরগণ ও গন্ধর্ব্বীগণের সহিত গন্ধর্ব্বগণকে এই সকল পর্ব্বতশৃঙ্গে দেখা যাইতেছে ॥৯৪॥

(৯৫) গীতানাং করতালানাং গীতসাম্নাঞ্চ নিস্বনাঃ। শ্রূয়ন্তে বহুধা ভীম! সর্ব্বভূতমনোহরাঃ॥—পি।

মহাগঙ্গামুদীক্ষস্ব পুণ্যাং দেবনদীং শুভাম্।
কলহংসগণৈর্জুষ্টামৃষিকিন্নরসেবিতাম্ ॥৯৬॥
ধাতুভিশ্চ সরিদ্ভিশ্চ কিন্নরৈর্ম্মৃগপক্ষিভিঃ।
গন্ধর্ব্বৈরপ্সরোভিশ্চ কাননৈশ্চ মনোরমৈঃ ॥৯৭॥
ব্যালৈশ্চ বিবিধাকারৈঃ শতশীর্ষৈঃ সমন্ততঃ।
উপেতং পশ্য কৌন্তেয়! শৈলরাজমরিন্দম! ॥৯৮॥ (যুগ্মকম্)

বৈশম্পায়ন উবাচ।

তে প্রীতমনসঃ শূরা প্রাপ্তা গতিমনুত্তমাম্।
নাতৃপ্যন্ পর্ব্বতেন্দ্রস্য দর্শনেন পরন্তপাঃ ॥৯৯॥
দ্রৌপদ্যা সহিতা বীরাস্তৈশ্চ বিপ্রৈর্মহাত্মভিঃ।
উপেতমথ মাল্যৈশ্চ ফলবদ্ভিশ্চ পাদপৈঃ।
আর্ষ্টিষেণস্য রাজর্ষেরাশ্রমং দদৃশুস্তদা ॥১০০॥

ভারতকৌমুদী

মহেতি। উদীক্ষস্ব অবলোকয়। জুষ্টাং সেবিতাম্ ॥৯৬॥

ধাতুভিরিতি। ধাতুভির্গৈরিকাদিভিঃ। মৃগাঃ পশবঃ। ব্যালৈঃ সর্পৈঃ ॥৯৭—৯৮॥

ত ইতি। গম্যত ইতি গতিঃ স্থানং তাম্, অনুত্তমাম্ অত্যুত্তমাম্ ॥৯৯॥

দ্রৌপদ্যেতি। মাল্যৈর্নানাবিধপুষ্পৈঃ, "মাল্যং মালাপ্রসূনয়োঃ" ইতি বিশ্বঃ। আর্ষ্টিষেণস্য দৈববাণ্যা প্রাক্ প্রস্তুতস্য। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১০০॥

ভীম! সকল প্রাণীরই চিত্তাকর্ষক ও সমান তালযুক্ত সামগানের বহুবিধ ধ্বনি শুনা যাইতেছে ॥৯৫॥

ঋষি, কিন্নর ও কলহংস-সেবিত, পুণ্য এবং মঙ্গলময় দেবনদী মহাগঙ্গাকে দর্শন কর ॥৯৬॥

আর, শত্রুবিজয়ী কুন্তীনন্দন! এই পর্ব্বতরাজ গন্ধমাদনের প্রতি দৃষ্টিপাত কর; এই পর্ব্বতের সকল দিকে নানাবিধ ধাতু, বহুতর নদী, কিন্নর, পশু, পক্ষী, গন্ধর্ব্ব, অপ্সরা, অনেক মনোহর বন এবং শতমস্তক নানাপ্রকার সর্প রহিয়াছে" ॥৯৭—৯৮॥

মহাবীর ও শত্রুবিজয়ী পাণ্ডবেরা সর্ব্বোৎকৃষ্ট স্থানে যাইয়া প্রীতচিত্ত হইয়া গন্ধমাদনদর্শনে তৃপ্তিলাভ করিতে পারিলেন না ॥৯৯॥

তাহার পর মহাবীর পাণ্ডবগণ—দ্রৌপদী ও সেই মহাত্মা ব্রাহ্মণগণের

(১০০) প্রথমং পাদদ্বয়ং বা ব নি নাস্তি, দ্রৌপদীসহিতা বীরাঃ—কা।

ততস্তে তিগ্মতপসং কৃশং ধমনিসন্ততম্।
পারগং সর্ব্বধর্ম্মাণামার্ষ্টিষেণমুপাগমন্ ॥১০১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে গন্ধমাদনপ্রবেশে একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

## দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

যুধিষ্ঠিরস্তমাসাদ্য তপসা দগ্ধকিল্বিষম্।
অভ্যবাদয়ত প্রীতঃ শিরসা নাম কীর্ত্তয়ন্ ॥১॥
ততঃ কৃষ্ণা চ ভীমশ্চ যমৌ চাপি যশস্বিনৌ।
শিরোভিঃ প্রাপ্য রাজর্ষিং পরিবার্য্যোপতস্থিরে ॥২॥

ভারতকৌমুদী

তত ইতি। তে পাণ্ডবাদয়ঃ। ধমনিসন্তত কৃশত্বাদেব শিরাব্যাপ্তদেহম্ ॥১০১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে একত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

যুধীতি। তম্ আর্ষ্টিষেণম্। নাম আত্মনঃ সংজ্ঞাম্, কীর্ত্তয়ন্ পরিচয়ার্থং ব্রুবন্ ॥১॥

তত ইতি। যমৌ নকুলসহদেবৌ। প্রাপ্য সম্বধ্য নমস্কৃত্যেত্যর্থঃ, পরিবার্য্য পরিবেষ্ট্য ॥২॥

---

সহিত মিলিত হইয়া যাইয়া তখন নানাবিধ পুষ্প ও ফলবান্ বৃক্ষে পরিপূর্ণ রাজর্ষি আর্ষ্টিষেণের আশ্রম দর্শন করিলেন ॥১০০॥

তদনন্তর তাঁহারা উগ্রতপা, কৃশদেহ, শিরাব্যাপ্ত ও সর্ব্বধর্ম্মের পারগামী আর্ষ্টিষেণের নিকট উপস্থিত হইলেন ॥১০১॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—তপস্যার প্রভাবে যাঁহার পাপ বিনষ্ট হইয়াছিল, সেই আর্ষ্টিষেণমুনির নিকট উপস্থিত হইয়া, নিজের নাম কীর্ত্তন করিয়া প্রীতিসহকারে যুধিষ্ঠির মস্তকদ্বারা তাঁহাকে অভিবাদন করিলেন ॥১॥

তাহার পর দ্রৌপদী, ভীম এবং যশস্বী নকুল ও সহদেব মস্তকদ্বারা রাজর্ষি আর্ষ্টিষেণকে নমস্কার করিয়া তাঁহাকে পরিবেষ্টনপূর্ব্বক অবস্থান করিলেন ॥২॥

---

* '...অষ্টপঞ্চাশদধিক...'—বা ব কা পি, '...একোনষষ্ট্যধিক...'—নি। (২)...যমৌ চ হৃতপস্বিনৌ—বা ব কা নি।

তথৈব ধৌম্যো ধর্ম্মজ্ঞঃ পাণ্ডবানাং পুরোহিতঃ।
যথান্যায়মুপাক্রামত্তমৃষিং শংসিতব্রতম্ ॥৩॥
অন্বজানাৎ স ধর্ম্মজ্ঞো মুনির্দিব্যেন চক্ষুষা।
পাণ্ডোঃ পুত্রান্ কুরুশ্রেষ্ঠানাস্যতামিতি চাব্রবীৎ ॥৪॥
কুরূণামৃষভং পার্থং পূজয়িত্বা মহাতপাঃ।
সহ ভ্রাতৃভিরাসীনং পর্য্যপৃচ্ছদনাময়ম্ ॥৫॥
নানৃতে কুরুষে ভাবং কচ্চিদ্ধর্ম্মে প্রবর্ত্তসে।
মাতাপিত্রোশ্চ তে বৃত্তিঃ কচ্চিৎ পার্থ। ন সীদতি ॥৬॥
কচ্চিত্তে গুরবঃ সর্ব্বে বৃদ্ধা বৈদ্যাশ্চ পূজিতাঃ।
কচ্চিন্ন কুরুষে ভাবং পার্থ। পাপেষু কর্ম্মসু ॥৭॥

ভারতকৌমুদী

তথেতি। যথান্যায়ং বিনয়জ্ঞাপনমাত্রপুরঃসরমিত্যর্থঃ ব্রাহ্মণত্বাৎ, উপাক্রামদুপস্থিতঃ ॥৩॥
অন্বিতি। অন্বজানাৎ অবগতবান্। দিব্যেন চক্ষুষা ধ্যানেনেত্যর্থঃ। আস্যতামুপবিশ্যতাম্ ॥৪॥
কুরূণামিতি। পার্থং যুধিষ্ঠিরম্, পূজয়িত্বা আসনদানাদিনা সম্মান্য ॥৫॥
নেতি। অনৃতে মিথ্যাবচনব্যবহারয়োঃ, ভাবমভিপ্রায়ম্। "কচ্চিৎ কামপ্রবেদনে" ইত্যমরঃ, বেদিতুমিচ্ছামীত্যর্থঃ। এবমন্যত্র। বৃত্তির্ব্যবহারঃ, ন সীদতি ন হীয়তে ॥৬॥

ভারতভাবদীপঃ

যুধিষ্ঠির ইতি। নাম কীর্ত্তয়ন্ যুধিষ্ঠিরোঽহং ত্বামভিবাদয়ে ইতি বদন্ ॥১—৩॥ মুনিঃ আর্ষ্টিষেণঃ ॥৪—৫॥ বৃত্তির্যথাযোগ্যমাজ্ঞাপালনশ্রাদ্ধকরণাদিরূপা ॥৬॥ বৈদ্যাঃ বিদ্যয়া

পাণ্ডবগণের পুরোহিত ধর্ম্মজ্ঞ ধৌম্যও, দৃঢ়ব্রতশালী সেই ঋষির নিকট যথানিয়মে উপস্থিত হইলেন ॥৩॥

তখন ধর্ম্মজ্ঞ আর্ষ্টিষেণমুনি দিব্যজ্ঞানে কুরুশ্রেষ্ঠ পাণ্ডবগণকে জানিতে পারিলেন এবং বলিলেন—"তোমরা উপবেশন কর" ॥৪॥

তাহার পর মহাতপা আর্ষ্টিষেণমুনি, ভ্রাতৃগণের সহিত উপবিষ্ট কুরুশ্রেষ্ঠ যুধিষ্ঠিরকে সম্মানিত করিয়া তাঁহাদের আরোগ্যের বিষয় জিজ্ঞাসা করিলেন (এবং বলিলেন—) ॥৫॥

"পৃথানন্দন! তুমি মিথ্যাবাক্য বলিতে বা মিথ্যা ব্যবহার করিতে ইচ্ছা কর না ত? ধর্ম্মকার্য্যে তোমার প্রবৃত্তি আছে ত? এবং মাতা ও পিতাপ্রভৃতি গুরুজন-বর্গের প্রতি তোমার উপযুক্ত ব্যবহার বিনষ্ট হয় নাই ত? ॥৬॥

(৩)…যথান্যায়মুপাক্রান্তঃ—বা ব কা নি। (৫) কুরূণামৃষভং প্রাজ্ঞঃ—পি, …প্রাজ্ঞম্—নি।

সুকৃতং প্রতিকর্ত্তুঞ্চ কচ্চিদ্ধাতুঞ্চ দুষ্কৃতম্।
যথান্যায়ং কুরুশ্রেষ্ঠ! জানাসি ন বিকত্থসে ॥৮॥
যথার্হং মানিতাঃ কচ্চিত্ত্বয়া নন্দন্তি সাধবঃ।
বনেষ্বপি বসন্ কচ্চিদ্ধর্ম্মমেবানুবর্ত্তসে ॥৯॥
কচ্চিদ্ধৌম্যস্ত্বদাচারৈর্ন পার্থ! পরিতপ্যতে।
দানধর্ম্মতপঃশৌচৈরার্জ্জবেন তিতিক্ষয়া ॥১০॥
পিতৃপৈতামহং বৃত্তং কচ্চিৎ পার্থানুবর্ত্তসে।
কচ্চিদ্রাজর্ষিযাতেন পথা গচ্ছসি পাণ্ডব। ॥১১॥ (যুগ্মকম্)
স্বে স্বে কিল কুলে জাতে পুত্রে নপ্তরি বা পুনঃ।
পিতরঃ পিতৃলোকস্থাঃ শোচন্তি চ হসন্তি চ ॥১২॥
কিং ন্বস্য দুষ্কৃতেঽস্মাভিঃ সম্প্রাপ্তব্যং ভবিষ্যতি।
কিং বাঽস্য সুকৃতেঽস্মাভিঃ প্রাপ্তব্যমিতি শোভনম্ ॥১৩॥

### ভারতকৌমুদী

কচ্চিদিতি। তে ত্বয়া। বৈদ্যা বিদ্যাবন্তঃ, পূজিতা উপদেশলাভার্থং সম্মানিতাঃ ॥৭॥
সুকৃতমিতি। প্রতিকর্ত্তুং বীপ্সয়া বিধাতুম্, হাতুং ত্যক্তুম্। বিকত্থসে শ্লাঘসে ॥৮॥
যথেতি। যথার্হং যথাযোগ্যম্। নন্দন্তি আনন্দমনুভবন্তি ॥৯॥
কচ্চিদিতি। আচারৈর্ব্যবহারৈঃ। আর্জ্জবেন সারল্যেন। বৃত্তং ব্যবহারম্ ॥১০—১১॥
স্ব ইতি। নপ্তরি পৌত্রে। শোচন্তি আশঙ্কয়া, হসন্তি আনন্দেন ॥১২॥

পৃথানন্দন! তুমি—সমস্ত গুরুজন, বৃদ্ধ ও বিদ্বান্দিগের সম্মান করিয়া থাক ত? এবং পাপকার্য্য করিতে ইচ্ছা কর না ত? ॥৭॥

কুরুশ্রেষ্ঠ! তুমি যথানিয়মে বার বার ধর্ম্মকার্য্য করিতে এবং পাপকার্য্য পরিত্যাগ করিতে জান ত? এবং আত্মশ্লাঘা কর না ত? ॥৮॥

তুমি যথাযোগ্য সম্মান করায় সাধুলোকেরা আনন্দিত হন ত? এবং তুমি বনে বাস করিয়াও ধর্ম্মেরই অনুসরণ কর ত? ॥৯॥

পৃথানন্দন! তোমার ব্যবহারে ধৌম্যপুরোহিত পরিতপ্ত হন না ত? কুন্তীনন্দন! তুমি—দান, ধর্ম্ম, তপস্যা, শৌচ, সরলতা ও সহিষ্ণুতা দ্বারা পিতৃ-পিতামহের পদ্ধতির অনুসরণ কর, ত? এবং পাণ্ডুনন্দন! রাজর্ষিরা যে পথে চলিয়া গিয়াছেন, তুমি সেই পথে চলিতেছ ত? ॥১০—১১॥

আপন আপন বংশে পুত্র বা পৌত্র জন্মিলে, পিতৃলোকস্থিত পিতৃগণ শোকও করেন, হাস্যও করেন ॥১২॥

মাতা পিতা তথৈবাগ্নির্গুরুরাত্মা চ পঞ্চমঃ।
যস্যৈতে পূজিতাঃ পার্থ! তস্য লোকাবুভৌ জিতৌ ॥১৪॥

যুধিষ্ঠির উবাচ।

ভগবন্! বাচ্যমার্হৈতদ্‌যথাবদ্ধর্ম্মনিশ্চয়ম্।
যথাশক্তি যথান্যায়ং ক্রিয়তে বিধিবন্ময়া ॥১৫॥

আর্ষ্টিষেণ উবাচ।

অব্ভক্ষা বায়ুভক্ষাশ্চ প্লবমানা বিহায়সা।
জুষন্তে পর্ব্বতশ্রেষ্ঠমৃষয়ঃ পর্ব্বসন্ধিষু ॥১৬॥
কামিনঃ সহ কান্তাভিঃ পরস্পরমনুব্রতাঃ।
দৃশ্যন্তে শৈলশৃঙ্গস্থাস্তথা কিম্পুরুষা নৃপ! ॥১৭॥

ভারতকৌমুদী

নন্ম কথং শোচন্তি হসন্তি বেত্যাহ—কিমিতি। অস্য জাতস্য পুত্রস্য নপ্তুর্বা, দুষ্কৃতে পাপে সতি, সম্প্রাপ্তব্যং দুঃখমিতি শেষঃ। শোভনং সুখম্ ॥১৩॥

মাতেতি। পূজিতা যোগ্যোপচারেণ সেবিতাঃ। উভৌ ইহপরাখ্যৌ ॥১৪॥

ভগবন্নিতি। বাচ্যং ভবাদৃশেন বক্তব্যম্, আহ ভবান্ ব্রবীতি। ক্রিয়তে মদুক্তম্ ॥১৫॥

অবিতি। অব্ভক্ষা জলমাত্রপায়িনঃ। প্লবমানা তরন্তঃ, বিহায়সা আকাশমার্গেণ। জুষন্তে সেবন্তে। পর্ব্বসন্ধিষু প্রতিপৎপঞ্চদশ্যোঃ সন্ধিকালেষু ॥১৬॥

ভারতভাবদীপঃ

বিদিতাঃ ॥৭॥ সুষ্টু কৃতমস্য তমুপকারিণং দুষ্কৃতমপকারিণং হাতুং ত্যক্তুং ন বিকত্থসে জাতাস্মীতি ন শ্লাঘসে ॥৮—১৪॥ যথাবৎ মাহ যথা মামাহ ॥১৫॥ পর্ব্বসন্ধিষু প্রতিপৎ-

---

কারণ, (তাঁহারা ভাবেন—) উহার পাপে আমাদের কি দুঃখভোগ করিতে হইবে? না—উহার পুণ্যে আমাদের সুখভোগ করিতে হইবে? ॥১৩॥

কুন্তীনন্দন! মাতা, পিতা, অগ্নি, গুরু ও আত্মা—এই পাঁচটীর যিনি সেবা করেন, তাঁহার পক্ষে ইহলোক ও পরলোক—এই উভয় লোকই জয় করা হয়" ॥১৪॥

যুধিষ্ঠির বলিলেন—"ভগবন্! আপনি আপনাদের ন্যায় লোকের বক্তব্য এই ধর্ম্মনিরূপণ যথাযথভাবেই বলিলেন; আমিও শক্তি এবং ন্যায় অনুসারে যথাবিধানে ইহা করিয়া থাকি" ॥১৫॥

আর্ষ্টিষেণ বলিলেন—"জলমাত্রপায়ী ও বায়ুমাত্রভোজী ঋষিরা পূর্ণিমা ও প্রতিপদের কিংবা অমাবস্যা ও প্রতিপদের সন্ধিসময়ে আকাশপথে আসিয়া এই পর্ব্বতের সেবা করেন ॥১৬॥

---

(১৫) ভগবন্নার্হ্য! মার্হৈতৎ—বা ব কা নি।

অরজাংসি চ বাসাংসি বসানাঃ কৌশিকানি চ।
দৃশ্যন্তে বহবঃ পার্থ! গন্ধর্ব্বাপ্সরসাং গণাঃ ॥১৮॥
বিদ্যাধরগণাশ্চৈব স্রগ্বিণঃ প্রিয়দর্শনাঃ।
মহোরগগণাশ্চৈব সুপর্ণাশ্চোরগাদয়ঃ ॥১৯॥
অস্য চোপরি শৈলস্য শ্রূয়ন্তে পর্ব্বসন্ধিষু।
ভেরীপণবশঙ্খানাং মৃদঙ্গানাঞ্চ নিস্বনাঃ ॥২০॥
ইহস্থৈরেব তৎ সর্ব্বং শ্রোতব্যং ভরতর্ষভাঃ!।
ন কার্য্যা বঃ কথঞ্চিৎ স্যাত্তত্রাভিগমনে মতিঃ ॥২১॥
ন চাপ্যতঃ পরং শক্যং গন্তুং ভরতসত্তমাঃ!।
বিহারো হ্যত্র দেবানামমানুষগতিস্তু সা ॥২২॥
ঈষচ্চপলকর্ম্মাণং মনুষ্যমিহ ভারত!।
দ্বিষন্তি সর্ব্বভূতানি তাড়য়ন্তি চ রাক্ষসাঃ ॥২৩॥

ভারতকৌমুদী

কামিন ইতি। কান্তাভিঃ প্রিয়তমাভিঃ। অনুব্রতা অনুকূলাঃ ॥১৭॥
অরেতি। অরজাংসি নির্ম্মলানি, বসানাঃ পরিদধানাঃ, কৌশিকানি ক্ষৌমাণি ॥১৮॥
বিদ্যেতি। স্রগ্বিণো মাল্যধারিণঃ। সুপর্ণাঃ স্বর্ণচূড়াঃ কিরীটিন ইত্যর্থঃ ॥১৯॥
অস্যেতি। পর্ব্বসন্ধিষু প্রতিপৎপঞ্চদশ্যোঃ সন্ধিকালেষু। নিস্বনা বাদ্যানি ॥২০॥
ইহেতি। ইহস্থৈরেব যুষ্মাভিঃ। বো যুষ্মাকম্। তত্র শৈলস্যোপরি দেশে ॥২১॥
নেতি। বিহারঃ ক্রীড়া, অত্র শৈলোপরি। সা ভূমিঃ ॥২২॥

---

রাজা! পরস্পর অনুকূল ও কামী কিন্নরগণকে কিন্নরীগণের সহিত এই পর্ব্বতশৃঙ্গে বিচরণ করিতে দেখা যায় ॥১৭॥

পৃথানন্দন! নির্ম্মল বস্ত্র ও পট্টবস্ত্রপরিধায়ী বহুতর গন্ধর্ব্ব এবং অপ্সরাকেও দেখিতে পাওয়া যায় ॥১৮॥

মাল্যধারী ও প্রিয়দর্শন বিদ্যাধরগণ, কিরীটধারী মহানাগসমূহ এবং সাধারণ নাগপ্রভৃতিকেও দর্শন করিতে পারা যায় ॥১৯॥

পর্ব্বসন্ধিকালে এই পর্ব্বতের উপরে ভেরী, পণব, শঙ্খ ও মৃদঙ্গের ধ্বনি শুনিতে পাওয়া যায় ॥২০॥

ভরতশ্রেষ্ঠগণ! তোমরা এইখানে থাকিয়াই সে সমস্ত শুনিতে পাইবে; সুতরাং সেখানে যাইবার জন্য কোন প্রকারেই তোমাদের ইচ্ছা করা উচিত নহে ॥২১॥

কারণ, ভরতশ্রেষ্ঠগণ! মানুষ ইহার পর আর গমন করিতে সমর্থ হয় না। যেহেতু ও স্থানে দেবগণের ক্রীড়া হয় বলিয়া ও স্থান মানুষের অগম্য ॥২২॥

অস্যাতিক্রম্য শিখরং কৈলাসস্য যুধিষ্ঠির ! ।
গতিঃ পরমসিদ্ধানাং দেবর্ষীণাং প্রকাশতে ॥২৪॥
চাপল্যাদিহ গচ্ছন্তং পার্থ ! যানমতঃ পরম্ ।
অয়ঃশূলাদিভির্ঘ্নন্তি রাক্ষসাঃ শত্রুসূদন ! ॥২৫॥
অপ্সরোভিঃ পরিবৃতঃ সমৃদ্ধ্যা নরবাহনঃ ।
ইহ বৈশ্রবণস্তাত ! পর্ব্বসন্ধিষু দৃশ্যতে ॥২৬॥
শিখরে তং সমাসীনমধিপং যক্ষরক্ষসাম্ ।
প্রেক্ষন্তে সর্ব্বভূতানি ভানুমন্তমিবোদিতম্ ॥২৭॥
দেবদানবসিদ্ধানাং তথা বৈশ্রবণস্য চ ।
গিরেঃ শিখরমুদ্যানমিদং ভরতসত্তম ! ॥২৮॥

ভারতকৌমুদী

ঈষদিতি। ঈষচ্চপলকর্ম্মাণং তত্র গমনায় অল্পমপি চাপল্যং কুর্ব্বাণমিত্যর্থঃ ॥২৩॥
অস্যেতি। পরমসিদ্ধানাম্ অতিশয়েন লব্ধাণিমাদ্যৈশ্বর্য্যাণাম্ ॥২৪॥
চাপল্যাদিতি। যাত্যনেনেতি যানং পন্থাস্তং, গচ্ছন্তম্। অয়ো লৌহম্ ॥২৫॥
অপ্সরোভিরিতি। সমৃদ্ধ্যা সমৃদ্ধ্যনুরূপাডম্বরেণ। বৈশ্রবণঃ কুবেরঃ ॥২৬॥
শিখর ইতি। শিখরে এতৎপর্ব্বতশৃঙ্গে, তং বৈশ্রবণম্। ভানুমন্তং সূর্য্যম্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

পঞ্চদশ্যোরন্তরালে ॥১৬—২৪॥ যানং মার্গম্ ॥২৫—২৭॥ উদ্যানং ক্রীড়াবনযুতম্ ॥২৮—৩৩॥
ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩২॥

---

ভরতনন্দন ! মানুষ ও স্থানে যাইবার জন্য একটুমাত্র চাঞ্চল্য প্রকাশ করিলেই তাহার প্রতি তত্রত্য সকলে বিদ্বেষ করে এবং তাহাকে রাক্ষসেরা প্রহার করে ॥২৩॥

যুধিষ্ঠির ! পরমসিদ্ধ দেবর্ষিরাই এই কৈলাসপর্ব্বতের শৃঙ্গ অতিক্রম করিয়া যাইতে পারেন ॥২৪॥

কিন্তু শত্রুসূদন ! মানুষ চাঞ্চল্যবশতঃ ইহার পর, পথে গমন করিতে লাগিলে, রাক্ষসেরা লৌহশূলপ্রভৃতিদ্বারা তাহাকে আঘাত করে ॥২৫॥

বৎস ! প্রতিপৎ ও পঞ্চদশীর সন্ধিকালে নরবাহন কুবেরকে অপ্সরোগণে পরিবেষ্টিত এবং সমৃদ্ধির অনুরূপ আড়ম্বরপূর্ণ অবস্থায় এই স্থানেই দেখিতে পাওয়া যায় ॥২৬॥

যক্ষ ও রাক্ষসগণের অধিপতি কুবের এই পর্ব্বতশৃঙ্গে আসিয়া উপবিষ্ট হইলে, সমস্ত প্রাণীই তাঁহাকে নবোদিত সূর্য্যের ন্যায় দেখিতে থাকে ॥২৭॥

উপাসীনস্য ধনদং তুম্বুরোঃ পর্ব্বসন্ধিষু।
গীতসামস্বনস্তাত! শ্রূয়তে গন্ধমাদনে ॥২৯॥
এতদেবংবিধং চিত্রমিহ তাত! যুধিষ্ঠির!।
প্রেক্ষন্তে সর্ব্বভূতানি বহুশঃ পর্ব্বসন্ধিষু ॥৩০॥
ভুঞ্জানা মুনিভোজ্যানি বসবন্তি ফলানি চ।
বসধ্বং পাণ্ডবশ্রেষ্ঠা যাবদর্জ্জুনদর্শনম্ ॥৩১॥
ন তাত! চপলৈর্ভাব্যমিহ প্রাপ্তৈঃ কথঞ্চন।
চপলঃ সর্ব্বভূতানাং দ্বেষ্যো ভবতি মানবঃ ॥৩২॥
উষিত্বেহ যথাকামং যথাশ্রদ্ধং বিহৃত্য চ।
ততঃ শস্ত্রজিতাং তাত! পৃথিবীং পালয়িষ্যসি ॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে আর্ষ্টিষেণযুধিষ্ঠিরসংবাদে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভাবপ্রকৌমুদী

দেবেতি। ইদং গিরেঃ শিখরমুদ্যানঞ্চ দেবদানবসিদ্ধানাং বৈশ্রবণস্য চেতি সম্বন্ধঃ ॥২৮॥
উপেতি। ধনদং কুবেরম্। গীতং সামস্বনং হরতি গীতসামস্বনঃ ॥২৯॥
এতদিতি। এতৎ কুবেরাগমনাদিকম্, চিত্রমাশ্চর্য্যম্ বহুশো বহুবারান্ ॥৩০॥
ভুঞ্জানা ইতি। মুনিভোজ্যানি নিবারৌদনাদীনি, বসবন্তি স্বাদূনি ॥৩১॥
নেতি। ভাব্যং ভবিতব্যম্। প্রাপ্তৈরাগতৈর্জ্জনৈঃ ॥৩২॥

ভরতশ্রেষ্ঠ! এই পর্ব্বতের শৃঙ্গ এবং উদ্যান—দেবগণ, দানবগণ, সিদ্ধগণ ও কুবেরের ॥২৮॥

বৎস! এই গন্ধমাদনপর্ব্বতে প্রতিপৎ ও পঞ্চদশীর সন্ধিসময়ে তুম্বুরু (গন্ধর্ব্ব-বিশেষ) যখন কুবেরের উপাসনা করেন, তখন সামবেদধ্বনির ন্যায় তাঁহার গীতধ্বনি শুনিতে পাওয়া যায় ॥২৯॥

বৎস যুধিষ্ঠির! এখানে প্রতিপৎ ও পঞ্চদশীর সন্ধিকালে সকল প্রাণীরাই এইরূপ এই আশ্চর্য্য বহুবার দেখিয়া থাকে ॥৩০॥

অতএব পাণ্ডবগণ! তোমরা মুনিগণের খাদ্য এবং সুস্বাদু ফল ভক্ষণ করিতে থাকিয়া অর্জ্জুনের সাক্ষাৎকার লাভ পর্য্যন্ত এইখানেই বাস কর ॥৩১॥

বৎস! মানুষ এখানে আসিয়া কোন প্রকারেই চঞ্চল হইবে না। কারণ, চঞ্চল মানুষ, সকল প্রাণীরই বিদ্বেষভাজন হয় ॥৩২॥

(৩১) ভুঞ্জানাঃ সর্ব্বভোজ্যানি—পি। (৩২) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।
* '...একোনষষ্ট্যধিক...'—বা ব কা পি, '... ষষ্ট্যধিক...'—নি।

# ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

জনমেজয় উবাচ।

আর্ষ্টিষেণাশ্রমে তস্মিন্ মম পূর্ব্বপিতামহাঃ।
পাণ্ডোঃ পুত্রা মহাত্মানঃ সর্ব্বে দিব্যপরাক্রমাঃ ॥১॥
কিয়ন্তং কালমবসন্ পর্ব্বতে গন্ধমাদনে।
কিঞ্চ চক্রুর্মহাবীর্য্যাঃ সর্ব্বেঽতিবলপৌরুষাঃ ॥২॥ (যুগ্মকম্)
কানি চাভ্যবহার্য্যাণি তত্র তেষাং মহাত্মনাম্।
বসতাং লোকবীরাণামাসংস্তদ্ব্রূহি সত্তম! ॥৩॥
বিস্তরেণ চ মে শংস ভীমসেনপরাক্রমম্।
যদ্‌যচ্চক্রে মহাবাহুস্তস্মিন্ হৈমবতে গিরৌ ॥৪॥

ভারতকৌমুদী

উষিত্বেতি। উষিত্বা বাসং কৃত্বা। যথাশ্রদ্ধং বিশ্বাসানুসারেণ ॥৩৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে দ্বাত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

আর্ষ্টীতি। পূর্ব্বস্য পূর্ব্বপুরুষস্য পিতুঃ পিতামহাঃ। বীর্য্যমুৎসাহঃ ॥১—২॥

কানীতি। অভ্যবহার্য্যাণি খাদ্যানি। হে সত্তম। সাধুশ্রেষ্ঠ! ॥৩॥

---

অতএব বৎস! তুমি এখানে বাস এবং ইচ্ছা ও বিশ্বাস অনুসারে বিহার করিতে থাকিয়া তাহার পর অপরাজিত পৃথিবী পালন করিবে” ॥৩৩॥

—:*:—

জনমেজয় বলিলেন—“আমার প্রপিতামহ, মহাত্মা ও অলৌকিক পরাক্রমশালী পাণ্ডবেরা সকলে গন্ধমাদনপর্ব্বতে সেই আর্ষ্টিষেণের আশ্রমে কত কাল বাস করিয়াছিলেন? এবং অসাধারণ উৎসাহশালী, অত্যন্ত বলবান্ ও বিশেষ পুরুষকার-সম্পন্ন পাণ্ডবগণ কি কি কার্য্য করিয়াছিলেন? ॥১—২॥

সাধুশ্রেষ্ঠ! সেই আশ্রমে বাস করিবার সময়ে মহাত্মা ও জগদ্বীর পাণ্ডবগণের কি কি খাদ্য ছিল, তাহা বলুন ॥৩॥

মহাবাহু ভীমসেন সেই গন্ধমাদনপর্ব্বতে যাহা যাহা করিয়াছিলেন, সেই সকল পরাক্রমের বৃত্তান্তগুলি আমার নিকট বিস্তৃতক্রমে বলুন ॥৪॥

(১) পূর্ব্বার্দ্ধং পি নাস্তি।

ন খল্বাসীৎ পুনর্যুদ্ধং তস্য যক্ষৈর্দ্বিজোত্তম!।
ধনদাধ্যুষিতে নিত্যং বসতস্তত্র পর্ব্বতে ॥৫॥
কচ্চিৎ সমাগমস্তেষামাসীদ্বৈশ্রবণস্য চ।
তত্র হ্যায়াতি ধনদ আর্ষ্টিষেণো যথাব্রবীৎ ॥৬॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং বিস্তরেণ তপোধন!।
ন হি শৃণ্বতস্তৃপ্তিরস্তি তেষাং বিচেষ্টিতম্ ॥ ॥

বৈশম্পায়ন উবাচ।

এতদাত্মহিতং শ্রুত্বা তস্যাপ্রতিমতেজসঃ।
শাসনং সততং চক্রুস্তথৈব ভরতর্ষভাঃ ॥৮॥
ভুঞ্জানা মুনিভোজ্যানি রসবন্তি ফলানি চ।
শুদ্ধবাণহতানাঞ্চ মৃগাণাং পিশিতান্যপি ॥৯॥
মেধ্যানি হিমবৎপৃষ্ঠে মধূনি বিবিধানি চ।
এবং তে ন্যবসংস্তত্র পাণ্ডবা ভরতর্ষভাঃ ॥১০॥ (যুগ্মকম্)

ভাবপ্রকৌমুদী

বিস্তরেণেতি। শংস ব্রূহি। হৈমবতে হিমবতঃ সন্নিহিতে গন্ধমাদনে ॥৪॥
নেতি। অত্র কাকা প্রশ্নো ব্যজ্যতে। ধনদাধ্যুষিতে কুবেরাধিষ্ঠিতে ॥৫॥
কচ্চিদিতি। সমাগমঃ সম্মেলনম্। বৈশ্রবণস্য কুবেরস্য। ধনদঃ কুবেরঃ ॥৬॥
এতদিতি। তৃপ্তিঃ আকাঙ্ক্ষানিবৃত্তিঃ, তেষাং পাণ্ডবানাম্, বিচেষ্টিতং চরিত্রম্ ॥৭॥
এতদিতি। তস্য আর্ষ্টিষেণস্য, শাসনমাদেশম, ভরতর্ষভাঃ পাণ্ডবাঃ ॥৮॥
ভুঞ্জানা ইতি। শুদ্ধৈরবিষলিপ্তমুখৈর্বাণৈর্হতানাম্। অন্যথা তন্মাংসভক্ষণে প্রাণনাশা-

ব্রাহ্মণশ্রেষ্ঠ! কুবেরাধিষ্ঠিত গন্ধমাদনপর্ব্বতে সর্ব্বদা বাস করিবার সময়ে যক্ষগণের সহিত ভীমসেনের যুদ্ধ হইয়াছিল না ত? ॥৫॥

আর্ষ্টিষেণ যেরূপ বলিয়াছিলেন, তাহাতে নিশ্চয়ই কুবের সেখানে আসিতেন; সুতরাং কুবেরের সহিত পাণ্ডবগণের সম্মেলন হইয়াছিল ত? ॥৬॥

তপোধন! আমি বিস্তরক্রমে এই বৃত্তান্তগুলি শুনিতে ইচ্ছা করি। কারণ, পাণ্ডবগণের চরিত্র শুনিয়া আমার আকাঙ্ক্ষার নিবৃত্তি হইতেছে না” ॥৭॥

বৈশম্পায়ন বলিলেন—পাণ্ডবগণ নিজেদের এইরূপ হিতের কথা শুনিয়া সেই-ভাবেই সর্ব্বদা অসাধারণতেজা আর্ষ্টিষেণের আদেশ পালন করিতে লাগিলেন ॥৮॥

ভরতশ্রেষ্ঠ পাণ্ডবগণ—মুনিগণের খাদ্য অন্ন, সুস্বাদু ফল, নির্দ্দোষ বাণ-

(৫) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

তথা নিবসতাং তেষাং পঞ্চমং বর্ষমভ্যগাৎ ।
শৃণ্বতাং লোমশোক্তানি বাক্যানি বিবিধান্যুত ॥১১॥
কৃত্যকাল উপস্থাস্য ইতি চোক্ত্বা ঘটোৎকচঃ ।
রাক্ষসৈঃ সহ সর্ব্বৈশ্চ পূর্ব্বমেব গতঃ প্রভো ! ॥১২॥
আর্ষ্টিষেণাশ্রমে তেষাং বসতাং বৈ মহাত্মনাম্ ।
অগচ্ছন্ বহবো মাসাঃ পশ্যতাং মহদদ্ভুতম্ ॥১৩॥
তৈস্তত্র বিহরদ্ভিশ্চ রমমাণৈশ্চ পাণ্ডবৈঃ ।
প্রীতিমন্তো মহাভাগা মুনয়শ্চারণাস্তথা ॥১৪॥
আজগ্মুঃ পাণ্ডবান্ দ্রষ্টুং শুদ্ধাত্মানো যতব্রতাঃ ।
তে তৈঃ সহ কথাং চক্রুর্দিব্যাং ভরতসত্তমাঃ ॥১৫॥ (যুগ্মকম্)

## ভারতকৌমুদী

শক্তেতি ভাবঃ। পিশিতানি মাংসানি। মেধ্যানি পবিত্রাণি। সান্নিধ্যাৎ হিমবদিত্যুক্তিঃ ॥৯—১০॥

তথেতি। পঞ্চমং বর্ষং বনবাসস্য, অভ্যগাৎ অত্যক্রামৎ ॥১১॥

কৃত্যেতি। কৃত্যকালে ভবতাং কার্য্যোপস্থিতিসময়ে, উপস্থাস্যে আগমিষ্যামি ॥১২॥

আর্ষ্টীতি। বহবো মাসাঃ পঞ্চমবৎসরাৎ পরম্। অদ্ভুতং কুবেরদর্শনাদিকম্ ॥১৩॥

তৈরিতি। বিহরদ্ভির্বিচরদ্ভিঃ, পাণ্ডবৈস্তচ্চরিত্রশ্রবণৈরিত্যর্থঃ। দিব্যাং রম্যাম্ ॥১৪—১৫॥

নিহত হরিণগণের মাংস এবং নানাবিধ পবিত্র মধু ভক্ষণ করিতে থাকিয়া এইভাবে হিমালয়সন্নিহিত সেই গন্ধমাদনপর্ব্বতের উপরে বাস করিতে লাগিলেন ॥৯—১০॥

তাঁহারা (অবসরক্রমে) লোমশোক্ত নানাবিধ উপাখ্যান শুনিতেন; সেইভাবে বাস করিবার সময়ে তাঁহাদের বনবাসের পঞ্চম বৎসর অতীত হইল ॥১১॥

রাজা! 'আপনাদের কার্য্যকাল উপস্থিত হইলে আমিও উপস্থিত হইব' এই কথা বলিয়া ঘটোৎকচ অন্যান্য সকল রাক্ষসের সহিত পূর্ব্বেই চলিয়া গিয়াছিল ॥১২॥

মহাত্মা পাণ্ডবেরা সাতিশয় আশ্চর্য্য বস্তু সকল দেখিতে থাকিয়া আর্ষ্টিষেণের আশ্রমে বাস করিতে লাগিলেন; এই অবস্থায় তাঁহাদের বহুতর মাস অতীত হইয়া গেল ॥১৩॥

তাহার পর একদা বিশুদ্ধ চিত্ত ও ব্রতপরায়ণ মহাত্মা মুনিগণ এবং চারণ-(দেবযোনিবিশেষ) গণ—তত্রত্য আমোদমান পাণ্ডবগণের চরিত্র শুনিয়া আনন্দিত হইয়া তাঁহাদের সহিত সাক্ষাৎ করিবার জন্য আগমন করিলেন; তখন ভরতশ্রেষ্ঠ পাণ্ডবগণ তাঁহাদের সহিত মনোহর আলাপ করিলেন ॥১৪—১৫॥

ততঃ কতিপয়াহস্য মহাহ্রদনিবাসিনম্।
ঋদ্ধিমন্তং মহানাগং সুপর্ণঃ সহসাহহরৎ ॥১৬॥
প্রাকম্পত মহাশৈলঃ প্রানৃত্যন্ত মহাদ্রুমাঃ।
দদৃশুঃ সর্ব্বভূতানি পাণ্ডবাশ্চ তদদ্ভুতম্ ॥১৭॥
ততঃ শৈলোত্তমস্যাগ্রাৎ পাণ্ডবান্ প্রতি মারুতঃ।
অবহৎ সর্ব্বমাল্যানি গন্ধবন্তি শুভানি চ ॥১৮॥
তত্র পুষ্পাণি দিব্যানি সুহৃদ্ভিঃ সহ পাণ্ডবাঃ।
দদৃশুঃ পঞ্চবর্ণানি দ্রৌপদী চ যশস্বিনী ॥১৯॥
ভীমসেনং ততঃ কৃষ্ণা কালে বচনমব্রবীৎ।
বিবিক্তে পর্ব্বতোদ্দেশে সুখাসীনং মহাভুজম্ ॥২০॥
মনসস্তুল্যবেগেন শ্বসনেন মহাবলাৎ।
পঞ্চবর্ণানি পাত্যন্তে পুষ্পাণি ভবতর্ষভ ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। কতিপয়াহস্য অতিক্রমে সতি। ঋদ্ধিমন্তং নাম। সুপর্ণো গরুড়ঃ ॥১৬॥
প্রেতি। প্রাকম্পত প্রানৃত্যন্ত, গরুড়পক্ষবায়ুনেতি ভাবঃ। তৎ প্রকম্পনাদিকম্ ॥১৭॥
তত ইতি। সর্ব্বমাল্যানি উপভোগ্যানি তাঃ সর্ব্বা এব পুষ্পমালাঃ ॥১৮॥
তত্রেতি। তত্র তেষু মাল্যেষু, দিব্যানি স্বর্গীয়াণি, সুহৃদ্ভির্ব্বন্ধ্বাদিভিঃ ॥১৯॥
ভীমেতি। ততস্তস্মিন্। বিবিক্তে নির্জ্জনে, পর্ব্বতস্য উদ্দেশে স্থানবিশেষে ॥২০॥
মনস ইতি। শ্বসনেন বায়ুনা। প্রত্যেকতঃ পঞ্চ বর্ণা যেষু তানি ॥২১॥

তাহার পর কয়েক দিন অতীত হইলে একদা গরুড় আসিয়া একটা মহাহ্রদে অবস্থিত 'ঋদ্ধিমান'-নামক একটা মহানাগকে হঠাৎ অপহরণ করিলেন ॥১৬॥

তখন গরুড়ের (পক্ষবায়ুতে) মহাপর্ব্বত কাঁপিয়া উঠিল এবং বিশাল বৃক্ষ সকল নাচিতে লাগিল; এই অদ্ভুত ঘটনা সকল প্রাণী দেখিল এবং পাণ্ডবেরাও দেখিলেন ॥১৭॥

তদনন্তর প্রবল বায়ু পর্ব্বতের উপর হইতে সৌরভসম্পন্ন ও শুভলক্ষণযুক্ত সমস্ত মালা আনিয়া পাণ্ডবগণের নিকট উপস্থিত করিল ॥১৮॥

তখন পাণ্ডবগণ, তাঁহাদের বন্ধুগণ ও যশস্বিনী দ্রৌপদী সেই মালাগুলির মধ্যে পঞ্চবর্ণ স্বর্গীয় পুষ্প সকল দর্শন করিলেন ॥১৯॥

সেই সময়ে দ্রৌপদী যাইয়া নির্জ্জন স্থানে সুখোপবিষ্ট মহাবাহু ভীমসেনকে এই কথা বলিলেন—॥২০॥

(১৭) প্রানৃত্যন্ত মহাদ্রুমাঃ—বা ব কা নি। (২১) সুপর্ণানিলবেগেন—বা ব কা নি।

প্রত্যক্ষং সর্ব্বভূতানাং নদীমশ্বরথাং প্রতি।
খাণ্ডবে সত্যসন্ধেন ভ্রাত্রা তব মহাত্মনা ॥২২॥
গন্ধর্ব্বোরগরক্ষাংসি বাসবশ্চ নিবারিতঃ।
হতা মায়াবিনশ্চোগ্রা ধনুঃ প্রাপ্তঞ্চ গাণ্ডিবম্ ॥২৩॥ (যুগ্মকম্)
তবাপি সুমহত্তেজো মহদ্বাহুবলঞ্চ তে।
অবিষহ্যমনাধৃষ্যং শতক্রতুবলোপমম্ ॥২৪॥
ত্বদ্বাহুবলবেগেন ত্রাসিতাঃ সর্ব্বরাক্ষসাঃ।
হিত্বা শৈলং প্রপদ্যন্তাং ভীমসেন! দিশো দশ ॥২৫॥
ততঃ শৈলোত্তমস্যাগ্রং চিত্রমাল্যধরং শিবম্।
ব্যপেতভয়সম্মোহাঃ পশ্যন্তু সুহৃদস্তব ॥২৬॥
এবং প্রণিহিতং ভীম! চিরাৎ প্রভৃতি মে মনঃ।
দ্রষ্টুমিচ্ছামি শৈলাগ্রং ত্বদ্বাহুবলপালিতা ॥২৭॥

---

ভারতকৌমুদী

প্রত্যক্ষমিতি। অশ্বরথাং নাম। খাণ্ডবে খাণ্ডববনদাহকালে। বাসব ইন্দ্রঃ ॥২২—২৩॥
তবেতি। তেজো দর্পঃ। অনাধৃষ্যং শত্রুভিরনভিভবনীয়ম্, শতক্রতুরিন্দ্রঃ ॥২৪॥
ত্বদিতি। সর্ব্বরাক্ষসা এতৎপর্ব্বতরক্ষকা ইত্যর্থঃ। হিত্বা ত্যক্ত্বা, প্রপদ্যন্তাং গচ্ছন্তু ॥২৫॥
তত ইতি। চিত্রমাল্যধরম্ ঈদৃশাদ্ভুতমালাযুক্তম্, শিবং মঙ্গলকরম্ ॥২৬॥
এবমিতি। প্রণিহিতম্ অভিসন্ধানযুক্তম্। শৈলাগ্রম্ এতৎপর্ব্বতাগ্রম্ ॥২৭॥

"ভরতশ্রেষ্ঠ! মনের তুল্য বেগবান্ বায়ু আপন বলপ্রভাবে পঞ্চবর্ণ পুষ্প সকল নিপাতিত করিতেছে ॥২১॥

ওদিকে আপনার ভ্রাতা, সত্যপ্রতিজ্ঞ ও মহাত্মা অর্জ্জুন অশ্বরথানদীর তীরে সকল প্রাণীর প্রত্যক্ষে খাণ্ডবদাহের সময়ে গন্ধর্ব্ব, নাগ, রাক্ষস এবং ইন্দ্রকে পর্য্যন্ত বারণ করিয়াছিলেন, ভয়ঙ্কর মায়াবীদিগকে বধ করিয়াছিলেন এবং গাণ্ডিবধনু লাভ করিয়াছিলেন ॥২২—২৩॥

আপনারও ইন্দ্রবলেরই তুল্য শত্রুগণের অসহ্য এবং অজেয় মহাবাহুবল ও অত্যন্ত দর্প রহিয়াছে ॥২৪॥

অতএব ভীমসেন! আপনার বাহুবলের বেগে পর্ব্বতরক্ষী সকল রাক্ষসই ভীত হইয়া এই পর্ব্বত ত্যাগ করিয়া দশ দিকে গমন করুক ॥২৫॥

তা'র পর আপনার বন্ধুগণ নির্ভয় ও নিঃসঙ্কোচ হইয়া বিচিত্র মাল্যযুক্ত ও মঙ্গলময় এই পর্ব্বতের উপরিভাগ দর্শন করুন ॥২৬॥

---

(২৪)...শক্রতুল্যপরাক্রমঃ—বা ব কা নি।

ততঃ ক্ষিপ্তমিবাত্মানং দ্রৌপদ্যা স পরন্তপঃ।
নামৃষ্যত মহাবাহুঃ প্রহারমিব সদ্গবঃ ॥২৮॥
সিংহর্ষভগতিঃ শ্রীমান্ উদারকনকপ্রভঃ।
মনস্বী বলবান্ দৃপ্তো মানী শূরশ্চ পাণ্ডবঃ ॥২৯॥
লোহিতাক্ষঃ পৃথুব্যংসো মত্তবারণবিক্রমঃ।
সিংহদংষ্ট্রো বৃষস্কন্ধঃ সালপোত ইবোদ্গতঃ ॥৩০॥
মহাত্মা চারুসর্ব্বাঙ্গঃ কম্বুগ্রীবো মহাভুজঃ।
রুক্মপৃষ্ঠং ধনুঃ খড়্গং তূণাংশ্চাপি পরামৃষৎ ॥৩১॥ (বিশেষকম্)
স কেশরীব চোৎসিক্তঃ প্রভিন্ন ইব বারণঃ।
ব্যপেতভয়সম্মোহঃ শৈলমভ্যপতদ্বলী ॥৩২॥
তং মৃগেন্দ্রমিবায়ান্তং প্রভিন্নমিব বারণম্।
দদৃশুঃ সর্ব্বভূতানি বাণকার্ম্মুকধারিণম্ ॥৩৩॥

ভারতকৌমুদী

তত ইতি। ক্ষিপ্তং তিরস্কৃতম্। নামৃষ্যত নাসহত। সদ্গবো মহাবৃষঃ ॥২৮॥

সিংহেতি। উদারকনকপ্রভ উত্তমস্বর্ণকান্তিঃ। পৃথূ বিশালৌ বিশিষ্টৌ চ অংসৌ স্কন্ধৌ যস্য সঃ, মত্তবারণবিক্রমো মত্তহস্তিতুল্যপরাক্রমঃ। সালপোতো নবীনঃ সালবৃক্ষঃ। কম্বুঃ শঙ্খ ইব গ্রীবা যস্য সঃ। রুক্মপৃষ্ঠং স্বর্ণপৃষ্ঠম্। পরামৃষৎ অগৃহ্লাৎ ॥২৯—৩১॥

স ইতি। উৎসিক্তো দৃপ্তঃ, প্রভিন্নো মদস্রাবী, বারণো হস্তী ॥৩২॥

---

ভীমসেন! বহুকাল হইতেই আমার মন এইরূপ ধারণা করিয়া রহিয়াছে; আর আমিও আপনার বাহুবলে রক্ষিত হইয়া এই পর্ব্বতের উপরি ভাগ দেখিতে ইচ্ছা করি" ॥২৭॥

তাহার পর মহাবৃষ যেমন প্রহার সহ্য করিতে পারে না, সেইরূপ শত্রুতাপী মহাবাহু ভীমসেন দ্রৌপদীকর্ত্তৃক আপনাকে যেন তিরস্কৃত বলিয়া মনে করিয়া সে তিরস্কার সহ্য করিতে পারিলেন না ॥২৮॥

তদনন্তর শ্রেষ্ঠ সিংহের ন্যায় গতিসম্পন্ন, কান্তিশালী, উত্তম স্বর্ণবর্ণ, মনস্বী, বলবান্, দর্পশালী, অভিমানী, বীর, রক্তনয়ন, বৃষের ন্যায় বিশাল স্কন্ধ, মত্ত হস্তীর ন্যায় বিক্রমযুক্ত, সিংহের ন্যায় দন্তসমন্বিত, নবীন সালবৃক্ষের ন্যায় উন্নত, উদারচেতা, সর্ব্বাঙ্গসুন্দর, শঙ্খের ন্যায় গ্রীবাশালী ও মহাবাহু ভীমসেন স্বর্ণখচিত ধনু, তরবারি এবং তূণ গ্রহণ করিলেন ॥২৯—৩১॥

তৎপরে সিংহের ন্যায় দর্পিত, মদস্রাবী হস্তীর ন্যায় বলবান্ এবং ভয় ও অবসাদশূন্য ভীমসেন পর্ব্বতের দিকে গমন করিতে লাগিলেন ॥৩২॥

---

(৩০)...সিংহদংষ্ট্রো বৃহৎস্কন্ধঃ—বা ব কা।

দ্রৌপদ্যা বর্দ্ধয়ন্ হর্ষং গদামাদায় পাণ্ডবঃ।
ব্যপেতভয়সম্মোহঃ শৈলরাজং সমাশ্রিতঃ ॥৩৪॥
ন গ্লানির্ন চ কাতর্য্যং ন বৈক্লব্যং ন মৎসরঃ।
কদাচিজ্জুষতে পার্থমাত্মজং মাতরিশ্বনঃ ॥৩৫॥
তদেকায়নমাসাদ্য বিষমং ভীমদর্শনম্।
বহুতালোচ্ছ্রয়ং শৃঙ্গমারুরোহ মহাবলঃ ॥৩৬॥
স কিন্নরমহানাগ-মুনিগন্ধর্ব্বরাক্ষসান্।
হর্ষয়ন্ পর্ব্বতস্যাগ্রমারুরোহ পরন্তপঃ ॥৩৭॥
ততো বৈশ্রবণাবাসং দদর্শ ভরতর্ষভঃ।
কাঞ্চনৈঃ স্ফাটিকৈশ্চৈব বেশ্মভিঃ সমলঙ্কৃতম্ ॥৩৮॥

· · ·

ভারতকৌমুদী

তমিতি। সর্ব্বভূতানি শৈলস্থাঃ সর্ব্বে প্রাণিনঃ ॥৩৩॥
দ্রৌপদ্যা ইতি। পাণ্ডবো ভীমঃ। সম্মোহো নিরুৎসাহতা অবসাদ ইতি যাবৎ ॥৩৪॥
নেতি। মৎসরো বিদ্বেষঃ। জুষতে সেবতে। মাতরিশ্বনো বায়োঃ ॥৩৫॥
তদিতি। একমেব অয়নং পন্থা যস্য তৎ। বহুতালবৎ উচ্ছ্রয় উন্নত্যং যস্য তৎ ॥৩৬॥
স ইতি। হর্ষয়ন্ আত্মরূপপ্রদর্শনেনানন্দয়ন্ ॥৩৭॥
অথ চতুর্ভিঃ কলাপকেন কুবেরভবনং বর্ণয়ন্ তদ্দর্শনমাহ—তত ইতি। বৈশ্রবণাবাসং

ভারতভাবদীপঃ

আষ্টিষেণেতি ॥১—২৯॥ পৃথূ বিশিষ্টৌ অংসৌ যস্য স পৃথ্বংসঃ ॥৩০—৩৪॥ গ্লানিঃ শ্রমঃ, কাতর্য্যং ভয়ম্, বৈক্লব্যমনুৎসাহঃ, মৎসরঃ পরোৎকর্ষাসহিষ্ণুত্বম্ ॥৩৫॥ একায়নং বাম-

---

তখন সমস্ত প্রাণী—সিংহের ন্যায় এবং মদস্রাবী হস্তীর ন্যায় ধনুর্ব্বাণধারী ভীমসেনকে আগমন করিতে দেখিল ॥৩৩॥

ক্রমে ভয় ও অবসাদবিহীন ভীমসেন গদাগ্রহণপূর্ব্বক দ্রৌপদীর আনন্দ বর্দ্ধন করিতে থাকিয়া পর্ব্বতের নিকটে উপস্থিত হইলেন ॥৩৪॥

পরিশ্রম, কাতরতা, বিহ্বলতা এবং বিদ্বেষ—ইহার কোনটাই বায়ুপুত্র ভীমসেনকে কখনও আশ্রয় করে নাই ॥৩৫॥

মহাবল ভীমসেন সেই একটীমাত্র পথ দিয়া যাইয়া উন্নতাবনত, ভয়ঙ্করাকৃতি এবং বহু তালবৃক্ষের ন্যায় উচ্চ সেই পর্ব্বতশৃঙ্গে আরোহণ করিলেন ॥৩৬॥

পরন্তপ ভীমসেন—কিন্নর, মহানাগ, মুনি, গন্ধর্ব্ব ও রাক্ষসদিগকে আনন্দিত করিয়াই পর্ব্বতের উপরে আরোহণ করিলেন ॥৩৭॥

---

(৩৭)...অগ্রমারুহ্য স মহাবলঃ—বা ব কা।

প্রাকারেণ পরিক্ষিপ্তং সৌবর্ণেন সমন্ততঃ।
সর্ব্বরত্নদ্যুতিমতা সর্ব্বোদ্যানবতা তথা ॥৩৯॥
শৈলাদভ্যুচ্ছ্রয়বতা চয়াট্টালকশোভিনা।
দ্বারতোরণনির্য্যূহ-ধ্বজসংবাহশোভিনা ॥৪০॥
বিলাসিনীভিরত্যর্থং নৃত্যন্তীভিঃ সমন্ততঃ।
বায়ুনা ধূয়মানাভিঃ পতাকাভিরলঙ্কৃতম্ ॥৪১॥ (কলাপকম্)
ধনুষ্কোটীমবষ্টভ্য বক্রভাবেন বাহুনা।
পশ্যমানঃ স খেদেন দ্রবিণাধিপতেঃ পুরম্ ॥৪২॥

ভারতকৌমুদী

কুবেরভবনম্। পরিক্ষিপ্তং পরিবেষ্টিতম্। অভ্যুচ্ছ্রয়বতা উচ্চতাশালিনা। চয়ো বপ্রং প্রাকারমূলবন্ধ ইতি যাবৎ, অট্টালকানি উপরিতনগৃহাণি তৈঃ শোভিনা। দ্বারাণি, তোরণানি দ্বারবহির্দ্দেশে স্তম্ভদ্বয়োপরিনিহিতবক্রদারুণি, নির্য্যূহা নাগদন্তকা ভিত্তিতো বহির্গতাঃ কাষ্ঠবিশেষাঃ, ধ্বজাঃ কেতবঃ, সংবাহা অভ্যন্তরসোপানানি চ তৈঃ শোভত ইতি তেন। ধূয়মানাভিরান্দোল্যমানাভিঃ পতাকাভিঃ, নৃত্যন্তীভির্বিলাসিনীভিরিব অত্যর্থং সমলঙ্কৃতমিতি সম্বন্ধঃ। এষামভিধানানি সুগমাণি ॥৩৮—৪১॥

ধনুরিতি। স ভীমঃ, খেদেন আত্মনস্তাদৃশপুরাভাবস্মরণাদ্দুঃখেন, বক্রো ভাবো যস্য তেন বাহুনা, ধনুষঃ কোটীমগ্রম্, অবষ্টভ্য আশ্রিত্য দ্রবিণাধিপতেঃ কুবেরস্য পুরং পশ্যমান আসীৎ ॥৪২॥

ভারতভাবদীপঃ

দক্ষিণসঙ্কারশূন্যম্ ॥৩৬—৩॥ পরিক্ষিপ্তং পরিতঃ আবৃতম্ ॥৩৯॥ চয়াট্টালকশোভিনা চয়ঃ প্রাকারস্য মূলবন্ধঃ, অট্টালক উপরিগৃহম্। "চয়ঃ সমূহে প্রাকারমূলবন্ধে সমাহিতে" ইতি মেদিনী। তোরণং বহির্দ্বারং নির্য্যূহঃ নাগদন্তাখ্যং গৃহান্নির্গতং দারু। "নির্য্যূহো নাগ-

তাহার পর ভীমসেন কুবেরের পুরী দর্শন করিলেন; সে পুরীটা—স্বর্ণময় ও স্ফটিকময় বহুতর গৃহে অলঙ্কৃত এবং সকল দিকেই স্বর্ণপ্রাচীরে পরিবেষ্টিত ছিল; সেই প্রাচীর হইতে আবার সর্ব্বপ্রকার রত্নের কিরণ ছড়াইয়া পড়িতেছিল, ভিতরে সর্ব্বপ্রকার উদ্যান ছিল এবং তাহার উচ্চতা পর্ব্বত অপেক্ষাও অধিক ছিল; আর তাহার মূলে সুন্দর বপ্র (মূলবন্ধ), উপরে সুন্দর সুন্দর গৃহ, দ্বার, তোরণ, নাগদন্ত (হুক), ধ্বজ ও ভিতরের দিকে সিঁড়ি ছিল। আর, বায়ুকর্ত্তৃক সঞ্চালিত পতাকা সকল—নৃত্যপ্রবৃত্ত রমণীগণের ন্যায় সমস্ত দিকেই সেই পুরীটাকে অত্যন্ত শোভিত করিতেছিল ॥৩৮—৪১॥

তখন ভীমসেন বক্র বাহুদ্বারা ধনুর অগ্রদেশ অবলম্বন করিয়া দুঃখের সহিত সেই কুবেরের পুরীটা দেখিতে লাগিলেন ॥৪২॥

মোদয়ন্ সর্ব্বভূতানি গন্ধমাদনসম্ভবঃ।
সর্ব্বগন্ধবহস্তত্র মারুতঃ সুমুখো ববৌ ॥৪৩॥
চিত্রা বিবিধবর্ণাভাশ্চিত্রমঞ্জরিধারিণঃ।
অচিন্ত্যা বিবিধাস্তত্র দ্রুমাঃ পরমশোভিনঃ ॥৪৪॥
রত্নজালপরিক্ষিপ্তং চিত্রমাল্যবিভূষিতম্।
রাক্ষসাধিপতেঃ স্থানং দদৃশে ভরতর্ষভঃ ॥৪৫॥
গদাখড়্গধনুষ্পাণিঃ সমভিত্যক্তজীবিতঃ।
ভীমসেনো মহাবাহুস্তস্থৌ গিরিরিবাচলঃ ॥৪৬॥
ততঃ শঙ্খমুপাধ্মাসীদ্দ্বিষতাং লোমহর্ষণম্।
জ্যাঘোষং তলশব্দঞ্চ কৃত্বা ভূতান্যমোহয়ৎ ॥৪৭॥
ততঃ প্রহৃষ্টরোমাণস্তং শব্দমভিদুদ্রুবুঃ।
যক্ষরাক্ষসগন্ধর্ব্বাঃ পাণ্ডবস্য সমীপতঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

মোদয়ন্নিতি। সর্ব্বগন্ধবহঃ সর্ব্ববিধসৌরভবাহী, সুমুখঃ সর্ব্বতঃসুখকরঃ ॥৪৩॥

চিত্রা ইতি। অচিন্ত্যাশ্চিন্তয়িতুমপ্যশক্যাঃ প্রাগদর্শনাৎ। দ্রুমা আসন্নিতি শেষঃ ॥৪৪॥

রত্নেতি। রত্নজালেন পরিক্ষিপ্তং পরিবেষ্টিতম্। রাক্ষসাধিপতেঃ কুবেরস্য ॥৪৫॥

গদেতি। সমভিত্যক্তং সর্ব্বথা ত্যক্তুমুদ্যতং জীবিতং যেন সঃ ॥৪৬॥

তত ইতি। উপাধ্মাসীৎ বাদিতবান। তলশব্দং করতলধ্বনিম্। ভূতানি প্রাণিনঃ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

দক্ষে স্যাৎ" ইতি বিশ্বঃ ॥৪০—৪১॥ বক্রভাবেন বক্রেণ বাহুনা উপলক্ষিতঃ এতেঽস্মান্ প্রত্যুদ্গচ্ছন্তীতি বা বক্রবুদ্ধ্যা খেদেন তদ্দর্শনাৎ স্বসম্পৎস্মরণং তেন দ্রবিণাধিপতেঃ ধনাধি-

---

সেই সময়ে সর্ব্বপ্রকার সৌরভবাহী অত্যন্ত সুখজনক গন্ধমাদনপর্ব্বতজাত বায়ু সকল প্রাণীকে আমোদিত করিয়া বহিত হইতে থাকিল ॥৪৩॥

সেই পুরীটীর ভিতরে বিচিত্র, নানাবর্ণ, বিচিত্র মঞ্জরীযুক্ত ও অচিন্তনীয় নানাবিধ পরম সুন্দর বৃক্ষ সকল শোভা পাইতেছিল ॥৪৪॥

ভীমসেন আরও দেখিলেন—কুবেরের পুরীটা রত্নের ঝালরে পরিবেষ্টিত এবং বিচিত্র মাল্যে অলঙ্কৃত রহিয়াছে ॥৪৫॥

তখন গদা, তরবারি ও কার্ম্মুকধারী এবং জীবনত্যাগে উদ্যত মহাবাহু ভীমসেন কিছু কাল পর্ব্বতের ন্যায় অচল হইয়া রহিলেন ॥৪৬॥

তাহার পর তিনি শত্রুগণের রোমাঞ্চজনক শঙ্খধ্বনি করিলেন এবং জ্যাশব্দ ও তলশব্দ করিয়া তত্রত্য প্রাণিগণকে মোহিত করিলেন ॥৪৭॥

গদাপরিঘনিস্ত্রিংশ শূলশক্তিপরশ্বধাঃ।
প্রগৃহীতা ব্যরোচন্ত যক্ষরাক্ষসবাহুভিঃ।
ততঃ প্রববৃতে যুদ্ধং তেষাং তস্য চ ভারত ! ॥৪৯॥
তৈঃ প্রমুক্তান্ মহামায়ৈঃ শূলশক্তিপরশ্বধান্।
ভল্লৈর্ভীমঃ প্রচিচ্ছেদ ভীমবেগতরৈস্ততঃ ॥৫০॥
অন্তরীক্ষগতানাঞ্চ ভূয়িষ্ঠানাঞ্চ গর্জ্জতাম্।
শরৈর্বিব্যাধ গাত্রাণি রাক্ষসানাং মহাবলঃ ॥৫১॥
গাত্রেভ্যঃ প্রচ্যুতা ধারা রাক্ষসানাং সমন্ততঃ।
স লোহিতমহাবৃষ্টিমভ্যবর্ষন্মহাবলঃ ॥৫২॥
গদাপরিঘপাণীনাং রক্ষসাং কায়সম্ভবা।
কায়েভ্যঃ প্রচ্যুতা ধারা রাক্ষসানাং সমন্ততঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রকৃষ্টোদ্ধতশব্দশ্রবণাৎ রোমাঞ্চিতদেহাঃ। অভিলক্ষীকৃত্য ॥৪৮॥

গদেতি। তেষাং যক্ষরাক্ষসানাম্, তস্য ভীমস্য চ। ষট্পদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥

তৈরিতি। প্রমুক্তান্ নিক্ষিপ্তান্, মহামায়ৈর্ভীমমায়াশালিভিঃ ॥৫০॥

অন্তরীক্ষেতি। ভূয়িষ্ঠানাং বহূনাম্। মহাবলো ভীমসেনঃ ॥৫১॥

গাত্রেভ্য ইতি। ধারা রক্তানামিতি শেষঃ। স মহাবলো ভীম এব তাং লোহিতমহাবৃষ্টিং রক্তানাং মহাবর্ষণম্, অভ্যবর্ষৎ শরবর্ষণেনাকরোৎ ॥৫২॥

উক্তমেবার্থং কিঞ্চিদ্বিশেষবোধনায় পুনরাহ—গদেতি। অত্রাপি ধারা রক্তানামেব ॥৫৩॥

---

তদনন্তর রোমাঞ্চিত দেহ যক্ষ, রাক্ষস ও গন্ধর্ব্বগণ সেই শব্দ লক্ষ্য করিয়া ভীমের নিকট দ্রুত আগমন করিল ॥৪৮॥

ভরতনন্দন ! তখন যক্ষ ও রাক্ষসধৃত গদা, পরিঘ, তরবারি, শূল, শক্তি ও পরশু অত্যন্ত দীপ্তি পাইতে লাগিল। তাহার পর তাহাদের ও ভীমসেনের যুদ্ধ আরম্ভ হইল ॥৪৯॥

প্রথমে মহামায়াশালী যক্ষ ও রাক্ষসেরা শূল, শক্তি ও পরশু নিক্ষেপ করিল; তখন ভীমসেন ভয়ঙ্কর বেগবান্ ভল্লদ্বারা সেগুলি ছেদন করিলেন ॥৫০॥

এবং মহাবল ভীমসেন—আকাশবর্ত্তী গর্জ্জনকারী বহুতর রাক্ষসের দেহ বাণদ্বারা বিদ্ধ করিলেন ॥৫১॥

সকল দিকেই রাক্ষসগণের দেহ হইতে রক্তধারা পতিত হইতে লাগিল; মহাবল ভীমসেনই অস্ত্র বর্ষণ করিয়া সেই রক্তের মহাবৃষ্টি করিয়াছিলেন ॥৫২॥

---

(৫২)···পূর্ব্বার্দ্ধং বা ব কা পি নাস্তি। সা লোহিতমহাবৃষ্টিরভ্যবর্ষন্মহাবলম্—বা ব কা পি।

ভীমবাহুবলোৎসৃষ্টৈরায়ুধৈর্যক্ষরক্ষসাম্ ।
বিনিকৃত্তানি দৃশ্যন্তে শরীরাণি শিরাংসি চ ॥৫৪॥
প্রচ্ছাদ্যমানং রক্ষোভিঃ পাণ্ডবং প্রিয়দর্শনম্ ।
দদৃশুঃ সর্ব্বভূতানি সূর্য্যমভ্রগণৈরিব ।৫৫॥
স রশ্মিভিরিবাদিত্যঃ শরৈররিনিঘাতিভিঃ ।
সর্ব্বানাচ্ছন্মহাবাহুর্বলবান্ সত্যবিক্রমঃ ॥৫৬॥
অভিতর্জয়মানাশ্চ রুবন্তশ্চ মহারবান্ ।
ন মোহং ভীমসেনস্য দদৃশুঃ সর্ব্বরাক্ষসাঃ ॥৫৭॥
তৈঃ শরৈঃ ক্ষতসর্ব্বাঙ্গা ভীমসেনভয়ার্দ্দিতাঃ ।
ভীমমার্ত্তস্বরং চক্রুর্বিপ্রকীর্ণমহায়ুধাঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

ভীমেতি। ভীমেন বাহুবলেন উৎসৃষ্টৈর্নিক্ষিপ্তৈঃ। বিনিকৃত্তানি ছিন্নানি ॥৫৪॥
প্রেতি। প্রচ্ছাদ্যমানম্, অস্ত্রৈরিতি শেষঃ। অভ্রগণৈর্মেঘসমূহৈঃ ॥৫৫॥
স ইতি। রশ্মিভিঃ কিরণৈঃ। অরিনিঘাতিভিঃ শত্রুনাশকৈঃ। আচ্ছৎ আচ্ছাদয়ৎ ॥৫৬॥
অভীতি। রুবন্তঃ কুর্ব্বন্তঃ। মোহং বৈচিত্ত্যং ভয়মিত্যর্থঃ ॥৫৭॥
তৈরিতি। ভীমং ভয়ঙ্করম্। বিপ্রকীর্ণানি বিক্ষিপ্তানি মহায়ুধানি যৈস্তে ॥৫৮॥

গদা ও পরিঘধারী রাক্ষসগণের দেহসম্ভূত রক্তধারা তাহাদের দেহ হইতে সকল দিকেই পতিত হইতে থাকিল ॥৫৩॥

ভীমসেনকর্ত্তৃক বাহুবলনিক্ষিপ্ত অস্ত্রসমূহদ্বারা যক্ষ ও রাক্ষসগণের দেহ ও মস্তক ছিন্ন হইতে দেখা যাইতে লাগিল ॥৫৪॥

তখন মেঘসমূহ যেমন সূর্য্যকে আচ্ছাদন করে, সেইরূপ রাক্ষসেরা অস্ত্রবর্ষণ করিয়া প্রিয়দর্শন ভীমসেনকে আচ্ছাদন করিল; ইহা সকল প্রাণীই দেখিতে লাগিল ॥৫৫॥

এই সময়ে সূর্য্য যেমন কিরণদ্বারা সমস্ত আচ্ছাদন করেন, তেমন বলবান্, মহাবাহু ও যথার্থবিক্রমশালী ভীমসেন শত্রুনাশক বাণদ্বারা সকল রাক্ষসকেই আচ্ছাদন করিলেন ॥৫৬॥

রাক্ষসেরা সকলে অত্যন্ত তর্জ্জন ও গুরুতর গর্জ্জন করিয়াও ভীমসেনের ভয় হইতে দেখিল না ॥৫৭॥

কিন্তু ভীমের বাণে ক্ষতবিক্ষত দেহ এবং তাঁহারই ভয়ে আকুল হইয়া রাক্ষসেরা অস্ত্র পরিত্যাগ করিয়া ভয়ঙ্কর আর্ত্তনাদ করিতে লাগিল ॥৫৮॥

(৫৮) রক্ষা বিক্ষতসর্ব্বাঙ্গাঃ—বা ব কা নি।

উৎসৃজ্য তে গদাঃ শূলান্যসিশক্তিপরশ্বধান্।
দক্ষিণাং দিশমাজগ্মুস্ত্রাসিতা দৃঢ়ধন্বনা ॥৫৯॥
তত্র শূলগদাপাণির্ব্যূঢ়োরস্কো মহাভুজঃ।
সখা বৈশ্রবণস্যাসীন্মণিমান্ নাম রাক্ষসঃ ॥৬০॥
অদর্শযদধীকারং পৌরুষঞ্চ মহাবলঃ।
স তান্ দৃষ্ট্বা পরাবৃত্তান্ স্ময়মান ইবাব্রবীৎ ॥৬১॥
একেন বহবঃ সংখ্যে মানুষেণ পরাজিতাঃ।
প্রাপ্য বৈশ্রবণাবাসং কিং বক্ষ্যথ ধনেশ্বরম্ ॥৬২॥
এবমাভাষ্য তান্ সর্ব্বানভ্যবর্ত্তৎ স রাক্ষসঃ।
শক্তিশূলগদাপাণির্যোধয়িষ্যন্ বৃকোদরম্ ॥৬৩॥
তমাপতন্তং সংপ্রেক্ষ্য প্রভিন্নমিব বারণম্।
বৎসদন্তৈস্ত্রিভিঃ পার্শ্বে ভীমসেনঃ সমার্দ্দয়ৎ ॥৬৪॥

ভাবপ্রকৌমুদী

উৎসৃজ্যেতি। দৃঢ়ং ধনুর্যস্য তেন ভীমসেনেন, ত্রাসিতা ভয়ং প্রাপিতাঃ ॥৫৯॥
তত্রেতি। তত্র তেষাং মধ্যে। ব্যূঢ়োরস্কো বিশালবক্ষাঃ। বৈশ্রবণস্য কুবেরস্য ॥৬০॥
অদর্শযদিতি। অধীকারং নিজপ্রভুত্বম্। পরাবৃত্তান্ বিমুখান্ ॥৬১॥
একেনেতি। সংখ্যে যুদ্ধে। বৈশ্রবণাবাসং কুবেরভবনম্। ধনেশ্বরং কুবেরম্ ॥৬২॥
এবমিতি। অভ্যবর্ত্তৎ আভিমুখ্যেনাধাবৎ, স মণিমান্ ॥৬৩॥

তাহার পর তাহারা দৃঢ়ধন্বা ভীমের ভয়ে গদা, শূল, তরবারি, শক্তি ও পরশু পরিত্যাগ করিয়া দক্ষিণদিকে পলায়ন করিতে লাগিল ॥৫৯॥

তাহাদের মধ্যে কুবেরের সখা, শূল ও গদাধারী, বিশালবক্ষা ও মহাবাহু 'মণিমান্'-নামে এক রাক্ষস ছিল ॥৬০॥

সেই মহাবল মণিমান্ নিজের প্রভুত্ব ও পুরুষকার দেখাইতে প্রবৃত্ত হইল এবং অপর রাক্ষসদিগকে পলায়ন করিতে দেখিয়া ঈষৎ হাস্য করিয়াই যেন বলিল—॥৬১॥

"রাক্ষসগণ! তোমরা বহুসংখ্যক হইয়াও একটা মানুষের হাতে পরাজিত হইয়াছ; সুতরাং তোমরা কুবেরভবনে যাইয়া তাঁহাকে কি বলিবে?" ॥৬২॥

সেই সকল রাক্ষসকে এইরূপ বলিয়া মণিমান্ ভীমের সহিত যুদ্ধ করিবার জন্য শক্তি, শূল ও গদা ধারণ করিয়া ভীমের দিকে ধাবিত হইল ॥৬৩॥

---

(৫৯) উৎসৃজ্য তে গদাশূলান্—বা ব কা নি। (৬০) ততঃ শূলগদাপাণিঃ—পি। (৬১) দর্শয়ন্ স প্রতীকারম্—নি। (৬৩)…অভ্যধাবৎ স পাণ্ডবম্—বা ব কা নি। (৬৪) তমাপতন্তং বেগেন—বা ব কা।

মণিমানপি সংক্রুদ্ধঃ প্রগৃহ্য মহতীং গদাম্।
প্রাহিণোদ্ভীমসেনায় পরিক্ষিপ্য মহাবলঃ ॥৬৫॥
বিদ্যুদ্রূপাং মহাঘোরামাকাশে মহতীং গদাম্।
শরৈর্বহুভিরভ্যাচ্ছর্দ্ভীমসেনঃ শিলাশিতৈঃ ॥৬৬॥
প্রত্যহন্যন্ত তে সর্ব্বে গদামাসাদ্য সায়কাঃ।
ন বেগং ধারয়ামাসুর্গদাবেগস্য বেগিতাঃ ॥৬৭॥
গদাযুদ্ধসমাচারং বুধ্যমানঃ স বীর্য্যবান্।
ব্যংসয়ামাস তং তস্য প্রহারং ভীমবিক্রমঃ ॥৬৮॥
ততঃ শক্তিং মহাঘোরাং রুক্মদণ্ডাময়স্ময়ীম্।
তস্মিন্নেবান্তরে ধীমান্ প্রজহারাথ রাক্ষসঃ ॥৬৯॥

ভারতকৌমুদী

তমিতি। প্রভিন্নং মদস্রাবিণম্, বারণং হস্তিনম্। বৎসদন্তৈর্বাণবিশেষৈঃ ॥৬৪॥
মণিমানিতি। প্রাহিণোৎ প্রেরিতবান্, পরিক্ষিপ্য পরিভ্রাম্য ॥৬৫॥
বিদ্যুদিতি। বিদ্যুদ্রূপাং বিদ্যুতমিবোজ্জ্বলাম্, স্বর্ণপট্টবেষ্টিতত্বাৎ। অভ্যাচ্ছর্দাহতবান্ ।৬৬॥
প্রতীতি। ন ধারয়ামাসুঃ নিবারয়িতুং ন শেকুরিত্যর্থঃ ॥৬৭॥
গদেতি। গদাযুদ্ধস্য সমাচারং সম্যগ্ ব্যবহারম্। ব্যংসয়ামাস গদয়ৈব ব্যর্থং চকার ॥৬৮॥

ভারতভাবদীপঃ

পত্তেঃ ॥৪২—৪৪॥ দদৃশে দদর্শ ॥৪৫—৬০॥ অদর্শয়দধীকারং স্বামাং প্রাগ্ দর্শিতবান্, যঃ স মণিমানিতি যত্তদোরধ্যাহারেণ যোজ্যম্ ॥৬১॥ সংখ্যে সংগ্রামে ॥৬২–৬৬॥ প্রত্যহন্যন্ত প্রতিহতাঃ, বেগিতা বেগবন্তোঽপি, গদাবেগস্য গদায়াং বেগোঽহত্যভ্যাসো যস্য তস্য ॥৬৭॥

তখন ভীমসেন—মদস্রাবী হস্তীর ন্যায় তাহাকে আসিতে দেখিয়া তিনটা বৎসদন্ত-(বাণবিশেষ) দ্বারা তাহার পার্শ্বদেশে তাড়ন করিলেন ॥৬৪॥

তখন মহাবল মণিমান্‌ও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া বিশাল গদা ধারণ করিয়া ঘূর্ণন-পূর্ব্বক তাহা ভীমের উপরে নিক্ষেপ করিল ॥৬৫॥

বিদ্যুতের ন্যায় উজ্জ্বল ও অতিভয়ঙ্কর সেই বিশাল গদা আকাশে আসিতে লাগিলে, ভীমসেন শিলাশাণিত বহুতর বাণদ্বারা তাহার উপরে আঘাত করিলেন ॥৬৬॥

কিন্তু সে সকল বাণই গদার উপরে সংলগ্ন হইয়া প্রতিহত হইল, বেগবান্ হইয়াও গদার বেগ বারণ করিতে পারিল না ॥৬৭॥

বলবান্ ও ভয়ঙ্কর বিক্রমশালী ভীমসেন গদাযুদ্ধের প্রণালী জানিতেন বলিয়া আপন গদাদ্বারাই সেই গদার প্রহার ব্যর্থ করিলেন ॥৬৮॥

(৬৫)...পরিগৃহ্য মহাবলঃ—বা ব কা নি।

সা ভুজং ভীমনির্হ্রাদা ভিত্ত্বা ভীমস্য দক্ষিণম্।
সাগ্নিজ্বালা মহারৌদ্রা পপাত সহসা ভুবি ॥৭০॥
সোঽতিবিদ্ধো মহেষ্বাসঃ শক্ত্যামিতপরাক্রমঃ।
গদাং জগ্রাহ কৌন্তেয়ো গদাযুদ্ধবিশারদঃ ॥৭১॥
রুক্মপট্টপিনদ্ধাং তাং শত্রুণাং ভয়বর্দ্ধিনীম্।
প্রগৃহ্যাথ নদন্ ভীমঃ শৈক্যাং সর্ব্বায়সীং গদাম্।
তরসা চাভিদুদ্রাব মণিমন্তং মহাবলম্ ॥৭২॥
দীপ্যমানং মহাশূলং প্রগৃহ্য মণিমানপি।
প্রাহিণোদ্ভীমসেনায় বেগেন মহতা নদন্ ॥৭৩॥

ভারতকৌমুদী

তত ইতি। রুক্মদণ্ডাং স্বর্ণদণ্ডাম্, অয়স্ময়ীং লৌহময়ীম্ ॥৬৯॥

সেতি। ভীমনির্হ্রাদা ভয়ঙ্করশব্দা। সাগ্নিজ্বালা অগ্নিশিখাবদ্দীপ্তিসহিতা ॥৭০॥

স ইতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ, শক্ত্যা অতিবিদ্ধ ইতি সম্বন্ধঃ ॥৭১॥

রুক্মেতি। রুক্মপট্টপিনদ্ধাং স্বর্ণপট্টাবৃতাম্। শীকয়তে সহতে পরবেগমিতি শীক্যা "শীক মর্ষণে" ইতি চৌরাদিকশীকধাতোঃ "কৃত্যল্যুটোঽন্যত্রাপী"তি কর্ত্তরি যদাদ্যঃ, ততঃ স্বার্থে অণি তদ্ধিতবাহুল্যাদার্ষত্বাদ্বা স্ত্রিয়ামাপ্রত্যয়ঃ। সর্ব্বায়সীং সর্ব্বেষ্বেবায়বেষু লৌহনির্ম্মিতাম্। তরসা বেগেন। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭২॥

ভারতভাবদীপঃ

স ভীমঃ বাংসয়ামাস ব্যর্থীচকার ॥৬৮॥ অয়স্ময়ীং ছান্দসং ভত্বম্, অয়োময়ীমিতি যাবৎ ॥৬৯—৭১॥ শৈক্যাং শীকয়তি শত্রূন্ পরাভবতীতি শৈক্যা। শীকয়তেশ্চ হলোর্ণ্যদিতি ণ্যৎ, ততঃ স্বার্থিকোঽণ্ ॥৭২—৭৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৩॥

---

তাহার পর বুদ্ধিমান্ মণিমান্ রাক্ষস সেই অবসরে স্বর্ণদণ্ড, লৌহময় ও অতিভীষণ একটা শক্তি নিক্ষেপ করিল ॥৬৯॥

ভীষণশব্দকারী, অগ্নিশিখার ন্যায় উজ্জ্বল ও অতিভীষণ সেই শক্তিটা যাইয়া তৎক্ষণাৎ ভীমের দক্ষিণবাহু ভেদ করিয়া ভূতলে পতিত হইল ॥৭০॥

মহাধনুর্দ্ধর, অমিতপরাক্রম ও গদাযুদ্ধবিশারদ ভীমসেন সেই শক্তিদ্বারা অত্যন্ত বিদ্ধ হইয়া গদা ধারণ করিলেন ॥৭১॥

স্বর্ণপট্টাবৃত, শত্রুগণের ভয়বর্দ্ধক ও বেগসহিষ্ণু এবং লৌহময় সেই গদা ধারণপূর্ব্বক গর্জ্জন করিতে থাকিয়া ভীমসেন বেগে মহাবল মণিমানের প্রতি ধাবিত হইলেন ॥৭২॥

---

(৭১)···কৌন্তেয়ঃ ক্রোধপর্য্যাকুলেক্ষণঃ—বা ব কা।

ভঙ্‌ক্ত্বা শূলং গদাগ্রেণ গদাযুদ্ধবিশারদঃ।
অভিদুদ্রাব তং হন্তুং গরুত্মানিব পন্নগম্ ॥৭৪॥
সোঽন্তরীক্ষমবপ্লুত্য বিধূয় সহসা গদাম্।
প্রচিক্ষেপ মহাবাহুর্বিনদ্য রণমূর্দ্ধনি ॥৭৫॥
সেন্দ্রাশনিরিবেন্দ্রেণ বিসৃষ্টা বাতরংহসা।
হত্বা রক্ষঃ ক্ষিতিং প্রাপ্য কৃত্যেব নিপপাত হ ॥৭৬॥
তং রাক্ষসং ভীমবলং ভীমসেনেন পাতিতম্।
দদৃশুঃ সর্ব্বভূতানি সিংহেনেব গবাং পতিম্ ॥৭৭॥
তং প্রেক্ষ্য নিহতং ভূমৌ হতশেষা নিশাচরাঃ।
ভীমমার্ত্তস্বরং কৃত্বা জগ্মুঃ প্রাচীং দিশং প্রতি ॥৭৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে মণিমদ্বধে ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

---

ভারতকৌমুদী

দীপ্যমানমিতি। মণিমান্ রাক্ষসোঽপি। ভীমসেনায় তদুপরি ॥৭৩॥
ভঙ্‌ক্তেতি। গদাযুদ্ধবিশারদো ভীমঃ। গরুত্মান্ গরুড়ঃ ॥৭৪॥
স ইতি। স ভীমঃ, অবপ্লুত্য উৎপ্লুত্য, বিধূয় বিভ্রাম্য ॥৭৫॥
সেতি। সা গদা, বাতরংহসা বায়ুবেগেন ভীমেন। কৃত্যেব আভিচারিকী দেবতেব ॥৭৬॥
তমিতি। সর্ব্বভূতানি সর্ব্বে প্রাণিনঃ। গবাং পতিং মহাবৃষভম্ ॥৭৭॥

---

মণিমান্‌ও একটা উজ্জ্বল মহাশূল ধারণ করিয়া গর্জ্জন করতঃ মহাবেগে সেটাকে ভীমের উপরে নিক্ষেপ করিল ॥৭৩॥

তখন গদাযুদ্ধবিশারদ ভীমসেন গদার অগ্রদ্বারা সেই শূলটাকে ভগ্ন করিয়া গরুড় যেমন সর্পের প্রতি ধাবিত হন, সেইরূপ মণিমান্‌কে বধ করিবার জন্য তাহার প্রতি ধাবিত হইলেন ॥৭৪॥

এবং তৎক্ষণাৎ তিনি লম্ফপ্রদানপূর্ব্বক আকাশে উঠিয়া গদা ঘূর্ণিত করিয়া গর্জ্জন করতঃ যুদ্ধস্থলে মণিমানের উপরে সেই গদা নিক্ষেপ করিলেন ॥৭৫॥

তখন ইন্দ্রনিক্ষিপ্ত বজ্রের ন্যায় বায়ুবেগে ভীমনিক্ষিপ্ত সেই গদা মণিমান্‌কে নিহত ও ভূপাতিত করিয়া কৃত্যার (অভিচারদেবতার) ন্যায় পতিত হইল ॥৭৬॥

সেই সময়ে সকল প্রাণীই সিংহকর্ত্তৃক নিপাতিত মহাবৃষের ন্যায় ভীমকর্ত্তৃক নিপাতিত মহাবল মণিমান্‌কে দেখিতে লাগিল ॥৭৭॥

---

* '…ষষ্ট্যধিক…'—বা ব কা পি, '…একষষ্ট্যধিক…'—নি।

# চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা বহুবিধৈঃ শব্দৈর্বাধ্যমানাং গিরেগুর্হাম্।
অজাতশত্রুঃ কৌন্তেয়ো মাদ্রীপুত্রাবুভাবপি ॥১॥
ধৌম্যঃ কৃষ্ণা চ বিপ্রাশ্চ সর্বে চ সুহৃদস্তথা।
ভীমসেনমপশ্যন্তঃ সর্বে বিমনসোঽভবন্ ॥২॥ (যুগ্মকম্)
দ্রৌপদীমার্ষ্টিষেণায় সম্প্রধার্য্য মহারথাঃ।
সহিতাঃ সায়ুধাঃ শূরাঃ শৈলমারুরুহুস্তদা ॥৩॥
ততঃ সম্প্রাপ্য শৈলাগ্রং বীক্ষমাণা মহারথাঃ।
দদৃশুস্তে মহেষ্বাসা ভীমসেনমরিন্দমাঃ ॥৪॥

ভাবকৌমুদী

তমিতি। নিশাচরা রাক্ষসাঃ, ভীমং ভীষণম, আর্ত্তস্বরম্ আর্ত্তনাদম্ ॥৭৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে ত্রয়স্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

-ঃ*ঃ-

শ্রুত্বেতি। বাধ্যমানাং প্রতিধ্বনয়া সম্পাদ্যমানাম। বিমনসঃ উদ্বিগ্নচিত্তাঃ ॥১—২॥

দ্রৌপদীমিতি। সম্প্রধার্য্য আর্ষ্টিষেণাশ্রমে অবস্থাপ্য। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥৩॥

আর, হতাবশিষ্ট রাক্ষসেরা মণিমানকে নিহত ও ভূতলপতিত দেখিয়া ভয়ঙ্কর আর্ত্তনাদ করিয়া পূর্ব্বদিকে পলায়ন করিল ॥৭৮॥

—ঃ*ঃ—

বৈশম্পায়ন বলিলেন—নিকটবর্ত্তী পর্ব্বতগুহার ভিতরে নানাবিধ যুদ্ধধ্বনির প্রতিধ্বনি হইতেছে ইহা শুনিয়া যুধিষ্ঠির, নকুল, সহদেব, ধৌম্য, দ্রৌপদী, ব্রাহ্মণগণ এবং বন্ধুগণ—ইঁহারা সকলেই ভীমকে না দেখিয়া উদ্বিগ্ন হইলেন ॥১—২॥

তখন মহারথ ও মহাবীর পাণ্ডবেরা দ্রৌপদীকে আর্ষ্টিষেণমুনির নিকটে রাখিয়া অস্ত্র-শস্ত্র লইয়া সম্মিলিত হইয়া পর্ব্বতের উপরে আরোহণ করিলেন ॥৩॥

তাহার পর মহারথ, মহাধনুর্দ্ধর ও শত্রুবিজয়ী পাণ্ডবেরা পর্ব্বতের উপরে যাইয়া সকল দিকে দৃষ্টিপাত করিয়া ভীমসেনকে দেখিতে পাইলেন; আরও

স্ফুরতশ্চ মহাকায়ান্ গতসত্ত্বাংশ্চ রাক্ষসান্ ।
মহাবলান্ মহাসত্ত্বান্ ভীমসেনেন পাতিতান্ ॥৫॥ (যুগ্মকম্)
শুশুভে স মহাবাহুর্গদাখড়্গধনুর্দ্ধরঃ ।
নিহত্য সমরে সর্ব্বান্ দানবান্ মঘবানিব ॥৬॥
ততস্তে ভ্রাতরং দৃষ্ট্বা পরিষ্বজ্য মহারথাঃ ।
তত্রোপবিবিশুঃ পার্থাঃ প্রাপ্তা গতিমনুত্তমাম্ ॥৭॥
তৈশ্চতুর্ভির্মহেষ্বাসৈর্গিরিশৃঙ্গমশোভত ।
লোকপালৈর্মহাভাগৈর্দিবং দেববরৈরিব ॥৮॥
কুবেরসদনং দৃষ্ট্বা রাক্ষসাংশ্চ নিপাতিতান্ ।
ভ্রাতা ভ্রাতরমাসীনমব্রবীৎ পৃথিবীপতিঃ ॥৯॥

যুধিষ্ঠির উবাচ ।

সাহসাদ্‌যদি বা মোহাদ্ভীম ! পাপমিদং কৃতম্ ।
নৈতত্তে সদৃশং বীর ! মুনেরিব মৃষা বধঃ ॥১০॥

---

ভারতকৌমুদী

তত ইতি । মহেষ্বাসা মহাধনুর্দ্ধরাঃ । স্ফুরতঃ স্পন্দমানান্, সদ্যো নিহতত্বাদিতি ভাবঃ । গতসত্ত্বান্ নির্গতপ্রাণান্ । মহাসত্ত্বান্ মহাধ্যবসায়ান্ ॥৪—৫॥

শুশুভ ইতি । সর্ব্বান্ রাক্ষসান্, দানবান্ নিহত্য মঘবান্ ইন্দ্র ইব ॥৬॥

তত ইতি । পরিষ্বজ্য আলিঙ্গ্য । পার্থাঃ পাণ্ডবাঃ । গম্যত ইতি গতিঃ স্থানম্ ॥৭॥

তৈরিতি । চতুর্ভিঃ যুধিষ্ঠিরভীমনকুলসহদেবৈঃ । দিবং স্বর্গঃ ॥৮॥

কুবেরেতি । ভ্রাতা যুধিষ্ঠিরঃ, ভ্রাতরং ভীমম্ ॥৯॥

---

দেখিলেন—বিশালদেহ, মহাবল ও মহোদ্যম রাক্ষসেরা ভীমকর্তৃক নিপাতিত এবং প্রাণহীন হইয়া তখনও স্পন্দিত হইতেছে (ছট্‌ফট্ করিতেছে) ॥৪—৫॥

ইন্দ্র যেমন যুদ্ধে দানবগণকে সংহার করিয়া শোভা পাইতেন, গদা, তরবারি ও ধনুর্দ্ধারী মহাবাহু ভীমসেনও যুদ্ধে রাক্ষসগণকে সংহার করিয়া তেমনই শোভা পাইতেছিলেন ॥৬॥

তদনন্তর মহারথ পাণ্ডবেরা ভ্রাতা ভীমকে দেখিয়া আলিঙ্গন করিয়া উত্তম স্থানে যাইয়া সেখানে উপবেশন করিলেন ॥৭॥

মহাত্মা ও দেবশ্রেষ্ঠ ইন্দ্র, যম, বরুণ ও কুবেরদ্বারা স্বর্গলোক যেমন শোভা পায়, তেমন মহাধনুর্দ্ধর যুধিষ্ঠির, ভীম, নকুল ও সহদেবদ্বারা সেই পর্ব্বতশৃঙ্গ শোভা পাইতে লাগিল ॥৮॥

তখন ভ্রাতা যুধিষ্ঠির কুবেরের ভবন ও নিহত রাক্ষসগণকে দেখিয়া উপবিষ্ট ভ্রাতা ভীমসেনকে বলিলেন ॥৯॥

রাজবিদ্বিষ্টং ন কর্ত্তব্যমিতি ধর্ম্মবিদো বিদুঃ।
ত্রিদশানামিদং দ্বিষ্টং ভীমসেন! ত্বয়া কৃতম্ ॥১১॥
অর্থধর্ম্মাবনাদৃত্য যঃ পাপে কুরুতে মনঃ।
কর্ম্মণাং পার্থ! পাপানাং স ফলং বিন্দতে ধ্রুবম্ ॥১২॥
সাহসং বত ভদ্রং তে দেবানামপি চাপ্রিয়ম্।
পুনরেবং ন কর্ত্তব্যং মম চেদিচ্ছসি প্রিয়ম্ ॥১৩॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্ত্বা স ধর্ম্মাত্মা ভ্রাতা ভ্রাতরমচ্যুতঃ।
ভীমসেনং মহাবাহুমপ্রধৃষ্যপরাক্রমম্ ॥১৪॥
অর্থতত্ত্ববিভাগজ্ঞঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
বিররাম মহাতেজাস্তমেবার্থং বিচিন্তয়ন্ ॥১৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সাহসাদিতি। যেন হি মুনেরিব অহিংসকস্য রাক্ষসগণস্য বধো মুধা নির্হেতুকঃ ॥১০॥

রাজেতি। ত্রিদশানাং রক্ষকত্বান্মর্ত্যলোকরাজভূতানামিত্যাশয়ঃ ॥১১॥

অর্থেতি। পাপানাং পাপজনকানাম্। বিন্দতে লভতে ॥১২॥

সাহসমিতি। বত খেদে। তে তব ভদ্রং মঙ্গলমস্ত্বিতি শেষঃ ॥১৩॥

এবমিতি। অচ্যুতো ধর্ম্মাদভ্রষ্টঃ। অর্থতত্ত্ববিভাগজ্ঞো বিষয়পার্থক্যজ্ঞঃ ॥১৪–১৫॥

---

যুধিষ্ঠির বলিলেন—"ভীম! বীর! তুমি হঠকারিতাবশতঃ অথবা মোহবশতই এই পাপের কার্য্য করিয়াছ; ইহা তোমার পক্ষে উচিত হয় নাই। কারণ, মুনিবধের ন্যায় এই রাক্ষসবধ বিনা কারণে হইয়াছে ॥১০॥

ভীমসেন! ধর্ম্মজ্ঞেরা বলেন যে, যাহাতে রাজার বিদ্বেষ হইতে পারে, তেমন কার্য্য করিতে নাই। তুমি এটা দেবগণের বিদ্বেষের কার্য্য করিয়াছ ॥১১॥

ভীমসেন! যে লোক ধর্ম্ম ও অর্থকে অগ্রাহ্য করিয়া পাপে মনোনিবেশ করে, সে লোক নিশ্চয়ই পাপকর্ম্মের ফল ভোগ করে ॥১২॥

তোমার মঙ্গল হউক। তুমি যদি আমার প্রিয়কার্য্য করিতে ইচ্ছা কর, তাহা হইলে পুনরায় এরূপ হঠকারিতার কার্য্য এবং দেবগণের অপ্রিয় কার্য্য করিও না" ॥১৩॥

বৈশম্পায়ন বলিলেন—অর্থতত্ত্বের পার্থক্যাভিজ্ঞ, ধর্ম্মাত্মা, ধর্ম্মচারী ও মহাতেজা ভ্রাতা যুধিষ্ঠির মহাবাহু ও অজেয়বিক্রম ভ্রাতা ভীমসেনকে এইরূপ বলিয়া বিরত হইলেন এবং সেই বিষয়ই চিন্তা করিতে লাগিলেন ॥১৪—১৫॥

---

(১৩) পূর্ব্বার্দ্ধং বা ব কা পি নাস্তি। (১৪)···ভ্রাতরমচ্যুতম্—পি নি।

ততস্তে হতশিষ্টা যে ভীমসেনেন রাক্ষসাঃ।
সহিতাঃ প্রত্যপদ্যন্ত কুবেরসদনং প্রতি ॥১৬॥
তে জবেন মহাবেগাঃ প্রাপ্য বৈশ্রবণালয়ম্।
ভীমমার্ত্তস্বরং চক্রুর্ভীমসেনভয়ার্দ্দিতাঃ ॥১৭॥
ন্যস্তশস্ত্রায়ুধাঃ ক্লান্তাঃ শোণিতাক্ততনুচ্ছদাঃ।
প্রকীর্ণমূর্দ্ধজা রাজন্! যক্ষাধিপতিমব্রুবন্ ॥১৮॥
গদাপরিঘনিস্ত্রিংশ-তোমরপ্রাসযোধিনঃ।
রাক্ষসা নিহতাঃ সর্ব্বে তব দেব! পুরঃসরাঃ ॥১৯॥
আক্রম্য তরসা শৈলং মানুষেণ ধনেশ্বর!।
একেন নিহতাঃ সর্ব্বে রণে ক্রোধবশা গণাঃ ॥২০॥

ভাবকৌমুদী

তত ইতি। হতশিষ্টা বিনাশিতাবশিষ্টাঃ। তে সহিতা মিলিতাঃ সন্তঃ, প্রত্যপদ্যন্ত অগচ্ছন্ ॥১৬॥

ত ইতি। জবেন বেগেন। বৈশ্রবণালয়ং কুবেরভবনম্। ভীমং ভয়ঙ্করম্ ॥১৭॥

ন্যস্তেতি। শস্ত্রং সন্নিধিপ্রহারসাধনম্, আয়ুধঞ্চ দূরপ্রহারসাধনমিতি ভেদাৎ পৃথগুক্তিঃ। শোণিতাক্ততনুচ্ছদা রুধিরাক্তকবচাঃ, প্রকীর্ণমূর্দ্ধজা বিক্ষিপ্তকেশাঃ ॥১৮॥

কিমব্রুবন্নিত্যাহ—গদেতি। পুরঃসরা নিয়মেন চিরাগ্রগামিনঃ ॥১৯॥

আক্রম্যেতি। তরসা বলেন। হে ধনেশ্বর! কুবের!। ক্রোধবশা নাম ॥২০॥

ভারতভাবদীপঃ

শ্রুত্বেতি ॥১—২॥ সম্প্রধার্য্য রক্ষার্থং সমর্প্য ॥৩—৯॥ মুনেরিব বনবাসিনস্তে তবৈতন্ন সদৃশং নোচিতং যৎ মুধা নির্নিমিত্তং বধো রক্ষসাং হিংসা ॥১০—১৫॥ সহিতা মিলিতাঃ ॥১৬—১৭॥

---

তাহার পর—ভীমসেন বধ করিবার পরে যাহারা অবশিষ্ট ছিল, সেই রাক্ষসেরা সম্মিলিত হইয়া কুবেরভবনের দিকে গমন করিল ॥১৬॥

মহাবেগগামী ও ভীমসেনের ভয়ে আকুল সেই রাক্ষসেরা সত্বর কুবেরের ভবনে উপস্থিত হইয়া ভয়ঙ্কর আর্ত্তনাদ করিল ॥১৭॥

রাজা! রক্তাক্তকবচ, বিকীর্ণকেশ ও পরিশ্রান্ত সেই রাক্ষসেরা অস্ত্র-শস্ত্র পরিত্যাগপূর্ব্বক যাইয়া কুবেরকে বলিল—॥১৮॥

"মহারাজ! আপনার অগ্রগামী এবং গদা, পরিঘ, তরবারি, তোমর ও প্রাসদ্বারা যুদ্ধকারী রাক্ষসেরা সকলেই নিহত হইয়াছে ॥১৯॥

ধনেশ্বর! একটা মানুষ বলপূর্ব্বক পর্ব্বত আক্রমণ করিয়া যুদ্ধে 'ক্রোধবশ'-নামক সমস্ত রাক্ষসকেই সংহার করিয়াছে। ॥২০॥

---

(২০) প্রমুস্থ তরসা শৈলম্—বা ব কা নি।

প্রবরা রাক্ষসেন্দ্রাণাং যক্ষাণাঞ্চ ধনাধিপ।
শেরতে নিহতা দেব। গতসত্ত্বাঃ পরাসবঃ ॥২১॥
ভগ্নঃ শৈলো বয়ং ভগ্না মণিমাংস্তে সখা হতঃ।
মানুষেণ কৃতং কর্ম্ম বিধৎস্ব যদনন্তরম্ ॥২২॥
স তচ্ছ্রুত্বা তু সংক্রুদ্ধঃ সর্ব্বযক্ষগণাধিপঃ।
ক্রোধসংরক্তনয়নঃ কথমিত্যব্রবীদ্বচঃ ॥২৩॥
দ্বিতীয়মপরাধ্যন্তং ভীমং শ্রুত্বা ধনেশ্বরং।
চুক্রোধ যক্ষাধিপতির্যুজ্যতামিতি চাব্রবীৎ ॥২৪॥

ভারতকৌমুদী

প্রবরা ইতি। গতসত্ত্বা নিবৃত্তাধ্যবসায় নিস্পন্দ ইত্যর্থঃ, গতাসবো মৃতাঃ ॥২১॥

ভগ্ন ইতি। ভগ্নাঃ পরাজিতাঃ। এতৎ সর্ব্বং কৃতং। অতঃ পরং যদ্বিধেয়ং তদ্বিধৎস্ব ॥২২॥

স ইতি। কথং কেন হেতুনা কেন প্রকারেণ বা মানুষেণেদং কর্ম্ম কৃতমিত্যর্থঃ ॥২৩॥

দ্বিতীয়মিতি। দ্বিতীয়ং দ্বিতীয়বারম্ সৌগন্ধিকহরণকালে। তত্র রক্ষিণাং হননেন প্রথমোঽপরাধঃ কৃতঃ, অয়ন্তু দ্বিতীয় ইত্যর্থঃ। যত্তু 'দ্বিতীয়মিব দ্বিতীয়ং ভয়হেতুম্' ইতি নীলকণ্ঠব্যাখ্যানং হেয়ম্। যুজ্যতাং রথ ইতি শেষঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

তনুচ্ছদঃ কবচাদিঃ ॥১৮—২১॥ [illegible] [illegible]। "[illegible] সঙ্কেতে বধে। অনন্তে না প্রসাদে চ" ইতি মেদিনী। [illegible] গোড়পাদে [illegible] ভীমেন জিতঃ, শৈলঃ শৈলস্থরাক্ষসগণঃ ॥২২—২৩॥ দ্বিতীয়মিব [illegible] ভয়হেতুম্ "দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতি"

দেব! ধনেশ্বর! রাক্ষসশ্রেষ্ঠগণ ও যক্ষশ্রেষ্ঠগণ নিহত, নিস্পন্দ ও প্রাণহীন হইয়া শয়ন করিয়া রহিয়াছে! ॥২১॥

পর্ব্বত ভাঙ্গিয়াছে, আমাদিগকে পরাজিত করিয়াছে এবং আপনার সখা মণিমানকে বধ করিয়াছে; একটা মানুষই এই সকল কর্ম্ম করিয়াছে; অতএব ইহার পর যাহা কর্ত্তব্য হয়, তাহা করুন" ॥২২॥

সকল যক্ষগণের রাজা কুবের সেই কথা শুনিয়া অত্যন্ত ক্রুদ্ধ ও ক্রোধে আরক্তনয়ন হইয়া এই কথা বলিলেন যে—"একটা মানুষ কি কারণে বা কি প্রকারে এইরূপ করিল।" ॥২৩॥

ধনেশ্বর কুবের ভীমসেনকে দ্বিতীয়বার অপরাধ করিতে শুনিয়া ক্রুদ্ধ হইলেন এবং বলিলেন—"আমার রথ প্রস্তুত কর" ॥২৪॥

---

(২২) লব্ধশেষা বয়ং মুক্তা মণিমাংস্তে—বা ব কা পি। (২৩) স তচ্ছ্রুত্বা সুসংক্রুদ্ধঃ—বা ব কা, …এতচ্ছ্রুত্বা তু সংরব্ধঃ—পি।

অথাভ্রঘনসঙ্কাশং গিরিশৃঙ্গমিবোচ্ছ্রিতম্ ।
রথং সংযোজয়ামাসুর্গান্ধর্বৈর্হেমমালিভিঃ ॥২৫॥
তস্য সর্ব্বগুণোপেতা বিমলাক্ষা হয়োত্তমাঃ ।
তেজোবলগুণোপেতা নানারত্নবিভূষিতাঃ ॥২৬॥
শোভমানা রথে যুক্তাস্তরিষ্যন্ত ইবাশুগাঃ ।
হ্রেষয়ামাসুরন্যোন্যং হ্রেষিতৈর্বিজয়াবহৈঃ ॥২৭॥ (যুগ্মকম্)
স তমাস্থায় ভগবান্ রাজরাজো মহারথম্ ।
প্রযযৌ দেবগন্ধর্ব্বৈস্তূয়মানো মহাদ্যুতিঃ ॥২৮॥
তং প্রয়ান্তং মহাত্মানং সর্ব্বে যক্ষা ধনাধিপম্ ।
অনুজগ্মুর্মহাত্মানং ধনদং ঘোরদর্শনাঃ ॥২৯॥
রক্তাক্ষা হেমসঙ্কাশা মহাকায়া মহাবলাঃ ।
সায়ুধা বদ্ধনিস্ত্রিংশা যক্ষা দশশতাবরাঃ ॥৩০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অথেতি । অথ যক্ষাঃ, অপো বিভর্ত্তীতি অবভ্রো জলপূর্ণো যো ঘনো মেঘস্তৎসঙ্কাশম্, গিরিশৃঙ্গমিব উচ্ছ্রিতমুচ্চং রথম্, হেমমালিভিঃ, গান্ধর্ব্বৈরশ্বৈঃ, সংযোজয়ামাসুঃ ॥২৫॥

তস্যেতি । বিমলাক্ষা নির্ম্মলনয়নাঃ । আশুগা দ্রুতগামিনঃ । হ্রেষিতৈঃ শব্দৈঃ ॥২৬—২৭॥

স ইতি । আস্থায় আশ্রিত্য আরুহ্যেতি যাবৎ, রাজরাজঃ কুবেরঃ ॥২৮॥

তমিতি । মহাত্মানং প্রশস্তবুদ্ধিম্, মহাত্মানং প্রশস্তদেহমিত্যপৌনরুক্ত্যম্ । রক্তাক্ষা রক্তনয়নাঃ । দশ শতান্যেব অবরাণি নিকৃষ্টকোটয়ো যেষাং তে ॥২৯—৩০॥

তাহার পর যক্ষেরা—জলপূর্ণ মেঘের ন্যায় শ্যামবর্ণ এবং পর্ব্বতশৃঙ্গের ন্যায় উচ্চ একখানা রথে স্বর্ণমালাভূষিত অশ্ব আনিয়া সংযুক্ত করিল ॥২৫॥

তখন সর্ব্বগুণসম্পন্ন, নির্ম্মলনয়ন, তেজ ও বলশালী, আকাশে উড়িতে থাকিয়াই যেন দ্রুতগামী, সুন্দরাকৃতি ও নানারত্নে অলঙ্কৃত রথসংযুক্ত সেই উৎকৃষ্ট অশ্বগুলি জয়সূচক হ্রেষারবে পরস্পর রব করিতে লাগিল ॥২৬—২৭॥

তদনন্তর ঐশ্বর্য্যশালী ও মহাতেজা কুবের সেই মহারথে আরোহণ করিয়া গমন করিতে লাগিলেন; তখন দেবগণ ও গন্ধর্ব্বগণ তাঁহার স্তব করিতে থাকিলেন ॥২৮॥

প্রশস্তবুদ্ধি ও সুন্দরমূর্ত্তি কুবের প্রস্থান করিলে, ঘোরদর্শন যক্ষেরা সকলে তাঁহার অনুগমন করিল; সে যক্ষগণের নয়ন রক্তবর্ণ, শরীর স্বর্ণবর্ণ, আকৃতি

(২৯) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি। (৩০)...যক্ষা বদ্ধশতায়ুধাঃ—নি।

তে জবেন মহাবেগাঃ প্লবমানা বিহায়সা।
গন্ধমাদনমাজগ্মুঃ প্রকর্ষন্ত ইবাম্বরম্ ॥৩১॥
তৎ কেসরিমহাজালং ধনাধিপতিপালিতম্।
রম্যঞ্চৈব গিরেঃ শৃঙ্গমাসেদুর্যত্র পাণ্ডবাঃ ॥৩২॥
কুবেরঞ্চ মহাত্মানং যক্ষরক্ষোগণাবৃতম্।
দদৃশুর্হৃষ্টরোমাণঃ পাণ্ডবাঃ প্রিয়দর্শনম্ ॥৩৩॥
কুবেরস্তু মহাসত্ত্বান্ পাণ্ডোঃ পুত্রান্ মহারথান্।
আত্তকার্ম্মুকনিস্ত্রিংশান্ দৃষ্ট্বা প্রীতোঽভবত্তদা ॥৩৪॥
সর্ব্বে চেমে নরব্যাঘ্রাঃ পুরন্দরসমৌজসঃ।
দেবকার্য্যং করিষ্যন্তি তদনেন তুতোষ হ ॥৩৫॥

ভারতকৌমুদী

তে ইতি। জবেন বেগেন। প্লবমানাঃ [illegible]। প্রকর্ষন্ত আকর্ষন্ত ইব ॥৩১॥

তদিতি। কেসরিণাং কুবেরসৈন্য[illegible] [illegible] মহৎ জালং সমূহো যত্র তৎ। আসেদুঃ প্রাপুঃ তে যক্ষা ইতি শেষঃ। যত্র পাণ্ডবা আসন ॥৩২॥

কুবেরমিতি। হৃষ্টরোমাণঃ দেবদর্শন[illegible] রোমাঞ্চিতদেহাঃ ॥৩৩॥

কুবের ইতি। মহাসত্ত্বান্ মহাবলান্ [illegible] স্বাভাবিকত্বাদিতি ভাবঃ ॥৩৪॥

ভারতভাবদীপঃ

ইতি শ্রুতেঃ। যুজ্যতাং রথ ইতি শেষঃ ॥২৮॥ [illegible] সজলমেঘঃ "অভ্রং মেঘে চ গগনে ধাতুভেদে চ কাঞ্চনে" ইতি মেদিনীকোষাৎ [illegible] মেঘসঙ্কাশমিতি ন। গন্ধর্ব্বৈর্হয়ৈর্যোজয়ামাসুঃ যক্ষা ইতি শেষঃ ॥২৯॥ [illegible] ॥২৬—৩১॥ কেশরি-

বিশাল এবং বল অসাধারণ ছিল, আর তাহারা নানাবিধ অস্ত্র ও তরবারি ধারণ করিয়াছিল এবং সংখ্যায় অন্যূন সহস্র ছিল ॥২৯—৩০॥

মহাবেগশালী সেই যক্ষেরা বেগে আকাশপথে গমন ও আকাশটাকে যেন আকর্ষণ করিতে থাকিয়া গন্ধমাদনপর্ব্বতে আসিয়া উপস্থিত হইল ॥৩১॥

ক্রমে, যেখানে পাণ্ডবেরা অবস্থান করিতেছিলেন, সেই কুবেররক্ষিত মনোহর পর্ব্বতশৃঙ্গে যাইয়া তাহারা অবতরণ করিল; সেখানে পূর্ব্বেও কুবেরের অনেক অশ্বারোহী সৈন্য আসিয়াছিল ॥৩২॥

তখন পাণ্ডবেরা রোমাঞ্চিতদেহ লইয়া যক্ষ ও রাক্ষসগণে পরিবেষ্টিত, মহাত্মা ও প্রিয়দর্শন কুবেরকে দর্শন করিতে লাগিলেন ॥৩৩॥

কুবেরও—মহাবল, মহারথ এবং ধনু ও তরবারিধারী পাণ্ডবগণকে দেখিয়া আনন্দিত হইলেন ॥৩৪॥

(৩২) পরার্দ্ধং বা ব কা পি ন দৃশ্যতে। (৩৫) প্রথমার্দ্ধং বা ব কা পি ন বর্ত্ততে। দেবকার্য্যং চিকীর্ষন্ সঃ—বা ব কা পি।

তে পক্ষিণ ইবাপেতুর্গিরিশৃঙ্গং মহাজবাঃ।
তস্থুস্তেষাং সমভ্যাসে ধনেশ্বরপুরঃসরাঃ ॥৩৬॥
ততস্তং হৃষ্টমনসং পাণ্ডবান্ প্রতি ভারত!।
সমীক্ষ্য যক্ষগন্ধর্ব্বা নির্বিকারমবস্থিতাঃ ॥৩৭॥
পাণ্ডবাশ্চ মহাত্মানঃ প্রণম্য ধনদং প্রভুম্।
নকুলঃ সহদেবশ্চ ধর্ম্মপুত্রশ্চ ধর্ম্মবিৎ ॥৩৮॥
অপরাদ্ধমিবাত্মানং মন্যমানা মহারথাঃ।
তস্থুঃ প্রাঞ্জলয়ঃ সর্ব্বে পরিবার্য্য ধনেশ্বরম্ ॥৩৯॥ (যুগ্মকম্)
শয্যাসনযুতং শ্রীমৎ পুষ্পকং বিশ্বকর্ম্মণা।
বিহিতং চিত্রপর্য্যন্তমাতিষ্ঠত ধনাধিপঃ ॥৪০॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। দ্বয়েন তুতোষ, উক্তরূপং বিভাব্যেতি শেষঃ ॥৩৫॥

ত ইতি। তে যক্ষাঃ, অপেতুঃ আজগ্মুঃ। তেষাং পাণ্ডবানাম্, সমভ্যাসে সমীপে ॥৩৬॥

তত ইতি। তং কুবেরম্। নির্বিকারং ক্রোধবিকারহীনং যথা স্যাত্তথা ॥৩৭॥

পাণ্ডবা ইতি। ধনদং কুবেরম্। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥৩৮—৩৯॥

শয্যেতি। পুষ্পকং নাম বিমানং ভূতলাবতীর্ণমিতি মন্তব্যং তৎপরিবেষ্টনদর্শনাৎ। চিত্রপর্য্যন্তম্ আশ্চর্য্যশেষসীমীভূতম্, আতিষ্ঠত অধ্যারোহত। রথারোহণেন কুবেরস্যাগমনেঽপি পশ্চাৎ পুষ্পকং বিমানমাগতম্, তদেব রথত্বেন প্রাগুক্তম ॥৪০॥

ইন্দ্রের তুল্য তেজস্বী এই সকল পুরুষশ্রেষ্ঠ দেবকার্য্য সাধন করিবেন, ইহা ভাবিয়া কুবের মনে মনে বিশেষ সন্তুষ্ট হইলেন ॥৩৫॥

ক্রমে সেই মহাবেগশালী ও কুবেরের অগ্রগামী যক্ষেরা পক্ষিগণের ন্যায় পর্ব্বতশৃঙ্গে আসিয়া উপস্থিত হইল এবং পাণ্ডবগণের নিকট যাইয়া অবস্থান করিল ॥৩৬॥

ভরতনন্দন! তাহার পর যক্ষেরা ও গন্ধর্ব্বেরা কুবেরকে পাণ্ডবগণের প্রতি সন্তুষ্টচিত্ত দেখিয়া নির্বিকারে অবস্থান করিতে লাগিল ॥৩৭॥

এদিকে মহাত্মা, মহারথ ও ধর্ম্মবিৎ পাণ্ডুনন্দন যুধিষ্ঠির, নকুল ও সহদেব—ইঁহারা সকলেই প্রভাবশালী কুবেরকে প্রণাম করিয়া এবং আপনাদিগকে অপরাধী বলিয়া মনে করিয়া, কুবেরকে পরিবেষ্টনপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া অবস্থান করিতে লাগিলেন ॥৩৮—৩৯॥

---

(৩৬) তে পক্ষিণ ইবাগম্য সর্ব্বে সন্নমংহসঃ—পি। (৩৭) নির্বিশঙ্কা ব্যবস্থিতাঃ—পি।
(৪০) স হ্যাসনবরং শ্রীমান্—বা ব কা, শয্যাসনপরং ধীমান্—পি।

তমাসীনং মহাকায়াঃ শঙ্কুকর্ণা মহাজবাঃ।
উপোপবিবিশুর্যক্ষা রাক্ষসাশ্চ সহস্রশঃ ॥৪১॥
শতশশ্চৈব গন্ধর্ব্বাস্তথৈবাপ্সরসাং গণাঃ।
পরিবার্য্য স্ম তিষ্ঠন্তি যথা দেবং শতক্রতুম্ ॥৪২॥
কাঞ্চনীং শিরসা বিভ্রদ্ভীমসেনঃ স্রজং শুভাম্।
বাণখড়্গধনুষ্পাণিরুদৈক্ষত ধনাধিপম্ ॥৪৩॥
ভীমসেনস্য ন গ্লানির্বিক্ষতস্যাপি রাক্ষসৈঃ।
আসীত্তস্যামবস্থায়াং কুবেরমপি পশ্যতঃ ॥৪৪॥
আদদানং শিতান্ বাণান্ যোদ্ধুকামমবস্থিতম্।
দৃষ্ট্বা ভীমং ধর্ম্মসুতমব্রবীন্নরবাহনঃ ॥৪৫॥

ভারতকৌমুদী

তমিতি। শঙ্কুকর্ণাঃ শঙ্কুবৎ ক্রমিকস্থূলাগ্রকর্ণাঃ, মহাজবা মহাবেগাঃ ॥৪১॥
শতশ ইতি। পরিবার্য্য পরিবেষ্ট্য তিষ্ঠন্তি স্ম। শতক্রতুমিন্দ্রম্ ॥৪২॥
কাঞ্চনীমিতি। কাঞ্চনীং স্বর্ণময়ীম্। উদৈক্ষত, যুদ্ধায় সাহঙ্কারমবৈক্ষতেতি ভাবঃ ॥৪৩॥
ভীমেতি। গ্লানির্বিষাদো নাভূৎ, বিপক্ষদর্শনে উৎসাহোদ্রেকাদিতি ভাবঃ ॥৪৪॥
আদদানমিতি। আদদানং গৃহ্ণন্তম্। ধর্ম্মসূনুং যুধিষ্ঠিরম্, নরবাহনঃ কুবেরঃ ॥৪৫॥

---

আর কুবের শয্যা ও আসনযুক্ত, পরমসুন্দর এবং আশ্চর্য্যের চরমস্থানে অবস্থিত বিশ্বকর্ম্মনির্ম্মিত 'পুষ্পক'-বিমানেই অবস্থান করিতে লাগিলেন ॥৪০॥

এবং বিশাল শরীর, শঙ্কুতুল্য-(পেরেকের মত) কর্ণ ও মহাবেগশালী সহস্র সহস্র যক্ষ ও রাক্ষস কুবেরের নিকটে নিকটে উপবেশন করিল ॥৪১॥

আর, শত শত গন্ধর্ব্ব ও অপ্সরা ইন্দ্রের ন্যায়ই কুবেরকে পরিবেষ্টন করিয়া অবস্থান করিতে লাগিল ॥৪২॥

এই সময়ে মস্তকে সুলক্ষণস্বর্ণমালাধারী ভীমসেন ধনু, বাণ ও তরবারি ধারণ করিয়া কুবেরের প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন ॥৪৩॥

রাক্ষসেরা ভীমের শরীরটাকে ক্ষত-বিক্ষত করিয়াছিল এবং তিনি কুবেরকে দেখিতেছিলেন ; সে অবস্থাতেও তাঁহার কোন গ্লানি হয় নাই ॥৪৪॥

ভীমসেন যুদ্ধ করিবার ইচ্ছায় শিলাশাণিত বাণ ধারণ করিয়া রহিয়াছেন, ইহা দেখিয়া কুবের যুধিষ্ঠিরকে বলিলেন— ॥৪৫॥

---

(৪২) শতশশ্চাপি…পরিবার্য্যোপতিষ্ঠন্ত যথা দেবাঃ শতক্রতুম্—বা ব কা।

(৪৩)…পাশখড়্গধনুষ্পাণিঃ—বা ব কা। (৪৪) ন ভীর্ভীমস্য ন গ্লানির্বীক্ষিতস্যাপি রাক্ষসৈঃ। …কুবেরমধিপশ্যতঃ—পি।

বিদুস্ত্বাং সর্ব্বভূতানি পার্থ ! ভূতহিতে রতম্ ।
নির্ভয়শ্চাপি শৈলাগ্রে বস ত্বং ভ্রাতৃভিঃ সহ ॥৪৬॥
ন চ মন্যুস্ত্বয়া কার্য্যো ভীমসেনস্য পাণ্ডব ! ।
কালেনৈতে হতাঃ পূর্ব্বং নিমিত্তমনুজস্তব ॥৪৭॥
ব্রীড়া চাত্র ন কর্ত্তব্যা সাহসং যদিদং কৃতম্ ।
দৃষ্টশ্চাপি সুরৈঃ পূর্ব্বং বিনাশো যক্ষরাক্ষসাম্ ॥৪৮॥
ন ভীমসেনে কোপো মে প্রীতোঽস্মি ভরতর্ষভ ! ।
কর্ম্মণা ভীমসেনস্য মম তুষ্টিরভূৎ পরা ॥৪৯॥

বৈশম্পায়ন উবাচ ।

এবমুক্ত্বা তু রাজানং ভীমসেনমভাষত ।
নৈতন্মনসি মে তাত ! বর্ত্ততে কুরুসত্তম ! ॥৫০॥
যদিদং সাহসং ভীম ! কৃষ্ণার্থে কৃতবানসি ।
মামনাদৃত্য দেবাংশ্চ বিনাশং যক্ষরক্ষসাম্ ॥৫১॥

ভাবকৌমুদী

বিদুরিতি। সর্ব্বভূতানি সর্ব্ব এব প্রাণিনঃ [illegible] ॥৪৬॥
নেতি। মন্যুঃ ক্রোধঃ, ভীমসেনস্যোপরি [illegible] ভীমসেনঃ ॥৪৭॥
ব্রীড়েতি। ব্রীড়া লজ্জা, সাহসং হঠকারিত্বম্। [illegible] ॥৪৮॥
নেতি। কর্ম্মণা যক্ষরাক্ষসবধেন। এতৎকারণঞ্চ অনুপদমেবাখ্যাস্যতে ॥৪৯॥

"পৃথানন্দন ! তুমি প্রাণিগণের হিতে নিরত আছ, ইহা সকল প্রাণীই জানে ; অতএব তুমি ভ্রাতাদের সহিত নির্ভয়ে এই পর্ব্বতের উপরে বাস কর ॥৪৬॥

পাণ্ডুনন্দন ! তুমি ভীমের উপরে ক্রোধ করিও না। কারণ, কালই পূর্ব্বে ইহাদিগকে সংহার করিয়াছে ; সুতরাং তোমার কনিষ্ঠ ভ্রাতা ইহার নিমিত্ত-মাত্র ॥৪৭॥

আর, ভীম এই যে হঠকারিতা করিয়াছে, এ বিষয়ে তুমি লজ্জাও করিও না। কারণ, যক্ষ-রাক্ষসগণের বিনাশ হইবে বলিয়া দেবতারা পূর্ব্বেই জানিতে পারিয়াছিলেন ॥৪৮॥

ভরতশ্রেষ্ঠ ! আমারও ভীমসেনের উপরে ক্রোধ হয় নাই, বরং প্রীতিই হইয়াছে। কারণ, আমি ভীমসেনের এই কার্য্যে পরম সন্তুষ্ট হইয়াছি" ॥৪৯॥

বৈশম্পায়ন কহিলেন—কুবের যুধিষ্ঠিরকে এইরূপ বলিয়া ভীমকে বলিলেন—"বৎস কুরুশ্রেষ্ঠ ভীমসেন ! তুমি দ্রৌপদীর জন্য নিজের বাহুবলমাত্র

(৪৬) বদন্তি সর্ব্বভূতানি···নির্ভয়শ্চাপি—পি।

স্ববাহুবলমাশ্রিত্য তেনাহং প্রীতিমাংস্ত্বয়ি।
শাপাদস্মি বিনির্ম্মুক্তো ঘোরাদস্মি বৃকোদর! ॥৫২॥ (বিশেষকম্)
অহং পর্ব্বমগস্ত্যেন ক্রুদ্ধেন পরমর্ষিণা।
শপ্তোঽপরাধে কস্মিংশ্চিত্তস্যৈষা নিষ্কৃতিঃ কৃতা ॥৫৩॥
দৃষ্টো হি মম সংক্লেশঃ পুরা পাণ্ডবনন্দন!।
ন তবাত্রাপরাধোঽস্তি কথঞ্চিদপি শত্রুহন্! ॥৫৪॥

যুধিষ্ঠির উবাচ।

কথং শপ্তোঽসি ভগবন্নগস্ত্যেন মহাত্মনা।
শ্রোতুমিচ্ছাম্যহং দেব! তবৈতচ্ছাপকারণম্ ॥৫৫॥
ইদঞ্চাশ্চর্য্যভূতং মে যৎ ক্রোধাত্তস্য ধীমতঃ।
তদৈব ত্বং ন নির্দগ্ধঃ সবলঃ সপদানুগঃ ॥৫৬॥

ভারতকৌমুদী

এবমিতি। রাজানং যুধিষ্ঠিরম্। অভাষত কুবের ইতি শেষঃ। হে তাত। বৎস! কৃষ্ণার্থে দ্রৌপদীনিমিত্তে। বিনাশং তদ্রূপং সাহসং চকর্থ কৃতবানসি। অস্মি অহম্ ॥৫০—৫২॥

অথ কোঽসৌ শাপ ইত্যাহ অহমিতি। নিষ্কৃতির্নিবৃত্তিঃ ॥৫৩॥

দৃষ্ট ইতি। দৃষ্টো ধ্যানেন ময়ৈবাবগতঃ, সংক্লেশো যক্ষাদিবধরূপং দুঃখম্ ॥৫৪॥

কথমিতি। হে ভগবন্! ঐশ্বর্য্যশালিন্! ঐশ্বর্য্যাণি চাণিমাদীনি ॥৫৫॥

ইদমিতি। তস্য অগস্ত্যস্য সবলঃ সসৈন্যঃ, সপদানুগঃ সানুচরঃ ॥৫৬॥

অবলম্বনপূর্ব্বক আমাকে ও দেবগণকে অগ্রাহ্য করিয়া এই যে—যক্ষ ও রাক্ষস-বধরূপ সাহসের কার্য্য করিয়াছ, ইহা আমার মনে নাই; বিশেষতঃ, আমি ইহাতে তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি। কারণ, বৃকোদর! আমি আজ ভয়ঙ্কর শাপ হইতে মুক্ত হইলাম ॥৫০—৫২॥

পূর্ব্বে মহর্ষি অগস্ত্য কোন অপরাধবশতঃ ক্রুদ্ধ হইয়া আমাকে অভিসম্পাত করিয়াছিলেন; তুমি এই তাহার নিবৃত্তি করিয়াছ ॥৫৩॥

পাণ্ডুনন্দন! আমিই পূর্ব্বে আমার এই কষ্টের বিষয় জানিয়াছিলাম; সুতরাং শত্রুহন্তা! এ বিষয়ে তোমার কোনও অপরাধ নাই” ॥৫৪॥

যুধিষ্ঠির বলিলেন—“ভগবন্! মহাত্মা অগস্ত্য কেন আপনাকে অভিসম্পাত করিয়াছিলেন? দেব! আমি আপনার এই অভিসম্পাতের কারণ শুনিতে ইচ্ছা করি ॥৫৫॥

আর, এইটাই আমার আশ্চর্য্য বোধ হইতেছে যে, সেই জ্ঞানী মহর্ষির ক্রোধে তখনই আপনি সৈন্য ও অনুচরগণের সহিত একেবারে দগ্ধ হইয়া যান নাই।” ॥৫৬॥

ধনেশ্বর উবাচ।

দেবতানামভূন্মন্ত্রঃ কুশবত্যাং নরেশ্বর।।
বৃতস্তত্রাহমগমং মহাপদ্মশতৈস্ত্রিভিঃ ॥৫৭॥
যক্ষাণাং ঘোররূপাণাং বিবিধায়ুধধারিণাম্।
অধ্বন্যহমথাপশ্যমগস্ত্যমৃষিসত্তমম্ ॥৫৮॥
উগ্রং তপস্তপ্যমানং যমুনাতীরমাশ্রিতম্।
নানাপক্ষিগণাকীর্ণং পুষ্পিতদ্রুমশোভিতম্ ॥৫৯॥ (বিশেষকম্)
তমূর্দ্ধবাহুং দৃষ্ট্বা তু সূর্য্যস্যাভিমুখে স্থিতম্।
তেজোরাশিং দীপ্যমানং হুতাশনমিবৈধিতম্ ॥৬০॥
রাক্ষসাধিপতিঃ শ্রীমান্ মণিমান্ নাম মে সখা।
মৌর্খ্যাদজ্ঞানভাবাচ্চ দর্পান্মোহাচ্চ পার্থিব।।
ন্যষ্ঠীবদাকাশগতো মহর্ষেস্তস্য মূর্দ্ধনি ॥৬১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দেবেতি। মন্ত্রো মন্ত্রণাসভা, কুশবত্যাং তন্নাম্নি নগর্য্যাম। ঘোররূপাণাং বিবিধায়ুধধারিণাং যক্ষাণাং ত্রিভির্মহাপদ্মশতৈর্বৃতঃ সহ ইত্যর্থঃ অগমম্। মহাপদ্মং প্রচুরসংখ্যাবিশেষঃ, কেন চাত্র বহুত্বমাত্রং বিবক্ষিতম্। যমুনাতীরম্ [illegible] ॥৫৭—৫৯॥

তমিতি। এধিতং প্রজ্বলিতম্। [illegible] অতএব অজ্ঞানভাবাৎ অস্য কীদৃশী শক্তিরিত্যজ্ঞানাৎ, দর্পাৎ বলাদিগর্ব্বাৎ, মোহাচ্চ অনুচিতেহপ্যৌচিত্যবোধাচ্চ, ন্যষ্ঠীবৎ থুৎকারং ন্যক্ষিপৎ [illegible] ॥৬০—৬১॥

ভারতভাবদীপঃ

মহাজালমখানাং মহদ্বৃন্দম্ ॥৩২—৪৭॥ দৃষ্টো জ্ঞাতঃ ॥৪৮—৫৩॥ মম ময়া সংক্লেশো ভাবিদুঃখম্ ॥৫৪—৫৬॥ কুশবত্যাং কুশস্থলীসংজ্ঞে দেশবিশেষে ॥৫৭—৫৯॥ এধিতং সমিদ্ধম্

কুবের বলিলেন—"রাজা! একদা কুশবতীনগরীতে দেবগণের একটা মন্ত্রণাসভা হয়; আমি সেই সভায় গমন করি এবং আমার সঙ্গে ভয়ঙ্করাকৃতি ও নানাবিধ শস্ত্রধারী বহুসংখ্যক যক্ষও সেখানে গমন করে। যাইবার সময়ে পথে আমি, মহর্ষি অগস্ত্যকে দেখিতে পাই; তখন তিনি নানাবিধ পক্ষিসমূহে পরিপূর্ণ এবং পুষ্পিতবৃক্ষে পরিশোভিত যমুনাতীরে থাকিয়া ভয়ঙ্কর তপস্যা করিতেছিলেন ॥৫৭—৫৯॥

রাজা! তখন আমার সখা ও রাক্ষসগণের অধিপতি শ্রীমান্ মণিমান্—উর্দ্ধবাহু, তেজঃপুঞ্জময়দেহ, সূর্য্যের অভিমুখে অবস্থিত এবং প্রজ্বলিত অগ্নির ন্যায় দীপ্তিমান্ সেই অগস্ত্যকে দেখিয়া আকাশে থাকিয়াই মূর্খতা, অজ্ঞানিতা, দর্প ও মোহবশতঃ সেই মহর্ষির মস্তকে থুৎকার নিক্ষেপ করে ॥৬০—৬১॥

স কোপাল্মামুবাচেদং দিশঃ সর্ব্বা দহন্নিব।
মামবজ্ঞায় দুষ্টাত্মা যস্মাদেষ সখা তব ॥৬২॥
ধর্ষণাং কৃতবানেতাং পশ্যতস্তে ধনেশ্বর!।
তস্মাৎ সহৈভিঃ সৈন্যৈস্তে বধং প্রাপ্স্যতি মানুষাৎ ॥৬৩॥ (যুগ্মকম্)
ত্বঞ্চাপ্যেভির্হৃতৈঃ সৈন্যৈঃ ক্লেশং প্রাপ্যেহ দুর্ম্মতিঃ।
তমেব মানুষং দৃষ্ট্বা কিল্বিষাদ্বিপ্রমোক্ষ্যসে ॥৬৪॥
সৈন্যানাস্তু তবৈতেষাং পুত্রপৌত্রং বলান্বিতম্।
ন শাপং প্রাপ্স্যতে ঘোরং তত্তবাজ্ঞাং করিষ্যতি ॥৬৫॥

## ভারতকৌমুদী

স ইতি। অবজ্ঞায় নিকৃষ্টং বুদ্ধা। ধর্ষণাং থুৎকারক্ষেপেণাপমানম্। পশ্যতস্ত ইত্যনেন নিবারণাকরণাৎ কুবেরস্যাপ্যপরাধঃ সূচিতঃ। সৈন্যানাং মণিমত এবানুচরত্বাৎ তেষাং বধপ্রাপ্তিশাপেন তস্যৈব দুঃখাতিরেকো জ্ঞাপিতঃ ॥৬২—৬৩॥

ত্বমিতি। ক্লেশং সৈন্যক্ষয়নিবন্ধনমেব দুঃখম্। কিল্বিষাদেতচ্ছাপমূলাৎ পাপাৎ ॥৬৪॥

সৈন্যানামিতি। পুত্রাশ্চ পৌত্রাশ্চেতি পুত্রপৌত্রম্, অনপুংসকলিঙ্গত্বাৎ সমাহারদ্বন্দ্বঃ ॥৬৫॥

## ভারতভাবদীপঃ

॥৬০॥ মৌর্খ্যাৎ বিচারাক্ষমত্বাৎ অত এব অপস্মারসদৃশাজ্ঞানভাবাৎ। মৌর্খ্যমপি দর্পাৎ সম্পত্তিগর্ব্বাৎ সোঽপি মোহাৎ সম্পদোঽনিত্যত্বাজ্ঞানাৎ। [illegible] থুৎকৃতবান্ ॥৬১—৬৪॥

সৈন্যানামিতি। [illegible] ঘোরং শাপং মানুষাৎ মরণরূপং ন প্রাপ্স্যতে। [illegible] পুত্রপৌত্রাঃ বলানি সৈন্যানি চ তেষান্বিতং রাক্ষসাঃ সর্ব্বে পুত্রাদিযুক্তা [illegible] বহূনাং দণ্ডরূপ ইতি ঘোরত্বং শাপস্যেত্যর্থঃ ॥৬১—৬৬

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৪॥

তখন তিনি ক্রোধবশতঃ সমস্ত দিক্ যেন দগ্ধ করিতে থাকিয়া আমাকে এই কথা বলিলেন—"কুবের! তোমার এই দুরাত্মা সখাটা যখন তোমার সমক্ষেই আমাকে অবজ্ঞা করিয়া এই অপমান করিল, তখন তোমার এই সৈন্যগণের সহিতই এই দুরাত্মা, মানুষের হাতে বিনাশ প্রাপ্ত হইবে ॥৬২—৬৩॥

আর, দুর্ম্মতি তুমিও এই সৈন্যবিনাশের দুঃখ ভোগ করিয়া সেই মানুষটীকেই দেখিয়া পাপ হইতে মুক্ত হইবে ॥৬৪॥

কিন্তু তোমার এই সৈন্যগণের শক্তিশালী পুত্রগণ বা পৌত্রগণ এই ভয়ঙ্কর পাপের ফল ভোগ করিবে না; সুতরাং তাহারাই তোমার আদেশ পালন করিবে" ॥৬৫॥

---

(৬৫)...পুত্রপৌত্রবলান্বিতম্—বা ব কা নি, ...গচ্ছ তেঽহজ্ঞাং করিষ্যন্তি—নি।

এষ শাপো ময়া প্রাপ্তঃ প্রাক্ তস্মাদৃষিসত্তমাৎ।
স ভীমেন মহারাজ! ভ্রাত্রা তব বিমোক্ষিতঃ ॥৬৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে কুবেরযুধিষ্ঠিরসংবাদে চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

## পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

ধনদ উবাচ।

যুধিষ্ঠির! ধৃতির্দাক্ষ্যং দেশকালপরাক্রমাঃ।
লোকতন্ত্রবিধানানামেষ পঞ্চবিধো বিধিঃ ॥১॥
ধৃতিমন্তশ্চ দক্ষাশ্চ স্বে স্বে কর্ম্মণি ভারত!।
পরাক্রমবিধানজ্ঞা নরাঃ কৃতযুগেঽভবন্ ॥২॥

ভারতকৌমুদী

এষ ইতি। বিমোক্ষিতঃ অবসায়িতঃ, ভীমস্য মানুষত্বাদিত্যাশয়ঃ ॥৬৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

উপদিশতি—যুধীতি। ধৃতির্ধৈর্য্যম্, দাক্ষ্যং নৈপুণ্যম্, দেশো যোগ্যং স্থানম্, কাল উপযুক্তঃ সময়ঃ, পরাক্রমঃ শক্তিপ্রকাশঃ। লোকতন্ত্রবিধানানাং সংসারযাত্রানির্ব্বাহাণাম্ ॥১॥

ভারতভাবদীপঃ

এবং শাপকীর্ত্তনব্যাজেন মহতামবজ্ঞা ন কর্ত্তব্যেতি সূচিতমর্থং কণ্ঠতোঽপি বক্তুং প্রাহ—যুধিষ্ঠিরেত্যাদিনা। ধৃতিঃ সঙ্কটেঽপ্যবিক্লবতা, দাক্ষ্যং যত্নশীলতা, পরাক্রমঃ শত্রূণামভিভবনহেতুঃ, ক্রিয়া দেশকালয়োরানুকূল্যঞ্চেতি বিধানানাং কার্য্যাণাং বিধিরভ্যুদয়হেতুঃ। অদেশে অকালে চ কৃতং ধৃত্যাদিকমভিভবহেতুরিত্যর্থঃ ॥১॥ ধৃতিমন্ত ইতি। কৃতযুগে হি জ্ঞানপ্রাধান্যাৎ জ্ঞানস্য চ সর্ব্বস্মিন্ দেশে কালে চাভ্যুদয়হেতুত্বান্ন তত্র দেশকালপ্রতীক্ষাসী-

মহারাজ! আমি পূর্ব্বে সেই ঋষিশ্রেষ্ঠ অগস্ত্য হইতে এই শাপ প্রাপ্ত হইয়াছিলাম; কিন্তু তোমার ভ্রাতা ভীম আজ সেই শাপের অবসান করিলেন” ॥৬৬॥

—:*:—

কুবের বলিলেন—“যুধিষ্ঠির! সংসারযাত্রানির্ব্বাহের পক্ষে ধৈর্য্য, নৈপুণ্য, দেশ, কাল ও পরাক্রম—এই পাঁচ প্রকার উপায় ॥১॥

* '...একষষ্ট্যধিক...'—বা ব কা পি, '...দ্বিষষ্ট্যধিক...'—নি।

ধৃতিমান্ দেশকালজ্ঞঃ সর্ব্বধর্ম্মবিধানবিৎ।
ক্ষত্রিয়ঃ ক্ষত্রিয়শ্রেষ্ঠ। প্রশাস্তি পৃথিবীং চিরম্ ॥৩॥
য এবং বর্ত্ততে পার্থ। পুরুষঃ সর্ব্বকর্ম্মসু।
স লোকে লভতে বীর। যশঃ প্রেত্য চ সদ্‌গতিম্ ॥৪॥
দেশকালান্তরং শক্রঃ কৃত্বা তাত! পরাক্রমম্।
সম্প্রাপ্তস্ত্রিদিবে রাজ্যং মরুদ্ভিঃ সহ বৃত্রহা ॥৫॥
যস্তু কেবলসংরম্ভাৎ প্রপাতং ন নিরীক্ষতে।
পাপাত্মা পাপবুদ্ধির্যঃ পাপমেবানুবর্ত্ততে।
কর্ম্মণামবিভাগজ্ঞঃ স প্রেত্যেহ চ নশ্যতি ॥৬॥
অকালজ্ঞো হি দুর্মেধাঃ কার্য্যাণামবিশেষবিৎ।
বৃথাচারসমারম্ভঃ প্রেত্য চেহ চ নশ্যতি ॥৭॥

ভাবতকৌমুদী

ধৃতীতি। কৃতযুগে সত্যযুগে, তদা সর্ব্বেষামেব সমানগুণকত্বাদিতি ভাবঃ ॥২॥

ধৃতীতি। চিরং প্রশাস্তি, সদৈব শত্রুভিরনভিভবনীয়ত্বাদিত্যাশয়ঃ ॥৩॥

য ইতি। এবং ধৃত্যাদিমত্তয়া। প্রেত্য পরলোকে, "প্রেত্যামুত্র ভবান্তরে" ইত্যমরঃ ॥৪॥

দেশেতি। দেশকালয়োরন্তরং বিভাগং পরাক্রমঞ্চ কৃত্বা। মরুদ্ভির্দেবৈঃ ॥৫॥

য ইতি। কেবলসংরম্ভাৎ অধ্যবসায়মাত্রাৎ, প্রপাতমপায়ম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬॥

অকালেতি। বৃথা নিষ্ফল আচারো ব্যবহারঃ সমারম্ভশ্চ যস্য সঃ ॥৭॥

ভরতনন্দন! সত্যযুগে সকল মনুষ্যই আপন আপন কার্য্যে ধৈর্য্যশীল, নিপুণ ও পরাক্রমশালী ছিল ॥২॥

ক্ষত্রিয়শ্রেষ্ঠ! ধৈর্য্যশীল, দেশকালজ্ঞ ও সর্ব্বধর্ম্মবিৎ ক্ষত্রিয় চিরকালই পৃথিবী শাসন করিতে পারে ॥৩॥

বীর পৃথানন্দন! যে লোক এই নিয়মে সমস্ত কার্য্যে প্রবৃত্ত হয়, সে লোক ইহলোকে যশ ও পরলোকে সদ্‌গতি লাভ করে ॥৪॥

বৎস! বৃত্রাসুরহন্তা ইন্দ্র দেশকাল-বিভাগপূর্ব্বক পরাক্রম প্রকাশ করিয়া দেবগণের সহিত স্বর্গরাজ্য লাভ করিয়াছিলেন ॥৫॥

যে লোক কার্য্যের বিভাগ না জানিয়া কেবল অধ্যবসায়ের বলে অনিষ্টের পর্য্যালোচনা করে না এবং যে পাপাত্মা ও পাপমতি কেবল পাপেরই অনুসরণ করে, সে লোক ইহলোকে ও পরলোকে নষ্ট হয় ॥৬॥

যে নির্ব্বোধ ব্যক্তি কাল ও কার্য্যের বিভাগ জানে না, তাহার সমস্ত ব্যবহার

---

(৩)...পৃথিবীমনুশাস্তি হ—পি। (৫) দেশকালান্তরপ্রেপ্সুঃ—বা ব কা নি।

সাহসে বর্ত্তমানানাং নিকৃতীনাং দুরাত্মনাম্ ।
সর্ব্বসামর্থ্যলিপ্সূনাং তাপো ভবতি নিশ্চয়ঃ ॥৮॥
অধর্ম্মজ্ঞোঽবলিপ্তশ্চ বালবুদ্ধিরমর্ষণঃ ।
নির্ভয়ো ভীমসেনোঽয়ং তং শাধি পুরুষর্ষভ ! ॥৯॥
আর্ষ্টিষেণস্য রাজর্ষেঃ প্রাপ্য ভূয়স্ত্বমাশ্রমম্ ।
তামিস্রং প্রথমং পক্ষং বীতশোকভয়ো বস ॥১০॥
অলকাঃ সহ গন্ধর্ব্বৈর্যক্ষাশ্চ সহ কিন্নরৈঃ ।
মন্নিযুক্তা মনুষ্যেন্দ্র ! সর্ব্বে চ গিরিবাসিনঃ ।
রক্ষিষ্যন্তি মহাবাহো ! সহিতং দ্বিজসত্তমৈঃ ॥১১॥

## ভারতকৌমুদী

সাহস ইতি। নিকৃতীনাং শঠানাম্, "নিকৃতির্ভর্ৎসনে ক্ষেপে বদন্তি শঠশাঠ্যয়োঃ" ইতি বিশ্বঃ ॥৮॥

অধর্ম্মেতি। অবলিপ্তো গর্ব্বিতঃ, অমর্ষণঃ অসহিষ্ণুঃ। শাধি উপদেশেন শময় ॥৯॥

আর্ষ্টীতি। হে রাজন্! ত্বম্, প্রথমম্ ইতঃ স্থানাৎ রাজর্ষেরার্ষ্টিষেণস্য আশ্রমং প্রাপ্য বীতশোকভয়ঃ সন্, তামিস্রম্ এবং কৃষ্ণং পক্ষং যাবৎ ভূয়ঃ পুনরপি তত্রৈব বস ॥১০॥

অলকা ইতি। অলকা অলকাখ্যনগরবাসিনঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১১॥

## ভারতভাবদীপঃ

দ্বিতীয়ার্থঃ ॥২॥ ক্ষাত্রধানাস্ত সর্ব্বদৈবৈতৎপঞ্চকমাবশ্যকমিত্যাহ—ধৃতিমানিতি ॥৩—৪॥ কুরুহোত পরাক্রমং নির্দ্দিশতি ॥৫॥ সংরম্ভাৎ কোপাৎ ॥৬—৭॥ নিকৃতীনাং বঞ্চনাপরাণাম্ ॥৮॥ ইমমুপদেশং প্রকৃতে যোজয়তি—অধর্ম্মজ্ঞ ইতি। অবলিপ্তো গর্ব্বিতঃ ॥৯॥ প্রথমং প্রথমোৎপন্নানি রক্ষাংসি তৎসম্বন্ধিত্বাৎ পক্ষোঽপি প্রথমঃ। পক্ষো ভয়হেতাবপি তামিস্রপক্ষে ত্বং তত্র নির্ভয়ো বসেত্যর্থঃ। কেচিত্তু তত এব প্রথমশব্দাৎ মাসারম্ভে কৃষ্ণ-

---

ও আরম্ভ নিষ্ফল হইয়া যায় এবং সে ব্যক্তি ইহলোকে ও পরলোকে বিনষ্ট হয় ॥৭॥

সাহসপ্রবৃত্ত ও সর্ব্বসামর্থ্যলিপ্সু দুরাত্মা শঠদিগের নিশ্চয়ই সন্তাপ উপস্থিত হয় ॥৮॥

পুরুষশ্রেষ্ঠ! ভীমসেন ধর্ম্ম জানে না, অথচ গর্ব্বিত, অসহিষ্ণু এবং নির্ভয়; আর ইহার বুদ্ধিটা বালকের মত; সুতরাং তুমি ইহাকে শাসন কর ॥৯॥

রাজা! তুমি এ স্থান হইতে প্রথমে রাজর্ষি আর্ষ্টিষেণের আশ্রমে যাইয়া ভয় ও শোক পরিত্যাগ করিয়া আবারও সেই আশ্রমেই এই কৃষ্ণপক্ষটা বাস কর ॥১০॥

---

(৮)···পাপো ভবতি নিশ্চয়ঃ—বা ব কা নি।

সাহসাদনুসংপ্রাপ্তঃ প্রতিবুধ্য বৃকোদরঃ।
বার্য্যতাং সাধ্বয়ং রাজন্! ত্বয়া ধর্ম্মভৃতাং বর! ॥১২॥
অতঃ পরঞ্চ বো রাজন্! দ্রক্ষ্যন্তি বনগোচরাঃ।
উপস্থাস্যন্তি বঃ সর্ব্বান্ রক্ষিষ্যন্তি চ বঃ সদা ॥১৩॥
তথৈব চান্নপানানি স্বাদূনি চ বহূনি চ।
আহরিষ্যন্তি মৎপ্রেষ্যাঃ সদা বঃ পুরুষর্ষভাঃ! ॥১৪॥
যথা জিষ্ণুর্মহেন্দ্রস্য যথা বায়োর্বৃকোদরঃ।
ধর্ম্মস্য ত্বং যথা তাত! যোগোৎপন্নো নিজঃ সুতঃ ॥১৫॥
আত্মজাবাত্মসম্পন্নৌ যমৌ চেভৌ যথাশ্বিনোঃ।
রক্ষ্যাস্তদ্বন্মমাপীহ যূয়ং সর্ব্বে যুধিষ্ঠির! ॥১৬॥ যুগ্মকম্।

ভারতকৌমুদী

সাহসাদিতি। [illegible] প্রতিবুধ্য [illegible] সাধু সম্যক্। ১২॥
অত ইতি। সর্ব্বানেব [illegible] ॥১৩॥
তথেতি। মৎপ্রেষ্যাঃ [illegible] ॥১৪॥
যথেতি। জিষ্ণুরর্জ্জুনঃ। যোগো[illegible] উৎপন্নঃ। আত্মসম্পন্নৌ

ভারতভাবদীপঃ

পক্ষস্য [illegible] পূর্ব্বপক্ষ [illegible] ক্রমেণ শুক্লকৃষ্ণয়োরেব [illegible] শ্রৌতেঽপি পৌর্ণমাস [illegible] যোগাৎ পৌর্ণমাস্যন্তো মাস ইতি [illegible] "[illegible] বিচরন্তো দিবি" ইতি মন্ত্রবর্ণাৎ। [illegible] নিপুণং [illegible] কাম্যকপথভাষ্যে একপাদীকাণ্ডে। ১০॥ [illegible] সহিতং স্থাবিতি শেষঃ ॥১১॥ সাহসাদনুসম্প্রাপ্ত ইতি। প্রতিবুধ্য বার্য্যতাম্ ॥১২ - ১৪॥ যথেতি। ইন্দ্রাদীনা-

মহাবাহু মনুষ্যশ্রেষ্ঠ! আমার নিয়োগ অনুসারে গন্ধর্ব্বগণের সহিত অলকাবাসীরা, কিন্নরগণের সহিত যক্ষেরা এবং সমস্ত পর্ব্বতবাসীরা সেইখানেই ব্রাহ্মণগণের সহিত তোমাদিগকে রক্ষা করিবে ॥১১॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ রাজা! ভীমসেন সাহস করিয়াই এখানে আসিয়াছে—ইহা বুঝিয়া তুমি ইহাকে ভাল করিয়া বারণ কর ॥১২॥

রাজা! ইহার পরে বনবাসীরাই তোমাদের পর্য্যবেক্ষণ করিবে, তোমাদের সকলের নিকট উপস্থিত থাকিবে এবং সর্ব্বদাই তোমাদিগকে রক্ষা করিবে ॥১৩॥

এবং পুরুষশ্রেষ্ঠগণ! আমার ভৃত্যেরা সর্ব্বদাই তোমাদের জন্য সুস্বাদু ও প্রচুর খাদ্য ও পেয় আনয়ন করিবে ॥১৪॥

বৎস যুধিষ্ঠির! অর্জ্জুন যেমন ইন্দ্রের, ভীম যেমন বায়ুর, তুমি যেমন

অর্থতত্ত্ববিধানজ্ঞঃ সর্ব্বধর্ম্মবিধানবিৎ।
ভীমসেনাদবরজঃ ফাল্গুনঃ কুশলী দিবি ॥১৭॥
যাঃ কাশ্চন মতা লোকে স্বর্গ্যাঃ পরমসম্পদঃ।
জন্মপ্রভৃতি তাঃ সর্ব্বাঃ স্থিতাস্তাত! ধনঞ্জয়ে ॥১৮॥
দমো দানং বলং বুদ্ধির্হ্রীর্ধৃতিস্তেজ উত্তমম্।
এতান্যপি মহাসত্ত্বে স্থিতান্যমিততেজসি ॥১৯॥
ন মোহাৎ কুরুতে জিষ্ণুঃ কর্ম্ম পাণ্ডব! গর্হিতম্।
ন পার্থস্য মৃষোক্তানি কথয়ন্তি নরা নৃপ ॥২০॥
স দেবপিতৃগন্ধর্ব্বৈঃ কুরূণাং কীর্ত্তিবর্দ্ধনঃ।
মানিতঃ কুরুতেঽস্ত্রাণি শক্রসদ্মনি ভারত! ॥২১॥

ভারতকৌমুদী

বুদ্ধিমন্তৌ, "আত্মা যত্নো ধৃতির্বুদ্ধিঃ স্বভাবো ব্রহ্ম বর্ম চ" ইত্যমরঃ। যমৌ নকুলসহদেবৌ। রক্ষ্যা মহেন্দ্রাদিভিঃ পালনীয়াঃ, ত্বমপি রক্ষ্যাঃ, ধর্মপুত্রত্বাৎ ॥১৫—১৬॥

অর্থেতি। অর্থতত্ত্ববিধানজ্ঞো লোকব্যবহারাভিজ্ঞঃ অবরজঃ কনিষ্ঠঃ, [illegible]র্জ্জুনঃ ॥১৭॥

যা ইতি। স্বর্গ্যাঃ স্বর্গজনকাঃ, পরমসম্পদো দয়াধর্ম্মাদয়ঃ ॥১৮॥

দম ইতি। দম ইন্দ্রিয়দমনম্, হ্রীর্লজ্জা ধৃতির্ধৈর্য্যম্। মহাসত্ত্বে মহাধ্যবসায়ে ॥১৯॥

নেতি। জিষ্ণুরর্জ্জুনঃ। পার্থস্য অর্জ্জুনস্য, মৃষোক্তানি মিথ্যাবচনানি ॥২০॥

ভারতভাবদীপঃ

ঔরসপুত্রত্ববদ্যথা [illegible] রক্ষ্যাস্তথা [illegible] শ্লোকদ্বয়ার্থঃ ॥১৫—১৬॥ অর্থেতি। তত্ত্বং যাথাত্ম্যম্, বিধানং প্রাপ্ত্যুপায়ম্ ॥১৭॥ স্বর্গ্যাঃ স্বর্গদাঃ, স্থিতাঃ সম্পদঃ ॥১৮॥ তা এবাহ—দম

---

ধর্ম্মেব এবং বুদ্ধিমান্ নকুল-সহদেব যেমন অশ্বিনীকুমারদ্বয়ের (কুন্তীকর্ত্তৃক মান্ত্রিক আকর্ষণ) উপায়ে উৎপন্ন আপন আপন পুত্র বলিয়া রক্ষণীয়, তেমন তোমরা সকলেই আমারও রক্ষণীয় ॥১৫—১৬॥

লৌকিকব্যবহারাভিজ্ঞ এবং সর্ব্বধর্ম্মবিধানজ্ঞ ভীমসেনানুজ অর্জ্জুন স্বর্গে কুশলে আছেন ॥১৭॥

বৎস! যে কিছু মহাসম্পদ স্বর্গজনক বলিয়া জগতে স্বীকৃত আছে, সে সমস্তই জন্মাবধিই অর্জ্জুনে রহিয়াছে ॥১৮॥

ইন্দ্রিয়দমন, দান, বল, বুদ্ধি, লজ্জা, ধৈর্য্য এবং উত্তম তেজ—এগুলি গুণও—মহোদ্যমী ও মহাতেজস্বী অর্জ্জুনে রহিয়াছে ॥১৯॥

পাণ্ডুনন্দন! অর্জ্জুন মোহবশতও গর্হিত কার্য্য করেন না এবং 'অর্জ্জুন মিথ্যা কথা বলেন' এরূপ কথা মানুষ মানুষের কাছে বলে না ॥২০॥

যোঽসৌ সর্ব্বান্ মহীপালান্ ধর্ম্মেণ বশমানয়ৎ।
স শান্তনুর্মহাতেজাঃ পিতুস্তব পিতামহঃ ॥২২॥
প্রীয়তে পার্থ! পার্থেন দিবি গাণ্ডীবধন্বনা।
সম্যক্ চাসৌ মহাবীর্য্যঃ কুলধুর্য্যেণ পার্থিবঃ ॥২৩॥ (যুগ্মকম্)
পিতৃন্ দেবানৃষীন্ বিপ্রান্ পূজয়িত্বা মহাতপাঃ।
সপ্ত মুখ্যান্ মহামেধানাহরদ্‌যমুনাং প্রতি ॥২৪॥
অধিরাজঃ স রাজংস্ত্বাং শান্তনুঃ প্রপিতামহঃ।
স্বর্গজিচ্ছক্রলোকস্থঃ কুশলং পরিপৃচ্ছতি ॥২৫॥ (যুগ্মকম্)

বৈশম্পায়ন উবাচ।

এতচ্ছ্রুত্বা তু বচনং ধনদেন প্রভাষিতম্।
পাণ্ডবাস্তু ততস্তেন বভূবুঃ সম্প্রহর্ষিতাঃ ॥২৬॥
ততঃ শক্তিং গদাং খড়্গং ধনুশ্চ ভরতর্ষভঃ।
প্রাধ্বং কৃত্বা নমশ্চক্রে কুবেরায় বৃকোদরঃ ॥২৭॥

ভারতকৌমুদী

স ইতি। মানিতঃ সন্। অস্ত্রাণি অস্ত্রশিক্ষাঃ, শক্রসদ্মনি ইন্দ্রভবনে ॥২১॥

য ইতি। ধর্ম্মেণ ধর্ম্মযুদ্ধাদিনা। কুলধুর্য্যেণ বংশশ্রেষ্ঠেন ॥২২—২৩॥

পিতৃনিতি। মহাতপা যোঽসাবিত্যন্বয়িঃ। মুখ্যান্ শ্রেষ্ঠান্, মহামেধান্ আড়ম্বরপূর্ণাশ্বমেধান্, আহরদম্বতিষ্ঠৎ। অধিরাজো রাজশ্রেষ্ঠঃ, স্বর্গজিৎ পুণ্যেন ॥২৪—২৫॥

---

ভরতনন্দন! কুরুবংশের কীর্ত্তিবর্দ্ধন অর্জ্জুন—সম্প্রতি দেবগণ, পিতৃগণ ও গন্ধর্ব্বগণকর্ত্তৃক সম্মানিত হইয়া ইন্দ্রভবনে থাকিয়া অস্ত্রশিক্ষা করিতেছেন ॥২১॥

কুন্তীনন্দন! সেই যিনি ধর্ম্ম অনুসারে সকল রাজাকে বশীভূত করিয়াছিলেন, তোমার পিতার পিতামহ, মহাতেজা ও মহাবীর সেই শান্তনুরাজা বংশশ্রেষ্ঠ গাণ্ডীবধারী অর্জ্জুনের স্বভাবে স্বর্গলোকে বিশেষ প্রীতি লাভ করিতেছেন ॥২২—২৩॥

এবং মহাতপা সেই যিনি যমুনার তীরে দেবগণ, পিতৃগণ, ঋষিগণ ও ব্রাহ্মণগণের পূজা করিয়া প্রধান প্রধান সাতটী অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন, তোমার প্রপিতামহ, রাজাধিরাজ এবং পুণ্যবলে স্বর্গবিজয়ী সেই শান্তনু ইন্দ্রলোকে থাকিয়া তোমার মঙ্গল জিজ্ঞাসা করিয়াছেন" ॥২৪-২৫॥

বৈশম্পায়ন বলিলেন—কুবেরের এই কথাগুলি শুনিয়া তাহাতেই পাণ্ডবগণ অত্যন্ত আনন্দিত হইলেন ॥২৬॥

(২৭)...প্রহ্বীকৃত্বা নমশ্চক্রে—পি।

ততোঽব্রবীদ্ধনাধ্যক্ষঃ শরণ্যঃ শরণাগতম্ ।
মানহা ভব শত্রূণাং সুহৃদাং নন্দিবর্দ্ধনঃ ॥২৮॥
বিভয়স্তাত ! শৈলাগ্রে বসানঃ সহ বন্ধুভিঃ ।
সুপর্ণপিতৃদেবানাং সততং মানকৃদ্ভব ॥২৯॥
ঋজুং পশ্যত মা বক্রং সত্যং বদত মাঽনৃতম্ ।
দীর্ঘং পশ্যত মা হ্রস্বং পরং পশ্যত মাঽপরম্ ॥৩০॥
স্বেষু বেশ্মসু বস্ত্যেষু বসন্তামিত্রতাপনাঃ ।
কামান্ন পরিহাস্যন্তি যক্ষা বো ভরতর্ষভাঃ ॥৩১॥

ভারতকৌমুদী

এতদিতি। ধনদেন কুবেরেণ [illegible] ॥২৬॥
শস্ত্র ইতি। প্রাধ্বং সমর্পণেনানুকূলং কৃত্বা, "অনুকূলে তু প্রাধ্বম্" ইত্যমরঃ ॥২৭॥
তত ইতি। নন্দিবর্দ্ধনঃ, "নন্দিস্তাণ্ডবতালেষু নন্দিকেশ্বরে পুমান্" ইতি মেদিনী ॥২৮॥
বীতি। বিভয়ো নির্ভয়ঃ। সুপর্ণা গরুড়বংশ্যাঃ। [illegible] মান্যাঃ ॥২৯॥
সর্ব্বান্ পাণ্ডবান্ প্রত্যাহ—ঋজুমিতি। ঋজুং সরলম্। দীর্ঘমুন্নতম্, পরমুত্তমম্ ॥৩০॥

ভারতভাবদীপঃ

ইতি। তেজঃ শৌর্য্যং পরাভিভবসামর্থ্যম্ ॥১৯—২০॥ বক্ষ্যতে অভ্যাগতি ॥২১—২৩॥ মহামেধানশ্বমেধান্ ॥২৪—২৬॥ প্রাধ্বং কৃত্বা বদ্ধ্বা উপসংহৃত্যেত্যর্থঃ। "প্রাধ্বং বন্ধনে" ইতি গতিসংজ্ঞায়াং "কুগতিপ্রাদয়ঃ" ইতি প্রাদেশাৎ সমাসে, মতান্তরভাষা নাদৃতঃ। নমশ্চক্রে স্বদোষানর্জ্জুনগুণাংশ্চ শ্রুত্বা লজ্জিতঃ স্বাপরাধং ক্ষমাপয়িতুমিত্যর্থঃ। প্রাজ্ঞং কৃত্বেত্যপি পাঠঃ প্রকর্ষেণ অজ্ঞং প্রাজ্ঞং জ্যায়াংসমিত্যর্থঃ ॥২৭॥ নন্দিঃ সমৃদ্ধিঃ ॥২৮—৩০॥ স্বেষু বেশ্মসু অস্মদীয়েষু, বো যুষ্মৎসম্বন্ধিনঃ, কামান্ কাম্যমানান্, ন পরিহাস্যন্তি কিন্তু সাধয়িষ্যন্ত্যে-

তাহার পর ভরতশ্রেষ্ঠ ভীমসেন কুবেরের নিকটে শক্তি, গদা, তরবারি ও ধনু সমর্পণ করিয়া তাঁহাকে নমস্কার করিলেন ॥২৭॥

তদনন্তর শরণাগতহিতৈষী কুবের শরণাগত ভীমসেনকে বলিলেন—"ভীম! তুমি শত্রুগণের গৌরবনাশক এবং বন্ধুগণের আনন্দবর্দ্ধক হও ॥২৮॥

বৎস! তুমি বন্ধুগণের সহিত পর্ব্বতের উপরে নির্ভয়ে বাস করিতে থাকিয়া সর্ব্বদাই দেবগণ, পিতৃগণ ও সুপর্ণগণের সম্মান করিও ॥২৯॥

পাণ্ডবগণ! তোমরা সরল ব্যক্তিকে কুটিল মনে করিও না, সত্য কথা বলিও—মিথ্যা কথা বলিও না, উন্নত লোককে অবনত ধারণা করিও না এবং উত্তম জনকে অধম ভাবিও না ॥৩০॥

---

(২৯—৩০) শ্লোকৌ বা ব কা পি ন বর্ত্তেতে।

শীঘ্রমেব গুড়াকেশঃ কৃতাস্ত্রঃ পুনরেষ্যতি।
সাক্ষান্মঘবতোৎসৃষ্টঃ সম্প্রাপ্স্যতি ধনঞ্জয়ঃ ॥৩২॥
এবমুত্তমকর্ম্মাণমনুশিষ্য যুধিষ্ঠিরম্।
অস্তং গিরিবরশ্রেষ্ঠে প্রযযৌ গুহ্যকাধিপঃ ॥৩৩॥
তং পরিস্তোমসঙ্কীর্ণৈর্নানারত্নবিভূষিতৈঃ।
যানৈরনুযযুর্যক্ষা রাক্ষসাশ্চ সহস্রশঃ ॥৩৪॥
পক্ষিণামিব নির্ঘোষঃ কুবেরসদনং প্রতি।
বভূব পরমাশ্বানামৈরাবতপথে যথা ॥৩৫॥
তে জগ্মুস্তূর্ণমাকাশং ধনাধিপতিবাজিনঃ।
প্রকর্ষন্ত ইবাভ্রাণি পিবন্ত ইব মারুতম্ ॥৩৬॥

ভারতকৌমুদী

স্বেষ্বিতি। স্বেষু স্থানে নিবিশধ্বম্ [illegible] কামাদিচ্ছাতঃ, পরিত্যক্ষ্যন্তি ত্যক্ষ্যন্তি ॥৩১॥

শীঘ্রমিতি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশঃ নিদ্রাজয়ী পার্থঃ ধনঞ্জয়ঃ, কৃতাস্ত্রঃ শিক্ষিতাস্ত্রঃ সন্ শীঘ্রমেব পুনরেষ্যতি, তথা মঘবতা [illegible] যুষ্মাকং সাক্ষাৎ সম্প্রাপ্স্যতি ॥৩২॥

এবমিতি। অনুশিষ্য উপদিশ্য [illegible] গুহ্যকাধিপঃ কুবেরঃ ॥৩৩॥

তমিতি। পরিস্তোম [illegible] ॥৩৪॥

পক্ষিণামিতি। [illegible] পন্থাস্ত্বস্মিন্ ॥৩৫॥

তে ইতি। প্রকর্ষন্ত আকর্ষন্ত ইব, [illegible] ॥৩৬॥

শত্রুতাপন ভরতশ্রেষ্ঠগণ! তোমরা যাইয়া তোমাদের জন্য নির্দ্দিষ্ট মনোহর গৃহগুলিতে বাস কর, যক্ষেরা ইচ্ছা করিয়া তোমাদিগকে ত্যাগ করিবে না ॥৩১॥

নিদ্রাবিজয়ী (আলস্যশূন্য) অর্জ্জুন শীঘ্রই অস্ত্রশিক্ষা সমাপ্ত করিয়া পুনরায় আগমন করিবেন এবং ইন্দ্রের নিকট বিদায় লইয়া তোমাদের সহিত সাক্ষাৎ করিবেন” ॥৩২॥

এইভাবে সৎকর্ম্মান্বিত যুধিষ্ঠিরকে উপদেশ দিয়া কুবের সেই পর্ব্বতশ্রেষ্ঠেই অদৃশ্য হইয়া গেলেন ॥৩৩॥

তখন সহস্র সহস্র যক্ষ ও রাক্ষস আস্তরণযুক্ত ও নানারত্নবিভূষিত নানাবিধ যানে আরোহণ করিয়া কুবেরের অনুগমন করিল ॥৩৪॥

ইন্দ্রভবনের পথে যেমন শব্দ হইয়া থাকে, তেমন কুবেরভবনের পথেও তখন পক্ষিগণের ন্যায় সেই উৎকৃষ্ট অশ্বগুলির শব্দ হইতে লাগিল ॥৩৫॥

---

(৩২)...সাক্ষান্মঘবতা সৃষ্টঃ—বা ব ক। পি।

ততস্তানি শরীরাণি গতসত্ত্বানি রক্ষসাম্ ।
অপাকৃষ্যন্ত শৈলাগ্রাদ্ধনাধিপতিশাসনাৎ ॥৩৭॥
তেষাং হি শাপকালঃ স কৃতোঽগস্ত্যেন ধীমতা ।
সমরে নিহতাস্তস্মাচ্ছাপস্যান্তোঽভবত্তদা ॥৩৮॥
পাণ্ডবাশ্চ মহাত্মানস্তেষু বেশ্মসু তাঃ ক্ষপাঃ ।
সুখমূষুর্গতোদ্বেগাঃ পূজিতাঃ সর্ব্বরাক্ষসৈঃ ॥৩৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে কুবেরবাক্যে পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

---

ভাবদীপকৌমুদী

তত ইতি। গতসত্ত্বানি নির্গতপ্রাণানি। অপাকৃষ্যন্ত অপসারিতানি যক্ষৈঃ ॥৩৭॥

তেষামিতি। শাপস্য কালঃ প্রবৃত্তিসময়ঃ। নিহতাঃ মানুষেণাপীতি শেষঃ ॥৩৮॥

পাণ্ডবা ইতি। ক্ষপা রাত্রীঃ। ঊষুর্বাসং কৃতবন্তঃ ॥৩৯॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

বেত্তার্থঃ ॥৩১॥ স্রষ্টো বিসর্জিতঃ, সম্প্রাপ্যতি যুগ্মান্ ॥৩২॥ অস্তং গৃহম্, "অপাঃ সোমমস্তমিন্দ্র প্রযাহি" ইতি মন্ত্রবর্ণাৎ ॥৩৩॥ পরিস্তোমাশ্চিত্রকম্বলা হস্ত্যাদীনাং পল্যাণভূতাঃ ॥৩৪॥ ঐরাবতপথে ইন্দ্রপুরীপ্রদেশে ॥৩৫—৩৬॥ অপাকৃষ্যন্ত অপাকৃতানি ॥৩৭—৩৯॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৫॥

---

কুবেরের সেই অশ্বগুলি মেঘসমূহকে যেন আকর্ষণ করিয়া এবং বায়ুকে যেন পান করিতে থাকিয়া সত্বর আকাশে গমন করিতে লাগিল ॥৩৬॥

তাহার পর কুবেরের আদেশ অনুসারে যক্ষেরা আসিয়া রাক্ষসগণের প্রাণহীন শরীরগুলিকে পর্ব্বতের উপর হইতে অপসারিত করিল ॥৩৭॥

জ্ঞানী অগস্ত্যমুনি সেইটাকেই সেই রাক্ষসগণের শাপের কাল বলিয়া নির্দ্দিষ্ট করিয়াছিলেন; তাহাতেই তাহারা তখন নিহত হইয়াছিল এবং তখনই তাহাদের শাপের অবসান হইয়াছিল ॥৩৮॥

তদনন্তর মহাত্মা পাণ্ডবেরা সমস্ত রাক্ষসকর্ত্তৃক আদৃত হইতে থাকিয়া কুবেরনির্দ্দিষ্ট সেই গৃহগুলিতে নিরুদ্বেগে ও সুখে সেই রাত্রিগুলি বাস করিলেন ॥৩৯॥

—:*:—

* '...দ্বিষষ্ট্যধিক...'—বা ব কা পি, '...ত্রিষষ্ট্যধিক...'—নি।

## ষট্‌ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

ততঃ সূর্য্যোদয়ে ধৌম্যঃ কৃত্বাহ্নিকমরিন্দম।
আর্ষ্টিষেণেন সহিতঃ পাণ্ডবানভ্যবর্ত্তত ॥১॥

তেঽভিবাদ্যার্ষ্টিষেণস্য পাদৌ ধৌম্যস্য চৈব হ।
ততঃ প্রাঞ্জলয়ঃ সর্ব্বে ব্রাহ্মণাংস্তানপূজয়ন্ ॥২॥

ততো যুধিষ্ঠিরং ধৌম্যো গৃহীত্বা দক্ষিণে করে।
প্রাচীং দিশমভিপ্রেক্ষ্য মহর্ষিরিদমব্রবীৎ ॥৩॥

অসৌ সাগরপর্য্যন্তাং ভূমিমাবৃত্য তিষ্ঠতি।
শৈলরাজো মহারাজ মন্দরোঽতিবিরাজতে ॥৪॥

ইন্দ্রবৈশ্রবণাবেতাং দিশং পাণ্ডব রক্ষতঃ।
পর্ব্বতৈশ্চ বনান্তৈশ্চ কাননৈশ্চোপশোভিতাম্ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। আহ্নিকং স্নানসন্ধ্যাদিকং [illegible] অভ্যবর্ত্তত [illegible] ॥১

ত ইতি। তে পাণ্ডবাঃ। ব্রাহ্মণান্ [illegible] আর্ষ্টিষেণ [illegible] অপূজয়ন্ ॥২

তত ইতি। যুধিষ্ঠিরস্য দক্ষিণে করে গৃহীত্বা [illegible]। প্রাচীং [illegible] অভিপ্রেক্ষ্য ॥৩॥

অসাবিতি। আবৃত্য ব্যাপ্য। অতিবিরাজতে অত্যন্তং শোভতে ॥৪॥

ইন্দ্রেতি। বনান্তৈর্জলপর্য্যন্তৈঃ, "বনে সলিলকাননে" ইত্যমরঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—অরিন্দম! জনমেজয়! তাহার পর সূর্য্যোদয় হইলে, ধৌম্যপুরোহিত প্রাতঃকৃত্য সমাপন করিয়া আর্ষ্টিষেণের সহিত যাইয়া পাণ্ডবগণের নিকট উপস্থিত হইলেন ॥১॥

তদনন্তর পাণ্ডবেরা ধৌম্য ও আর্ষ্টিষেণের চরণযুগলে নমস্কার করিয়া সকলেই কৃতাঞ্জলি হইয়া সেই ব্রাহ্মণগণেরও সম্মান করিলেন ॥২॥

তৎপরে মহর্ষি ধৌম্য যুধিষ্ঠিরের দক্ষিণ হস্ত ধারণপূর্ব্বক পূর্ব্বদিকে দৃষ্টিপাত করিয়া এই কথা বলিলেন—॥৩॥

"মহারাজ! ঐ পর্ব্বতশ্রেষ্ঠ মন্দর সমুদ্রপর্য্যন্ত সমস্ত ভূমি ব্যাপ্ত করিয়া অবস্থান করিতেছে এবং অত্যন্ত শোভা পাইতেছে ॥৪॥

---

(১)…ধৌম্যঃ পাঞ্চালীসহিতাংশ্চ তান্—নি।

এতদাহুর্মহেন্দ্রস্য রাজ্ঞো বৈশ্রবণস্য চ।
ঋষয়ঃ সর্ব্বধর্ম্মজ্ঞাঃ সদ্ম তাত! মনীষিণঃ ॥৬॥
অতশ্চোদ্যন্তমাদিত্যমুপতিষ্ঠন্তি বৈ প্রজাঃ।
ঋষয়শ্চাপি ধর্ম্মজ্ঞাঃ সিদ্ধাঃ সাধ্যাশ্চ দেবতাঃ ॥৭॥
যমস্তু রাজা ধর্ম্মজ্ঞঃ সর্ব্বপ্রাণভৃতাং প্রভুঃ।
প্রেতসত্ত্বগতিং হ্যেতাং দক্ষিণামাশ্রিতো দিশম্ ॥৮॥
এতৎ সংযমনং পুণ্যমতীবাদ্ভুতদর্শনম্।
প্রেতরাজস্য ভবনমৃদ্ধ্যা পরময়া যুতম্ ॥৯॥
যং প্রাপ্য সবিতা রাজন্! সত্যেন প্রতিতিষ্ঠতি।
অস্তং পর্ব্বতরাজানমেতমাহুর্মনীষিণঃ ॥১০॥

ভারতকৌমুদী

এতদিতি। বৈশ্রবণস্য কুবেরস্য। সদ্ম ভবনম্ ॥৬॥

অত ইতি। অতঃ অস্যাং প্রাচ্যাং দিশি। উপতিষ্ঠন্তি উপাসতে ॥৭॥

অবাচীং দর্শয়তি দ্বাভ্যাং যম ইতি। প্রেতানাং মৃতানাং সত্ত্বানাং প্রাণিনাং গতিং গময়ন্ তাম্ ॥৮॥

এতদিতি। সংযচ্ছতি মৃতানাবরাতি যস্মিন্ তৎ সংযমনং নাম। ঋদ্ধ্যা সম্পদা ॥৯॥

প্রতীচীং দর্শয়তি দ্বাভ্যামেব যমিতি। সত্যেন অদশাৎ তেজোমাত্ররূপতয়া ব্রহ্মরূপত্বেন, "সত্যং জ্ঞানমানন্দং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ। অস্তং নাম ॥১০॥

ভাবভাবদীপঃ

অর্জ্জুনেন তপোবলাদ্দেবেভ্যোঽস্ত্রাণি লব্ধানীতি বিস্ময়ো ন কর্ত্তব্য এতদর্থং কর্ম্মফলোর্জ্জিতং বিষ্ণুলোকপ্রাপ্ত্যন্তাং বর্ণয়ত্যধ্যায়েন ধৌম্যো যুধিষ্ঠিরগর্ব্বপরিহারার্থং তত ইত্যাদিনা ॥১-৭॥ প্রেতসত্ত্বগতিং মৃতানাং প্রাণিনাং গময়াম্ ॥৮॥ সংযমনং নামতঃ ॥৯—১০॥

---

পাণ্ডুনন্দন! পর্ব্বত ও জলপর্য্যন্তব্যাপী বনে পরিশোভিত এই পূর্ব্বদিক্‌টাকে ইন্দ্র ও কুবের রক্ষা করিতেছেন ॥৫॥

বৎস! সর্ব্বধর্ম্মজ্ঞ ও জ্ঞানী ঋষিরা বলেন ঐটা দেবরাজ ইন্দ্রের ভবন এবং ঐটা যক্ষরাজ কুবেরের সদন ॥৬॥

ধর্ম্মজ্ঞ ঋষিরা, সিদ্ধেরা, সাধ্যেরা, দেবতারা এবং সাধারণ লোকেরা ঐ দিকেই উদয়মান সূর্য্যের আরাধনা করিয়া থাকেন ॥৭॥

সকল প্রাণীর নিয়ন্তা ও ধর্ম্মজ্ঞ যমরাজা এই দক্ষিণদিকে রহিয়াছেন এবং মৃত্যুর পরে সকল প্রাণীই এই দক্ষিণদিকে যাইয়া থাকে ॥৮॥

এই 'সংযমন'-নামক যমরাজার' ভবন; এই ভবন—পুণ্যজনক, অত্যন্ত আশ্চর্য্য-দর্শন এবং পরম সমৃদ্ধিযুক্ত ॥৯॥

এবং পর্ব্বতরাজানং সমুদ্রঞ্চ মহোদধিম্ ।
আবসন্ বরুণো রাজা ভূতানি পরিরক্ষতি ॥১১॥
উদীচীং দীপয়ন্নেষ দিশং তিষ্ঠতি কীর্ত্তিমান্ ।
মহামেরুর্মহাভাগ ! শিবো ব্রহ্মবিদাং গতিঃ ॥১২॥
যস্মিন্ ব্রহ্মসদশ্চৈব ভূতাত্মা চাবতিষ্ঠতে ।
প্রজাপতিঃ সৃজন্ সর্ব্বং যৎকিঞ্চিজ্জঙ্গমাগমম্ ॥১৩॥
যানাহুর্ব্রহ্মণঃ পুত্রান্ মানসান্ দক্ষসপ্তমান্ ।
তেষামপি মহামেরুঃ শিবং স্থানমনাময়ম্ ॥১৪॥
অত্রৈব প্রতিতিষ্ঠন্তি পুনরেবোদয়ন্তি চ ।
সপ্ত দেবর্ষয়স্তাত ! বশিষ্ঠপ্রমুখাস্তথা ॥১৫॥
দেশং বিরজসং পশ্য মেরোঃ শিখরমুত্তমম্ ।
যত্রাত্মতৃপ্তৈরধ্যাস্তে দেবৈঃ সহ পিতামহঃ ॥১৬॥

ভারতকৌমুদী

এবমিতি। এবম্ অস্তং নাম, মহোদধিং বিশেষণাৎ সমুদ্রম্ আবসন্নধিতিষ্ঠন্ ॥১১॥
উদীচীং দীপয়ন্নিতি। দীপয়ন্ স্বতেজসা উদ্ভাসয়ন্। শিবো মঙ্গলময়ঃ ॥১২॥
যস্মিন্নিতি। ব্রহ্মণঃ সদঃ সভা, ভূতাত্মা প্রাণিনাং মূর্ত্তিমান্। অগমং স্থাবরম্ ॥১৩॥
যানিতি। মানসান্ সঙ্কল্পমাত্রেণোৎপন্নান্। শিবং মঙ্গলময়ম্ ॥১৪॥
অত্রেতি। অত্রৈব মহামেরাবেব, প্রতিতিষ্ঠন্তি অস্তং গচ্ছন্তি, অবতিষ্ঠন্তে ॥১৫॥

রাজা! জ্ঞানীরা বলেন—সূর্য্য যে পর্ব্বতে উপাস্য হইয়া ব্রহ্মরূপে প্রতিষ্ঠিত হন, এই সেই অস্তপর্ব্বত ॥১০॥

এই অস্তপর্ব্বতে ও মহাসমুদ্রে অধিষ্ঠিত থাকিয়া বরুণরাজা প্রাণিগণকে রক্ষা করেন ॥১১॥

মহারাজ! যশস্বী, মঙ্গলময় ও ব্রহ্মবিদ্‌গণের গম্য এই মহামেরুপর্ব্বত (আপন তেজে) উত্তর দিক্ আলোকিত করিয়া অবস্থান করিতেছে ॥১২॥

যাহাতে ব্রহ্মার সভা রহিয়াছে এবং স্থাবর ও জঙ্গম যে কিছু বস্তু আছে, সেই সমস্তের সৃষ্টিকর্ত্তা মূর্ত্তিমান্ ব্রহ্মা যাহাতে অবস্থান করিতেছেন ॥১৩॥

মহর্ষিরা যাঁহাদিগকে ব্রহ্মার মানস পুত্র বলেন এবং যাঁহাদের সপ্তম দক্ষ, তাঁহাদেরও এই মহামেরুই মঙ্গলময় নিরুপদ্রব স্থান ॥১৪॥

বৎস! বশিষ্ঠপ্রভৃতি সপ্তসংখ্যক দেবর্ষি অস্তের পর এই সুমেরুপর্ব্বতেই থাকেন এবং পুনরায় এই পর্ব্বতেই উদয় পান ॥১৫॥

(১১) এবং পর্ব্বতরাজানম্—বা ব কা নি। (১২ ...তিষ্ঠতি বীর্য্যবান্—বা ব কা নি।

যমাহুঃ সর্ব্বভূতানাং প্রকৃতেঃ প্রকৃতিং ধ্রুবাম্।
অনাদিনিধনং দেবং প্রভুং নারায়ণং পরম্ ॥১৭॥
ব্রহ্মণঃ সদনাত্তস্য পরং স্থানং প্রকাশতে।
দেবাপি যন্ন পশ্যন্তি সর্ব্বতেজোময়ং শুভম্ ॥১৮॥ (যুগ্মকম্)
অত্যর্কানলদীপ্তং তৎ স্থানং বিষ্ণোর্মহাত্মনঃ।
স্বয়ৈব প্রভয়া রাজন্! দুষ্প্রেক্ষ্যং দেবদানবৈঃ ॥১৯॥
প্রাচ্যাং নারায়ণস্থানং মেরাবতিবিরাজতে।
যত্র ভূতেশ্বরস্তাত! সর্ব্বপ্রকৃতিরাত্মভূঃ ॥২০॥
ভাসয়ন্ সর্ব্বভূতানি স্বশ্রিয়াভিবিরাজতে।
নাত্র ব্রহ্মর্ষয়স্তাত! কুত এব মহর্ষয়ঃ ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দেশমিতি। বিরজসং নির্ম্মলম্। শিখরং শৃঙ্গরূপম্। পিতামহো ব্রহ্মা ॥১৬॥

যমিতি। প্রকৃতেঃ কারণীভূতস্য বিরিঞ্চেরপি, ধ্রুবাং নিত্যাম্, প্রকৃতিং নাভিপদ্মত উৎপাদনাৎ কারণমাহুর্ম্মনয়ঃ। ব্রহ্মণঃ সদনাস্তবনাৎ পরমুপরি, তস্য নারায়ণস্য স্থানং বৈকুণ্ঠং নামাবস্থিতিদেশঃ। দেবাপীতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥১৭—১৮॥

অতীতি। অর্কানলাবতিক্রান্তমিতি অত্যর্কানলং তচ্চ তদ্দীপ্তঞ্চেতি তৎ ॥১৯॥

ভারতভাবদীপঃ

আবসন্নধিতিষ্ঠন্ ॥১১—১২॥ ভূতাত্মা সর্ব্বেষাং ভূতানামাত্মা সম্পূর্ণব্রহ্মাণ্ডপিণ্ডাভিমানিত্বাৎ ॥১৩—১৪॥ অত্রৈব প্রজাপতৌ ॥১৫—১৬॥ যমিতি। প্রকৃতেঃ পঞ্চভূতাত্মিকায়াঃ প্রকৃতিমুপাদানম্ ॥১৭॥ ব্রহ্মণশ্চতুর্ম্মুখস্য ॥১৮—১৯॥ নন্বু "সর্ব্বং সোপাধিকং কার্য্যং ব্রহ্মণোঽধস্তাৎ" ইতি বৈদিকসিদ্ধান্তস্তৎকথং বিষ্ণোঃ স্থানং ততঃ পরমিত্যুচ্যতে অত আহ—প্রাচ্যামিতি।

যুধিষ্ঠির! সুমেরুপর্ব্বতের শৃঙ্গরূপ ঐ নির্ম্মল ও উত্তম প্রদেশটী দর্শন কর; যেখানে ব্রহ্মা আত্মতৃপ্ত দেবতাদের সহিত বাস করেন ॥১৬॥

মুনিরা যাঁহাকে সর্ব্বভূতের কারণেরও নিত্যকারণ বলিয়া থাকেন, যাঁহার আদি বা অন্ত নাই, যিনি বাস্তবিক দেবতা, প্রভু, সর্ব্বাপেক্ষা উত্তম এবং নারায়ণ; ব্রহ্মলোকের উপরে তাঁহার ঐ 'বৈকুণ্ঠ-'নামক স্থান প্রকাশ পাইতেছে; সর্ব্বতেজোময় ও মঙ্গলময় যে স্থান দেবতারাও দেখিতে পারেন না ॥১৭—১৮॥

রাজা! সূর্য্য এবং অগ্নি অপেক্ষাও অধিক দীপ্তিশালী মহাত্মা নারায়ণের সেই স্থান আপন প্রভার প্রভাবেই দেবগণ এবং দানবগণেরও দুষ্প্রেক্ষ্য ॥১৯॥

পূর্ব্বদিকে সুমেরুপর্ব্বতে নারায়ণের সেই স্থান অত্যন্ত শোভা পাইতেছে;

(১৮)...দেবা অপি ন পশ্যন্তি—পি, ...দেবাশ্চ যন্নাৎ পশ্যন্তি—নি।

প্রাপ্নুবন্তি গতিং হ্যেতাং যতীনাং কুরুসত্তম ।।
ন তং জ্যোতীংষি সর্ব্বাণি প্রাপ্য ভাসন্তি পাণ্ডব ! ॥২২॥
স্বয়ং প্রভুরচিন্ত্যাত্মা তত্র হ্যতিবিরাজতে ।
যতয়স্তত্র গচ্ছন্তি ভক্ত্যা নারায়ণং হরিম্ ॥২৩॥
পরেণ তপসা যুক্তা ভাবিতাঃ কর্ম্মভিঃ শুভৈঃ ।
যোগসিদ্ধা মহাত্মানস্তমোমোহবিবর্জ্জিতাঃ ॥২৪॥
তত্র গত্বা পুনর্নেমং লোকমায়ান্তি ভারত ! ।
স্বয়ম্ভুবং মহাত্মানং দেবদেবং সনাতনম্ ॥২৫॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

প্রাচ্যামিতি। ভূতানাং ব্রহ্মপর্য্যন্তানামপীশ্বরঃ, সর্ব্বেষাং ব্রহ্মপর্য্যন্তানাং প্রকৃতিঃ কারণম্, আত্মভূঃ অকারণাত্মরজাতঃ। ব্রহ্মর্ষয়ো গচ্ছন্তীতি শেষঃ ২০—২১॥

প্রেতি। যতীনাং মধ্যে কেচিদিতি শেষঃ, এতাম্ এতন্নারায়ণস্থানবিষয়াং গতিং প্রাপ্নুবন্তি। তং লোকং প্রাপ্য। জ্যোতীংষি অগ্ন্যাদীনি তেজাংসি ॥২২॥

স্বয়মিতি। তত্র স্থানে হি, অচিন্ত্যাত্মা স্বয়ং প্রভুর্নারায়ণঃ, অতিবিরাজতে। তথা পরেণ উত্তমেন তপসা যুক্তাঃ, শুভৈঃ কর্ম্মভির্যজ্ঞাদিভিঃ ভাবিতাঃ পাপশূন্যীকৃতাঃ, যোগসিদ্ধাঃ, তমোমোহবিবর্জ্জিতাঃ, মহাত্মানশ্চ, যতয়ো জিতেন্দ্রিয়া এব ভক্ত্যা, তত্র স্থিতম্, স্বয়ম্ভুবং মহাত্মানং দেবদেবং সনাতনং নারায়ণং হরিং গচ্ছন্তি প্রাপ্নুবন্তি। হে ভারত ! তে চ তত্র গত্বা পুনরিমং লোকং নায়ান্তি, "ন স পুনরাবর্ত্ততে" ইতি শ্রুতেঃ "যদ্গত্বা ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম" ইতি গীতোক্তেশ্চেতি ভাবঃ ॥২৩—২৫॥

ভারতভাবদীপঃ

মেরাবেবায়ং তারতম্যেন দেশবিশেষবিভাগো ন তু সোপাধিকমপি কিঞ্চিদজাতমস্তি ইমমেব স্থানভেদমাশ্রিত্য ব্রহ্মলোকাদাবর্ত্ততে ন তু বিষ্ণুলোকাদিতি পৌরাণিকী ব্যবস্থা জ্ঞেয়া

বৎস ! যে স্থানে ভূতপতি, সমস্তের কারণ এবং স্বয়ম্ভূ নারায়ণ আপন তেজে সমস্ত জগৎ উদ্ভাসিত করিয়া শোভা পাইতেছেন। বৎস ! ঐ স্থানে ব্রহ্মর্ষিরাই যাইতে পারেন না, রাজর্ষিরা আর যাইবেন কি করিয়া ॥২০—২১॥

তবে, কুরুশ্রেষ্ঠ পাণ্ডুনন্দন ! জিতেন্দ্রিয়দিগের মধ্যে কোন কোন ব্যক্তি এই বৈকুণ্ঠলোক লাভ করিতে পারেন ; আর সর্ব্বপ্রকার তেজোময় পদার্থই সেখানে যাইয়া দীপ্তি পায় না ॥২২॥

অচিন্তনীয় স্বয়ং প্রভু নারায়ণই সেখানে সাতিশয় বিরাজমান আছেন ; আর অসাধারণ তপস্বী, শুভকর্ম্মদ্বারা পাপবিহীন, যোগসিদ্ধ এবং অজ্ঞান ও মোহরহিত মহাত্মা জিতেন্দ্রিয় ব্যক্তিরা ভক্তির প্রভাবে—তত্রত্য স্বয়ম্ভু, মহাত্মা

স্থানমেতন্মহাভাগ! ধ্রুবমক্ষয়মব্যয়ম্।
ঈশ্বরস্য সদা হ্যেতৎ প্রণমাত্র যুধিষ্ঠির! ॥২৬॥
এবং ত্বহরহর্মের্রুং সূর্য্যাচন্দ্রমসৌ ধ্রুবম্।
প্রদক্ষিণমুপাবৃত্য কুরুতঃ কুরুনন্দন! ॥২৭॥
জ্যোতীংষি চাপ্যশেষেণ সর্ব্বাণ্যনঘ! সর্ব্বতঃ।
পরিযান্তি মহারাজ! গিরিরাজং প্রদক্ষিণম্ ॥২৮॥
এবং জ্যোতীংষি সর্ব্বাণি প্রকর্ষন্ ভগবানপি।
কুরুতে বিতমস্কর্ম্মা আদিত্যোঽভিপ্রদক্ষিণম্ ॥২৯॥

ভারতকৌমুদী

স্থানমিতি। হে মহাভাগ! ঈশ্বরস্য নারায়ণস্য এতৎ স্থানম্, ধ্রুবং নিত্যম্, অতএব অক্ষয়ম্ অবিনশ্বরম্, অব্যয়ং চ্যুতিহীনঞ্চ। তেন হি হে যুধিষ্ঠির! অত্র স্থিত এব এতৎ স্থানং সদা প্রণম নমস্কুরু ॥২৬॥

এবমিতি। উপাবৃত্য উদিত্বা উদিত্বা, প্রদক্ষিণং কুরুতঃ ॥২৭॥

জ্যোতীংষীতি। জ্যোতীংষি গ্রহনক্ষত্রাণি। সর্ব্বতঃ পরিযান্তি পরিভ্রমন্তি ॥২৮॥

এবমিতি। বিগতং তমোঽন্ধকারো যেন তাদৃশং কর্ম্ম যস্য সঃ, ভগবান্ আদিত্যোঽপি সর্ব্বাণি জ্যোতীংষি গ্রহনক্ষত্রাণি, প্রকর্ষন্ স্বমনুসারয়ন্, এবং মেরুম্ অভিপ্রদক্ষিণং কুরুতে ॥২৯॥

ভারতভাবদীপঃ

॥২০—২৫॥ ধ্রুবমক্ষয়মব্যয়মিতি উৎপত্তিহ্রাসনাশশূন্যমিত্যর্থঃ। এতচ্চ যথা ঘটাকাশয়োর্মিথ্যাত্বাবিশেষেঽপি ব্যবহারমাত্রেণ ঘটো নিত্য আকাশো নিত্য ইতি বিভাগঃ এবং ব্রহ্মলোকান্তমনিত্যং বৈকুণ্ঠং নিত্যমিতি, পরমার্থতস্তু কর্মমুক্তিস্থানত্বাদৌপচারিকং ধ্রুবত্বাদি জ্ঞেয়ম্। প্রণম নমস্কুরু ॥২৬॥ উপাবৃত্য অপ্রদক্ষিণং গত্বৈব, ভচক্রবেগাৎ কুলালচক্রে প্রতীপং ক্রমন্তী পিপীলিকেব প্রদক্ষিণং কুরুত ইত্যর্থঃ ॥২৭—২৮॥ প্রকর্ষন্নভিভবন্ প্রদক্ষিণং

দেবদেব ও সনাতন হরি নারায়ণকে লাভ করিতে পারেন এবং ভরতনন্দন! তাঁহারা সেখানে যাইয়া পুনরায় এ মর্ত্যলোকে আগমন করেন না ॥২৩—২৫॥

মহাভাগ! নারায়ণের এই স্থানটী নিত্য, বিনশ্বর নহে এবং ও স্থান হইতে কেহই বিচ্যুত হয় না, অতএব যুধিষ্ঠির! তুমি এখানে থাকিয়াই সর্ব্বদা এই স্থানটীকে নমস্কার করিও ॥২৬॥

কুরুনন্দন! সূর্য্য ও চন্দ্র প্রত্যহই উদিত হইয়া নিশ্চিন্তভাবে এই সুমেরু-পর্ব্বতকে প্রদক্ষিণ করেন ॥২৭॥

এবং নিষ্পাপ মহারাজ! সমস্ত গ্রহ-নক্ষত্রই সকল দিক্ দিয়া এই পর্ব্বতরাজ সুমেরুকে প্রদক্ষিণ করিয়া ভ্রমণ করেন ॥২৮॥

এবমেতং ত্বতিক্রম্য মহামেরুমতন্দ্রিতঃ।
ভাবয়ন্ সর্ব্বভূতানি পুনর্গচ্ছতি মন্দরম্ ॥৩৩॥
তথা তমিস্রহা দেবো ময়ূখৈর্ভাবয়ন্ জগৎ।
মার্গমেতমসংবাধমাদিত্যঃ পরিবর্ত্ততে ॥৩৪॥
সিসৃক্ষুঃ শিশিরাণ্যেষ দক্ষিণাং ভজতে দিশম্।
ততঃ সর্ব্বাণি ভূতানি কালোঽভ্যচ্ছতি শৈশিরঃ ॥৩৫॥
স্থাবরাণাঞ্চ ভূতানাং জঙ্গমানাঞ্চ তেজসা।
তেজাংসি সমুপাদত্তে নিবৃত্তঃ স বিভাবসুঃ ॥৩৬॥
ততঃ স্বেদক্লমৌ তন্দ্রীগ্লানিশ্চ ভজতে নরান্।
প্রাণিভিঃ সততং স্বপ্নো হ্যভীক্ষ্ণঞ্চ নিষেব্যতে ॥৩৭॥

ভারতকৌমুদী

এবমিতি। অতন্দ্রিতঃ অনলসঃ সোমঃ। ভাবয়ন্ পুষ্ণন্। মন্দরং পর্ব্বতমুদয়কালে ॥৩৩॥

তথেতি। তমিস্রহা অন্ধকারহন্তা। ভাবয়ন্ পুষ্ণন্। পরিবর্ত্ততে পরিভ্রমতি ॥৩৪॥

সিসৃক্ষুরিতি। এষ আদিত্যঃ শিশিরাণি শীতানি, সিসৃক্ষুঃ স্বব্যবধানেন শীতাগমসুবিধাদানাৎ স্রষ্টুমিচ্ছুঃ সন্, দক্ষিণাং দিশং ভজতে। ততঃ শৈশিরঃ শীতসম্বন্ধী কালঃ, সর্ব্বাণি ভূতানি, অভ্যচ্ছতি প্রাপ্নোতি ॥৩৫॥

স্থাবরাণামিতি। সমুপাদত্তে গৃহ্নাতি, নিবৃত্তো দক্ষিণদিশ উত্তরায়ণমাপন্ন ইত্যর্থঃ ॥৩৬॥

তত ইতি। স্বেদো ঘর্ম্মজলম্, ক্লমঃ শ্রমঃ, তন্দ্রীঃ সর্ব্বাঙ্গানিষ্ক্রিয়তা, গ্লানিরবসাদঃ। স্বপ্নো নিদ্রা, অভীক্ষ্ণং পুনঃ পুনঃ। সাতত্যমাভীক্ষ্ণ্যঞ্চ প্রাণিভেদাৎ ॥৩৭॥

ভারতভাবদীপঃ

সোমো মাসান্ বিভজন্নিতি সম্বন্ধঃ। তত্র মাসবিভাগপ্রকারোঽষ্টাবক্রীয়ে উক্তঃ ॥৩২—৩৪॥ শিশিরাণি শীতানি ॥৩৫॥ তেজাংসি সমুপাদত্তে গ্রীষ্মে ॥৩৬-৩৭॥ অনির্দ্দেশ্যং মার্গমস্ত-

এইভাবে চন্দ্রও আলস্যবিহীন হইয়া এই সুমেরুপর্ব্বতকে অতিক্রম করিয়া সমস্ত পদার্থকে পরিপুষ্ট করিতে থাকিয়া পুনরায় মন্দরপর্ব্বতে (উদয়াচলে) গমন করেন ॥৩৩॥

অন্ধকারনাশক সূর্য্যদেবও সেইভাবেই কিরণদ্বারা জগৎ পরিপুষ্ট করিতে থাকিয়া অবাধে এই পথে পরিভ্রমণ করেন ॥৩৪॥

সূর্য্যদেবই শীত প্রবর্ত্তিত করিবার জন্য দক্ষিণ দিকে গমন করেন; তাহার পর সমস্ত পদার্থের নিকটেই শীতকাল উপস্থিত হয় ॥৩৫॥

আবার সেই সূর্য্যই দক্ষিণ দিক্ হইতে উত্তর দিকে যাইতে থাকিয়া আপন তেজোদ্বারা স্থাবর ও জঙ্গম সমস্ত পদার্থেরই তেজ আকর্ষণ করেন ॥৩৬॥

(৩৭)...তন্দ্রী গ্লানিশ্চ—পি।

এবমেতমনির্দ্দেশ্যং মার্গমাবৃত্য ভানুমান্।
পুনঃ সৃজতি বর্ষাণি ভগবান্ ভাবয়ন্ প্রজাঃ ॥৩৮॥
বৃষ্টিমারুতসন্তাপৈঃ সুখৈঃ স্থাবরজঙ্গমান্।
বর্দ্ধয়ন্ সুমহাতেজাঃ পুনঃ প্রতিনিবর্ত্ততে ॥৩৯॥
এবমেষ চরন্ পার্থ! কালচক্রমতন্দ্রিতঃ।
প্রকর্ষন্ সর্ব্বভূতানি সবিতা পরিবর্ত্ততে ॥৪০॥
সন্ততা গতিরেতস্য নৈষ তিষ্ঠতি পাণ্ডব!।
আদায়ৈব তু ভূতানাং তেজো বিসৃজতে পুনঃ ॥৪১॥

ভারতকৌমুদী

এবমিতি। অনির্দ্দেশ্যং সাক্ষাদ্দর্শনাভাবেন নির্ব্বক্তুমশক্যম্, আবৃত্য আবর্ত্তনেন গত্বা, বর্ষাণি বর্ষাকালান্, ভাবয়ন্ আতপবর্ষাভ্যাং পুষ্ণন্, প্রজা জন্মিনঃ পদার্থান্ ॥৩৮॥

বৃষ্টীতি। বৃষ্টিমারুতসন্তাপৈস্তত্তন্নিবন্ধনৈঃ সুখৈঃ। তথা চ গ্রীষ্মে বৃষ্টিমারুতাভ্যাং শীতে চ সন্তাপেনেত্যর্থঃ। সুমহাতেজাঃ সূর্য্যঃ, প্রতিনিবর্ত্ততে ঋত্বন্তরং যাতি ॥৩৯॥

এবমিতি। অতন্দ্রিতঃ অনলসঃ। প্রকর্ষন্ পরিণময়ন্, পরিবর্ত্ততে ভ্রমতি ॥৪০॥

সন্ততেতি। সন্ততা অবিরলা। ভূতানাং পৃথিব্যাদীনাম্। বিসৃজতে অর্পয়তি ॥৪১॥

ভারতভাবদীপঃ

রিক্তম্ ॥৩৮॥ বহির্বায়ুঃ পরস্পরং বর্দ্ধয়ন্তৌ জলমৎক্ষিপত ইতি প্রসিদ্ধং সজলস্থাল্যাং বায়ুদ্দীপিতে-ঽগ্নির্বাষ্পবায়ুং বর্দ্ধয়তি বায়ুশ্চ স্থালীজলমুৎক্ষিপতীতি বৃষ্টিমারুতসন্তাপান্ প্রতি সূর্য্যস্যৈব হেতুত্বং যুক্তমিতি ভাবঃ ॥৩৯—৪২॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্‌ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৬॥

---

তাহার পর ক্রমে মনুষ্যগণের ঘর্ম্ম, শ্রম, আলস্য এবং অবসাদ উপস্থিত হয়; আর অন্যান্য প্রাণীদের মধ্যে কতকগুলির সর্ব্বদা নিদ্রা এবং কতকগুলির বার বার নিদ্রা হইতে থাকে ॥৩৭॥

এইভাবে ভগবান্ সূর্য্য এই অনির্বচনীয় পথে গমন করিতে থাকিয়া পদার্থ-সমূহকে পুষ্ট করিবার জন্য আবার বর্ষাকাল প্রবর্ত্তিত করেন ॥৩৮॥

অতিমহাতেজা সূর্য্য গ্রীষ্মকালে বৃষ্টি ও বায়ুর সুখে এবং শীতকালে সন্তাপের সুখে স্থাবর ও জঙ্গম প্রাণিগণকে বর্দ্ধিত করিয়া অন্যান্য ঋতুতে গমন করেন ॥৩৯॥

পৃথানন্দন! সূর্য্যদেব এইভাবে সর্ব্বদা কালচক্রে বিচরণ করতঃ সকল পদার্থকেই পরিণত করিতে থাকিয়া ভ্রমণ করিতেছেন ॥৪০॥

---

(৪১)…আদায়ৈবন্ত—পি।

বিভজন্ সর্ব্বভূতানামায়ুঃ কর্ম্ম চ ভারত ! ।
অহোরাত্রান্ কলাঃ কাষ্ঠাঃ সৃজত্যেষ সদা বিভুঃ ॥৪২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে মেরুদর্শনে ষট্‌ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

## সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ ।

তস্মিন্ নগেন্দ্রে বসতাস্তু তেষাং মহাত্মনাং সদব্রতমাশ্রিতানাম্ ।
রতিঃ প্রমোদশ্চ বভূব রাজন্নাকাঙ্ক্ষতাং দর্শনমর্জ্জুনস্য ॥১॥

তান্ বীর্য্যযুক্তান্ সুবিশুদ্ধসত্ত্বাংস্তেজস্বিনঃ সত্যধৃতিপ্রধানান্ ।
সম্প্রীয়মাণা বহবোঽভিজগ্মুর্গন্ধর্ব্বমুখ্যাশ্চ মহর্ষয়শ্চ ॥২॥

ভাবকৌমুদী

বিভজন্নিতি। আয়ুঃ একবর্ষদ্বিবর্ষাদিরূপম্ কর্ম্ম উদিতাস্তমাদিকম্ ॥৪২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভাবকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে ষট্‌ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তস্মিন্নিতি। নগেন্দ্রে পর্ব্বতশ্রেষ্ঠে। সদব্রতং সাধুনিয়মম্। রতিঃ ক্রীড়া ॥১॥

---

পাণ্ডুনন্দন! সূর্য্যের গতি অনন্ত চলিতেছে, ইনি কখনও অবস্থান করেন না এবং সমস্ত পদার্থেরই তেজ আকর্ষণ করিয়া আবার তাহা বিসর্জ্জন করেন ॥৪১॥

ভরতনন্দন! এই প্রভাবশালী সূর্য্যদেব সমস্ত পদার্থেরই আয়ু ও কর্ম্মের বিভাগ করিবার জন্য দিন, রাত্রি, কলা ও কাষ্ঠাপ্রভৃতি সৃষ্টি করিতেছেন” ॥৪২॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—রাজা জনমেজয়! সজ্জনের নিয়মাবলম্বী মহাত্মা পাণ্ডবেরা অর্জ্জুনের দর্শন অভিলাষে সেই পর্ব্বতশ্রেষ্ঠে বাস করিবার সময়ে তাঁহাদের ক্রীড়া ও আমোদ চলিত ॥১॥

সত্ত্ব ও ধৈর্য্যশালী, বলবান, অতিনির্ম্মলস্বভাব ও তেজস্বী পাণ্ডবগণের

---

(৪২)···অহোরাত্রম্—বা ব ক।

* '···ত্রিষষ্ট্যধিক···'—বা ব কা,পি, '··· চতুঃষষ্ট্যধিক···'—নি।

(১)···বভূব তেষামাকাঙ্ক্ষতাম্—বা ব কা নি। (২)···সুবিশুদ্ধকামান্···গন্ধর্ব্বসংঘাশ্চ—বা ব কা।

তং পাদপৈঃ পুষ্পধরৈরুপেতং নগোত্তমং প্রাপ্য মহারথানাম্।
মনঃপ্রসাদঃ পরমো বভূব যথা দিবং প্রাপ্য মরুদ্গণানাম্ ॥৩॥
ময়ূরহংসস্বননাদিতানি পুষ্পোপকীর্ণানি মহাচলস্য।
শৃঙ্গাণি সানূনি চ পশ্যমানা গিরেঃ পরং হর্ষমবাপ্য তস্থুঃ ॥৪॥
সাক্ষাৎ কুবেরেণ কৃতাশ্চ তস্মিন্ নগোত্তমে সংবৃতকূলরোধসঃ।
কাদম্বকারণ্ডবহংসজুষ্টাঃ পদ্মাকুলাঃ পুষ্করিণীরপশ্যন্ ॥৫॥
ক্রীড়াপ্রদেশাংশ্চ সমৃদ্ধরূপান্ সুচিত্রমাল্যাবৃতজাতশোভান্।
মণিপ্রকীর্ণাংশ্চ মনোরমাংশ্চ যথা ভবেয়ুর্ধনদস্য রাজ্ঞঃ ॥৬॥

ভারতকৌমুদী

তানিতি। সুবিশুদ্ধসত্ত্বান্ অতিনির্ম্মলস্বভাবান্, সত্যং ধৃতির্ধৈর্য্যঞ্চ প্রধানং যেষাং তান্ ॥২॥

তমিতি। পাদপৈর্বৃক্ষৈঃ, নগোত্তমং পর্ব্বতশ্রেষ্ঠম্। মরুদ্গণানাং দেবগণানাম্ ॥৩॥

ময়ূরেতি। মহাচলস্য মহাগিরিরূপস্য গিরেঃ। সানূনি সমতলদেশান্ ॥৪॥

সাক্ষাদিতি। সংবৃতানি পুষ্পিতলতাভ্যাবৃতানি কূলানি স্ফীতভূতানি রোধাংসি তীরাণি যাসাং তাঃ, "কূলং তটে সৈন্যপৃষ্ঠে তড়াগস্তূপয়োরপি" ইতি হেমচন্দ্রঃ ॥৫॥

ক্রীড়েতি। ধনদস্য রাজ্ঞো যথা মনোরমা ভবেয়ুস্তথা মনোরমানপশ্যন্নিত্যনুকর্ষঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

তস্মিন্নিতি ॥১—৩॥ মহতী চলা লক্ষ্মীঃ শোভা যস্য মহাচলস্য। "চলা লক্ষ্ম্যাং পুমান্ কম্পে" ইতি মেদিনী। সানুষ্বেব তীক্ষ্ণাগ্রাণি পুংসঞ্চারাযোগ্যানি শৃঙ্গাণীত্যুচ্যন্তে ॥৪॥

নিকটে বহুতর প্রধান গন্ধর্ব্ব ও মহর্ষি প্রীতিযুক্ত হইয়া প্রায়ই আগমন করিতেন ॥২॥

স্বর্গ পাইয়া দেবগণের যেমন আনন্দ হইয়া থাকে, পুষ্পধারি-বৃক্ষ-সমন্বিত সেই পর্ব্বত পাইয়া মহারথ পাণ্ডবগণেরও তেমনই আনন্দ হইয়াছিল ॥৩॥

ময়ূর ও হংসের রবে মুখরিত এবং পুষ্পপরিপূর্ণ সেই পর্ব্বতের শৃঙ্গ ও সমতল ভূমি সকল দর্শন করিতে থাকিয়া পাণ্ডবেরা পরম আনন্দ লাভ করিয়া বাস করিতে লাগিলেন ॥৪॥

স্বয়ং কুবের সেই পর্ব্বতের বহুতর পুষ্করিণী নির্ম্মাণ করিয়াছিলেন; সেগুলির উচ্চ তীরগুলি পুষ্পিত লতায় আবৃত ছিল; কলহংস, কারণ্ডব ও সাধারণ হংস তথায় বিচরণ করিত এবং সেগুলি পদ্মে পরিপূর্ণ ছিল; পাণ্ডবেরা সেই পুষ্করিণীগুলি দর্শন করিতেন ॥৫॥

সমৃদ্ধিসম্পন্ন, বিচিত্র মাল্যে আবৃত ও শোভিত এবং নানাবিধ মণিখচিত মনোহর ক্রীড়াস্থানগুলি কুবেরের ন্যায় পাণ্ডবগণেরও চিত্ত আকর্ষণ করিত ॥৬॥

অনেকবর্ণৈশ্চ সুগন্ধিভিশ্চ মহাদ্রুমৈঃ সন্ততমভ্রজালৈঃ।
তপঃপ্রধানাঃ সততং চরন্তঃ শৃঙ্গং গিরেশ্চিন্তয়িতুং ন শেকুঃ ॥৭॥
স্বতেজসা তস্য নগোত্তমস্য মহৌষধীনাঞ্চ তথা প্রভাবাৎ।
বিভক্তভাবো ন বভূব কশ্চিদহর্নিশানাং পুরুষপ্রবীর। ॥৮॥
যস্তেজসা স্থাবরজঙ্গমানি বিভাবসুর্ভাবয়তেঽমিতৌজাঃ।
তস্যোদয়ঞ্চাস্তময়ঞ্চ বীরাস্তত্র স্থিতাস্তে দদৃশুর্নৃসিংহাঃ ॥৯॥
রবেস্তমিস্রাগমনির্গমাংস্তে তথোদয়ঞ্চাস্তময়ঞ্চ বীরাঃ।
সমাবৃতাঃ প্রেক্ষ্য তমোনুদস্য গভস্তিজালৈঃ প্রদিশো দিশশ্চ ॥১০॥

ভারতকৌমুদী

অনেকেতি। অভ্রজালৈর্মেঘবৃন্দৈঃ সন্ততং ব্যাপ্তং শৃঙ্গম্। তপঃপ্রধানাঃ পাণ্ডবাঃ ॥৭॥

স্বেতি। মহৌষধীনাং লতাবিশেষাণাম্, প্রভাবাৎ কিরণাৎ। বিভক্তভাবো ভেদঃ ॥৮॥

য ইতি। বিভাবসুঃ সূর্য্যঃ, ভাবয়তে পুষ্ণাতি। অত্রাদিশব্যত্ব, নৃসিংহাঃ[illegible]

রূপম্ ॥৯॥

রবেরিতি। অস্তময়ে তমিস্রাগমম্ উদয়ে চ তন্নির্গমঞ্চ। [illegible]।

ভারতভাবদীপঃ

রোধসো রোধস্বতঃ [illegible] বহুবাহোরাত্রবিভাগো নাসীৎ [illegible] সূর্য্যং বিভাবসুর্বহ্নিরাস্থিতঃ। "আদিত্যো বা অস্তং [illegible]" ইত্যাদি শ্রুতেঃ, যস্য সূর্য্যস্যাশ্রয়েণৈব রাত্রৌ বহ্নির্জ্জাগর্ত্তি [illegible] অস্তোদয়স্থানানি বহূনি [illegible] তদুদা- চ্যানামস্তস্থানম্। পাশ্চাত্যানাং নিশীথস্থানম্, [illegible] উদয়াদি- স্থানানাং বহুত্বং গম্যতে। [illegible] চেষ্টতেঽস্মিন্নিত্যস্তময়নমস্তময়স্থানম্ [illegible] প্রদিশো দিশামন্ত-

নানাবর্ণ ও সৌরভসম্পন্ন মহাবৃক্ষে এবং মেঘসমূহে পরিব্যাপ্ত পর্ব্বতশৃঙ্গে সর্ব্বদা বিচরণ করিতে থাকিয়া তপঃপরায়ণ পাণ্ডবেরা তাহার সৌন্দর্য্যের চিন্তা করিতেও সমর্থ হইতেন না ॥৭॥

পুরুষপ্রধান জনমেজয়! সেই শ্রেষ্ঠ পর্ব্বতের নিজের তেজে এবং মহা- লতাসমূহের কিরণে সেখানে দিন ও রাত্রির কোন প্রভেদ ছিল না ॥৮॥

অমিততেজা যে সূর্য্য তেজদ্বারা স্থাবর ও জঙ্গম সমস্ত পদার্থকে পরিপুষ্ট করেন, সেই সূর্য্যের উদয় এবং অস্ত সেইখানে থাকিয়াই সেই মহাবীর ও নরশ্রেষ্ঠ পাণ্ডবেরা দেখিতে থাকিলেন ॥৯॥

(৮)...অহোনিশানাম্—বা ব কা। (৯) যমাস্থিতঃ স্থাবরজঙ্গমানি...অস্তমনঞ্চ—বা ব কা নি।

স্বাধ্যায়বন্তঃ সততক্রিয়াশ্চ ধর্ম্মপ্রধানাশ্চ শুচিব্রতাশ্চ।
সত্যে স্থিতাস্তস্য মহারথস্য সত্যব্রতস্যাগমনপ্রতীক্ষাঃ ॥১১॥
ইহৈব হর্ষোঽস্তু সমাগতানাং ক্ষিপ্রং কৃতাস্ত্রেণ ধনঞ্জয়েন।
ইতি ব্রুবন্তঃ পরমাশিষস্তে পার্থাস্তপোযোগপরা বভূবুঃ ॥১২॥ (বিশেষকম্)
দৃষ্ট্বা বিচিত্রাণি গিরৌ বনানি কিরীটিনং চিন্তয়তামভীক্ষ্ণম্।
বভূব রাত্রিদিবসশ্চ তেষাং সংবৎসরেণৈব সমানরূপঃ ॥১৩॥
যদৈব ধৌম্যানুমতে মহাত্মা কৃত্বা জটাঃ প্রব্রজিতঃ স জিষ্ণুঃ।
তদৈব তেষাং ন বভূব হর্ষঃ কুতো রতিস্তদ্গতমানসানাম্ ॥১৪॥
ভ্রাতুর্নিয়োগাত্তু যুধিষ্ঠিরস্য বনাদসৌ বারণমত্তগামী।
যৎ কাম্যকাৎ প্রব্রজিতঃ স জিষ্ণুস্তদৈব তে শোকহতা বভূবুঃ ॥১৫॥

ভারতকৌমুদী

তমোনুদঃ সূর্য্যাস্য। প্রদিশো দিশামন্তরালানি। স্বাধ্যায়বন্তো বেদপাঠশালিনঃ। তস্য অর্জ্জুনস্য। সমাগতানাং মিলিতানামস্মাকম। ইতি পরমাশিষো ব্রুবন্তঃ ॥১০-১২॥
দৃষ্ট্বেতি। অভীক্ষ্ণং পুনঃ পুনঃ। সমানরূপঃ, বিরহকালস্য দীর্ঘত্বানুভবাৎ ॥১৩॥
যদেতি। ধৌম্যস্য অনুমতে অনুমতৌ সত্যাম্ জিষ্ণুরর্জ্জুনঃ। রতির্ভোগানুরাগঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

বালানি ॥১০॥ সততক্রিয়াঃ অবিচ্ছিন্নধর্ম্মাচরণাঃ ॥১১-১৪॥ যৎ কাম্যকাৎ যদা কাম্যকাগমনাৎ ॥১৫—২০।

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৭॥

---

অন্ধকারের আগমন ও নির্গমন, সূর্য্যের উদয় ও অস্ত এবং সূর্য্যের কিরণসমূহে সমাবৃত দিক্ ও বিদিক্—এই সমস্ত দেখিতে থাকিয়া মহাবীর পাণ্ডবেরা বেদপাঠী, সর্ব্বদা সৎকার্য্যসম্পন্ন, ধর্ম্মপরায়ণ, পবিত্রনিয়মী এবং সত্যনিষ্ঠ হইয়া মহারথ ও সত্যনিরত অর্জ্জুনের আগমনপ্রতীক্ষা করিতে লাগিলেন; আর 'এইখানেই শিক্ষিতাস্ত্র অর্জ্জুনের সহিত সম্মেলন হওয়ায় সত্বরই আমাদের পরম আনন্দ হউক' এইরূপ মহাশীর্ব্বাদ করিতে থাকিয়া পাণ্ডবেরা তপস্যা ও যোগপরায়ণ হইলেন ॥১০—১২॥

পাণ্ডবগণ অনবরত অর্জ্জুনকে ভাবিতে থাকিয়া পার্ব্বত্য বিচিত্র বন দেখিয়া দেখিয়া বিচরণ করিতেন, তখন এক একটী দিন ও রাত্রি এক একটী বৎসরের সমান বলিয়া তাঁহাদের ধারণা হইত ॥১৩॥

ধৌম্যপুরোহিতের অনুমতিক্রমে যখনই মহাত্মা অর্জ্জুন জটা বন্ধন করিয়া চলিয়া গিয়াছিলেন, তদবধিই তদ্গতচিত্ত পাণ্ডবগণের আনন্দ ছিল না; সুতরাং তাঁহাদের ভোগানুরাগ থাকিবে কি করিয়া ॥১৪॥

তথৈব তং চিন্তয়তাং সিতাশ্বমস্ত্রার্থিনং বাসবমভ্যুপেতম্।
মাসোঽথ কৃচ্ছ্রেণ তদা ব্যতীতস্তস্মিন্ নগে ভারত! ভারতানাম্ ॥১৬॥
উষিত্বা পঞ্চ বর্ষাণি সহস্রাক্ষনিবেশনে।
অবাপ্য দিব্যান্যস্ত্রাণি সর্ব্বাণি বিবুধেশ্বরাৎ ॥১৭॥
আগ্নেয়ং বারুণং সৌম্যং বায়ব্যমথ বৈষ্ণবম্।
ঐন্দ্রং পাশুপতং ব্রাহ্মং পারমেষ্ঠ্যং প্রজাপতেঃ ॥১৮॥
যমস্য ধাতুঃ সবিতুস্ত্বষ্টুর্বৈশ্রবণস্য চ।
তানি প্রাপ্য সহস্রাক্ষাদভিবাদ্য শতক্রতুম্ ॥১৯॥
অনুজ্ঞাতস্ততস্তেন কৃত্বা চাপি প্রদক্ষিণম্।
আগচ্ছদর্জ্জুনঃ প্রীতঃ প্রহৃষ্টো গন্ধমাদনম্ ॥২০॥ (কলাপকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে অর্জ্জুনাভিগমনে সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

---

ভারতকৌমুদী

ভ্রাতুরিতি। মত্তশ্চাসৌ বারণো হস্তী চেতি বারণমত্তঃ অগ্নিষ্টোমাদিবদ্বিশেষণস্য পর-নিপাতঃ, তদ্বদ্গচ্ছতীতি সঃ। যদ্যদা, কাম্যকাদ্বনাদিতি সম্বন্ধঃ। শোকেন হতা বিষণ্ণাঃ ॥১৫॥

তথেতি। সিতাশ্বমর্জ্জুনম্। বাসবমিন্দ্রম্। ব্যতীতঃ অতিক্রান্তঃ, নগে পর্ব্বতে ॥১৬॥

উষিত্বেতি। সহস্রাক্ষনিবেশনে ইন্দ্রভবনে। বিবুধেশ্বরাৎ দেবরাজাৎ। সৌম্যং চন্দ্রসম্বন্ধি। পারমেষ্ঠ্যং নাম। ত্বষ্টুঃ প্রজাপতিবিশেষস্য, বৈশ্রবণস্য কুবেরস্য। তানি অস্ত্রাণি, সহস্রাক্ষাৎ একস্মাদিন্দ্রাদেব। প্রীতঃ প্রসন্নচিত্তঃ, প্রহৃষ্টঃ অতীবানন্দিতঃ ॥১৭—২০॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি যক্ষযুদ্ধে সপ্তত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

মত্ত হস্তীর ন্যায় মন্দগামী অর্জ্জুন, ভ্রাতা যুধিষ্ঠিরের আদেশে যখন কাম্যকবন হইতে গিয়াছিলেন, সেই সময় হইতেই পাণ্ডবেরা শোকে বিষণ্ণ ছিলেন ॥১৫॥

সুতরাং অস্ত্রশিক্ষার জন্য ইন্দ্রের নিকট উপগত অর্জ্জুনকে পাণ্ডবেরা সেই ভাবেই সর্ব্বদা চিন্তা করিতেন; অতএব ভরতনন্দন! তখন সেই পর্ব্বতে সেই অবস্থাতেই পাণ্ডবগণের একমাস কাল অতিকষ্টে অতীত হইল ॥১৬॥

তাহার পর, অর্জ্জুন পাঁচ বৎসর ইন্দ্রভবনে থাকিয়া, দেবরাজের নিকট হইতে স্বর্গীয় সমস্ত অস্ত্র লাভ করিয়া এবং আগ্নেয়, বারুণ, চান্দ্র, বায়ব্য, বৈষ্ণব, ঐন্দ্র, পাশুপত, ব্রাহ্ম ও প্রজাপতির পারমেষ্ঠ আর যম, ধাতা, সূর্য্য,

* '…চতুঃষষ্ট্যধিক…'—বা ব কা পি, '…পঞ্চষষ্ট্যধিক…'—নি।

# অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কদাচিদ্ধরিসম্প্রযুক্তং মহেন্দ্রবাহং সহসোপযাতম্ ।
বিদ্যুৎপ্রভং প্রেক্ষ্য মহারথানাং হর্ষোঽর্জ্জুনং চিন্তয়তাং বভূব ॥১॥
স দীপ্যমানঃ সহসান্তরীক্ষং প্রকাশয়ন্ মাতলিসংগৃহীতঃ ।
বভৌ মহোল্কেব ঘনান্তরস্থা শিখেব চাগ্নের্জ্জ্বলিতা বিধূমা ॥২॥
তমাস্থিতঃ সংদদৃশে কিরীটী স্রগ্বী নবান্যাভরণানি বিভ্রৎ ।
ধনঞ্জয়ো বজ্রধরপ্রভাবঃ শ্রিয়া জ্বলন্ পর্ব্বতমাজগাম ॥৩॥
স শৈলমাসাদ্য কিরীটমালী মহেন্দ্রবাহাদবরুহ্য তস্মাৎ ।
ধৌম্যস্য পাদাবভিবাদ্য ধীমানজাতশত্রোস্তদনন্তরঞ্চ ॥৪॥

ভাবদীপকৌমুদী

তত ইতি। হরিণা ইন্দ্রেণ সম্প্রযুক্তং প্রেরিতম্, মহেন্দ্রবাহম্ ইন্দ্রবিমানম্ ॥১॥

স ইতি। স মহেন্দ্রবাহঃ। ঘনান্তরস্থা মেঘমধ্যবর্ত্তিনী ॥২॥

তমিতি। আস্থিতঃ আরূঢ়ঃ, সংদদৃশে যুধিষ্ঠিরাদিভিঃ, স্রগ্বী মাল্যধারী ॥৩॥

—

ত্বষ্টা ও কুবেরের অস্ত্র ইন্দ্রের নিকটই শিক্ষা করিয়া, তাঁহাকে অভিবাদন ও প্রদক্ষিণপূর্ব্বক তাঁহার অনুমতিক্রমে প্রসন্ন ও হৃষ্টচিত্ত গন্ধমাদনপর্ব্বতে আগমন করিলেন ॥১৭-২০॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর একদা পাণ্ডবেরা অর্জ্জুনেরই চিন্তা করিতেছিলেন—এমন সময়ে বিদ্যুতের ন্যায় উজ্জ্বল ইন্দ্রপ্রেরিত ইন্দ্রবিমান হঠাৎ উপস্থিত হইল; ইহা দেখিয়া তাঁহাদের আনন্দ জন্মিল ॥১॥

মাতলিসঞ্চালিত দীপ্তিশালী সেই বিমানখানা হঠাৎ আকাশ আলোকিত করিয়া মেঘমধ্যস্থিত বিশাল উল্কার ন্যায় এবং ধূমবিহীন ও প্রজ্বলিত অগ্নিশিখার ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥২॥

কিরীট, মালা ও নূতন অলঙ্কারধারী, ইন্দ্রের তুল্য প্রভাবশালী এবং কান্তিদ্বারা উজ্জ্বলমূর্ত্তি অর্জ্জুনকে সেই বিমানের ভিতরে দেখা যাইতে লাগিল; ক্রমে তিনি সেই পর্ব্বতে আগমন করিলেন ॥৩॥

বৃকোদরস্যাপি ববন্দ পাদৌ মাদ্রীসুতাভ্যামভিবাদিতশ্চ।
সমেত্য কৃষ্ণাং পরিসান্ত্ব্য চৈনাং প্রহ্বোঽভবদ্ভ্রাতুরুপহ্বরে সঃ ॥৫॥ (যুগ্মকম্)
বভূব তেষাং পরমঃ প্রহর্ষস্তেনাপ্রমেয়েণ সমাগতানাম্।
স চাপি তান্ প্রেক্ষ্য কিরীটমালী ননন্দ রাজানমভিপ্রশংসন্ ॥৬॥
যমাস্থিতঃ সপ্ত জঘান পূগান্ দিতেঃ সুতানাং নমুচেনিহন্তা।
তমিন্দ্রবাহং সমুপেত্য পার্থাঃ প্রদক্ষিণং চক্রুরদীনসত্ত্বাঃ ॥৭॥
তে মাতলেশ্চক্রুরতীবহৃষ্টাঃ সৎকারমগ্র্যং সুররাজতুল্যম্।
সর্ব্বান্ যথাবচ্চ দিবৌকসস্তে পপ্রচ্ছুরেনং কুরুরাজপুত্রাঃ ॥৮॥
তানপ্যসৌ মাতলিরভ্যনন্দৎ পিতেব পুত্রাননুশিষ্য পার্থান্।
যযৌ রথেনাপ্রতিমপ্রভেণ পুনঃ সকাশং ত্রিদিবেশ্বরস্য ॥৯॥

ভারতকৌমুদী

স ইতি। অজাতশত্রোর্যুধিষ্ঠিরস্য। প্রহ্বঃ অবনতঃ, উপহ্বরে সমীপে ॥৪—৫॥
বভূবেতি। অপ্রমেয়েণ অপরিমেয়শক্তিনা অর্জ্জুনেন, সমাগতানাং মিলিতানাম্ ॥৬॥
যমিতি। আস্থিত আরূঢ়ঃ। পূগান্ সমূহান নমুচেনিহন্তা ইন্দ্রঃ ॥৭॥
ত ইতি। অগ্র্যং শ্রেষ্ঠম্। দিবৌকসো দেবান অনুসৃত্যালিঙ্গিতার্থঃ, এনং মাতলিম্ ॥৮॥
তানিতি। অনুশিষ্য উপদিশ্য, ইন্দ্রসারথিত্বেন তৎপর্য্যায়বর্ত্তিত্বাদিত্যাশয়ঃ ॥৯॥

তাহার পর কিরীট ও মালাধারী ধীমান্ অর্জ্জুন পর্ব্বতে আসিয়া, সেই বিমান হইতে নামিয়া, ধৌম্যপুরোহিতের চরণযুগলে নমস্কার করিয়া, যুধিষ্ঠির এবং ভীমেরও চরণযুগলে নমস্কার করিলেন, তখন নকুল ও সহদেব তাঁহাকে অভিবাদন করিলেন; তাহার পর অর্জ্জুন দ্রৌপদীর নিকটে যাইয়া তাঁহাকে সান্ত্বনা করিয়া যুধিষ্ঠিরের নিকটে অবনত হইয়া রহিলেন ॥৪—৫॥

অসাধারণ শক্তিশালী অর্জ্জুনের সহিত সম্মেলন হওয়ায় অপর পাণ্ডবগণের পরম আনন্দ জন্মিল এবং অর্জ্জুনও তাঁহাদিগকে দেখিয়া রাজার প্রশংসা করিতে থাকিয়া আনন্দিত হইলেন ॥৬॥

দেবরাজ যে বিমানে আরোহণ করিয়া দৈত্যগণের সাতটা দলকে নিহত করিয়াছিলেন, সেই ইন্দ্রবিমানের নিকট উপস্থিত হইয়া বলবান্ পাণ্ডবেরা তাহাকে প্রদক্ষিণ করিলেন ॥৭॥

এবং তাঁহারা অত্যন্ত আনন্দিতচিত্তে দেবরাজেরই তুল্য মাতলির যথেষ্ট সম্মান করিলেন; আর সকল দেবতার বৃত্তান্তই যথাযথভাবে মাতলির নিকট জিজ্ঞাসা করিলেন ॥৮॥

তদনন্তর পিতা যেমন পুত্রদিগকে উপদেশ দেন, সেইরূপ মাতলিও পাণ্ডব-

গতে তু তস্মিন্ নরদেববর্য্যঃ শক্রাত্মজঃ সর্ব্বরিপুপ্রমাথী।
শক্রেণ দত্তানি দদৌ মহাত্মা মহাধনান্যুত্তমরূপবন্তি।
দিবাকরাভাণি বিভূষণানি প্রিয়ঃ প্রিয়ায়ৈ সুতসোমমাত্রে ॥১০॥
ততঃ স তেষাং কুরুপুঙ্গবানাং তেষাঞ্চ সূর্য্যাগ্নিসমপ্রভাণাম্।
বিপ্রর্ষভাণামুপবিশ্য মধ্যে সর্ব্বং যথাবৎ কথয়াম্বভূব ॥১১॥
এবং ময়াস্ত্রাণ্যুপশিক্ষিতানি শক্রাচ্চ বাতাচ্চ শিবাচ্চ সাক্ষাৎ।
তথৈব শীলেন সমাধিনা চ প্রীতাঃ সুরা মে সহিতাঃ সহেন্দ্রাঃ ॥১২॥
সংক্ষেপতো বৈ স বিশুদ্ধকর্ম্মা তেভ্যঃ সমাখ্যায় দিবি প্রবাসম্।
মাদ্রীসুতাভ্যাং সহিতঃ কিরীটী সুষ্বাপ তামাবসতিং প্রতীতঃ ॥১৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে অর্জ্জুনাগমনে অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

গত ইতি। নরদেববর্য্যঃ নরদেবশ্রেষ্ঠঃ, শক্রাত্মজঃ অর্জ্জুনঃ। মহাধনানি মহামূল্যানি। দ্রৌপদ্যাং [illegible] সুতসোমমাত্রে [illegible] দদৌ [illegible]। এতদাদিকং শ্লোকঃ ॥১০॥

তত ইতি। [illegible] সূর্য্যাগ্নি [illegible]। সর্ব্বং বৃত্তান্তম্ ॥১১॥

[illegible] ॥১২॥

ভারতভাবদীপঃ

গত ইতি। [illegible] ॥১—৯॥ প্রহ্বে নম্রঃ, উপহ্বরে সমীপে ॥৫—৬॥ [illegible] শ্রুতসোমো ভামাদ্দ্রৌপদ্যাং জাতঃ ॥১০—১২॥ [illegible] প্রতীতো হৃষ্টঃ ॥১৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৩৮॥

গণকে উপদেশ দিয়া অন্তর্হিত করিলেন এবং অসাধারণ সৌন্দর্য্যসম্পন্ন বিমানে আরোহণ করিয়া পুনরায় দেবরাজের নিকট চলিয়া গেলেন ॥৯॥

মাতলি চলিয়া গেলে, ক্ষত্রিয়শ্রেষ্ঠ ও সমস্ত শত্রুদমনকারী মহাত্মা অর্জ্জুন ইন্দ্রদত্ত মহামূল্য, পরমসুন্দর এবং সূর্য্যের ন্যায় উজ্জ্বল নানাবিধ অলঙ্কার প্রিয়তমা দ্রৌপদীকে প্রদান করিলেন ॥১০॥

তাহার পর অর্জ্জুন—পাণ্ডবগণ এবং সূর্য্য ও অগ্নির তুল্য তেজস্বী সেই ব্রাহ্মণশ্রেষ্ঠগণের মধ্যে উপবেশন করিয়া যথাযথভাবে সমস্ত বৃত্তান্ত বলিলেন—॥১১॥

"আমি এই এই ভাবে ইন্দ্র, বায়ু ও সাক্ষাৎ শিবের নিকট হইতে অস্ত্র

* '...পঞ্চষষ্ট্যধিক...'—বা ব কা পি, '...ষট্‌ষষ্ট্যধিক...' নি।

# ঊনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ততো রজন্যাং ব্যুষ্টায়াং ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্।
ভ্রাতৃভিঃ সহিতঃ সর্ব্বৈরবন্দত ধনঞ্জয়ঃ ॥১॥
এতস্মিন্নেব কালে তু সর্ব্ববাদিত্রনিস্বনঃ।
বভূব তুমুলো ভীমস্ত্বন্তরীক্ষে দিবৌকসাম্ ॥২॥
রথনেমিস্বনশ্চৈব ঘণ্টাশব্দশ্চ ভারত।
পৃথগ্ ব্যালমৃগাণাঞ্চ পক্ষিণামিব সর্ব্বশঃ ॥৩॥

ভারতকৌমুদী

সংক্ষেপত ইতি। দিবি প্রবাসং স্বর্গে প্রবাসবৃত্তান্তম্। আবসন্তং রাত্রিম, "বসতী রাত্রিবেশ্মনোঃ" ইত্যমরঃ। প্রতীতঃ সন্তুষ্টঃ ॥১৩॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে
অষ্টত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। ব্যুষ্টায়াং প্রভাতায়াম, "ব্যুষ্টং দিনে প্রভাতে চ ফলে পর্য্যুষিতেঽপি চ" ইতি বিশ্বঃ ॥১॥

এতস্মিন্নিতি। সর্ব্ববাদিত্রনিস্বনঃ সর্ব্ববিধবাদ্যধ্বনিঃ। তুমুলঃ সম্মিশ্রঃ ॥২॥

রথেতি। ব্যালমৃগাণাং হিংস্রপশূনাং পক্ষিণাঞ্চ পৃথক্ পৃথক্ শব্দ ইবেত্যর্থঃ ॥৩॥

---

শিক্ষা করিয়াছি এবং আমার স্বভাবে ও অস্ত্রশিক্ষার প্রতি মনোযোগে ইন্দ্রের সহিত সম্মিলিত দেবতারা আমার প্রতি সন্তুষ্ট হইয়াছেন" ॥১২॥

নির্ম্মলচরিত্র অর্জ্জুন তাঁহাদের নিকট সংক্ষেপে স্বর্গবাসের বৃত্তান্ত বলিয়া সেই রাত্রিতে প্রসন্নচিত্তে নকুল ও সহদেবের সহিত শয়ন করিলেন ॥১৩॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর রাত্রি প্রভাত হইলে, অর্জ্জুন—ভীমপ্রভৃতি সকল ভ্রাতার সহিত মিলিত হইয়া যাইয়া ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে নমস্কার করিলেন ॥১॥

এই সময়েই আকাশে দেবগণের তুমুল ও ভীষণ সর্ব্ববিধ বাদ্যধ্বনি হইল ॥২॥

ভরতনন্দন! সকল দিকে হিংস্র পশুগণের ও পক্ষিগণের পৃথক্ পৃথক্ শব্দের ন্যায় রথচক্রের শব্দ ও ঘণ্টার শব্দ হইতে লাগিল ॥৩॥

রবোন্মুখাস্তে দদৃশুঃ প্রীয়মাণাঃ কুরূদ্বহ ! ।
মরুদ্ভিরন্বিতং শক্রমাপতন্তং বিহায়সা ॥৪॥
তং সমন্তাদনুযযুর্গন্ধর্ব্বাপ্সরসাং গণাঃ ।
বিমানৈঃ সূর্য্যসঙ্কাশৈর্দেবরাজমরিন্দমম্ ॥৫॥
ততঃ স হরিভির্যুক্তং জাম্বূনদপরিষ্কৃতম্ ।
মেঘনাদিনমারুহ্য শ্রিয়া পরময়া জ্বলন্ ॥৬॥
পার্থানভ্যাজগামাথ দেবরাজঃ পুরন্দরঃ ।
আগত্য চ সহস্রাক্ষো রথাদবরুরোহ বৈ ॥৭॥ (যুগ্মকম্)
তং দৃষ্ট্বৈব মহাত্মানং ধর্ম্মরাজো যুধিষ্ঠিরঃ ।
ভ্রাতৃভিঃ সহিতঃ শ্রীমান্ দেবরাজমুপাগমৎ ॥৮॥
পূজয়ামাস চৈবাথ বিধিবদ্ভূরিদক্ষিণঃ ।
যথার্হমমিতাত্মানং বিধিদৃষ্টেন কর্ম্মণা ॥৯॥

ভারতকৌমুদী

রবেতি। হে পাণ্ডবাদয়ঃ। মরুদ্ভির্দেবৈঃ। শক্রম্ ইন্দ্রম্, আপতন্তমাগচ্ছন্তম্ ॥৪॥

তমিতি। সূর্য্যসঙ্কাশৈঃ উজ্জ্বলৈরিত্যর্থঃ ॥৫॥

তত ইতি। হরিভিরশ্বৈঃ অশ্বাকারৈর্যন্ত্রৈরিত্যর্থঃ, যুক্তং বিমানমিতি শেষঃ, জাম্বূনদপরিষ্কৃতং স্বর্ণভূষিতম্। পার্থান্ পাণ্ডবান্, অভি লক্ষ্যীকৃত্য ॥৬—৭॥

তমিতি। উপাগমৎ তৎসমীপমগমৎ ॥৮॥

পূজয়েতি। যথার্হং যথাযোগ্যম, অমিতাত্মানম্, অসাধারণবুদ্ধিমিন্দ্রম্ ॥৯॥

---

কুরুশ্রেষ্ঠ ! তখন প্রীতচিত্ত তাঁহারা সকলেই সেই শব্দের দিকে উদ্গ্রীব হইয়া দেখিলেন—দেবরাজ দেবগণের সহিত মিলিত হইয়া আকাশপথে আগমন করিতেছেন ॥৪॥

আর, গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণ সূর্য্যের ন্যায় উজ্জ্বল বিমানে আরোহণ করিয়া সকল দিক্ হইতেই সেই অরিন্দম দেবরাজের অনুগমন করিতেছেন ॥৫॥

তাহার পর অশ্বাকৃতি যন্ত্রযুক্ত, স্বর্ণভূষিত এবং মেঘের ন্যায় গম্ভীরনাদী বিমানে আরোহণ করিয়া সহস্রনয়ন দেবরাজ ইন্দ্র পাণ্ডবগণের নিকট আগমন করিলেন এবং তথায় আগমন করিয়া বিমান হইতে অবতরণ করিলেন ॥৬—৭॥

সেই মহাত্মা দেবরাজকে দেখিয়াই ধর্ম্মরাজ শ্রীমান্ যুধিষ্ঠির ভ্রাতাদের সহিত মিলিত হইয়া তাঁহার নিকটে গমন করিলেন ॥৮॥

---

(৪) শ্লোকঃ বা ব কা পি নাস্তি।

ধনঞ্জয়শ্চ তেজস্বী প্রণিপত্য পুরন্দরম্।
ভৃত্যবৎ প্রণতস্তস্থৌ দেবরাজসমীপতঃ ॥১০॥
আঘ্রায় তং মহাতেজাঃ কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
ধনঞ্জয়মভিপ্রেক্ষ্য বিনীতং স্থিতমন্তিকে।
জটিলং দেবরাজস্য তপোযুক্তমকল্মষম্ ॥১১॥
হর্ষেণ মহতাবিষ্টঃ ফাল্গুনস্যাথ দর্শনাৎ।
বভূব পরমপ্রীতো দেবরাজঞ্চ পূজয়ন্ ॥১২॥ (যুগ্মকম্)
তং তথাঽদীনমনসং রাজানং হর্ষসংপ্লুতম্।
উবাচ বচনং ধীমান্ দেবরাজঃ পুরন্দরঃ ॥১৩॥
ত্বমিমাং পৃথিবীং রাজন্! প্রশাসিষ্যসি পাণ্ডব!।
স্বস্তি প্রাপ্নুহি কৌন্তেয়! কাম্যকং পুনরাশ্রমম্ ॥১৪॥

ভাবকৌমুদী

ধনঞ্জয় ইতি। তেজস্বিনঃ প্রণিপাতে [illegible] ॥১০॥

আঘ্রায়েতি। আঘ্রায় স্নেহাদ্ [illegible]। [illegible]। [illegible] অর্জ্জুনস্য। উপকারিণো গুরোঃ পূজনমপি পরমপ্রীতেঃ কারণমিতি ভাবঃ ॥১১—১২॥

তমিতি। অদীনমনসম্ অবিষণ্ণচিত্তম্, [illegible] ॥১৩॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৫॥ [illegible] ॥৬—৮॥ অমিতাত্মা অমিতবুদ্ধিঃ ॥৯—১২॥ অদীনেতি চ্ছেদঃ॥১৩—১৪॥ কৃতপ্রিয়ঃ শক্রবধেন ॥১ -- ১৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ॥১৩৯॥

তাহার পর তিনি শাস্ত্রদৃষ্ট নিয়ম অনুসারে প্রচুর উপহার দানপূর্ব্বক যথাবিধানে এবং যথাযোগ্যভাবে অমিতবুদ্ধি ইন্দ্রের পূজা করিলেন ॥৯॥

তেজস্বী অর্জ্জুনও দেবরাজকে নমস্কার করিয়া তাঁহার নিকটে ভৃত্যের ন্যায় অবনত হইয়া রহিলেন ॥১০॥

তখন মহাতেজা কুন্তীনন্দন যুধিষ্ঠির—জটাধারী, তপস্বী ও নিষ্পাপ অর্জ্জুনকে দেবরাজের নিকটে বিনীতভাবে অবস্থিত দেখিয়া তাঁহার মস্তকাঘ্রাণ করিয়া, তথাবিধ অর্জ্জুনের দর্শনে অত্যন্ত আনন্দিত হইয়া, আবার তখনই দেবরাজকে পূজা করিতে পারিয়া আরও আনন্দিত হইলেন ॥১১—১২॥

তখন ধীমান দেবরাজ ইন্দ্র সেই প্রফুল্লচিত্ত ও মহানন্দিত যুধিষ্ঠিরকে এই কথা বলিলেন—॥১৩॥

অস্ত্রাণি লব্ধানি চ পাণ্ডবেন সর্ব্বাণি মত্তঃ প্রযতেন রাজন্!।
কৃতপ্রিয়শ্চাস্মি ধনঞ্জয়েন জেতুং ন শক্যস্ত্রিভিরেব লোকৈঃ ॥১৫॥
এবমুক্ত্বা সহস্রাক্ষঃ কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্।
জগাম ত্রিদিবং হৃষ্টঃ স্তূয়মানো মহর্ষিভিঃ ॥১৬॥
ধনেশ্বরগৃহস্থানাং পাণ্ডবানাং সমাগমম্।
শক্রেণ য ইমং বিদ্বানধীয়ীত সমাহিতঃ ॥১৭॥
সংবৎসরং ব্রহ্মচারী নিয়তঃ সংশিতব্রতঃ।
স জীবেদ্ধি নিরাবাধঃ সুসুখী শরদাং শতম্ ॥১৮॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে ইন্দ্রাগমনে ঊনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

ত্বমিতি। স্বস্তি যুষ্মাকং মঙ্গলমস্তু। প্রত্যেতি গচ্ছ, মনুষ্যলোক এব মনুষ্যাণাং বাসৌচিত্যাৎ ॥১৪॥

অস্ত্রাণীতি। মত্তো মম সকাশাৎ। কৃতপ্রিয়ো নিবাতকবচবধাদিনা। ন শক্যোঽর্জ্জুনঃ ॥১৫॥

এবমিতি। পাণ্ডবানাং প্রীণনার্থং কাম্যকগমনোপদেশার্থঞ্চ ইন্দ্রাগমনং বোধ্যম ॥১৬॥

ধনেতি। শক্রেণ সহ সমাগমং মেলনম্। নিরাবাধো নির্বিঘ্নঃ ॥১৭—১৮॥

ইতি মহামহোপাধ্যায় ভারতাচার্য্য মহাকবি পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে ঊনচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥ ০ ॥

---

"রাজা পাণ্ডুনন্দন! তুমি এই পৃথিবী শাসন করিবে; তোমাদের মঙ্গল হউক; তুমি এখন পুনরায় কাম্যকবনে গমন কর ॥১৪॥

রাজা! অর্জ্জুন সংযত থাকিয়া আমার নিকট হইতে সমস্ত অস্ত্র লাভ করিয়াছেন এবং আমার প্রিয়কার্য্যও করিয়াছেন। এখন ত্রিভুবন একত্র হইয়াও তাঁহাকে জয় করিতে সমর্থ হইবে না" ॥১৫॥

কুন্তীনন্দন যুধিষ্ঠিরকে এইরূপ বলিয়া দেবরাজ স্বর্গলোকে প্রস্থান করিলেন; তখন মহর্ষিরা তাঁহার স্তব করিতে লাগিলেন ॥১৬॥

যে জ্ঞানবান্ লোক ব্রহ্মচারী, (মিতাহারাদি—) নিয়মশালী, দৃঢ়ব্রত ও মনোযোগী হইয়া একবৎসর যাবৎ কুবেরভবনে ইন্দ্রের সহিত পাণ্ডবগণের এই সম্মেলনবিষয় পাঠ করিবেন, তিনি বিঘ্নবিহীন ও পরম সুখী হইয়া শত বৎসর জীবিত থাকিবেন ॥১৭—১৮॥

---

(১৮)...নিয়তঃ সংযতেন্দ্রিয়ঃ—পি। * '...ষট্‌ষষ্ট্যধিক...'—বা ব কা পি, '...সপ্তষষ্ট্যধিক...'—নি।

# চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ

—ঃ*ঃ—

বৈশম্পায়ন উবাচ।

যথাগতং গতে শক্রে ভ্রাতৃভিঃ সহ সঙ্গতঃ।
কৃষ্ণয়া চৈব বীভৎসুর্ধর্ম্মপুত্রমপূজয়ৎ ॥১॥
অভিবাদয়মানং তং মূর্দ্ধ্ন্যুপাঘ্রায় পাণ্ডবঃ।
হর্ষগদ্গদয়া বাচা প্রহৃষ্টোঽর্জ্জুনমব্রবীৎ ॥২॥
কথমর্জ্জুন! কালোঽয়ং স্বর্গে ব্যতিগতস্তব।
কথঞ্চাস্ত্রাণ্যবাপ্তানি দেবরাজশ্চ তোষিতঃ ॥৩॥
সম্যগ্ বা তে গৃহীতানি কচ্চিদস্ত্রাণি ভারত!।
কচ্চিৎ সুরাধিপঃ প্রীতো রুদ্রো বাস্ত্রাণ্যদাত্তব ॥৪॥
যথা দৃষ্টশ্চ তে শক্রো ভগবান্ বা পিনাকধৃক্।
যথৈবাস্ত্রাণ্যবাপ্তানি যথৈবারাধিতশ্চ তে ॥৫॥

ভারতকৌমুদী

যথেতি। সঙ্গতঃ সম্মিলিতঃ। কৃষ্ণয়া দ্রৌপদ্যা, বীভৎসুরর্জ্জুনঃ ॥১॥
অভীতি। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ। হর্ষেণ গদ্গদয়া অস্পষ্টয়া ॥২॥
কথমিতি। ব্যতিগতঃ অতীতঃ। অবাপ্তানি শিক্ষিতানীত্যর্থঃ ॥৩॥
সম্যগিতি। গৃহীতানি শিক্ষিতানি। রুদ্রো বা প্রীতঃ সন্নস্ত্রাণ্যদাৎ ॥৪॥

---

বৈশম্পায়ন বলিলেন—ইন্দ্র যথাস্থানে চলিয়া গেলে, অর্জ্জুন—ভীমপ্রভৃতি ভ্রাতাদের সহিত ও দ্রৌপদীর সহিত মিলিত হইয়া যুধিষ্ঠিরকে নমস্কার করিলেন ॥১॥

অর্জ্জুন নমস্কার করিলে, যুধিষ্ঠির আনন্দিত হইয়া তাঁহার মস্তকাঘ্রাণ করিয়া হর্ষগদ্গদ বাক্যে বলিলেন ॥২॥

"অর্জ্জুন! স্বর্গলোকে এই সময়টা তোমার কি ভাবে অতীত হইল? কি প্রকারেই বা অস্ত্রলাভ করিলে এবং দেবরাজকে সন্তুষ্ট করিলে? ॥৩॥

ভরতনন্দন! তুমি ভাল করিয়া অস্ত্রশিক্ষা করিয়াছ ত? দেবরাজ তোমার উপরে সন্তুষ্ট হইয়াছেন ত? এবং মহাদেবও সন্তুষ্ট হইয়াই অস্ত্র দিয়াছেন ত? ॥৪॥

তুমি যে প্রকারে ইন্দ্রকে এবং ভগবান্ মহাদেবকে দেখিয়াছিলে, যে

---

(২)…মূর্দ্ধ্ন্যুপাঘ্রায় পাণ্ডবম্—বা নি। (৪)…কচ্চিদস্ত্রাণি পাণ্ডব!—বা ব কা।

যথোক্তবাংস্ত্বাং ভগবান্ শতক্রতুররিন্দমঃ।
কৃতপ্রিয়স্ত্বয়াঽস্মীতি তস্য তে কিং প্রিয়ং কৃতম্ ॥৬॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং বিস্তরেণ মহাদ্যুতে!।
যথা তুষ্টো মহাদেবো দেবরাজস্তথাঽনঘ!॥৭॥
যচ্চাপি বজ্রপাণেস্তে প্রিয়ং কৃতমরিন্দম!।
এতদাখ্যাহি মে সর্ব্বমখিলেন ধনঞ্জয়!॥৮॥ (কলাপকম্)

অর্জ্জুন উবাচ।

শৃণু হন্ত মহারাজ! বিধিনা যেন দৃষ্টবান্।
শতক্রতুমহং দেবং ভগবন্তঞ্চ শঙ্করম্ ॥৯॥
বিদ্যামধীত্য তাং রাজংস্ত্বয়োক্তামরিমর্দ্দন!।
ভবতা চ সমাদিষ্টস্তপসে প্রস্থিতো বনম্ ॥১০॥
ভৃগুতুঙ্গমথো গত্বা কাম্যকাদাস্থিতস্তপঃ।
একরাত্রোষিতঃ কঞ্চিদপশ্যং ব্রাহ্মণং পথি ॥১১॥

ভাবকৌমুদী

যথেতি। তে ত্বয়া। পরত্রাপ্যেবম্। প্রিয়ং কার্য্যম্। এতৎ সর্ব্বম্। আখ্যাহি ব্রূহি।৫—৮॥
শৃণ্বিতি। হন্তেতি বাক্যারম্ভে, "হন্ত হর্ষেঽনুকম্পায়াং বাক্যারম্ভবিষাদয়োঃ" ইত্যমরঃ॥৯॥
বিদ্যামিতি। তাং ব্যাসদত্তাম্। বনং প্রস্থিতঃ, অহমিতি শেষঃ॥১০॥

প্রকারে অস্ত্রলাভ করিয়াছিলে, যে ভাবে তাঁহাদের আরাধনা করিয়াছিলে, আর ভগবান্ অরিন্দম ইন্দ্র যে তোমাকে বলিয়া গেলেন—'তুমি তাঁহার প্রিয়কার্য্য করিয়াছ'—তুমি তাঁহার কি প্রিয়কার্য্য করিয়াছ? এই সকল বিষয় আমি বিস্তরক্রমে শুনিতে ইচ্ছা করি। আর, নিষ্পাপ মহাবীর! মহাদেব ও দেবরাজ যে ভাবে তোমার উপরে সন্তুষ্ট হইয়াছিলেন এবং তুমি ইন্দ্রের যে প্রিয়কার্য্য করিয়াছ, এই সমস্ত বিষয় তুমি আমার নিকট যথাযথভাবে বল" ॥৫—৮॥

অর্জ্জুন বলিলেন—"মহারাজ! আমি যে প্রকারে দেবরাজ ইন্দ্রকে এবং ভগবান্ মহাদেবকে দেখিয়াছিলাম, তাহা শ্রবণ করুন ॥৯॥

শত্রুমর্দ্দন রাজা! আমি আপনার প্রদত্ত মন্ত্র শিক্ষা করিয়া আপনার আদেশক্রমে তপস্যার জন্য বনে প্রস্থান করিলাম ॥১০॥

তাহার পর কাম্যকবন হইতে ভৃগুতুঙ্গে যাইয়া তপস্যা করিবার ইচ্ছা

(৮) যচ্চাপি বজ্রপাণেস্ত—বা ব কা নি।

স মামপৃচ্ছৎ কৌন্তেয়! কাসি গন্তা ব্রবীহি মে।
তস্মা আবিতথং সর্ব্বমব্রুবং কুরুনন্দন! ॥১২॥

স তথ্যং মম তচ্ছ্রুত্বা ব্রাহ্মণো রাজসত্তম!।
অপূজয়ত মাং রাজন্! প্রীতিমাংশ্চাভবন্ময়ি ॥১৩॥

ততো মামব্রবীৎ প্রীতস্তপ আতিষ্ঠ ভারত!।
তপস্যন্নচিরেণ ত্বং দ্রক্ষ্যসে বিবুধাধিপম্ ॥১৪॥

ততোঽহং বচনাচ্চাস্য গিরিমারুহ্য শৈশিরম্।
তপোঽতপ্যং মহারাজ! মাসং মূলফলাশনঃ ॥১৫॥

দ্বিতীয়শ্চাপি মাসো মে জলং ভক্ষয়তো গতঃ।
নিরাহারস্তৃতীয়েঽথ মাসে পাণ্ডবনন্দন! ॥১৬॥

ভারতকৌমুদী

ভৃগ্বিতি। ভৃগুতুঙ্গং নাম তীর্থম্। অয়ং ব্রাহ্মণ এব কিরাতৈকাদশসর্গে ৩ বাবলোকঃ ॥১১॥
স ইতি। তস্মৈ ব্রাহ্মণায়, অবিতথং সত্যম্ ॥১২॥
স ইতি। তথ্যং সত্যম্। অপূজয়ত দেবাদনাদিভিঃ প্রাপ্রি... ॥১৩॥
তত ইতি। আতিষ্ঠ অবলম্বস্ব। বিবুধাধিপম্ ইন্দ্রম্ ॥১৪॥
তত ইতি। শৈশিরং হৈমং হিমালয়মিতি যাবৎ। মূলফলে অশ্নাতীতি সঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

যথেতি ॥১॥ প্রহৃষ্টো ধর্ম্মপুত্রঃ ॥২—৮॥ হর্ষেণ ত্রাবায় ... হর্ষে বা। "হন্ত বাক্যারম্ভহর্ষবিষাদে খেদসম্ভ্রমে" ইতি মেদিনী ॥৯—১৪॥ শৈশিরং হিমালয়ম্ ॥১৫—১৬॥

---

করিলাম এবং সেখানে একরাত্রি বাস করিয়া পথে কোন ব্রাহ্মণকে দেখিলাম ॥১১॥

তিনি আমাকে জিজ্ঞাসা করিলেন—"কুন্তীনন্দন! আপনি কোথায় যাইতেছেন?" কুরুনন্দন! তখন আমি তাঁহার নিকট সকল বিষয় সত্য বলিলাম ॥১২॥

রাজশ্রেষ্ঠ রাজা! সেই ব্রাহ্মণ আমার সেই সত্য কথা শুনিয়া আমার সম্মান করিলেন এবং আমার উপরে সন্তুষ্ট হইলেন ॥১৩॥

তাহার পর তিনি আমাকে বলিলেন—"ভরতনন্দন! আপনি তপস্যা আরম্ভ করুন; আপনি তপস্যা করিতে থাকিয়া অচিরকালমধ্যেই দেবরাজকে দেখিতে পাইবেন" ॥১৪॥

মহারাজ! তদনন্তর আমি তাঁহার বাক্যানুসারে হিমালয়পর্ব্বতে আরোহণ করিয়া কেবল ফল-মূলভোজী হইয়া একমাস তপস্যা করিলাম ॥১৫॥

---

(১৬)...নিরাহারস্তৃতীয়ন্তু মাসম্—পি।

ঊর্দ্ধবাহুশ্চতুর্থন্তু মাসমস্মিন্ স্থিতস্তদা।
ন চ মে হীয়তে প্রাণস্তদদ্ভুতমিবাভবৎ ॥১৭॥
পঞ্চমে ত্বথ সংপ্রাপ্তে প্রথমে দিবসে গতে।
বরাহসংস্থিতং ভূতং মৎসমীপমুপাগমৎ ॥১৮॥
নিঘ্নন্ প্রোথেন পৃথিবীং বিলিখংশ্চরণৈরপি।
সম্মার্জ্জন্ জঠরেণোর্ব্বীং বিবর্ত্তংশ্চ মুহুর্ম্মুহুঃ ॥১৯॥ বপ্রকম্,
অথ তস্যাপরং ভূতং মহৎ কৈরাতসংস্থিতম্।
ধনুর্ব্বাণাসিমৎ প্রাপ্তং স্ত্রীগণানুগতং তদা ॥২০॥
ততোঽহং ধনুরাদায় তথাঽক্ষয্যে মহেষুধী।
অতাড়য়ং শরেণাথ ভূতং তং লোমহর্ষণম্ ॥২১॥

ভারতকৌমুদী

দ্বিতীয় ইতি। নিরাহার স্থিতবানিতি শেষঃ। পাণ্ডবান্ নন্দয়তীতি স তৎসম্বোধনম্ ॥১৬॥
ঊর্দ্ধেতি। অস্মিন্ নিরাহার এব। মে ময়া, হীয়তে ত্যজ্যতে স্ম ॥১৭॥
পঞ্চম ইতি। পঞ্চমে মাসি। বরাহসংস্থিতং বরাহাকৃতি, ভূতং প্রাণী। নিঘ্নন্ প্রহরন্, প্রোথেন মুখাগ্রেণ। বিবর্ত্তন্ মুখমুত্তোলয়ন্ বর্ত্তমানঃ, স প্রাণী ॥১৮—১৯॥
অস্যেতি। তস্য অনন্তরম্। ভূতং প্রাণী, কৈরাতসংস্থিতং কিরাতাকৃতি ॥২০॥
তত ইতি। অক্ষয্যে শরতূণশরে। ভূতং তং বরাহাকৃতং প্রাণিনম্ ॥২১॥

কেবল জলপায়ী অবস্থায় আমার দ্বিতীয় মাস গেল! পাণ্ডুনন্দন! তৎপরে তৃতীয় মাসে আমি অনাহারী থাকিলাম ॥১৬॥

চতুর্থমাসে আমি ঊর্দ্ধবাহু হইয়া দাঁড়াইয়া রহিলাম তাহাতেও আমার প্রাণ গেল না, সুতরাং সেটা অদ্ভুতের ন্যায়ই হইল ॥১৭॥

তাহার পর পঞ্চমমাস উপস্থিত হইলে এবং তাহার প্রথম দিন চলিয়া গেলে, বরাহাকৃতি একটা প্রাণী—মুখাগ্রদ্বারা ভূতলে আঘাত করিয়া করিয়া, চরণচতুষ্টয় দ্বারা ভূতল চালিয়া চালিয়া, উদরদ্বারা তল মার্জ্জিত করিয়া করিয়া, এবং বার বার মুখ তুলিয়া তুলিয়া আমার নিকট আসিতে লাগিল ॥১৮—১৯॥

এবং ব্যাধাকৃতি আর একটা মহাপ্রাণী ধনু, বাণ ও তরবারি ধারণ করিয়া সেই বরাহটার পশ্চাতে পশ্চাতে উপস্থিত হইল এবং তাহার পশ্চাতে অনেকগুলি স্ত্রীলোক আসিল ॥২০॥

(১৮) পঞ্চমে তু ব্যতিক্রান্তে…বরাহসংজ্ঞিতম্—পি।

যুগপত্তং কিরাতস্তু বিকৃষ্য বলবদ্ধনুঃ ।
অভ্যাজঘ্নে দৃঢ়তরং কম্পয়ন্নিব মে মনঃ ॥২২॥
স তু মামব্রবীদ্রাজন্ ! মম পূর্ব্বপরিগ্রহঃ ।
মৃগয়াধর্ম্মমুৎসৃজ্য কিমর্থং তাড়িতস্ত্বয়া ॥২৩॥
এষ তে নিশিতৈর্বাণৈর্দর্পং হন্মি স্থিরো ভব ।
স ধনুষ্মান্ মহাকায়স্ততো মামভ্যভাষত ॥২৪॥
ততো গিরিমিবাত্যর্থমাবৃণোন্মাং মহাশরৈঃ ।
তঞ্চাহং শরবর্ষেণ মহতা সমবাকিরম্ ॥২৫॥
ততঃ শরৈর্দীপ্তমুখৈঃ সপত্রৈরনুমন্ত্রিতৈঃ ।
প্রত্যবিধ্যমহং তন্তু বজ্রৈরিব শিলোচ্চয়ম্ ॥২৬॥

ভারতকৌমুদী

যুগপদিতি। তং বরাহম্। বলবৎ দৃঢ়ম্। দৃঢ়তরং সাতিশয়ম্ ॥২২॥
স ইতি। স কিরাতঃ। পূর্ব্বং পরিগৃহ্যতে স্বীক্রিয়ত ইতি পূর্ব্বপরিগ্রহো বরাহঃ ॥২৩॥
এষ ইতি। ধনুষ্মান্ প্রশস্তধন্বা। অভ্যভাষত এষ ইত্যাদিকমিত্যর্থঃ ॥২৪॥
তত ইতি। মেঘো বারিভির্গিরিমিবেত্যর্থঃ। সমবাকিরং সমাচ্ছাদয়ম্ ॥২৫॥
তত ইতি। সপত্রৈঃ কঙ্কপক্ষযুক্তৈঃ। প্রত্যবিধ্যং প্রত্যতাড়য়ম্। শিলোচ্চয়ং গিরিম্ ॥২৬॥

তাহার পর আমি ধনু ও দুইটা অক্ষয় তূণ লইয়া বাণদ্বারা সেই লোমহর্ষণ বরাহটাকে আঘাত করিলাম ॥২১॥

ওদিকে সেই ব্যাধও দৃঢ় ধনু আকর্ষণ করিয়া, আমার হৃদয় যেন কাঁপাইয়া অতিদৃঢ়ভাবে একদাই সেই বরাহটাকে আঘাত করিল ॥২২॥

এবং সে আমাকে বলিল—"তুমি মৃগয়ার নিয়ম পরিত্যাগ করিয়া কি জন্য, পূর্ব্বে আমার পরিগৃহীত পশুটাকে আঘাত করিলে ?" ॥২৩॥

তাহার পর আবার সেই ধনুর্দ্ধারী ও বিশালদেহ ব্যাধ আমাকে বলিল—"এই আমি শিলাশাণিত বাণদ্বারা তোমার দর্প চূর্ণ করিতেছি, তুমি স্থির হও" ॥২৪॥

তদনন্তর মেঘ যেমন জলবর্ষণদ্বারা পর্ব্বত আবৃত করে, সেইরূপ সে—বিশাল শরবর্ষণদ্বারা আমাকে অত্যন্ত আবৃত করিল ; আমিও বিশাল শরবর্ষণদ্বারা তাহাকে আবৃত করিলাম ॥২৫॥

তাহার পর আমি—উজ্জ্বলমুখ, কঙ্কপত্রযুক্ত ও অভিমন্ত্রিত বাণসমূহদ্বারা বজ্রদ্বারা পর্ব্বতের ন্যায় তাহাকে তাড়ন করিলাম ॥২৬॥

(২৬)...মন্ত্রিতৈরনুমন্ত্রিতৈঃ—বা ব কা নি।

তস্য তচ্ছতধা রূপমভবচ্চ সহস্রধা।
তানি চাস্য শরীরাণি শরৈরহমতাড়য়ম্ ॥২৭॥
পুনস্তানি শরীরাণি একীভূতানি ভারত!।
অদৃশ্যন্ত মহারাজ! তান্যহং ব্যধমং পুনঃ ॥২৮॥
অণুর্বৃহচ্ছিরা ভূত্বা বৃহচ্চাণুশিরাঃ পুনঃ।
একীভূত্বা তথাঽনেকঃ সোঽভ্যবর্ত্তত মাং যুধি ॥২৯॥
যদাভিভবিতুং বাণৈর্নৈব শক্নোমি তং রণে।
ততো মহাস্ত্রমাতিষ্ঠং বায়ব্যং ভরতর্ষভ! ॥৩০॥
ন চৈনমশকং হন্তুং তদদ্ভুতমিবাভবৎ।
তস্মিন্ প্রতিহতে চাস্ত্রে বিস্ময়ো মে মহানভূৎ ॥৩১॥

ভারতকৌমুদী

তস্যেতি। শতধা সহস্রধা চ রূপং স এব মায়য়াঽধবোদিতি ভাবঃ ॥২৭॥
পুনরিতি। অদৃশ্যন্ত ময়া। ব্যধমং জ্যাশব্দকরণপূর্ব্বকমতাড়য়ম্ ॥২৮॥
অণুরিতি। অণুঃ ক্ষুদ্রদেহঃ, বৃহৎ বৃহন্ বৃহদ্দেহ ইত্যর্থঃ। স কিরাতঃ ॥২৯॥
যদেতি। অভিভবিতুং পরাজেতুম। আতিষ্ঠং অবলম্বিতবান্ ॥৩০॥
নেতি। মহান বিস্ময়োঽভূৎ, অমোঘস্যাপি বায়ব্যাস্ত্রস্য মোঘীভূতত্বাৎ ॥৩১॥

ভারতভাবদীপঃ

প্রাণো বলম্ ॥১৭॥ বলাঽবৎ সংস্থিতমাকারো যস্য ॥১৮॥ প্রেঙ্খেন মুখাগ্রেণ পোত্রাখ্যেন, বিবর্ত্তন্ বিষমেণ ভাবেন বর্ত্তমানঃ ইতস্ততঃ পর্য্যটন্ বা ॥১৯—॥ অনু পশ্চাৎ, যন্ত্রিতে-

তখন তাহার সেই আকৃতিটা শত শত প্রকার ও সহস্র সহস্র প্রকার হইতে লাগিল; আমিও বাণদ্বারা সেই শরীরগুলির উপরে আঘাত করিতে লাগিলাম ॥২৭॥

ভরতনন্দন মহারাজ! আমি দেখিলাম—আবার সেই শরীরগুলি এক হইয়া গেল; আমিও আবার সেগুলিকে প্রহার করিলাম ॥২৮॥

সেই ব্যাধ যুদ্ধে একবার ক্ষুদ্রদেহ ও বৃহন্মস্তক হইয়া, আবার বৃহদ্দেহ ও ক্ষুদ্রমস্তক হইয়া এবং একবার এক হইয়া, আবার অনেক হইয়া আমার সম্মুখে থাকিতে লাগিল। ॥২৯॥

ভরতশ্রেষ্ঠ! যুদ্ধে যখন আমি বাণদ্বারা তাহাকে পরাভূত করিতে সমর্থ হইলামই না, তখন মহাবায়ব্যাস্ত্র গ্রহণ করিলাম ॥৩০॥

(২৯)…একীভূতস্তদা রাজন্!—বা ব কা নি। (৩০)…ন বৈ শক্নোমি…ততোঽহমস্ত্রমাতিষ্ঠম্—পি।

ভূয়শ্চৈব মহারাজ ! সবিশেষমহং ততঃ ।
অস্ত্রপূগেন মহতা রণে ভূতমবাকিরম্ ॥৩২॥
স্থূণাকর্ণমথো জালং শরবর্ষমথোল্বণম্ ।
শালভাস্ত্রমশ্মবর্ষং সমাস্থায়াহমভ্যয়াম্ ॥৩৩॥
জগ্রাস প্রসভং তানি সর্ব্বাণ্যস্ত্রাণি মে নৃপ ! ।
তেষু সর্ব্বেষু জগ্ধেষু ব্রহ্মাস্ত্রমহমাদিশম্ ॥৩৪॥
ততঃ প্রজ্বলিতৈর্বাণৈঃ সর্ব্বতশ্চোপচীয়ত ।
উপচীয়মানশ্চ তদা মহাস্ত্রেণ ব্যবর্দ্ধত ॥৩৫॥

## ভারতকৌমুদী

ভূয় ইতি। অস্ত্রাণাং পূগেন সমূহেন। ভূতং কিরাতরূপিণং প্রাণিনম্ ॥৩২॥

স্থূণেতি। স্থূণাকর্ণং বাণবিশেষম্, জালং জালময়ং বারুণাস্ত্রম্, উল্বণম্ উৎকটং শরবর্ষম্, শালভাস্ত্রং পতঙ্গাস্ত্রম্, অশ্মবর্ষং পাষাণবর্ষণম্, সমাস্থায় বিধায় ॥৩৩॥

জগ্রাসেতি। জগ্রাস কিরাত ইতি শেষঃ। প্রসভং বলেন। জগ্ধেষু খাদিতেষু ॥৩৪॥

তত ইতি। বাণৈর্বাণক্ষেপৈঃ, উপচীয়ত অবর্দ্ধত কিরাতঃ। অত্র গমাভাবস্তৃতীয়পাদে অক্ষরাতিরেকশ্চার্ষঃ। উপচীয়মানো বর্দ্ধমানশ্চ মম ব্রহ্মাস্ত্রপ্রভাব ইতি শেষঃ, অস্ত্রেণ অস্ত্রান্তরক্ষেপেণ ॥৩৫॥

কিন্তু তাহা দ্বারাও তাহাকে বধ করিতে সমর্থ হইলাম না। সে ঘটনা যেন অদ্ভুতই হইল এবং সেই বায়ব্যাস্ত্র প্রতিহত হইলে আমার গুরুতর বিস্ময় জন্মিল ॥৩১॥

মহারাজ! তাহার পর আমি পুনরায় বিশাল অস্ত্রসমূহদ্বারা যুদ্ধে সেই ব্যাধকে বিশেষভাবে আবৃত করিলাম ॥৩২॥

এবং স্থূণাকর্ণ ও বারুণাস্ত্র প্রয়োগ, উৎকট শরবর্ষণ এবং পতঙ্গাস্ত্র ও পাষাণবর্ষণ করিয়া আমি তাহার প্রতি ধাবিত হইলাম ॥৩৩॥

কিন্তু রাজা! সেই ব্যাধ সে সমস্ত অস্ত্রই গ্রাস করিয়া ফেলিল। সেই সমস্ত অস্ত্র ভক্ষণ করিলে, আমি ব্রহ্মাস্ত্র নিক্ষেপ করিলাম ॥৩৪॥

তাহার পর সেই ব্যাধ সকল দিকেই প্রজ্বলিত বাণ নিক্ষেপ করিয়া বৃদ্ধি পাইতে লাগিল এবং আমার ব্রহ্মাস্ত্রের প্রভাবও তখন অন্যান্য অস্ত্রের সহিত বৃদ্ধি পাইতে থাকিল ॥৩৫॥

(৩২) ভূয় এব মহারাজ !—বা ব কা নি। (৩৪) জগ্রাহ প্রহসংস্তানি ··সর্ব্বেষু দগ্ধেষু—পি। (৩৫)···সর্ব্বতঃ সোপচীয়তে—বা ব কা, ···সর্ব্বতঃ সোপচীয়ত—পি, উপচীয়মানশ্চ ময়া মহাস্ত্রেণ ব্যবর্দ্ধত—বা ব কা পি।

ততঃ সন্তাপিতা লোকা মৎ প্রসূতেন তেজসা।
ক্ষণেন হি দিশঃ খঞ্চ সর্ব্বতো হি বিদীপিতম্ ॥৩৬॥
তদপ্যস্ত্রং মহাতেজাঃ ক্ষণেনৈব ব্যনাশয়ৎ।
ব্রহ্মাস্ত্রে বিহতে রাজন্! ভয়ং মাং মহদাবিশৎ ॥৩৭॥
ততোঽহং ধনুরাদায় তথাঽক্ষয্যে মহেষুধী।
সহসাঽভ্যহনং ভূতং তান্যপ্যস্ত্রাণ্যভক্ষয়ৎ ॥৩৮॥
হতেষ্বস্ত্রেষু সর্ব্বেষু ভক্ষিতেষ্বায়ুধেষু চ
মম তস্য চ ভূতস্য বাহুযুদ্ধমবর্ত্তত ॥৩৯॥
ব্যায়ামং মুষ্টিভিঃ কৃত্বা তলৈরপি সমাগতৌ।
অপারয়ংশ্চ তদ্ভূতং নিশ্চেষ্টমগমং মহীম্ ॥৪০॥
ততঃ প্রহস্য তদ্ভূতং তত্রৈবান্তরধীয়ত।
সহ স্ত্রীভির্ম্মহাবাহো! পশ্যতো মেঽদ্ভুতোপমম্ ॥৪১॥

ভাবতকৌমুদী

তত ইতি। মৎপ্রসূতেন মদীয়ব্রহ্মাস্ত্রজনিতেন। খমাকাশম্ ॥৩৬॥

তদিতি। মহাতেজাঃ কিরাতঃ। ব্যনাশয়ৎ গ্রাসেনাদৃশ্যতামনয়ৎ ॥৩৭॥

তত ইতি। ভূতং প্রাণিনং কিরাতম্। অভক্ষয়ৎ স কিরাত এবেতি শেষঃ ॥৩৮॥

হতেষ্বিতি। অস্ত্রেষু ধাতুরথাঽসমাবাৎ ক্ষেপযোগ্যেষু বাণাদিষু, আয়ুধেষু গদাদিষু ॥৩৯॥

ব্যায়ামমিতি। তলৈঃ করতলাঘাতৈঃ, সমাগতৌ সাম্মলিতৌ আবাম। পরাক্রম্য, অভূতং তং কিরাতম্, অভিভবিতুমপারয়ন, ব্যথয়া নিশ্চেষ্টং যথা স্যাত্তথা মহীমগমম্ ॥৪০॥

তত ইতি। তদ্ভূতং স কিরাতঃ। অদ্ভুতোপমং যথা স্যাত্তথা অন্তর্দধে ॥৪১॥

---

তদনন্তর আমার ব্রহ্মাস্ত্রজনিত তেজে সমস্ত লোক সন্তপ্ত হইল এবং ক্ষণকাল-মধ্যেই সকল দিক্ ও আকাশ আলোকিত হইল ॥৩৬॥

কিন্তু মহাতেজা ব্যাধ ক্ষণকালমধ্যেই আমার সে ব্রহ্মাস্ত্রও বিনষ্ট করিল। রাজা! ব্রহ্মাস্ত্র প্রতিহত হইলে, আমার গুরুতর ভয় জন্মিল ॥৩৭॥

তাহার পর আমি—ধনু ও অক্ষয় তূণদ্বয় গ্রহণ করিয়া তৎক্ষণাৎ সেই ব্যাধকে আঘাত করিলাম; কিন্তু সেই ব্যাধ সে অস্ত্রগুলিকেও ভক্ষণ করিল ॥৩৮॥

আমার সমস্ত অস্ত্র প্রতিহত হইলে এবং শস্ত্র ভক্ষণ করিলে, আমার ও তাহার বাহুযুদ্ধ হইতে লাগিল ॥৩৯॥

তখন আমরা মুষ্টি ও চপেটাঘাতদ্বারা মল্লযুদ্ধ করিয়া পরস্পর মিলিত হইলাম; কিন্তু আমি তাহাকে পরাভূত করিতে না পারিয়া, নিশ্চেষ্ট অবস্থায় ভূতলে পতিত হইলাম ॥৪০॥

---

(৩৭)...ক্ষণেনৈব ব্যশাতয়ৎ—বা ব কা। (৪০)...তলৈরপি সমাহনম্—পি।

এবং স কৃত্বা ভগবাংস্ততোঽন্যদ্রূপমাস্থিতঃ।
দিব্যমেব মহারাজ! বসানোঽদ্ভুতমম্বরম্ ॥৪২॥
হিত্বা কিরাতরূপঞ্চ ভগবাংস্ত্রিদশেশ্বরঃ।
স্বং রূপং দিব্যমাস্থায় তস্থৌ তত্র মহেশ্বরঃ ॥৪৩॥
অদৃশ্যত ততঃ সাক্ষাদ্ভগবান্ গোবৃষধ্বজঃ।
উমাসহায়ো ব্যালধৃগ্ বহুরূপঃ পিনাকধৃক্ ॥৪৪॥
স মামভেত্য সমরে তথৈবাভিমুখং স্থিতম্।
শূলপাণিরথোবাচ তুষ্টোঽস্মীতি পরন্তপ! ॥৪৫॥
ততস্তদ্ধনুরাদায় তূণৌ চাক্ষয্যসায়কৌ।
প্রাদান্মমৈব ভগবান্ বরয়স্বেতি চাব্রবীৎ ॥৪৬॥

ভারতকৌমুদী

এবমিতি। আস্থিত আশ্রিতঃ। অম্বরং ব্যাঘ্রচর্ম্মরূপং বসনম্, বসানঃ পরিদধানঃ ॥৪২॥
হিত্বেতি। হিত্বা পরিত্যজ্য। দিব্যং স্বর্গীয়ম্, আস্থায় অবলম্ব্য ॥৪৩॥
অদৃশ্যতেতি। গোবৃষো গোশ্রেষ্ঠো বৃষভঃ ধ্বজে যস্য সঃ। ব্যালধৃক্ সর্পভৃৎ ॥৪৪॥
স ইতি। তুষ্টোঽস্মি, তব তপশ্চরণযুদ্ধনৈপুণ্যদর্শনাদিতি ভাবঃ ॥৪৫॥

ভারতভাবদীপঃ

দৃঢ়াকৃষ্টৈঃ ॥২৬—৩২॥ স্থূণাকর্ণ ইতি শঙ্কুকর্ণাখ্যে রুদ্রাবতারভেদস্তদ্দৈবতমস্ত্রম্, জালং জলময়ং বারুণম্ ॥৩৩—৩৯॥ ব্যায়ামং সংঘট্টনম্, অপারয়ন্ অশক্নুবন্ ॥৪০—৪৩॥ গোবৃষো বলীবর্দ্দশ্রেষ্ঠঃ ॥৪৪—৪৬॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪০॥

মহারাজ! তাহার পর সেই ব্যাধ হাস্য করিয়া স্ত্রীলোকদের সহিত সেইখানেই আমার সাক্ষাতে আশ্চর্য্যের ন্যায় অন্তর্হিত হইল! ॥৪১॥

মহারাজ! মাহাত্ম্যশালী সেই ব্যাধ এইরূপ করিয়া তাহার পর দিব্য ও অদ্ভুত বস্ত্র পরিধানপূর্ব্বক অন্য রূপ ধারণ করিল! ॥৪২॥

(অর্থাৎ) ভগবান্ দেবাধিপতি মহাদেব ব্যাধরূপ পরিত্যাগ করিয়া আপন স্বর্গীয় রূপ ধারণপূর্ব্বক সেইখানে অবস্থান করিতে লাগিলেন ॥৪৩॥

তাহার পর আমি দেখিলাম—বহুরূপী এবং সর্প ও পিনাক-(ধনু) ধারী ভগবান্ সাক্ষাৎ মহাদেব রহিয়াছেন ; সঙ্গে পার্ব্বতী বিরাজ করিতেছেন ॥৪৪॥

কিন্তু আমি সমরস্থলে সেইভাবেই তাঁহার অভিমুখ হইয়া রহিয়াছিলাম ; পরে তিনি আমার নিকট আসিয়া বলিলেন—"পরন্তপ! আমি তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি" ॥৪৫॥

---

(৪৩) স্বরূপং দিব্যমাস্থায়—বা ব কা নি।

তুষ্টোঽস্মি তব কৌন্তেয়! ব্রূহি কিং করবাণি তে।
যত্তে মনোগতং বীর! তদ্‌ব্রূহি বিতরাম্যহম্।
অমরত্বমপাহায়ৈকং ব্রূহি যত্তে মনোগতম্ ॥৪৭॥
ততঃ প্রাঞ্জলিরেবাহমস্ত্রেষু গতমানসঃ।
প্রণম্য মনসা শর্ব্বং ততো বচনমাদদে ॥৪৮॥
ভগবন্! মে প্রসন্নশ্চেদীপ্সিতোঽয়ং বরো মম।
অস্ত্রাণীচ্ছাম্যহং জ্ঞাতুং যানি দেবেষু কানিচিৎ ॥৪৯॥
দদানীত্যেব ভগবানব্রবীত্র্যম্বকশ্চ মাম্।
রৌদ্রমস্ত্রং মদীয়ং ত্বামুপস্থাস্যতি পাণ্ডব! ॥৫০॥

ভারতকৌমুদী

তত ইতি। [illegible] প্রগ্রহপূর্ণ [illegible] ধনুঃ, অক্ষয়াঃ [illegible] যয়োস্তৌ ॥৪৬॥
তুষ্ট ইতি। [illegible] ॥৪৭॥
তত ইতি। [illegible] ॥৪৮॥
ভগবন্নিতি। ঈপ্সিতঃ [illegible] দেবেষু [illegible] সন্তি ॥৪৯॥
দদানীতি। [illegible] প্রাপ্স্যতি [illegible] ॥৫০॥

তাহার পর ভগবান্ মহাদেব আমার সেই ধনু ও অক্ষয়-বাণ-পূর্ণ তূণদ্বয় আমাকেই দান করিলেন এবং বলিলেন—"[illegible] গ্রহণ কর" ॥৪৬॥

কুন্তীনন্দন! আমি তোমার উপরে সন্তুষ্ট হইয়াছি, বল—আমি তোমার কি করিব। বীর! তোমার মনে যাহা আছে, তাহাই বল, তাহাই তোমাকে আমি দিব; এক অমরত্ব পরিত্যাগ করিয়া যাহা তোমার মনোগত তাহাই বল" ॥৪৭॥

তদনন্তর আমি কৃতাঞ্জলি হইয়াই অস্ত্রাভিলাষে মনে মনে মহাদেবকে নমস্কার করিয়া বলিলাম—॥৪৮॥

"ভগবন্! আপনি যদি আমার উপরে প্রসন্ন হইয়া থাকেন, তবে আমার এই ঈপ্সিত বর যে, দেবগণের যে কিছু অস্ত্র আছে, সে সমস্তই আমি জানিতে ইচ্ছা করি" ॥৪৯॥

তখন ভগবান মহাদেব আমাকে বলিলেন—"পাণ্ডুনন্দন! তাহা অবশ্যই তোমাকে দিব; আর আমার পাশুপত অস্ত্রও তোমার হইবে" ॥৫০॥

(৪৭)...মনোগতং বীর। যত্তে...অমরত্বমপাহায়—বা ব কা নি। (৪৯) ভগবান্ মে—পি।

প্রদদৌ চ মম প্রীতঃ সোঽস্ত্রং পাশুপতং প্রভুঃ।
উবাচ চ মহাদেবো দত্ত্বা মেঽস্ত্রং সনাতনম্ ॥৫১॥
ন প্রযোজ্যং ভবেদেতন্মানুষেষু কথঞ্চন।
জগদ্ধি নির্দ্দহেদেতদল্পতেজসি পাতিতম্ ॥৫২॥
পীড্যমানেন বলবৎ প্রযোজ্যং স্যাদ্ধনঞ্জয়।
অস্ত্রাণাং প্রতিঘাতে চ সর্ব্বথৈব প্রযোজয়েৎ ॥৫৩॥
তদপ্রতিহতং দিব্যং সর্ব্বাস্ত্রপ্রতিষেধনম্।
মূর্ত্তিমন্মে স্থিতং পার্শ্বে প্রসন্নে গোবৃষধ্বজে ॥৫৪॥
উৎসাদনমমিত্রাণাং পরসেনাবিকর্ত্তনম্।
দুরাসদং দুষ্প্রসহং সুরদানবরাক্ষসৈঃ ॥৫৫॥ (যুগ্মকম্)
অনুজ্ঞাতস্ত্বহং তেন তত্রৈব সমুপাবিশম্।
প্রেক্ষতশ্চৈব মে দেবস্তত্রৈবান্তরধীয়ত ॥৫৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে অর্জ্জুনযুধিষ্ঠিরসংবাদে চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

প্রদদাবিতি। পাশুপতং নাম। সনাতনম্ অবিনশ্বরম্ ॥৫১॥
নেতি। এতৎ পাশুপতমস্ত্রম্। হি যস্মাৎ। অল্পতেজসি দুর্ব্বলে ॥৫২॥
পীড্যেতি। বলবৎ সাতিশয়ং পীড্যমানেন ত্বয়া অন্যেন বা। প্রতিঘাতে নাশে ॥৫৩॥
তদিতি। গোবৃষো গোশ্রেষ্ঠো ধ্বজে যস্য তস্মিন্ মহাদেবে। দুরাসদং দুর্দ্ধর্ষম্ ॥৫৪—৫৫॥

তাহার পর প্রভু মহাদেব সন্তুষ্টচিত্তে আমাকে পাশুপত অস্ত্র দান করিলেন এবং সেই অবিনশ্বর অস্ত্র দান করিয়া আমাকে বলিলেন—॥৫১॥

'অর্জ্জুন! এ অস্ত্র মানুষের উপরে কোন প্রকারেই নিক্ষেপণীয় নহে। কারণ, দুর্ব্বলের উপরে নিক্ষেপ করিলে, এ অস্ত্র জগৎটাকেই দগ্ধ করিয়া ফেলে ॥৫২॥

তবে, প্রবল লোক অত্যন্ত পীড়ন করিতে থাকিলে, এ অস্ত্র নিক্ষেপ করিবে; আর অন্য সমস্ত অস্ত্র প্রতিহত হইলে অবশ্যই নিক্ষেপ করিবে" ॥৫৩॥

মহাদেব প্রসন্ন হইলে, অপ্রতিহত, স্বর্গীয়, সর্ব্বাস্ত্রনিবারক, শত্রুনাশক, শত্রুসৈন্যচ্ছেদক এবং দেব, দানব ও রাক্ষসগণেরও দুর্দ্ধর্ষ ও দুঃসহ সেই পাশুপত অস্ত্র মূর্ত্তিমান্ হইয়া আমার পার্শ্বে দাঁড়াইল ॥৫৪—৫৫॥

(৫১)...পাশুপতং মহৎ—বা ব কা নি। (৫৪)...সর্ব্বাস্ত্রপ্রতিবারণম্—পি। (৫৫)...পরসেনানিকর্ত্তনম্—বা ব কা নি। *'...সপ্তষষ্ট্যধিক...'—বা ব কা পি, '...অষ্টষষ্ট্যধিক...'—নি।

## একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

অর্জ্জুন উবাচ।

ততস্তামবসং প্রীতো রজনীং তত্র ভারত।
প্রসাদং দেবদেবাদ্বৈ তং প্রাপ্য বিপুলং তদা ॥১॥
ব্যুষিতো রজনীঞ্চাহং কৃত্বা পৌর্ব্বাহ্নিকীঃ ক্রিয়াঃ।
অপশ্যং তং দ্বিজশ্রেষ্ঠং দৃষ্টবানস্মি যং পুরা ॥২॥
তস্মৈ চাহং যথাবৃত্তং সর্ব্বমেব ন্যবেদয়ম্।
ভগবন্তং মহাদেবং সমেতোঽহমস্মীতি ভারত।॥৩॥

ভারতকৌমুদী

অস্মিন্। [illegible] দেবদেবস্য। [illegible] ॥

ইতি [illegible] মহাভারতে [illegible] শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং [illegible] ভারতকৌমুদী [illegible]

চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥

—:*:—

ততস্তামিতি। [illegible] ॥১॥

ব্যুষিত ইতি। ব্যুষিতঃ [illegible]। পৌর্ব্বাহ্নিকীঃ সন্ধ্যাবন্দনাদীঃ ॥২॥

তস্মা ইতি। [illegible] যথাবৃত্তম্। [illegible] প্রাপ্তঃ ॥৩॥

---

তাহার পর আমি মহাদেবের অনুমতিক্রমে সেইখানেই উপবেশন করিলাম এবং আমার সাক্ষাতেই তিনিও সেইখানেই অন্তর্হিত হইলেন" ॥৫৬॥

-:*:—

অর্জ্জুন বলিলেন "ভরতনন্দন! তখন আমি মহাদেবের নিকট সেই প্রচুর অনুগ্রহ লাভ করিয়া আনন্দিত হইয়া সেইখানেই সে রাত্রি বাস করিলাম ॥১॥

রাত্রি প্রভাতে আমি পূর্ব্বাহ্নের কার্য্যগুলি করিয়া—পূর্ব্বে যাঁহাকে দেখিয়াছিলাম, সেই শ্রেষ্ঠ ব্রাহ্মণটীকে দেখিতে পাইলাম ॥২॥

ভরতনন্দন! 'ভগবান্ মহাদেবকে আমি পাইয়াছি' ইত্যাদিরূপে সমস্ত বৃত্তান্ত আমি যথাযথভাবে তাঁহার নিকট জানাইলাম ॥৩॥

---

(১)···প্রসাদাদ্দেবদেবস্য ত্র্যম্বকস্য মহাত্মনঃ—বা ব কা নি। (২)···পূর্ব্বাহ্নিকীং ক্রিয়াম্··· দৃষ্টবানস্মি যং পথি—পি।

স মামুবাচ রাজেন্দ্র। প্রীয়মাণো দ্বিজোত্তমঃ।
দৃষ্টস্ত্বয়া মহাদেবো যথা নান্যেন কেনচিৎ ॥৪॥
সমেত্য লোকপালৈস্তু সর্ব্বৈর্বৈবস্বতাদিভিঃ।
দ্রষ্টাস্যনঘ। দেবেন্দ্রং স চ তেঽস্ত্রাণি দাস্যতি ॥৫॥
এবমুক্ত্বা স মাং রাজন্নাশ্লিষ্য চ পুনঃ পুনঃ।
অগচ্ছৎ স যথাকামং ব্রাহ্মণঃ সূর্য্যসন্নিভঃ ॥৬॥
অথাপরাহ্নে তস্যাহ্নঃ প্রাবাৎ পুণ্যঃ সমীরণঃ।
পুনর্নবমিমং লোকং কুর্ব্বন্নিব সপত্নহন্। ॥৭॥
দিব্যানি চৈব মাল্যানি সুগন্ধীনি নবানি চ।
শৈশিরস্য গিরেঃ পাদে প্রাদুরাসন্ সমীপতঃ ॥৮॥
বাদিত্রাণি চ দিব্যানি সুঘোষাণি সমন্ততঃ।
স্তুতয়শ্চেন্দ্রসংযুক্তা অশ্রূয়ন্ত মনোহরাঃ ॥৯॥

ভারতকৌমুদী

স ইতি। ত্বয়া যথা দৃষ্টস্তথা অন্যেন কেনচিদপি জনেন ন দৃষ্ট ইত্যর্থঃ ॥৪॥
সমেত্যেতি। সমেত্য মিলিত্বা, বৈবস্বতাদিভির্যমাদিভিঃ ॥৫॥
এবমিতি। আশ্লিষ্য আলিঙ্গ্য। যথাকামং যথেচ্ছম্ ॥৬॥
অথেতি। প্রাবাৎ প্রবহতি স্ম। সপত্নান্ শত্রূন্ হন্তীতি সপত্নহা। তৎ সম্বোধনম্ ॥৭॥
দিব্যানীতি। শৈশিরস্য হিমালয়স্য, পাদে মূলদেশে, সমীপতঃ মমেতি শেষঃ ॥৮॥
বাদীতি। বাদিত্রাণি বাদ্যানি। সুঘোষাণি সুন্দররবাণি। ইন্দ্রসংযুক্তা ইন্দ্রসম্বন্ধাঃ ॥৯॥

রাজশ্রেষ্ঠ! তখন সেই ব্রাহ্মণশ্রেষ্ঠ আনন্দিত হইয়া আমাকে বলিলেন—"আপনি যে ভাবে মহাদেবকে দেখিয়াছেন, সে ভাবে অন্য কেহই দেখিতে পারে নাই ॥৪॥

অতএব নিষ্পাপ! যমপ্রভৃতি সমস্ত লোকপালের সহিত সম্মিলিত অবস্থায় আপনি দেবরাজকে দেখিতে পাইবেন এবং তিনি আপনাকে সমস্ত অস্ত্রই দান করিবেন" ॥৫॥

রাজা! সূর্য্যের তুল্য তেজস্বী সেই ব্রাহ্মণ এইরূপ বলিয়া বার বার আমাকে আলিঙ্গন করিয়া ইচ্ছানুসারে গমন করিলেন ॥৬॥

শত্রুহন্তা! তাহার পর সেই দিনেরই অপরাহ্লকালে পবিত্র বায়ু এই জগৎটাকে পুনরায় নূতন করিতে থাকিয়াই যেন বহিত হইতে থাকিল ॥৭॥

সৌরভসম্পন্ন ও নূতন বহুতর স্বর্গীয় পুষ্পমালা হিমালয়পর্ব্বতের মূলদেশে আমার নিকট আসিয়া পড়িতে লাগিল ॥৮॥

গণাশ্চাপ্সরসাং তত্র গন্ধর্ব্বাণাং তথৈব চ।
পুরস্তাদ্দেবদেবস্য জগুর্গীতানি সর্ব্বশঃ ॥১০॥
মরুতাঞ্চ গণাস্তত্র দেবযানৈরুপাগমন্।
মহেন্দ্রানুচরা যে চ দেবসদ্মনিবাসিনঃ ॥১১॥
ততো মরুত্বান্ হরিভির্যুক্তৈর্বাহৈঃ স্বলঙ্কৃতৈঃ।
শচীসহায়স্তত্রায়াৎ সহ সর্ব্বৈস্তদাঽমরৈঃ ॥১২॥
এতস্মিন্নেব কালে তু কুবেরো নরবাহনঃ।
দর্শয়ামাস মাং রাজন্। লক্ষ্ম্যা পরময়া যুতঃ ॥১৩॥
দক্ষিণস্যাং দিশি যমং প্রত্যপশ্যং ব্যবস্থিতম্।
বরুণং দেবরাজঞ্চ যথাস্থানমবস্থিতম্ ॥১৪॥
তে মামূচুর্মহারাজ। সান্ত্বয়িত্বা নরর্ষভ।।
সব্যসাচিন। নিরীক্ষ স্ম হে লোকপালানবস্থিতান্ ॥১৫॥

ভারতকৌমুদী

গণা ইতি। পুরস্তাদগ্রে, দেবদেবস্য দেবেন্দ্রস্য। সর্ব্বশঃ সর্ব্বপ্রকারাণি ॥১০॥
মরুতামিতি। মরুতাং দেবানাম, দেবযানৈর্বিমানৈঃ ॥১১॥
তত ইতি। মরুত্বান ইন্দ্রঃ, হরিভিঃ অশ্বৈঃ অশ্বাকৃতিভির্যন্ত্রৈঃ, বাহৈর্বিমানৈঃ ॥১২॥
এতস্মিন্নিতি। দর্শয়ামাস আত্মানমিতি শেষঃ। লক্ষ্ম্যা শোভয়া ॥১৩॥
দক্ষিণস্যামিতি। যথাস্থানং পশ্চিমায়াং দিশি। এতেনেন্দ্রঃ পূর্ব্বস্যামিত্যবসীয়তে ॥১৪॥

---

এবং সকল দিকেই আমি সুশব্দ স্বর্গীয় বাদ্য ও মহর্ষিদের ইন্দ্রের স্তব শুনিতে লাগিলাম ॥৯॥

আর, তখন অপ্সরোগণ ও গন্ধর্ব্বগণ দেবরাজের সম্মুখে থাকিয়া সর্ব্বপ্রকার গান গাহিতেছিল ॥১০॥

পরে ক্রমশঃ দেবগণকে এবং যাঁহারা দেবগৃহবাসী ইন্দ্রের অনুচর, তাঁহারা দেববিমানে আরোহণ করিয়া আগমন করিতে লাগিলেন ॥১১॥

তাহার পর অশ্বাকৃতি-যন্ত্রযুক্ত ও সুন্দরভাবে অলঙ্কৃত বিমানসমূহে শচীদেবী ও সমস্ত দেবতাদের সহিত ইন্দ্র সেখানে আগমন করিলেন ॥১২॥

রাজা! এই সময়েই পরম-শোভা-সম্পন্ন কুবের নরবাহন অবস্থায় (পাল্কিতে চড়িয়া) আসিয়া আমাকে দেখা দিলেন ॥১৩॥

আরও আমি দেখিলাম—যম দক্ষিণদিকে রহিয়াছেন এবং দেবশ্রেষ্ঠ বরুণ যথাস্থানে (পশ্চিমদিকে) অবস্থান করিতেছেন ॥১৪॥

---

(১৫)...সমীক্ষাম্মান্—পি।

ত্বং বীর! সুরকার্য্যার্থং দৃষ্টবানসি শঙ্করম্।
অস্মত্তোঽপি গৃহাণ ত্বমস্ত্রাণীতি সমন্ততঃ ॥১৬॥ (যুগ্মকম্)
ততোঽহং প্রয়তো ভূত্বা প্রণিপত্য সুরর্ষভান্।
প্রত্যগৃহ্ণং তদাঽস্ত্রাণি মহান্তি বিধিবদ্বিভো! ॥১৭॥
গৃহীতাস্ত্রস্ততো দেবৈরনুজ্ঞাতোঽস্মি ভারত।।
অথ দেবা যযুঃ সর্ব্বে যথাগতমরিন্দম! ॥১৮॥
মঘবানপি দেবেশো রথমারুহ্য সুপ্রভম্।
উবাচ ভগবান্ স্বর্গং গন্তব্যং ফাল্গুন! ত্বয়া ॥১৯॥
পুরৈবাগমনাদস্মাদ্বেদাহং ত্বাং ধনঞ্জয়!।
অতঃ পরং ত্বহং বৈ ত্বাং দর্শয়ে ভরতর্ষভ! ॥২০॥

ভাবকৌমুদী

ত ইতি। নিরীক্ষ নিরীক্ষস্ব। অস্মত্তঃ অস্মৎসকাশাৎ। ইতি সমন্ততো মামূচুঃ ॥১৫-১৬॥
তত ইতি। প্রয়তো বিষ্ণুস্মরণেন পবিত্রঃ। মহান্তি প্রশস্তানি ॥১৭॥
গৃহীতেতি। দেবৈরিন্দ্রেতরৈঃ, অনুজ্ঞাতো গন্তুমিতি শেষঃ। ॥১৮॥
মঘবানিতি মঘবান্ ইন্দ্রঃ। গন্তব্যমিতি ভাবে প্রত্যয়ে "ন কর্তৃকর্ম্মপ্রাপ্তৌ" ইতি কর্ম্মণি ষষ্ঠীনিষেধাৎ স্বর্গমিতি দ্বিতীয়ৈব। পরত্রাপ্যেবম্ ॥১৯॥
পুরেতি। পুরা পূর্ব্বম্। বেদ বেদ্মি। ত্বামস্ত্রার্থিনম্। দর্শয়ে অস্ত্রাণি ॥২০॥

নরশ্রেষ্ঠ মহারাজ! তখন তাঁহারা আমাকে আশ্বস্ত করিয়া সকল দিক্ হইতেই বলিলেন—"অর্জ্জুন! আমরা চারি জন দিক্‌পাল রহিয়াছি; তুমি দর্শন কর। বীর! তুমি দেবকার্য্যসম্পাদনের জন্যই মহাদেবকে দেখিয়াছ; (পাশুপত অস্ত্র লাভ করিয়াছ,) অতএব আমাদের নিকট হইতেও অস্ত্র গ্রহণ কর" ॥১৫—১৬॥

রাজা! তাহার পর আমি পবিত্র হইয়া, সেই দেবশ্রেষ্ঠগণকে নমস্কার করিয়া, তখনই তাঁহাদের উৎকৃষ্ট অস্ত্রগুলি যথাবিধানে গ্রহণ করিলাম ॥১৭॥

ভরতনন্দন! আমি অস্ত্র গ্রহণ করিলে পর দেবতারা আমাকে চলিয়া যাইবার অনুমতি করিলেন। অরিন্দম! তাহার পর ইন্দ্রব্যতীত সকল দেবতাই যথাস্থানে চলিয়া গেলেন ॥১৮॥

ভগবান্ দেবরাজ ইন্দ্রও অত্যুজ্জ্বল রথে আরোহণ করিয়া আমাকে বলিলেন—"অর্জ্জুন! তোমার স্বর্গে যাইতে হইবে ॥১৯॥

(১৬) সুরকার্য্যার্থসিদ্ধ্যর্থম্—বা ব কা নি।

ত্বয়া হি তীর্থেষু পুরা সমাপ্লাবঃ কৃতোঽসকৃৎ।
তপশ্চেদং মহত্তপ্তং স্বর্গং গন্তাসি পাণ্ডব ! ॥২১॥
ভূয়শ্চৈব তু তপ্তব্যং তপশ্চরণমুত্তমম্।
স্বর্গস্ত্ববশ্যং গন্তব্যং ত্বয়া শত্রুনিসূদন ! ॥২২॥
মাতলির্মন্নিয়োগাত্ত্বাং ত্রিদিবং প্রাপয়িষ্যতি।
বিদিতস্ত্বং হি দেবানাং মুনীনাঞ্চ মহাত্মনাম্ ॥২৩॥
ততোঽহমব্রুবং শক্রং প্রসীদ ভগবন্ ! মম।
আচার্য্যং বরয়েঽহং ত্বামস্ত্রার্থং ত্রিদশেশ্বর ! ॥২৪॥

ইন্দ্র উবাচ।

ক্রূরকর্ম্মাস্ত্রবিত্তাত ! ভবিষ্যসি পরন্তপ ! ।
যদর্থমস্ত্রলিপ্সুস্ত্বং তং কামং পাণ্ডবাপ্নুহি ॥২৫॥

---

ভারতকৌমুদী

ত্বয়েতি। সমাপ্লাবঃ স্নানম্। স্বর্গং গন্তাসি, অনেন মানুষদেহেনৈব ॥২১॥
ভূয় ইতি। ভূয়শ্চ পুনরপি; তপশ্চরণফলমাহ—স্বর্গমিতি ॥২২॥
মাতলিরিতি। বিদিতত্বাদেব দেবা মুনয়শ্চ ত্বাং দ্রষ্টুমিচ্ছন্তীতি ভাবঃ ॥২৩॥
তত ইতি। আচার্য্যং শিক্ষকম্। অস্ত্রার্থং দেবাস্ত্রশিক্ষার্থম্ ॥২৪॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—১০॥ দেবযানৈর্বিমানৈঃ, সদ্মনিবাসিনঃ স্ত্রীবালাদয়ঃ শচীজয়ন্তাদয় ইত্যর্থঃ ॥১১—১৩॥ যথাস্থানং প্রাচ্যামিন্দ্রং প্রতীচ্যাং বরুণমিত্যাদি ॥১৪—২৪॥ ত্বং ক্রূরকর্ম্মা

---

ভরতশ্রেষ্ঠ অর্জ্জুন! আমাদের এই আগমনের পূর্ব্বেই আমি তোমাকে অস্ত্রার্থী বলিয়া জানি; সুতরাং ইহার পর আমি তোমাকে অস্ত্র দেখাইব ॥২০॥

পাণ্ডুনন্দন! তুমি পূর্ব্বে বহুবার তীর্থস্নান করিয়াছ এবং এই গুরুতর তপস্যা করিয়াছ; অতএব তুমি এই শরীরেই স্বর্গে যাইতে পারিবে ॥২১॥

শত্রুসূদন! তোমার আরও উত্তম তপস্যা করিতে হইবে; তাহা হইলে তুমি অবশ্যই স্বর্গে যাইতে পারিবে ॥২২॥

আমার আদেশ অনুসারে মাতলি আসিয়া তোমাকে স্বর্গে লইয়া যাইবে। কারণ, তুমি যে এখানে আসিয়াছ, তাহা—দেবতারা ও মহাত্মা মুনিরা জানিতে পারিয়াছেন" ॥২৩॥

তাহার পর আমি দেবরাজকে বলিলাম—"ভগবন্! আপনি আমার উপরে প্রসন্ন হউন। দেবরাজ! আমি দেবাস্ত্র শিক্ষার জন্য আপনাকে আচার্য্যরূপে বরণ করিতেছি" ॥২৪॥

---

(২৫)...যদর্থমস্ত্রাণীপ্সুস্ত্বম্—বা ব কা নি।

ততোঽহমব্রুবং নাহং দিব্যান্যস্ত্রাণি শক্রহন্ !।
মানুষেষু প্রযোক্ষ্যামি বিনাস্ত্রপ্রতিঘাতনাৎ ॥২৬॥
তানি দিব্যানি মেঽস্ত্রাণি প্রয়চ্ছ বিবুধাধিপ !।
লোকাংশ্চাস্ত্রজিতান্ পশ্চাল্লভেয়ং সুরপুঙ্গব ! ॥২৭॥

ইন্দ্র উবাচ।

পরীক্ষার্থং ময়ৈতত্তে বাক্যমুক্তং ধনঞ্জয় !।
মমাত্মজস্য বচনং সূপপন্নমিদং তব ॥২৮॥
শিক্ষ মদ্ভবনং গত্বা দিব্যান্যস্ত্রাণি ভারত !।
বায়োরগ্নের্বসুভ্যোঽপি বরুণাৎ সমরুদ্গণাৎ ॥২৯॥

ভারতকৌমুদী

ক্রূরেতি। হে তাত বৎস। পরন্তপ! পাণ্ডব! ত্বম, অস্ত্রবিৎ দেবাস্ত্রজ্ঞঃ সন্, ক্রূরং পরহিংসাত্মকং কর্ম্ম যস্য স তাদৃশো ভবিষ্যসি কেবলমেব পরান্ হিংসিষ্যসীত্যর্থঃ। অতএব যদর্থং যদ্দুর্য্যোধনাদিসংহারপূর্ব্বকরাজ্যলাভার্থম, অস্ত্রলিপ্সুর্দেবাস্ত্রলাভার্থী, তং কামং মদ্বরাদেব আপ্নুহি। অতো দেবাস্ত্রলাভস্য নাস্তি প্রয়োজনমিতি ভাবঃ ॥২৫॥

তত ইতি। দিব্যানি স্বর্গীয়াণি। অস্ত্রাণাং প্রতিঘাতনাৎ পরৈর্নাশনাৎ। অতঃ ক্রূরকর্ম্মা ন ভবিষ্যামীতি মহ্যং নিঃসন্দেহমেব দেবাস্ত্রং দাতুমর্হসীত্যাশয়ঃ ॥২৬॥

তানীতি। অস্ত্রজিতান্ বীরপ্রাপ্যানিত্যর্থঃ ॥২৭॥

পরীক্ষেতি। এতৎ ক্রূরকর্ম্মেত্যাদিকম্। সূপপন্নম্ অতীবযুক্তম্ ॥২৮॥

শিক্ষেতি। শিক্ষ শিক্ষস্ব। সমরুদ্গণাৎ অপরদেবগণসহিতাৎ ॥২৯॥

---

তখন ইন্দ্র বলিলেন—"বৎস পরন্তপ পাণ্ডুনন্দন! তুমি দেবাস্ত্র শিক্ষা করিয়া নিষ্ঠুরকর্ম্মা হইয়া পড়িবে; অতএব যে জন্য তুমি দেবাস্ত্র লাভ করিবার ইচ্ছা করিতেছ, সে অভীষ্ট বিষয় আমার বরেই লাভ করিতে পারিবে" ॥২৫॥

তদনন্তর আমি বলিলাম—"শক্রহন্তা দেবরাজ! আমার অস্ত্র সমস্ত প্রতিহত না হইলে, আমি দেবাস্ত্র মনুষ্যের উপরে প্রয়োগ করিব না ॥২৬॥

অতএব দেবরাজ! সেই দেবাস্ত্র সকল আমাকে দান করুন। দেবশ্রেষ্ঠ! তাহার পর অমি বীরলভ্য লোক সকল লাভ করিব" ॥২৭॥

ইন্দ্র কহিলেন—"ধনঞ্জয়! আমি তোমাকে পরীক্ষা করিবার জন্যই এই কথা বলিয়াছি; আবার তোমার এই বাক্যও আমার পুত্রের মতই অত্যন্ত যুক্তিযুক্ত হইয়াছে ॥২৮॥

অতএব ভরতনন্দন! তুমি আমার ভবনে যাইয়া বায়ু, অগ্নি, বসুগণ এবং অন্যান্য দেবগণের সহিত বরুণ—ইঁহাদের নিকট হইতে স্বর্গীয় অস্ত্র সকল শিক্ষা কর ॥২৯॥

সাধ্যং পৈতামহঞ্চৈব গন্ধর্ব্বোরগরক্ষসাম্।
বৈষ্ণবানি চ সর্ব্বাণি নৈর্ঋতানি তথৈব চ ॥৩০॥
মদ্‌গতানি চ জানীহি সর্ব্বাস্ত্রাণি কুরূদ্বহ।
এবমুক্ত্বা তু মাং শক্রস্তত্রৈবান্তরধীয়ত ॥৩১॥ (যুগ্মকম্)
অথাপশ্যং হরিযুজং রথমৈন্দ্রমুপস্থিতম্।
দিব্যং মায়াময়ং পুণ্যং যত্তং মাতলিনা নৃপ ॥৩২॥
গতেষু লোকপালেষু মামুবাচাথ মাতলিঃ।
দ্রষ্টুমিচ্ছতি শক্রস্ত্বাং দেবরাজো মহাদ্যুতে ॥৩৩॥
সংসিধ্যস্ব মহাবাহো! কুরু কার্য্যমনন্তরম্।
পশ্য পুণ্যকৃতাল্লোঁকান্ সশরীরো দিবং ব্রজ ॥৩৪॥
দেবরাজঃ সহস্রাক্ষস্ত্বাং দিদৃক্ষতি ভারত!।
ইত্যুক্তোঽহং মাতলিনা গিরিমামন্ত্র্য শৈশিরম্ ॥৩৫॥
প্রদক্ষিণমুপাবৃত্য সমারোহং রথোত্তমম্।
চোদয়ামাস স হয়ান্ মনোমারুতরংহসঃ ॥৩৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সাধ্যমিতি। সাধ্যং সাধ্যাখ্যদেবযোনিবিশেষসম্বন্ধি, পৈতামহং ব্রাহ্মম্ অস্ত্রম্। গন্ধর্ব্বোরগরক্ষসাং সর্ব্বাস্ত্রাণীতি পরেণ সম্বন্ধঃ। মদ্‌গতানি ময়ি স্থিতানি ॥৩০—৩১॥

অথেতি। অথ কিয়ৎকালানন্তরম্। হরিযুজম্ অশ্বযন্ত্রযুক্তম্। যত্তং যত্নেন চালিতম্ ॥৩২॥

গতেষ্বিতি। দেবরাজ ইত্যনেন তদ্দর্শনেচ্ছা অবশ্যপূরণীয়ত্বং সূচিতম্ ॥৩৩॥

সমিতি। সংসিধ্যস্ব সম্যক্ সিদ্ধিং লভস্ব। কার্য্যম্ ইষ্টদেবতাস্মরণাদিকম্ ॥৩৪॥

---

এবং কুরুশ্রেষ্ঠ! সাধ্য, ব্রহ্মা, গন্ধর্ব্ব, নাগ, রাক্ষস, বিষ্ণু ও নৈর্ঋত (দিক্‌পালবিশেষ)—ইঁহাদের সমস্ত অস্ত্র এবং আমার সমস্ত অস্ত্র শিক্ষা কর।” আমাকে এইরূপ বলিয়া ইন্দ্র সেইখানেই অন্তর্হিত হইলেন ॥৩০—৩১॥

রাজা! কিছু কাল পরেই আমি দেখিলাম—অশ্বচালক-যন্ত্রযুক্ত, স্বর্গীয়, মায়াময় ও পবিত্র ইন্দ্ররথ মাতলিকর্ত্তৃক চালিত হইয়া উপস্থিত হইয়াছে ॥৩২॥

দিক্‌পালগণ চলিয়া গেলে মাতলি আমাকে বলিলেন—“মহাতেজা! দেবরাজ ইন্দ্র আপনাকে দেখিতে ইচ্ছা করেন ॥৩৩॥

মহাবাহু! আপনি সিদ্ধ হউন, পরকর্ত্তব্য কার্য্য করুন, ধর্ম্মার্জ্জিত লোক সকল দর্শন করুন এবং সশরীরেই স্বর্গে গমন করুন ॥৩৪॥

ভরতনন্দন! সহস্রনয়ন দেবরাজ আপনাকে দেখিতে ইচ্ছা করিতেছেন।”

---

(৩১) মদ্‌গতানি চ যানীহ—বা ব কা পি। (৩৩) লোকপালেষু যাতেষু—বা ব কা নি।

মাতলির্হয়তত্ত্বজ্ঞো যথাবদ্ভূরিদক্ষিণঃ।
অবৈক্ষত চ মে বক্ত্রং স্থিতস্যাথ স সারথিঃ।
তথা ভ্রান্তে রথে রাজন্! বিস্মিতশ্চেদমব্রবীৎ ॥৩৭॥
অত্যদ্ভুতমিদং ত্বদ্য বিচিত্রং প্রতিভাতি মে।
যদাস্থিতো রথং দিব্যং পদান্ন চলিতঃ পদম্ ॥৩৮॥
দেবরাজোঽপি হি ময়া নিত্যমত্রোপলক্ষিতঃ।
বিচলন্ প্রথমোৎপাতে হয়ানাং ভরতর্ষভ! ॥৩৯॥
ত্বং পুনঃ স্থিত এবাত্র রথে ভ্রান্তে কুরূদ্বহ!।
অতিশক্রমিদং সর্ব্বং তবেতি প্রতিভাতি মে ॥৪০॥

---

ভারতকৌমুদী

দেবেতি। দিদৃক্ষতি দিদৃক্ষতে। শৈশিরং হিমালয়ম্। চোদযামাস চালয়ামাস, স মাতলিঃ, হয়ান্ অশ্বান্ অশ্বাকৃতীনি যন্ত্রাণীত্যর্থঃ, মনোমারুতরংহসঃ মহাবেগান্ ॥৩৫—৩৬॥

মাতলিরিতি। ভূরিষু জনেষু মধ্যে দক্ষিণ উদারঃ। স্থিতস্য রথমধ্যে অচলিতস্য। ভ্রান্তে ক্রমিকোর্দ্ধোত্থানকালে ঘূর্ণমানে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৭॥

অতীতি। বক্তুর্বিস্ময়মগ্নত্বাদেকার্থ এব অত্যদ্ভুতবিচিত্রপদদ্বয়প্রয়োগঃ সে চব্যঃ ॥৩৮॥

দেবেতি। হয়ানাং হয়াকৃতিযন্ত্রাণাম, প্রথমোৎপাতে পূর্ণোন প্রথমোত্থানকালে ॥৩৯॥

ত্বমিতি। স্থিতঃ স্থিরঃ সংবৃত্তঃ। ভ্রান্তে ঘূর্ণমানে। অতিশক্রম ইন্দ্রাতিশায়ি ॥৪০॥

---

মাতলি এইরূপ বলিলে, আমি হিমালয়পর্ব্বতের নিকট বিদায় লইয়া, সেই উৎকৃষ্ট রথখানাকে প্রদক্ষিণ করিয়া তাহাতে আরোহণ করিলাম, তখন মন ও বায়ুর ন্যায় দ্রুতগামী অশ্বাকৃতি যন্ত্রগুলিকে মাতলি চালাইতে লাগিলেন ॥৩৫—৩৬॥

এদিকে সেই বিমানখানা ঘুরিতে ঘুরিতে উপরের দিকে উঠিতে থাকিলে, অথচ আমি তাহার ভিতরে স্থিরভাবে অবস্থান করিলে, অশ্বতত্ত্বজ্ঞ ও উদারচেতা ইন্দ্রসারথি মাতলি যথানিয়মে আমার মুখ দর্শন করিলেন এবং বিস্মিত হইয়া এই কথা বলিলেন—॥৩৭॥

"আজ আমার এইটা অত্যন্ত আশ্চর্য্য বলিয়া বোধ হইতেছে যে, আপনি বিমানে আরোহণ করিয়া একপদ হইতেও অপরপদে চলিতেছেন না ॥৩৮॥

ভরতশ্রেষ্ঠ! এই অশ্বাকৃতি যন্ত্রগুলি প্রথম উপরের দিকে উঠিতে লাগিলে, আমি সর্ব্বদাই দেবরাজকেও বিচলিত হইতেই দেখিয়া থাকি ॥৩৯॥

কিন্তু কুরুশ্রেষ্ঠ! এই বিমানখানা ঘুরিতে থাকিলেও আপনি স্থির হইয়াই রহিয়াছেন; অতএব আপনার সমস্ত কার্য্যই ইন্দ্র অপেক্ষা অধিক বলিয়াই আমার বোধ হইতেছে!" ॥৪০॥

ইত্যুক্ত্বাকাশমাবিশ্য মাতলির্বিবুধালয়ান্।
দর্শয়ামাস মে রাজন্! বিমানানি চ ভারত। ॥৪১॥
স রথো হরিভির্যুক্ত ঊর্দ্ধমাচক্রমে ততঃ।
ঋষয়ো দেবতাশ্চৈব পূজয়ন্তি নরোত্তম। ॥৪২॥
ততঃ কামগমাল্লোঁকানপশ্যং বৈ সুরর্ষিণাম্।
গন্ধর্ব্বাপ্সরসাঞ্চৈব প্রভাবমমিতৌজসাম্ ॥৪৩॥
নন্দনাদীনি দেবানাং বনান্যুপবনানি চ।
দর্শয়ামাস মে শীঘ্রং মাতলিঃ শক্রসারথিঃ ॥৪৪॥
ততঃ শক্রস্য ভবনমপশ্যমমরাবতীম্।
দিব্যৈঃ কামফলৈর্বৃক্ষৈরত্নৈশ্চ সমলঙ্কৃতাম্ ॥৪৫॥

ভারতকৌমুদী

ইত্যুক্ত্বেতি। আবিশ্য ইত্যনেন পন্থ। বিবুধালয়ান দেবভবনানি ॥৪১॥
স ইতি। হরিভিরশ্বৈঃ অশ্বাকারযন্ত্রৈরিত্যর্থঃ। পূজয়ন্তি স্ম তদ্বিমানগতিম্ ॥৪২॥
তত ইতি। লোকান্ স্থানানি। সুরর্ষিণামিতি দীর্ঘাভাব আর্ষঃ ॥৪৩॥
নন্দনেতি। নন্দনং নাম ইন্দ্রোপবনম্ ৪৪
তত ইতি। ভবনং পুরীম্ কামফলৈঃ ইচ্ছানুরূপ-ফলৈঃ ৪৫।

ভারতভাবদীপঃ

ভবিষ্যামীতি সম্বন্ধঃ ॥২৫॥ অস্পষ্টেন প্রতিভাতি ... যোক্ষ্য অন্যত্র মানুষে ॥২৬—৩১॥ মায়াময়মিবাত্যদ্ভুতম্ ॥৩২—৩৮ পদাৎ স্থানাদ্ম চলিতঃ রথস্ত ভ্রমণেঽপি দৃঢ়াসন ইত্যর্থঃ

ভরতনন্দন রাজা! এই কথা বলিয়া মাতলি আকাশে উঠিয়া আমাকে দেবগণের ভবন ও বিমান সকল দেখাইতে লাগিলেন ॥৪১॥

নরশ্রেষ্ঠ! তাহার পর অশ্বাকৃতি-যন্ত্র-যুক্ত সেই বিমানখানা উপর দিয়া চলিতে লাগিল; তখন ঋষিরা ও দেবতারা তাহার গতির প্রশংসা করিতে থাকিলেন ॥৪২॥

তদনন্তর আমি দেবর্ষিগণের কামগামী লোক সকল এবং অমিততেজা গন্ধর্ব্বগণ ও অপ্সরোগণের প্রভাব দেখিতে লাগিলাম ॥৪৩॥

ক্রমে ইন্দ্রসারথি মাতলি আমাকে সত্বরই দেবগণের নন্দনপ্রভৃতি উপবন ও অন্যান্য বন দেখাইতে লাগিলেন ॥৪৪॥

তাহার পর ইচ্ছানুরূপ-ফলশালী স্বর্গীয় বৃক্ষে ও নানাবিধ রত্নে পরিশোভিত ইন্দ্রের অমরাবতী পুরী দর্শন করিলাম ॥৪৫॥

(৪২)...যুক্তো হ্যূর্দ্ধমাচক্রমে ততঃ—বা ব কা নি।

ন তত্র সূর্য্যস্তপতি ন শীতোষ্ণে ন চ ক্লমঃ।
ন বাধতে তত্র রাজন্! তত্রাস্তি ন জরা নৃপ। ॥৪৬॥
ন তত্র শোকো দৈন্যং বা দৌর্বলং বোপলক্ষ্যতে।
দিবৌকসাং মহারাজ! ন গ্লানিররিমর্দ্দন। ॥৪৭॥
ন ক্রোধলোভৌ তত্রাস্তাং সুরাদীনাং বিশাংপতে!।
নিত্যং তুষ্টাশ্চ তে রাজন্! প্রাণিনঃ সুরবেশ্মনি ॥৪৮॥
নিত্যপুষ্পফলাস্তত্র পাদপা হরিতচ্ছদাঃ।
পুষ্করিণ্যশ্চ বিবিধাঃ পদ্মসৌগন্ধিকাযুতাঃ ॥৪৯॥
শীতস্তত্র সুখো বায়ুঃ সুগন্ধো জীবনঃ শুচিঃ।
সর্ব্বরত্নবিচিত্রা চ ভূমিঃ পুষ্পবিভূষিতা ॥৫০॥
মৃগদ্বিজাশ্চ বহবো রুচিরা মধুরস্বরাঃ।
বিমানগামিনস্তত্র দৃশ্যন্তে বহবোঽম্বরে ॥৫১॥

ভাবকৌমুদী

নেতি। ন তপতি সুসহকিরণ ইত্যর্থঃ। ন বাধতে ন পীড়য়তি ॥৪৬॥
নেতি। দিবৌকসাং স্বর্গবাসিনাং দেবানাং পুণ্যবলেনাগতানামিতরেষাঞ্চ ॥৪৭॥
নেতি। অত্রাদিপদেন স্বর্গাগতপুণ্যবজ্জনপরিগ্রহঃ ॥৪৮॥
নিত্যেতি। হরিতচ্ছদা হরিদ্বর্ণপর্ণাঃ। সৌগন্ধিকমত্র কহ্লারম্ ॥৪৯॥
শীত ইতি। সুখঃ সুখজনকঃ। জীবনো বলকরঃ ॥৫০॥
মৃগেতি। মৃগদ্বিজাঃ পশুপক্ষিণঃ। তত্র স্বর্গলোকে ॥৫১॥

রাজা! সেখানে সূর্য্য কাহাকেও সন্তপ্ত করেন না, সেখানে শীত, গ্রীষ্ম বা ক্লান্তি কাহারও পীড়া জন্মায় না এবং সেখানে জরা নাই ॥৪৬॥

শত্রুমর্দ্দন মহারাজ! সে স্থানের অধিবাসীদের শোক, দৈন্য, দুর্ব্বলতা, কিংবা গ্লানি দেখিতে পাওয়া যায় না ॥৪৭॥

নরনাথ রাজা! সেখানে দেবতাপ্রভৃতির ক্রোধ বা লোভ নাই এবং দেবলোকে সেই সমস্ত প্রাণীই সর্ব্বদা সন্তুষ্ট থাকে ॥৪৮॥

সেখানে বৃক্ষসমূহে সর্ব্বদাই ফুল, ফল ও হরিদ্বর্ণ পত্র থাকে এবং সেখানে পদ্ম ও কহ্লার-(সুরভি উৎপল-) যুক্ত নানাবিধ পুষ্করিণী আছে ॥৪৯॥

সেখানে শীতল, সৌরভশালী, বলকারী, সুখজনক ও পবিত্র বায়ু বহিত হয় এবং ভূমি সকল সর্ব্বরত্নে বিচিত্র ও পুষ্পভূষিত রহিয়াছে ॥৫০॥

সেখানে মনোহর ও মধুরস্বর বহুতর পশুপক্ষীকে এবং আকাশে বহুতর বিমানচারীকে দেখা যায় ॥৫১॥

ততোঽপশ্যং বসূন্ রুদ্রান্ সাধ্যাংশ্চ সমরুদ্গণান্।
আদিত্যানশ্বিনৌ চৈব তান্ সর্ব্বান্ প্রত্যপূজয়ম্ ॥৫২॥
তে মাং বীর্য্যেণ যশসা তেজসা চ বলেন চ।
অস্ত্রৈশ্চাপ্যন্বজানন্ত সংগ্রামে বিজয়েন চ ॥৫৩॥
প্রবিশ্য তাং পুরীং রম্যাং দেবগন্ধর্ব্বপূজিতাম্।
দেবরাজং সহস্রাক্ষমুপাতিষ্ঠং কৃতাঞ্জলিঃ ॥৫৪॥
দদাবর্দ্ধাসনং প্রীতঃ শক্রো মে দদতাং বরঃ।
বহুমানাচ্চ গাত্রাণি পস্পর্শ মম বাসবঃ ॥৫৫॥
তত্রাহং দেবগন্ধর্ব্বৈঃ সহিতো ভূরিদক্ষিণৈঃ।
অস্ত্রার্থমবসং স্বর্গে শিক্ষাণোঽস্ত্রাণি ভারত! ॥৫৬॥
বিশ্বাবসোস্তু মে পুত্রশ্চিত্রসেনোঽভবৎ সখা।
স চ গান্ধর্ব্বমখিলং গ্রাহয়ামাস মাং নৃপ! ॥৫৭॥

ভাবকৌমুদী

তত ইতি। সমরুদ্গণান্ বায়ুসমূহসহিতান্। প্রত্যপূজয়ং নমস্কারেণেতি ভাবঃ ॥৫২॥
ত ইতি। বীর্য্যেণ মানসিকবলেন। তেজসা দর্পেণ। অন্বজানন্ত অবগতবন্তঃ ॥৫৩॥
প্রবিশ্যেতি। সহস্রাক্ষমিন্দ্রম্, উপাতিষ্ঠম্ উপাগচ্ছম্ ॥৫৪॥
দদাবিতি। অর্দ্ধাসনং দদৌ স্বকীয়াসনার্দ্ধে উপবেশয়ামাসেত্যর্থঃ ॥৫৫॥
তত্রেতি। ভূরিদক্ষিণৈঃ অতীবোদারস্বভাবৈঃ। শিক্ষাণঃ শিক্ষমাণঃ ॥৫৬॥
বিশ্বেতি। মে মম সখা অভবদিতি সম্বন্ধঃ। গান্ধর্ব্বং গানাদিকং ॥৫৭॥

---

তাহার পর আমি—বসুগণ, রুদ্রগণ, সাধ্যগণ, বায়ুগণ, আদিত্যগণ ও অশ্বিনীকুমারদিগকে দেখিলাম এবং তাঁহাদের সকলকেই নমস্কার করিলাম ॥৫২॥

মানসিক বল, দৈহিক বল, যশ, তেজ, অস্ত্রনৈপুণ্য এবং যুদ্ধজয়ে তাঁহারা সকলেই আমাকে জানিতেন ॥৫৩॥

পরে, সেই দেব-গন্ধর্ব্ব-পূজিত মনোহর পুরীতে প্রবেশ করিয়া কৃতাঞ্জলি হইয়া আমি দেবরাজ ইন্দ্রের নিকট উপস্থিত হইলাম ॥৫৪॥

তখন দাতৃশ্রেষ্ঠ দেবরাজ আমাকে স্বকীয় অর্দ্ধাসনে উপবেশন করাইলেন এবং অত্যন্ত আদরের সহিত আমার সমস্ত অঙ্গ স্পর্শ করিলেন ॥৫৫॥

ভরতনন্দন! আমি অস্ত্রনৈপুণ্য লাভের জন্য সেই স্বর্গলোকে অত্যন্ত উদারপ্রকৃতি দেবগণ ও গন্ধর্ব্বগণের সহিত অস্ত্রশিক্ষা করিতে থাকিয়া বাস করিতে লাগিলাম ॥৫৬॥

তত্রাহমবসং রাজন্ ! গৃহীতাস্ত্রঃ সুপূজিতঃ ।
সুখং শক্রস্য ভবনে সর্ব্বকামসমন্বিতঃ ॥৫৮॥
শৃণ্বন্ গীতস্বনং পুণ্যং তূর্য্যশব্দঞ্চ পুষ্কলম্ ।
পশ্যংশ্চাপ্সরসঃ শ্রেষ্ঠা নৃত্যন্তীর্ভরতর্ষভ ! ॥৫৯॥ (যুগ্মকম্)
তৎ সর্ব্বমনবজ্ঞায় তথ্যং বিজ্ঞায় ভারত ! ।
অত্যর্থং প্রতিগৃহ্যাহমস্ত্রেষ্বেব ব্যবস্থিতঃ ॥৬০॥
ততোঽতুষ্যৎ সহস্রাক্ষস্তেন কামেন মে বিভুঃ ।
এবং মে বসতো রাজন্নেষ কালোঽত্যগাদ্দিবি ॥৬১॥

### ভারতকৌমুদী

তত্রেতি। সর্ব্বকামসমন্বিতঃ প্রাপ্যমাণসর্ব্বাভীষ্টঃ। পুষ্কলং প্রচুরম্ ॥৫৮—৫৯॥

তদিতি। হে ভারত ! তদ্গীতশ্রবণাদিকং সর্ব্বম্, অনবজ্ঞায় অনবমান্য যথাবসরমাদৃত্যেত্যর্থঃ, তথ্যম্ অস্ত্রশিক্ষণমেব মে সত্যমুদ্দেশ্যমিতি বিজ্ঞায়, অত্যর্থং প্রতিগৃহ্য আগ্রহমঙ্গীকৃত্য, অহম্, অস্ত্রেষ্বেব অস্ত্রশিক্ষাস্বেব, ব্যবস্থিতঃ প্রবৃত্ত আসম্ ॥৬০॥

তত ইতি। কামেন অস্ত্রশিক্ষোদ্দেশেন। এষ পঞ্চবর্ষাত্মকঃ ॥৬১॥

### ভারতভাবদীপঃ

॥৩৯—৪২॥ সুরর্ষিণামিতি দৈর্ঘ্যাভাব আর্ষঃ, সমাহারবহুত্বং বা বহুসমুদায়াভিপ্রায়েণ ॥৪৩—৫২॥ অস্ত্রজ্ঞানস্ত বীর্য্যাদিমান্, ভবেত্যাশীর্ব্বাদান্ দধুরিত্যর্থঃ ॥৫৩—৫৯॥ তৎ সর্ব্বমিতি। অনবজ্ঞায়াদৃত্যাদরপূর্ব্বকং তথ্যং যথাবদত্যর্থং পুরুষার্থ ইতি বিজ্ঞায় প্রতিগৃহ্য, রাগশূন্যেন

---

রাজা ! বিশ্বাবসুর পুত্র চিত্রসেন আমার সখা হইলেন এবং তিনি আমাকে সমস্ত গন্ধর্ব্বশাস্ত্র (নৃত্য-গীতাদি) শিক্ষা করাইতে লাগিলেন ॥৫৭॥

ভরতশ্রেষ্ঠ রাজা ! আমি যথাসময়ে পবিত্র গান ও প্রচুর তূর্য্যধ্বনি শুনিতাম, নৃত্যপরায়ণ শ্রেষ্ঠ অপ্সরাদিগকে দেখিতাম, সকলের নিকটই সম্মানিত হইতাম, অস্ত্রশিক্ষা করিতাম এবং সমস্ত অভীষ্ট বস্তুই পাইতাম; এইভাবে সেই ইন্দ্রভবনে সুখে বাস করিতে লাগিলাম ॥৫৮—৫৯॥

ভরতনন্দন ! আমি সে সমস্ত বিষয়ের প্রতি অবজ্ঞা না করিয়া, অথচ সত্য বিষয়ের প্রতি ধারণা রাখিয়া, অত্যন্ত আগ্রহ করিয়া অস্ত্রশিক্ষাতেই প্রবৃত্ত থাকিতাম ॥৬০॥

তাহার পর দেবরাজ আমার সেই উদ্দেশ্য দেখিয়া আমার উপরে সন্তুষ্ট

(৬০) এতৎ সর্ব্বমবজ্ঞায়…অত্যর্থং পরিগৃহ্যাহম্—পি। (৬১) শ্লোকাৎ পরং '…অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ'—পি, '…একোনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ'—নি, অত্রাধ্যায়সমাপ্তির্নাস্তি।

কৃতাস্ত্রমতিবিশ্বস্তমথ মাং হরিবাহনঃ।
সংস্পৃশ্য মূর্দ্ধ্নি পাণিভ্যামিদং বচনমব্রবীৎ ॥৬২॥
ন ত্বমস্য যুধা জেতুং শক্যঃ সুরগণৈরপি।
কিং পুনর্মানুষে লোকে মানুষৈরকৃতাত্মভিঃ ॥৬৩॥
অপ্রমেয়োঽপ্রধৃষ্যশ্চ যুদ্ধেষপ্রতিমস্তথা।
অজেয়স্ত্বং হি সংগ্রামে সর্ব্বৈরপি সুরাসুরৈঃ ॥৬৪॥
তথাব্রবীৎ পুনর্দেবঃ সম্প্রহৃষ্টতনূরুহঃ।
অস্ত্রযুদ্ধে সমো বীর ! ন তে কশ্চিদ্ভবিষ্যতি ॥৬৫॥
অপ্রমত্তঃ সদা দক্ষঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
ব্রহ্মণ্যশ্চাস্ত্রবিচ্চাসি শূরশ্চাসি কুরূদ্বহ ! ॥৬৬॥

ভারতকৌমুদী

কৃতেতি। কৃতাস্ত্রং শিক্ষিতাস্ত্রম্। হরিবাহন ইন্দ্রঃ। মূর্দ্ধ্নি মমমস্তক এব ॥৬২॥
নেতি। অকৃতাত্মভিঃ ঈদৃগ্‌দেবাস্ত্রশিক্ষায়াম্ অকৃতযত্নৈঃ ॥৬৩॥
অপ্রেতি। অপ্রধৃষ্যঃ অনবজ্ঞেয়ঃ, অপ্রতিমো নিরুপমঃ ॥৬৪॥
অথেতি। সম্প্রহৃষ্টতনূরুহ আনন্দেন রোমাঞ্চিতদেহঃ ॥৬৫॥
অপ্রেতি। অপ্রমত্তঃ সাবধানঃ। ব্রহ্মণ্যো বেদহিতস্তপঃপরায়ণো বা ॥৬৬॥

হইলেন। রাজা! স্বর্গে বাস করিবার সময়ে এইভাবে আমার এই সময়টা অতীত হইয়াছে ॥৬১॥

আমার অস্ত্রশিক্ষা হইয়া গেলে এবং আমি অতিবিশ্বস্ত বলিয়া পরিচিত হইলে, একদা দেবরাজ হস্তযুগলদ্বারা আমার মস্তকস্পর্শ করিয়া এই কথা বলিলেন—॥৬২॥

"বৎস! এখন দেবতারাও তোমাকে যুদ্ধে জয় করিতে সমর্থ হন না; অতএব মর্ত্ত্যলোকে অশিক্ষিতাস্ত্র মানুষের কথা আর কি বলিব ॥৬৩॥

আর, তুমি যুদ্ধে অনির্ব্বচনীয়, অনবজ্ঞেয় এবং অতুলনীয় হইয়াছ; সুতরাং দেব-দানবেরা সকলেও তোমাকে যুদ্ধে জয় করিতে সমর্থ নহেন" ॥৬৪॥

তাহার পর দেবরাজ রোমাঞ্চিতদেহ হইয়া পুনরায় বলিলেন—"বীর! অস্ত্রযুদ্ধে কোন লোকই তোমার তুল্য হইবে না ॥৬৫॥

কারণ, কুরুশ্রেষ্ঠ! তুমি সর্ব্বদাই সাবধান, কার্য্যদক্ষ, সত্যবাদী, জিতেন্দ্রিয় ও তপঃপরায়ণ আছ; তার পর অস্ত্রজ্ঞ এবং বীরও হইয়াছ ॥৬৬॥

---

(৬৪) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

অস্ত্রাণি সমবাপ্তানি ত্বয়া দশ চ পঞ্চ চ।
পঞ্চভির্বিধিভিঃ পার্থ! বিদ্যতে ন ত্বয়া সমঃ ॥৬৭॥
প্রয়োগমুপসংহারমাবৃত্তিঞ্চ ধনঞ্জয়!।
প্রায়শ্চিত্তঞ্চ বেত্থ ত্বং প্রতীঘাতঞ্চ সর্ব্বশঃ ॥৬৮॥
তব গুর্ব্বর্থকালোহয়ং সমুৎপন্নঃ পরন্তপ!।
প্রতিজানীষ্ব তং কর্ত্তুং ততো বেৎস্যাম্যহং পরম্ ॥৬৯॥
ততোহহমব্রুবং রাজন্! দেবরাজমিদং বচঃ।
বিষহ্যং যন্ময়া কর্ত্তুং কৃতমেব নিবোধ তৎ ॥৭০॥

ভারতকৌমুদী

অস্ত্রাণীতি। দশানাং দিক্‌পালানাং দশ, তথা পাশুপতম্, ব্রাহ্মম্, বৈষ্ণবম্, প্রাজাপত্যম্, পারমেষ্ঠ্যঞ্চেতি প্রাগুক্তানি চ পঞ্চ। বিধিভিঃ প্রকারৈঃ ॥৬৭॥

অথ কে তে পঞ্চ বিধয় ইত্যাহ—প্রয়োগমিতি। প্রয়োগং লক্ষ্যে নিজাস্ত্রস্য ব্যাপারণম্, উপসংহারং লক্ষ্যে ব্যাপারিতস্যাপি নিজাস্ত্রস্য নিবারণম্, আবৃত্তিং প্রয়োগোপসংহারযোঃ পৌনঃপুন্যেন করণম, প্রায়শ্চিত্তম আহতস্য লক্ষ্যস্য বেদনাদিপ্রতিবিধানম, প্রতীঘাতং পরাস্ত্রব্যর্থতাকরণম্। সর্ব্বশঃ সর্ব্বথা ॥৬৮॥

তবেতি। অতএব হে পরন্তপ। অয়ং তব গুর্ব্বর্থকালঃ গুরুদক্ষিণাদানসময়ঃ সমুৎপন্নঃ। তেন চাদৌ তং গুর্ব্বর্থম্, কর্ত্তুম্, প্রতিজানীষ্ব প্রতিজ্ঞাং কুরু, ততশ্চ অহম্, পরং পরকর্ত্তব্যং বিষয়ম্, বেৎস্যামি ত্বাং বেদয়িষ্যামি ॥৬৯॥

ভারতভাবদীপঃ

মনসাঙ্গীকৃত্যাপ্যহমস্ত্রেষ্বেব ব্যবস্থিতোহভূবং ন গীতাদিষু ॥৬০॥ তেন কামেনাস্ত্রেচ্ছয়া ন তু ভোগেচ্ছয়া ॥৬১—৬৬॥ পঞ্চভিঃ প্রয়োগাদিভিঃ, আবৃত্তিঃ পুনঃপুনঃ প্রয়োগোপসংহারৌ ॥৬৭॥ প্রায়শ্চিত্তমস্ত্রাগ্নিনা দগ্ধানামনাগসাং পুনরুজ্জীবনং প্রতীঘাতং পরাস্ত্রেণাভিভূতস্য স্বাস্ত্রস্যোদ্দীপনং গুর্ব্বর্থো দক্ষিণা ॥৬৮॥ বেৎস্যামি বেদয়িষ্যামি পরং কার্য্যমিতি শেষঃ ॥৬৯॥

পৃথানন্দন! তুমি পঞ্চদশবিধ অস্ত্র লাভ করিয়াছ; সুতরাং অস্ত্রের পঞ্চবিধ ব্যবহারেই তোমার তুল্য লোক আর নাই ॥৬৭॥

ধনঞ্জয়! তুমি সর্ব্বপ্রকারেই অস্ত্রের প্রয়োগ, উপসংহার, বার বার সে দুইটা করা, আহতের বেদনার প্রতিবিধান এবং পরাস্ত্রনিবারণ জানিয়াছ ॥৬৮॥

অতএব পরন্তপ! তোমার এইটা গুরুদক্ষিণা দিবার সময় উপস্থিত হইয়াছে; সুতরাং তুমি তাহা দিবার প্রতিজ্ঞা কর; পরে আমি কর্ত্তব্য বিষয় তোমাকে জানাইব" ॥৬৯॥

(৬৭)···দ্বাদশ পঞ্চ চ—পি। (৬৯) ততো গুর্ব্বর্থকালোহয়মুপপন্নঃ···বা ব কা

ততো মামব্রবীদ্রাজন্! প্রহস্য বলবৃত্রহা।
নাবিষহ্যং তবাদ্যাস্তি ত্রিষু লোকেষু কিঞ্চন ॥৭১॥
নিবাতকবচা নাম দানবা মম শত্রবঃ।
সমুদ্রকুক্ষিমাশ্রিত্য দুর্গে প্রতিবসন্ত্যুত ॥৭২॥
তিস্রঃ কোট্যঃ সমাখ্যাতাস্তুল্যরূপবলপ্রভাঃ।
তাংস্তত্র জহি পার্থৈবং গুর্ব্বর্থস্তে ভবিষ্যতি ॥৭৩॥
ততো মাতলিসংযুক্তং ময়ূরসমরোমভিঃ।
হয়ৈরুপেতং প্রাদান্মে রথং দিব্যং মহাপ্রভুঃ ॥৭৪॥
ববন্ধ চৈব মে মূর্দ্ধ্নি কিরীটমিদমুত্তমম্।
স্বরূপসদৃশঞ্চৈব প্রাদাদঙ্গবিভূষণম্ ॥৭৫॥

ভাবকৌমুদী

তত ইতি। বিষহং বিশেষেণ [illegible] নিবোধ ॥৭০॥

তত ইতি। বলবৃত্রহা ইন্দ্রঃ। অবিষহ্যম্ [illegible] কার্য্যম্ ॥৭১॥

নিবাতেতি। নিবাতানি শস্ত্রৈরভেদ্যানি [illegible] যেষাং তে, "নিবাতাবাশ্রয়াবাতে শস্ত্রাভেদ্যঞ্চ বর্ম্ম যৎ" ইত্যমরঃ। [illegible] ॥৭২॥

তিস্র ইতি। এবং তেষাং বধে [illegible], তে তব, গুর্ব্বর্থো গুরুদক্ষিণাদানম্ ॥৭৩॥

তত ইতি। হয়ৈরশ্বৈঃ। প্রাদাৎ ইন্দ্র ইতি শেষঃ। দিব্যং স্বর্গীয়ম্ ॥৭৪॥

রাজা! তাহার পর আমি দেবরাজকে এই কথা বলিলাম—"আমি যাহা করিতে সমর্থ হইব, তাহা করিবই বলিয়াছি—মনে করুন ॥৭০॥

রাজা! তদনন্তর ইন্দ্র হাস্য করিয়া আমাকে বলিলেন—"এখন ত্রিভুবনের মধ্যে কোন কার্য্যই তোমার অসাধ্য নাই ॥৭১॥

আমার শত্রু 'নিবাতকবচ'-নামক দানবেরা সমুদ্রের ভিতরে দুর্গে অবস্থান করিতেছে ॥৭২॥

তাহারা সংখ্যায় তিন কোটি এবং তাহাদের সকলেরই রূপ, বল ও তেজ সমান। পৃথানন্দন! তুমি সেইখানে যাইয়া তাহাদিগকে বধ কর, তাহা করিলেই তোমার গুরুদক্ষিণা দান করা হইবে" ॥৭৩॥

তাহার পর দেবরাজ আমাকে একখানি পরমসুন্দর স্বর্গীয় রথ প্রদান করিলেন, তাহার সারথি ছিলেন—মাতলি এবং বাহক ছিল—ময়ূরলোমের ন্যায় লোমযুক্ত অশ্ব ॥৭৪॥

(৭১)⋯নাবিষহ্যং তবাস্তীতি—বা ব কা, মা বিষহং তবাত্রাস্তি—পি। (৭৩)⋯তাংস্তত্র জহি কৌন্তেয়!—বা ব কা নি।

অভেদ্যং কবচঞ্চেদং স্পর্শরূপবদুত্তমম্ ।
অজরাং জ্যামিমাঞ্চাপি গাণ্ডীবে সমযোজয়ৎ ॥৭৬॥
ততঃ প্রায়ামহং তেন স্যন্দনেন বিরাজতা ।
যেনাজয়দ্দেবপতির্বলিং বৈরোচনিং পুরা ॥৭৭॥
ততো দেবাঃ সর্ব্ব এব তেন শব্দেন বোধিতাঃ ।
মন্বানা দেবরাজং মাং সমাজগ্মুর্বিশাংপতে ! ॥৭৮॥
দৃষ্ট্বা চ মামপৃচ্ছন্ত কিং করিষ্যসি ফাল্গুন ! ।
তানব্রুবং যথাভূতমিদং কর্ত্তাস্মি সংযুগে ॥৭৯॥
নিবাতকবচানান্তু প্রস্থিতং মাং বধৈষিণম্ ।
নিবোধত মহাভাগাঃ ! শিবঞ্চাশাস্ত মেহনঘাঃ ! ॥৮০॥

ভারতকৌমুদী

ববন্ধেতি। স্বরূপসদৃশং মমাকৃতিযোগ্যম্ ॥৭৫॥
অভেদ্যমিতি। স্পর্শরূপবদিতি প্রশংসায়াং বন্তুঃ। অজরাং ক্ষয়শূন্যাম্ ॥৭৬॥
তত ইতি। প্রায়াং প্রয়াণমকরবম্। স্যন্দনেন রথেন ॥৭৭॥
তত ইতি। বোধিতা বিষয়ান্তরেভ্যো ব্যাবর্ত্তিতমনস্কাঃ। মন্বানা মন্যমানাঃ ॥৭৮॥
দৃষ্ট্বেতি। হে ফাল্গুন ! অর্জ্জুন !। যথাভূতং যথাবৃত্তম্। সংযুগে যুদ্ধে ॥৭৯॥

ভারতভাবদীপঃ

বিবন্ধং শক্যম্ ॥৭০—৭৬॥ প্রায়াং প্রয়াণং কৃতবান্ ॥৭৭—৭৯॥ আশাস্ত আশাধ্বম্ ॥৮০—৮১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একচত্বারিংশদধিক-
শততমোঽধ্যায়ঃ ॥১৪১॥

ক্রমে তিনি আমার মস্তকে এই উত্তম কিরীট বন্ধন করিয়া দিলেন এবং আমার আকৃতির যোগ্য অলঙ্কার প্রদান করিলেন ॥৭৫॥

আর অভেদ্য, সুখস্পর্শ, মনোহর ও উত্তম এই কবচটী দান করিলেন এবং গাণ্ডীবধনুতে এই অক্ষয় গুণ সংযুক্ত করিয়া দিলেন ॥৭৬॥

তদনন্তর—পূর্ব্বকালে দেবরাজ যে রথে আরোহণ করিয়া বিরোচনপুত্র বলিকে জয় করিয়াছিলেন; সেই দীপ্যমান রথে আরোহণ করিয়া আমি প্রস্থান করিলাম ॥৭৭॥

রাজা ! তাহার পর সেই রথশব্দে উদ্বুদ্ধ হইয়া দেবতারা সকলেই আমাকে দেবরাজ মনে করিয়া আগমন করিলেন ॥৭৮॥

এবং আমাকে দেখিয়া তাঁহারা জিজ্ঞাসা করিলেন—"অর্জ্জুন ! তুমি কি করিবে ?"। "আমি যুদ্ধে এই করিব" এইভাবে আমি তাঁহাদের নিকট যথাবৎ বৃত্তান্ত বলিলাম ॥৭৯॥

তততো বাগ্ভিঃ প্রশস্তাভিস্ত্রিদশাঃ পৃথিবীপতে!।
তুষ্টুবুর্মাং প্রসন্নাস্তে যথা দেবং পুরন্দরম্ ॥৮১॥
রথেনানেন মঘবান্ জিতবান্ শম্বরং যুধি।
নমুচিং বলবৃত্রৌ চ প্রহ্রাদনরকাবপি ॥৮২॥
বহূনি চ সহস্রাণি প্রযুতান্যর্ব্বুদানি চ।
রথেনানেন দৈত্যানাং জিতবান্ মঘবা যুধি ॥৮৩॥
ত্বমপ্যনেন কৌন্তেয়! নিবাতকবচান্ রণে।
বিজেতা যুধি বিক্রম্য পুরেব মঘবান্ বশী ॥৮৪॥
অয়ঞ্চ শঙ্খপ্রবরো যেন জেতাসি দানবান্।
অনেন বিজিতা লোকাঃ শক্রেণাপি মহাত্মনা ॥৮৫॥

ভারতকৌমুদী

নিবাতেতি। শিবং মঙ্গলম্, আশাস্ব আশংসধ্বম্ অশীর্বাদং কুরুত ॥৮০॥
তত ইতি। ত্রিদশাস্তে দেবাঃ। তুষ্টুবুঃ, [illegible] ॥৮১॥
রথেনেতি। মঘবান্ ইন্দ্রঃ। শম্বরাদিঃ [illegible]। অসুরাঃ ॥৮২॥
বহূনীতি। প্রযুতানি নিযুতানি। [illegible] সর্বান্ ॥৮৩॥
ত্বমিতি। বশী জিতেন্দ্রিয়স্ত্বমপীতি সম্বন্ধঃ। বিজেতা বিজেষ্যসে ॥৮৪॥

(আরও বলিলাম যে,) "মহাভাগ নিষ্পাপ দেবগণ! আপনারা অবগত হউন যে, আমি নিবাতকবচ দানবগণকে বধ করিবার ইচ্ছায় প্রস্থান করিয়াছি; সুতরাং আপনারা আমার উপরে শুভাশীর্ব্বাদ করুন" ॥৮০॥

রাজা! তাহার পর দেবতারা প্রসন্ন হইয়া প্রশস্ত বাক্যদ্বারা দেবরাজের তুল্যই আমার স্তব করিলেন (বলিলেন)—॥৮১॥

"ইন্দ্র এই রথে আরোহণ করিয়াই যুদ্ধে শম্বর, নমুচি, বল, বৃত্র, প্রহ্রাদ ও নরকাসুরকে জয় করিয়াছিলেন ॥৮২॥

এবং ইন্দ্র এই রথে আরোহণ করিয়াই যুদ্ধে সহস্র সহস্র, নিযুত নিযুত ও অর্ব্বুদ অর্ব্বুদ অন্য দৈত্যদিগকে জয় করিয়াছিলেন ॥৮৩॥

কুন্তীনন্দন! তুমি জিতেন্দ্রিয়; সুতরাং তুমিও পূর্ব্বকালে ইন্দ্রের মত যুদ্ধে বিক্রম প্রকাশ করিয়া সেই যুদ্ধে নিবাতকবচদিগকে জয় করিবে ॥৮৪॥

আমরা এই উৎকৃষ্ট শঙ্খটী দিতেছি; যাহা দ্বারা তুমি দানবদিগকে জয় করিবে। মহাত্মা ইন্দ্রও এই শঙ্খদ্বারাই সমস্ত জগৎ জয় করিয়াছিলেন" ॥৮৫॥

(৮১) প্রথমার্দ্ধং বা ব কা পি নাস্তি।

প্রদীয়মানং দেবৈস্তং দেবদত্তং জলোদ্ভবম্ ।
প্রত্যগৃহ্নং জয়ায়ৈনং স্তূয়মানস্তদাহমরৈঃ ॥৮৬॥
সশঙ্খঃ কবচী বাণী প্রগৃহীতশরাসনঃ ।
দানবালয়মত্যুগ্রং প্রয়াতোঽস্মি যুযুৎসয়া ॥৮৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে অর্জ্জুনবাক্যে একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

## দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ।

—:*:—

অর্জ্জুন উবাচ ।

ততোঽহং স্তূয়মানশ্চ তত্র তত্র মহর্ষিভিঃ ।
অপশ্যমুদধিং ভীমমপাংপতিমথাব্যয়ম্ ॥১॥

ভারতকৌমুদী

অয়মিতি। অয়ঞ্চ শঙ্খপ্রবরো দীয়ত ইতি শেষঃ। জেতাসি জেষ্যসি ॥৮৫॥

প্রেতি। দেবদত্তং নাম। এনং শঙ্খপ্রবরম্ ॥৮৬॥

সেতি। বাণী প্রভূতবাণশালী। যুযুৎসয়া যোদ্ধুমিচ্ছয়া ॥৮৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে একচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। ভীমং হিংস্রজন্তুপূর্ণত্বাদদৃষ্টপরপারত্বাচ্চ। অব্যয়মশোষ্যম্ ॥১॥

---

এইরূপ বলিয়া দেবতারা তখন জলোৎপন্ন 'দেবদত্ত'-নামক সেই শঙ্খটী দান করিলেন ; আমিও জয়লাভের জন্য ইহা গ্রহণ করিলাম ॥৮৬॥

তাহার পর শঙ্খ, কবচ, বাণ ও ধনু ধারণ করিয়া যুদ্ধ করিবার ইচ্ছায় আমি—অতিভয়ঙ্কর দানববাসস্থানের দিকে প্রস্থান করিলাম" ॥৮৭॥

—:*:—

অর্জ্জুন বলিলেন—"তাহার পর সেই সেই স্থানে মহর্ষিরা আমার স্তব করিলেন ; তৎপরে আমি যাইয়া ভীষণ, অশোষণীয় ও জলরাশিস্বরূপ সমুদ্র দেখিতে পাইলাম ॥১॥

* '...অষ্টষষ্ট্যধিক...'—বা ব কা, '...ঊনসপ্তত্যধিক...'—পি, '...সপ্তত্যধিক...'—নি ।

ফেনবন্তঃ প্রকীর্ণাশ্চ সংহতাশ্চ সমুত্থিতাঃ।
ঊর্ম্ময়শ্চাত্র দৃশ্যন্তে বল্গন্ত ইব পর্ব্বতাঃ ॥২॥
নাবঃ সহস্রশস্তত্র রত্নপূর্ণাঃ সমন্ততঃ।
তিমিঙ্গিলাঃ কচ্ছপাশ্চ তথা তিমিতিমিঙ্গিলাঃ ॥৩॥
মকরাশ্চাত্র দৃশ্যন্তে জলে মগ্না ইবাদ্রয়ঃ।
শঙ্খানাঞ্চ সহস্রাণি মগ্নান্যপ্সু সমন্ততঃ ॥৪॥
দৃশ্যন্তে স্ম যথা রাত্রৌ তারাস্তন্বভ্রসংবৃতাঃ।
তথা সহস্রশস্তত্র রত্নসংঘাঃ প্লবন্ত্যুত ॥৫॥
বায়ুশ্চ ঘূর্ণতে ভীমস্তদদ্ভুতমিবাভবৎ।
তমুদীক্ষ্য মহাবেগং মহাম্ভোনিধিমুত্তমম্ ॥৬॥

ভাবতকৌমুদী

ফেনেতি। প্রকীর্ণা বিশ্লিষ্টাঃ, সংহতা মিলিতাঃ। বল্গন্তো নৃত্যন্তঃ ॥২॥

নাব ইতি। তিমির্মৎস্যবিশেষঃ। "অস্তি মৎস্যস্তিমির্নাম শতযোজনবিস্তৃতঃ। তিমিঙ্গিলগিলোঽপ্যস্তি তদ্গিলোঽপ্যস্তি রাঘব ॥" ইতি কাতন্ত্রপঞ্জীধৃতং বচনম্। তিমিঙ্গিলস্য শুভ্র-কৃষ্ণভেদেন দ্বৈবিধ্যাৎ পৃথগুক্তিঃ ॥৩॥

মকরা ইতি। অদ্রয়ঃ পর্ব্বতাঃ। অপ্সু জলে ॥৪॥

দৃশ্যন্ত ইতি। তন্বভিঃ স্বল্পৈঃ অভ্রৈর্মেঘৈঃ সংবৃতাঃ। প্লবন্তি প্লবন্তে ॥৫॥

বায়ুরিতি। তদ্বায়ুঘূর্ণনম্। নিপত্য গমনাৎ। অতএবায়ং রথো বিমান এব।

ভারতভাবদীপঃ

ততোঽহমিতি ॥১—২॥ তিমির্মৎস্যস্তং গিলতি মহামৎস্যস্তিমিঙ্গিলঃ, তমপি গিলতীতি তিমিতিমিঙ্গিলঃ তিমিরিব গিলনাৎ তিমিঙ্গিলো যস্যেতি বিগ্রহঃ ॥৩—৫॥ ঘূর্ণতে ভ্রমতি

---

ক্রমে তাহাতে দেখিলাম—ফেনশালী পর্ব্বতপ্রমাণ তরঙ্গ সকল বিশ্লিষ্টভাবে ও সম্মিলিতভাবে উত্থিত হইয়া যেন নৃত্য করিতেছে ॥২॥

রত্নপূর্ণ সহস্র সহস্র নৌকা, কচ্ছপ, তিমি, শুভ্র তিমিঙ্গিল ও কৃষ্ণ তিমিঙ্গিল সকল দিকেই বিচরণ করিতেছিল ॥৩॥

তাহাতে আরও দেখিলাম—পর্ব্বতের ন্যায় বহুতর মকর এবং সহস্র সহস্র শঙ্খ জলমগ্ন অবস্থায় সকল দিকে বিচরণ করিতেছে ॥৪॥

রাত্রিতে অল্পমেঘাবৃত নক্ষত্রসমূহ যেমন দেখা যায়, তেমনই দেখিলাম—সমুদ্রের অল্পজলের তল দিয়া সহস্র সহস্র রত্ন ভাসিয়া বেড়াইতেছে ॥৫॥

এবং বায়ু ভয়ঙ্করভাবে ঘুরিতেছিল, তাহা যেন অদ্ভুত বলিয়া বোধ হইতে লাগিল। ক্রমে সেই মহাবেগশালী ও বিশাল মহাসমুদ্র দেখিয়া, নিকটে

---

(২) ফেনবত্যঃ প্রকীর্ণাশ্চ—বা ব কা নি। (৬)...সর্ব্বাম্ভোনিধিমুত্তমম্—বা ব কা নি।

অপশ্যং দানবাকীর্ণং তদ্দৈত্যপুরমন্তিকাৎ ।
তত্র বৈ মাতলিস্তূর্ণং নিপত্য পৃথিবীতলে ॥৭॥
রথং তস্থ সমাশ্লিষ্য প্রাদ্রবদ্রথযোগবিৎ ।
নাদয়ন্ রথঘোষেণ তৎ পুরং সমুপাদ্রবৎ ॥৮॥ (বিশেষকম্)
রথঘোষন্তু তং শ্রুত্বা স্তনয়িত্নোরিবাম্বরে ।
মন্যানা দেবরাজং মামাবিগ্না দানবাভবন্ ॥৯॥
সর্ব্বে সম্ভ্রান্তমনসঃ শরচাপধরাঃ স্থিতাঃ ।
তথাঽসিশূলপরশু গদামুষলপাণয়ঃ ॥১০॥
ততো দ্বারাণি পিদধুর্দানবাস্ত্রস্তচেতসঃ ।
সংবিধায় পুরে রক্ষাং ন স্ম কশ্চন দৃশ্যতে ॥১১॥
ততঃ শঙ্খমুপাদায় দেবদত্তং মহাস্বনম্ ।
পুরমাস্তরমাশ্লিষ্য প্রাধমং তমহং শনৈঃ ॥১২॥

ভারতকৌমুদী

রথং রথদণ্ডবিশেষম, সমাশ্লিষ্য ধৃত্বা, অন্যথা তস্য বিচলনসম্ভব ইতি ভাবঃ। প্রাদ্রবৎ দ্রুতমগচ্ছৎ, রথযোগবিৎ দ্রুতরথচালনোপায়জ্ঞঃ ॥৬ ৮॥

রথেতি। স্তনয়িত্নোর্মেঘস্য। দানবাভবন্নিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৯॥

সর্ব্ব ইতি। সম্ভ্রান্তমনসো বিচলিতচিত্তাঃ। স্থিতা দানবা ইত্যন্বয়ঃ ॥১০॥

তত ইতি। পিদধুঃ আবব্রুঃ। সংবিধায় সংবিধাতুমভিলষ্য ॥১১॥

---

দানবগণে পরিপূর্ণ সেই দানবনগর দেখিতে পাইলাম। তখন রথচালনের উপায়াভিজ্ঞ মাতলি সত্বর ভূতলে পতিত হইয়া, রথদণ্ড ধারণ করিয়া দ্রুত গমন করিতে লাগিলেন এবং রথের শব্দে সমস্ত দিক্ নিনাদিত করিয়া সেই নগরের নিকট উপস্থিত হইলেন ॥৬—৮॥

তখন দানবেরা আকাশে মেঘের শব্দের ন্যায় সেই রথের শব্দ শুনিয়া আমাকে দেবরাজ মনে করিয়া উদ্বিগ্ন হইল ॥৯॥

এবং তাহারা সকলেই অস্থিরচিত্ত হইয়া ধনু, বাণ, তরবারি, শূল, পরশু, গদা ও মুষল ধারণ করিয়া অবস্থান করিতে লাগিল ॥১০॥

তাহার পর কতকগুলি দানব ভীত হইয়া নগরটাকে রক্ষা করিবার জন্য তাহার দ্বারগুলি আবদ্ধ করিয়া দিল; তাহাতে কাহাকেও দেখা যাইতে লাগিল না ॥১১॥

---

(৮) রথং তস্য সমালম্ব্য—বা ব কা নি। (১১)…ন স্ম কিঞ্চন দৃশ্যতে—কা। (১২)… পরমাং মুদমাশ্রিত্য প্রাধমং তং শনৈরহম্—বা ব কা নি।

স তু শব্দো দিবং লব্ধ্বা প্রতিশব্দমজীজনৎ।
বিত্রেসুশ্চ নিলিল্যুশ্চ ভূতানি সুমহান্ত্যপি ॥১৩॥
ততো নিবাতকবচাঃ সর্ব্ব এব সমন্ততঃ।
দংশিতা বিবিধৈস্ত্রাণৈর্বিচিত্রায়ুধপাণয়ঃ ॥১৪॥
আয়সৈশ্চ মহাশূলৈর্গদাভির্মুষলৈরপি।
পট্টিশৈঃ করবালৈশ্চ রথচক্রৈশ্চ ভারত! ॥১৫॥
শতঘ্নীভির্ভুষুণ্ডীভিঃ খড়্গৈশ্চিত্রৈঃ স্বলঙ্কৃতৈঃ।
প্রগৃহীতৈর্দিতেঃ পুত্রাঃ প্রাদুরাসন্ সহস্রশঃ ॥১৬॥ (বিশেষকম্)
ততো বিচার্য্য বহুশো রথমার্গেষু তান্ হয়ান্।
প্রাচোদয়ৎ সমে দেশে মাতলির্ভরতর্ষভ! ॥১৭॥

ভারতকৌমুদী

তত ইতি। দেবদত্তং নাম দেবৈর্দত্তপূর্ব্বং বা। আশ্লিষ্য প্রায়েণালিঙ্গ্য ॥১২॥

স ইতি। দিবমাকাশম্ নিলিল্যুঃ লুক্কায়িতানি বভূবুঃ ভূতানি প্রাণিনঃ ॥১৩॥

তত ইতি। দংশিতাঃ আবৃতদেহাঃ, ত্রাণৈর্বর্ম্মভিঃ। আয়সৈর্লৌহময়ৈঃ। পট্টিশাদীনি তদানীং প্রসিদ্ধান্যস্ত্রাণি। প্রাদুরাসন প্রকাশিতা অভবন্ ॥১৪—১৬॥

ভারতভাবদীপঃ

॥৬॥ নিপত্য গত্ব, পৃথিবীতলে পাতালে ॥৭॥ আলক্ষ্য সর্ব্বসম্পদুপেতমিতি শেষঃ। আশ্লিষ্যেতি পাঠে ভূমাববতীর্য্য নিম্নস্থং দেবদত্তং দৃঢ়মাশ্লিষ্য উন্নীতবানিত্যর্থঃ। প্রাদ্রবৎ প্রকর্ষেণ বেগবানভূৎ ॥৮—১২॥ দিবং স্তব্ধা আকাশং ব্যাপ্য ॥১৩ দংশিতাঃ সন্নদ্ধাঃ, ত্রাণৈঃ

তদনন্তর আমি সেই অসুরপুরের অতিনিকটে যাইয়া, মহাশব্দকারী দেবদত্ত সেই শঙ্খ লইয়া, ধীরে ধীরে তাহার ধ্বনি করিলাম ॥১২॥

তখন সেই শব্দ আকাশে উঠিয়া প্রতিশব্দ উৎপাদন করিল; তাহাতে বড় বড় প্রাণীরাও ভীত ও লুক্কায়িত হইল ॥১৩॥

ভরতনন্দন! তাহার পর 'নিবাতকবচ'-নামক সহস্র সহস্র দৈত্যেরা সকলেই নানাবিধ বর্ম্মে আবৃতদেহ হইয়া লৌহময় মহাশূল, গদা, মুষল, পট্টিশ, করবাল, রথচক্র, শতঘ্নী, ভুষুণ্ডী ও সুশোভিত বিচিত্র তরবারি ধারণ করিয়া এবং অন্যান্য নানাবিধ অস্ত্র হস্তে লইয়া সকল দিক্ হইতে আবির্ভূত হইল ॥১৪—১৬॥

ভরতশ্রেষ্ঠ! তদনন্তর মাতলি বহুবিধ বিবেচনা করিয়া সমতল ভূমিতে রথের পথে সেই অশ্বাকৃতি যন্ত্রগুলিকে চালিত করিলেন ॥১৭॥

(১৩)...দিবং স্তব্ধ্বা—বা ব কা নি। (১৪)...সর্ব্ব এব স্বলঙ্কৃতাঃ—বা ব কা নি।

তেন তেষাং প্রণুন্নানামাশুত্বাচ্ছীঘ্রগামিনাম্ ।
নাম্বপশ্যং তদা কিঞ্চিত্তন্মেঽদ্ভুতমিবাভবৎ ॥১৮॥
ততস্তে দানবাস্তত্র বাদিত্রাণি সহস্রশঃ ।
বিকৃতস্বররূপাণি ভৃশং সমবাদয়ন্ ॥১৯॥
তেন শব্দেন সহসা সমুদ্রে পর্ব্বতোপমাঃ ।
আপ্লবন্ত গতৈঃ সত্ত্বৈর্মৎস্যাঃ শতসহস্রশঃ ॥২০॥
ততো বেগেন মহতা দানবা মামুপাদ্রবন্ ।
বিমুঞ্চন্তঃ শিতান্ বাণান্ শতশোঽথ সহস্রশঃ ॥২১॥
স সম্প্রহারস্তুমুলস্তেষাং মম চ ভারত ।
অবর্ত্তত মহাঘোরো নিবাতকবচান্তকঃ ॥২২॥

ভারতকৌমুদী

তত ইতি। হয়ান্ অশ্বান্ অশ্বাকৃতীনি যন্ত্রাণি। সমে সমতলে ॥১৭॥
তেনেতি। তেন মাতলিনা, প্রণুন্নানাং চালিতানাম্, তেষাং হয়াকৃতিযন্ত্রাণাম্ ॥১৮॥
তত ইতি। বাদিত্রাণি বাদ্যানি। ভৃশমবাদয়ন্ ॥১৯॥
তেনেতি। আপ্লবন্ত জলোপরি প্লবন্তে স্ম, সত্ত্বৈর্বৈর্য্যৈঃ ॥২০॥
তত ইতি। উপাদ্রবন্ অভ্যধাবন্। বিমুঞ্চন্তো নিক্ষিপন্তঃ ॥২১॥
স ইতি। সম্প্রহারো যুদ্ধম্, তেষাং দানবানাম্ ॥২২॥

মাতলিচালিত শীঘ্রগামী সেই যন্ত্রগুলির বেগে তখন আমি কোন বস্তুই যথার্থভাবে দেখিতে পারিলাম না ; তাহা যেন আমার আশ্চর্য্য বলিয়া বোধ হইল ॥১৮॥

তাহার পর সেখানে সেই দানবেরা বিকৃতস্বর ও বিকৃতাকৃতি সর্ব্বপ্রকার সহস্র সহস্র বাদ্য অত্যন্ত বলের সহিত বাজাইতে লাগিল ॥১৯॥

সেই শব্দে শত শত ও সহস্র সহস্র পর্ব্বতপ্রমাণ মৎস্য সহসা অধীর হইয়া সমুদ্রের জলের উপরে ভাসিতে থাকিল ॥২০॥

তাহার পর শত শত ও সহস্র সহস্র দানব নিশিত বাণসমূহ নিক্ষেপ করিতে করিতে আমার দিকে মহাবেগে ধাবিত হইল ॥২১॥

ভরতনন্দন ! তখন তাহাদের ও আমার সেই তুমুল যুদ্ধ চলিতে লাগিল ; ক্রমে তাহা অতিভয়ঙ্কর ও নিবাতকবচনাশক হইয়া উঠিল ॥২২॥

---

(২০)···আপ্লায়ন্ত গতৈঃ সত্ত্বৈঃ—কা,···আপ্লবন্তি গতৈঃ সত্ত্বৈঃ—পি। (২২)···আবর্ত্তত মহাঘোরঃ -বা ব কা, ···অবর্ত্তত মহাঘোরঃ—পি।

ততো দেবর্ষয়শ্চৈব দানবর্ষিগণাশ্চ যে।
ব্রহ্মর্ষয়শ্চ সিদ্ধাশ্চ সমাজগ্মুর্মহামৃধে ॥২৩॥
তে বৈ মামনুরূপাভির্মধুরাভির্জয়ৈষিণঃ।
অস্তুবন্ মুনয়ো বাগ্‌ভির্যথেন্দ্রং তারকাময়ে ॥২৪॥
ততো নিবাতকবচাঃ সর্ব্বে বেগেন ভারত !।
অভ্যদ্রবন্ মাং সহিতাঃ প্রগৃহীতায়ুধা রণে ॥২৫॥
আচ্ছাদ্য রথপন্থানমাক্রোশন্তো মহাবলাঃ।
আবৃত্য সর্ব্বতস্তে মাং শরবর্ষৈরবাকিরন্ ॥২৬॥
ততোঽপরে মহাবীর্য্যাঃ শূলপট্টিশপাণয়ঃ।
শূলানি চ ভুষুণ্ডীশ্চ মুমুচুর্দানবা ময়ি ॥২৭॥

ভারতকৌমুদী

তত ইতি। মহামৃধে মহাযুদ্ধে সমাজগ্মুস্তদ্দর্শনায়েতি ভাবঃ ॥২৩॥
ত ইতি। তারকস্য তারকাসুরস্য আময়ে পীড়ায়াং তৎকৃতযুদ্ধ ইত্যর্থঃ ॥২৪॥
তত ইতি। অভ্যদ্রবন্ অভ্যধাবন, সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥২৫॥
আচ্ছাদ্যেতি। রথপন্থানং মদীয়রথপথম্। অদন্তত্বাভাব আর্ষঃ ॥২৬॥
তত ইতি। মুমুচুঃ নিচিক্ষিপুঃ, ময়ি মমোপরি ॥২৭॥

ভারতভাবদীপঃ

কবচৈঃ ॥১৪—১৯॥ আপ্লবস্ত পলায়নং কুর্ব্বন্তঃ, গতৈঃ সর্ব্ববিগতাভির্বুদ্ধিভিরুপলক্ষিতা ভ্রান্তা ইত্যর্থঃ ॥২০—২৩॥ তারকাময়ে তারার্থে সংগ্রামে ॥২৪॥ শতাঃ শতানি অযুত-

---

তদনন্তর যাঁহারা দেবর্ষি, দানবর্ষি, ব্রহ্মর্ষি ও সিদ্ধ ছিলেন, তাঁহারা সেই মহাযুদ্ধ দেখিবার জন্য আগমন করিলেন ॥২৩॥

সেই জয়াভিলাষী মুনিরা পূর্ব্বকালে তারকাসুরের যুদ্ধের সময়ে অনুরূপ মধুর বাক্যে ইন্দ্রের যেমন স্তব করিয়াছিলেন, তেমন আমারও স্তব করিতে লাগিলেন ॥২৪॥

ভরতনন্দন! তাহার পর অস্ত্রধারী নিবাতকবচেরা সকলেই সম্মিলিত হইয়া যুদ্ধস্থানে বেগে আমার প্রতি ধাবিত হইল ॥২৫॥

ক্রমে সেই মহাবল দানবেরা সকল দিক্ হইতে আমাকে পরিবেষ্টনপূর্ব্বক আমার রথের পথ রুদ্ধ করিয়া তর্জ্জন-গর্জ্জন করিতে থাকিয়া বাণবর্ষণদ্বারা আমাকে আবৃত করিল ॥২৬॥

---

(২৪) শ্লোকাৎ পরম্ '·একোনসপ্তত্যধিক···অর্জ্জুন উবাচ'—বা ব কা, '···সপ্তত্যধিক··· অর্জ্জুন উবাচ'—পি, '···একসপ্তত্যধিক···অর্জ্জুন উবাচ'—নি।

তচ্ছূলবর্ষং সুমহদ্‌গদাশক্তিসমাকুলম্‌ ।
অনিশং সৃজ্যমানং তৈরপতন্মদ্রথোপরি ॥২৮॥
অন্যে মামভ্যধাবন্ত নিবাতকবচা যুধি ।
শিতশস্ত্রায়ুধা রৌদ্রাঃ কালরূপাঃ প্রহারিণঃ ॥২৯॥
তানহং বিবিধৈর্ব্বাণৈর্ব্বেগবদ্ভিরজিহ্মগৈঃ ।
গাণ্ডীবমুক্তৈরভ্যঘ্নমেকৈকং দশভির্ম্মৃধে ॥৩০॥
তে কৃতা বিমুখাঃ সর্ব্বে মৎপ্রমুক্তৈঃ শিলীমুখৈঃ ।
ততো মাতলিনা তূর্ণং হয়াস্তে সম্প্রচোদিতাঃ ॥৩১॥
মার্গান্‌ বহুবিধাংস্তত্র বিচেরুর্বাতরংহসঃ ।
সুসংযতা মাতলিনা প্রামথ্নন্ত দিতেঃ সুতান্‌ ॥৩২॥

---

ভারতকৌমুদী

তদিতি। অনিশং নিরন্তরম্, সৃজ্যমানং নিক্ষিপ্যমাণম্‌ ॥২৮॥
অন্য ইতি। সন্নিধৌ প্রহারসাধনং শস্ত্রম্, দূরে প্রহারসাধনকায়ুধম্‌ ॥২৯॥
তানিতি। অজিহ্মগৈঃ সরলগামিভিঃ। অভ্যঘ্নম্‌ অভ্যতাড়য়ম্, মৃধে যুদ্ধে ॥৩০॥
ত ইতি। শিলীমুখৈর্বাণৈঃ। হয়া হয়াকারযন্ত্রাণি, সম্প্রচোদিতাশ্চালিতাঃ ॥৩১॥
মার্গানিতি। বাতরংহসো বায়ুবেগা হয়া হয়াকারযন্ত্রাণীত্যর্থঃ ॥৩২॥

---

এবং শূল ও পট্টিশধারী মহাবল অন্য দানবেরা আমার উপরে শূল ও ভুষুণ্ডী নিক্ষেপ করিতে লাগিল ॥২৭॥

দানবনিক্ষিপ্ত গদা ও শক্তিসংসৃষ্ট সেই গুরুতর শূলবৃষ্টি অনবরত আমার রথের উপরে পড়িতে লাগিল ॥২৮॥

এবং শিলাশাণিত শস্ত্র ও অস্ত্রধারী, প্রহারকারী ও যমের ন্যায় ভয়ঙ্করমূর্ত্তি আরও কতকগুলি নিবাতকবচদানব যুদ্ধে আমার দিকে ধাবিত হইল ॥২৯॥

তখন আমি গাণ্ডীবনিক্ষিপ্ত, বেগবান্‌ ও সরলগামী নানাবিধ দশ দশটা বাণদ্বারা তাহাদের প্রত্যেককে তাড়ন করিলাম ॥৩০॥

আমার নিক্ষিপ্ত সেই বাণগুলি তাহাদের সকলকেই পরাঙ্মুখ করিল। তাহার পর মাতলি সত্বর সেই অশ্বাকৃতি যন্ত্রগুলিকে চালাইয়া দিলেন ॥৩১॥

বায়ুর ন্যায় বেগবান্‌ সেই যন্ত্রগুলি নানাবিধ পথে বিচরণ করিতে লাগিল এবং মাতলিকর্ত্তৃক সুচালিত হইয়া দৈত্যগণকে মথিত করিতে থাকিল ॥৩২॥

---

(৩০)...একৈকং দশভিঃ শরৈঃ—পি। (৩১)...মৎপ্রযুক্তৈঃ শিলাশিতৈঃ—বা ব কা নি। (৩২) রথমার্গান্‌ বহুবিধান্‌—পি।

শতং শতাস্তে হরয়স্তস্মিন্ যুক্তা মহারথে।
তদা মাতলিনা যত্তা ব্যচরন্নল্পকা ইব ॥৩৩॥
তেষাং চরণপাতেন রথনেমিস্বনেন চ।
মম বাণনিপাতৈশ্চ হতাস্তে শতশোঽসুরাঃ ॥৩৪॥
গতাসবস্তথৈবান্যে প্রগৃহীতশরাসনাঃ।
হতসারথয়স্তত্র ব্যকৃষ্যন্ত তুরঙ্গমৈঃ ॥৩৫॥
তে দিশো বিদিশঃ সর্ব্বে প্রতিরুধ্য প্রহারিণঃ।
অভ্যঘ্নন্ বিবিধৈঃ শস্ত্রৈস্ততো মে ব্যথিতং মনঃ ॥৩৬॥
ততোঽহং মাতলের্বীর্য্যমপশ্যং পরমাদ্ভুতম্।
অশ্বাংস্তথা বেগবতো যদযত্নাদধারয়ৎ ॥৩৭॥

ভারতকৌমুদী

শতমিতি। শতং শতা দশসহস্রসংখ্যকাঃ, হরয়োঽশ্বাস্তদাকারযন্ত্রাণি। যত্তা যত্নাচ্চালিতাঃ। অল্পকা অল্পসংখ্যকা ইব ব্যচরন্, চালনকৌশলাদিতি ভাবঃ ॥৩৩॥

তেষামিতি। চরণপাতেন নিম্নদেশাঘাতেন, রথনেমিস্বনেন রথচক্রপ্রান্তশব্দেন ॥৩৪॥

গতেতি। গতাসবো নির্গতপ্রাণাঃ, প্রগৃহীতশরাসনা ধৃতধনুষঃ ॥৩৫॥

ত ইতি। অভ্যঘ্নন্ মামিতি শেষঃ। ব্যথিতম্ উদ্বিগ্নমভবৎ ॥৩৬॥

তত ইতি। অশ্বান্ অশ্বাকারযন্ত্রাণি। অযত্নাদেব ॥৩৭॥

---

সেই রথযুক্ত দশসহস্র অশ্বাকৃতি যন্ত্র মাতলিকর্তৃক যত্নে সঞ্চালিত হইয়া তখন অল্পসংখ্যকের ন্যায় বিচরণ করিতে লাগিল ॥৩৩॥

সেই যন্ত্রগুলির নিম্নদেশের আঘাতে, রথচক্রের শব্দে এবং আমার বাণাঘাতে শত শত দানব নিহত হইতে থাকিল ॥৩৪॥

সেই যুদ্ধে অন্য ধনুর্দ্ধর দানবগণ আমার আঘাতে প্রাণহীন হইলে এবং তাহাদের সারথি সকল নিহত হইলে, তাহাদের অশ্বগুলিই তাহাদিগকে টানিয়া লইয়া যাইতে লাগিল ॥৩৫॥

তখন সেই দানবযোদ্ধারা সকলে দিক্ ও বিদিক্ অবরুদ্ধ করিয়া নানাবিধ অস্ত্রদ্বারা আমাকে আঘাত করিতে লাগিল; তাহাতে আমার মন উদ্বিগ্ন হইল ॥৩৬॥

তাহার পর আমি মাতলির অত্যন্ত অদ্ভুত শক্তি দর্শন করিলাম। যেহেতু তিনি বিশেষ যত্ন না করিয়াই সেইরূপ বেগবান্ অশ্বাকৃতি যন্ত্রগুলিকে ধারণ করিয়া রহিলেন ॥৩৭॥

---

(৩৭)...তথা বেগবতো বাহান্ যত্নাৎ পুনরধারয়ৎ—পি।

ততোঽহং লঘুভিশ্চিত্রৈরস্ত্রৈস্তানসুরান্ রণে।
চিচ্ছেদ সায়ুধান্ রাজন্! শতশোঽথ সহস্রশঃ ॥৩৮॥
এবং মে চরতস্তত্র সর্ব্বযত্নেন শত্রুহন্!।
প্রীতিমানভবদ্বীরো মাতলিঃ শক্রসারথিঃ ॥৩৯॥
বধ্যমানাস্ততস্তৈস্তু হয়ৈস্তেন রথেন চ।
অগমন্ প্রক্ষয়ং কেচিন্ন্যবর্ত্তন্ত তথাঽপরে ॥৪০॥
স্পর্দ্ধমানা ইবাস্মাভির্নিবাতকবচা রণে।
শরবর্ষৈঃ শরার্ত্তা মাং মহদ্ভিঃ প্রত্যবারয়ন্ ॥৪১॥
ততোঽহং লঘুভিশ্চিত্রৈর্ব্রহ্মাস্ত্রপরিমন্ত্রিতৈঃ।
ব্যধমং সায়কৈরাশু শতশোঽথ সহস্রশঃ ॥৪২॥

---

ভারতকৌমুদী

তত ইতি। লঘুভিঃ দ্রুতনিক্ষিপ্তৈঃ, চিত্রৈর্নানাবিধৈঃ ॥৩৮॥
এবমিতি। হে শত্রুহন্নিতি যুধিষ্ঠিরসম্বোধনম্ ॥৩৯॥
বধ্যেতি। হয়ৈরশ্বৈঃ অশ্বাকারযন্ত্রৈরিত্যর্থঃ। প্রক্ষয়ং বিনাশম্ ॥৪০॥
স্পর্দ্ধেতি। শরার্ত্তা মদ্বাণপীড়িতা নিবাতকবচা ইতি সম্বন্ধঃ ॥৪১॥
তত ইতি। লঘুভির্দ্রুতক্ষিপ্তৈঃ, ব্রহ্মাস্ত্রবৎ পরিমন্ত্রিতৈঃ। ব্যধমম্ অতাড়য়ম্ ॥৪২॥

ভারতভাবদীপঃ

মিত্যর্থঃ। হরয়োঽশ্বাঃ, শান্তাঃ পরীক্ষিতাঃ। শমেরালোচনার্থান্নিষ্ঠা ॥৩৩-৩৭॥ চিচ্ছেদ অহমিতি শেষঃ। পরোক্ষার্থলিট্প্রয়োগেনাজ্ঞানতৈব ময়া এনং কৃতমিতি শত্রূণামত্যন্তাপকর্ষঃ সূচিতঃ ॥৩৮-৪০॥ অস্মাভিঃ পূজায়াং বহুত্বম্ অশ্বাদ্যপেক্ষয়া বা ॥৪১॥ লঘুভিঃ

রাজা! তদনন্তর আমি দ্রুতনিক্ষিপ্ত নানাবিধ অস্ত্রদ্বারা শত শত ও সহস্র সহস্র অস্ত্রধারী দানবকে যুদ্ধে ছেদন করিয়া ফেলিলাম ॥৩৮॥

শত্রুনাশক রাজা! আমি এইভাবে সর্ব্বপ্রযত্নে সেই যুদ্ধে বিচরণ করিতে লাগিলে, ইন্দ্রসারথি বীর মাতলি আমার উপরে সন্তুষ্ট হইলেন ॥৩৯॥

তাহার পর সেই অশ্বাকৃতি যন্ত্রের ও সেই রথের আঘাতে আহত হইয়া কতকগুলি দানব বিনষ্ট হইল এবং অপর দানবগুলি পরাঙ্মুখ হইল ॥৪০॥

এবং অন্য নিবাতকবচেরা আমার বাণে পীড়িত হইয়া, আমার সহিতই যেন স্পর্দ্ধা করিতে থাকিয়া, বিশাল বাণবৃষ্টিদ্বারা আমাকে বারণ করিতে লাগিল ॥৪১॥

তদনন্তর আমি—ব্রহ্মাস্ত্রের ন্যায় অভিমন্ত্রিত ও দ্রুতনিক্ষিপ্ত নানাবিধ বাণদ্বারা শত শত ও সহস্র সহস্র দানবকে সত্বর সত্বর তাড়ন করিতে লাগিলাম ॥৪২॥

ততঃ সম্পীড্যমানাস্তে ক্রোধাবিষ্টা মহাসুরাঃ।
অপীড়য়ন্ মাং সহিতাঃ শক্তিশূলাসিবৃষ্টিভিঃ ॥৪৩॥
ততোঽহমস্ত্রমাতিষ্ঠং পরমং তিগ্মতেজসম্।
দয়িতং দেবরাজস্য মাধবং নাম ভারত! ॥৪৪॥
ততঃ খড়্গাংশ্চ শূলাংশ্চ শরাংশ্চৈব সহস্রশঃ।
অস্ত্রবীর্য্যেণ মহতা তৈর্মুক্তানহমচ্ছিনম্ ॥৪৫॥
ছিত্ত্বা প্রহরণান্যেষাং ততস্তানপি সর্ব্বশঃ।
প্রত্যবিধ্যমহং রোষাদ্দশভির্দশভিঃ শরৈঃ ॥৪৬॥
গাণ্ডীবাদ্ধি তদা সংখ্যে যথা ভ্রমরপঙ্‌ক্তয়ঃ।
নিষ্পতন্তি মহাবাণাস্তন্মাতলিরপূজয়ৎ ॥৪৭॥

ভারতকৌমুদী

তত ইতি। সহিতাঃ সম্মিলিতাঃ সন্তঃ ॥৪৩॥
তত ইতি। অত্রাস্ত্রশব্দস্য পুংস্ত্বমার্ষম্। অতিষ্ঠম্ অগৃহ্ণম্ ॥৪৪॥
তত ইতি। অত্র শূলশব্দস্যাপি পুংস্ত্বমার্ষম্। অস্ত্রবীর্য্যেণ তন্মাধবাস্ত্রশক্ত্যা ॥৪৫॥
ছিত্ত্বেতি। প্রহরণানি অস্ত্রাণি, এষাং দানবানাম্ ॥৪৬॥
গাণ্ডীবাদিতি। সংখ্যে যুদ্ধে। নিষ্পতন্তি নিঃসরন্তি স্ম। অপূজয়ৎ প্রাশংসৎ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

শীঘ্রগৈঃ ॥৪২—৪৩॥ তিগ্মতেজসং তীক্ষ্ণদাহকং 'মাধব' নাম মধোর্দৈত্যস্য বধার্থং নির্ম্মিতত্বাৎ ॥৪৪॥ ততো মাধবাস্ত্রাদুৎপন্নেন খড্গাদিসহিতেন ত্রিশূলেন। খড্গাংশ্চ শূলাংশ্চেতি

তখন সেই মহাসুরগণ আমার বাণে অত্যন্ত পীড়িত ও ক্রোধাবিষ্ট হইয়া সম্মিলিতভাবে শক্তি, শূল ও অসিবৃষ্টিদ্বারা আমাকে পীড়ন করিতে লাগিল ॥৪৩॥

ভরতনন্দন! তখন আমি—ইন্দ্রের পরম প্রিয় ও তীক্ষ্ণতেজা 'মাধব'-নামক অস্ত্র গ্রহণ করিলাম ॥৪৪॥

তাহার পর আমি সেই বিশাল অস্ত্রের বলে তাহাদের নিক্ষিপ্ত সহস্র সহস্র অসি, শূল ও বাণ ছেদন করিয়া ফেলিলাম ॥৪৫॥

তাহাদের অস্ত্র ছেদন করিয়া আমি ক্রোধবশতঃ দশ দশটী বাণে তাহাদের সকলকেই প্রতিবিদ্ধ করিলাম ॥৪৬॥

তখন সেই যুদ্ধে ভ্রমরশ্রেণীর ন্যায় মহাবাণ সকল আমার গাণ্ডীবধনু হইতে নির্গত হইতে লাগিল; মাতলি তাহার প্রশংসা করিলেন ॥৪৭॥

(৪৫) ততঃ খড্গাংস্ত্রিশূলেন তোমরাংশ্চ সহস্রশঃ—বা ব কা। (৪৭)...গাণ্ডীবাদ্ধি তদা সংখ্যে—বা ব কা নি।

তেষামপি তু বাণাস্তে বহুত্বাচ্ছলভা ইব।
অবাকিরন্ মাং বলবত্তানহং ব্যধমং শরৈঃ ॥৪৮॥
বধ্যমানাস্ততস্তে তু নিবাতকবচাঃ পুনঃ।
শরবর্ষৈর্মহদ্ভির্মাং সমন্তাৎ পর্য্যবারয়ন্ ॥৪৯॥
শরবর্ষং নিহত্যাহমস্ত্রৈঃ শরনিঘাতিভিঃ।
জ্বলদ্ভিঃ পরমৈঃ শীঘ্রৈস্তানবিধ্যং সহস্রশঃ ॥৫০॥
তেষাং ছিন্নানি গাত্রাণি বিসৃজন্তি স্ম শোণিতম্।
প্রাবৃষীবাতিবৃষ্টানি শৃঙ্গাণ্যথ ধরাভৃতাম্ ॥৫১॥
ইন্দ্রাশনিসমস্পর্শৈর্বেগবদ্ভিরজিহ্মগৈঃ।
মদ্বাণৈর্বধ্যমানাস্তে সমুদ্বিগ্নাঃ স্ম দানবাঃ ॥৫২॥

## ভারতকৌমুদী

তেষামিতি। শলভাঃ পতঙ্গাঃ। অবাকিরন্ আচ্ছাদয়ন্ ব্যধমম্ অতাড়য়ম্ ॥৪৮॥
বধ্যেতি। সমন্তাৎ সর্ব্বাভ্য এব দিগ্‌ভ্যঃ, পর্য্যবারয়ন্ পর্য্যবেষ্টন্ত ॥৪৯॥
শরেতি। শীঘ্রৈঃ শীঘ্রগামিভিঃ, অস্ত্রৈরিত্যনুকর্ষঃ, তান্ নিবাতকবচান্ ॥৫০॥
তেষামিতি। প্রাবৃষি বর্ষাকালে, অতিবৃষ্টানি মেঘবারীণি, ধরাভৃতাং পর্ব্বতানাম্ ॥৫১॥
ইন্দ্রেতি। অজিহ্মগৈঃ সরলগামিভিঃ। সমুদ্বিগ্না ভীতাঃ। স্মেতি পাদপূরণে ॥৫২॥

## ভারতভাবদীপঃ

পাঠে শরীরৈরিত্যুত্তরশ্লোকাদপকর্ষণীয়ম্ ॥৪৫—৪৭॥ তেষাং তে বাণা মামবাকিরন্নিতি সম্বন্ধঃ। অপি মাতলিরপূজয়ৎ ॥৪৮—৫৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪২॥

ক্রমে বহুত্বনিবন্ধন পতঙ্গসমূহের ন্যায় তাহাদের বাণসমূহও আমাকে আবৃত করিল; তখন আমিও তাহাদিগকে বাণদ্বারা অত্যন্ত পীড়ন করিতে লাগিলাম ॥৪৮॥

তাহার পর সেই নিবাতকবচেরা বিশাল শরবর্ষণ করিতে থাকিয়া সকল দিক্ হইতে পুনরায় আমাকে পরিবেষ্টন করিল ॥৪৯॥

তখন আমি শরনাশক অস্ত্রদ্বারা তাহাদের শরবৃষ্টি নিবারণ করিয়া, উজ্জ্বল ও দ্রুতগামী উৎকৃষ্ট অস্ত্রদ্বারা সহস্র সহস্র নিবাতকবচকে বিদ্ধ করিলাম ॥৫০॥

তাহার পর বর্ষাকালে পর্ব্বতশৃঙ্গসমূহ যেমন বৃষ্টির জল বিসর্জ্জন করে, সেইরূপ তাহাদের ছিন্ন অঙ্গ সকল রক্ত বিসর্জ্জন করিতে লাগিল ॥৫১॥

---

(৪৯)···সমন্তাৎ প্রত্যবারয়ন্—পি। (৫০) শরবেগান্নিহত্যাহমস্ত্রৈরস্ত্রনিঘাতিভিঃ—বা ব কা নি।

শতধা ভিন্নদেহাস্তে ক্ষীণপ্রহরণৌজসঃ।
ততো নিবাতকবচা মামযুধ্যন্ত মায়য়া ॥৫৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে নিবাতকবচবধে দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

## ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

অর্জ্জুন উবাচ।

ততোঽশ্মবর্ষং সুমহৎ প্রাদুরাসীৎ সমন্ততঃ।
নগমাত্রৈঃ শিলাখণ্ডৈস্তন্মাং দৃঢ়মপীড়য়ৎ ॥১॥
তদহং বজ্রসঙ্কাশৈর্মহেন্দ্রাস্ত্রপ্রচোদিতৈঃ।
অচূর্ণয়ং বেগবদ্ভিঃ শরজালৈর্মহাহবে ॥২॥

ভারতকৌমুদী

শতধেতি। ক্ষীণানি প্রহরণানি অস্ত্রাণি ওজাংসি তেজাংসি চ যেষাং তে ॥৫৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য মহাকবি পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে দ্বিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

তত ইতি। অশ্মবর্ষং পাষাণবৃষ্টিঃ। নগমাত্রৈঃ পর্ব্বতপ্রমাণৈঃ ॥১॥
তদিতি। মহেন্দ্রাস্ত্রপ্রচোদিতৈঃ ঐন্দ্রাস্ত্রমন্ত্রেণাভিমন্ত্রিতৈঃ ॥২॥

---

ক্রমে বেগবান্, সরলগামী ও ইন্দ্রের বজ্রের ন্যায় স্পর্শশালী আমার বাণসমূহদ্বারা তাড়িত হইতে থাকিয়া সেই দানবেরা ভীত হইয়া পড়িল ॥৫২॥

ওদিকে সেই নিবাতকবচগণের দেহ সকল শত শত স্থানে বিদীর্ণ হইল, অস্ত্র নিঃশেষ হইয়া গেল এবং তেজও ক্ষয় পাইয়া আসিল। তাহার পর তাহারা মায়া অবলম্বন করিয়া আমার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইল" ॥৫৩॥

—:*:—

অর্জ্জুন বলিলেন—"তাহার পর সকল দিকেই পর্ব্বতপ্রমাণ প্রস্তরখণ্ডদ্বারা অতিবিশাল প্রস্তরবর্ষণ আরম্ভ হইল এবং তাহা আমাকে গুরুতর পীড়ন করিতে লাগিল ॥১॥

তখন আমি সেই মহাযুদ্ধে ঐন্দ্রাস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত, বজ্রতুল্য ও বেগবান্ বাণসমূহদ্বারা সেই প্রস্তরসমূহকে চূর্ণ করিয়া ফেলিলাম ॥২॥

---

* '...সপ্তত্যধিক...'—বা ব কা, '...একসপ্তত্যধিক...'—পি, '...দ্বিসপ্তত্যধিক...'—নি।

চূর্ণ্যমানেঽশ্মবর্ষে তু পাবকঃ সমজায়ত।
তত্রাশ্মচূর্ণান্যপতন্ পাবকপ্রকরা ইব ॥৩॥
ততোঽশ্মবর্ষে বিহতে জলবর্ষং মহত্তরম্।
ধারাভিরক্ষমাত্রাভিঃ প্রাদুরাসীন্মমান্তিকে ॥৪॥
নভসঃ প্রচ্যুতা ধারাস্তিগ্মবীর্য্যাঃ সহস্রশঃ।
আবৃণ্বন্ সর্ব্বতো ব্যোম দিশশ্চোপদিশস্তথা ॥৫॥
ধারাণাঞ্চ নিপাতেন বায়োর্বিস্ফূর্জ্জিতেন চ।
গর্জ্জিতেন চ দৈত্যানাং ন প্রাজ্ঞায়ত কিঞ্চন ॥৬॥
ধারা দিবি চ সম্বদ্ধা বসুধায়াঞ্চ সর্ব্বশঃ।
ব্যামোহয়ন্ত মাং তত্র নিপতন্ত্যোঽহনিশং ভুবি ॥৭॥
তত্রোপদিষ্টমিন্দ্রেণ দিব্যমস্ত্রং বিশোষণম্।
দীপ্তং প্রাহিণবং ঘোরমশুষ্যত্তেন তজ্জলম্ ॥৮॥

ভারতকৌমুদী

চূর্ণ্যেতি। পাবকো বহ্নিঃ। পাবকপ্রকরা অগ্নিস্ফুলিঙ্গাঃ ॥৩॥
তত ইতি। বিহতে ময়ৈব শরজালৈরিতি শেষঃ। অক্ষমাত্রাভির্জপমালাভুল্যাভিঃ ॥৪॥
নভস ইতি। তিগ্মবীর্য্যা বেগাতিশয়াদিত্যাশয়ঃ। উপদিশো বিদিশঃ ॥৫॥
ধারাণামিতি। নিপাতেন নিপাতশব্দেন, বিস্ফূর্জ্জিতেন বিশালশব্দেন ॥৬॥
ধারা ইতি। ধারা জলধারাঃ। সর্ব্বশঃ সর্ব্বত্র। ব্যামোহয়ন্ত বিহ্বলীকৃতবত্যঃ ॥৭॥
তত্রেতি। ইন্দ্রেণ উপদিষ্টমধ্যাপিতম, বিশোষণং নাম। প্রাহিণবং প্রক্ষিপম্ ॥৮॥

সুতরাং সেই প্রস্তরসমূহ চূর্ণ হইতে লাগিলে অগ্নি উৎপন্ন হইতে লাগিল; তখন অগ্নিস্ফুলিঙ্গসমূহের ন্যায় ক্ষুদ্র ক্ষুদ্র প্রস্তরখণ্ড পতিত হইতে থাকিল ॥৩॥

তদনন্তর প্রস্তরবৃষ্টি প্রতিহত হইলে, আমার নিকটে জপমালার ন্যায় স্থূলধারায় অতিবিশাল জলবৃষ্টি উপস্থিত হইল ॥৪॥

তখন আকাশ হইতে নিঃসৃত তীক্ষ্ণবীর্য্য সহস্র সহস্র জলধারা সমস্ত আকাশ, দিক্ ও বিদিক্ আবৃত করিল ॥৫॥

সেই জলধারাপতনের শব্দে, বায়ুর নির্ঘোষে এবং দৈত্যগণের সিংহনাদে তখন কিছুই শুনিতে পাওয়া গেল না ॥৬॥

আকাশ ও ভূতলসম্বদ্ধ জলধারাগুলি অনবরত সমগ্র ভূতলে পতিত হইতে থাকিয়া তখন আমাকে বিহ্বল করিয়া তুলিল ॥৭॥

তখন আমি ইন্দ্রোপদিষ্ট, স্বর্গীয়, উজ্জ্বল ও ভয়ঙ্কর বিশোষণাস্ত্র নিক্ষেপ করিলাম; তাহাতেই সেই জল শুষ্ক হইয়া গেল ॥৮॥

হতেঽশ্মবর্ষে তু ময়া জলবর্ষে চ শোষিতে।
মুমুচুর্দানবা মায়ামগ্নিং বায়ুঞ্চ ভারত! ॥৯॥
ততোঽহমগ্নিং ব্যধমং সলিলাস্ত্রেণ সর্ব্বশঃ।
শৈলেন চ মহাস্ত্রেণ বায়োর্বেগমধারয়ম্ ॥১০॥
তস্যাং প্রতিহতায়াং তে দানবা যুদ্ধতুর্ম্মদাঃ।
প্রাকুর্ব্বন্ বিবিধাং মায়াং যৌগপদ্যেন ভারত! ॥১১॥
ততো বর্ষং প্রাতুরভূৎ সুমহল্লোমহর্ষণম্।
অস্ত্রাণাং ঘোররূপাণামগ্নের্বায়োস্তথাঽশ্মনাম্ ॥১২॥
সা তু মায়াময়ী বৃষ্টিঃ পীড়য়ামাস মাং যুধি।
অথ ঘোরং তমস্তীব্রং প্রাতুরাসীৎ সমন্ততঃ ॥১৩॥
তমসা সংবৃতে লোকে ঘোরেণ পরমেণ চ।
তুরগা বিমুখাশ্চাসন্ প্রাস্খলচ্চাপি মাতলিঃ ॥১৪॥

ভারতকৌমুদী

হত ইতি। অশ্মবর্ষে প্রস্তরবর্ষণে। মায়াং মায়াপ্রযুক্তম্ ॥৯॥
তত ইতি। ব্যধমং ব্যনাশয়ম্। সলিলাস্ত্রেণ বারুণাস্ত্রেণ। শৈলেন তদাখ্যেন ॥১০॥
তস্যামিতি। তস্যাম্ অগ্নিবায়ুমায়ায়াম্। যৌগপদ্যেন এককালীনত্বেন ॥১১॥
তত ইতি। বর্ষং বৃষ্টিঃ। অশ্মনাং পাষাণানাম্ ॥১২॥
সেতি। তমঃ অন্ধকারঃ। সমন্ততঃ সর্ব্বাসু দিক্ষু ॥১৩॥
তমসেতি। পরমেণ প্রগাঢ়েন। তুরগা অস্মাকং তুরগাকারযন্ত্রাণি ॥১৪॥

ভরতনন্দন! আমি প্রস্তরবর্ষণ ও জলবর্ষণ নিবারণ করিলে, দানবেরা মায়াময় অগ্নি ও বায়ু বর্ষণ করিতে লাগিল ॥৯॥

তাহার পর আমি বারুণাস্ত্রে সমস্ত অগ্নি নিবারণ করিলাম এবং 'শৈল'-নামক মহাস্ত্রদ্বারা বায়ুর বেগ প্রতিহত করিলাম ॥১০॥

ভরতনন্দন! সেই মায়া প্রতিহিত হইলে, সেই যুদ্ধতুর্দ্ধর্ষ দানবেরা একদাই নানাবিধ মায়া আবিষ্কার করিল ॥১১॥

তদনন্তর ভয়ঙ্কর অস্ত্রসমূহ, অগ্নি, বায়ু ও পাষাণসমূহের লোমহর্ষণ গুরুতর বৃষ্টি প্রাদুর্ভূত হইল ॥১২॥

যুদ্ধে সেই মায়াময়ী বৃষ্টি আমাকে পীড়ন করিতে লাগিল। তাহার পর সকল দিকেই ভয়ঙ্কর ও প্রগাঢ় অন্ধকার উপস্থিত হইল ॥১৩॥

---

(১৪)…ঘোরেণ পরমেণ চ…হয়ো বিমুখাশ্চাসন্—বা ব,কা নি।

হস্তাদ্ধিরণ্ময়শ্চাস্য প্রতোদঃ প্রাপতদ্ভুবি।
অসকৃচ্চাহ মাং ভীতঃ কাসীতি ভরতর্ষভ! ॥১৫॥
মাঞ্চ ভীরাবিশত্তীব্রা তস্মিন্ বিগতচেতসি।
স চ মাং বিগতজ্ঞানঃ সন্ত্রস্তমিদমব্রবীৎ ॥১৬॥
সুরাণামসুরাণাঞ্চ সংগ্রামঃ সুমহানভূৎ।
অমৃতার্থং পুরা পার্থ! স চ দৃষ্টো ময়াঽনঘ! ॥১৭॥
শম্বরস্য বধে ঘোরঃ সংগ্রামঃ সুমহানভূৎ।
সারথ্যং দেবরাজস্য তত্রাপি কৃতবানহম্ ॥১৮॥
তথৈব বৃত্রস্য বধে সংগৃহীতা হয়া ময়া।
বৈরোচনের্মহাযুদ্ধং দৃষ্টঞ্চাপি সুদারুণম্ ॥১৯॥

ভাবতকৌমুদী

হস্তাদিতি। হিরণ্ময়ঃ স্বর্ণময়ঃ। প্রতোদঃ কশা। আহ মাতলিরব্রবীতি স্ম ॥১৫॥
মামিতি। ভীর্ভয়ম্। বিগতচেতসি নষ্টধৈর্য্যে। বিগতজ্ঞানস্তিরোহিতকর্ত্তব্যবুদ্ধিঃ ॥১৬॥
সুরাণামিতি। অমৃতার্থম্ অমৃতস্বীকরণার্থম্ ॥১৭॥
শম্বরস্যেতি। শম্বরস্য তদাখ্যস্যাসুরস্য ॥১৮॥
তথেতি। হয়া দেবরাজরথাশ্বাঃ। বৈরোচনের্বিরোচনপুত্রস্য বলেঃ ॥১৯॥

---

সেই ভয়ঙ্কর ও প্রগাঢ় অন্ধকার জগৎটাকে আবৃত করিলে, আমাদের অশ্বাকৃতি যন্ত্রগুলি বিমুখ হইল এবং মাতলিও বিচলিত হইলেন ॥১৪॥

আর, মাতলির হস্ত হইতে স্বর্ণময় কশা ভূতলে পতিত হইল এবং তিনি ভীত হইয়া বার বার আমাকে বলিলেন—"ভরতশ্রেষ্ঠ! আপনি কোথায় আছেন" ॥১৫॥

মাতলি অস্থির হইয়া পড়িলে, আমারও গুরুতর ভয় উপস্থিত হইল। তখন কিংকর্ত্তব্যবিমূঢ় মাতলি ভীতভাবে আমাকে এই কথা বলিলেন—॥১৬॥

"নিষ্পাপ পৃথানন্দন! পূর্ব্বকালে অমৃতের জন্য দেবগণ ও অসুরগণের অতি-মহাযুদ্ধ হইয়াছিল; আমি তাহাও দেখিয়াছিলাম ॥১৭॥

তা'র পর, শম্বরাসুরবধের সময়ে ভয়ঙ্কর ও গুরুতর যুদ্ধ হইয়াছিল; তাহাতেও আমিই দেবরাজের সারথ্য করিয়াছিলাম ॥১৮॥

আর, বৃত্রাসুরবধের সময়েও আমি দেবরাজের অশ্বরজ্জু ধারণ করিয়াছিলাম এবং বলিরাজার অতিভয়ঙ্কর মহাযুদ্ধও আমি দেখিয়াছিলাম ॥১৯॥

---

(১৯) শ্লোকাৎ পরম "বলপ্রহ্লাদয়োশ্চাপি তথাহস্মেবাক্ষ পাণ্ডব!। অত্রস্য চ মহাঘোরঃ সংগ্রামো লোমহর্ষণঃ ॥" শ্লোকোঽয়মধিকঃ পি।

এতে ময়া মহাঘোরাঃ সংগ্রামাঃ পর্য্যুপাসিতাঃ।
ন চাপি বিগতজ্ঞানো ভূতপূর্ব্বোঽস্মি পাণ্ডব! ॥২০॥
পিতামহেন সংহারঃ প্রজানাং বিহিতো ধ্রুবম্।
নহি যুদ্ধমিদং যুক্তমন্যত্র জগতঃ ক্ষয়াৎ ॥২১॥
তস্য তদ্বচনং শ্রুত্বা সংস্তভ্যাত্মানমাত্মনা।
মোহয়িষ্যন্ দানবানামহং মায়াবলং মহৎ ॥২২॥
অব্রুবং মাতলিং ভীতং পশ্য মে ভুজয়োর্বলম্।
অস্ত্রাণাঞ্চ প্রভাবং বৈ ধনুষো গাণ্ডিবস্য চ ॥২৩॥ (যুগ্মকম্)
অদ্যাস্ত্রমায়য়ৈতেষাং মায়ামেতাং সুদারুণাম্।
বিনিহন্মি তমশ্চোগ্রং মা ভৈঃ সূত! স্থিরো ভব ॥২৪॥
এবমুক্ত্বাঽহমসৃজমস্ত্রমায়াং নরাধিপ!।
মোহনীং সর্ব্বভূতানাং হিতায় ত্রিদিবৌকসাম্ ॥২৫॥

ভাবতকৌমুদী

এত ইতি। পর্য্যুপাসিতাঃ সারথ্যকালে দৃষ্টাঃ। বিগতজ্ঞানস্তিরোহিতকর্ত্তব্যবুদ্ধিঃ ॥২০॥
পিতেতি। পিতামহেন বিধাত্রা। ইদম্ ঈদৃশম্, যুক্তং সম্ভবপরম্ ॥২১॥
তস্যেতি। সংস্তভ্য স্থিরীকৃত্য। মোহয়িষ্যন্ নাশয়িষ্যন্। প্রভাবং ক্ষমতাম্ ॥২২—২৩॥
অদ্যেতি। অস্ত্রমায়য়া স্বকীয়য়া। উগ্রং ভয়ঙ্করম্, তমঃ অন্ধকারঞ্চ ॥২৪॥
এবমিতি। অস্ত্রমায়াং স্বকীযাম্ ত্রিদিবৌকসাং দেবানাম্ ॥২৫॥

পাণ্ডুনন্দন! আমি এতগুলি অতিভয়ঙ্কর যুদ্ধ পর্য্যবেক্ষণ করিয়াছি; কিন্তু পূর্ব্বে কোন যুদ্ধেই আমি কর্ত্তব্যবিমূঢ় হই নাই ॥২০॥

(অতএব বলিতেছি—) বিধাতা অবশ্যই প্রাণিগণের বিনাশ বিধান করিয়াছেন; সুতরাং জগতের বিনাশ ব্যতীত এইরূপ যুদ্ধ হইতে পারে না" ॥২১॥

আমি মাতলির এই কথা শুনিয়া, আপনিই আপনাকে স্থির করিয়া, দানবগণের গুরুতর মায়াবল নষ্ট করিব (ভাবিয়া), ভীত মাতলিকে বলিলাম—"মাতলি! আপনি আমার বাহুযুগলের বল, অস্ত্রের প্রভাব এবং গাণ্ডীবধনুর ক্ষমতা দেখুন ॥২২—২৩॥

আমি আজ নিজের অস্ত্রমায়াদ্বারাই ইহাদের এই অতিদারুণ মায়া ও ভয়ঙ্কর অন্ধকার নষ্ট করিতেছি। সারথি! আপনি ভীত হইবেন না, স্থির হউন" ॥২৪॥

রাজা! আমি এইরূপ বলিয়া দেবগণের হিতের জন্য সমস্ত প্রাণীর মোহজনক আপন অস্ত্রমায়া প্রয়োগ করিলাম ॥২৫॥

পীড্যমানাসু মায়াসু তাসু তাস্বসুরোত্তমাঃ।
পুনর্বহুবিধা মায়াঃ প্রাকুর্ব্বন্নমিতৌজসঃ ॥২৬॥
পুনঃ প্রকাশমভবত্তমসা গ্রস্যতে পুনঃ।
ভবত্যদর্শনো লোকঃ পুনরপ্সু নিমজ্জতি ॥২৭॥
সুসংগৃহীতৈর্হরিভিঃ প্রকাশে সতি মাতলিঃ।
ব্যচরৎ স্যন্দনাগ্র্যেণ সংগ্রামে লোমহর্ষণে ॥২৮॥
ততঃ পর্য্যপতন্নুগ্রা নিবাতকবচা ময়ি।
তানহং বিবরং দৃষ্ট্বা প্রাণয়ং যমসাদনম্ ॥২৯॥
বর্ত্তমানে তথা যুদ্ধে নিবাতকবচান্তকে।
নাপশ্যং সহসা সর্ব্বান্ দানবান্ মায়য়া বৃতান্ ॥৩০॥

ভারতকৌমুদী

পীড্যেতি। পীড্যমানাসু ময়া নাশ্যমানাসু সতীষু ॥২৬॥

পুনরিতি। প্রকাশং জগদিতি শেষঃ। অপ্সু জলে নিমজ্জতি তৈর্জলকরণাৎ ॥২৭॥

স্বিতি। হরিভিরশ্বৈঃ অশ্বাকারধরৈরিত্যর্থঃ। স্যন্দনাগ্র্যেণ রথশ্রেষ্ঠেন। বিমানমেব ভূতলে চরৎ রথ ইত্যুক্তম্। অথবা রথান্তরমেবেদং। তথাত্বে হরিভিরশ্বৈরেব ॥২৮॥

তত ইতি। ময়ি মদুপরি। বিবরং ছিদ্রমবসরমিত্যর্থঃ। প্রাণয়ং প্রেরিতবান্ ॥২৯॥

বর্ত্তমান ইতি। নাপশ্যম্, অদৃশ্যীভূতত্বাদিতি ভাবঃ ॥৩০॥

---

তাহাতে অসুরগণের সেই সেই মায়া বিনষ্ট হইলে, অমিতবিক্রম অসুরশ্রেষ্ঠেরা পুনরায় নানাবিধ মায়া আবিষ্কার করিল ॥২৬॥

তখন এক একবার জগৎ প্রকাশ পাইতে লাগিল, আবার অন্ধকারগ্রস্ত হইতে থাকিল, সেই সময়ে সকল লোকই অদৃশ্য হইতে লাগিল এবং আবার জলমগ্ন হইতে থাকিল ॥২৭॥

জগৎ প্রকাশিত হইলে, মাতলি সেই লোমহর্ষণ যুদ্ধমধ্যে সুসংযত অশ্ব ও উত্তম রথে বিচরণ করিতে লাগিলেন ॥২৮॥

তাহার পর উগ্রমূর্ত্তি নিবাতকবচেরা সকল দিক্ হইতেই আমার উপরে পড়িতে লাগিল; আমিও ছিদ্র দেখিয়া দেখিয়া তাহাদিগকে যমালয়ে পাঠাইতে লাগিলাম ॥২৯॥

নিবাতকবচনাশক সেইরূপ যুদ্ধ চলিতে লাগিলে, হঠাৎ মায়াবৃত দানবদিগকে দেখিতে পাইলাম না ॥৩০॥

(২৯)···প্রাহিণং যমসাদনম্—বা ব কা নি। (৩০) শ্লোকাৎ পরম্ '···একসপ্তত্যধিক···' অর্জ্জুন উবাচ।—বা ব কা, '···দ্বিসপ্তত্যধিক···'। অর্জ্জুন উবাচ।—পি, '···ত্রিসপ্তত্যধিক···'। অর্জ্জুন উবাচ।—নি।

অদৃশ্যমানাস্তে দৈত্যা যোধয়ন্তি স্ম মায়য়া।
অদৃশ্যেনাস্ত্রবীর্য্যেণ তানপ্যহমযোধয়ম্ ॥৩১॥
গাণ্ডীবমুক্তা বিশিখাঃ সম্যগস্ত্রপ্রচোদিতাঃ।
অচ্ছিন্দন্নুত্তমাঙ্গানি যত্র যত্র স্ম তেঽভবন্ ॥৩২॥
ততো নিবাতকবচা বধ্যমানা ময়া যুধি।
সংহৃত্য মায়াং সহসা প্রাবিশন্ পুরমাত্মনঃ ॥৩৩॥
ব্যপযাতেষু দৈত্যেষু প্রাদুর্ভূতে চ দর্শনে।
অপশ্যং দানবাংস্তত্র হতান্ শতসহস্রশঃ ॥৩৪॥
বিনিষ্পিষ্টানি তত্রৈষাং শস্ত্রাণ্যাভরণানি চ।
শতশঃ স্ম প্রদৃশ্যন্তে গাত্রাণি কবচানি চ ॥৩৫॥
হয়ানাং নান্তরং হ্যাসীৎ পদাদ্বিচলিতুং পদম্।
উৎপত্য সহসা তস্থুরন্তরীক্ষগতাস্ততঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

অদৃশ্যেতি। অস্ত্রবীর্য্যেণ মন্ত্রশক্ত্যৈব ॥৩১॥
গাণ্ডীবেতি। বিশিখা বাণাঃ, সম্যগস্ত্রৈর্ব্রাহ্মপ্রভৃতিভিঃ প্রচোদিতা অভিমন্ত্রিতাঃ ॥৩২॥
তত ইতি। সংহৃত্য নিবর্ত্ত্য। পুরং স্বীয়নগরম্ ॥৩৩॥
ব্যপেতি। দৃশ্যতে অনেনেতি দর্শনম্ আলোকস্তস্মিন্ ॥৩৪॥
বিনীতি। বিনিষ্পিষ্টানি মদস্ত্রৈরেব বিধ্বস্তানি ॥৩৫॥
হয়ানামিতি। হয়ানামশ্বানাম্, অন্তরমবকাশঃ। তস্থুর্দানবাঃ ॥৩৬॥

তখন সেই দৈত্যেরা অদৃশ্য থাকিয়াই মায়া দ্বারা যুদ্ধ করিতে লাগিল; আমিও অদৃশ্য অস্ত্রদ্বারাই তাহাদের সহিত যুদ্ধ করিতে থাকিলাম ॥৩১॥

তখন গাণ্ডীব হইতে নিক্ষিপ্ত, ব্রাহ্মপ্রভৃতি অস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত বাণসমূহ—যেখানে দৈত্যেরা ছিল, সেইখানে সেইখানেই তাহাদের মস্তক ছেদন করিতে লাগিল ॥৩২॥

যুদ্ধে এইভাবে আমি সংহার করিতে লাগিলে, নিবাতকবচেরা মায়া পরিত্যাগ করিয়া হঠাৎ আপন পুরমধ্যে যাইয়া প্রবেশ করিল ॥৩৩॥

দৈত্যেরা পলায়ন করিলে এবং আলোক বাহির হইলে দেখিলাম—সেখানে শত শত ও সহস্র সহস্র দানব নিহত হইয়া রহিয়াছে ॥৩৪॥

আরও দেখিলাম—সেখানে তাহাদের শত শত অস্ত্র, অলঙ্কার, অঙ্গ ও কবচ বিধ্বস্ত অবস্থায় পড়িয়া রহিয়াছে ॥৩৫॥

তত নিবাতকবচা ব্যোম সংছাদ্য কেবলম্ ।
অদৃশ্যা হ্যভ্যবর্ত্তন্ত বিসৃজন্তঃ শিলোচ্চয়ান্ ॥৩৭॥
অন্তর্ভূমিগতাশ্চান্যে হয়ানাং চরণান্যথ ।
ব্যগৃহ্লন্ দানবা ঘোরা রথচক্রে চ ভারত । ॥৩৮॥
বিনিগৃহ্য হরীন্ সর্ব্বান্ রথঞ্চ মম যুধ্যতঃ ।
সর্ব্বতো মামবিধ্যন্ত সরথং ধরণীধবৈঃ ॥৩৯॥
পর্ব্বতৈরুপচীয়দ্ভিঃ পতমানৈস্তথাঽপরৈঃ ।
স দেশো যত্র বর্ত্তামো গুহেব সমপদ্যত ॥৪০॥
পর্ব্বতৈশ্ছাদ্যমানোঽহং নিগৃহীতৈশ্চ বাজিভিঃ ।
অগচ্ছং পরমামার্ত্তিং মাতলিস্তদলক্ষয়ৎ ॥৪১॥

ভারতকৌমুদী

তত ইতি। ব্যোম আকাশম্, কেবলং সর্ব্বম্। শিলোচ্চয়ান্ প্রস্তরখণ্ডসমূহান্ ॥৩৭॥
অন্তরিতি। অন্তর্ভূমিগতা ভূম্যন্তরগতাঃ। ব্যগৃহ্লন্ গতিনিবারণায় ধৃতবন্তঃ ॥৩৮॥
বীতি। হরীন্ অশ্বান্। যুধ্যতো যুধ্যমানস্য। ধরণীধরৈঃ শিলাখণ্ডৈঃ ॥৩৯॥
পর্ব্বতৈরিতি। পর্ব্বতৈস্তৎখণ্ডৈঃ, উপচীয়দ্ভিঃ উপচীয়মানৈঃ সর্ব্বতঃ স্তূপীভূতৈরিত্যর্থঃ ॥৪০॥
পর্ব্বতৈরিতি। ছাদ্যমানঃ পরিবেষ্ট্যমানঃ, নিগৃহীতৈর্ধৃতৈঃ, বাজিভিরশ্বৈঃ ॥৪১॥

ভারতভাবদীপঃ

ততোঽশ্মেতি। নগমাত্রৈর্বৃক্ষপ্রমাণৈঃ ॥১—২॥ পাবকপ্রকরা বহ্নিরাশয়ঃ ॥৩—১৮॥ বৈরোচনৈর্বলেঃ ॥১৯—২৫॥ মোহনাস্ত্রেণ পীড্যমানাস্ ॥২৬—৩৮॥ হরীন্ অত্যন্তং হরণ-

---

তাহাতে আমাদের অশ্বগুলিব একপদ হইতে অপর পদ চলিবার স্থানও ছিল না। তাহার পর সেই দৈত্যেরা হঠাৎ আকাশে উঠিয়া অবস্থান করিতে লাগিল ॥৩৬॥

তৎপরে নিবাতকবচেরা আকাশ ব্যাপ্ত করিয়া অদৃশ্য থাকিয়াই প্রস্তরখণ্ডসমূহ বর্ষণ করিতে লাগিল ॥৩৭॥

ভরতনন্দন! অপর কতকগুলি ভয়ঙ্কর দানব ভূমির ভিতরে যাইয়া আমাদের অশ্বগুলির চরণ ও রথচক্রদ্বয় ধরিতে লাগিল ॥৩৮॥

তাহারা যুদ্ধকালীন আমার সমস্ত অশ্ব ও রথ ধরিয়া প্রস্তরখণ্ডদ্বারা রথের সহিত আমাকে সকল দিক্ হইতেই তাড়ন করিতে লাগিল ॥৩৯॥

সেই স্তূপীভূত প্রস্তরখণ্ডে এবং পতনশীল অপর প্রস্তরখণ্ডসমূহে—যে স্থানে আমরা ছিলাম, সেই স্থানটা গুহার মত হইয়া পড়িল ॥৪০॥

---

(৩৯) বিনিগৃহ্য হরীনশ্বান্—বা ব কা, বিনিগৃহ্য হয়াংশ্চান্তে—নি।

লক্ষয়িত্বা চ মাং ভীতমিদং বচনমব্রবীৎ।
অর্জ্জুনার্জ্জুন ! মা ভৈস্ত্বং বজ্রমস্ত্রমুদীরয় ॥৪২॥
ততোঽহং তস্য তদ্বাক্যং শ্রুত্বা বজ্রমুদৈরয়ম্।
দেবরাজস্য দয়িতং ভীমমস্ত্রং নরাধিপ ! ॥৪৩॥
অচলং স্থানমাসাদ্য গাণ্ডীবমনুমন্ত্র্য চ।
অমুঞ্চং বজ্রসংস্পর্শানায়সান্ নিশিতান্ শরান্ ॥৪৪॥
ততো মায়াশ্চ তাঃ সর্ব্বা নিবাতকবচাংশ্চ তান্।
তে বজ্রচোদিতা বাণা বজ্রভূতাঃ সমাবিশন্ ॥৪৫॥
তে বজ্রবেগনিহতা দানবাঃ পর্ব্বতোপমাঃ।
ইতরেতরমাশ্লিষ্য ন্যপতন্ পৃথিবীতলে ॥৪৬॥
অন্তর্ভূমৌ চ যেঽগৃহ্নন্ দানবা রথবাজিনঃ।
অনুপ্রবিশ্য তান্ বাণাঃ প্রাহিণ্বন্ যমসাদনম্ ॥৪৭॥

ভারতকৌমুদী

লক্ষেতি। অব্রবীৎ মাতলিরিত্যনুকর্ষঃ। উদীরয় নিক্ষিপ ॥৪২॥
তত ইতি। উদৈরয়ং ন্যক্ষিপম্। দয়িতং প্রিয়ম্ ॥৪৩॥
অচলমিতি। অচলম্ অচলপতনাবধিভূতম্, আসাদ্য লক্ষীকৃত্য ॥৪৪॥
তত ইতি। মায়াঃ সংহৃত্যেতি শেষঃ। বজ্রেণ বজ্রমন্ত্রেণ চোদিতা অভিমন্ত্রিতাঃ ॥৪৫॥
ত ইতি। পর্ব্বতোপমা অতিবিশালদেহা ইত্যর্থঃ। ইতরেতরং পরস্পরম্ ॥৪৬॥

প্রস্তরখণ্ড সকল পড়িয়া পড়িয়া আমাকে পরিবেষ্টন করায় এবং অশ্বগুলিকে ধরিয়া রাখায় আমি গুরুতর বিপদাপন্ন হইলাম, মাতলি তাহা লক্ষ্য করিলেন ॥৪১॥

মাতলি আমাকে ভীত দেখিয়া এই কথা বলিলেন—"অর্জ্জুন ! অর্জ্জুন ! তুমি ভীত হইও না, বজ্র নিক্ষেপ কর" ॥৪২॥

রাজা ! তাহার পর আমি মাতলির সেই কথা শুনিয়া দেবরাজের প্রিয় ও ভয়ঙ্কর বজ্র অস্ত্র নিক্ষেপ করিলাম ॥৪৩॥

এবং আমি শিলাপতনস্থান লক্ষ্য করিয়া, গাণ্ডীব অনুমন্ত্রণপূর্ব্বক বজ্রতুল্য স্পর্শকারী শিলাশাণিত লৌহময় বাণ সকল নিক্ষেপ করিতে লাগিলাম ॥৪৪॥

তদনন্তর বজ্রমন্ত্রে অভিমন্ত্রিত বজ্রতুল্য সেই বাণ সকল তাহাদের সমস্ত মায়া বিদূরিত করিয়া সেই নিবাতকবচদিগের মধ্যে প্রবেশ করিতে লাগিল ॥৪৫॥

ক্রমে সেই বজ্রতুল্য বাণসমূহের বেগে নিহত পর্ব্বততুল্য-বিশালদেহ সেই দানবেরা পরস্পর আলিঙ্গন করিয়া ভূতলে পতিত হইল ॥৪৬॥

হতৈর্নিবাতকবচৈর্নিরস্তৈঃ পর্ব্বতোপমৈঃ।
সমাচ্ছাদ্যত দেশঃ স বিকীর্ণৈরিব পর্ব্বতৈঃ ॥৪৮॥
ন হয়ানাং ক্ষতিঃ কাচিন্ন রথস্য ন মাতলেঃ।
মম চাদৃশ্যত তদা তদদ্ভুতমিবাভবৎ ॥৪৯॥
ততো মাং প্রহসন্ রাজন্! মাতলিঃ প্রত্যভাষত।
নৈতদর্জ্জুন। দেবেষু ত্বয়ি বীর্য্যং যদীক্ষ্যতে ॥৫০॥
হতেষ্বসুরসংঘেষু দারাস্তেষাস্তু সর্ব্বশঃ।
প্রাক্রোশন্ নগরে তস্মিন্ যথা শরদি সারসাঃ ॥৫১॥
ততো মাতলিনা সার্দ্ধমহং তৎ পুরমভ্যয়াম্।
ত্রাসয়ন্ রথঘোষেণ নিবাতকবচস্ত্রিয়ঃ ॥৫২॥

ভারতকৌমুদী

অন্তরিতি। রথবাজিনো মদীয়রথাশ্বান্। প্রাহিণ্বন্ প্রেরিতবন্তঃ ॥৪৭॥
হতৈরিতি। নিরস্তৈর্মদস্ত্রৈরেব বিক্ষিপ্তৈঃ ॥৪৮॥
নেতি। হয়ানাম্ অস্মদশ্বানাম্, ক্ষতিরঙ্গবৈকল্যম্, দেবানুগ্রহাদেবেতি ভাবঃ ॥৪৯॥
তত ইতি। এতৎ এতাদৃশম্। বীর্য্যং শক্তিঃ ॥৫০॥
হতেষ্বিতি। প্রাক্রোশন্ উচ্চৈরক্রন্দন। সারসাঃ পক্ষিবিশেষাঃ ॥৫১॥
তত ইতি। তৎ পুরং দানবানাং নগরম্, অভ্যয়াম্ অভ্যগচ্ছম্ ॥৫২॥

আর, যে সকল দানব ভূমির ভিতরে থাকিয়া আমাদের রথের ঘোড়া ধরিয়াছিল, আমার বাণগুলি তথায় প্রবেশ করিয়া তাহাদিগকেও যমালয়ে প্রেরণ করিল ॥৪৭॥

তখন বিক্ষিপ্ত পর্ব্বতসমূহের ন্যায় পর্ব্বততুল্য-বিশালদেহ নিহত ও বিক্ষিপ্ত নিবাতকবচগণদ্বারা সেই স্থানটা ব্যাপ্ত হইল ॥৪৮॥

কিন্তু আমাদের অশ্বগুলির, রথের, মাতলির ও আমার কোন ক্ষতি দেখা গেল না; তখন সেটা আশ্চর্য্য বলিয়াই বোধ হইল ॥৪৯॥

রাজা! তাহার পর মাতলি হাসিতে হাসিতে আমাকে বলিলেন—"অর্জ্জুন! আপনাতে যে শক্তি দেখিলাম, এরূপ শক্তি দেবতাদেরও নাই" ॥৫০॥

অসুরগণ নিহত হইলে, তাহাদের ভার্য্যারা—শরৎকালে সারসপক্ষিগণের ন্যায় সেই নগরে সর্ব্বত্র উচ্চস্বরে ক্রন্দন করিতে লাগিল ॥৫১॥

তদনন্তর আমি মাতলির সহিত রথের শব্দে নিবাতকবচগণের ভার্য্যাদিগকে ভীত করিতে থাকিয়া সেই দানবনগরের দিকে যাইতে লাগিলাম ॥৫২॥

(৫১)…দানবাস্তে তু সর্ব্বশঃ…যথা সরসি সারসাঃ—পি।

তান্ দৃষ্ট্বা দশসাহস্রান্ ময়ূরসদৃশান্ হয়ান্।
রথঞ্চ রবিসঙ্কাশং প্রাদ্রবন্ গণশঃ স্ত্রিয়ঃ ॥৫৩॥
তাভিরাভরণৈঃ শব্দস্ত্রাসিতাভিঃ সমীরিতঃ।
শিলানামিব শৈলেষু পতন্তীনামভূত্তদা ॥৫৪॥
বিত্রস্তা দৈত্যনার্য্যস্তাঃ স্বানি বেশ্মান্যথাঽবিশন্।
বহুরত্নবিচিত্রাণি শাতকুম্ভময়ানি চ ॥৫৫॥
তদদ্ভুতাকারমহং দৃষ্ট্বা নগরমুত্তমম্।
বিশিষ্টং দেবনগরাদপৃচ্ছং মাতলিং ততঃ ॥৫৬॥
ইদমেবংবিধং কস্মাদ্দেবা নাবাসয়ন্ত্যত।
পুরন্দরপুরাদ্ধীদং বিশিষ্টমিতি লক্ষয়ে ॥৫৭॥

মাতলিরুবাচ।

আসীদিদং পুরা পার্থ। দেবরাজস্য নঃ পুরম্।
ততো নিবাতকবচৈরিতঃ প্রচ্যাবিতাঃ সুরাঃ ॥৫৮॥

ভারতকৌমুদী

তানিতি। হয়ান্ অশ্বান্ রথযুক্তানশ্বান্। প্রাদ্রবন্ পলায়িতবত্যঃ ॥৫৩॥
তাভিরিতি। সমীরিতো গমনকালে উৎপাদিতঃ। শিলানাং ক্ষুদ্রশিলাখণ্ডানাম্ ॥৫৪॥
বিত্রস্তা ইতি। বেশ্মানি গৃহাণি। শাতকুম্ভময়ানি স্বর্ণময়ানি ॥৫৫॥
তদিতি। বিশিষ্টং বিলক্ষণম্ ॥৫৬॥
ইদমিতি। নাবাসয়ন্তি নাবাসাস্পদীকুর্ব্বন্তি। পুরন্দরপুরাৎ অমরাবতীতঃ ॥৫৭॥
আসাদিতি। নঃ অস্মাকং দেবরাজস্য। প্রচ্যাবিতাঃ দূরীকৃতাঃ ॥৫৮॥

তখন দানবরমণীরা ময়ূরসদৃশ সেই দশসহস্র অশ্ব এবং সূর্য্যতুল্য রথ দেখিয়া দলে দলে পলাইতে লাগিল ॥৫৩॥

পর্ব্বতের উপরে ক্ষুদ্র ক্ষুদ্র প্রস্তরখণ্ড পতিত হইতে লাগিলে যেমন শব্দ হয়, ভীতভাবে পলায়নের সময়ে তাহাদের অলঙ্কারেরও তেমন শব্দ হইতে লাগিল ॥৫৪॥

তাহার পর সেই দৈত্যরমণীরা ভীত হইয়া, বহুরত্নবিচিত্র ও স্বর্ণময় আপন আপন গৃহে যাইয়া প্রবেশ করিল ॥৫৫॥

তদনন্তর দেবনগর অপেক্ষা উৎকৃষ্ট ও অদ্ভুতাকৃতি সেই উত্তম নগরটি দেখিয়া আমি মাতলিকে জিজ্ঞাসা করিলাম—॥৫৬॥

"এইরূপ এই পুরীটাতে দেবতারা বাস করেন না কেন? কারণ, আমি ত এই পুরীটাকে ইন্দ্রপুরী অপেক্ষাও উৎকৃষ্ট দেখিতেছি" ॥৫৭॥

তপস্তপ্ত্বা মহত্তীব্রং প্রসাদ্য চ পিতামহম্ ।
ইদং বৃতং নিবাসায় দেবেভ্যশ্চাভয়ং যুধি ॥৫৯॥
ততঃ শক্রেণ ভগবান্ স্বয়ম্ভূরিতি চোদিতঃ ।
বিধত্তাং ভগবানত্র চাত্মনো হিতকাম্যয়া ॥৬০॥
তত উক্তো ভগবতা দিষ্টমত্রেতি বাসব ! ।
ভবিতান্তস্ত্বমেতেষাং দেহেনান্যেন শত্রুহন্ ! ॥৬১॥
তত এষাং বধার্থায় শক্রোঽস্ত্রাণি দদৌ তব ।
নহি শক্যাঃ সুরৈর্হন্তুং য এতে নিহতাস্ত্বয়া ॥৬২॥
কালস্য পরিণামেন ততস্ত্বমিহ ভারত ! ।
এষামন্তকরঃ প্রাপ্তস্তত্ত্বয়া চ কৃতং তথা ॥৬৩॥

ভারতকৌমুদী

অথ কথং তেষামীদৃশী শক্তিরভূদিত্যাহ—তপ ইতি। প্রসাদ্য প্রসন্নীকৃত্য ॥৫৯॥

তত ইতি। ততঃ শক্রেণ, ভগবান্ স্বয়ম্ভূর্ব্রহ্মা, ইতি চ উদিত উক্তঃ। অত্র চ বিষয়ে, আত্মন আত্মবর্গস্য দেবগণস্য, হিতকাম্যয়া, ভগবান্, ভবান্ বিধত্তাং প্রতীকারমিতি শেষঃ ॥৬০॥

তত ইতি। অত্র প্রতীকারবিষয়ে, দিষ্টম্ ইদমেব দৈবমস্তি। অন্তো নাশয়িতা ॥৬১॥

তত ইতি। এষাং নিবাতকবচানাম্। নহি শক্যাঃ, ব্রহ্মণো বরাদেবেতি ভাবঃ ॥৬২॥

কালস্যেতি। অন্তকরো বিনাশকরঃ; প্রাপ্ত উপস্থিতঃ ॥৬৩॥

মাতলি বলিলেন—"পৃথানন্দন! পূর্ব্বে এই পুরীটী আমাদের দেবরাজেরই ছিল; পরে নিবাতকবচেরা তাঁহাদিগকে এস্থান হইতে তাড়াইয়া দিয়াছে ॥৫৮॥

তাহারা অতিগুরুতর তপস্যাদ্বারা ব্রহ্মাকে প্রসন্ন করিয়া বাসের জন্য এই পুরীটী এবং যুদ্ধে দেবগণ হইতে অভয় বর লইয়াছিল ॥৫৯॥

তাহার পর দেবরাজ, ভগবান্ ব্রহ্মাকে এই কথা বলিয়াছিলেন—"নিজেদের হিতের জন্য আপনি এ বিষয় প্রতিকার করুন" ॥৬০॥

তখন ভগবান্ ব্রহ্মা বলিয়াছিলেন—"শত্রুহন্তা ইন্দ্র! এ বিষয়ে এইরূপই নিয়তি আছে যে, তুমিই অন্য দেহে ইহাদের বিনাশকারী হইবে" ॥৬১॥

সেই জন্যই দেবরাজ ইহাদের বধের নিমিত্ত আপনাকে অস্ত্রশিক্ষা দিয়াছেন। কারণ, দেবতারা ইহাদিগকে বধ করিতে পারিতেন না, আপনি এই যাহাদিগকে বধ করিলেন ॥৬২॥

---

(৫৯)...সম্প্রসাদ্য পিতামহম্—বা ব কা নি। (৬১)...দিষ্টমত্রেতি ভারত!...ভবিতাস্ত্বম-ন্যোষাম্—বা ব কা নি। (৬২) ততস্তেষাং বধার্থায়—পি।

দানবানাং বিনাশায় মহাস্ত্রাণাং মহদ্বলম্।
গ্রাহিতস্ত্বং মহেন্দ্রেণ পুরুষেন্দ্র! তদুত্তমম্ ॥৬৪॥

অর্জ্জুন উবাচ।

ততঃ প্রশাম্য নগরং দানবাংশ্চ নিহত্য তান্।
পুনর্মাতলিনা সার্দ্ধমগচ্ছং দেবসদ্ম তৎ ॥৬৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে নিবাতকবচবধে ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

ভারতকৌমুদী

দানবানামিতি। গ্রাহিতঃ শিক্ষাদানেন প্রাপিতঃ ॥৬৪॥

তত ইতি। প্রশাম্য আশ্বাসনয়া শান্তং কৃত্বা, নগরং নগরস্থং জনম্ ॥৬৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি নিবাতকবচযুদ্ধে ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

শীলান্, অবিধ্যন্ত ব্যাপ্তবন্তঃ, অচিন্বন্তেতি পাঠেঽপি স এবার্থঃ ॥৩৯—৫০॥ সারসা হংসাঃ। লক্ষ্মণা ইতি পাঠে সারস্যঃ ॥৫১—৫৬॥ ন আবাসয়ন্তি নাধ্যাসতে ॥৫৭—৬০॥ অন্তং নাশং নিবাতকবচানামিতি শেষঃ ॥৬১—৬৪॥ প্রশাম্য প্রকর্ষেণ আলোড্য ॥৬৫॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিচত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৪৩॥

—:*:—

ভরতনন্দন! তাহার পর আপনি কালক্রমে ইহাদের বিনাশকরূপে এখানে উপস্থিত হইয়াছেন এবং তাহাও আপনি সেইভাবেই করিয়াছেন ॥৬৩॥

পুরুষশ্রেষ্ঠ! দেবরাজ দানবগণের বধের জন্যই মহাস্ত্রসমূহের সেই উত্তম মহাশক্তি আপনাকে শিক্ষা দিয়াছেন" ॥৬৪॥

অর্জ্জুন বলিলেন—"তাহার পর আমি সেই দানবগণকে সংহারপূর্ব্বক সেই নগরের লোকগুলিকে শান্ত করিয়া মাতলির সহিত পুনরায় দেবলোকে গমন করিলাম" ॥৬৫॥

—:*:—

(৬৪)···অস্ত্রাণাং পরমং বলম্—বা ব কা পি। * '···দ্বিসপ্তত্যধিক···'—বা ব কা, ··ত্রিসপ্তত্যধিক···'—পি, '···চতুঃসপ্তত্যধিক···'—নি।

## চতুশ্চত্বারিংশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

অর্জ্জুন উবাচ।

নিবর্ত্তমানেন ময়া মহদ্দৃষ্টং ততোঽপরম্।
পুরং কামচরং দিব্যং পাবকার্কসমপ্রভম্ ॥১॥
দ্রুমৈ রত্নময়ৈশ্চিত্রং ভাস্বরৈশ্চ পতত্রিভিঃ।
পৌলোমৈঃ কালকেয়ৈশ্চ নিত্যহৃষ্টৈরধিষ্ঠিতম্ ॥২॥
গোপুরাট্টালকোপেতং চতুর্দ্বারং দুরাসদম্।
সর্ব্বরত্নময়ং দিব্যমদ্ভুতোপমদর্শনম্ ॥৩॥
দ্রুমৈঃ পুষ্পফলোপেতৈঃ সর্ব্বরত্নময়ৈর্বৃতম্।
তথা পতত্রিভির্দিব্যৈরুপেতং সুমনোহরৈঃ ॥৪॥
অসুরৈর্নিত্যমুদিতৈঃ শূলর্ষ্টিমুষলায়ুধৈঃ।
চাপমুদ্‌গরহস্তৈশ্চ স্রগ্বিভিঃ সর্ব্বতো বৃতম্ ॥৫॥ (কুলকম্)

ভারতকৌমুদী

নিবর্ত্তেতি। কামচরম্ অধিবাসীচ্ছানুরূপগামি, দিব্যমুৎকৃষ্টম্। চিত্রমাশ্চর্য্যম্, ভাস্বরৈরুজ্জ্বলৈঃ, পতত্রিভিঃ পক্ষিভিঃ। পৌলোমৈঃ কালকেয়ৈশ্চাসুরবিশেষৈঃ। গোপুরৈঃ ক্ষুদ্রক্ষুদ্রদ্বারৈঃ অট্টালকৈরুপরিতনগৃহৈশ্চ উপেতম্, চত্বারি দ্বারাণি প্রধানানি যত্র তৎ। দিব্যৈঃ স্বর্গীয়ৈঃ। স্রগ্বিভির্মালাবদ্ভিঃ ॥১—৫

অর্জ্জুন বলিলেন—"মহাবাহু! তাহার পর আমি ফিরিয়া যাইবার সময়ে অগ্নি ও সূর্য্যের ন্যায় দীপ্তিশালী, কামগামী, বিশাল ও উৎকৃষ্ট আর একটা নগর দর্শন করিলাম। রত্নময় নানাবিধ বৃক্ষ ও উজ্জ্বল নানাবিধ পক্ষী সে নগরটীকে বিচিত্র করিয়া রাখিয়াছিল; সর্ব্বদা হৃষ্টচিত্ত 'পৌলোম' ও 'কালকেয়'-নামক অসুরেরা তাহাতে অবস্থান করিতেছিল; আর সে নগরটীতে প্রধান চারিটী দ্বার, বহুতর ক্ষুদ্র দ্বার এবং অসংখ্য উপরিতন গৃহ ছিল, এই সকল কারণে সে নগরটী দুর্দ্ধর্ষ ছিল; এবং সে নগরটী সর্ব্বরত্নময়, উত্তম ও অদ্ভুত দৃশ্য ছিল এবং তাহার সকল দিকেই সর্ব্বরত্নময় ও পুষ্পফলযুক্ত নানাবিধ বৃক্ষ ছিল এবং তাহার ভিতরে অতিমনোহর স্বর্গীয় পক্ষীরা বিচরণ করিতেছিল এবং তাহার সকল দিকেই মালাধারী ও হৃষ্টচিত্ত অসুরেরা শূল, ঋষ্টি, ধনু ও মুদ্গর ধারণ করিয়া ভ্রমণ করিতেছিল ॥১—৫॥

(২) রত্নময়ৈশ্চিত্রৈঃ স্বরৈশ্চ পতত্রিভিঃ। পৌলোমৈঃ কালকঞ্জৈশ্চ—বা ব কা।

তদহং প্রেক্ষ্য দৈত্যানাং পুরমদ্ভুতদর্শনম্।
অপৃচ্ছং মাতলিং রাজন্! কিমিদং বর্ত্ততেঽদ্ভুতম্ ॥৬॥

মাতলিরুবাচ।

পুলোমা নাম দৈতেয়ী কালকা চ মহাসুরী।
দিব্যং বর্ষসহস্রং তে চেরতুঃ পরমং তপঃ ॥৭॥
তপসোঽন্তে ততস্তাভ্যাং স্বয়ম্ভুবদদদ্বরম্।
অগৃহ্নীতাং বরং তে তু সুতানামল্পদুঃখিতাম্ ॥৮॥
অবধ্যতাঞ্চ রাজেন্দ্র! সুররাক্ষসপন্নগৈঃ।
পুরং সুরমণীয়ঞ্চ খেচরং সুমহাপ্রভম্ ॥৯॥ (যুগ্মকম্)
সর্ব্বরত্নৈঃ সমুদিতং দুর্দ্ধর্ষমমরৈরপি।
মহর্ষিযক্ষগন্ধর্ব্বপন্নগাসুররাক্ষসৈঃ ॥১০॥
সর্ব্বকামগুণোপেতং বীতশোকমনাময়ম্।
ব্রহ্মণা ভরতশ্রেষ্ঠ! কালকেয়কৃতে কৃতম্ ॥১১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তদিতি। অপৃচ্ছম্, আশ্চর্য্যদর্শনেন কৌতুকোদয়াদিত্যাশয়ঃ ॥৬॥

পুলোমেতি। কালকা চ নাম। দিব্যং স্বর্গীয় স্বর্গীয়পরিমাণেন পরিমিতমিত্যর্থঃ ॥৭॥

তপস ইতি। স্বয়ম্ভুবঃ। অপত্যানাং দুঃখশূন্যতাং চিরসুখমিতি তাৎপর্য্যম্। খেচরম্ আকাশচরম্। অতএব নিরালম্ববিমানবিমানমিবাকাশস্থমিত্যস্য প্রতিপত্তব্যম্ ॥৮—৯॥

সর্ব্বেতি। সমুদিতং সমৃদ্ধম্। সর্ব্বকামগুণোপেতং সর্ব্বাভীষ্টোৎকর্ষযুক্তম্, বীতশোকং শোকসম্ভাবনারহিতম্, অনাময়ং রোগসম্ভাবনারহিতঞ্চ ॥১০—১১॥

---

রাজা! আমি দৈত্যগণের সেই অদ্ভুত দৃশ্য নগরটী দর্শন করিয়া মাতলিকে জিজ্ঞাসা করিলাম—"এই অদ্ভুত বস্তুটা কি রহিয়াছে?" ॥৬॥

মাতলি বলিলেন—"পুলোমানাম্নী এক দৈত্যরমণী ও কালকানাম্নী এক মহাসুরী ছিল; তাহারা দেবপরিমাণের সহস্র বৎসর যাবৎ গুরুতর তপস্যা করিয়াছিল ॥৭॥

রাজশ্রেষ্ঠ! তাহাদের তপস্যার পরে ব্রহ্মা আসিয়া তাহাদিগকে বর দান করিবার ইচ্ছা প্রকাশ করেন; তাহার পর আপন পুত্রগণের চিরসুখ এবং দেবতা, রাক্ষস ও নাগকর্তৃক অবধ্যতা, আর অতিমনোহর ও অত্যুজ্জ্বল আকাশচর একটী নগর—এই সকল বর তাহারা ব্রহ্মার নিকট গ্রহণ করে ॥৮—৯॥

ভরতশ্রেষ্ঠ! তদনন্তর ব্রহ্মা—পৌলোম ও কালকেয় অসুরগণের জন্য সর্ব্বরত্নসম্পন্ন এবং দেব, দানব, যক্ষ, রাক্ষস, গন্ধর্ব্ব, নাগ ও মহর্ষিগণের পক্ষেও

(৮)···সুতানামল্পদুঃখিতাম্—নি

তদেতৎ খপুরং দিব্যং চরত্যমরবর্জ্জিতম্ ।
পৌলোমাধ্যুষিতং বীর ! কালকেয়ৈশ্চ দানবৈঃ ॥১২॥
হিরণ্যপুরমিত্যেবং খ্যায়তে নগরং মহৎ ।
রক্ষিতং কালকেয়ৈশ্চ পৌলোমৈশ্চ মহাসুরৈঃ ॥১৩॥
তত্র তে মুদিতা নিত্যমবধ্যাঃ সর্ব্বদৈবতৈঃ ।
নিবসন্ত্যত্র কৌন্তেয় ! গতোদ্বেগা সদোৎসুকাঃ ॥১৪॥
সুরাসুরৈরবধ্যানাং দানবানাং ধনঞ্জয় ! ।
মানুষান্মৃত্যুরেতেষাং নির্দ্দিষ্টো ব্রহ্মণা পুরা ॥১৫॥
এতানপি রণে পার্থ ! কালকেয়ান্ দুরাসদান্ ।
বজ্রাস্ত্রেণ নয়স্বাশু বিনাশং সুমহাবলান্ ॥১৬॥

ভারতকৌমুদী

তদিতি। খপুরম্ আকাশচরং নগরম্। কালকেয়ৈশ্চাধ্যুষিতম্ ॥১২।
হিরণ্যেতি। হিরণ্যং স্বর্ণং তন্নির্ম্মিতং পুরং হিরণ্যপুরম্, খ্যায়তে লোকৈঃ ।১৩॥
তত্রেতি। সদোৎসুকাঃ স্রক্‌চন্দনবনিতাদিভোগার্থমুৎকণ্ঠিতাঃ ॥১৪।
সুরেতি। সুরাসুরৈরিত্যুপলক্ষণং গন্ধর্ব্বাদিভিরপি, তথৈব পূর্ব্বমুক্তত্বাৎ ॥১৫॥
এতানিতি। কালকেয়ানিতি চোপলক্ষণং পৌলোমানপি। আশু শীঘ্রম্ ॥১৬॥

দুর্দ্ধর্ষ, আর শোক ও রোগের সম্ভাবনাশূন্য একটী নগর নির্ম্মাণ করিয়া তাহাদিগকে দান করেন ॥১০—১১॥

বীর! এই সেই দেববিবর্জ্জিত এবং পৌলোম ও কালকেয়াধিষ্ঠিত দিব্য আকাশনগর বিচরণ করিতেছে ॥১২॥

লোকে এই মহানগরটীকে 'হিরণ্যপুর'-নামে আখ্যাত করিয়া থাকে এবং এই নগরটীকে পৌলোম ও কালকেয়নামক মহাসুরেরা রক্ষা করে ॥১৩॥

কুন্তীনন্দন! দেবগণের অবধ্য সেই দানবেরা সর্ব্বদাই আনন্দিত, নিরুদ্বেগ এবং ভোগের প্রতি উৎকণ্ঠিত থাকিয়া এই নগরে বাস করিতেছে ॥১৪॥

ধনঞ্জয়! এই দানবেরা দেবাসুরপ্রভৃতির অবধ্য ; সুতরাং ব্রহ্মা পূর্ব্বেই মানুষ হইতে ইহাদের মৃত্যু নির্দ্দিষ্ট করিয়া রাখিয়াছেন ॥১৫॥

অতএব পৃথানন্দন! আপনি, এই দুর্দ্ধর্ষ ও মহাবল পৌলোম এবং কালকেয় অসুরদিগকেও যুদ্ধে বজ্রদ্বারা শীঘ্র বিনষ্ট করুন" ॥১৬॥

---

(১২) তদেব খপুরং দিব্যম্—পি। (১৪) তত্র তে মুদিতা রাজন্! ··নিবসন্ত্যত্র রাজেন্দ্র !···নিরুৎসুকাঃ—বা ব কা নি। (১৫) প্রথমার্দ্ধং বা ব কা পি নাস্তি। (১৬)··· কালকঞ্জান্ দুরাসদান্—বা ব কা পি।

অর্জ্জুন উবাচ।

সুরাসুরৈরবধ্যাংস্তানহং জ্ঞাত্বা বিশাংপতে!।
অব্রুবং মাতলিং হৃষ্টো যাহ্যেতৎ পুরমঞ্জসা ॥১৭॥
ত্রিদশেশদ্বিষো যাবৎ ক্ষয়মস্ত্রৈর্নয়াম্যহম।
ন কথঞ্চিদ্ধি মে পাপা ন বধ্যা যে সুরদ্বিষঃ ॥১৮॥
উবাহ মাং ততঃ শীঘ্রং হিরণ্যপুরমন্তিকাৎ।
রথেন তেন দিব্যেন হরিযুক্তেন মাতলিঃ ॥১৯॥
তে মামালক্ষ্য দৈতেয়া বিচিত্রাভরণাম্বরাঃ।
সমুৎপেতুর্মহাবেগা রথানাস্থায় দংশিতাঃ ॥২০॥
ততো নালীকনারাচৈর্ভল্লৈঃ শক্ত্যৃষ্টিতোমরৈঃ।
প্রত্যঘ্নন্ দানবেন্দ্রা মাং ক্রুদ্ধাস্তীব্রপরাক্রমাঃ ॥২১॥
তদহং শরবর্ষেণ মহতা প্রত্যবারয়ম্।
শস্ত্রবর্ষং মহদ্রাজন্! বিদ্যাবলসমাশ্রিতঃ ॥২২॥

ভারতকৌমুদী

সুরেতি। সুর সুরৈরবধ্যান্ অপি তু মানুষেণ বধ্যান্। অঞ্জসা দ্রুতম্ ॥১৭॥
ত্রি ইতি। যে সুরদ্বিষঃ, তে পাপাঃ, মে ন বধ্যা ইতি কথঞ্চিদপি ন বধ্যা এবেত্যর্থঃ ॥১৮॥
উবাহেতি। অন্তিকাদ্দেশাৎ। হরিযুক্তেন অশ্বসমন্বিতেন ॥১৯॥
ত ইতি। আস্থায় আরুহ্য, দংশিতাঃ কৃতসন্নাহাঃ ॥২০॥
তত ইতি। নালীকং নলনিষ্পন্নমস্ত্রং নারাচাদীনি চ তদানীন্তনাস্ত্রাণি ॥২১॥

অর্জ্জুন বলিলেন—"রাজা! আমি সেই অসুরদিগকে দেবতাপ্রভৃতির অবধ্য জানিয়া, আনন্দিত হইয়া মাতলিকে বলিলাম—"আপনি সত্বর এই নগরে গমন করুন ॥১৭॥

আমি অস্ত্রদ্বারা ইন্দ্রদ্বেষী সকলকেই বিনাশ করিব। যাহারা দেবদ্বেষী, তাহারা আমার বধ্য নহে, এরূপ কোন প্রকারেই হইতে পারে না"" ॥১৮॥

তাহার পর মাতলি অশ্বযুক্ত সেই দিব্য রথে করিয়া সত্বরই আমাকে সে স্থান হইতে সেই হিরণ্যপুরের নিকটে লইয়া গেলেন ॥১৯॥

তখন বিচিত্র বস্ত্র ও অলঙ্কারধারী সেই দৈত্যেরা আমাকে দেখিয়া যুদ্ধসজ্জা করিয়া রথে আরোহণপূর্ব্বক মহাবেগে উপস্থিত হইল ॥২০॥

তাহার পর মহাপরাক্রমশালী দানবেরা ক্রুদ্ধ হইয়া নালীক, নারাচ, ভল্ল, শক্তি, ঋষ্টি ও তোমরদ্বারা আমাকে আঘাত করিতে আরম্ভ করিল ॥২১॥

(১৭) সুরাসুরৈরবধ্যং তৎ—বা ব কা নি। (১৯)···হিরণ্যপুরমন্তিকম্—পি।

ব্যামোহয়ঞ্চ তান্ সর্ব্বান্ রথমার্গৈশ্চরন্ রণে ।
তেঽন্যোন্যমভিসংমূঢ়াঃ পাতয়ন্তি স্ম দানবাঃ ॥২৩॥
তেষামেবং বিমূঢ়ানামন্যোন্যমভিধাবতাম্ ।
শিরাংসি বিশিখৈর্দীপ্তৈর্ন্যহনং শতসংঘশঃ ॥২৪॥
তে বধ্যমানা দৈতেয়াঃ পুরমাস্থায় তৎ পুনঃ ।
খমুৎপেতুঃ সনগরা মায়ামাস্থায় দানবীম্ ॥২৫॥
ততোঽহং শরবর্ষেণ মহতা কুরুনন্দন ! ।
মার্গমাবৃত্য দৈত্যানাং গতিঞ্চৈষামবারয়ম্ ॥২৬॥
তৎ পুরং খেচরং দিব্যং কামগং সূর্য্যসন্নিভম্ ।
দৈতেয়ৈর্বরদানেন ধার্য্যতে স্ম যথাসুখম্ ॥২৭॥

ভারতকৌমুদী

তদিতি । বিদ্যাবলম্ অস্ত্রশিক্ষালব্ধকৌশলং সমাশ্রিতঃ অহম্ ॥২২॥

ব্যামোহয়মিতি । ব্যামোহয়ং স্বপরভ্রান্তানকুর্ব্বম্ । পাতয়ন্তি স্ম নাশয়ামাসুঃ ॥২৩॥

তেষামিতি । বিশিখৈর্বাণৈঃ, দীপ্তৈরুজ্জ্বলৈঃ, ন্যহনং ন্যপাতয়ম ॥২৪॥

ত ইতি । আস্থায় আশ্রিত্য । খমাকাশম্ । আস্থায় অবলম্ব্য ॥২৫॥

তত ইতি । মার্গং তৎপুরস্য পলায়নপথম্, আবৃত্য সংরুধ্য ॥২৬॥

রাজা ! আমিও শিক্ষালব্ধ কৌশল অবলম্বন করিয়া বিশাল শরবর্ষণদ্বারা তাহাদের সেই গুরুতর শস্ত্রবর্ষণ নিবারণ করিলাম ॥২২॥

এবং যুদ্ধস্থলে রথপথে বিচরণ করিতে থাকিয়া আমি তাহাদের সকলকেই মোহিত করিলাম ; তখন সেই দানবেরা সর্ব্বপ্রকারে মুগ্ধ হইয়া পরস্পর পরস্পরকে সংহার করিতে লাগিল ॥২৩॥

তাহারা মুগ্ধ হইয়া এইভাবে পরস্পর পরস্পরের প্রতি ধাবিত হইতে লাগিলে, আমি উজ্জ্বল বাণসমূহদ্বারা শত শত সংখ্যায় তাহাদের মস্তক ছেদন করিতে লাগিলাম ॥২৪॥

আমি দৈত্যগণকে বধ করিতে থাকিলে, তাহারা পুনরায় সেই নগরের ভিতরে প্রবেশ করিয়া দানবী মায়া অবলম্বনপূর্ব্বক নগরের সহিতই আকাশে উঠিয়া গেল ॥২৫॥

কুরুনন্দন ! তাহার পর আমি বিশাল শরবৃষ্টিদ্বারা তাহাদের পলায়নের পথ রুদ্ধ করিয়া তাহাদের গতি নিবারণ করিলাম ॥২৬॥

তখন সেই দৈত্যেরা ব্রহ্মার বরপ্রভাবে আকাশচারী, কামগামী ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল সেই নগরটাকে অনায়াসে আকাশে যথাস্থানেই রাখিল ॥২৭॥

অন্তর্ভূমৌ নিপততি পুনরূর্দ্ধং প্রতিষ্ঠতে।
পুনস্তির্য্যক্ প্রয়াত্যাশু পুনরপ্সু নিমজ্জতি ॥২৮॥
অমরাবতিসঙ্কাশং তৎ পুরং কামগং মহৎ।
অহমস্ত্রৈর্বহুবিধৈঃ প্রত্যগৃহ্ণাং পরন্তপ! ॥২৯॥
ততোঽহং শরজালেন দিব্যাস্ত্রমুদিতেন চ।
ব্যগৃহ্ণাং সহ দৈতেয়ৈস্তৎ পুরং ভরতর্ষভ! ॥৩০॥
বিক্ষতঞ্চায়সৈর্বাণৈর্মৎ প্রযুক্তৈরজিহ্মগৈঃ।
মহীমভ্যপতদ্রাজন্! প্রভগ্নং পুরমাসুরম্ ॥৩১॥
তে বধ্যমানা মদ্বাণৈর্বজ্রবেগৈরয়স্ময়ৈঃ।
পর্য্যভ্রমন্ত বৈ রাজন্নসুরাঃ কালচোদিতাঃ ॥৩২॥

ভারতকৌমুদী

তদিতি। বরদানেন ব্রহ্মণ ইতি শেষঃ, দার্য্যতে স্ম আকাশে যথাস্থানে ॥২৭॥

অন্তরিতি। অন্তর্যুদ্ধস্থানমধ্যে। অপ্সু সমুদ্রজলে। সর্ব্বত্র তৎ পুরমিতি শেষঃ। মন্ত্রে খল্বী দৃশযানাবিষ্কারো নাধুনাপি সঞ্জাতঃ। প্রক্ষিপ্তবাদস্ত ক্ষিপ্তিপরিচয় এব ॥২৮॥

অমরেতি। "যাকারৌ স্ত্রীকৃতৌ হ্রস্বৌ ক্বচিৎ" ইতীকারস্য হ্রস্বত্বম্ ॥২৯॥

তত ইতি। দিব্যাস্ত্রৈস্তন্মন্ত্রৈঃ মুদিতমুত্তেজিতং তেন। ব্যগৃহ্ণাং প্রাহরম্ ॥৩০॥

বিক্ষতমিতি। আয়সৈর্লৌহময়ৈঃ। অজিহ্মগৈঃ সরলগামিভিঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

নিবর্ত্তমানেনেতি ॥১—১১॥ খপুরং খচরত্বাৎ ॥১২—১৩॥ ন বধ্যা ইতি ন অপি তু বধ্যা এব ॥১৭—২৯॥ ব্যগৃহ্ণং বিশেষেণ গৃহীতবান্ বাণবৃষ্ট্যা রুদ্ধবানিত্যর্থঃ ॥৩০—৩২॥

---

তাহার পর সেই নগরটা এক একবারে যুদ্ধমধ্যে ভূতলে পতিত হইতে লাগিল, আবার উপরে উঠিতে থাকিল, পুনরায় তেরচাভাবে চলিতে লাগিল এবং আবার জলে মগ্ন হইতে থাকিল ॥২৮॥

পরন্তপ! তখন আমি নানাবিধ অস্ত্রদ্বারা সেই কামগামী অমরাবতীতুল্য বিশাল নগরটাকে (বিমানখানাকে) নিবারণ করিলাম ॥২৯॥

ভরতশ্রেষ্ঠ! তদনন্তর আমি, দিব্যাস্ত্রমন্ত্রে অভিমন্ত্রিত বাণসমূহদ্বারা দৈত্যগণের সহিত সেই নগরটার উপরে আঘাত করিতে লাগিলাম ॥৩০॥

রাজা! তাহার পর আমার নিক্ষিপ্ত সরলগামী লৌহময় বাণের আঘাতে সেই অসুরনগরটা বিক্ষত ও ভগ্ন হইয়া ভূতলে পতিত হইল ॥৩১॥

---

(২৮) অন্তর্ভূমৌ নিপতিতম্...পুনস্তির্য্যঙ্নিপতিতম্—কা। (২৯)...প্রত্যগৃহ্ণং পরন্তপ। —বা ব কা পি। (৩০)...ব্যগৃহ্ণং সহ দৈতেয়ৈঃ—বা ব কা পি।

ততো মাতলিরারুহ্য পুরস্তান্নিপতন্নিব।
মহীমবাতরৎ ক্ষিপ্রং রথেনাদিত্যবর্চ্চসা ॥৩৩॥
ততো রথসহস্রাণি ষষ্টিস্তেষামমর্ষিণাম্।
যুযুৎসূনাং ময়া সার্দ্ধং পর্য্যবর্ত্তন্ত ভারত! ॥৩৪॥
তান্যহং নিশিতৈর্বাণৈর্ব্যধমং গার্দ্ধ্রবাজিতৈঃ।
তে যুদ্ধে সংন্যবর্ত্তন্ত সমুদ্রস্য যথোর্ম্ময়ঃ ॥৩৫॥
নেমে শক্যা মানুষেণ যুদ্ধেনেতি প্রচিন্ত্য তু।
ততোঽহমানুপূর্ব্বেণ দিব্যান্যস্ত্রাণ্যযোজয়ম্ ॥৩৬॥
ততস্তানি সহস্রাণি রথিনাং চিত্রযোধিনাম্।
অস্ত্রাণি মম দিব্যানি প্রত্যঘ্নন্ শনকৈরিব ॥৩৭॥

ভারতকৌমুদী

ত ইতি। অযস্ময়ৈর্লোহময়ৈঃ। কালেন মৃত্যুনিয়তিসময়েন চোদিতাঃ প্রেরিতাঃ ॥৩২॥

তত ইতি। আরুহ্য আকাশমিতি শেষঃ পুরস্তাৎ তেষামগ্রতঃ ॥৩৩॥

তত ইতি। অমর্ষিণাং ক্রুদ্ধানাম্। পর্য্যবর্ত্তন্ত সমন্তাদবাতিষ্ঠন্ত ॥৩৪॥

তানীতি। তানি রথসহস্রাণি। ব্যধমমতাড়য়ম্, গার্দ্ধ্রবাজিতৈঃ গৃধ্রপক্ষিপক্ষশোভিতৈঃ। সংন্যবর্ত্তন্ত সংসাম্মুখ্যেনাগচ্ছন্। ঊর্ম্ময়স্তরঙ্গাঃ ॥৩৫॥

নেতি। শক্যা হন্তুমিতি শেষঃ। আনুপূর্ব্ব্যেণ ক্রমেণ, দিব্যানি স্বর্গীয়াণি ॥৩৬॥

তত ইতি। চিত্রযোধিনাং বিচিত্রযুদ্ধকারিণাম্। দিব্যানি স্বর্গীয়াণি ॥৩৭॥

---

মহাবাহু! ক্রমে বজ্রতুল্য বেগবান ও লৌহময় আমার বাণে বধ্যমান ও কালপ্রেরিত হইয়া সেই অসুরেরা পরিভ্রমণ করিতে লাগিল ॥৩২॥

তদনন্তর মাতলি সূর্য্যতুল্য উজ্জ্বল রথের সহিত আকাশে উঠিয়া সত্বরই যেন তাহাদের সম্মুখে পতিত হইতে থাকিয়া ভূতলে অবতীর্ণ হইলেন ॥৩৩॥

ভরতনন্দন! তাহার পর ক্রুদ্ধ দৈত্যগণের ষাট হাজার রথ আমার সহিত যুদ্ধ করিবার ইচ্ছায় সকলদিকে আসিয়া আমাকে পরিবেষ্টন করিল ॥৩৪॥

তখন আমি শিলাশাণিত ও গৃধ্রপক্ষশোভিত বাণসমূহদ্বারা সেই রথসমূহকে তাড়ন করিলাম কিন্তু তথাপি তাহারা সমুদ্রের তরঙ্গের মত আমার সম্মুখে আসিতেই লাগিল ॥৩৫॥

'মানুষযুদ্ধে ইহাদিগকে বিনাশ করিতে পারা যাইবে না' ইহা ভাবিয়া তখন আমি ক্রমশঃ দেবাস্ত্র প্রয়োগ করিতে লাগিলাম ॥৩৬॥

তখন সেই চিত্রযোধী ষাট হাজার রথী ধীরে ধীরেই যেন আমার সেই দেবাস্ত্রগুলিকে প্রতিহত করিল ॥৩৭॥

---

(৩৫) তানহং নিশিতৈর্বাণৈঃ—বা ব কা পি। (৩৬)...প্রচিন্ত্য তৎ—বা ব কা নি।

রথমার্গান্ বিচিত্রাংস্তে বিচরন্তো মহাবলঃ।
প্রত্যদৃশ্যন্ত সংগ্রামে শতশোঽথ সহস্রশঃ ॥৩৮॥
বিচিত্রমুকুটাপীড়া বিচিত্রকবচধ্বজাঃ।
বিচিত্রাভরণাশ্চৈব নন্দয়ন্তীব মে মনঃ ॥৩৯॥
অহন্তু শরবর্ষৈস্তানস্ত্রপ্রণুদিতৈ রণে।
নাশক্নুবং পীড়য়িতুং তে তু মাং প্রত্যপীড়য়ন্ ॥৪০॥
তৈঃ পীড্যমানো বহুভিঃ কৃতাস্ত্রৈঃ কুশলৈর্যুধি।
ব্যথিতোঽস্মি মহাযুদ্ধে ভয়ঞ্চাগান্মহন্মম ॥৪১॥
ততোঽহং দেবদেবায় রুদ্রায় প্রণতো রণে।
স্বস্তি ভূতেভ্য ইত্যুক্ত্বা মহাস্ত্রং সমচেদয়ম্ ॥৪২॥

ভারতকৌমুদী

অবাপ্য রাষ্ট্রাণি বসূনি ভোগান্ এষা পরা পার্থ! সদা রতিস্তে ॥১৯॥
যদা জনৌঘঃ কুরুজাঙ্গলানাং কৃষ্ণাং সভায়ামবশামপশ্যৎ।
অপেতধর্ম্মব্যবহারবৃত্তং সহেত তৎ পাণ্ডব! কস্ত্বদন্যঃ ॥২০॥
অসংশয়ং সর্ব্বসমৃদ্ধকামঃ ক্ষিপ্রং প্রজাঃ পালয়িতাসি সম্যক্।
ইমে বয়ং নিগ্রহণে কুরূণাং যদি প্রতিজ্ঞা ভবতঃ সমাপ্তা ॥২১॥
ধৌম্যঞ্চ ভীমঞ্চ যুধিষ্ঠিরঞ্চ যমৌ চ কৃষ্ণাঞ্চ দশার্হসিংহঃ।
উবাচ দিষ্ট্যা ভবতাং শিবেন প্রাপ্তঃ কিরীটী মুদিতঃ কৃতাস্ত্রঃ ॥২২॥

## ভাবকৌমুদী

নেতি। গ্রাম্যধর্ম্মেষু স্ত্রীসংসর্গেষু, রতিরনুরাগঃ। কামাদ্বিষয়াভিলাষাৎ ॥১৮॥

দানমিতি। হে পার্থ রাজন! রাষ্ট্রাণি নানা রাজ্যানি, বসূনি ধনানি, ভোগান্ ভোগোপযোগিবিষয়াংশ্চ, অবাপ্যাপি বিদ্যমানস্য তে তব, দানঞ্চ, সত্যঞ্চ, তপশ্চ, শ্রদ্ধা ধর্ম্মাদৌ বিশ্বাসশ্চ, বুদ্ধিশ্চ, ক্ষমা চ, ধৃতির্ধৈর্য্যঞ্চ, এষা এতদ্বিষয়ৈব সদা রতিরনুরাগ আস্তে ॥১৯॥

যদেতি। অপেতধর্ম্মব্যবহারবৃত্তং ধর্ম্মভ্রষ্টব্যবহাররূপং বৃত্তান্তম্ ॥২০॥

অসংশয়মিতি। সর্ব্বসমৃদ্ধকামঃ পূর্ণসর্ব্বাভিলাষঃ। নিগ্রহণে দমনে প্রবৃত্তা ভবামঃ ॥২১॥

আপনি প্রথমে ব্রহ্মচর্য্যপ্রভৃতি ব্রত আচরণ করিতে থাকিয়া বেদ অধ্যয়ন করিয়াছেন পরে যথানিয়মে সমগ্র ধনুর্ব্বেদ শিক্ষা এবং ক্ষত্রিয়ধর্ম্ম অনুসারে প্রচুর ধন লাভ করিয়া প্রাচীন সমস্ত যজ্ঞের অনুষ্ঠান করিয়াছেন ॥১৭॥

রাজা! স্ত্রীসংসর্গে আপনার অনুরাগ নাই, ভোগাভিলাষেও আপনি কোন কার্য্য করেন না এবং ধনলোভেও ধর্ম্ম ত্যাগ করেন না; অতএব আপনি নিজের ব্যবহারেই ধর্ম্মরাজ হইয়াছেন ॥১৮॥

রাজা! রাজ্য, ধন ও ভোগের বস্তু পাইয়াও আপনার সর্ব্বদাই দান, সত্য, তপস্যা, শ্রদ্ধা, বুদ্ধি, ক্ষমা ও ধৈর্য্যেই পরম অনুরাগ রহিয়াছে ॥১৯॥

তা'র পর, যখন কুরুজাঙ্গলদেশের লোকেরা সেই দ্যূতসভায় দ্রৌপদীকে অবশা দেখিয়াছিল, তখন আপনি ভিন্ন অন্য কোন্ লোক সেই পাপকার্য্য সহ্য করিত? ॥২০॥

অতএব নিশ্চয়ই আপনার সমস্ত অভিলাষ পূর্ণ হইবে এবং শীঘ্রই আপনি যথানিয়মে প্রজাপালন করিবেন। কারণ, যদি একবার আপনার প্রতিজ্ঞা সমাপ্ত হয়, তবে এই আমরাই কৌরবগণের দমনে প্রবৃত্ত হইব" ॥২১॥

প্রোবাচ কৃষ্ণামপি যাজ্ঞসেনীং দশার্হভর্ত্তা সহিতঃ সুহৃদ্ভিঃ।
দিষ্ট্যা সমগ্রাসি ধনঞ্জয়েন সমাগতেত্যেবমুবাচ কৃষ্ণঃ ॥২৩॥
কৃষ্ণে! ধনুর্ব্বেদরতিপ্রধানাস্তবাত্মজাস্তে শিশবঃ সুশীলাঃ।
সদ্ভিঃ সদৈবাচরিতং সুহৃদ্ভিশ্চরন্তি পুত্রাস্তব যাজ্ঞসেনি। ॥২৪॥
রাজ্যেন রাষ্ট্রৈশ্চ নিমন্ত্র্যমাণাঃ পিত্রা চ কৃষ্ণে। তব সোদরৈশ্চ।
ন যজ্ঞসেনস্য ন মাতুলানাং গৃহেষু বালা রতিমাপ্নুবন্তি ॥২৫॥
আনর্ত্তমেবাভিমুখাঃ শিবেন গত্বা ধনুর্ব্বেদরতিপ্রধানাঃ।
তবাত্মজা বৃষ্ণিপুরং প্রবিশ্য ন দৈবতেভ্যঃ স্পৃহয়ন্তি কৃষ্ণে। ॥২৬॥

ভারতকৌমুদী

ধৌম্যমিতি। দশার্হসিংহো দশার্হবংশশ্রেষ্ঠঃ কৃষ্ণঃ। ভবতাং দিষ্ট্যা ভাগ্যেন ॥২২॥

প্রোবাচেতি। দিষ্ট্যা ভাগ্যেন, ধনঞ্জয়েন সমাগতা সম্মিলিতা সতী, সমগ্রা পূর্ণস্বজনা ॥২৩॥

কৃষ্ণ ইতি। ধনুর্ব্বেদ এব রতিরনুরাগঃ প্রধানং যেষাং তে, তে প্রতিবিন্ধ্যাদয়ঃ, সুশীলাঃ সঞ্জাতা ইতি শেষঃ। তথা তব পুত্রাঃ সুহৃদ্ভিঃ সহ, সদৈব সদ্ভিরাচরিতং পন্থানং চরন্তি ॥২৪॥

রাজ্যেনেতি। রাষ্ট্রৈ রাজ্যপালকৈর্ব্বাহনাদিভিঃ প্রলোভনপ্রলোভনৈরিত্যর্থঃ ॥২৫॥

আনর্ত্তমিতি। আনর্ত্ত নামানং দেশম্। দৈবতেভ্যো দেবৈশ্বর্য্যেভ্যঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

তস্যার্থং ধর্ম্মস্য বৃদ্ধ্যর্থম্ ॥১৬—১৮॥ এষা দানাদিরূপা, সদা সহিনিত্যং প্রীতিবিষয়ঃ ॥১৯-২০॥ নিগ্রহণে যত্নাঃ স্থ ইতি শেষঃ ॥২১—২৩॥ তবাত্মজাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ ॥২৪—২৫॥ আনর্ত্তং

তাহার পর যদুবংশশ্রেষ্ঠ কৃষ্ণ—ধৌম্য, যুধিষ্ঠির, ভীম, নকুল, সহদেব ও দ্রৌপদীকে বলিলেন—'আপনাদের ভাগ্যবশতই অর্জ্জুন অস্ত্রশিক্ষা করিয়া নির্বিঘ্নে ও আনন্দিতচিত্তে আগমন করিয়াছেন" ॥২২॥

তৎপরে কৃষ্ণ আপন বন্ধুদের সঙ্গে মিলিত হইয়া দ্রুপদনন্দিনী কৃষ্ণাকেও বলিলেন—'সখি! দ্রৌপদি! তুমি ভাগ্যবশতঃ অর্জ্জুনের সহিত সম্মিলিত হইয়া এখন স্বজনপূর্ণ হইলে।" পরে আবার কৃষ্ণ এইরূপ বলিলেন—॥২৩॥

"দ্রৌপদি! তোমার সেই বালক পুত্র কয়টীর ধনুর্ব্বেদেই বিশেষ অনুরাগ দেখা যাইতেছে এবং তাহারা সচ্চরিত্র হইয়াছে। আর, যাজ্ঞসেনি! তোমার পুত্রেরা বন্ধুবর্গের সহিত মিলিত হইয়া সর্ব্বদা সজ্জনের আচরিত পথেই বিচরণ করিতেছে ॥২৪॥

দ্রৌপদি! তোমার পিতা এবং সহোদরেরা রাজ্য ও রাজ্যরক্ষার উপকরণ (যান-বাহনাদি) দিবার প্রলোভন দেখাইলেও, তোমার পুত্রেরা মাতামহ দ্রুপদের গৃহে কিংবা মাতুল ধৃষ্টদ্যুম্নপ্রভৃতির গৃহে আনন্দ অনুভব করে নাই ॥২৫॥

যথা ত্বমেবার্হসি তেষু বৃত্তং প্রযোক্তুমার্য্যা চ যথৈব কুন্তী।
তেষ্বপ্রমাদেন তথা করোতি তথৈব ভূয়শ্চ সদা সুভদ্রা ॥২৭॥
যথাঽনিরুদ্ধস্য যথাঽভিমন্যোর্যথা সুনীথস্য যথৈব ভানোঃ।
তথা বিনেতা চ গতিশ্চ কৃষ্ণে! তবাত্মজানামপি রৌক্মিণেয়ঃ ॥২৮॥
গদাসিচর্ম্মগ্রহণেষু শূরান্ অস্ত্রেষু শিক্ষাসু রথাশ্বযানে।
সম্যগ্বিনেতা বিনয়েদতন্দ্রীংস্তাংশ্চাভিমন্যুঃ সততং কুমারঃ ॥২৯॥
স চাপি সম্যক্ প্রণিধায় শিক্ষাং শস্ত্রাণি চৈষাং বিধিবৎ প্রদায়।
তবাত্মজানাঞ্চ তথাভিমন্যোঃ পরাক্রমৈস্তুষ্যতি রৌক্মিণেয়ঃ ॥৩০॥
যদা বিহারং প্রসমীক্ষমাণাঃ প্রযান্তি পুত্রাস্তব যাজ্ঞসেনি!।
একৈকমেষামনুযান্তি তত্র রথাশ্বযানানি চ দন্তিনশ্চ ॥৩১॥

ভারতকৌমুদী

যথেতি। তেষু ত্বৎপুত্রেষু, বৃত্তং সচ্চরিত্রম্, প্রযোক্তুমুপদেষ্টুম্। ভূয়োঽধিকম্ ॥২৭॥
যথেতি। ভানুসুনীথৌ যদুবংশীয়বালকৌ। বিনেতা শিক্ষয়িতা, রৌক্মিণেয়ঃ প্রদ্যুম্নঃ ॥২৮॥
গদেতি। সম্যক্ বিনেতা শিক্ষয়িতা, বিনয়েৎ শিক্ষয়েৎ, অতন্দ্রীন্ আলস্যশূন্যান্ ॥২৯॥
স ইতি। প্রণিধায় মনোযোগং কৃত্বা, শিক্ষাং শিক্ষাপ্রকারম্। রৌক্মিণেয়ঃ প্রদ্যুম্নঃ ॥৩০॥

সুতরাং দ্রৌপদি! তোমার পুত্রেরা ধনুর্ব্বেদেই বিশেষ অনুরক্ত থাকিয়া, নির্বিঘ্নে আনর্ত্তদেশাভিমুখে যাইয়া দ্বারকানগরীতে প্রবেশ করিয়া, এখন আর দেবগণের ঐশ্বর্য্যলাভেরও ইচ্ছা করে না ॥২৬॥

তুমি ও আর্য্যা কুন্তীদেবী যেমন তাহাদিগকে সচ্চরিত্র শিক্ষা দিতে পার, সুভদ্রাও তেমনই সর্ব্বদা সাবধান থাকিয়া অধিক পরিমাণেই তাহাদিগকে সচ্চরিত্র শিক্ষা দিতেছেন ॥২৭॥

তা'র পর, দ্রৌপদি! রুক্মিণীনন্দন প্রদ্যুম্ন যেমন অনিরুদ্ধকে, যেমন অভিমন্যুকে, যেমন সুনীথকে এবং যেমন ভানুকে শিক্ষা দিতেছেন এবং তাহাদের অভিভাবক হইয়া চলিতেছেন, তোমার পুত্রগণকেও তেমনই তিনি শিক্ষা দিতেছেন এবং তাহাদের অভিভাবক হইয়া চলিতেছেন ॥২৮॥

উপযুক্ত শিক্ষক কুমার অভিমন্যু সেই উদ্যোগী বীর বালকদিগকে গদা, তরবারি ও চর্ম্ম ধারণ, নানাবিধ অস্ত্র, যুদ্ধের কৌশল এবং রথ ও অশ্ব আরোহণ শিক্ষা দিতেছেন ॥২৯॥

রুক্মিণীনন্দন প্রদ্যুম্নও বিশেষ মনোযোগপূর্ব্বক তোমার পুত্রগণকে যথাবিধানে যুদ্ধের কৌশল ও নানাবিধ অস্ত্র শিক্ষা দিয়া, তাহাদের ও অভিমন্যুর পরাক্রম দেখিয়া সন্তোষলাভ করিতেছেন ॥৩০॥

অথাব্রবীদ্ধর্ম্মরাজঞ্চ কৃষ্ণো দশার্হযোধাঃ কুকুরান্ধকাশ্চ।
এতে নিদেশং তব পালয়ন্তস্তিষ্ঠন্তি যত্রেচ্ছসি তত্র রাজন্! ॥৩২॥
আবর্ত্ততাং কার্ম্মুকবেগবাতা হলায়ুধপ্রগ্রহণা মধূনাম্।
সেনা তবার্থেষু নরেন্দ্র! যত্তা সসাদিপত্ত্যশ্বরথা সনাগা ॥৩৩॥
প্রস্থাপ্যতাং পাণ্ডব! ধার্ত্তরাষ্ট্রঃ সুযোধনঃ পাপকৃতাং বরিষ্ঠঃ।
সহানুবন্ধঃ সসুহৃদ্গণশ্চ ভৌমস্য সৌভাধিপতেশ্চ মার্গম্ ॥৩৪॥
কামং তথা তিষ্ঠ নরেন্দ্র! তস্মিন্ যথা কৃতস্তে সময়ঃ সভায়াম্।
দাশার্হযৌধৈস্তু হতারিযোধং প্রতীক্ষতাং নাগপুরং ভবন্তম্ ॥৩৫॥

ভারতকৌমুদী

যদেতি। বিহরন্ত্যস্মিন্নিতি বিহার উদ্যানং তম্, প্রসমীক্ষমাণা দ্রষ্টুমিচ্ছন্তঃ ॥৩১॥

অথেতি। দশার্হযোধা যাদবযোদ্ধারঃ, কুকুরান্ধকাশ্চ কুকুরবংশীয়া অন্ধকবংশীয়াশ্চ ॥৩২॥

আবর্ত্ততামিতি। হে নরেন্দ্র! কার্ম্মুকাণাং বেগো বাতো বাতবেগ ইব যস্যাঃ সা, হলায়ুধো রামঃ প্রগ্রহণো নিয়ন্তা যস্যাঃ সা, সাদিভিরারোহিভিঃ পত্তিভিঃ পদাতিভিঃ অশ্বৈ রথৈশ্চ সহেতি সা, সনাগা হস্তিযুক্তা চ, মধূনাং যাদবানাং সেনা, যত্তা সযত্না সতী, তবার্থেষু, আবর্ত্ততাং প্রবর্ত্ততাম্ ॥৩৩॥

প্রেতি। প্রস্থাপ্যতাং প্রেষ্যতাম্। ভৌমস্য নরকাসুরস্য, সৌভাধিপতেঃ শাল্বস্য চ ॥৩৪॥

কামমিতি। হে নরেন্দ্র! তে ত্বয়া, সভায়াং তত্র দ্যূতসভায়াম্, যথা সময়ঃ প্রতিজ্ঞা কৃতঃ, তথৈব তস্মিন্ প্রতিজ্ঞাতস্থানে, কামং যথেষ্টং তিষ্ঠ। দাশার্হযৌধৈর্যাদবযোদ্ধৃভিঃ,

ভারতভাবদীপঃ

দ্বারকাদেশম্ ॥২৬॥ যথা ত্বমর্হসি তথা সুভদ্রার্হতি, যথা কুন্তী প্রয়োক্তুমর্হতি তথা সুভদ্রাপ্যর্হতি যথাচার্হতি তথৈব করোতি চেতি সম্বন্ধঃ ॥২৭॥ বিনেতা শিক্ষয়িতা, রৌক্মিণেয়ঃ প্রদ্যুম্নঃ ॥২৮—৩২॥ মধূনাং মাথুরাণাং হলায়ুধঃ প্রগ্রহণো নিয়ন্তা যস্যাঃ সা সেনা যত্তা সন্নদ্ধা

---

যাজ্ঞসেনি! তোমার পুত্রেরা যখন উদ্যান দর্শন করিবার জন্য গমন করে, তখন রথ, অশ্ব, পাল্কি ও হস্তী উহাদের প্রত্যেকের অনুসরণ করিয়া থাকে” ॥৩১॥

তাহার পর কৃষ্ণ যুধিষ্ঠিরকে বলিলেন—“রাজা! আপনি যেখানে ইচ্ছা করেন, সেইখানেই যদু, কুকুর ও অন্ধকবংশীয় যোদ্ধারা আপনার আদেশের প্রতীক্ষা করিয়া অবস্থান করিবে ॥৩২॥

নরশ্রেষ্ঠ! যাহাদের ধনুর বেগ—বায়ুবেগের তুল্য এবং বলরাম যাহাদের পরিচালক, সেই যাদবসৈন্যেরা—পদাতি, অশ্বারোহী, রথারোহী ও হস্ত্যারোহীদের সহিত মিলিত হইয়া আপনার কার্য্যে প্রবৃত্ত হউক ॥৩৩॥

পাণ্ডুনন্দন! তা’র পর আপনি—অনুচরবর্গ ও বন্ধুবর্গের সহিত পাপিশ্রেষ্ঠ ধৃতরাষ্ট্রপুত্র দুর্য্যোধনকে নরকাসুর ও শাল্বের পথে প্রেরণ করুন ॥৩৪॥

ব্যপেতমন্যুর্ব্যপনীতপাপ্মা বিহৃত্য যত্রেচ্ছসি তত্র কামম্।
ততঃ প্রসিদ্ধং প্রথমং বিশোকঃ প্রপৎস্যসে নাগপুরং সরাষ্ট্রম্ ॥৩৬॥
ততস্তদাজ্ঞায় মতং মহাত্মা যথাবদুক্তং পুরুষোত্তমেন।
প্রশস্য বিপ্রেক্ষ্য চ ধর্ম্মরাজঃ কৃতাঞ্জলিঃ কেশবমিত্যুবাচ ॥৩৭॥
অসংশয়ং কেশব! পাণ্ডবানাং ভবান্ গতিস্ত্বচ্ছরণা হি পার্থাঃ।
কালোদয়ে তচ্চ ততশ্চ ভূয়ঃ কর্ত্তা ভবান্ কর্ম্ম ন সংশয়োঽস্তি ॥৩৮॥
যথাপ্রতিজ্ঞং বিহৃতশ্চ কালঃ সর্ব্বাঃ সমা দ্বাদশ নির্জ্জনেষু।
অজ্ঞাতচর্য্যাং বিধিবৎ সমাপ্য ভবদ্‌গতাঃ কেশব! পাণ্ডবেয়াঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

হতা অরিযোধা বিপক্ষযোদ্ধারো যস্য তত্তাদৃশম্, নাগপুরং হস্তিনানগরং কর্তৃ, ভবন্তং প্রতীক্ষতাম্ ॥৩৫॥

ব্যপেতেতি : ব্যপেতঃ শত্রুনাশাদ্দূরীভূতো মন্যুর্দৈন্যং যস্য সঃ, ব্যপনীতঃ অতিবাহিতঃ পাপ্মা ক্লেশো যেন সঃ। প্রপৎস্যসে প্রাপ্স্যসি, নাগপুরং হস্তিনানগরম্, সরাষ্ট্রং সরাজ্যম্ ॥৩৬॥

তত ইতি। মতং পুরুষোত্তমস্যৈব। পুরুষোত্তমেন কৃষ্ণেন। প্রশস্য বিপ্রেক্ষ্য চ কৃষ্ণমেব ॥৩৭॥

অসংশয়মিতি। ততঃ ভবদুক্তাদপি, ভূয়ঃ অধিকম্, কর্ত্তা করিষ্যতি ॥৩৮॥

যথেতি। বিহৃতো বিহারেণ নীতঃ, সমা বৎসরাঃ, দ্বাদশবৎসরাত্মকঃ সর্ব্বঃ কাল ইত্যর্থঃ ॥৩৯॥

অথবা, নরনাথ! আপনি সেই দ্যূতসভায় যেমন প্রতিজ্ঞা করিয়াছিলেন, তেমন ভাবেই ইচ্ছানুসারে সেই প্রতিজ্ঞাতস্থানে অবস্থান করুন; আর যাদব-যোদ্ধারা শত্রুযোদ্ধৃবর্গকে সংহার করুক; পরে হস্তিনারাজধানী আপনার প্রতীক্ষা করিতে থাকুক ॥৩৫॥

মহারাজ! আপনি যেখানে ইচ্ছা করেন, সেইখানেই ইচ্ছানুসারে বাস করিয়া, তাহার পর দৈন্য, কষ্ট ও শোক পরিত্যাগ করিয়া, প্রথমেই রাজ্যের সহিত প্রসিদ্ধ হস্তিনানগর লাভ করিবেন" ॥৩৬॥

তদনন্তর মহাত্মা যুধিষ্ঠির যথাযথভাবে কৃষ্ণোক্ত সেই মত জানিয়া, তাঁহাকে প্রশংসা করিয়া এবং তাঁহার দিকে দৃষ্টিপাতপূর্ব্বক কৃতাঞ্জলি হইয়া এই কথা বলিলেন—॥৩৭॥

"কৃষ্ণ! তুমিই পাণ্ডবগণের গতি এবং পাণ্ডবেরাও তোমার শরণাপন্ন, এবিষয়ে কোন সন্দেহ নাই; অতএব সময় উপস্থিত হইলে, উক্ত অপেক্ষা অধিক কার্য্যই তুমি করিবে, এবিষয়ে কোন সন্দেহ নাই ॥৩৮॥

এষৈব বুদ্ধির্জুষতাং সদা ত্বাং সত্যে স্থিতাঃ কেশব! পাণ্ডবেয়াঃ।
সদানধর্ম্মাঃ সজনাঃ সদারাঃ সবান্ধবাস্ত্বচ্ছরণা হি পার্থাঃ ॥৪০॥

বৈশম্পায়ন উবাচ।

তথা বদতি বার্ষ্ণেয়ে ধর্ম্মরাজে চ ভারত।।
অথ পশ্চাত্তপোবৃদ্ধো বহুবর্ষসহস্রধৃক্।
প্রত্যদৃশ্যত ধর্ম্মাত্মা মার্কণ্ডেয়ো মহাতপাঃ ॥৪১॥
অজরশ্চামরশ্চৈব রূপৌদার্য্যগুণান্বিতঃ।
ব্যদৃশ্যত তথা যুক্তো যথা স্যাৎ পঞ্চবিংশকঃ ॥৪২॥
তমাগতমৃষিং বৃদ্ধং বহুবর্ষসহস্রিণম্।
আনর্চ্চুর্ব্রাহ্মণাঃ সর্ব্বে কৃষ্ণশ্চ সহ পাণ্ডবৈঃ ॥৪৩॥

ভারতকৌমুদী

এষেতি। জুষতাং ভজতাম্। ত্বমেব শরণং রক্ষিতা যেষাং তে, পার্থাঃ পাণ্ডবাঃ ॥৪০॥

তথেতি। বার্ষ্ণেয়ে কৃষ্ণে। বহুবর্ষসহস্রধৃক্ সপ্তকল্পান্তজীবিত্বাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪১॥

অজর ইতি। যথা পঞ্চবিংশকঃ পঞ্চবিংশতিবর্ষবয়স্কঃ স্যাৎ, তথা আকৃত্যা যুক্তঃ ॥৪২॥

তমিতি। বহুবর্ষসহস্রিণং বহুবর্ষসহস্রবয়স্কম্। আনর্চ্চুঃ পূজযামাসুঃ ॥৪৩॥

কেশব! পাণ্ডবেরা নির্জ্জনে থাকিয়া এই দ্বাদশ বৎসরকাল প্রায় অতিবাহিত করিয়াছে; এখন অজ্ঞাতবাস সমাপ্ত করিয়া তোমাকেই আশ্রয় করিবে ॥৩৯॥

কেশব! এই ধারণাই যেন সর্ব্বদা তোমার থাকে যে, সত্যনিষ্ঠ ও দানধর্ম্মনিরত পাণ্ডবেরা পত্নী, স্বজন ও বন্ধুবর্গের সহিত তোমারই শরণাগত" ॥৪০॥

বৈশম্পায়ন বলিলেন—ভরতনন্দন জনমেজয়! কৃষ্ণ ও যুধিষ্ঠির সেইরূপ কথোপকথন করিতেছিলেন, এমন সময়ে তপোবৃদ্ধ, বহু সহস্রবৎসরজীবী, ধর্ম্মাত্মা ও মহাতপা মার্কণ্ডেয়মুনিকে দেখা গেল ॥৪১॥

অজর, অমর এবং রূপ ও ঔদার্য্যগুণসম্পন্ন মার্কণ্ডেয়মুনিকে—পঞ্চবিংশতিবর্ষবয়স্ক যুবাকে যেমন দেখা যায়, তেমন আকৃতিযুক্ত দেখা যাইতে লাগিল। ॥৪২॥

তাহার পর কৃষ্ণ এবং ব্রাহ্মণেরা সকলে পাণ্ডবগণের সহিত মিলিত হইয়া বহু সহস্রবৎসরবয়স্ক বৃদ্ধ সেই আগত মার্কণ্ডেয়মুনির পূজা করিলেন ॥৪৩॥

---

(৪০) শ্লোকাৎ পরং পিতামহলিখিতপুস্তকে অধ্যায়সমাপ্তির্দৃশ্যতে, অন্যত্র তু ন।

তমর্চ্চিতং সুবিশ্বস্তমাসীনমৃষিসত্তমম্।
ব্রাহ্মণানাং মতেনাহ পাণ্ডবানাঞ্চ কেশবঃ ॥৪৪॥

কৃষ্ণ উবাচ।

শুশ্রূষবঃ পাণ্ডবাস্তে ব্রাহ্মণাশ্চ সমাগতাঃ।
দ্রৌপদী সত্যভামা চ তথাহং পরমং বচঃ ॥৪৫॥
পুরা বৃত্তাঃ কথাঃ পুণ্যাঃ সদাচারান্ সনাতনান্।
রাজ্ঞাং স্ত্রীণামৃষীণাঞ্চ মার্কণ্ডেয়! বিচক্ষ্ব নঃ ॥৪৬॥

বৈশম্পায়ন উবাচ।

তেষু তত্রোপবিষ্টেষু দেবর্ষিরপি নারদঃ।
আজগাম বিশুদ্ধাত্মা পাণ্ডবানবলোককঃ ॥৪৭॥
তমপ্যথ মহাত্মানং সর্ব্বে তে পুরুষর্ষভাঃ।
পাদ্যার্ঘ্যাভ্যাং যথান্যায়মুপতস্থুর্মনীষিণঃ ॥৪৮॥
নারদস্ত্বথ দেবর্ষির্জ্ঞাত্বা তাংস্তু কৃতক্ষণান্।
মার্কণ্ডেয়স্য বদতস্তাং কথামন্বমোদত ॥৪৯॥

ভারতকৌমুদী

তমিতি। সুবিশ্বস্তং সর্ব্বথা নিরুদ্বেগম্। মতেন অভিপ্রায়ানুসারেণ ॥৪৪॥
শুশ্রূষব ইতি। তে তব পরমং বচঃ, শুশ্রূষবঃ শ্রোতুমিচ্ছবঃ ॥৪৫॥
পুরেতি। পুরা বৃত্তাঃ প্রাচীনে কালে জাতাঃ। বিচক্ষ্ব ব্রূহি, নঃ অস্মান্ ॥৪৬॥
তেষিতি। অবলোককঃ অবলোকনার্থী, পাণ্ডবান্ আজগামেতি সম্বন্ধঃ ॥৪৭॥
তমিতি। উপতস্থুঃ পূজয়ামাসুরিত্যর্থঃ ॥৪৮॥

---

তখন ঋষিশ্রেষ্ঠ মার্কণ্ডেয় সম্মানিত হইয়া সুস্থভাবে উপবেশন করিলে, কৃষ্ণ ব্রাহ্মণগণ ও পাণ্ডবগণের মত অনুসারে বলিলেন ॥৪৪॥

কৃষ্ণ বলিলেন—"মহর্ষি! পাণ্ডবগণ, সমাগত ব্রাহ্মণগণ, দ্রৌপদী, সত্যভামা এবং আমি—আপনার উত্তম বাক্য শ্রবণ করিতে ইচ্ছা করি ॥৪৫॥

অতএব আপনি—প্রাচীনকালের পুণ্য উপাখ্যান এবং রাজাদের, স্ত্রীলোকদের ও ঋষিদের সনাতন সদাচারের বিষয় আমাদের নিকট বলুন" ॥৪৬॥

বৈশম্পায়ন বলিলেন—তাঁহারা সেইখানে উপবিষ্ট ছিলেন, এমন সময়ে বিশুদ্ধচিত্ত দেবর্ষি নারদও সাক্ষাৎ করিবার জন্য পাণ্ডবগণের নিকটে আগমন করিলেন ॥৪৭॥

তাহার পর সেই পুরুষশ্রেষ্ঠ ও জ্ঞানীরা সকলেই পাদ্য ও অর্ঘ্যদ্বারা যথানিয়মে নারদেরও পূজা করিলেন ॥৪৮॥

উবাচ চৈনং কালজ্ঞঃ স্ময়ন্নিব সনাতনঃ।
ব্রহ্মর্ষে! কথ্যতাং যত্তে পাণ্ডবেষু বিবক্ষিতম্ ॥৫০॥
এবমুক্তঃ প্রত্যুবাচ মার্কণ্ডেয়ো মহাতপাঃ।
ক্ষণং কুরুধ্বং বিপুলমাখ্যাতব্যং ভবিষ্যতি ॥৫১॥
এবমুক্তাঃ ক্ষণং চক্রুঃ পাণ্ডবাঃ সহ তৈর্দ্বিজৈঃ।
মধ্যন্দিনে যথাদিত্যং প্রেক্ষন্তস্তে মহামুনিম্ ॥৫২॥

বৈশম্পায়ন উবাচ।

তং বিবক্ষন্তমালক্ষ্য কুরুরাজো মহামুনিম্।
কথাসংজননার্থায় চোদয়ামাস পাণ্ডবঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

নারদ ইতি। কৃতক্ষণান্ মার্কণ্ডেয়কথাশ্রবণে অঙ্গীকৃতাবসরান্ ॥৪৯॥

উবাচেতি। কালজ্ঞঃ অবসরজ্ঞঃ, স্ময়ন্ স্ময়মানঃ ঈষদ্ধসন্, সনাতনঃ কৃষ্ণঃ ॥৫০॥

এবমিতি। ক্ষণং দীর্ঘমবসরম্। আখ্যাতব্যং ময়া বক্তব্যম্ ॥৫১॥

এবমিতি। ক্ষণং চক্রুঃ, প্রত্যেকং বিশ্রাতাবাদিকং পৃচ্ছন্ত ইত্যাশয়ঃ ॥৫২॥

তমিতি। কথায়াঃ সংজননার্থায় প্রসঙ্গায়, চোদয়ামাস বক্তুং প্রেরয়ামাস ॥৫৩॥

ভারতভাবদীপঃ

॥৩৩॥ ভৌমস্য নরকাসুরস্য, সৌভাধিপতেঃ শাল্বস্য ॥৩৪—৪১॥ পঞ্চবিংশকঃ বর্ষৈরিতি শেষঃ ॥৪২॥ সুবিশ্বস্তং ভগবন্মায়াদৌ দৃঢ়নিশ্চয়ম্ ॥৪৪—৪৮॥ অবলোককঃ অবলোকনার্থী ॥৪৭—৪৯॥

তদনন্তর দেবর্ষি নারদ তাঁহাদিগকে মার্কণ্ডেয়ের কথাশ্রবণে প্রবৃত্ত জানিয়া মার্কণ্ডেয়ের বলার বিষয়ই অনুমোদন করিলেন ॥৪৯॥

এবং অবসরজ্ঞ কৃষ্ণ ঈষৎ হাসিতে হাসিতেই যেন মার্কণ্ডেয়মুনিকে বলিলেন—"ব্রহ্মর্ষি! আপনি পাণ্ডবগণের নিকট যাহা বলিতে ইচ্ছা করিয়াছিলেন, তাহা বলুন" ॥৫০॥

কৃষ্ণ এইরূপ বলিলে, মহাতপা মার্কণ্ডেয় প্রত্যুত্তর করিলেন—"তোমরা উপযুক্ত অবসর কর। কারণ, প্রচুর বলিতে হইবে" ॥৫১॥

মার্কণ্ডেয় এইরূপ বলিলে, সেই ব্রাহ্মণগণের সহিত পাণ্ডবেরা মধ্যাহ্নকালীন সূর্য্যের ন্যায় মহাতেজা মহর্ষি মার্কণ্ডেয়ের প্রতি দৃষ্টিপাত করিয়া সময় ঠিক করিলেন ॥৫২॥

বৈশম্পায়ন বলিলেন—মহর্ষি মার্কণ্ডেয় বলিতে ইচ্ছুক হইয়াছেন দেখিয়া কুরুরাজ যুধিষ্ঠির কথা উত্থাপন করিবার জন্য প্রশ্ন করিলেন—॥৫৩॥

(৫২) শ্লোকাৎ পরং নির্ণয়সাগরপুস্তকে অধ্যায়সমাপ্তির্দৃশ্যতে, অন্যত্র তু ন।

ভবান্ দৈবতদৈত্যানামৃষীণাঞ্চ মহাত্মনাম্।
রাজর্ষীণাঞ্চ সর্ব্বেষাং চরিতজ্ঞঃ পুরাতনঃ ॥৫৪॥
সেব্যশ্চোপাসিতব্যশ্চ মতো নঃ কাঙ্ক্ষিতশ্চিরম্।
অয়ঞ্চ দেবকীপুত্রঃ প্রাপ্তোঽস্মানবলোককঃ ॥৫৫॥ (যুগ্মকম্)
ভবত্যেব হি মে বুদ্ধির্দৃষ্ট্বাত্মানং সুখাচ্চ্যুতম্।
ধার্ত্তরাষ্ট্রাংশ্চ দুর্ব্বৃত্তানৃধ্যতঃ প্রেক্ষ্য সর্ব্বশঃ ॥৫৬॥
কর্ম্মণঃ পুরুষঃ কর্ত্তা শুভস্যাথাশুভস্য বা।
স ফলং তদুপাশ্নাতি কথং কর্ত্তা স্বিদীশ্বরঃ ॥৫৭॥
কুতো বা সুখদুঃখেষু নৃণাং ব্রহ্মবিদাং বর!।
ইহ বা কৃতমন্বেতি পরদেহেঽথবা পুনঃ ॥৫৮॥

### ভারতকৌমুদী

ভবানিতি। ঋষীণাং ব্রহ্মর্ষীণাম্। অবলোককঃ অবলোকনার্থী ॥৫৪—৫৫॥

ভবতীতি। বুদ্ধিঃ এতৎকারণজিজ্ঞাসা। সর্ব্বশঃ সর্ব্বেষু প্রকারেষু, ঋধ্যত উন্নতান্ ॥৫৬॥

কর্ম্ম। ইতি। পুরুষঃ, শুভস্য শুভমূলীভূতধর্ম্মজনকস্য যাগাদেঃ, অথবা অশুভস্য অশুভমূলীভূত পাপজনকস্য হিংসাদেঃ কর্ত্তা ভবতি। অতঃ স এব, তৎ, তৎসম্বন্ধি ফলমুপাশ্নাতি। অতস্তত্র ঈশ্বরঃ কথং স্বিৎ কর্ত্তা স্যাৎ, তেন পুরুষেণ স্বয়মেব ভোগাৎ ॥৫৭॥

কুত ইতি। হে ব্রহ্মবিদাং বর! কুতো বা সুখদুঃখেষু তদুভয়জনকেষু কর্ম্মসু, নৃণাং প্রবৃত্তিরিতি শেষঃ। কৃতং কর্ম্ম কর্ম্মফলমিত্যর্থঃ, ইহ লোকে বা পু ম, অন্বেতি অনুসরতি অথবা পুনঃ পরদেহে পরলোকীয়দেহে অন্বেতি ॥৫৮॥

### ভারতভাবদীপঃ

সনাতনঃ কৃষ্ণঃ ॥৫০—৫৫॥ ভবত্যেব হীতি ধর্ম্মাধর্ম্মফলযোর্বিপর্য্যয়ং দৃষ্ট্বা পুরুষঃ কর্ম্মণঃ ফলং কথং স্বিদশ্নাতি ঈশ্বরো বা কথংস্বিৎ কর্ত্তাস্তীতি ধর্ম্মেশ্বরয়োরাক্ষেপঃ, ঋধ্যতঃ সমৃদ্ধিযুতান্ ॥৫৬॥ কথংস্বিদিত্যস্যোভয়ত্র সম্বন্ধঃ ॥৫৭॥ কুতো বেতি স্বভাবাৎ কর্ম্মণো বা অন্তে ইহৈব

"মহর্ষি! আপনি—সমস্ত দেবতা, দৈত্য, মহাত্মা ব্রহ্মর্ষি ও রাজর্ষির চরিত্র জানেন এবং প্রাচীন, সুতরাং আপনি আমাদের সেবনীয়, পূজনীয় ও চিরবাঞ্ছিত; আর এই কৃষ্ণও দর্শনার্থী হইয়া আমাদের নিকট আসিয়াছেন ॥৫৪—৫৫॥

এদিকে নিজেকে সুখভ্রষ্ট এবং দুর্বৃত্ত ধৃতরাষ্ট্রপুত্রগণকে সর্ব্বপ্রকারে সমৃদ্ধিযুক্ত দেখিয়া আমার প্রশ্ন করিবার ইচ্ছা হইতেছে ॥৫৬॥

মানুষই ধর্ম্মের কার্য্য বা অধর্ম্মের কার্য্য করে এবং সে-ই তাহার ফলভোগ করে; সুতরাং তাহাতে ঈশ্বর কর্ত্তা হন কি করিয়া? ॥৫৭॥

দেহী চ দেহং সন্ত্যজ্য মৃগ্যমাণঃ শুভাশুভৈঃ।
কথং সংযুজ্যতে প্রেত্য ইহ বা দ্বিজসত্তম ! ॥৫৯॥
ঐহলৌকিকমেবেহ উতাহো পারলৌকিকম্।
ক বা কর্ম্মাণি তিষ্ঠন্তি জন্তোঃ প্রেতস্য ভার্গব ! ॥৬০॥

মার্কণ্ডেয় উবাচ।

ত্বদ্যুক্তোঽয়মনুপ্রশ্নো যথাবদ্বদতাং বর ! ।
বিদিতং বেদিতব্যং তে স্থিত্যর্থং ত্বন্তু পৃচ্ছসি ॥৬১॥
অথ তে কথয়িষ্যামি তদিহৈকমনাঃ শৃণু।
যথেহামুত্র চ নরঃ সুখদুঃখমুপাশ্নুতে ॥৬২॥

ভারতকৌমুদী

দেহীতি। হে দ্বিজসত্তম ! দেহী জীবঃ, দেহং সন্ত্যজ্য পরলোকং গত ইতি শেষঃ, শুভাশুভৈঃ ফলৈঃ মৃগ্যমাণঃ অন্বিষ্যমাণঃ কথং কেন প্রকারেণ, প্রেত্য পরলোকে, তৈঃ শুভাশুভৈঃ সংযুজ্যতে, ইহ লোকে বা কথং সংযুজ্যতে ॥৫৯॥

ঐহেতি। হে ভার্গব ! ইহ জগতি, পুরুষাণাং কর্ম্মফলম্, ঐহলৌকিকমেব, উতাহো অথবা পারলৌকিকম্। প্রেতস্য মৃতস্য জন্তোঃ কর্ম্মাণি ক বা তিষ্ঠন্তি, তদ্দেহাভাবাৎ ॥৬০॥

ত্বদিতি। ত্বদ্যুক্তঃ ত্বয়ৈব সঙ্গতঃ। স্থিত্যর্থম্ এতৎপ্রকাশনদ্বারা লোকরক্ষার্থম্ ॥৬১॥

অথেতি। ইহ লোকে, অমুত্র পরলোকে, "প্রেত্যামুত্র ভবান্তরে" ইত্যমরঃ ॥৬২॥

ভারতভাবদীপঃ

পরত্রাপি বা কৃতং কর্ম্মণা সাধিতং সুখমস্বেতীত্যর্থঃ ॥৫৮॥ শুভাশুভৈঃ কর্ম্মভিঃ সদ্যো বিনাশিভিরিহ বা কারীর্য্যাদিভির্দৃষ্টার্থং বিহিতৈঃ পরত্র বা দেহত্যাগে সতি কথং সংযুজ্যতে কিমাশ্রিত্য চ কর্ম্মাণি তিষ্ঠন্তীতি ফলস্য ব্যভিচারাদাশুবিনাশিত্বাদাশ্রয়াভাবাচ্চেতি

বেদজ্ঞশ্রেষ্ঠ ! সুখজনক কার্য্যে বা দুঃখজনক কার্য্যে মানুষের প্রবৃত্তি হয় কেন ? এবং কর্ম্মের ফল ইহলোকে হয়—না পরলোকে হয় ? ॥৫৮॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ ! জীব, দেহ ত্যাগ করিয়া পরলোকে গমন করে ; তখন ধর্ম্ম ও অধর্ম্ম তাহার অন্বেষণ করিতে থাকে ; কিন্তু সে ধর্ম্ম ও অধর্ম্ম ইহলোকে থাকিয়া বা পরলোকে যাইয়া তাহার সহিত কি করিয়া মিলিত হয় ? ॥৫৯॥

ভৃগুনন্দন ! জগতে কর্ম্মের ফল কি ইহলোকেই হয়—না পরলোকে হয় ? এবং প্রাণী মরিয়া গেলে তাহার কর্ম্ম থাকে কোথায় ?" ॥৬০॥

মার্কণ্ডেয় বলিলেন—"বাগ্মিশ্রেষ্ঠ ! এই প্রশ্নগুলি তোমার পক্ষেই সঙ্গত ; কিন্তু তুমি জ্ঞাতব্য বিষয় যথাযথভাবেই জান, তথাপি প্রচারদ্বারা লোকরক্ষা করিবার জন্য জিজ্ঞাসা করিতেছ ॥৬১॥

নির্ম্মলানি শরীরাণি বিশুদ্ধানি শরীরিণাম্।
সসর্জ্জ ধর্ম্মতন্ত্রাণি পূর্ব্বোৎপন্নঃ প্রজাপতিঃ।৬৩॥
অমোঘফলসঙ্কল্পাঃ সুব্রতাঃ সত্যবাদিনঃ।
ব্রহ্মভূতাঃ নরাঃ পুণ্যাঃ পুরাণাঃ কুরুসত্তম। ॥৬৪॥
সর্ব্বে দেবৈঃ সমায়ান্তি স্বচ্ছন্দেন নভস্তলম্।
ততশ্চ পুনরায়ান্তি সর্ব্বে স্বচ্ছন্দচারিণঃ ॥৬৫॥
স্বচ্ছন্দমরণাশ্চাসন্ নরাঃ স্বচ্ছন্দজীবিনঃ।
অল্পবাধা নিরাতঙ্কাঃ সিদ্ধার্থা নিরুপদ্রবাঃ ॥৬৬॥
দ্রষ্টারো দেবসংঘানামৃষীণাঞ্চ মহাত্মনাম্।
প্রত্যক্ষাঃ সর্ব্বধর্ম্মাণাং দান্তা বিগতমৎসরাঃ ॥৬৭॥

ভারতকৌমুদী

নির্ম্মলানীতি। নির্ম্মলানি নিষ্পাপাণি, বিশুদ্ধানি পবিত্রাণি। ধর্ম্মতন্ত্রাণি ধর্ম্মপ্রধানানি ॥৬৩॥

অমোঘেতি। অমোঘা অব্যর্থাঃ কর্ম্মণাং ফলসঙ্কল্পা যেষাং তে, সুব্রতা দৃঢশাস্ত্রীয়নিয়মাঃ, ব্রহ্মভূতা ব্রাহ্মণরূপাঃ, প্রাগুক্তহনূমদ্বাক্যৈকতাৎপর্য্যকত্বাৎ। পুরাণাঃ প্রাক্তনাঃ ॥৬৪॥

সর্ব্ব ইতি। স্বচ্ছন্দেন স্বস্বাভিপ্রায়ানুসারেণ, "অভিপ্রায়শ্ছন্দ আশয়ঃ" ইত্যমরঃ ॥৬৫॥

স্বেতি। অল্পবাধাঃ কদাচিৎ কিঞ্চিদ্বিঘ্নান্বিতাঃ, সিদ্ধার্থা উদ্যমাদেব নিষ্পন্নকার্য্যাঃ ॥৬৬॥

(সে যাহা হউক,) মানুষ যে ভাবে ইহলোকে ও পরলোকে সুখ-দুঃখ ভোগ করে, তাহা আমি তোমার নিকট বলিব ; তুমি একাগ্রচিত্ত হইয়া তাহা শ্রবণ কর ॥৬২॥

প্রথমোৎপন্ন ব্রহ্মা প্রথমে প্রাণিগণের দেহকে নিষ্পাপ, পবিত্র ও ধর্ম্মপ্রধান করিয়া সৃষ্টি করিয়াছিলেন ॥৬৩॥

কৌরবশ্রেষ্ঠ! সেই প্রাচীন মনুষ্যেরা যথানিয়মে ব্রতচারী, সত্যবাদী, ব্রাহ্মণস্বরূপ ও পুণ্যবান্ ছিলেন এবং তাঁহাদের কর্ম্মফলের সঙ্কল্প ব্যর্থ হইত না ॥৬৪॥

তাঁহারা সকলেই আপন আপন ইচ্ছানুসারে দেবগণের সহিত আকাশে বিচরণ করিতেন, তথা হইতে আবার আসিতেন এবং সর্ব্বত্রই ইচ্ছানুসারে বিচরণ করিতে পারিতেন ॥৬৫॥

তাঁহাদের ইচ্ছানুসারে মৃত্যু, ইচ্ছানুসারে জীবন এবং অল্প বিঘ্ন ছিল ; আতঙ্ক বা উপদ্রব একেবারেই ছিল না এবং উদ্যম করিলেই কার্য্য সিদ্ধ হইত ॥৬৬॥

আসন্ বর্ষসহস্রীয়াস্তথা পুত্রসহস্রিণঃ।
ততঃ কালান্তরে তস্মিন্ পৃথিবীতলচারিণঃ ॥৬৮॥
কামক্রোধাভিভূতাস্তে মায়াব্যাজোপজীবিনঃ।
লোভমোহাভিভূতাশ্চ ত্যক্তা দেহৈস্ততো নরাঃ ॥৬৯॥
অশুভৈঃ কর্ম্মভিঃ পাপাস্তির্য্যঙ্নিরয়গামিনঃ।
সংসারেষু বিচিত্রেষু পচ্যমানাঃ পুনঃ পুনঃ ॥৭০॥
মোঘেষ্টা মোঘসঙ্কল্পা মোঘজ্ঞানা বিচেতসঃ।
সর্ব্বাভিশঙ্কিনশ্চৈব সংবৃত্তাঃ ক্লেশদায়িনঃ ॥৭১॥

ভারতকৌমুদী

দ্রষ্টার ইতি। প্রত্যক্ষাঃ প্রত্যক্ষকারিণঃ, দান্ত' জিতেন্দ্রিয়াঃ, বিগতমৎসরা দ্বেষহীনাঃ ॥৬৭॥

আসন্নিতি। বর্ষসহস্রীয়াঃ সহস্রবৎসরজীবিনঃ। পৃথিবীতলচারিণঃ কেবলভূতলচারিণ এব আসন্, রুচিবৈচিত্র্যাপাতাৎ পাপাচরণেন ক্ষমতাহ্রাসাদিত্যাশয়ঃ। পরত্রাপ্যেবম্ ॥৬৮॥

কামেতি। মায়া কূটকৌশলং ব্যাজঃ প্রতারণা তাভ্যামুপজীবন্তীতি তে। দেহৈঃ পূর্ব্ববৎ নিষ্পাপৈঃ শরীরৈঃ ত্যক্তা আসন্নিতি শেষঃ ॥৬৯॥

অশুভৈরিতি। পাপাঃ পাপিনঃ সন্তঃ। বিচিত্রেষু স্থাবরাদিষু, পচ্যমানাঃ ক্লিশ্যমানাঃ ॥৭০॥

ভারতভাবদীপঃ

ত্রেধা প্রাক্কর্ম্মসদ্ভাবাক্ষেপঃ ॥৫৯ ৬০॥ স্থিত্যর্থং লোকরক্ষার্থম্ ॥৬০—৬৩॥ তত্র ধর্ম্মাধর্ম্ম-ফলয়োস্তাবদব্যভিচারং দর্শয়ন্ প্রথমং দোষং নিরস্যতি—নির্ম্মলানীত্যাদিনা ॥৬৪—৬৮॥

তাঁহারা দেবগণ ও মহাত্মা ঋষিগণকে দেখিতে পাইতেন এবং সর্ব্বধর্ম্ম প্রত্যক্ষ করিতেন এবং জিতেন্দ্রিয় ও বিদ্বেষশূন্য ছিলেন ॥৬৭॥

এবং তাঁহারা সহস্র বৎসরজীবী ও সহস্র পুত্রবান্ হইতেন। তাহার পর অন্য কাল উপস্থিত হইলে, সেই মনুষ্যেরাই কেবল ভূতলেই বিচরণ করিতে পারিতেন ॥৬৮॥

ক্রমে সেই মনুষেরাই কাম, ক্রোধ, লোভ ও মোহে অভিভূত হইয়া পড়িল এবং কূটকৌশল ও প্রতারণা করিয়া জীবনধারণ করিতে আরম্ভ করিল; তাহাতেই তাহাদের আর পূর্ব্বের ন্যায় নিষ্পাপ দেহ থাকিল না ॥৬৯॥

দুষ্কর্ম্মের ফলে পাপী হইয়া তির্য্যগ্‌যোনিতে ও নরকে গমন করিতে লাগিল এবং বার বার বিচিত্র সংসারে আসিয়া পচিতে থাকিল ॥৭০॥

এবং তাহাদের উদ্যম, সঙ্কল্প ও বুদ্ধি ব্যর্থ হইতে থাকিল; চিত্তের বৃত্তি

(৬৮) ততঃ কালান্তরেঽস্মিন্—বা ব কা পি।

অশুভৈঃ কর্ম্মভিশ্চাপি প্রায়শঃ পরিচিহ্নিতাঃ।
দৌষ্কুল্যা ব্যাধিবহুলা দুরাত্মানোঽপ্রতাপিনঃ ॥৭২॥
ভবন্ত্যল্পায়ুষঃ পাপা রৌদ্রকর্ম্মফলোদয়াঃ।
নাথন্তঃ সর্ব্বকামানাং নাস্তিকা ভিন্নচেতসঃ ॥৭৩॥
জন্তোঃ প্রেতস্য কৌন্তেয়! গতিঃ স্বৈরিহ কর্ম্মভিঃ।
প্রাজ্ঞস্য হীনবুদ্ধেশ্চ কর্ম্মকোশঃ ক্ব তিষ্ঠতি ॥৭৪॥
কস্থস্তৎ সমুপাশ্নাতি সুকৃতং যদি বেতরৎ।
ইতি তে দর্শনং যচ্চ তত্রাপ্যনুনয়ং শৃণু ॥৭৫॥

ভারতকৌমুদী

মোঘেতি। মোঘেষ্টা ব্যর্থাভীষ্টবিষয়োদ্যমাঃ। বিচেতসো বিরুদ্ধচিত্তবৃত্তয়ঃ ॥৭১॥

অশুভৈরিতি। পরিচিহ্নিতাঃ শ্বিত্রাদিরোগৈঃ। দৌষ্কুল্যা দুষ্কুলজাতাঃ ॥৭২॥

ভবন্তীতি। রৌদ্রাঃ পুত্রাদিমরণেন ভয়ঙ্করাঃ কর্ম্মফলোদয়া যেষাং তে। নাথন্তঃ প্রভুপ্রভৃতি-সমীপ এব প্রার্থয়ন্তঃ, সর্ব্বকামানাং সর্ব্বাণ্যভীষ্টানি। ভিন্নচেতস ঐক্যশূন্যাঃ ॥৭৩॥

অপৃষ্টমপি প্রাচীননরস্বরূপং জ্ঞাপনসৌকর্য্যার্থমেতাবতা প্রবন্ধেনাভিধায়েদানীং "কর্ম্মণঃ পুরুষঃ কর্ত্তা" ইত্যাদিনা পৃষ্টমঙ্গীকুর্ব্বন্নভিধত্তে—জন্তোরিতি। হে কৌন্তেয়! ইহ জগতি, প্রেতস্য মৃতস্য জন্তোঃ, স্বৈঃ কর্ম্মভিরেব, গতিঃ স্বর্গস্য নরকস্য বা প্রাপ্তিঃ স্যাৎ। ঈশ্বরস্য কর্তৃত্বসিদ্ধান্তস্তু পরস্তাৎ স্ফুটীভবিষ্যতি। প্রধানপ্রশ্নস্যোত্তরং বক্তুং তস্যানুবাদং করোতি সার্দ্ধশ্লোকেন প্রাজ্ঞস্যেতি। কর্ম্মকোষে. ধর্ম্মাধর্ম্মাশ্রয়ঃ ॥৭৪॥

কেতি। ক্ব কস্মিন্ তিষ্ঠতীতি কস্থঃ পুরুষঃ, তৎ সুকৃতং ধর্ম্মম্, যদি বা ইতরৎ অধর্ম্মম্।

ভারতভাবদীপঃ

মায়া কূটকার্ষাপণাদির্ব্যাজং দম্ভস্তদেবোপজীবন্তি ন তু ধর্ম্মং তে মায়াব্যাজোপজীবিনঃ ॥৬৯—৭২॥ নাথন্তঃ প্রার্থয়মানাঃ, কামানাং কামান্ ॥৭৩॥ অন্ত্যং প্রশ্নমনুবদতি—জন্তোঃ

---

বিভিন্ন হইল; পরস্পরের প্রতি পরস্পরের আশঙ্কা জন্মিতে লাগিল এবং তাহারা অন্যান্যের ক্লেশ উৎপাদন করিতে থাকিল ॥৭১॥

তাহারা পাপকর্ম্মের ফলে প্রায়ই দূষিত চিহ্নে চিহ্নিত, দূষিত বংশে উৎপন্ন, বহুরোগগ্রস্ত, দুষ্টবুদ্ধি ও প্রতাপশূন্য হইতে লাগিল ॥৭২॥

আর, তাহারা অল্পায়ু, নাস্তিক ও একতাশূন্য হইতে থাকিল এবং তাহাদের পাপকর্ম্মের ফল ভয়ঙ্কর হইয়া প্রকাশ পাইতে লাগিল; সেই সময়ে তাহারা সকল অভীষ্ট বস্তুই মানুষের নিকট প্রার্থনা করিত ॥৭৩॥

কুন্তীনন্দন! মৃত্যুর পরে আপন কর্ম্মানুসারেই প্রাণীর গতি হইয়া থাকে। তা'র পর, জ্ঞানী ও অজ্ঞানীর কর্ম্ম কোথায় থাকে? ॥৭৪॥

---

(৭২)···দুরাত্মানঃ প্রতাপিনঃ—বা ব কা নি।

অয়মাদিশরীরেণ দেবসৃষ্টেন মানবঃ।
শুভানামশুভানাঞ্চ কুরুতে সঞ্চয়ং মহৎ ॥৭৬॥
আয়ুষোঽন্তে প্রহায়েদং ক্ষীণপ্রায়ং কলেবরম্।
সম্ভবত্যেব যুগপদ্‌যোনৌ নাস্ত্যন্তরা ভবঃ ॥৭৭॥

## ভারতকৌমুদী

দৃশ্যতে সন্দিগ্ধার্থো জ্ঞায়তে অনেনেতি দর্শনং প্রশ্নঃ। অনুনীয়তে আত্মনি যথার্থজ্ঞানং প্রাপ্যতে অনেনেতি অনুনয়ঃ সিদ্ধান্তম্ ॥৭৫॥

অয়মিতি। অয়ং মানবঃ, দেবেন ঈশ্বরেণ সৃষ্টং তৎকর্ম্মানুসারেণ নির্ম্মিতং তেন, আদিশরীরে পূর্ব্বদেহেন, শুভানামশুভানাঞ্চ পুণ্যপাপানাম্, মহৎ সঞ্চয়ং কুরুতে। মহদিতি ক্লীবত্বমার্ষম্। গুণভূতয়োঃ পুণ্যপাপয়োর্দেহসৃষ্টিক্রিয়া ন সম্ভবতীতি তত্রেশ্বরস্য কর্তৃত্বমঙ্গীকর্ত্তব্যমিতি "কথং কর্ত্তা বিদীশ্বরঃ" ইত্যস্যোত্তরং প্রত্যেতব্যমিতি ভাবঃ ॥৭৬॥

আয়ুষ ইতি। অয়ং মানব ইত্যনুকৃষ্যতে। আয়ুষোঽন্তে রোগাদিনা ক্ষীণপ্রায়ম্, ইদং কলেবরম্, প্রহায় ত্যক্ত্বা, যুগপদেব ত্যাগসমকালমেব, যোনৌ সম্ভবতি জায়তে, যথা জলৌকা সম্মুখস্থং তৃণং গৃহ্নত্যেব পূর্ব্বং তৃণং ত্যজতি, তদ্বদিতি ভাবঃ। অতএব অন্তরা ত্যাগোপাদানমধ্যে, ভবো জীবস্য শরীরান্তরোৎপত্তির্নাস্তি। অথ "তৎক্ষণাদেব গৃহ্নাতি শরীরমাতিবাহিকম্" "ততঃ সপিণ্ডীকরণে বান্ধবৈঃ স কৃতে নরঃ। প্রেতদেহং পরিত্যজ্য ভোগ্যদেহং প্রপদ্যতে।" ইতি স্মৃতৌ আতিবাহিকদেহস্য প্রেতদেহস্য চান্তরোৎপত্তির্দৃশ্যত ইতি চেৎ। উচ্যতে, দেহিনঃ কর্ম্মবৈচিত্র্যে-ণৈব জন্মবৈচিত্র্যমিতি। অতএব "বাযগ্রসাবি স্বরূপম" ইতি স্মৃত্যন্তরে আতিবাহিকদেহ-স্বরূপোক্তিরপি সঙ্গচ্ছত ইতি দিক্ ॥৭৭॥

## ভারতভাবদীপঃ

প্রেতস্যেতি দ্বাভ্যাম্ ॥৭৪॥ অনুনয়ং সিদ্ধান্তম্ ॥৭৫॥ তস্যোত্তরেণৈবার্থাৎকর্ম্মণামাশু-বিনাশিত্বদোষো নিরস্তো ভবতীত্যভিসন্ধায়াহ—অয়মাদীতি। আদিশরীরেণ লিঙ্গদেহেন যাবন্মোক্ষং স্থায়িনা ধর্ম্মাধর্ম্মসংসৃষ্টেন। যদ্বা ধর্ম্মাদ্যনুরোধিনা ঈশ্বরেণ বা সৃষ্টেনাবিকৃতেন সর্ব্ববাসনাময়ং লিঙ্গমেব কর্ম্মণামাশ্রয় ইত্যর্থঃ ॥৭৬॥ কলেবরং স্থূলদেহং যুগপদ্দেহদ্বয়েন সম্ভবতি সংযুজ্যতে পূর্ব্বত্যাগাৎ প্রাগেব তৃণজলৌকান্যায়েনাপরমাদত্তে ন তু তদনন্তরং অত

---

এবং প্রাণী কোথায় থাকিয়া পুণ্যের বা পাপের ফল ভোগ করে? এইরূপ যে তুমি জিজ্ঞাসা করিয়াছ, সে বিষয়ে সিদ্ধান্ত শ্রবণ কর ॥৭৫॥

এই প্রাণিগণ, ঈশ্বরনির্ম্মিত পূর্ব্বদেহে প্রচুর পাপ-পুণ্য সঞ্চয় করে ॥৭৬॥

তা'র পর, আয়ুর অবসানে ক্ষীণপ্রায় এই শরীর ত্যাগ করিয়া একদাই অপর যোনিতে জন্মগ্রহণ করে; কিন্তু মধ্যে অপর দেহ উৎপন্ন হয় না ॥৭৭॥

---

(৭৭)···নাস্ত্যন্তরাহন্তরঃ—বা ব কা নি।

তত্রাস্য স্বকৃতং কর্ম্ম চ্ছায়েবানুগতং সদা।
ফলত্যথ সুখার্হো বা দুঃখার্হো বাথ জায়তে ॥৭৮॥
কৃতান্তবিধিসংযুক্তঃ স জন্তুর্লক্ষণৈঃ শুভৈঃ।
অশুভৈর্ব্বা নিরাদানো লক্ষ্যতে জ্ঞানদৃষ্টিভিঃ ॥৭৯॥

ভারতকৌমুদী

ইদানীং "ইহ বা কৃতমন্বেতি পরদেহেঽথবা পুনঃ" ইত্যাদেরুত্তরমাহ—তত্রেতি। অথ তত্র যোন্যন্তরসম্ভবকাল এব অস্য দেহিনঃ, পূর্ব্বদেহে স্বকৃতং কর্ম্ম পুণ্যং পাপঞ্চ, সূক্ষ্মদেহাবলম্বনেন সদা ছায়া ইব, অনুগতং সৎ, ফলতি সুখদুঃখাত্মকফলজননায় প্রবর্ত্ততে। অথানন্তরং সুখার্হো বা দুঃখার্হো বা সন্, জায়তে জননীজঠরান্নির্গচ্ছতি, পুণ্যাপাপাশ্রয়ীভূতসূক্ষ্মদেহবান্ শুক্রশোণিত-পরিণামাত্মকস্থূলদেহবাংশ্চ জীব ইতি শেষঃ। এতেন পূর্ব্বদেহে কৃতস্য কর্ম্মণঃ পরদেহে অন্বয়ঃ, পরদেহে সংযোগঃ, কর্ম্মাশ্রয়শ্চ সূক্ষ্মদেহ ইত্যেতৎ সর্ব্বমুক্তং বেদিতব্যম্ ॥৭৮॥

নন্বেতৎ সর্ব্বং কল্পনাপ্রসূতং বা অনুমিতং বা প্রত্যক্ষং বা ? কিঞ্চ "কৃতো বা সুখদুঃখেষু নৃণাং প্রবৃত্তিঃ" ইত্যস্য বা কিমুত্তরমিত্যাহ—কৃতান্তেতি। জ্ঞানেনৈব দৃষ্টিঃ প্রত্যক্ষীকরণং যেষাং তৈরস্মদাদিভির্যোগিভিঃ, কৃতান্তস্য দৈবস্য প্রাক্তনকর্ম্মণ ইতি যাবৎ যো বিধিঃ অস্মিন্ জন্মনি কর্ম্মণি প্রবৃত্তি-বিধানং তেন সংযুক্তঃ। এতেন প্রাক্তনকর্ম্মানুসারেণৈবাস্মিন্নপি জন্মনি সুখদুঃখজনকেষু কর্ম্মসু নৃণাং প্রবৃত্তিরিতি সূচিতম্। নির্ন বিদ্যতে আদানং স্বকৃতকর্ম্মজনিতফলাতিরিক্তফলস্য গ্রহণং যস্য স তাদৃশঃ, স জন্তুর্দেহী, শুভৈঃ সুখাদিভিঃ, অশুভৈর্দুঃখাদিভির্ব্বা লক্ষণৈরন্বিতো লক্ষ্যতে দৃশ্যতে। অতো নৈতৎ সর্ব্বং কল্পনাপ্রসূতমনুমিতং বা, কিন্তস্মদাদিভির্যোগিভিঃ প্রত্যক্ষীকৃতমেবেতি মদুক্তৌ সন্দেহো ন কর্ত্তব্য ইতি ভাবঃ। "কৃতান্তো যমসিদ্ধান্তদৈবাকুশলকর্ম্মসু" ইত্যমরঃ ॥৭৯॥

ভারতভাবদীপঃ

এবাস্তরা মধ্যে ক্ষণমাত্রমপ্যভবোঽসংসারো নাস্তি ॥৭৭॥ তত্র স্থূলদেহান্তরে যত্তু মরণানন্তরং মধ্যে যাবদগর্ভবাসমাতিবাহিকশরীরারূঢ়ো দিবি ভুব্যন্তরিক্ষে নরকে বা ভবতীতি তৎ স্বপ্নদৃষ্টৈব জেয়ম্, উভয়ত্র ভোগসাম্যেন স্থূলাতিবাহিকয়োর্ভেদাভাবাৎ। যথোক্তং বসিষ্ঠেন— "আতিবাহিক এবাস্মং স্বাদৃশৈশ্চিত্তদেহকঃ। আধিভৌতিকয়া বুদ্ধ্যা গৃহীতশ্চিরভাবনাৎ॥" ইতি ॥৭৮॥ কৃতান্তো যমস্তৎসম্বন্ধী বিধিঃ পুণ্যাপাপফলভোগে নিয়োগস্তেন সংযুক্তস্তমনুতিষ্ঠন্ নিরাদানঃ প্রাপ্তং সুখং দুঃখং বা দূরীকর্ত্তুমশক্তঃ, দোঽবখণ্ডনে ইত্যস্য রূপম্ ॥৭৯॥ অবুদ্ধীনাং

তখন প্রাণীর আপন কৃত কর্ম্ম ছায়ার ন্যায় সর্ব্বদা অনুসরণ করিতে থাকিয়া ফল জন্মাইতে প্রবৃত্ত হয়; তাহার পর প্রাণী—সুখভোগের যোগ্য বা দুঃখভোগের যোগ্য হইয়া জননীজঠর হইতে নির্গত হয় ॥৭৮॥

এই সকল বিষয় জ্ঞানীরা জ্ঞাননেত্রে দেখিয়াই থাকেন যে, পূর্ব্বকৃত কর্ম্ম অনুসারেই প্রাণিগণের ঐহিক কর্ম্মে প্রবৃত্তি হয় এবং প্রাণিগণ আপন ইচ্ছা অনুসারে পূর্ব্বকর্ম্মের ফল ব্যতীত অন্য ফল পাইতে পারে না; সুতরাং পূর্ব্ব কর্ম্ম অনুসারেই সুখী বা দুঃখী হয় ॥৭৯॥

এষা তাবদবুদ্ধীনাং গতিরুক্তা যুধিষ্ঠির ! ।
অতঃ পরং জ্ঞানবতাং নিবোধ গতিমুত্তমাম্ ॥৮০॥
মনুষ্যাস্তপ্ততপসঃ সর্ব্বাগমপরায়ণাঃ ।
স্থিরব্রতাঃ সত্যপরা গুরুশুশ্রূষণে রতাঃ ॥৮১॥
সুশীলাঃ শুক্লজাতীযাঃ ক্ষান্তাঃ দান্তাঃ সুতেজসঃ ।
শুচিযোন্যন্তরগতাঃ প্রায়শঃ শুভলক্ষণাঃ ॥৮২॥
জিতেন্দ্রিয়ত্বাদ্বশিনঃ শুক্লত্বান্মন্দরোগিণঃ ।
অল্পাবাধপরিত্রাসা ভবন্তি নিরুপদ্রবাঃ ॥৮৩॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

নন্বেষা গতিঃ কিং সর্ব্বেষামেবেত্যাহ—এষেতি অবুদ্ধীনামজ্ঞানিনাম্ ॥৮০॥

মনুষ্যা ইতি। সর্ব্বাগমপরায়ণাঃ সকলশাস্ত্রালোচনাসক্তাঃ। শুক্লজাতীযাঃ সাত্ত্বিকশ্রেণযঃ "অজামেকাং লোহিতশুক্লকৃষ্ণাম" ইত্যাদিশ্রুতেঃ। ক্ষান্তাঃ ক্ষমাগুণবন্তঃ, দান্তা ইন্দ্রিয়দমনশীলাঃ। বশিনঃ স্বাধীনাঃ, শুক্লত্বাৎ সাত্ত্বিকত্বাৎ। অল্পৌ আবাধপরিত্রাসৌ পীড়াভয়ে যেষাং তে, নিরুপদ্রবা নিরুৎপাতাশ্চ ভবন্তি ॥৮১—৮৩॥

ভারতভাবদীপঃ

তত্ত্বজ্ঞানহীনানাং গতিঃ স্বর্গনরকরূপা উত্তমাং পুনরাবৃত্তিবর্জ্জিতাম্ ॥৮০—৮১॥ শুক্লজাতীয়াঃ শুক্লো যোগজো ধর্ম্মস্তৎপ্রকারাস্তদেকার্জ্জনপরাঃ, প্রকারবচনে জাতীয়র। যোন্যন্তরমাভিবাহিকযোন্যপেক্ষয়াহন্যামাধিভৌতিকীং যোনিম্ ॥৮২॥ বশিন ঈশ্বরাঃ, মন্দরোগিণো নীরোগাঃ। "ন তত্র শোকো ন জরা ন মৃত্যুঃ প্রাপ্তস্য যোগাগ্নিময়ং শরীরম্" ইতি শ্রুতেঃ। প্রারব্ধকর্ম্মপ্রাবল্যাৎ কদাচিৎ প্রাপ্তমেব চাপকযোগিনাং রোগাদিকং চেত্তত্রাহ—অল্পেতি। অল্পং দ্বৈতদর্শনম্। অথ "যত্রান্যৎপশ্যত্যন্যচ্ছৃণোতি তদল্পম্" ইতি শ্রুতেঃ। তস্মাদাবাধো দুঃখং ততস্ত্রাসাৎ নিরুপদ্রবাঃ উপ সমীপে স্থিত্বা দ্রবতি স্বীয়ং ধর্ম্মমাসিক্তীত্যুপদ্রবোঽন্তঃকরণং তদ্রহিতাঃ। এতেন প্রারব্ধস্যাপি প্রতিঘাতায় নির্ব্বীজসমাধিঃ প্রভবতীতি দর্শিতম্

যুধিষ্ঠির ! অজ্ঞানীদিগের এই গতি বলিলাম ; ইহার পর জ্ঞানীদিগের উত্তম গতির বিষয় শ্রবণ কর ॥৮০॥

তপস্বী, সর্ব্বশাস্ত্রসমালোচনাসক্ত, দৃঢ়ব্রত, সত্যপরায়ণ, গুরুশুশ্রূষানিরত, সচ্চরিত্র, সাত্ত্বিক, ক্ষমাশীল, জিতেন্দ্রিয় ও বিশেষ তেজস্বী মানুষেরা অন্য পবিত্র যোনিতে যাইয়া প্রায়ই শুভলক্ষণ হইয়া জন্মিয়া থাকেন এবং জিতেন্দ্রিয় বলিয়া স্বাধীন হন, আর সাত্ত্বিক বলিয়া অল্প রোগী, অল্প পীড়াযুক্ত, অল্প ভয়যুক্ত ও নিরুপদ্রব হইয়া থাকেন ॥৮১—৮৩॥

(৮৩)…অল্পাবাধপরিত্রাসাৎ—বা ব কা

চ্যবন্তং জায়মানঞ্চ গর্ভস্থঞ্চৈব সর্ব্বশঃ।
স্বমাত্মানং পরঞ্চৈব বুধ্যন্তে জ্ঞানচক্ষুষঃ ॥৮৪॥
ঋষয়স্তে মহাত্মানঃ প্রত্যক্ষাগমবুদ্ধয়ঃ।
কর্ম্মভূমিমিমাং প্রাপ্য পুনর্যান্তি সুরালয়ম্ ॥৮৫॥
কিঞ্চিদ্দৈবাদ্ধঠাৎ কিঞ্চিৎ কিঞ্চিদেব স্বকর্ম্মভিঃ।
প্রাপ্নুবন্তি নরা রাজন্! মা তেঽস্ত্বন্যা বিচারণা ॥৮৬॥

ভারতকৌমুদী

চ্যবন্তমিতি। তাদৃশা জ্ঞানচক্ষুষো মনুষ্যাঃ, চ্যবন্তং জননীজঠরান্নির্গচ্ছন্তম্, তত্র জায়মানম, গর্ভস্থঞ্চ, স্বমাত্মানং জীবম্, সর্ব্বশঃ সর্ব্বেণ প্রকারেণৈব, পরং পরমাত্মানম্, বুধ্যন্তে, "তত্ত্বমসি" ইতি শ্রুতেরিত্যাশয়ঃ ॥৮৪॥

ঋষয় ইতি। প্রত্যক্ষং প্রত্যক্ষরূপা আগমঃ শাস্ত্রজন্যা চ বুদ্ধির্যেষাং তে, তে মহাত্মান ঋষয়ঃ, ইমাং কর্ম্মভূমিং প্রাপ্য পুনঃ সুরালয়ং যান্তি, ন পুনরৈহিকযোন্যন্তরেষু জায়ন্তে, কর্ম্মোৎকর্ষাদেবেতি ভাবঃ ॥৮৫॥

কিঞ্চিদিতি। হে রাজন্! নরাঃ, দৈবাদদৃষ্টবশাৎ কিঞ্চিৎ সুখং দুঃখং বা, হঠাৎ অবিমৃশ্য-কারিত্বাৎ কিঞ্চিৎ, স্বকর্ম্মভিঃ আত্মনো যথাযথকার্য্যৈর্বিপরীতকার্য্যৈর্বা কিঞ্চিৎ, প্রাপ্নুবন্তি। অন্যা এতদ্ভিন্নকারণবিষয়া, তে বিচারণা মাঽস্তু ॥৮৬॥

ভাবভাবদীপঃ

॥৮৩॥ নন্বু তাদৃশোঽপ্যপান্তরতমা নাম বেদাচার্য্যঃ কলিদ্বাপরয়োঃ সন্ধৌ সত্যবত্যাং ব্যাস তয়া সমজনীতি স্মর্য্যতে মোক্ষধর্ম্মেষু, অতঃ শুক্লজাতীয়ানামপ্যুৎক্রান্তিগত্যা গতয়োঽপরি-হার্য্যা ইত্যাশঙ্ক্যাহ—চ্যবন্তমিতি। অধিকারিণাং তেষাং লোকানুগ্রহার্থং স্বেচ্ছয়া গৃহাদ্-গৃহান্তরপ্রবেশবদিহ পরত্র চ সঞ্চারো ন কর্ম্মাধীনতয়াঽস্মাকমিব দুঃখায় ভবতীত্যাশয়ঃ। তথা নির্ণীতং যাবদধিকারমবস্থিতিরাধিকারিকাণামিত্যত্র ॥৮৪—৮৫॥ দৈবাৎ মৃগান্মত্ত-জড়ভরতাদিভির্যল্লভ্যতে তদ্দৈবাদেব হঠাৎ যোগসিদ্ধৈর্বিশ্বামিত্রাদিভিঃ ইতরৈঃ স্বকর্ম্মভি-

জ্ঞানীরা গর্ভ হইতে নির্গত, কিংবা গর্ভে উৎপন্ন, অথবা গর্ভে স্থিত, আপন আত্মাকে পরমাত্মা বলিয়াই জানেন ॥৮৪॥

লৌকিক জ্ঞান ও শাস্ত্রীয় জ্ঞানসম্পন্ন সেই মহাত্মা ঋষিরা এই কর্ম্মভূমিতে আসিয়া আবার স্বর্গলোকেই গমন করেন ॥৮৫॥

মানুষেরা অদৃষ্টবশতঃ কতকগুলি, হঠকারিতানিবন্ধন কতকগুলি এবং নিজেদের ঐহিক কর্ম্ম অনুসারে কতকগুলি সুখদুঃখ ভোগ করে; কিন্তু রাজা! এতদ্ভিন্ন কারণেও সুখদুঃখ হয় বলিয়া তোমার যেন বিবেচনা হয় না ॥৮৬॥

(৮৪)···বুধ্যন্তে জ্ঞানচক্ষুষা—বা ব কা পি।

ইমামত্রোপমাঞ্চাপি নিবোধ বদতাং বর ।
মনুষ্যলোকে যচ্ছ্রেয়ঃ পরং মন্যে যুধিষ্ঠির ! ॥৮৭॥
ইহ বৈকস্য নামুত্র অমুত্রৈকস্য নো ইহ ।
ইহ চামুত্র বৈকস্য নামুত্রৈকস্য নো ইহ ॥৮৮॥

ধনানি যেষাং বিপুলানি সন্তি নিত্যং রমন্তে সুবিভূষিতাঙ্গাঃ ।
তেষাময়ং শত্রুবরঘ্ন ! লোকো নাসৌ সদা দেহসুখে রতানাম্ ॥৮৯॥
যে যোগযুক্তাস্তপসি প্রসক্তাঃ স্বাধ্যায়শীলা জরয়ন্তি দেহান্ ।
জিতেন্দ্রিয়াঃ প্রাণিবধে নিবৃত্তাস্তেষামসৌ নায়মরিঘ্ন ! লোকঃ ॥৯০॥

## ভারতকৌমুদী

ইমামিতি। হে বদতাং বর যুধিষ্ঠির ! মনুষ্যলোকে যৎ পরং শ্রেয়ো মঙ্গলং মন্যে, অত্র বিষয়ে, ইমামুপমাম্ উদাহরণম্, নিবোধ শৃণু ॥৮৭॥

ইহেতি। একস্য কস্যচিন্মনুষ্যস্য, ইহলোক এব পরং শ্রেয়ঃ স্যাদিত্যনুবৃত্তিঃ; কিন্তু অমুত্র পরলোকে ন। এবং সর্ব্বত্র। "প্রেত্যামুত্র ভবান্তরে" ইত্যমরঃ। একস্য বা, অমুত্র পরলোক এব; কিন্তু ইহলোকে নো ন। একস্য বা, ইহলোকে, অমুত্র পরলোকে চ। একস্য চ ইহলোকে নো, অমুত্র পরলোকে চ ন। ইতি চতুর্বিধা এব মনুষ্যা ইতি ভাবঃ ॥৮৮॥

তত্র প্রথমস্যোদাহরণমাহ—ধনানীতি। অয়ং লোক এব শ্রেয়স্কর ইতি গম্যতে সামর্থ্যাৎ, কিন্তু অসৌ পরলোকো ন, তদুপযোগিধর্ম্মাভাবাদিত্যাশয়ঃ ॥৮৯।

## ভারতভাবদীপঃ

অন্যা তেষামন্যতমা একৈব কাচিৎ স্থিতিরস্তীতি বিচারণা তে তব মাস্তু ॥৮৬॥ এবমাত্মবিদাং স্বাতন্ত্র্যমুক্তেতরেষাং স্থিতিচাতুর্ব্বিধ্যমাহ—ইমামিতি ॥৮৭॥ ইহ বেতি। পরং শ্রেয় ইত্যনুকৃষ্যতে। বা শব্দ এবার্থে দ্বিরাবর্ত্ততে। একস্য ইহৈব পরং শ্রেয়োঽস্তি নামুত্র পরলোকে একস্যামুত্রৈবাস্তি ন ত্বিহ ইহ চামুত্র চ একস্য শ্রেয়োঽস্তি একস্য তূভয়ত্রাপি নাস্তীতি ॥৮৮॥

বাগ্মিশ্রেষ্ঠ যুধিষ্ঠির ! মনুষ্যলোক যাহাকে আমি পরম মঙ্গল বলিয়া মনে করি, সে বিষয়ে এই উদাহরণগুলি শ্রবণ কর— ॥৮৭॥

কোন মানুষের ইহলোকেই পরম মঙ্গল হয়, কিন্তু পরলোকে নহে; এবং কোন মানুষের পরলোকেই পরম মঙ্গল হয়, কিন্তু ইহলোকে নহে; আর কোন মানুষের ইহলোক ও পরলোক উভয় লোকেই পরম মঙ্গল হয়, আবার কোন মানুষের ইহলোক বা পরলোক—কোন লোকেই পরম মঙ্গল হয় না ॥৮৮॥

প্রধান শত্রুনাশক রাজা ! যাহাদের প্রচুর ধন আছে বলিয়া যাহারা বিশেষরূপে অলঙ্কৃত হইয়া সর্ব্বদা আমোদ করে; সতত দেহসুখে নিরত সেই লোকদিগের ইহলোকই পরম মঙ্গলকর; কিন্তু পরলোক নহে ॥৮৯॥

যে ধর্ম্মমেব প্রথমং চরন্তি ধর্ম্মেণ লব্ধ্বা চ ধনানি কালে।
দারানবাপ্য ক্রতুভির্যজন্তে তেষাময়ঞ্চৈব পরশ্চ লোকঃ ॥৯১॥
যে নৈব বিদ্যাং ন তপো ন দানং ন চাপি মূঢ়াঃ প্রজনে যতন্তি।
ন চাধিগচ্ছন্তি সুখানি মূর্খাস্তেষাময়ং নৈব পরশ্চ লোকঃ ॥৯২॥
সর্ব্বে ভবন্তস্ত্বতিবীর্য্যসত্ত্বা দিব্যৌজসঃ সংহননোপপন্নাঃ।
লোকাদমুষ্মাদবনিং প্রপন্নাঃ স্বধীতবিদ্যাঃ সুরকার্য্যহেতোঃ ॥৯৩॥

ভারতকৌমুদী

দ্বিতীয়মুদাহরতি—য ইতি। অসৌ পরলোক এব শ্রেয়স্করঃ, কিন্তু অয়ং লোকো নঃ পরলোকশ্রেয়োঽর্থমিহলোকে কেবলমেব কষ্টকরণাদিতি ভাবঃ ॥৯০॥

তৃতীয়ং প্রদর্শয়তি—য ইতি। প্রথমং ব্রহ্মচর্য্যাদিনা। কালে দারানবাপ্য "সপত্নীকো ধর্ম্মমাচরেৎ" ইতি বিধিবিষয়তালাভাদেব ক্রতুভির্যজন্তে। অয়ঞ্চ পরশ্চ লোকঃ শ্রেয়স্করঃ স্যাৎ, ইহলোকে যথাকালং সুখভোগাৎ পরলোকে চ ধর্ম্মাৎ শ্রেয়ঃ স্যাদিতি ভাবঃ ॥৯১॥

চতুর্থমুল্লিখতি—য ইতি। যে মূঢ়াঃ কর্ত্তব্যজ্ঞানহীনা মূর্খাঃ, বিদ্যাং নৈব, তপো ন, দানঞ্চ ন কর্ত্তুমিতি শেষঃ, প্রজনে পুত্রোৎপাদনে চাপি, ন যতন্তি ন যতন্তে, ভোগসম্পাদ্যানি সুখানি চ নাধিগচ্ছন্তি ন লভন্তে, তেষাম্, অযং পরশ্চ লোকঃ, শ্রেয়স্করো নৈব স্যাৎ ॥৯২॥

ভারতভাবদীপঃ

ইমমেব শ্লোকং ব্যাচষ্টে—ধনানীত্যাদিনা ॥৮৯॥ যে ইতি। তেষামসৌ লোক এব ন অয়ম্ ॥৯০—৯১॥ প্রজনে পুত্রোৎপাদনে ॥৯২॥ ভবন্তস্তু লোকদ্বয়েঽপি শ্রেয়াংস ইত্যাহ—

শত্রুনাশক! যাহারা প্রাণিহিংসা হইতে নিবৃত্ত ও জিতেন্দ্রিয় হইয়া এবং যোগ, তপস্যা ও বেদপাঠে নিরত থাকিয়া দেহকে জীর্ণ করিয়া ফেলে, তাহাদের কেবল পরলোকই পরম মঙ্গলকর হয়, কিন্তু ইহলোক নহে ॥৯০॥

আর, যাহারা প্রথমে ধর্ম্মাচরণই করে, পরে সেই ধর্ম্মের ফলে ধনলাভ করিয়া দারপরিগ্রহপূর্ব্বক নানাবিধ যজ্ঞানুষ্ঠান করে; তাহাদের ইহলোক ও পরলোক—উভয় লোকই পরম মঙ্গলকর হয় ॥৯১॥

এবং যে সকল কর্ত্তব্যজ্ঞানহীন মূর্খ বিদ্যাভ্যাস, তপস্যা, কিংবা দান করিবারও ইচ্ছা করে না এবং পুত্র উৎপাদনেরও চেষ্টা করে না; আবার সুখভোগও করে না, তাহাদের ইহলোক বা পরলোক কোন লোকই পরম মঙ্গলকর হয় না ॥৯২॥

তোমরা সকলেই দেবকার্য্য সম্পাদন করিবার জন্য স্বর্গলোক হইতে মনুষ্যলোকে আসিয়াছ; সাতিশয় বল ও অধ্যবসায়সম্পন্ন, অত্যন্ত তেজস্বী,

(৯২)…ন চাধিগচ্ছন্তি সুখান্ ন ভোগান্—বা ব কা,…ন চাধিগচ্ছন্তি ভবাস্ততাগ্যাঃ—নি।

কৃত্বৈব কার্য্যাণি মহান্তি শূরাস্তপোদমাচারবিহারশীলাঃ।
দেবানৃষীন্ প্রেতগণাংশ্চ সর্ব্বান্ সন্তর্পয়িত্বা বিধিনা পরেণ ॥৯৪॥
স্বর্গং পরং পুণ্যকৃতাং নিবাসং ক্রমেণ সম্প্রাপ্স্যথ কর্ম্মভিঃ স্বৈঃ।
মা ভূদ্বিশঙ্কা তব কৌরবেন্দ্র! দৃষ্ট্বাত্মনঃ ক্লেশমিমং সুখার্হ! ॥৯৫॥
(বিশেষকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং মার্কণ্ডেয়কথায়াং চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥ ॥ *

—:*:—

ভারতকৌমুদী

ইদানীং যুধিষ্ঠিরেণাত্মনো দুঃখদর্শনাৎ দুর্য্যোধনাদীনাঞ্চ সুখনিরূপণাৎ "ভবত্যেব হি মে বুদ্ধিঃ" —ইত্যাদিনা ধর্ম্মঃ সন্দিগ্ধস্তদপনয়মমুমাশ্বাসয়তি ত্রিভির্বিশেষকেণ সর্ব্ব ইতি। বীর্য্যং বলম্, সত্ত্বমধ্যবসায়ঃ, সংহননং দৃঢ়দেহঃ। অমুষ্মাৎ স্বর্গাখ্যাৎ। দম ইন্দ্রিয়দমনম্, বিহারস্তীর্থভ্রমণম্, প্রেতাঃ পিতরঃ। বিশঙ্কা ধর্ম্মে সন্দেহঃ ॥৯৩—৯৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভারতভাবদীপঃ

সর্ব্বে ভবন্ত ইতি ॥৯৩—৯৪॥ তস্মাদ্ধর্ম্মাধর্ম্মফলয়োর্বৈপরীত্যং যত্ত্বয়া প্রাগুক্তং তত্তথা ন মন্তব্যমিত্যুপসংহরতি—মা ভূদিতি ॥৯৫॥ মার্কণ্ডেয়সমাস্যায়াং সহাসনে ইত্যর্থঃ। আস উপবেশনেঽস্মাদ্ণ্যৎ।

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৪॥

—:*:—

দৃঢ় শরীর ও বীর হইয়াছ এবং যথানিয়মে বিদ্যাশিক্ষা করিয়াছ; আর তপস্যা ইন্দ্রিয়দমন, সদাচারপালন ও তীর্থ পর্য্যটন করিতেছ; সুতরাং তোমরা প্রধান প্রধান কার্য্য সম্পাদন করিয়া এবং উত্তম বিধানে সমস্ত দেবতা, ঋষি ও পিতৃলোককে সন্তুষ্ট করিয়া ক্রমে আপন কর্ম্মানুসারেই পুণ্যকারিগণের উত্তম বাসস্থান স্বর্গলোক লাভ করিবে; সুতরাং হে সুখভোগযোগ্য কৌরবশ্রেষ্ঠ! নিজের এই কষ্ট দেখিয়া তোমার যেন ধর্ম্মের প্রতি সন্দেহ হয় না" ॥৯৩—৯৫॥

—:*:—

(৯৫) ক্লেশমিমং সুখার্হম্—বা ব কা নি। * '...ত্র্যশীত্যধিক...'—বা ব কা, '...পঞ্চাশী-ত্যধিক...'—পি, '...ষড়শীত্যধিক...'—নি।

# পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

মার্কণ্ডেয়ং মহাত্মানমূচুঃ পাণ্ডুসুতাস্তদা।
মাহাত্ম্যং দ্বিজমুখ্যানাং শ্রোতুমিচ্ছাম কথ্যতাম্ ॥১॥
এবমুক্তঃ স ভগবান্ মার্কণ্ডেয়ো মহাতপাঃ।
উবাচ সুমহাতেজাঃ সর্ব্বশাস্ত্রবিশারদঃ ॥২॥

মার্কণ্ডেয় উবাচ।

হৈহয়ানাং কুলকরো রাজা পরপুরঞ্জয়ঃ।
কুমারো রূপসম্পন্নো মৃগয়াং ব্যচরদ্বলী ॥৩॥
চরমাণস্তু সোঽরণ্যে তৃণবীরুৎসমাবৃতে।
কৃষ্ণাজিনোত্তরাসঙ্গং দদর্শ মুনিমন্তিকে ॥৪॥

---

ভারতকৌমুদী

মার্কণ্ডেয়দর্শনাদেব ব্রাহ্মণমাহাত্ম্যং জিজ্ঞাসন্তে মার্কণ্ডেয়মিতি। দ্বিজমুখ্যানাং ব্রাহ্মণানাম্ ॥১॥
এবমিতি। ভগবান্ যোগপ্রভাবাদণিমাদ্যৈশ্বর্য্যবান্ ॥২॥
হৈহয়ানামিতি। মৃগয়াং কর্ত্তুমিতি শেষঃ ॥৩॥
চরেতি। বীরুল্লতা। কৃষ্ণাজিনমেব উত্তরাসঙ্গঃ প্রাবরণং যস্য তম্। অতএব মৃগভ্রমঃ ॥৪॥

ভারতভাবদীপঃ

ব্রহ্মবিদাং গুরুজাতীয়ানাং স্বচ্ছন্দমরণং তেষামিত্যাদিনা প্রোক্তং মহাভাগ্যং প্রশ্নপূর্ব্বকং বিবরীতুময়মধ্যায় আরভ্যতে—মার্কণ্ডেয়মিতি। কথ্যতাং ত্বয়া ॥১—২॥ কুমারত্বাদবিবে-

---

বৈশম্পায়ন বলিলেন—তখন পাণ্ডবেরা মহাত্মা মার্কণ্ডেয়মুনিকে কহিলেন যে, "আমরা ব্রাহ্মণের মাহাত্ম্য শুনিতে ইচ্ছা করি; আপনি তাহা বলুন" ॥১॥

তাঁহারা এইরূপ বলিলে, মহাতপা অতিমহাতেজা ও সর্ব্বশাস্ত্রবিশারদ ভগবান্ মার্কণ্ডেয়মুনি বলিতে লাগিলেন ॥২॥

মার্কণ্ডেয় বলিলেন—"হৈহয়গণের বংশধর, রূপবান, বলবান্ ও বিপক্ষনগরবিজয়ী এক রাজকুমার একদা মৃগয়া করিবার জন্য বিচরণ করিতেছিলেন ॥৩॥

তখন তিনি তৃণলতাবৃত বনের মধ্যে কৃষ্ণমৃগচর্ম্মে আবৃতদেহ এক মুনিকে নিকটে দর্শন করেন ॥৪॥

স তেন নিহতোঽরণ্যে মন্যমানেন বৈ মৃগম্ ।
ব্যথিতঃ কর্ম্ম তৎ কৃত্বা শোকোপহতচেতনঃ ।
জগাম হৈহয়ানাং বৈ সকাশং প্রথিতাত্মনাম্ ॥৫॥
রাজ্ঞাং রাজীবনেত্রোঽসৌ কুমারঃ পৃথিবীপতিঃ ।
তেষাঞ্চ তদ্‌যথাবৃত্তং কথয়ামাস বৈ তদা ॥৬॥
তঞ্চাপি হিংসিতং তাত ! মুনিং মূলফলাশিনম্ ।
শ্রুত্বা দৃষ্ট্বা চ তে তত্র বভূবুর্দীনমানসাঃ ॥৭॥
কস্যায়মিতি তে সর্ব্বে মার্গমাণাস্ততস্ততঃ ।
জগ্মুশ্চারিষ্টনেমেঽথ তার্ক্ষ্যস্যাশ্রমমঞ্জসা ॥৮॥
তেঽভিবাদ্য মহাত্মানং তং মুনিং নিয়তব্রতম্ ।
তস্থুঃ সর্ব্বে স তু মুনিস্তেষাং পূজামথাহরৎ ॥৯॥
তে তমূচুর্মহাত্মানং ন বয়ং সৎক্রিয়াং মুনে ! ।
ত্বত্তোঽর্হাঃ কর্ম্মদোষেণ ব্রাহ্মণো হিংসিতো হি নঃ ॥১০॥

---

ভারতকৌমুদী

স ইতি। তেন কুমারেণ। শোকেন উপহতচেতন আকুলচিত্তঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥
রাজ্ঞামিতি। রাজীবনেত্রঃ পদ্মতুল্যনয়নঃ। তৎ মুনিহননম্ ॥৬॥
তমিতি। দৃষ্ট্বা তত্র গমনাৎ পরমিতি শেষঃ। দীনমানসাঃ শোকেন কাতরচিত্তাঃ ॥৭॥
কস্যেতি। অরিষ্টনেমেঃ তদাখ্যস্য, তার্ক্ষ্যস্য কশ্যপবংশস্য, অঞ্জসা ঝটিতি ॥৮॥
ত ইতি। পূজাং পূজাদ্রব্যমাসনাদিকম্, আহরৎ আনয়ৎ ॥৯॥

তখন সেই রাজকুমার হরিণ মনে করিয়া সেই মুনিকে বধ করেন এবং সেই কার্য্য করিয়া, শোকে ব্যথিত ও আকুলচিত্ত হইয়া প্রথিতনামা হৈহয়গণের নিকট গমন করেন ॥৫॥

সেই পদ্মনয়ন রাজকুমার তখন সেই হৈহয়রাজগণের নিকট সেই বৃত্তান্ত যথাযথভাবে বলিলেন ॥৬॥

বৎস ! তখন সেই হৈহয়রাজারা ফলমূলভোজী মুনিকে নিহত শ্রবণ করিয়া এবং সেই স্থানে গমনপূর্ব্বক দর্শন করিয়া কাতরচিত্ত হইলেন ॥৭॥

তৎপরে তাঁহারা সকলে 'ইনি কাহার পুত্র' এইরূপে ইতস্ততঃ অন্বেষণ করিতে থাকিয়া সত্বরই কশ্যপবংশীয় অরিষ্টনেমা মুনির আশ্রমে গমন করিলেন ॥৮॥

তাঁহারা সকলে সেখানে যাইয়া নিয়তব্রতচারী সেই মহাত্মা মুনিকে অভিবাদন করিয়া দাঁড়াইলেন। তাহার পর সেই মুনি তাঁহাদের জন্য পূজার দ্রব্য আনয়ন করিলেন ॥৯॥

তানব্রবীৎ স বিপ্রর্ষিঃ কথং বো ব্রাহ্মণো হতঃ।
ক্ব চাসৌ ব্রূত সহিতাঃ পশ্যধ্বং মে তপোবলম্ ॥১১॥
তে তু তৎ সর্ব্বমখিলমাখ্যায়াস্মৈ যথাতথম্।
নাপশ্যংস্তমৃষিং তত্র গতাসুং তে সমাগতাঃ ॥১২॥
অন্বেষমাণাঃ সব্রীড়াঃ স্বপ্নবদ্‌গতচেতনাঃ।
তানব্রবীত্তত্র মুনিস্তার্ক্ষ্যঃ পরপুরঞ্জয়! ॥১৩॥
স্যাদয়ং ব্রাহ্মণঃ সোঽথ যুষ্মাভির্যো বিনাশিতঃ।
পুত্রো হ্যয়ং মম নৃপাঃ! তপোবলসমন্বিতঃ ॥১৪॥

ভারতকৌমুদী

ত ইতি। সৎক্রিয়াং প্রাপ্তুমিতি শেষঃ। ন স্ম যোগ্যা ইতি যস্মাৎ, নঃ অস্মাভিঃ ॥১০॥
তানিতি। বো যুষ্মাভিঃ। অসৌ হি নিহতো ব্রাহ্মণঃ। সহিতাঃ সম্মিলিতাঃ ॥১১॥
ত ইতি। অখিলম্ অপ্রতিবন্ধম। গতাসুং নির্গতপ্রাণম্ ॥১২॥
অন্বেষেতি। গতচেতনা লুপ্তপ্রকৃষ্টজ্ঞানাঃ, বিস্ময়াতিশয়াদিতি ভাবঃ ॥১৩॥
স্যাদিতি। অথেতি প্রশ্নে। অয়ম্ অঙ্গুল্যা নির্দ্দিষ্টঃ স ব্রাহ্মণঃ স্যাদিতি সম্বন্ধঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

কৃত্বং সূচিতম্ ॥৩॥ উক্তবামদঃ প্রাগ্বন্ ॥৬—৭॥ অরিষ্টনেমিশব্দ ইকারান্তোঽপ্যত্র মন্ত্রোঽপি জ্ঞেয়ঃ ॥৮—১০॥ ... তৃক্ষম বক্ষ্যমাণতাম ॥১৩॥ স্যাদয়মিত্যঙ্গুল্যা

তখন তাঁহারা সেই মহাত্মাকে বলিলেন—"মুনি! আমরা আপন কর্ম্মদোষে আপনার নিকট হইতে সৎকার লাভ করিবার যোগ্য নহি। কারণ, আমরা ব্রহ্মহত্যা করিয়াছি" ॥১০॥

তখন সেই ব্রহ্মর্ষি তাঁহাদিগকে বলিলেন—"কি করিয়া আপনারা ব্রহ্মহত্যা করিলেন! বলুন—সে ব্রাহ্মণ কোথায়? আপনারা মিলিত হইয়া আমার তপোবল দর্শন করুন" ॥১১॥

তখন সেই প্রসিদ্ধ হৈহয়রাজারা নিঃসঙ্কোচে ও যথাযথভাবে মুনির নিকটে সেই সমস্ত বৃত্তান্ত বলিয়া সেখানে যাইয়া সেই মৃত ঋষিকে দেখিতে পাইলেন না ॥১২॥

বিপক্ষনগরবিজয়ী যুধিষ্ঠির! তখন তাঁহারা বিস্ময়ে স্বপ্নাবস্থার ন্যায় প্রকৃষ্ট জ্ঞানহীন ও লজ্জিত হইয়া সেই মৃত মুনিকে অন্বেষণ করিতে লাগিলেন; তখন তার্ক্ষ্যমুনি তাঁহাদিগকে বলিলেন—॥১৩॥

"রাজগণ! (দেখুন দেখি)—"আপনারা যাঁহাকে বধ করিয়াছিলেন, সেই ব্রাহ্মণই এই কি না?। ইনি আমার পুত্র এবং তপঃপ্রভাবসম্পন্ন" ॥১৪॥

তে তু দৃষ্ট্বৈব তমৃষিং বিস্ময়ং পরমং গতাঃ।
মহদাশ্চর্য্যমিতি বৈ তে ব্রুবাণা মহীপতে! ॥১৫॥
মৃতো হ্যযমুপানীতঃ কথং জীবিতমাপ্তবান্।
কিমেতত্তপসো বীর্য্যং যেনায়ং জীবিতঃ পুনঃ ॥১৬॥
শ্রোতুমিচ্ছামহে বিপ্র। যদি শ্রোতব্যমিত্যুতে।
স তানুবাচ নাস্মাকং মৃত্যুঃ প্রভবতে নৃপাঃ! ॥১৭॥
কারণং বঃ প্রবক্ষ্যামি হেতুযোগসমাসতঃ।
স্বধর্ম্মমনুতিষ্ঠামস্তস্মান্মৃত্যুভয়ং ন নঃ ॥১৮॥
যদ্ব্রাহ্মণানাং কুশলং তদেষাং কথয়ামহে।
নৈষাং দুশ্চরিতং ব্রূমস্তস্মান্মৃত্যুভয়ং ন নঃ ॥১৯॥

ভারতকৌমুদী

ত ইতি। তং নিহতপূর্ব্বম্। তে প্রসিদ্ধাঃ। ইতি ব্রুবাণাঃ পুনশ্চোচুরিত্যর্থঃ ॥১৫॥
কিং পুনরূচুরিত্যাহ—মৃত ইতি। উপানীতঃ, কেনাপ্যনুমাশ্রমমিতি শেষঃ ॥১৬॥
শ্রোতুমিতি। অস্মাকং সমীপে, মৃত্যুর্ন প্রভবতে প্রভাবং প্রকাশয়িতুং নার্হতি ॥১৭॥
কারণমিতি। হেতুযোগেঽপি যুক্ত্যুল্লেখেঽপি সমাসতঃ সংক্ষেপতঃ ॥১৮॥
যদিতি। কুশলং গুণনিবন্ধন প্রশংসাম্। দুশ্চরিতম্ আরোপিতদোষান্নিন্দাম্ ॥১৯॥

ভারতভাবদীপঃ

নির্দ্দিশতি ॥১৪—১৭॥ হেতুযোগঃ যুক্তিসম্বন্ধঃ, সমাসঃ সংক্ষেপস্তাভ্যামিতি পঞ্চম্যর্থে তসিঃ। সত্যমেবাভিজানীমঃ ইত্যাদিনা সত্যাদীনি মৃত্যুজয়সাধনান্যুচ্যন্তে ॥১৮॥ যদিতি।

---

তখন প্রসিদ্ধ সেই রাজারা সেই ঋষিকেই দেখিয়া অত্যন্ত বিস্ময়াপন্ন হইলেন এবং রাজা! 'গুরুতর আশ্চর্য্য ত' এই কথা বলিয়া আবার বলিলেন—॥১৫॥

"কোন লোক এই মৃত ঋষিকে আশ্রমে আনিয়া থাকিবে; কিন্তু ইনি কি করিয়া জীবন লাভ করিলেন! ইহা কি তপস্যার প্রভাব যে, ইনি পুনরায় জীবিত হইলেন! ॥১৬॥

ব্রাহ্মণ! আমাদের যদি শ্রোতব্য হয়, তবে ইহা শুনিতে ইচ্ছা করি।" তখন তার্ক্ষ্যমুনি রাজগণকে বলিলেন—"রাজগণ! মৃত্যু আমাদের নিকটে প্রভাব প্রকাশ করিতে পারে না ॥১৭॥

যুক্তির উল্লেখ করিতে হইলেও সংক্ষেপে ইহার কারণ আপনাদের নিকট বলিব। আমরা স্বধর্ম্মের অনুষ্ঠান করি বলিয়া আমাদের মৃত্যুভয় নাই ॥১৮॥

অতিথীনন্নপানেন ভৃত্যানপ্যশনেন চ।
সন্তোজ্য শেষমশ্নীমস্তস্মান্মৃত্যুভয়ং ন নঃ ॥২০॥
শান্তা দান্তাঃ ক্ষমাশীলাস্তীর্থদানপরায়ণাঃ।
পুণ্যদেশনিবাসাচ্চ তস্মান্মৃত্যুভয়ং ন নঃ।
তেজস্বিদেশবাসাচ্চ তস্মান্মৃত্যুভয়ং ন নঃ ॥২১॥
এতদ্বৈ লেশমাত্রং বঃ সমাখ্যাতং বিমৎসরাঃ!।
গচ্ছধ্বং সহিতাঃ সর্ব্বে ন পাপাদ্ভয়মস্তি বঃ ॥২২॥

ভারতকৌমুদী

অতিথীনিতি। ভৃত্যান্ ভরণীয়ান্ পুত্রাদীন্, অশনেন খাদ্যবস্তুনা ॥২০॥

শান্তা ইতি। শান্তাঃ শমগুণান্বিতাঃ, দান্তা ইন্দ্রিয়দমনশীলাঃ। তিষ্ঠাম ইতি শেষঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২১॥

এতদিতি। লেশমাত্রম্ অল্পমাত্রম্ পাপাৎ ব্রহ্মহত্যাজনিতাৎ মহাপাতকাৎ ভয়ং নাস্তি, ইদানীমেব তজ্জীবনাৎ অস্মদ্বাক্যাচ্চেতি ভাবঃ ॥২২॥

ভারতভাবদীপঃ

ব্রাহ্মণনিন্দাশূন্যাঃ স্তুতিপরাশ্চ স্ম ইত্যর্থঃ ॥১৯॥ ভৃত্যান্ ভার্য্যাদীন্, অত্যশনেন অশনাদধিকেন দানমানাদিনা ॥২০॥ পুণ্যদেশঃ গঙ্গাতীরাদিঃ, তেজস্বিনাং যোগসিদ্ধানাং দেশঃ সামীপ্যং তৎসঙ্গাদিত্যর্থঃ ॥২১॥ এতদ্বৈ ইতি। যৌষ্মাকীনং হত্যাদোষমপি সংলাপমাত্রাদ্বয়ং হন্তুং সমর্থাঃ স্ম ইত্যর্থঃ ॥২২—২৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥১৫৫॥

ব্রাহ্মণদের যে গুণ আছে, তাহাই আমরা বলি; কিন্তু তাঁহাদের দোষারোপ করিয়া নিন্দা করি না; সেই জন্য আমাদের মৃত্যুভয় নাই ॥১৯॥

অন্ন ও পানীয়দ্বারা অতিথিগণকে এবং উপযুক্ত খাদ্যদ্বারা পরিজনগণকে ভোজন করাইয়া তাহার অবশিষ্ট আমরা ভোজন করি; সেই জন্য আমাদের মৃত্যুভয় নাই ॥২০॥

আমরা—শমগুণান্বিত, জিতেন্দ্রিয়, ক্ষমাশীল, তীর্থসেবী ও দানপরায়ণ থাকি এবং পুণ্যদেশে বাস করি বলিয়া আমাদের মৃত্যুভয় নাই; আর আমরা তেজস্বী ঋষিদের নিকট বাস করি বলিয়া আমাদের মৃত্যুভয় নাই ॥২১॥

দ্বেষবিহীন রাজগণ! আপনাদের নিকটে এই অল্পমাত্র বলিলাম; এখন আপনারা সকলে মিলিত হইয়া গমন করুন; আপনাদের পাপের ভয় নাই" ॥২২॥

এবমস্ত্বিতি তে সর্ব্বে প্রতিপূজ্য মহামুনিম্ ।
স্বদেশমগমন্ হৃষ্টা রাজানো ভরতর্ষভ ! ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং ব্রাহ্মণমাহাত্ম্যকথনে পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

# ষট্পঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ।

—:*:—

মার্কণ্ডেয় উবাচ।

ভূয় এব মহাভাগ্যং ব্রাহ্মণানাং নিবোধ মে ।
বৈণ্যো নামেহ রাজর্ষিরশ্বমেধায় দীক্ষিতঃ ॥১॥
তমত্রির্গন্তুমারেভে বিত্তার্থমিতি নঃ শ্রুতম্ ।
ভূয়োঽর্থং নান্বকধ্যৎ স ধর্ম্মব্যক্তিনিদর্শনাৎ ॥২॥

ভারতকৌমুদী

এবমিতি। তে হৈহয়বংশীয়াঃ। মহামুনিং তার্ক্ষ্যম্ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং পঞ্চপঞ্চাশদধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ভূয় ইতি। ভূয় এব পুনরপি। দীক্ষিতঃ প্রবৃত্ত আসীদিতি শেষঃ ॥১॥

তমিতি। আরেভে উদ্যতো বভূব। কিন্তু ভূয়ঃ পুনঃ, অর্থং ধনম্, নান্বকধ্যৎ নাপৈক্ষত।

ভারতভাবদীপঃ

মৃত্যুঞ্জয়হেতুঃ পূর্ব্বোক্তঃ সত্যাদিধর্ম্মো বনস্থানামেব যুজ্যতে, ন তু গৃহস্থানাম্, তেষাং দুষ্প্রতিগ্রহব্রহ্মবিদ্বেষাদিনা দোষপ্রসক্ত্যা তাদৃশধর্ম্মাসম্ভবাদিত্যাশয়বানধ্যায়মারভতে—ভূয় ইতি ॥১॥ সোঽত্রিরর্থং ভূয়ো নান্বকধ্যৎ অত্যন্তমর্থার্থী ন বভূব। কুতঃ ধর্ম্মব্যক্তির্ধর্ম্মস্য ফল-

---

ভরতশ্রেষ্ঠ! "এইরূপই হউক" এই কথা বলিয়া সেই রাজারা সকলে সেই মহর্ষিকে অভিবাদন করিয়া স্বদেশে গমন করিলেন" ॥২৩॥

—:*:—

মার্কণ্ডেয় বলিলেন—"যুধিষ্ঠির! পুনরায় তুমি আমার নিকট ব্রাহ্মণগণের গুরুতর ভাগ্যের বিষয় শ্রবণ কর। এই ভূমণ্ডলে বৈণ্যনামে এক রাজর্ষি অশ্বমেধ-যজ্ঞে দীক্ষিত হইয়াছিলেন ॥১॥

---

* '...চতুরশীত্যধিক...'—বা ব কা, '...ষড়শীত্যধিক...'—পি, '...সপ্তাশীত্যধিক...'—নি।

স বিচিন্ত্য মহাতেজা বনমেবাস্যরোচয়ৎ।
ধর্ম্মপত্নীং সমাহূয় পুত্রাংশ্চেদমবাচ হ ॥৩॥
প্রাপ্স্যামঃ ফলমত্যন্তং বহুলং নিরুপদ্রবম্।
অরণ্যগমনং ক্ষিপ্রং রোচতাং বো গুণাধিকম্ ॥৪॥
তং ভার্য্যা প্রত্যুবাচাথ ধর্ম্মমেবানুতন্বতী।
বৈণ্যং গত্বা মহাত্মানমর্থয়স্ব ধনং বহু ॥৫॥
স তে দাস্যতি রাজর্ষির্যজমানোঽর্থিতো ধনম্।
তত আদায় বিপ্রর্ষে। প্রতিগৃহ্য ধনং বহু ॥৬॥
ভৃত্যান্ সুতান্ সংবিভজ্য ততো ব্রজ যথেপ্সিতম্।
এষ বৈ পরমো ধর্ম্মো ধর্ম্মবিদ্ভিরুদাহৃতঃ ॥৭॥ যুগ্মকম্

ভারতকৌমুদী

ধর্ম্মাণাং ধনদ্বারা নিষ্পাদ্যমানানাং যজ্ঞাদীনাং ব্যক্তির্লোকেষু প্রকাশস্তস্য নিদর্শনাৎ নিরূপণাৎ। "পুণ্যং ক্ষয়তি কীর্ত্তনাৎ" ইতি ন্যায়েন প্রকাশেনাপি ধর্ম্মক্ষয় ইতি ভাবঃ ॥২॥

স ইতি। বনং গন্তুমিতি শেষঃ, অস্যরোচয়ৎ ঐচ্ছৎ। আর্ষত্বাৎ স্বার্থে ইন্ ॥৩॥

প্রেতি। ফলং মুক্তিরূপম্। গুণঃ ফলম্ অধিকো যেন তৎ ॥৪॥

তমিতি। ধর্ম্মং যাগাদিকার্য্যমেব, অনুতন্বতী ধনাভাবাৎ পরং বিস্তারেণ কর্ত্তুমিচ্ছন্তী ॥৫॥

স ইতি। ততো বৈণ্যাৎ, বহু ধনং প্রতিগৃহ্য আদায়। ধর্ম্মবিদ্ভির্ম্মম্বাদিভিরুদাহৃতঃ, "ভরণং পোষ্যবর্গাণাং প্রশস্তং স্বর্গসাধনম্" ইত্যাদিনেতি ভাবঃ ॥৬—৭॥

ভারতভাবদীপঃ

ব্যাহভিব্যক্তিঃ ফলব্যক্ত্যা হি ধর্ম্মো নশ্যত্যতস্তদ্রক্ষণার্থং নৈচ্ছদিত্যর্থঃ ॥২॥ বনং গন্তুমিতি শেষঃ ॥৩॥ নিরুপদ্রবমক্ষয়ং মোক্ষাখ্যম্ ॥৪॥ ধর্ম্মং যজ্ঞাদিকমনুতন্বতী বিস্তারয়ন্তী।

আমাদের শুনা আছে—মহর্ষি অত্রি ধনের জন্য প্রথমে তাঁহার নিকট গমনে উদ্যত হন, আবার ধর্ম্ম প্রকাশ পাইবে ভাবিয়া ধন আনয়নে নিবৃত্ত হন ॥২॥

ক্রমে মহাতেজা অত্রি বিশেষ চিন্তা করিয়া বনগমনেরই ইচ্ছা করেন এবং ধর্ম্মপত্নীকে ও পুত্রগণকে ডাকিয়া এই কথা বলেন—॥৩॥

"বনে গেলে আমরা নিরুপদ্রবে অতিপ্রচুর ফল লাভ করিব; অতএব সত্বরই তোমাদের অধিক ফলজনক বনগমনে ইচ্ছা হউক" ॥৪॥

তাহার পর অত্রির ভার্য্যা বিস্তৃতভাবে ধর্ম্মকার্য্য করিবার ইচ্ছা করিয়া তাঁহাকে বলিলেন—"আপনি মহাত্মা বৈণ্যরাজার নিকট যাইয়া প্রচুর ধন প্রার্থনা করুন ॥৫॥

ব্রহ্মর্ষি। আপনি প্রার্থনা করিলেই যজ্ঞপ্রবৃত্ত রাজর্ষি বৈণ্য ধন দান

কথিতো মে মহাভাগে! গৌতমেন মহাত্মনা।
বৈণ্যো ধর্ম্মার্থসংযুক্তঃ সত্যব্রতসমন্বিতঃ ॥৮॥
দ্বেষ্টারঃ কিন্তু নঃ সন্তি বসন্তস্তত্র বৈ দ্বিজাঃ।
যথা মে গৌতমঃ প্রাহ ততো ন ব্যবসাম্যহম্ ॥৯॥
রাজা! মানুষ লোভাভিভূত হইয়া ব্রহ্মহত্যা করিবে এবং অন্যায় উপায়ে ব্রহ্মস্ব ভোগ করিবে ॥৫৭॥

ব্রাহ্মণেরা শূদ্রকর্ত্তৃক পীড়িত ও ভয়ার্ত্ত হইয়া রক্ষক না পাইয়া হাহাকার করিতে করিতে এই পৃথিবী ভ্রমণ করিবেন ॥৫৮॥

আশ্রয়িষ্যন্তি চ নদীঃ পর্ব্বতান্ বিষমাণি চ।
প্রধাবমানা বিত্রস্তা দ্বিজাঃ কুরুকুলোদ্বহ ! ॥৬০॥
দস্যুভিঃ পীড়িতা রাজন্ ! কাকা ইব দ্বিজোত্তমাঃ।
কুরাজভিশ্চ সততং করভারপ্রপীড়িতাঃ ॥৬১॥
ধৈর্য্যং ত্যক্ত্বা মহীপাল ! দারুণে যুগসংক্ষয়ে।
বিকর্ম্মাণি করিষ্যন্তি শূদ্রাণাং পরিচারকাঃ ॥৬২॥
শূদ্রা ধর্ম্মং প্রবক্ষ্যন্তি ব্রাহ্মণাঃ পর্য্যুপাসকাঃ।
শ্রোতারশ্চ ভবিষ্যন্তি প্রামাণ্যেন ব্যবস্থিতাঃ ॥৬৩॥
বিপরীতশ্চ লোকোঽয়ং ভবিষ্যত্যধরোত্তরঃ।
এড়ূকান্ পূজয়িষ্যন্তি বর্জ্জয়িষ্যন্তি দেবতাঃ।
শূদ্রাঃ পরিচরিষ্যন্তি ন দ্বিজান্ যুগসংক্ষয়ে ॥৬৪॥

ভারতকৌমুদী

জীবিতেতি । ক্রূরা নিষ্ঠুরাঃ । সংক্ষেপ্স্যতে অবশিষ্টং ভবিষ্যতি ॥৫৯॥
আশ্রয়িষ্যন্তীতি । বিষমাণি উচ্চাবচানি কন্দরাদীনি ॥৬০॥
দস্যুভিরিতি । কাকা ইব জীবিকার্থং ভ্রমিষ্যন্তীতি শেষঃ ॥৬১॥
ধৈর্য্যমিতি । বিকর্ম্মাণি শূদ্রসেবাদীনি বিরুদ্ধকর্ম্মাণি, করিষ্যন্তি দ্বিজোত্তমাঃ ॥৬২॥
শূদ্রা ইতি । প্রামাণ্যেন শূদ্রোক্তৌ প্রামাণ্যবোধেন, ব্যবস্থিতাঃ সংবৃত্তাঃ ॥৬৩॥

ভারতভাবদীপঃ

॥৪১—৪৭॥ প্রজাস্যন্তি প্রজ জনয়িষ্যন্তি ॥৪৮—৫৩॥ জ্ঞানানি ক্ষেমস্বরূপাণি ॥৫৪—৫৭॥ বৃষলার্দ্দিতাঃ শূদ্রপীড়িতাঃ ॥৫৮॥ সংক্ষেপ্স্যতে নাশং গমিষ্যতি ॥৫৯—৬০॥ কাকা ইব সর্ব্বতঃ

যখন সকল মানুষই জীবননাশক, নিষ্ঠুরস্বভাব, ভয়ঙ্করপ্রকৃতি এবং সমস্ত প্রাণীর হিংসক হইবে, তখন যুগশেষ হইবে ॥৫৯॥

কুরুকুলশ্রেষ্ঠ ! ব্রাহ্মণেরা ভীত হইয়া দৌড়াইতে থাকিয়া নদী, পর্ব্বত ও গুহাপ্রভৃতি স্থানে আশ্রয় লইবেন ॥৬০॥

রাজা ! ব্রাহ্মণেরা দস্যুকর্ত্তৃক পীড়িত হইয়া কাকের ন্যায় জীবিকানির্ব্বাহের জন্য পরিভ্রমণ করিবেন এবং সর্ব্বদাই অত্যাচারি-রাজকর্ত্তৃক করভারে পীড়িত হইবেন ॥৬১॥

নরনাথ ! সেই ভয়ঙ্কর যুগশেষে ব্রাহ্মণেরা ধৈর্য্য ত্যাগ করিয়া শূদ্রের সেবক হইয়া বিরুদ্ধ কার্য্য করিবেন ॥৬২॥

শূদ্রেরা ধর্ম্ম বলিবে; আর ব্রাহ্মণেরা তাহাদের সেবক হইয়া, তাহাদের কথায় প্রামাণ্য বোধ করিয়া তাহার শ্রোতা হইবেন ॥৬৩॥

আশ্রমেষু মহর্ষীণাং ব্রাহ্মণাবসথেষু চ।
দেবস্থানেষু চৈত্যেষু নাগানামালয়েষু চ ॥৬৫॥
এড়ূকচিহ্না পৃথিবী ন দেবগৃহভূষিতা।
ভবিষ্যতি যুগে ক্ষীণে তদ্‌যুগান্তস্য লক্ষণম্ ॥৬৬॥ (যুগ্মকম্)
যদা রৌদ্রা ধর্ম্মহীনা মাংসাদাঃ পানপাস্তথা।
ভবিষ্যন্তি নরা নিত্যং তদা সংক্ষেপ্স্যতে যুগম্ ॥৬৭॥
পুষ্পে পুষ্পং যদা রাজন্! ফলে বা ফলমাশ্রিতম্।
প্রজাস্যতি মহারাজ! তদা সংক্ষেপ্স্যতে যুগম্ ॥৬৮॥
অকালবর্ষী পর্জ্জন্যো ভবিষ্যতি গতে যুগে।
অক্রমেণ মনুষ্যাণাং ভবিষ্যন্তি তদা ক্রিয়াঃ ॥৬৯॥

## ভারতকৌমুদী

বিপরীত ইতি। অধরো নীচ উত্তরঃ শ্রেষ্ঠ ইত্যধরোত্তরঃ বিপরীত ইত্যুক্তে- ত্তরোঽপ্যধর ইতি গম্যতে। এড়ূকান ভিত্ত্যর্পণযোগ্যানি নির্লেপানি কাষ্ঠানি "ভিত্তিঃ স্ত্রী কুড্যমেড়ূকং যদন্তর্ন্যস্তকীকসম্" ইত্যমরঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৬৪॥

আশ্রমেম্বিতি। চৈত্যেষু যজ্ঞায়তনেষু, নাগানাং হস্তিনাম্। এড়ূকানি ভিত্ত্যন্তরে সমর্পণযোগ্যানি কাষ্ঠান্যেব চিহ্নানি যস্যাঃ সা ॥৬৫—৬৬॥

যদেতি। মাংসাদা নরমাংসভোজিনঃ, পানপাঃ সর্ব্বসমক্ষং সুরাপায়িনঃ ॥৬৭॥

পুষ্প ইতি। আশ্রিতং সম্বদ্ধং সৎ, প্রজাস্যতি উৎপৎস্যতে ॥৬৮॥

এই জগৎটাই বিপরীত হইয়া যাইবে. নীচ উচ্চ হইবে এবং উচ্চ নীচ হইবে। মানুষ দেওয়ালের কাঠের পূজা করিবে (মালাপ্রভৃতিদ্বারা সজ্জিত করিবে); কিন্তু দেববিগ্রহগুলিকে বর্জ্জন করিবে। আর যুগশেষে শূদ্রেরা দ্বিজাতিগণের সেবা করিবে না ॥৬৪॥

যুগাবসান হইয়া আসিলে মহর্ষিদের আশ্রমে, ব্রাহ্মণদের বাসস্থানে, দেবালয়ে, যজ্ঞভবনে এবং হস্তিশালায় দেওয়ালের কাঠ দিয়া ভূমি চিহ্নিত করা হইবে; কিন্তু দেবগৃহদ্বারা ভূষিত করা হইবে না; তাহাই যুগান্তের লক্ষণ হইবে ॥৬৫—৬৬॥

যখন মানুষেরা সর্ব্বদাই নিষ্ঠুরপ্রকৃতি, ধর্ম্মহীন, নরমাংসভোজী এবং সুরাপায়ী হইবে, তখন যুগশেষ হইবে ॥৬৭॥

রাজা! যখন ফুলে ফুল এবং ফলে ফল জন্মিবে, তখন যুগশেষ হইবে ॥৬৮॥

কলিযুগের অবসান হইয়া আসিলে, মেঘ অকালে বর্ষণ করিবে এবং তখন মানুষের কার্য্য সকল অক্রমে হইবে ॥৬৯॥

বিরোধমথ যাস্যন্তি ব্রাহ্মণা বৃষলৈঃ সহ।
মহী ম্লেচ্ছজনাকীর্ণা ভবিষ্যতি ততোঽচিরাৎ ॥৭০॥
করভারভয়াদ্বিপ্রা ভজিষ্যন্তি দিশো দশ।
অন্যায়বর্ত্তিনশ্চাপি ভবিষ্যন্তি নরাধিপাঃ ॥৭১॥
নির্ব্বিশেষা জনপদাস্তথা বিষ্টিকরার্দ্দিতাঃ।
আশ্রমানুপলপ্স্যন্তি ফলমূলোপজীবিনঃ ॥৭২॥
এবং পর্য্যাকুলে লোকে মর্য্যাদা ন ভবিষ্যতি।
ব্রাহ্মণাঃ ক্ষত্রিয়া বৈশ্যাঃ পরিত্যক্ষ্যন্তি সৎক্রিয়াম্ ॥৭৩॥
ন স্থাস্যন্ত্যুপদেশে চ শিষ্যা বিপ্রিয়কারিণঃ।
আচার্য্যোঽপনিধিশ্চৈব ভৎর্স্যতে তদনন্তরম্ ॥৭৪॥

ভারতকৌমুদী

অকালেতি। পর্জ্জন্যো মেঘঃ। অক্রমেণ আদৌ ভোজনং পশ্চাৎ স্নানমিত্যেবংভাবেন ॥৬৯॥

বিরোধমিতি। যাস্যন্তি করিষ্যন্তি। বৃষলৈঃ শূদ্রৈঃ ॥৭০॥

করেতি। ভজিষ্যন্তি আশ্রয়িষ্যন্তি ॥৭১॥

নিরিতি। নির্ব্বিশেষাঃ সমানাচারাঃ, জনপদাঃ দেশজনাঃ, বেতনাভাবেন কার্য্যনিষ্পাদনং বিষ্টিকরণেন অর্দ্দিতাঃ সন্তঃ, আশ্রমানুপলপ্স্যন্তি আশ্রয়িষ্যন্তি ॥৭২॥

এবমিতি। মর্য্যাদা নিয়মঃ শৃঙ্খলেত্যর্থঃ। সৎক্রিয়াং ব্রহ্মদানাদিম্ ॥৭৩॥

নেতি। অপগতা নিবিষ্টঃ যোঽপনিধির্নির্দ্ধনঃ, ভৎর্স্যতে নিন্দ্যতে শিষ্যৈরপি ॥৭৪॥

ভাবভাবদীপঃ

শঙ্খিনঃ নীচবৃত্তয়ো দুর্জ্জনা বা ॥৬২—৬৩॥ এড়ুকান অস্থ্যাঙ্কিতানি কুড্যানি। “ভিত্তিঃ স্ত্রী কুড্যমেড়ুকং যদন্তর্ন্যস্তকীকসম্” ইত্যমরঃ ॥৬৪—৭১॥ নির্ব্বিশেষাঃ তুল্যাচারবেশাঃ, বিষ্টিকরাঃ

---

তাহার পর ব্রাহ্মণেরা শূদ্রদের সহিত বিরোধ করিবেন, তৎপরে অচির-কালমধ্যেই পৃথিবী ম্লেচ্ছে পরিপূর্ণ হইবে ॥৭০॥

ব্রাহ্মণেরা করভারের ভয়ে দশ দিক্ আশ্রয় করিবেন এবং রাজারাও অন্যায়বর্ত্তী হইবেন ॥৭১॥

দেশের লোকের মধ্যে কোন ভেদ থাকিবে না এবং তাঁহারা বেগার দেওয়ার ভয়ে আশ্রমে যাইয়া ফল-মূলভোজী হইবে ॥৭২॥

জগৎটাই এইরূপ পর্য্যাকুল হইয়া পড়িলে, লোকসমাজে কোনই শৃঙ্খলা থাকিবে না, আর ব্রাহ্মণ, ক্ষত্রিয় এবং বৈশ্যেরাও সৎকার্য্য ত্যাগ করিবেন ॥৭৩॥

গুরুর অপ্রিয়কারী শিষ্যেরা গুরুর উপদেশের অধীন থাকিবে না এবং তৎপরে দরিদ্র গুরুকে নিন্দা করিবে ॥৭৪॥

---

(৭১) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি। (৭৩) পরার্দ্ধং বা ব কা পি ন দৃশ্যতে।

অর্থযুক্ত্যা প্রবৎস্যন্তি মিত্রসম্বন্ধিবান্ধবাঃ।
অভাবঃ সর্ব্বভূতানাং যুগান্তে সম্ভবিষ্যতি ॥৭৫॥
দিশঃ প্রজ্বলিতাঃ সর্ব্বা নক্ষত্রাণ্যপ্রভাণি চ।
জ্যোতীংষি প্রতিকূলানি বাতাঃ পর্য্যাকুলাস্তথা ॥৭৬॥
উল্কাপাতাশ্চ বহবো মহাভয়নিদর্শকাঃ।
ষড়্‌ভিরন্যৈশ্চ সহিতো ভাস্করঃ প্রতপিষ্যতি ॥৭৭॥
তুমুলাশ্চাপি নির্হ্রাদা দিগ্‌দাহাশ্চাপি সর্ব্বশঃ।
কবন্ধান্তর্হিতো ভানুরুদয়াস্তমনে তদা ॥৭৮॥
অকালবর্ষী ভগবান্ ভবিষ্যতি সহস্রদৃক্।
শস্যানি চ ন রোক্ষ্যন্তি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৭৯॥
অভীক্ষ্ণং ক্রূরবাদিন্যঃ পরুষা রুদিতপ্রিয়াঃ।
ভর্ত্তৄণাং বচনে চৈব ন স্থাস্যন্তি ততঃ স্ত্রিয়ঃ ॥৮০॥

ভারতকৌমুদী

অর্থেতি। অর্থযুক্ত্যা ধনলাভেনৈব, প্রবৎস্যন্তি কার্য্যেষু প্রবৃত্তা ভবিষ্যন্তি ॥৭৫॥
দিশ ইতি। জ্যোতীংষি মঙ্গলাদয়ো গ্রহাঃ। পর্য্যাকুলা অনিয়মবাহিনঃ ॥৭৬॥
উল্কেতি। অন্যৈঃ ষড়্‌ভির্ভাস্করৈঃ। প্রতপিষ্যতি জগৎ প্রতপ্স্যতি ॥৭৭॥
তুমুলা ইতি। নির্হ্রাদা আকস্মিকশব্দাঃ। কবন্ধঃ তদাকারা ছায়া ॥৭৮॥
অকালেতি। সহস্রদৃক্ ইন্দ্রঃ। ন রোক্ষ্যন্তি নোৎপৎস্যন্তে ॥৭৯॥
অভীক্ষ্ণমিতি। অভীক্ষ্ণং বারং বারম্। পরুষা রুক্ষস্বভাবাঃ ॥৮০॥

মিত্র, সম্বন্ধী এবং বান্ধবেরা অর্থলাভের সম্ভাবনা থাকিলেই কার্য্যে প্রবৃত্ত হইবে এবং যুগান্তে সকল লোকেরই অর্থাভাব উপস্থিত হইবে ॥৭৫॥

সমস্ত দিক প্রজ্বলিত হইবে, নক্ষত্র সকল প্রভাশূন্য হইয়া যাইবে, গ্রহগণ প্রতিকূলভাবে চলিবে এবং বায়ু অনিয়মে বহিবে ॥৭৬॥

মহাভয়সূচক বহুতর উল্কাপাত হইবে এবং সূর্য্য অন্য ছয়টা সূর্য্যের সহিত মিলিত হইয়া জগৎ সন্তপ্ত করিবেন ॥৭৭॥

তখন তুমুল নির্হ্রাদ চলিতে থাকিবে, সর্ব্বত্রই দিগ্‌দাহ হইবে এবং উদয়-কালে ও অস্তকালে সূর্য্য কবন্ধাকৃতি ছায়াদ্বারা আবৃত হইবেন ॥৭৮॥

যুগান্তকাল উপস্থিত হইলে ভগবান্ ইন্দ্র অকালে বর্ষণ করিবেন এবং শস্য উৎপন্ন হইবে না ॥৭৯॥

তাহার পর স্ত্রীলোকেরা সর্ব্বদা নিষ্ঠুরভাষী, রূক্ষস্বভাব ও রোদনপরায়ণ হইবে এবং ভর্ত্তাদের আদেশের অধীনে থাকিবে না ॥৮০॥

পুত্রাশ্চ মাতাপিতরৌ হনিষ্যন্তি যুগক্ষয়ে।
সূদয়িষ্যন্তি চ পতীন্ স্ত্রিয়ঃ পুত্রানুপাশ্রিতাঃ ॥৮১॥
অপর্ব্বণি মহারাজ! সূর্য্যং রাহুরুপৈষ্যতি।
যুগান্তে হুতভুক্ চাপি সর্ব্বতঃ প্রজ্বলিষ্যতি ॥৮২॥
পানীয়ং ভোজনঞ্চাপি যাচমানাস্তদাহধ্বগাঃ।
ন লপ্স্যন্তে নিবাসঞ্চ নিরস্তাঃ পথি শেরতে ॥৮৩॥
নির্ঘাতবায়সা নাগা শকুনাঃ সমৃগদ্বিজাঃ।
রূক্ষা বাচো বিমোক্ষ্যন্তি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৮৪॥
মিত্রং সম্বন্ধিনশ্চাপি সন্ত্যক্ষ্যন্তি নরাস্তদা।
জনং পরিজনঞ্চাপি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৮৫॥
অথ দেশান্ দিশশ্চাপি পত্তনান্যাপণানি চ।
ক্রমশঃ সংশ্রয়িষ্যন্তি যুগান্তে পর্য্যুপস্থিতে ॥৮৬॥

ভাবতকৌমুদী

পুত্রা ইতি। সূদয়িষ্যন্তি বিদলিষ্যন্তি। পুত্রান তৎপক্ষান ॥৮১॥

অপর্ব্বণীতি অপর্ব্বণি অমাবস্যেতরকালে। সর্ব্বত আর্দ্রকাষ্ঠৈরপি ॥৮২॥

পানীয়মিতি। অধ্বগাঃ পথিকাঃ। নিরস্তা গৃহস্থৈর্দূরীকৃতাঃ সন্তঃ ॥৮৩॥

নির্ঘাতেতি। নির্ঘাতাঃ প্রাগুক্তলক্ষণ বাতাহতবাতপাতাশ্চ বায়সাঃ কাকাশ্চ তে, নাগাঃ সর্পাঃ, শকুনা গৃধ্রাঃ, সমৃগদ্বিজাঃ পশুপক্ষিভিঃ সহ। বাচঃ শব্দান ॥৮৪॥

মিত্রমিতি। সম্বন্ধিনঃ শ্যালকাদীন্ ॥৮৫॥

---

যুগশেষে পুত্রেরা মাতা-পিতাকে হত্যা করিবে এবং স্ত্রীলোকেরা পুত্রদের পক্ষ অবলম্বন করিয়া ভর্ত্তাদের নির্যাতন করিবে ॥৮১॥

মহারাজ! যুগাবসানে অমাবস্যা ভিন্ন অন্য সময়ে রাহু সূর্য্যের নিকট উপস্থিত হইবে এবং সর্ব্বত্রই অগ্নি প্রজ্বলিত হইতে থাকিবে ॥৮২॥

সেই সময়ে পথিকগণ গৃহস্থগণের নিকট পানীয় জল, খাদ্য এবং বাসস্থান প্রার্থনা করিয়াও সেগুলি পাইবে না, প্রত্যুত গৃহস্থগণকর্ত্তৃক বিতাড়িত হইয়া যাইয়া পথে শয়ন করিবে ॥৮৩॥

যুগান্তকাল উপস্থিত হইলে নির্ঘাত, কাক, সর্প, শকুন ও অন্যান্য পশুপক্ষী রূক্ষ শব্দ করিবে ॥৮৪॥

যুগাবসানকাল আসিলে তখন মানুষেরা মিত্র, সম্বন্ধী, আত্মীয়জন ও পরিজনদিগকে পরিত্যাগ করিবে ॥৮৫॥

---

(৮১)···স্ত্রিয়ঃ পুত্রানপাশ্রিতাঃ—বা ব কা নি। (৮৬)···পত্তনানি পুরাণি চ—বা ব কা পি।

হা তাত। হা সুতেত্যেবং তদা বাচঃ সুদারুণাঃ।
বিক্রোশমানাশ্চান্যোন্যং জনো গাং পর্য্যটিষ্যতি ॥৮৭॥
ততস্তুমুলসংঘাতে বর্ত্তমানে যুগক্ষয়ে।
দ্বিজাতিপূর্ব্বকো লোকঃ ক্রমেণ প্রভবিষ্যতি ॥৮৮॥
ততঃ কালান্তরে হ্যস্মিন পুনর্লোকবিবৃদ্ধয়ে।
ভবিষ্যতি পুনর্দৈবমনুকূলং যদৃচ্ছয়া ॥৮৯॥
যদা সূর্য্যশ্চ চন্দ্রশ্চ তথা তিষ্যবৃহস্পতী।
একরাশৌ সমেষ্যন্তি প্রবৎস্যতি তদা কৃতম্ ॥৯০॥
কালবর্ষী চ পর্জ্জন্যো নক্ষত্রাণি শুভানি চ।
প্রদক্ষিণা গ্রহাশ্চাপি ভবিষ্যন্ত্যনুলোমগাঃ ॥৯১॥

ভারতকৌমুদী

অথেতি। পত্তনানি পুরাণি, আপণানি ক্রয়বিক্রয়গৃহাণি, [illegible] ॥৮৬॥

হেতি। বিক্রোশমানা আহ্বানকালে উচ্চারয়ন্তঃ। গাং পৃথিবীম্ ॥৮৭॥

তত ইতি। তুমুলঃ সংঘাতঃ সংহারো যত্র তস্মিন্ প্রভবিষ্যতি প্রভুত্বং প্রাপ্স্যতি ॥৮৮॥

তত ইতি। ততঃ [illegible] যদৃচ্ছয়া ঈশ্বরেচ্ছয়া ॥৮৯॥

যদেতি। তিষ্যঃ পুষ্যনক্ষত্রং বৃহস্পতিশ্চেতি তিষ্যবৃহস্পতী তথা চ যদা একস্মিন্ কর্কটরাশৌ ঘটকত্রয় পুষ্যানক্ষত্রে [illegible] সমেষ্যন্তি, তদা কৃতং সত্যযুগম্, প্রবৎস্যতি প্রবৃত্তং ভবিষ্যতি ॥৯০॥

ভারতভাবদীপঃ

ভৃতিমদস্য কার্য্যং কারয়ন্তি [illegible] ॥৭২—৭৩॥ [illegible] অপনিধিঃ নির্ধনঃ [illegible] ধিকৃক্রিয়তে ॥৭৪॥ অর্থযুক্তা ধনযোগেন, ন তু [illegible] বা ॥৭৫—৭৭॥ [illegible]

তৎপরে তাহারা অন্য দেশ, অন্য দিক, নগর ও দোকানে যাইয়া ক্রমশঃ আশ্রয় লইবে ॥৮৬॥

তখন 'হা পিতঃ। হা পুত্র।' এইরূপ নিদারুণ বাক্য উচ্চারণপূর্ব্বক পরস্পর আহ্বান করিতে থাকিয়া লোক সকল পৃথিবী পর্য্যটন করিবে ॥৮৭॥

তাহার পর মহামারী উপস্থিত হইবে এবং কলিযুগের শেষ হইয়া যাইবে। তৎপরে ক্রমশঃ দ্বিজাতিগণ ও অন্য লোক প্রভুত্ব লাভ করিবে ॥৮৮॥

সেই কলিযুগের পরে আবার অন্য কাল উপস্থিত হইবে, তখন ঈশ্বরের ইচ্ছায় লোকবৃদ্ধির জন্য দৈব পুনরায় অনুকূল হইবে ॥৮৯॥

যখন এক কর্কটরাশিতে পুষ্যানক্ষত্রে চন্দ্র, সূর্য্য ও বৃহস্পতি আসিবেন, তখনই সত্যযুগ প্রবৃত্ত হইবে ॥৯০॥

(৮৯) ততঃ কালান্তরেঽস্মিন্—বা ব কা নি।

ক্ষেমং সুভিক্ষমারোগ্যং ভবিষ্যতি নিরাময়ম্।
কল্কী বিষ্ণুযশা নাম দ্বিজঃ কালপ্রচোদিতঃ ॥৯২॥
উৎপৎস্যতে মহাবীর্য্যো মহাবুদ্ধিপরাক্রমঃ।
সম্ভূতঃ সম্ভলগ্রামে ব্রাহ্মণাবসথে শুভে ॥৯৩॥ (যুগ্মকম্)
মনসা তস্য সর্ব্বাণি বাহনান্যায়ুধানি চ।
উপস্থাস্যন্তি যোধাশ্চ শস্ত্রাণি কবচানি চ ॥৯৪॥
স ধর্ম্মবিজয়ী রাজা চক্রবর্ত্তী ভবিষ্যতি।
স চেমং সঙ্কুলং লোকং প্রসাদমুপনেষ্যতি ॥৯৫॥
উত্থিতো ব্রাহ্মণো দীপ্তঃ ক্ষয়ান্তকৃদুদারধীঃ।
সংক্ষেপকো হি সর্ব্বস্য যুগস্য পরিবর্ত্তকঃ ॥৯৬॥

ভাবকৌমুদী

কালেতি। শুভানি সপ্রভাণি, পূর্ব্বত্র অপ্রভাণীত্যভিধানাৎ। প্রদক্ষিণাঃ শুভাঃ ॥৯১॥

ক্ষেমমিতি। ক্ষেমং মঙ্গলম্। নিরাময়ং সর্ব্ববিধোৎপাতাভাবঃ। বিষ্ণুযশা বিষ্ণুযশসো বিপ্রস্য পুত্রঃ "ভবিতা বিষ্ণুযশসঃ" ইতি শ্রীমদ্ভাগবতসংবাদাৎ ॥৯২—৯৩॥

মনসেতি। মনসা মনস ইচ্ছামাত্রেণৈব। যোধা যোদ্ধারঃ সৈন্যাঃ ॥৯৪॥

স ইতি। সঙ্কুলম্ ঈর্ষ্যাদ্বেষাদিব্যাপ্তম্, প্রসাদং মৈত্র্যাদিনৈর্ম্মল্যম্ ॥৯৫॥

উত্থিত ইতি। ক্ষয়ান্তকৃৎ মহামারীনিবৃত্তিকৃৎ, সর্ব্বস্য ঈর্ষ্যাদ্বেষাদেশ্চিত্তকালুষ্যস্য, সংক্ষেপকো নিবারকঃ, যুগস্য পরিবর্ত্তকঃ সত্যযুগপ্রবর্ত্তক ইত্যর্থঃ ॥৯৬॥

তখন মেঘ যথাসময়ে বর্ষণ করিবে, নক্ষত্র সকল উজ্জ্বল হইবে এবং গ্রহগণ অনুকূল হইয়া জগতের মঙ্গল জন্মাইবে ॥৯১॥

এবং সর্ব্বত্র মঙ্গল, সুভিক্ষ, আরোগ্য ও সমস্ত উৎপাতের নিবৃত্তি হইবে; আর 'সম্ভল-'নামক গ্রামে মঙ্গলময় ব্রাহ্মণভবনে কালের প্রেরণায় মহাবল, মহাবুদ্ধি ও মহাপরাক্রমশালী হইয়া ভগবান্ কল্কী বিষ্ণুযশার পুত্ররূপে জন্ম গ্রহণ করিবেন ॥৯২—৯৩॥

তাঁহার ইচ্ছামাত্রে সমস্ত বাহন, অস্ত্র, শস্ত্র, কবচ ও যোদ্ধা উপস্থিত হইবে ॥৯৪॥

তিনি ধর্ম্ম অনুসারে বিজয়ী হইয়া রাজচক্রবর্ত্তী হইবেন এবং ঈর্ষ্যাদ্বেষাদি-কলুষিত এই জগৎটাকেই নির্ম্মল করিবেন ॥৯৫॥

অসাধারণ তেজস্বী ও উদারবুদ্ধি সেই ব্রাহ্মণ ক্রমিক উন্নতি লাভ করিতে থাকিয়া দূষিত ভাবের নিবৃত্তি, মহামারীর নিবারণ এবং যুগের পরিবর্ত্তন করিবেন ॥৯৬॥

স সর্ব্বত্র গতান্ ক্ষুদ্রান্ ব্রাহ্মণৈঃ পরিবারিতঃ।
উৎসাদয়িষ্যতি তদা সর্ব্বম্লেচ্ছগণান্ দ্বিজঃ ॥৯৭॥
ততশ্চৌরক্ষয়ং কৃত্বা দ্বিজেভ্যঃ পৃথিবীমিমাম্।
বাজিমেধে মহাযজ্ঞে বিধিবৎ কল্পয়িষ্যতি ॥৯৮॥
স্থাপয়িত্বা চ মর্য্যাদাঃ স্বয়ম্ভুবিহিতাঃ শুভাঃ।
বনং পুণ্যযশঃকর্ম্মা রমণীয়ং প্রবেক্ষ্যতি ॥৯৯॥
তচ্ছীলমনুবর্ৎস্যন্তি মনুষ্যা লোকবাসিনঃ।
বিপ্রৈশ্চৌরক্ষয়ে চৈব কৃতে ক্ষেমং ভবিষ্যতি ॥১০০॥
কৃষ্ণাজিনানি শক্তীশ্চ ত্রিশূলান্যায়ুধানি চ।
স্থাপয়ন্ দ্বিজশার্দ্দূলো দেশেষু বিজিতেষু চ ॥১০১॥
সংস্তূয়মানো বিপ্রেন্দ্রৈর্মানয়ানো দ্বিজোত্তমান্।
কল্কিশ্চরিষ্যতি মহীং সদা দস্যুবধে রতঃ ॥১০২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

স ইতি। ক্ষুদ্রান্ নিকৃষ্টহৃদয়ান্। পরিবারিতঃ পরিবেষ্টিতঃ ॥৯৭॥
তত ইতি। চৌরক্ষয়ং দস্যুসংহারম্। কল্পয়িষ্যতি প্রদাস্যতি ॥৯৮॥
স্থাপয়িত্বেতি। মর্য্যাদাঃ সমাজাদিনিয়মান্। পুণ্যে যশঃকর্ম্মণী যস্য সঃ ॥৯৯॥
তদিতি। অনুবর্ৎস্যন্তি অনুসরিষ্যন্তি। ক্ষেমং জগতো মঙ্গলম্ ॥১০০॥
কৃষ্ণেতি। স্থাপয়ন্ দুষ্টদমনার্থম্। মানয়ানঃ সম্মানয়ন্ ॥১০১—১০২॥

ভারতভাবদীপঃ

রাহ্বন্তরিতঃ ॥৭৮—৮৯॥ যদেতি। গুরুসূর্য্যচন্দ্রাঃ যদা যুগপৎ পুষ্যনক্ষত্রমেষ্যন্তি তদা কৃতযুগপ্রবৃত্তিরিত্যর্থঃ ॥৯০—৯৭॥ কল্পয়িষ্যতি দাস্যতি ॥৯৮—৯৯॥ বিপ্রৈর্হেতুভিঃ, কৃতে যুগে

এবং তিনি তখন ব্রাহ্মণগণে পরিবেষ্টিত হইয়া সর্ব্বত্র বিদ্যমান নিকৃষ্টহৃদয় সর্ব্ববিধ ম্লেচ্ছগণকে উৎসন্ন করিবেন ॥৯৭॥

তাহার পর তিনি দস্যুসংহার করিয়া মহাযজ্ঞ অশ্বমেধে ব্রাহ্মণগণকে এই পৃথিবীটা যথাবিধানে দান করিবেন ॥৯৮॥

তদনন্তর পবিত্রকীর্ত্তি ও প[বি]ত্রকর্ম্মা কল্কি ব্রহ্মার বিহিত মাঙ্গলিক নিয়ম সকল স্থাপন করিয়া রমণীয় বনে প্রবেশ করিবেন ॥৯৯॥

তখন মর্ত্ত্যবাসী মানুষেরা তাঁহার চরিত্রের অনুসরণ করিবে এবং ব্রাহ্মণেরা দস্যুসংহার করিলে জগতের মঙ্গল হইবে ॥১০০॥

(৯৭) শ্লোকাৎ পরম্ '...নবত্যধিক...মার্কণ্ডেয় উবাচ'—বা ব কা, '...একনবত্যধিক...মার্কণ্ডেয় উবাচ'—পি, '...ত্রিনবত্যধিক...মার্কণ্ডেয় উবাচ'—নি।

হা মাতস্তাত পুত্রেতি তাস্তা বাচঃ সুদারুণাঃ।
বিক্রোশমানান্ সুভৃশং দস্যূন্ নেষ্যতি সংক্ষয়ম্ ॥১০৩॥
ততোঽধর্ম্মবিনাশো বৈ ধর্ম্মবৃদ্ধিশ্চ ভারত!।
ভবিষ্যতি কৃতে প্রাপ্তে ক্রিয়াবাংশ্চ জনস্তদা ॥১০৪॥
আরামাশ্চৈব চৈত্যাশ্চ তড়াগাবসথাস্তথা।
পুষ্করিণ্যশ্চ বিবিধা দেবতায়তনানি চ ॥১০৫॥
যজ্ঞক্রিয়াশ্চ বিবিধা ভবিষ্যন্তি কৃতে যুগে।
ব্রাহ্মণাঃ সাধবশ্চৈব মুনয়শ্চ তপস্বিনঃ ॥১০৬॥ (যুগ্মকম্)
আশ্রমা হতপাষণ্ডাঃ স্থিতাঃ সত্যে জনাস্তদা।
প্রযন্তি সর্ব্ববীজানি রোপ্যমাণানি চৈব হ ॥১০৭॥

## ভারতকৌমুদী

হেতি। তাস্তা আত্মীয়বিষয়া বাচ উচ্চার্য্য বিক্রোশমানান আহ্বয়তঃ ॥১০৩॥

তত ইতি। ক্রিয়াবান যাগাদিসৎকর্ম্মান্বিতঃ ॥১০৪॥

আরামা ইতি। আরামা উপবনানি, চৈত্যা যজ্ঞশালাঃ, তড়াগা জলাশয়বিশেষাশ্চ আবসথা পথিকাবাসাশ্চ তে। ব্রাহ্মণাশ্চ সাধুপ্রভৃতয়ো ভবিষ্যন্তি ॥১০৫—১০৬॥

আশ্রমা ইতি। হতাঃ পাষণ্ডা বৃথাধর্ম্মচিহ্নধারিণো যেষাং তে। প্রযন্তি রোহন্তি ॥১০৭॥

## ভাবপ্রদীপঃ

॥১০০॥ কৃষ্ণাজিনানি ব্রহ্মচারিপরিধেয়ানি তেন সর্ব্বাণি ব্রাহ্মণবর্ম্মাণি লক্ষ্যন্তে শক্তীরিত্যাদিনা রাজধর্ম্মান্ স্থাপয়ন্ ব্রহ্মক্ষত্রয়োর্ধর্ম্মব্যবস্থাং চক্রে ইতি ভাবঃ ॥১০১—১০৩॥ অধর্ম্মবিনাশ

ব্রাহ্মণশ্রেষ্ঠ কল্কি বিজিত দেশসমূহে কৃষ্ণমৃগের চর্ম্ম (ঢাল), শক্তি, ত্রিশূল ও অন্যান্য অস্ত্র রাখিয়া, ব্রাহ্মণদিগের স্তুতিবাদ শ্রবণ এবং তাঁহাদের সংবর্দ্ধনা করিয়া (সেই বনের ভিতরে) সর্ব্বদাই দস্যুসংহারে নিরত হইয়া, ক্রমে পৃথিবীতে বিচরণ করিবেন ॥১০১—১০২॥

বিভিন্ন স্থানের দস্যুরা 'হা মাতঃ! হা পিতঃ! হা পুত্র!' এইরূপ নিদারুণ বাক্য সকল উচ্চারণপূর্ব্বক তাঁহাদিগকে ডাকিতে থাকিবে এই অবস্থায় কল্কি তাহাদিগকে সংহার করিবেন ॥১০৩॥

ভরতনন্দন! তাহার পর সত্যযুগ উপস্থিত হইলে, তখন অধর্ম্মের লোপ ও ধর্ম্মের বৃদ্ধি হইবে এবং মানুষ সৎক্রিয়ান্বিত হইবে ॥১০৪॥

সত্যযুগ উপস্থিত হইলে, উপবন, যজ্ঞশালা, বৃহৎ বৃহৎ জলাশয়, পথিকদিগের জন্য বাস্তুভবন, নানাবিধ পুষ্করিণী, দেবালয় ও বিবিধ যজ্ঞকার্য্য হইবে এবং ব্রাহ্মণেরাও সাধু, মুনি ও তপস্বী হইবেন ॥১০৫—১০৬॥

(১০৭) আশ্রমাঃ সহ পাষণ্ডাঃ...বা ব কা পি।

সর্ব্বেষ্বৃতুষু রাজেন্দ্র ! সর্ব্বং শস্যং ভবিষ্যতি।
নরা দানেষু নিরতা ব্রতেষু নিয়মেষু চ ॥১০৮॥
জপ্যযজ্ঞপরা বিপ্রা ধর্ম্মকামা মুদা যুতাঃ।
পালয়িষ্যন্তি রাজানো ধর্ম্মেণেমাং বসুন্ধরাম্ ॥১০৯॥
ব্যবহাররতা বৈশ্যা ভবিষ্যন্তি কৃতে যুগে।
ষট্‌কর্ম্মনিরতা বিপ্রাঃ ক্ষত্রিয়া বিক্রমে রতাঃ ॥১১০॥
শুশ্রূষায়াং রতাঃ শূদ্রাস্তথা বর্ণত্রয়স্য চ।
এষ ধর্ম্মঃ কৃতযুগে ত্রেতায়াং দ্বাপরে তথা ॥১১১॥
পশ্চিমে যুগকালে চ যঃ স তে সম্প্রকীর্ত্তিতঃ।
সর্ব্বলোকস্য বিদিতা যুগসংখ্যা চ পাণ্ডব ! ॥১১২॥ (যুগ্মকম্)

---

ভারতকৌমুদী

সর্ব্বেষ্বিতি। নিরতা ভবিষ্যন্তীতি বচনবিপরিণামেন পূর্ব্বক্রিয়ানুবৃত্তিঃ ॥১০৮॥

জপ্যেতি। মুদা উৎপাতাপগমাদানন্দেন যুতাঃ ॥১০৯॥

ব্যবেতি। ব্যবহারো বাণিজ্যাদিঃ। ষট্‌কর্ম্মাণি যজনযাজনাধ্যয়নাধ্যাপনদানপ্রতিগ্রহাঃ ॥১১০॥

শুশ্রূষায়ামিতি। বর্ণত্রয়স্য উচ্চস্য। পশ্চিমে যুগকালে কলৌ। যুগসংখ্যা সত্যাদীনাং চতুর্ণাং যুগানাং দেবপরিমাণেন চতুস্ত্রিদ্ব্যেকসহস্রবৎসররূপা ॥১১১—১১২॥

ভারতভাবদীপঃ

ইতি চ্ছেদঃ ॥১০৪—১০৬॥ যে আশ্রমাঃ সহ পাষণ্ডাঃ প্রাক্ স্থিতাস্তে প্রব্রাশ্চ সত্যজনা ভবিষ্যন্তীতি সম্বন্ধঃ; প্রযস্তি নশ্যন্তি, বীজানি সংস্কারাঃ, [illegible]প্যমাণানি ক্রিয়মাণৈঃ কর্ম্মভির্দৃঢ়ং নিষ্পাদ্যমানান্যপি জ্ঞানবলান্নশ্যন্তীত্যর্থঃ ॥১০৭—১৩১॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬১॥

---

তখন আশ্রম হইতে পাষণ্ডেরা দূরীকৃত হইবে, সকল লোকই সত্যে অবস্থান করিবে এবং রোপণ করিলেই সমস্ত বীজ উৎপন্ন হইবে ॥১০৭॥

রাজশ্রেষ্ঠ ! সকল ঋতুতেই শস্য জন্মিবে এবং মানুষ দান, ব্রত ও নিয়মে নিরত হইবে ॥১০৮॥

ব্রাহ্মণেরা আনন্দিত হইয়া ধর্ম্মকামনায় জপ ও যজ্ঞপরায়ণ হইবেন এবং রাজারা ধর্ম্ম অনুসারে এই পৃথিবী পালন করিবেন ॥১০৯॥

সত্যযুগে ব্রাহ্মণেরা যজনাদি ষট্‌কর্ম্মে, ক্ষত্রিয়েরা বিক্রমে এবং বৈশ্যেরা বাণিজ্যে নিরত হইবেন ॥১১০॥

শূদ্রেরা উচ্চ তিন বর্ণের পরিচর্য্যায় ব্যাপৃত হইবে। পাণ্ডুনন্দন ! সত্য, ত্রেতা ও দ্বাপরযুগের এই ধর্ম্ম এবং কলিযুগের যে ধর্ম্ম, তাহা তোমার নিকট বলিলাম; আর চারি যুগের পরিমাণ ত সকলেরই জানা আছে ॥১১১—১১২॥

এতত্তে সর্ব্বমাখ্যাতমতীতানাগতং তথা।
বায়ুপ্রোক্তমনুস্মৃত্য পুরাণমৃষিসংস্তুতম্ ॥১১৩॥
এবং সংসারমার্গা মে বহুশশ্চিরজীবিনা।
দৃষ্টাশ্চৈবানুভূতাশ্চ তাংস্তে কথিতবানহম্ ॥১১৪॥
ইদঞ্চৈবাপরং ভূয়ঃ সহ ভ্রাতৃভিরচ্যুত!।
ধর্ম্মসংশয়মোক্ষার্থং নিবোধ বচনং মম ॥১১৫॥
ধর্ম্মে ত্বয়াত্মা সংযোজ্যো নিত্যং ধর্ম্মভৃতাং বর!।
ধর্ম্মাত্মা হি সুখং রাজন্! প্রেত্য চেহ চ বিন্দতি ॥১১৬॥
নিবোধ চ শুভাং বাণীং যাং প্রবক্ষ্যামি তেঽনঘ!।
ন ব্রাহ্মণে পরিভবঃ কর্ত্তব্যস্তে কদাচন।
ব্রাহ্মণঃ কুপিতো হন্যাদপি লোকান্ প্রতিজ্ঞয়া ॥১১৭॥

বৈশম্পায়ন উবাচ।

মার্কণ্ডেয়বচঃ শ্রুত্বা কুরূণাং প্রবরো নৃপঃ।
উবাচ বচনং ধীমান্ পরমং পরমদ্যুতিঃ ॥১১৮॥

ভারতকৌমুদী

এতদিতি। পুরাণং পুরাতনম্, ঋষিভিঃ সংস্তুতং পরিচিতং বিদিতমিত্যর্থঃ ॥১১৩॥
এবমিতি। মে ময়া বহুশো দৃষ্টাঃ, মনসা চানুভূতাঃ ॥১১৪॥
ইদমিতি। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট!। ধর্ম্মসংশয়স্য মোক্ষার্থং নিবৃত্ত্যর্থম্ ॥১১৫॥
ধর্ম্ম ইতি। আত্মা মনঃ। প্রেত্য পরলোকে। বিন্দতি লভতে ॥১১৬॥
নিবোধেতি। প্রতিজ্ঞয়া হননবিষয়কবাক্যমাত্রেণৈব। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১১৭॥

যুধিষ্ঠির! ঋষিগণের বিদিত বায়ুপ্রোক্ত প্রাচীন বচন সকল স্মরণ করিয়া আমি এই ভূত ও ভবিষ্যৎ বিষয়গুলি তোমার নিকট বলিলাম ॥১১৩॥

আমি চিরজীবী বলিয়া সংসারের এই সকল পথ বহুবার দেখিয়াছি এবং অনুভব করিয়াছি; তাহা আমি তোমার নিকট বলিলাম ॥১১৪॥

ধার্ম্মিক যুধিষ্ঠির! তুমি ভ্রাতাদের সহিত মিলিত হইয়া ধর্ম্মসন্দেহ নিবৃত্তির জন্য পুনরায় আমার এই অপর বাক্য শ্রবণ কর ॥১১৫॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ রাজা! তুমি সর্ব্বদাই ধর্ম্মে মনকে সংযুক্ত রাখিবে। কারণ, ধর্ম্মাত্মা লোক ইহলোকে ও পরলোকে সুখ লাভ করে ॥১১৬॥

নিষ্পাপ রাজা! আমি তোমার নিকট যে শুভজনক বাক্য বলিব, তাহা তুমি শ্রবণ কর। তুমি কখনও ব্রাহ্মণের অপমান করিও না। কারণ, ব্রাহ্মণ কুপিত হইয়া একমাত্র বাক্যদ্বারাই সমস্ত জগৎ বিনষ্ট করিতে পারেন" ॥১১৭॥

কস্মিন্ ধর্ম্মে ময়া স্থেয়ং প্রজাঃ সংরক্ষতা মুনে।
কথঞ্চ বর্ত্তমানো বৈ ন চ্যবেয়ং স্বধর্ম্মতঃ ॥১১৯॥

মার্কণ্ডেয় উবাচ।

দয়াবান্ সর্ব্বভূতেষু হিতো রক্তোঽনসূয়কঃ।
সত্যবাদী মৃদুর্দান্তঃ প্রজানাং রক্ষণে রতঃ ॥১২০॥
চর ধর্ম্মং ত্যজাধর্ম্মং পিতৄন্ দেবাংশ্চ পূজয়।
প্রমাদাদ্যৎ কৃতং তেঽভূৎ সম্যগ্ দানেন তজ্জয় ॥১২১॥ (যুগ্মকম্)
অলং তে মানমাশ্রিত্য সততং পরবান্ ভব।
বিজিত্য পৃথিবীং সর্ব্বাং মোদমানঃ সুখী ভব ॥১২২॥
এষ ভূতো ভবিষ্যশ্চ ধর্ম্মস্তে সমুদীরিতঃ।
ন তেঽস্ত্যবিদিতং কিঞ্চিদতীতানাগতং ভুবি ॥১২৩॥

ভারতকৌমুদী

মার্কণ্ডেয়েতি। পরমং নিজহিতবিষয়ত্বাদুত্তমম্, পরমদ্যুতির্মহাতেজাঃ ॥১১৮॥

কস্মিন্নিতি। কস্মিন্ কীদৃশে, স্থেয়ং স্থাতব্যম্, চ্যবেয়ং ভ্রশ্যেয়ম্ ॥১১৯॥

দয়েতি। রক্তোঽনুরাগী। দান্ত ইন্দ্রিয়দমনশালী। প্রমাদাদনবধানাৎ ॥১২০—১২১॥

অলমিতি। মানং স্বাধীনতাগর্ব্বম্। পরবান্ দয়াদিনা পরাধীনঃ ॥১২২॥

এষ ইতি। ভূতঃ অতীতঃ। এতদুদীরণং নিষ্প্রয়োজনমেবেত্যাহ—নেতি ॥১২৩॥

---

বৈশম্পায়ন বলিলেন—বুদ্ধিমান্, মহাতেজা ও কুরুশ্রেষ্ঠ রাজা যুধিষ্ঠির মার্কণ্ডেয়ের বাক্য শুনিয়া এই উত্তম বাক্য বলিলেন—॥১১৮॥

"মুনি! আমি প্রজা পালন করিবার সময়ে কিরূপ ধর্ম্মে থাকিব? এবং কি প্রকারে থাকিয়াই বা নিজ ধর্ম্ম হইতে ভ্রষ্ট হইব না?" ॥১১৯॥

মার্কণ্ডেয় বলিলেন—"রাজা! তুমি সকল প্রাণীর উপরেই দয়ালু, হিতৈষী, অনুরাগী ও অসূয়াবিহীন হইয়া এবং সত্যবাদী, কোমলস্বভাব, ইন্দ্রিয়জয়ী ও প্রজাপালনে নিরত থাকিয়া ধর্ম্ম আচরণ কর, অধর্ম্ম ত্যাগ কর, দেবগণ ও পিতৃগণের পূজা কর এবং অনবধানতাবশতঃ তোমার যে পাপ করা হইয়াছে, উপযুক্ত দান করিয়া সে পাপ নষ্ট কর ॥১২০—১২১॥

তুমি গর্ব্বিত হইও না, সর্ব্বদা পরাধীনই থাক এবং সমগ্র পৃথিবী জয় করিয়া আমোদ অনুভব কর এবং সুখী হও ॥১২২॥

এই তোমার নিকট ভূত ও ভবিষ্য ধর্ম্ম বলিলাম; কিন্তু জগতে ভূত বা ভবিষ্য কোন বিষয়ই তোমার অবিদিত নাই ॥১২৩॥

তস্মাদিমং পরিক্লেশং ত্বং তাত! হৃদি মা কৃথাঃ।
প্রাজ্ঞাস্তাত! ন মুহ্যন্তি কালেনাপি প্রপীড়িতাঃ ॥১২৪॥
এষ কালো মহাবাহো! অপি সর্ব্বদিবৌকসাম্।
মুহ্যন্তি হি প্রজাস্তাত! কালেনাপি প্রচোদিতাঃ ॥১২৫॥
মা চ তেঽত্র বিশঙ্কা ভূদ্‌যন্ময়োক্তং তবানঘ!।
আশঙ্ক্য মদ্বচো হ্যেতদ্ধর্ম্মলোপো ভবেত্তব ॥১২৬॥
জাতোঽসি প্রথিতে বংশে কুরূণাং ভরতর্ষভ!।
কর্ম্মণা মনসা বাচা সর্ব্বমেতৎ সমাচর ॥১২৭॥

যুধিষ্ঠির উবাচ।

যত্ত্বয়োক্তং দ্বিজশ্রে ' বাক্যং শ্রুতিমনোহরম্।
তথা করিষ্যে যত্নেন ভবতঃ শাসনং বিভো! ॥১২৮॥
ন মে লোভোঽস্তি বিপ্রেন্দ্র! ন ভয়ং ন চ মৎসরঃ।
করিষ্যামি হি তৎ সর্ব্বমুক্তং যত্তে ময়ি প্রভো! ॥১২৯॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। ইমং রাজ্যনাশবনবাসাদিকৃতম্। কালেন কালকৃতদুঃখেন ॥১২৪॥
এষ ইতি। এষ ঈদৃশদুঃখপ্রযোজকঃ। কালেন তদুপস্থাপিতদুঃখেন ॥১২৫॥
মেতি। বিশঙ্কা অসত্যত্বসন্দেহঃ। ধর্ম্মলোপো ভবেৎ, এতদ্বিপরীতাচরণাৎ ॥১২৬॥
জাত ইতি। সদ্বংশজাতস্যৈব সৎকর্ম্মযোগ্যত্বং স্বাভাবিকমিতি ভাবঃ ॥১২৭॥
যদিতি। শ্রুত্যা শ্রবণমাত্রেণৈব মনোহরম্। শাসনমাদেশম্ ॥১২৮॥

অতএব বৎস! তুমি এই কষ্টগুলিকে মনে স্থান দিও না। কারণ, বৎস! বুদ্ধিমান্ লোকেরা কালপ্রণোদিত হইয়াও মোহিত হন না ॥১২৪॥

বৎস মহাবাহু! দেবতাদেরও এইরূপ কাল উপস্থিত হইয়া থাকে; সুতরাং সাধারণ লোকেরাই কালপ্রণোদিত হইয়া মোহিত হয় ॥১২৫॥

নিষ্পাপ রাজা! আমি তোমার নিকট যাহা বলিয়াছি, সে বিষয়ে যেন তোমার কোন সন্দেহ হয় না। কারণ, আমার বাক্যে সন্দেহ করিলে তোমার ধর্ম্মলোপ হইবে ॥১২৬॥

ভরতশ্রেষ্ঠ! তুমি জগদ্বিখ্যাত কুরুবংশে জন্মিয়াছ; সুতরাং বাক্য, মন ও কর্ম্মদ্বারা এই সমস্ত আচরণ কর" ॥১২৭॥

যুধিষ্ঠির বলিলেন—"প্রভু ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি যে শ্রুতিমধুর বাক্য বলিয়াছেন, সেই অনুসারেই আমি যত্নপূর্ব্বক আপনার আদেশ পালন করিব ॥১২৮॥

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা তু বচনং তস্য মার্কণ্ডেয়স্য ধীমতঃ।
সংহৃষ্টাঃ পাণ্ডবা রাজন্! সহিতাঃ শার্ঙ্গধন্বনা ॥১৩০॥
বিপ্রর্ষভাশ্চ তে সর্ব্বে যে তত্রাসন্ সমাগতাঃ।
তথা কথাং শুভাং শ্রুত্বা মার্কণ্ডেয়স্য ধীমতঃ।
বিস্মিতাঃ সমপদ্যন্ত পুরাণস্য নিবেদনাৎ ॥১৩১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং যুধিষ্ঠিরানুশাসনে একষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

## দ্বিষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

জনমেজয় উবাচ।

ভূয় এব ব্রাহ্মণানাং মাহাত্ম্যং বক্তুমর্হসি।
পাণ্ডবানাং যথাচষ্ট মার্কণ্ডেয়ো মহাতপাঃ ॥১॥

ভারতকৌমুদী

নেতি। মৎসরো দ্বেষঃ। তে ত্বয়া, মাম মমান্তিকে ॥১২৯॥

শ্রুত্বেতি। সংহৃষ্টা বভূবুঃ। শার্ঙ্গধন্বনা কৃষ্ণেন ॥১৩০॥

বিপ্রেতি। সমপদ্যন্ত সঞ্জাতাঃ, পুরাণস্য প্রাচীনবৃত্তান্তস্য। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৩১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়ামেকষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

ব্রাহ্মণমাহাত্ম্যস্যৈব প্রস্তুতত্বাদেব জিজ্ঞাসতে—ভূয় ইতি। আচষ্ট অবদৎ ॥১॥

---

প্রভু ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমার লোভ নাই, ভয় নাই এবং বিদ্বেষও নাই; সুতরাং আপনি আমার নিকট যাহা বলিলেন, সে সমস্তই আমি করিব” ॥১২৯॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! পাণ্ডবেরা জ্ঞানী মার্কণ্ডেয়ের কথা শুনিয়া কৃষ্ণের সহিত আনন্দিত হইলেন ॥১৩০॥

আর, সেই স্থানে যে সকল শ্রেষ্ঠ ব্রাহ্মণ আগমন করিয়াছিলেন, তাঁহারা জ্ঞানী মার্কণ্ডেয়ের সেই মঙ্গলজনক কথা শুনিয়া এবং প্রাচীন বৃত্তান্ত জানিয়া বিস্মিত হইলেন ॥১৩১॥

—:*:—

---

* ‘…একনবত্যধিক…’—বা ব কা, ‘…দ্বিনবত্যধিক…’—পি, ‘…চতুর্নবত্যধিক…’—নি।

বৈশম্পায়ন উবাচ।

ভূয় এব ব্রাহ্মণমাহাত্ম্যং বক্তুমর্হসীত্যব্রবীৎ পাণ্ডবেয়ো মার্কণ্ডেয়ম্ ॥২॥

অথাচষ্ট মার্কণ্ডেয়ঃ পূর্ব্বমিদং শ্রূয়তাং ব্রাহ্মণানাং চরিতম্ ॥৩॥

অযোধ্যায়ামিক্ষ্বাকুকুলোদ্বহঃ পার্থিবঃ পরিক্ষিন্নাম মৃগয়ামগমৎ ॥৪॥

তমেকাশ্বেন মৃগমনুসরন্তং মৃগো দূরমপাহরৎ ॥৫॥

অথাধ্বনি জাতশ্রমঃ ক্ষুত্তৃষ্ণাভিভূতশ্চৈকস্মিন্ দেশে নীলং গহনং বনষণ্ডমপশ্যৎ। তচ্চ বিবেশ ॥৬॥

ততস্তস্য বনষণ্ডস্য মধ্যেঽতীব রমণীয়ং সরো দৃষ্ট্বা সাশ্ব এব ব্যগাহত ॥৭॥

---

ভারতকৌমুদী

ভূয় ইতি। ভূয় এব বহুলমেব। পাণ্ডবেয়ো যুধিষ্ঠিরঃ ॥২॥

অথেতি। অপূর্ব্বমাশ্চর্য্যম্ ॥৩॥

অযোধ্যায়ামিতি। মৃগয়াং কর্ত্তুমিতি শেষঃ ॥৪॥

তমিতি। একাশ্বেন একমাত্রেণাশ্বেন ॥৫॥

অথেতি। গহনং নিবিড়ম্, বনষণ্ডং বনসমূহম্ ॥৬॥

তত ইতি। ব্যগাহত, পথিশ্রমাপনোদনায়েতি ভাবঃ ॥৭॥

জনমেজয় বলিলেন—"মহাতপা মার্কণ্ডেয় পাণ্ডবগণের নিকটে যাহা বলিয়াছিলেন, সেই ব্রাহ্মণমাহাত্ম্য আপনি আরও বলুন" ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—সেই সময়ে যুধিষ্ঠির মার্কণ্ডেয়মুনিকে বলিলেন—"আপনি পুনরায় ব্রাহ্মণমাহাত্ম্য বলুন" ॥২॥

তাহার পর মার্কণ্ডেয় বলিলেন—"যুধিষ্ঠির! তুমি ব্রাহ্মণদিগের এই অপূর্ব্ব চরিত্র শ্রবণ কর ॥৩॥

অযোধ্যানগরে ইক্ষ্বাকুবংশসম্ভূত 'পরিক্ষিৎ'-নামে এক রাজা ছিলেন; তিনি একদা মৃগয়া করিতে গমন করিয়াছিলেন ॥৪॥

তিনি একমাত্র অশ্বে আরোহণ করিয়া একটা মৃগের অনুসরণ করিতে লাগিলে, সেই মৃগ তাঁহাকে দূরে লইয়া গেল ॥৫॥

তাহার পর তিনি পরিশ্রান্ত এবং ক্ষুধা-পিপাসায় কাতর হইয়া একস্থানে নীলবর্ণ ও নিবিড় বনশ্রেণী দেখিলেন এবং তাহার ভিতরে প্রবেশ করিলেন ॥৬॥

তৎপরে তিনি সেই বনশ্রেণীর মধ্যে অতিমনোহর একটা সরোবর দেখিয়া অশ্বের সহিতই তাহাতে অবগাহন করিলেন ॥৭॥

---

(২) ভূয় এব ব্রাহ্মণমহাভাগ্যম্—বা ব কা পি।

অথাশ্বস্তঃ স বিসমৃণালমশ্বায়াগ্রতো নিক্ষিপ্য পুষ্করিণীতীরে সংবিবেশ। ততঃ শয়ানো মধুরং গীতমশৃণোৎ ॥৮॥

স শ্রুত্বাঽচিন্তয়ৎ—নেহ মনুষ্যগতিং পশ্যামি। কস্য খল্বয়ং গীতশব্দ ইতি ॥৯॥

অথাপশ্যৎ কন্যাং পরমরূপদর্শনীয়াং পুষ্পাণ্যবচিন্বতীং গায়ন্তীঞ্চ। অথ সা রাজ্ঞঃ সমীপে পর্য্যক্রামৎ ॥১০॥

তামব্রবীদ্রাজা—কস্যাসি ভদ্রে! কা বা ত্বমিতি। সা প্রত্যুবাচ—কন্যাস্মীতি। তাং রাজোবাচ—অর্থী ত্বয়াহমিতি ॥১১॥

অথোবাচ কন্যা—সময়েনাহং শক্যা ত্বয়া লব্ধুং নান্যথেতি। রাজা তাং সময়মপৃচ্ছৎ। কন্যোবাচ—নোদকং মে দর্শয়িতব্যমিতি ॥১২॥

---

ভারতকৌমুদী

অথেতি। আশ্বস্তঃ অপনীতশ্রমঃ, বিসেন পদ্মমূলেন যুক্তং মৃণালং নলদমিতি বিসমৃণালম্, মধ্যপদলোপী সমাসঃ। "মৃণালং নলদে ক্লীবং স্ত্রীনপুংসকয়োর্বিসে" ইতি মেদিনী। সংবিবেশ উপবিষ্টবান্ ॥৮॥

স ইতি। কস্য মনুষ্যস্য, মনুষ্যস্যেব গীতশব্দশ্রবণাৎ ॥৯॥

অথেতি। পরমেণ রূপেণ দর্শনীয়াং সুদৃশ্যাম্। পর্য্যক্রামদাগচ্ছৎ ॥১০॥

তামিতি। কন্যা অজাতবিবাহা। ত্বয়া অর্থী ত্বৎপ্রার্থনাবান্ ॥১১॥

---

তাহার পর রাজা শ্রান্তি দূর করিয়া, অশ্বের সম্মুখে পদ্মের মৃণাল এবং বিণ্যাঘাস সমর্পণপূর্ব্বক সেই পুষ্করিণীর তীরে প্রথমে উপবেশন করিলেন, পরে শয়ন করিয়া মধুর গীতধ্বনি শুনিতে পাইলেন ॥৮॥

তিনি সেই গীতধ্বনি শুনিয়া চিন্তা করিলেন—'এখানে মনুষ্যের গতি দেখি না, অথচ এ গীতধ্বনি কাহার?' ॥৯॥

তাহার পর তিনি দেখিলেন—পরমসুন্দরী একটী কন্যা পুষ্প চয়ন করিতেছে, আর গান গাহিতেছে। তৎপরে সেই কন্যাটী রাজার নিকটে আগমন করিল ॥১০॥

তখন রাজা তাহাকে বলিলেন—"ভদ্রে! তুমি কাহার? কেই বা তুমি?" কন্যাটী বলিল—"আমি কন্যা"। রাজা তাহাকে বলিলেন—"আমি তোমাকে প্রার্থনা করি" ॥১১॥

পরে কন্যাটী বলিল—"আপনি একটী শপথ করিয়া আমাকে লাভ করিতে পারেন, অন্য প্রকারে নহে"। রাজা তাহার নিকট শপথের বিষয় জিজ্ঞাসা করিলেন; সে বলিল—"আমাকে জল দেখাইতে পারিবেন না" ॥১২॥

স রাজা তাং বাঢ়মিত্যুক্ত্বা তামুপযেমে। কৃতোদ্বাহশ্চ রাজা পরিক্ষিৎ ক্রীড়মানো মুদা পরময়া যুক্তস্তূষ্ণীং সঙ্গম্য তয়া সহাস্তে ॥১৩॥

ততস্তত্রৈবাসীনে রাজনি সেনাঽন্বগচ্ছৎ। পদং পদেন দৃষ্ট্বা চ রাজানং পরিবার্য্যাতিষ্ঠৎ ॥১৪॥

পর্য্যাশ্বস্তশ্চ রাজা তয়ৈব সহ শিবিকয়া প্রায়াদবঘট্টিতয়া স্বনগরমনুপ্রাপ্য রহসি তয়া সহাস্তে ॥১৫॥

তত্রাভ্যাসস্থোঽপি কশ্চিত্তং নাপশ্যৎ। অথ প্রধানামাত্যোঽভ্যাসচরাস্তস্য স্ত্রিয়োঽপৃচ্ছৎ—কিমত্র প্রয়োজনং বর্ত্তত ইতি ॥১৬॥

## ভারতকৌমুদী

অথেতি। সময়েন কেনচিৎ শপথেন। সময়ং শপথম্ ॥১২॥

স ইতি। বাঢং নোদকং দর্শয়ামীতি প্রতিজ্ঞানে। আস্তে তিষ্ঠতি স্ম ॥১৩॥

তত ইতি। আসীনে অবতিষ্ঠমানে, সেনা তস্যৈব বাহিনী। পদেন রাজ্ঞঃ পদচিহ্নদর্শনেন, পদং রাজ্ঞঃ স্থিতিস্থানম্। পরিবার্য্য পরিবেষ্ট্য ॥১৪॥

পর্য্যেতি। পর্য্যাশ্বস্তঃ স্বসেনাদর্শনেন নিরুদ্বেগচিত্তঃ, তয়া ভার্য্যয়া। প্রায়াদগচ্ছৎ, অবঘট্টিতয়া সঙ্কলিতয়া রহসি নির্জ্জনে, তয়া ভার্য্যয়া ॥১৫॥

তত্রেতি। অভ্যাসে নিকটে তিষ্ঠন্নপি সঃ নাপশ্যৎ, মণ্ডূকসুতায়াস্তস্যা রাজভার্য্যায়াঃ, প্রভাবাদিতি ভাবঃ। তস্য রাজ্ঞঃ অভ্যাসচরাঃ নিকটচারিণ্যঃ। প্রয়োজনম্, যুষ্মাকমত্রাবস্থান ইতি শেষঃ ॥১৬॥

"তাহাই হইবে" এই কথা বলিয়া রাজা তাহাকে বিবাহ করিলেন এবং বিবাহ করিয়া রাজা পরিক্ষিৎ তাহার সহিত মিলিত হইয়া পরম আনন্দে বিহার করতঃ অবস্থান করিতে লাগিলেন ॥১৩॥

রাজা সেইখানেই অবস্থান করিতেছেন, এমন সময়ে তাঁহার সৈন্যগণ সেখানে আগমন করিল এবং তাহারা রাজার চরণচিহ্ন দেখিয়া তাঁহার অবস্থানের স্থান জানিতে পারিয়া তথায় যাইয়া রাজাকে পরিবেষ্টন করিয়া রহিল ॥১৪॥

তৎপরে রাজা আশ্বস্ত হইয়া সেই ভার্য্যার সহিতই সঙ্কলিত শিবিকায় আরোহণ করিয়া প্রস্থান করিলেন এবং আপন রাজধানীতে যাইয়া কোন নির্জ্জন স্থানে সেই ভার্য্যার সহিত অবস্থান করিতে লাগিলেন ॥১৫॥

সেখানে কোন লোক নিকটে থাকিয়াও রাজাকে দেখিতে পাইত না। তাহার পর একদা প্রধানমন্ত্রী যাইয়া রাজার নিকটবর্ত্তিনী রমণীদিগকে জিজ্ঞাসা করিলেন—"এখানে তোমাদের থাকার কি প্রয়োজন আছে?" ॥১৬॥

---

(১৫)...প্রায়াদবঘোট্টিতয়া—বা ব কা।

অথাব্রুবংস্তাঃ স্ত্রিয়ঃ—স্ত্রিয়মপূর্ব্বামিহ পশ্যামস্তাঞ্চ রাজা সময়েনোপভুঙ্‌ক্তে, যথোদকং মে ন দর্শয়িতব্যমিতি ॥১৭॥

স তথা বচনং শ্রুত্বাঽনুদকং বনং কারয়িত্বোদারবৃক্ষং বহুপুষ্পফলমূলম্, তস্য মধ্যে মুক্তাজালময়ীং পার্শ্বে বাপীং সুগূঢ়াং সুধোপলিপ্তাম্, স রহস্যুপগম্য রাজানমব্রবীৎ ॥১৮॥

বনমিদমুদারমনুদকম্। সাধ্বত্র রম্যতামিতি ॥১৯॥

## ভারতকৌমুদী

অথেতি। সময়েন শপথেন। উদকপ্রদর্শননিবারণায়ৈব বয়মত্র স্থিতা ইত্যাশয়ঃ ॥১৭॥

স ইতি। অনুদকং জলবিহীনম্। উদারাঃ প্রশস্তা বৃক্ষা যত্র তৎ, বহূনি পুষ্পাণি ফলানি মূলানি চ যত্র তত্তাদৃশঞ্চ বনং কারয়িত্বা, তস্য বনস্য মধ্যে, একস্মিন্ পার্শ্বে, মুক্তাজালময়ীং রাজ্ঞো জলদর্শননিবারণায় মুক্তাজালখচিতবস্ত্রাদিনা আবৃতজলাম্, অতএব সুগূঢ়ামতীবগুপ্তাম্, সুধয়া চূর্ণলেপেন উপলিপ্তাম্ উপলিপ্তঘট্টাম্, বাপীং কাঞ্চিদ্দীর্ঘিকাঞ্চ কারয়িত্বেতি সম্বন্ধঃ। রহসি নির্জ্জনে। উদকাদর্শনশপথশ্রবণেন তদ্দর্শনস্যৈব তদ্ভার্য্যানাশকত্বসম্ভাবনয়া মন্ত্রিণায়মুপায়ঃ প্রাদুষ্কৃতঃ। যেন উদকাদর্শনাদেব রাজা প্রবিশেৎ, উদকদর্শনেন চ মণ্ডূকসুতা বিনশ্যেৎ, ততশ্চ ত্যক্তরাজকার্য্যোঽপি রাজা পুনঃ স্বকর্ম্মণি প্রবর্ত্তেতেত্যবধেয়ম্ ॥১৮॥

অস্মনবাসং রাজ্ঞে ম্রোচয়তি—বনমিতি। উদারং প্রশস্তম্। সাধু সম্যক্ ॥১৯॥

## ভারতভাবদীপঃ

মারণস্তম্ভনাদ্যান্যপি কর্ম্মাণি কৃষ্ণাদ্বৈতবিদ্যাবলেনৈব সিধ্যন্তীতি মণ্ডূকাখ্যায়িকয়ৈবাহ—ভূয় ইতি ॥১—১৪॥ অবঘোটিতয়া গুণ্ঠীকৃতয়া ॥১৫॥ অভ্যাসস্থোঽপি নিকটস্থোঽপি, নাপশ্যৎ ক্রীড়াসক্তং রাজানমিতি শেষঃ। প্রযোজনং কর্ত্তব্যম্ ॥১৬—১৯॥ অতি-

তখন সেই রমণীরা বলিল—"এখানে আমরা একটী অপূর্ব্ব রমণী দেখিতেছি; এই রমণীটী রাজাকে বলিয়াছিল যে, "আমাকে জল দেখাইতে পারিবেন না।" রাজা সেই শপথ করিয়াই তাহার সহিত সম্ভোগ করিতেছেন" ॥১৭॥

মন্ত্রী সেই কথা শুনিয়া জলবিহীন একটী উদ্যান নির্ম্মাণ করাইলেন; তাহাতে সুন্দর সুন্দর বৃক্ষ ও বহুতর ফল, ফুল ও মূল নিম্মিত হইল; আর তাহার মধ্যে একপার্শ্বে একটী দীর্ঘিকা নির্ম্মাণ করাইলেন; তাহার ঘাটগুলি চূর্ণলেপে লিপ্ত করিলেন এবং মুক্তাখচিত বসনদ্বারা (নিপুণভাবে) তাহার জল আবৃত করিলেন; সুতরাং সে দীঘিটী গুপ্তই রহিল। তাহার পর মন্ত্রী যাইয়া নির্জ্জনে রাজাকে বলিলেন—॥১৮॥

---

* (১৮) অত্র বিবিধাঃ পাঠভেদাঃ সন্তি।

স তস্য বচনাত্তয়ৈব সহ দেব্যা তদ্বনং প্রাবিশৎ। স কদাচিত্তস্মিন্ কাননে রম্যে তয়ৈব সহ ব্যবাহরৎ। অথ ক্ষুত্তৃষ্ণার্দ্দিতঃ শ্রান্তোঽতিমুক্তকাগারমপশ্যৎ ॥২০॥

তৎ প্রবিশ্য রাজা সহ প্রিয়য়া সুসংস্কৃতাং বিমলাং সলিলপূর্ণাং বাপীমপশ্যৎ ॥২১॥

দৃষ্ট্বৈব চ তাং তস্যাশ্চ তীরে সহৈব তয়া দেব্যা ব্যতিষ্ঠত ॥২২॥

অথ তাং দেবীং স রাজাঽব্রবীৎ—সাধ্ববতর বাপীসলিলমিতি ॥২৩॥

সা তদ্বচঃ শ্রুত্বাঽবতীর্য্য বাপীং ন্যমজ্জন্ন পুনরুদমজ্জৎ ॥২৪॥

## ভারতকৌমুদী

স ইতি। ব্যবাহরৎ দ্রুতবিচরণাত্মকং ব্যায়ামমকরোৎ। অতিমুক্তকাগারং মাধবীলতাগৃহম্, "অতিমুক্তঃ পুণ্ড্রকঃ স্যাদ্বাসন্তী মাধবীলতা" ইত্যমরঃ ॥২০॥

তদিতি। সুসংস্কৃতাং সুপরিষ্কৃতাম্ মন্ত্রিণাতুষ্যোণৈব জলপ্রদর্শনমিতি বোধ্যম্ ॥২১॥

দৃষ্ট্বেতি। তাং বাপীম্। দেব্যা মহিষ্যা, ব্যতিষ্ঠত দণ্ডায়মানোঽভূৎ ॥২২॥

অথেতি। সাধু ভদ্রম্। এতৎ সর্ব্বং প্রাগুক্তশপথবিস্মরণাদেব জাতমিতি বোধ্যম্ ॥২৩॥

সেতি। সা দেবী। ন্যমজ্জৎ জলে নিমগ্নাঽভবৎ, উদমজ্জৎ উদতিষ্ঠৎ ॥২৪॥

---

"মহারাজ! এই বনটী বড়ই মনোহর, অথচ জলবিহীন, সুতরাং আপনি এখানে আশানুরূপ বিহার করুন" ॥১৯॥

মন্ত্রীর উক্তি অনুসারে সেই মহিষীর সহিতই রাজা সেই বনে প্রবেশ করিলেন। তাহার পর কোন সময়ে রাজা সেই মনোহর উদ্যানের মধ্যে মহিষীর সহিতই দ্রুত বিচরণ করিলেন। তৎপরে তিনি পরিশ্রান্ত এবং ক্ষুধায় ও পিপাসায় কাতর হইয়া একটী মাধবীলতার মণ্ডপ দেখিতে পাইলেন ॥২০॥

রাজা প্রিয়তমার সহিত সেই মাধবীলতামণ্ডপে প্রবেশ করিয়া সুপরিষ্কৃত, নির্ম্মল ও জলপূর্ণ একটী দীঘি দেখিতে পাইলেন ॥২১॥

সেই দীঘিটী দেখিয়াই রাজা তাহার তীরে সেই রাণীর সহিত দাঁড়াইলেন ॥২২॥

তাহার পর রাজা রাণীকে বলিলেন—"ভাল, এই দীঘির জলে তুমি অবতরণ কর" ॥২৩॥

রাজার সেই কথা শুনিয়া রাণী দীঘিতে নামিয়া নিমগ্ন হইলেন, আর উঠিলেন না ॥২৪॥

তাং স মৃগয়মাণো রাজা নাপশ্যৎ। বাপীমথ নিঃস্রাব্য, মণ্ডূকং শ্বভ্রমুখে দৃষ্ট্বা ক্রুদ্ধ আজ্ঞাপয়ামাস স রাজা—সর্ব্বমণ্ডূকবধঃ ক্রিয়তামিতি, যো ময়ার্থী স মাং মৃতমণ্ডূকোপায়নমাদায়ৈবোপতিষ্ঠেদিতি ॥২৫॥

অথ মণ্ডূকবধে ঘোরে ক্রিয়মাণে দিক্ষু সর্ব্বাসু মণ্ডূকান্ ভয়মাবিবেশ ॥২৬॥

তে ভীতা মণ্ডূকা মণ্ডূকরাজ্ঞে যথাবৃত্তং ন্যবেদয়ন্ ॥২৭॥

ততো মণ্ডূকরাট্ তাপসবেশধারী রাজানমভ্যগচ্ছৎ, উপেত্য চৈনমুবাচ ॥২৮॥

মা রাজন্! ক্রোধবশং গমঃ, প্রসাদং কুরু, নার্হসি মণ্ডূকানামনপরাধিনাং বধং কর্ত্তুমিতি। শ্লোকৌ চাত্র ভবতঃ—॥২৯॥

---

ভারতকৌমুদী

তামিতি। মৃগয়মাণঃ অন্বিষ্যন। বাপীং বাপীজলম্, নিঃস্রাব্য নিঃসার্য্য। মণ্ডূকং কঞ্চিদেকম্, শ্বভ্রমুখে তত্রত্যগর্ত্তমুখে। ময়া অর্থী মমান্তিকে প্রার্থী ভবেৎ ॥২৫॥

অথেতি। ক্রিয়মাণে রাজলোকৈঃ ॥২৬॥

ত ইতি। মণ্ডূকরাজ্ঞ ইত্যদন্তত্বাভাব আর্ষঃ ॥২৭॥

তত ইতি। মণ্ডূকরাট্ স মণ্ডূকানাং রাজা ॥২৮॥

মেতি। ক্রোধবশং মা গম ইত্যন্বয়ঃ। ভবতো ভবিতুমর্হতঃ ॥২৯॥

---

তখন রাজা অন্বেষণ করিয়াও রাণীকে দেখিতে পাইলেন না। তাহার পর তিনি দীঘির জল সরাইয়া দিয়া, একটা গর্ত্তের মুখে একটা ব্যাঙ্ দেখিয়া, ক্রুদ্ধ হইয়া আদেশ করিলেন যে, "সমস্ত ব্যাঙ্ মারিয়া ফেল এবং যে ব্যক্তি আমার নিকট কোন বিষয়ে প্রার্থী হইবে, সেও যেন মৃত ব্যাঙ্ উপহার লইয়াই আমার নিকট উপস্থিত হয়" ॥২৫॥

তদনন্তর রাজার লোকেরা সকল দিকেই ভয়ঙ্করভাবে ভেকবধ করিতে লাগিলে ভেকজাতির ভয় উপস্থিত হইল ॥২৬॥

তখন তাহারা ভীত হইয়া ভেকরাজের নিকট যাইয়া সেই বৃত্তান্ত জানাইল ॥২৭॥

তাহার পর ভেকদিগের রাজা তপস্বীর বেশ ধারণ করিয়া রাজা পরিক্ষিতের নিকট প্রস্থান করিলেন এবং তাঁহার নিকট উপস্থিত হইয়া বলিলেন—॥২৮॥

"রাজা! আপনি ক্রোধের অধীন হইবেন না, প্রসন্ন হউন; আপনি নিরপরাধ ভেক বধ করিবেন না। এ বিষয়ে দুইটী শ্লোকও হইতে পারে—॥২৯॥

মা মণ্ডূকান্ জিঘাংস ত্বং কোপং সন্ধারয়াচ্যুত !।
প্রক্ষীয়তে ধনোদ্রেকো জনানামবিজানতাম্ ॥৩০॥
প্রতিজানীহি নৈতাংস্ত্বং প্রাপ্য ক্রোধং বিমোক্ষ্যসি।
অলং কৃত্বা তব ধর্ম্মং মণ্ডূকৈঃ কিং হতৈর্হি তে ॥৩১॥

তমেবংবাদিনমিষ্টজনশোকপরীতাত্মা রাজাঽথোবাচ—॥৩২॥

নহি ক্ষম্যতে তন্ময়া, হনিষ্যাম্যেতান্। এতৈর্হি দুরাত্মভিঃ প্রিয়া মে ভক্ষিতা। সর্ব্বথৈব মে বধ্যা মণ্ডূকাঃ। নার্হসি বিদ্বন্! মামুপরোদ্ধুমিতি ॥৩৩॥

স তদ্বাক্যমুপলভ্য ব্যথিতেন্দ্রিয়মনাঃ প্রোবাচ—॥৩৪॥

---

ভারতকৌমুদী

মেতি। হে অচ্যুত! ধর্ম্মাদভ্রষ্ট! রাজন্! ত্বং মণ্ডূকান ভেকান, মা জিঘাংস হন্তুমিচ্ছ। কোপং সন্ধারয় সংবৃণু। ন্যায্যমন্যায্যঞ্চ অবিজানতাং জনানাম্, ধনোদ্রেকঃ ধনাদীনামভ্যুদয়ঃ, প্রক্ষীয়তে হ্রসতি ॥৩০॥

প্রতীতি। ত্বমেতৎ প্রতিজানীহি যৎ, এতান্ মণ্ডূকান্, প্রাপ্য বিষয়ীকৃত্য, ক্রোধং ন বিমোক্ষ্যসি ন করিষ্যসি। তব অধর্ম্মং কৃত্বা অলং পাপং ন কুর্ব্বিত্যর্থঃ। হতৈর্মণ্ডূকৈঃ, তে তব কিং ফলম্, অপি তু কিমপি ন ॥৩১॥

তমিতি। ইষ্টজনস্য প্রিয়ায়াঃ শোকেন পরীতো ব্যাপ্ত আত্মা মনো যস্য সঃ ॥৩২॥

নহীতি। বিদ্বন্নিতি সম্বোধনেন মণ্ডূকানামপরাধং জানাসীতি সূচিতম্ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

মুক্তকাগারং বাসস্ত্রীগৃহম্ ॥২০—২৯॥ ধনোদ্রেকঃ শ্রীতপসোরুৎকর্ষঃ ॥৩০॥ প্রতিজানীহি নিশ্চয়ং কুরু, প্রাপ্য প্রাপয্য, মৃত্যুং ক্রোধং স্ত্রীশোকজম্, অলং কৃত্বা মা কুরু ॥৩১—৩৪॥

ধার্ম্মিক রাজা! আপনি ভেকদিগকে বধ করিবার ইচ্ছা করিবেন না, ক্রোধ সংবরণ করুন। কারণ, যাহারা ন্যায্য ও অন্যায্য জানে না, সেই সকল লোকের উন্নতি হ্রাস পায় ॥৩০॥

আপনি প্রতিজ্ঞা করুন যে, ভেকদিগের উপরে ক্রোধ করিবেন না এবং অধর্ম্মও করিবেন না। কারণ, ভেক বধ করায় আপনার ফল কি ?” ॥৩১॥

মণ্ডূকরাজ এইরূপ বলিতেছিলেন, তখন প্রিয়াশোকার্ত্ত চিত্ত রাজা পরিক্ষিৎ বলিলেন—॥৩২॥

“আমি ক্ষমা করিব না, ইহাদিগকে বধই করিব। কারণ, এই দুরাত্মারা আমার প্রিয়তমাকে ভক্ষণ করিয়াছে; অতএব ভেকগণ সর্ব্বপ্রকারেই আমার বধ্য; সুতরাং হে বিদ্বন্! আপনি আমাকে অনুরোধ করিতে পারেন না” ॥৩৩॥

প্রসীদ রাজন্! অহমায়ুর্নাম মণ্ডূকরাজঃ, মম সা দুহিতা সুশোভনা নাম। তস্যা হি দৌঃশীল্যমেতৎ—বহবস্তয়া রাজানো বিপ্রলব্ধপূর্ব্বা ইতি ॥৩৫॥

তমব্রবীদ্রাজা—তয়াহস্ম্যর্থী, সা মে দীয়তামিতি ॥৩৬॥

অথৈনাং রাজ্ঞে পিতাহদদদব্রবীচ্চৈনাম্, এনং রাজানং শুশ্রূষস্বেতি ॥৩৭॥

স এবমুক্ত্বা দুহিতরং ক্রুদ্ধঃ শশাপ—যস্মাত্ত্বয়া রাজানো বিপ্রলব্ধা বহবঃ, তস্মাদব্রহ্মণ্যানি তবাপত্যানি ভবিষ্যন্তীত্যনৃতকত্বাত্তবেতি ॥৩৮॥

স চ রাজা তামুপলভ্য তস্যাং সুরতগুণনিবদ্ধহৃদয়ো লোকত্রয়ৈশ্বর্য্যমিবোপলভ্য হর্ষবাষ্পকলযা বাচা প্রণিপত্যাভিপূজ্য মণ্ডূকরাজমব্রবীৎ—অনুগৃহীতোহস্মীতি ॥৩৯॥

---

ভারতকৌমুদী

স ইতি। স মণ্ডূকাৎ উপলভ্য শ্রুত্বা, ব্যথিতমিন্দ্রিয়মেব মনো যস্য সঃ ॥৩৪॥

প্রসীদেতি। সা ত্বদ্ভার্য্যাত্বং প্রাপ্তপূর্ব্বা। বিপ্রলব্ধপূর্ব্বাঃ পূর্ব্বং বঞ্চিতাঃ ॥৩৫॥

তমিতি। ত্বয়া অর্থী অস্মি তাং প্রার্থয়ামীত্যর্থঃ ॥৩৬॥

অথেতি। রাজ্ঞে পরিক্ষিতে, পিতা মণ্ডূকরাজঃ, এনাং কন্যাম্ ॥৩৭॥

স ইতি। স মণ্ডূকরাজঃ। বিপ্রলব্ধাঃ প্রতারিতাঃ। তস্মাৎ রাজ্ঞাং প্রতারণাকরণাৎ, তব অনৃতকত্বাৎ তত্রুপক্রমে মিথ্যাব্যবহারাচ্চ, তব অপত্যানি, অব্রহ্মণ্যানি ব্রাহ্মণানামহিতকরাণি। ব্রহ্মণ্যেতি তত্র সাধৌ যঃ ॥৩৮॥

স ইতি। রাজা পরিক্ষিৎ। সুরতগুণেন নিবদ্ধমাকৃষ্টং হৃদয়ং যস্য সঃ। হর্ষবাষ্পেণ আনন্দবাষ্পেণ কলা মধুরাস্ফুটা তয়া। অভিপূজ্য নমস্কারেণ ॥৩৯॥

---

মণ্ডূকরাজ পরিক্ষিতের সেই কথা শুনিয়া ব্যথিতচিত্ত হইয়া বলিলেন—॥৩৪॥

"রাজা! আপনি প্রসন্ন হউন। আমি ভেকজাতির রাজা, আমার নাম—'আয়ু'; আপনার সেই ভার্য্যা আমারই কন্যা; তাহার নাম—'সুশোভনা'। তাহার এইটাই কুস্বভাব যে, সে—পূর্ব্বেও বহুতর রাজাকে প্রতারিত করিয়াছে" ॥৩৫॥

তখন পরিক্ষিৎ রাজা মণ্ডূকরাজকে বলিলেন—"আমি তাহাকে প্রার্থনা করি, আপনি তাহাকে আমায় দান করুন" ॥৩৬॥

তাহার পর মণ্ডূকরাজ আপন কন্যা সুশোভনাকে পরিক্ষিতের হস্তে দান করিলেন এবং কন্যাকে বলিলেন—"তুমি এই রাজার পরিচর্য্যা করিতে থাক" ॥৩৭॥

স চ মণ্ডূকরাজো দুহিতরমনুজ্ঞাপ্য যথাগতমগচ্ছৎ ॥৪০॥

অথ কস্যচিৎ কালস্য তস্যাং কুমারাস্ত্রয়স্তস্য রাজ্ঞঃ সংবভূবুঃ—শলো দলো বলশ্চেতি ॥৪১॥

ততস্তেষাং জ্যেষ্ঠং শলং সময়ে পিতা রাজ্যেঽভিষিচ্য তপসি ধৃতাত্মা বনং জগাম ॥৪২॥

অথ কদাচিচ্ছলো মৃগয়ামনুচরন্ মৃগমাসাদ্য রথেনান্বধাবৎ। সূতঞ্চোবাচ—শীঘ্রং মাং বাহয়স্বেতি ॥৪৩॥

স তথোক্তঃ সূতো রাজানমব্রবীৎ—ন ক্রিয়তামনুবন্ধঃ, নৈষ শক্যস্ত্বয়া মৃগো গ্রহীতুম্। যদ্যপি তে রথে যুক্তৌ বাম্যৌ স্যাতামিতি ॥৪৪॥

ভারতকৌমুদী

স ইতি। অনুজ্ঞাপ্য স্বগমনে অনুজ্ঞাং কারয়িত্বা ॥৪০॥

অথেতি। কস্যচিৎ কালস্য অতিক্রমে সতীতি শেষঃ। ইতি নামভিঃ ॥৪১॥

তত ইতি। পিতা পরিক্ষিৎ। ধৃতাত্মা মনসি গৃহীতযত্নঃ ॥৪২॥

অথেতি। মৃগয়াং কর্ত্তুমিতি শেষঃ। বাহয়স্ব মৃগান্তিকং প্রাপয় ॥৪৩॥

স ইতি। অনুবন্ধঃ দ্রুতগমনে আগ্রহাতিশয়ঃ। ন শক্যঃ, অনয়োরশ্বয়োর্মন্দগামিত্বাৎ। বাম্যৌ মহাদ্রুতগামিনাবশ্ববিশেষৌ। তদা এষ মৃগো গ্রহীতুং শক্য ইতি শেষঃ ॥৪৪॥

মণ্ডূকরাজ এইরূপ বলিয়া ক্রুদ্ধ হইয়া কন্যা সুশোভনাকে অভিসম্পাত করিলেন—'যেহেতু তুই বহু রাজাকে প্রতারিত করিয়াছিস্ এবং মিথ্যা ব্যবহার করিয়াছিস্, সেই হেতু তোর সন্তান ব্রাহ্মণের অহিতকারী হইবে' ॥৩৮॥

এদিকে রাজা পরিক্ষিৎ সুশোভনাকে লাভ করিয়া, রতিগুণে তাহাতে আকৃষ্টচিত্ত হইয়া, ত্রিভুবনের রাজত্বই যেন লাভ করিয়া, ভূতলে পতিত হইয়া, নমস্কার করিয়া, আনন্দবাষ্পগদ্‌গদবাক্যে মণ্ডূকরাজকে বলিলেন—"অনুগৃহীত হইলাম" ॥৩৯॥

মণ্ডূকরাজও কন্যার অনুমতি লইয়া যথাস্থানে চলিয়া গেলেন ॥৪০॥

তাহার পর কিছুকাল অতীত হইলে সেই সুশোভনার গর্ভে পরিক্ষিতের তিনটী পুত্র জন্মিল; তাহাদের নাম হইয়াছিল—শল, দল ও বল ॥৪১॥

তদনন্তর পিতা পরিক্ষিৎ জ্যেষ্ঠপুত্র শলকে রাজ্যে অভিষিক্ত করিয়া তপস্যায় মনোনিবেশপূর্ব্বক বনে গমন করিলেন ॥৪২॥

তাহার পর কোন সময়ে শল রথে আরোহণ করিয়া মৃগয়া করিবার জন্য বহির্গত হইয়া, একটা মৃগ পাইয়া তাহার পিছনে ধাবিত হইলেন এবং সারথিকে বলিলেন—"আমাকে সত্বর মৃগের নিকটে লইয়া যাও" ॥৪৩॥

ততোঽব্রবীদ্রাজা সূতম্, আচক্ষ্ব মে বাম্যৌ বাজিনৌ ত্বাপৃচ্ছামীতি ॥৪৫॥

স এবমুক্তো রাজভয়ভীতঃ সূতো বামদেবশাপভয়ভীতশ্চ সমাচখ্যৌ রাজ্ঞে— বামদেবস্যাশ্বৌ বাম্যৌ মনোজবাবিতি ॥৪৬॥

অথৈনমেবং ব্রুবাণমব্রবীদ্রাজা—বামদেবস্যাশ্রমং যাহীতি ॥৪৭॥

স গত্বা বামদেবাশ্রমং তমৃষিমব্রবীৎ—ভগবন্! মৃগো মে বিদ্ধঃ পলায়তে, তং সম্ভাবয়িতুমর্হসি বাম্যৌ দাতুমিতি ॥৪৮॥

তমব্রবীদৃষিঃ—দদানি তে বাম্যৌ, কৃতকার্য্যেণ ভবতা মমৈব বাম্যৌ নির্য্যাত্যৌ ক্ষিপ্রমিতি ॥৪৯॥

---

ভারতকৌমুদী

তত ইতি। ত্বা ত্বাং পৃচ্ছামি, মে আচক্ষ, বাম্যৌ বাজিনৌ কুত্র স্ত ইতি শেষঃ ॥৪৫॥

স ইতি। বামদেবস্য মুনেঃ, বাম্যৌ বামীসংজ্ঞকৌ ॥৪৬॥

অথেতি। এনং সূতম্ ॥৪৭॥

স ইতি। মে ময়া। সম্ভাবয়িতুং ধর্ত্তুম্ ॥৪৮॥

রাজা সেইরূপ বলিলে, সারথি রাজাকে বলিল—"মহারাজ! বিশেষ আগ্রহ করিবেন না। কারণ, আপনি ঐ হরিণকে ধরিতে পারিবেন না। তবে আপনার রথে যদি 'বামী'-নামক দ্রুতগামী দুইটা অশ্ব যুক্ত করিতে পারা যায়, তবে উহাকে ধরিতে পারিবেন" ॥৪৪॥

তাহার পর রাজা সারথিকে বলিলেন—"তোমাকে জিজ্ঞাসা করি, তুমি আমার নিকট বল—বামী অশ্ব কোথায় আছে" ॥৪৫॥

রাজা এইরূপ বলিলে, সারথি রাজার ভয়ে এবং বামদেবের শাপের ভয়ে ভীত হইয়া রাজাকে বলিল—"বামদেবমুনির 'বামী'-নামক মনের ন্যায় দ্রুতগামী দুইটা অশ্ব আছে" ॥৪৬॥

সারথি এইরূপ বলিলে, রাজা তাহাকে কহিলেন—"বামদেবের আশ্রমে চল" ॥৪৭॥

ক্রমে রাজা বামদেবের আশ্রমে যাইয়া তাঁহাকে বলিলেন—"ভগবন্! আমি একটা হরিণ বিদ্ধ করিয়াছি, অথচ সে পলাইতেছে। সুতরাং সেটাকে ধরিবার জন্য আপনার বামী দুইটা দিতে পারেন?" ॥৪৮॥

তখন বামদেব রাজাকে কহিলেন—"আমি আপনাকে বামী দুইটা দিতেছি, আপনি কিন্তু কৃতকার্য্য হইয়া আবার সত্বরই আমার নিকটে ফিরাইয়া দিবেন" ॥৪৯॥

---

(৪৫) অত্র নানাবিধাঃ পাঠভেদাঃ সন্তি।

স চ তাবশ্বৌ প্রতিগৃহ্যানুজ্ঞাপ্য চর্ষিং প্রায়াদ্বামীযুক্তেন রথেন মৃগং প্রতি। গচ্ছংশ্চাব্রবীৎ সূতম্—অশ্বরত্নাবিমাবযোগ্যৌ ব্রাহ্মণানাম্। নৈতৌ প্রতিদেয়ৌ বামদেবায়েত্যুক্ত্বা মৃগমবাপ্য স্বনগরমেত্যাশ্বাবন্তঃপুরেঽস্থাপয়ৎ ॥৫০॥

অথর্ষিশ্চিন্তয়ামাস- তরুণো রাজপুত্রঃ কল্যাণং পত্রমাসাদ্য রমতে, ন মে প্রতিনির্যাতয়তি। অহো কষ্টমিতি ॥৫১॥

স মনসা বিচিন্ত্য মাসি পূর্ণে শিষ্যমব্রবীৎ—গচ্ছাত্রেয়! রাজানং ব্রূহি, যদি পর্য্যাপ্তম্, নির্যাতয়োপাধ্যায়ায় বাম্যাবিতি ॥৫২॥

স গত্বৈবং তং রাজানমব্রবীৎ, রাজা প্রত্যুবাচ—রাজ্ঞামেতদ্বাহনম্, অনর্হা ব্রাহ্মণা রত্নানামেবংবিধানাম্। কিং ব্রাহ্মণানামশ্বৈঃ কার্য্যম্। সাধু গম্যতামিতি ॥৫৩॥

ভারতকৌমুদী

তমিতি। মমৈব সমীপে, নির্যাত্যৌ প্রত্যর্পণীয়ৌ ॥৪৯॥

স ইতি। অনুজ্ঞাপ্য স্বগমনে অনুজ্ঞাং কারয়িত্বা। অশ্বৌ তৌ বামদেববাম্যৌ ॥৫০॥

অথেতি। কল্যাণমুত্তমমিত্যর্থঃ, পত্রং বাহনম "সর্ব্বং স্যাদ্বাহনং যানং যুগ্যং পত্রঞ্চ ধোরণম্" ইত্যমরঃ। প্রতিনির্যাতয়তি প্রত্যর্পযতি ॥৫১॥

স ইতি। পর্য্যাপ্তং কার্য্যং সমাপ্তম্, তদা নির্যাতয় প্রত্যর্পয় ॥৫২॥

ভাবভাবদীপঃ

বিপ্রলব্ধা বঞ্চিতাঃ ॥৩৫—৩৭॥ ব্রহ্মাণাং ব্রাহ্মণহিতং তেন রহিতানি অব্রহ্মণ্যানি ॥৩৮—৪৩॥ বাম্যৌ বামদেবীয়ৌ রথে যুক্তৌ, অশ্বৌ অশ্বতরৌ বাম'প্রযুক্তেনেতি বাক্যশেষাৎ ॥৪৪—৫০॥

তখন রাজা সেই অশ্ব দুইটাকে গ্রহণ করিয়া, মুনির অনুমতি লইয়া, সেই অশ্বযুক্ত রথে আরোহণপূর্ব্বক হরিণের প্রতি ধাবিত হইলেন এবং তখন সারথিকে কহিলেন—"এই উৎকৃষ্ট অশ্ব দুইটী ব্রাহ্মণের পক্ষে অযোগ্য। সুতরাং এ দুইটাকে আমি বামদেবকে ফিরাইয়া দিব না"। এই কথা বলিয়া হরিণ লাভ করিয়া, রাজধানীতে যাইয়া সেই অশ্ব দুইটাকে অন্তঃপুরে রাখিয়া দিলেন ॥৫০॥

তাহার পর বামদেব চিন্তা করিলেন—"যুবক রাজপুত্র ভাল বাহন পাইয়া আমোদ করিতেছেন, আমাকে ফিরাইয়া দিতেছেন না। হায়! কি কষ্ট" ॥৫১॥

তিনি মনে মনে এইরূপ চিন্তা করিয়া একমাস পূর্ণ হইলে একজন শিষ্যকে বলিলেন—"আত্রেয়! তুমি, যাও, যাইয়া রাজাকে বল,—যদি কার্য্য সমাপ্ত হইয়া থাকে, তবে অশ্ব দুইটী অধ্যাপকমহাশয়কে ফিরাইয়া দিন" ॥৫২॥

স গত্বৈতদুপাধ্যায়ায়াচষ্ট, তচ্ছ্রুত্বা বচনমপ্রিয়ং বামদেবঃ ক্রোধপরীতাত্মা স্বয়মেব রাজানমভিগম্যাশ্বার্থমচোদয়ৎ, ন চাদদদ্রাজা ॥৫৪॥

বামদেব উবাচ।

প্রযচ্ছ বাম্যৌ মম পার্থিব! ত্বং কৃতং হি তে কার্য্যমাভ্যামশক্যম্।
মা ত্বা বধীদ্বরুণো ঘোরপাশৈর্ব্রহ্মক্ষত্রস্যান্তরে বর্ত্তমানম্ ॥৫৫॥

রাজোবাচ।

অনড্বাহৌ সুব্রতৌ সাধুদান্তাবেতদ্দ্বিপ্রাণাং বাহনং বামদেব!।
তাভ্যাং যাহি ত্বং যত্র কামো মহর্ষে! ছন্দাংসি বৈ ত্বাদৃশং সংবহন্তি ॥৫৬॥

ভারতকৌমুদী

স ইতি। অনর্হা ব্যবহারে অযোগ্যাঃ. রত্নানাং শ্রেষ্ঠবস্তু নাম্ ॥৫৩॥

স ইতি। ক্রোধেন পরীতাত্মা ব্যাপচিত্তঃ। অচোদয়ৎ প্রার্থিতবান্ ॥৫৪॥

প্রযচ্ছেতি। বাম্যৌ উত্তমৌ মমাশ্বৌ। অন্যৈরশক্যং কার্য্যম্, আভ্যাং বামীভ্যাং কৃতম্। ত্বা ত্বাম্। ব্রহ্মক্ষত্রস্য ব্রাহ্মণক্ষত্রিয়য়োঃ, অন্তরে বহিঃ ॥৫৫॥

অনেতি। অনড্বাহৌ বৃষভৌ, সুব্রতৌ সুনিয়মৌ, সাধুদান্তৌ সুশিক্ষিতৌ। ছন্দাংসি বেদা এব ত্বাদৃশং সংবহন্তি, তেনানড্বাহোরপি ন প্রয়োজনমিতি ভাবঃ ॥৫৬॥

---

আত্রেয় যাইয়া সেই রাজাকে এইরূপই বলিল; তখন রাজা প্রত্যুত্তর করিলেন—"এই বাহন রাজাদেরই উপযুক্ত; কিন্তু ব্রাহ্মণেরা এই জাতীয় উত্তম বস্তুর অযোগ্য। সুতরাং অশ্বদ্বারা ব্রাহ্মণের কি প্রয়োজন আছে? আপনি ভালভাবে চলিয়া যান" ॥৫৩॥

আত্রেয় যাইয়া এই কথাই অধ্যাপককে বলিল। তখন বামদেব সেই অপ্রিয় কথা শুনিয়া ক্রুদ্ধ হইয়া নিজেই রাজার নিকট যাইয়া অশ্ব দুইটী ফিরাইয়া দিতে বলিলেন; কিন্তু রাজা দিলেন না ॥৫৪॥

তখন বামদেব বলিলেন—"রাজা! এই অশ্ব দুইটী অন্য অশ্বের অসাধ্য কার্য্য করিয়াছে; এখন আমার অশ্ব দুইটী আমাকে দিন। আপনি ব্রাহ্মণ ও ক্ষত্রিয়ের বাহিরে আসিয়া পড়িয়াছেন; অতএব বরুণদেব যেন ভয়ঙ্কর পাশ দ্বারা আপনাকে বন্ধন না করেন" ॥৫৫॥

রাজা বলিলেন—"বামদেব! সুনিয়মযুক্ত এবং সুশিক্ষিত দুইটী বৃষই ব্রাহ্মণদের উপযুক্ত বাহন। সুতরাং মহর্ষি! আপনি তাহা দ্বারাই যেখানে ইচ্ছা হয় গমন করুন। অথবা বেদই ত আপনার মত লোককে বহন করিয়া থাকে" ॥৫৬॥

বামদেব উবাচ।

ছন্দাংসি বৈ মাদৃশং সংবহন্তি লোকেঽমুষ্মিন্ পার্থিব! যানি সন্তি।
অস্মিংস্তু লোকে মম যানমেতদস্মদ্বিধানামপরেষাঞ্চ রাজন্! ॥৫৭॥

রাজোবাচ।

চত্বারস্ত্বাং বা গর্দ্দভাঃ সংবহন্তু শ্রেষ্ঠাশ্বতর্য্যো হরয়ো বাতরংহাঃ।
তৈস্ত্বং যাহি ক্ষত্রিয়স্যৈব বাহো মমৈব বাম্যৌ ন তবৈতৌ হি বিদ্ধি ॥৫৮॥

বামদেব উবাচ।

ঘোরং ব্রতং ব্রাহ্মণস্যৈতদাহুরেতদ্রাজন্! যদি ত্বা জীবমানঃ।
অয়স্ময়া ঘোররূপা মহান্তশ্চত্বারো বৈ যাতুধানাঃ সুরৌদ্রাঃ।
ময়া প্রযুক্তাস্ত্বদ্বধমীপ্সমানা বহন্তু ত্বাং শিতশূলাশ্চতুর্দ্ধা ॥৫৯॥

---

ভারতকৌমুদী

ছন্দাংসীতি। হে পার্থিব! যানি ছন্দাংসি জগতি সন্তি, তানি ছন্দাংসি বেদাঃ তদধ্যয়নজনিতানি পুণ্যানীত্যর্থঃ, মাদৃশং ব্রাহ্মণম্, অমুষ্মিন্ লোকে পরলোক এব, সংবহন্তি স্বর্গং নয়ন্তি। কিন্তু হে রাজন্! অস্মিন্ লোকে মম এতদ্বামীদ্বয়মেব অস্মদ্বিধানাম্ অপরেষাং শূদ্রাদীনাঞ্চ যানং বাহনম্। অতো দীয়তাং বামীদ্বয়মিতি ভাবঃ ॥৫৭॥

চত্বার ইতি। মদ্দত্তাশ্চত্বারো গর্দ্দভাঃ, শ্রেষ্ঠাশ্বতর্য্যঃ, বাতরংহা বায়ুবেগাঃ, রংহঃশব্দোঽত্র অদন্তঃ, হরয়ো ঘোটকা বা ত্বাং সংবহন্তু। ত্বং তৈর্যাহি। বাহঃ ঈদৃশং বাহনম্, ক্ষত্রিয়স্যৈব যোগ্য ইতি শেষঃ। অতএব এতৌ বাম্যৌ অশ্বৌ, মমৈব, ন তব, ইতি হি বিদ্ধি জানীহি ॥৫৮॥

ঘোরমিতি। এতৎ অত্যাচারিদমনরূপং ঘোরং ব্রতং ব্রাহ্মণস্যাহুর্ম্মুনয়ঃ। যদি এতৎ ত্বং ব্রতমবলম্বেথা ইতি শেষঃ, জীবমানঃ অহং জীবন্নস্মি। তদা ত্বা হে রাজন্! ময়া প্রযুক্তাঃ, অয়স্ময়া লৌহময়াঃ, শিতশূলাঃ, ঘোররূপাঃ, সুরৌদ্রাঃ অত্যুগ্রস্বভাবাশ্চ, মহান্তশ্চত্বারো যাতুধানা রাক্ষসাঃ, ত্বদ্বধমীপ্সমানাঃ সন্তঃ, ত্বাং চতুর্দ্ধা চতুঃখণ্ডীকৃত্য বহন্তু। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫৯॥

---

বামদেব বলিলেন—"রাজা! জগতে যে বেদ আছে, তাহা (তাহা অধ্যয়ন করায় যে ধর্ম্ম হয়; সেই ধর্ম্ম) আমার মত ব্রাহ্মণকে পরলোকেই যথাস্থানে লইয়া যায়। কিন্তু ইহলোকে আমার এই অশ্বযুগলই আমার মত লোকের এবং অন্যান্য লোকের বাহন" ॥৫৭॥

রাজা বলিলেন—"মুনি! মৎপ্রদত্ত চারিটা গর্দ্দভ, শ্রেষ্ঠ অশ্বতরী, কিংবা বায়ুর তুল্য বেগবান্ অশ্ব আপনাকে বহন করুক; আপনি সেই গুলিদ্বারাই যাতায়াত করুন; কিন্তু এই অশ্ব দুইটা ক্ষত্রিয়েরই উপযুক্ত; সুতরাং আপনি অবগত হউন যে, এই অশ্ব দুইটা আমারই—আপনার নহে" ॥৫৮॥

রাজোবাচ।

যে ত্বাং বিদুর্ব্রাহ্মণং বামদেব! বাচা হন্তুং মনসা কর্ম্মণা বা।
তে ত্বাং সশিষ্যমিহ পাতয়ন্তু মদ্বাক্যযুক্তাঃ শিতশূলাসিহস্তাঃ ॥৬০॥

বামদেব উবাচ।

মমৈতৌ বাম্যৌ প্রতিগৃহ্য রাজন্! পুনর্দ্দদামীতি প্রপদ্য মে ত্বম্।
প্রযচ্ছ শীঘ্রং মম বাম্যৌ ত্বমশ্বৌ যদ্যাত্মানং জীবিতুং তে ক্ষমং স্যাৎ ॥৬১॥

---

ভারতকৌমুদী

য ইতি। হে বামদেব! যে রাক্ষসাঃ, ত্বাম্, বাচা মনসা কর্ম্মণা বা, হন্তুং পরং নাশয়িতুমিচ্ছন্তমিত্যর্থঃ ব্রাহ্মণং বিদুঃ, তে শিতশূলাসিহস্তা রাক্ষসাঃ, মদ্বাক্যেন যুক্তাঃ প্রেরিতাঃ সন্তঃ, ইহৈব সশিষ্যং ত্বাং পাতয়ন্তু ॥৬০॥

মমেতি। হে রাজন্! ত্বং মে সমীপ এব পুনর্দ্দদামীতি প্রপদ্য অঙ্গীকৃত্য, এতৌ মম বাম্যৌ প্রতিগৃহ্য আনীতবানিতি শেষঃ। অতএব মম বাম্যৌ বামাসংজ্ঞকৌ অশ্বৌ শীঘ্রং প্রযচ্ছ, যদি তে আত্মানম্, জীবিতুং জীবিতং রক্ষিতুং ক্ষমমুচিতং স্যাৎ ॥৬১॥

ভারতভাবদীপঃ

পত্রং বাহনম্ ॥৫১—৫৪॥ সম্বরং ভেদে ॥৫৫—৫৭॥ বহো বাহনম্ ॥৫৮॥ যদেতৎ ব্রাহ্মণস্য মমাজীবমানোঽস্মৈতদিষ্ট গোক্ষনিষ্টপাকং এবং কর্ম্মাহরিত্যন্বয়ঃ। বহন্তু চতুর্দিক্ষু প্রাপয়ন্তু চতুর্দ্ধা কৃত্বেতি শেষঃ ॥৫৯॥ যে ত্বং মাং হন্তুমুদ্যুক্তং তে মদীয়াস্ত্বামেব পাতয়ন্তি-

---

শ্যেন ! আমার কার্য্যে শিবিবংশীয়েরা প্রসন্ন হইয়া সাধুবাদদ্বারা যাহাতে আমার প্রশংসা করেন এবং যাহাতে আমি তোমার প্রিয় কার্য্যই করিতে পারি, তুমি আমাকে সেইরূপ উপদেশ দাও ; তুমি যাহা বলিবে, আমি তাহাই করিব" ॥১৬॥

শ্যেন বলিল—"রাজা ! আপনি আপনার দক্ষিণ উরুদেশ হইতে মাংস ছেদন করিয়া করিয়া সেই পর্য্যন্ত তুলাপাত্রে দিতে থাকুন, যে পর্য্যন্ত সেই মাংস কপোতের সমান হয়। তাহা হইলেই আপনি কপোতটীকে যথার্থ রক্ষা করিলেন ; তাহাতে শিবিবংশীয়েরাও আপনার প্রশংসা করিবেন, আমারও প্রিয়কার্য্য করা হইবে" ॥১৭॥

অথ স দক্ষিণাদূরোরুৎকৃত্য স্বমাংসপেশীং তুলয়াঽধারয়ৎ ; গুরুতর এব কপোত আসীৎ ॥১৮॥

পুনরন্যমুচ্চকর্ত্ত, গুরুতর এব কপোতঃ। এবং সর্ব্বং সমধিকৃত্য শরীরং তুলায়ামারোপয়ামাস তৎ, তথাপি গুরুতর এব কপোত আসীৎ ॥১৯॥

অথ রাজা স্বয়মেব তুলামারুরোহ, ন চ ব্যলীকমাসীদ্রাজ্ঞঃ। এতদ্‌বৃত্তান্তং দৃষ্ট্বা ত্রাত ইত্যুক্ত্বা প্রালীয়ত শ্যেনঃ ॥২০॥

অথ রাজাঽব্রবীৎ—

কপোতং বিদ্যুঃ শিবয়স্ত্বাং কপোত ! পৃচ্ছামি তে শকুনে ! কো নু শ্যেনঃ।
নানীশ্বর ঈদৃশং জাতু কুর্য্যাদেতং প্রশ্নং ভগবন্ ! মে বিচক্ষ্ব ॥২১॥

ভারতকৌমুদী

অথেতি। স রাজা। স্বমাংসপেশীং কপোতঞ্চ। গুরুতর এব ভারবত্তর এব ॥১৮॥

পুনরিতি। অন্যং মাংসপেশিম্, উচ্চকর্ত্ত উচ্চিচ্ছেদ। সমধিকৃত্য আশ্রিত্য ছিত্ত্বা ছিত্ত্বেত্যর্থঃ। তৎ সর্ব্বশরীরমাংসম্। গুরুতরো দেবমায়য়া ভারবত্তরঃ ॥১৯॥

অথেতি। ব্যলীকম্ আত্মদানোত্থমপি দুঃখম্। ত্রাতঃ ত্বয়া কপোতো রক্ষিতঃ। প্রালীয়ত তত্রৈবান্তর্হিতঃ ॥২০॥

কপোতমিতি। হে কপোত ! শিবয়ঃ শিবিবংশীয়াঃ, ত্বাং কপোতমেব বিদুর্জানীয়ুঃ, ত্বয়া কস্যাপি প্রভাববিশেষস্যাপ্রকাশনাদিতি ভাবঃ। কিন্তু হে শকুনে ! পক্ষিন্ ! তে

ভারতভাবদীপঃ

সোমসংযুক্তক্রতুবন্নিত্যং পরিপাল্যো হ্যয়ম্, হে সৌম্য ! সোমবৎ প্রিয়দর্শন ! ॥১৫—১৮॥ অধিকৃত্য ছিত্ত্বা ॥১৯॥ অপর্য্যাপ্তৌ স্বয়মেব তুলামাবিবেশ, ব্যলীকম্ অপ্রিয়ম্, ত্রাতস্ত্বয়া কপোত

তাহার পর রাজা আপন দক্ষিণ উরু হইতে মাংস ছেদন করিয়া তাহা তুলার একটা পাত্রে তুলিয়া দিলেন, (অপর পাত্রে কপোতটীকে দিলেন) ; কিন্তু তখন কপোতই অধিক ভারী হইল ॥১৮॥

তখন রাজা পুনরায় আরও মাংস ছেদন করিয়া দিলেন ; তথাপি কপোতই অধিক ভারী হইল। তখন রাজা সকল শরীরের মাংসই ছেদন করিয়া তুলাপাত্রে দিলেন, তথাপি কপোতই অধিক ভারী হইল ॥১৯॥

তদনন্তর রাজা নিজেই সেই তুলাপাত্রে আরোহণ করিলেন ; কিন্তু তাহাতে তাঁহার কোন দুঃখই হইল না। এই ঘটনা দেখিয়া এবং "কপোতটীকে রক্ষা করিলেন বটে" এই কথা বলিয়া শ্যেনপক্ষী অন্তর্হিত হইল ॥২০॥

তাহার পর রাজা বলিলেন—

কপোত উবাচ।

বৈশ্বানরোঽহং জ্বলনো ধূমকেতুরথৈব শ্যেনো বজ্রহস্তঃ শচীপতিঃ।
সাধু জ্ঞাতুং ত্বামৃষভং সৌরথেয় ! নৌ জিজ্ঞাসয়া ত্বৎসকাশং প্রপন্নৌ ॥২২॥
যামেতাং পেশীং মম নিষ্ক্রয়ায় প্রাদাস্তবানসিনোৎকৃত্য রাজন্ !।
এতদ্বো লক্ষ্ম শিবং করোমি হিরণ্যবর্ণং রুচিরং পুণ্যগন্ধম্ ॥২৩॥
এতাসাং প্রজানাং পালয়িতা যশস্বী সুরর্ষীণামথ সম্মতো ভৃশম্।
এতস্মাৎ পার্শ্বাৎ পুরুষো জনিষ্যতি কপোতরোমেতি চ তস্য নাম ॥২৪॥

ভারতকৌমুদী

পৃচ্ছামি—শ্যেনঃ কো নু। অনীশ্বরঃ অণিমাদ্যৈশ্বর্য্যহীনঃ, জাতু কদাচিদপি ঈদৃশম্ অন্তর্দ্ধানম্, ন কুর্য্যাৎ কর্ত্তুং ন শক্নুয়াৎ। মানুষবাক্যোচ্চারণাদৈশ্বর্য্যসম্ভাবনয়া সম্বোধয়তি—ভগবন্নিতি। এতং প্রশ্নং প্রশ্নোত্তরং মে বিচক্ষ বিশেষেণ ব্রূহি ॥২১॥

বৈশ্বেতি। বৈশ্বানরো বহ্নিঃ, জ্বলনস্তৎস্বভাবঃ। সাধু সম্যক্, জ্ঞাতুং পরীক্ষিতুম্। ঋষভং রাজশ্রেষ্ঠম্, হে সৌরথেয়! সুরথাসন্তান। নৌ আবাম্, জিজ্ঞাসয়া তব দানশক্তিজ্ঞানেচ্ছয়া, প্রপন্নৌ প্রাপ্তৌ ॥২২॥

যামিতি। পেশীঃ মাংসকোষম্। নিষ্ক্রয়ায় রক্ষণায়। এতং এতন্মাংসচ্ছেদননিবন্ধনম্, বো যুষ্মাকম্, লক্ষ্ম চিহ্নম্, শিবং মাঙ্গলিকমেব ॥২৩॥

---

"কপোত! শিবিবংশীয়েরা তোমাকে কপোত বলিয়াই জানিবেন; কিন্তু পক্ষী। তোমার নিকট জিজ্ঞাসা করি—এই শ্যেনপক্ষীটা কে? অণিমাদি ঐশ্বর্য্যবিহীন লোক কখনও এরূপ কার্য্য করিতে পারে না, অতএব মাহাত্ম্যশালী কপোত! তুমি আমার নিকট এই প্রশ্নের উত্তর বল" ॥২১॥

কপোত বলিল—"সুরথানন্দন! আমি অগ্নি, জ্বলন আমার স্বভাব এবং ধূম আমার ধ্বজ; আর এই শ্যেনপক্ষী বজ্রপাণি ইন্দ্র। আমরা আপনাকে পরীক্ষা করিবার জন্য এবং আপনার দানের শক্তি জানিবার ইচ্ছায় আপনার নিকট আসিয়াছিলাম ॥২২॥

রাজা! আপনি আমাকে রক্ষা করিবার জন্য অসিদ্বারা ছেদন করিয়া এই যে মাংসপেশী দিয়াছেন এবং ইহাতে আপনার শরীরে যে সকল চিহ্ন হইয়াছে, আমি সেগুলিকে মঙ্গলময় স্বর্ণবর্ণ, মনোহর ও পবিত্র গন্ধ করিয়া দিতেছি ॥২৩॥

আপনি এই প্রজাদের প্রতিপালক, যশস্বী এবং দেবতা ও ঋষিদিগের অত্যন্ত প্রিয় হইবেন; আর আপনার এই পার্শ্বদেশ হইতে একটী পুরুষ জন্মিবে, তাহার নাম হইবে—'কপোতরোমা' ॥২৪॥

কপোতরোমাণং শিবিনৌদ্ভিদং পুত্রং প্রাপ্স্যসি নৃপ। বৃষসংহননং যশোদীপ্যমানং দ্রষ্টাসি শূরমৃষভং সৌরথানাম্ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং শিবিচরিতে সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

## ভারতকৌমুদী

এতাসামিতি। সম্মতঃ প্রিয়ঃ। জনিষ্যতি উৎপৎস্যতে ॥২৪॥

কপোতেতি। হে নৃপ! শিবিনা ত্বয়ৈব জনিতমিতি শেষঃ, কপোতস্যেব রোমাণি যস্য তম্, ঔদ্ভিদং তব পার্শ্বোদ্ভেদেন জাতম্। বৃষস্যেব সংহননং দৃঢ়ং শরীরং যস্য তম্। সৌরথানাং সুরথাবংশীয়ানাং মধ্যে ঋষভং শ্রেষ্ঠম্ ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়াং সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

## ভারতভাবদীপঃ

ইন্দ্রাক্ষ ॥২০—২১॥ হে সৌরথেয়! সুরথায়াঃ পুত্র! নৌ আবাং বিদ্ধীতি শেষঃ ॥২২॥ আগমো ধ্যানং, এতস্মাৎসং বঃ নৃপাণাং শম্ম 'চক্ষু' করোমি ॥২৩—২৪॥ পাবনা পিতৃস্থলশরীরেণ জাতং ঔদ্ভিদম্ উদ্ভেদেন জাতং যশসা দীপ্যমানম্ ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৭॥

—:*:—

রাজা! আপনি এমন একটী পুত্র লাভ করিবেন যে, তাহার লোম হইবে কপোতের ন্যায় এবং সে আপনারই পার্শ্ব ভেদ করিয়া জন্মিবে; তথাপি সে আপনারই উৎপাদিত বলিয়া গণ্য হইবে এবং আপনি দেখিবেন—সে—বৃষের ন্যায় দৃঢ় শরীর, যশস্বী, বীর এবং সুরথাসন্তানগণের মধ্যে প্রধান হইবে" ॥২৫॥

* '...সপ্তনবত্যধিক...' —বা ব কা পি, '...ধিশততমঃ...' —নি।

## অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

ভূয় এব মহাভাগ্যং কথ্যতামিত্যব্রবীৎ পাণ্ডবো মার্কণ্ডেয়ম্। অথাচষ্ট মার্কণ্ডেয়ঃ—॥১॥

অষ্টকস্য বৈশ্বামিত্রেরশ্বমেধে সর্ব্বে রাজানঃ প্রাগচ্ছন্। ভ্রাতরশ্চাস্য প্রতর্দ্দনো বসুমনাঃ শিবিরৌশীনর ইতি ॥২॥

স চ সমাপ্তযজ্ঞো ভ্রাতৃভিঃ সহ রথেন প্রায়াৎ। তে চ নারদমাগচ্ছন্তং তমভিবাদ্যারোহতু ভবান্ রথমিত্যব্রুবন্। তাংস্তথেত্যুক্ত্বা রথমারুরোহ ॥৩॥

অথ তেষামেকঃ সুরর্ষিং নারদমব্রবীৎ—প্রসাদ্য ভগবন্তং কিঞ্চিদিচ্ছেয় প্রষ্টুমিতি ॥৪॥

পৃচ্ছেত্যব্রবীদৃষিঃ। সোঽব্রবীদায়ুষ্মন্তঃ সর্ব্বগুণপ্রমুদিতাঃ। অথায়ুষ্মন্তং স্বর্গস্থানং চতুর্ভির্যাতব্যং স্যাৎ, কশ্চাবতরেৎ। অয়মষ্টকোঽবতরেদিত্যব্রবীদৃষিঃ। কিং কারণমিত্যপৃচ্ছৎ ॥৫॥

---

ভারতকৌমুদী

ভূয় ইতি। মহাভাগ্যং ক্ষত্রিয়স্য মাহাত্ম্যম্। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥১॥

অষ্টকস্যেতি। বৈশ্বামিত্রেবিশ্বামিত্রপুত্রস্য। অস্য অষ্টকস্য ॥২॥

স ইতি। সঃ অষ্টকশ্চ। ভ্রাতৃভিঃ প্রতর্দ্দনাদিভিঃ। আরুরোহ নারদঃ ॥৩॥

অথেতি। তেষামষ্টকাদীনাং মধ্যে। ভগবন্তং ভবন্তং নারদম্ ॥৪॥

পৃচ্ছেতি। আয়ুষ্মন্তো দীর্ঘায়ুষঃ, সর্ব্বৈগুণৈর্দয়াদিভিঃ প্রমুদিতা যুক্তত্বাদানন্দিতাঃ

---

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর যুধিষ্ঠির মার্কণ্ডেয়কে কহিলেন—"মহর্ষি! আপনি পুনরায় ক্ষত্রিয়ের মাহাত্ম্য বলুন"। তাহার পর মার্কণ্ডেয় আবার বলিতে লাগিলেন—॥১॥

"বিশ্বামিত্রনন্দন অষ্টকরাজার অশ্বমেধযজ্ঞে সকল রাজাই আসিয়াছিলেন এবং তাঁহার ভ্রাতা প্রতর্দ্দন, বসুমনা ও ঔশীনর শিবিও আসিয়াছিলেন ॥২॥

সেই অশ্বমেধযজ্ঞ সমাপ্তির পরে একদা অষ্টকরাজা ভ্রাতাদের সহিত রথে গমন করিতেছিলেন; তখন তাঁহারা দেবর্ষি নারদকে আসিতে দেখিয়া অভিবাদনপূর্ব্বক তাঁহাকে বলিলেন—"আপনিও এই রথে আরোহণ করুন"। 'তাহাই হউক' এই কথা বলিয়া নারদও সেই রথে আরোহণ করিলেন ॥৩॥

তাহার পর তাঁহাদের মধ্যে একজন দেবর্ষি নারদকে বলিলেন—"আমি আপনাকে প্রসন্ন করিয়া কিছু জিজ্ঞাসা করিতে ইচ্ছা করি" ॥৪॥

অথাচষ্ট—অষ্টকস্য গৃহে ময়োষিতম্। স মাং রথেনানুপ্রাবহৎ। অথাপশ্যম্—অনেকানি গোসহস্রাণি বর্ণশো বিবিক্তানি। তমহমপৃচ্ছম্—কস্যেমা গাব ইতি। সোঽব্রবীৎ—ময়া নিসৃষ্টা ইত্যেতাঃ। তেনৈব স্বয়ং শ্লাঘ'ত কথিতেন। এষোঽবতরেৎ ॥৬॥

অথ ত্রিভির্যাতব্যং সাম্প্রতং কোঽবতরেৎ। প্রতর্দ্দন ইত্যব্রবীদৃষিঃ। তত্র কিং কারণম্। প্রতর্দ্দনস্যাপি গৃহে ময়োষিতম্। স মাং রথেনানুপ্রাবহৎ। অথৈনং ব্রাহ্মণোঽভিক্ষেতাশ্বং মে দদাতু ভবানিতি। নিবৃত্তো দাস্যামীত্যব্রবীদ্‌ব্রাহ্মণম্। ত্বরিতমেব দীয়তামিত্যব্রবীদ্‌ব্রাহ্মণঃ। ত্বরিতমেব ব্রাহ্মণস্যৈবমুক্ত্বা দক্ষিণং পার্শ্বমদদৎ। অথান্যোঽপ্যশ্বার্থী ব্রাহ্মণ আগচ্ছৎ। তথৈব চৈনমুক্ত্বা বামপার্ষ্ণিমভ্যদাৎ, অথ প্রায়াৎ। পুনরপি

---

ভারতকৌমুদী

বহ্‌মিতি শেষঃ। আয়ুষ্মন্তং যাগাদ্যুপায়েন প্রাপ্যম্। "আয়ুষ্মান্ যোগভেদে না বাচ্যবচ্চিরজীবিনি" ইতি বিশ্বঃ। পুংস্ত্বমার্যম্। অস্মাকং মধ্যে কশ্চ, অবতরেৎ পুণ্যক্ষয়ানন্তরং মর্ত্ত্যলোকে প্রথমং পতেৎ ॥৫॥

অথেতি। আচষ্ট নারদঃ। উষিতং কদাচিদবস্থিতম্। অনুপ্রাবহৎ নগরাদ্বহির্ব্যচারয়ৎ বর্ণশো বিবিক্তানি নানাবর্ণৈর্বিভিন্নানি। নিসৃষ্টা দত্তাঃ। শ্লাঘতি বিকত্থতে স্ম। অবতরেৎ পৃথিব্যাং পতেৎ, আত্মনা কথনেন পুণ্যক্ষয়াদিতি ভাবঃ ॥৬॥

অথেতি। ত্রিভিঃ প্রতর্দ্দনাদিভিঃ, যাতব্যং স্বর্গে। অভিক্ষেত অযাচত। নিবৃত্তো গৃহে প্রত্যাবৃত্তঃ, অব্রবীৎ প্রতর্দ্দনঃ। ব্রাহ্মণস্য প্রার্থনং পূরণীয়েতি শেষঃ। দক্ষিণং পার্শ্বম্

---

নারদ বলিলেন—"জিজ্ঞাসা করুন"। তখন তিনি বলিলেন—"আমরা দীর্ঘায়ু এবং সর্ব্বগুণসম্পন্ন; সুতরাং আমাদের চারি জনেরই যাগাদিদ্বারা স্বর্গলোকে যাইতে হইবে; কিন্তু কে আগে ভূতলে অবতীর্ণ হইবে?" তখন নারদ বলিলেন—"এই অষ্টক প্রথমে ভূতলে অবতীর্ণ হইবেন?" তখন তিনিই জিজ্ঞাসা করিলেন—"তাহার কারণ কি?" ॥৫॥

তাহার পর নারদ বলিলেন—"আমি কোন সময়ে অষ্টকের গৃহে বাস করিয়াছিলাম, তখন তিনি আমাকে লইয়া একদা নগরের বাহিরে রথে বিচরণ করিতেছিলেন। তখন আমি নানাবর্ণে বিভক্ত বহু সহস্র গরু দেখিলাম এবং অষ্টককে জিজ্ঞাসা করিলাম—"এই গরুগুলি কাহার? তাহাতে অষ্টক বলিলেন—"এ গুলিকে আমিই দান করিয়াছি"। সেইরূপ আপন উক্তিদ্বারাই অষ্টক আত্মশ্লাঘা করিয়াছিলেন; তাই ইনি পতিত হইবেন" ॥৬॥

তদনন্তর আর একজন জিজ্ঞাসা করিলেন—"আর তিন জনেরও ত স্বর্গে যাইতে হইবে; তাঁহাদের মধ্যে কে ভূতলে পতিত হইবেন?"। নারদ

চান্যোঽশ্বার্থী ব্রাহ্মণ আগচ্ছৎ। ত্বরিতোঽথ তস্মৈ অপনহ্য বামং ধুর্য্যমদদৎ, অথ প্রায়াৎ। পুনরন্য আগচ্ছদশ্বার্থী ব্রাহ্মণঃ; তমব্রবীদতিযাতো দাস্যামি। ত্বরিতমেব দীয়তামিত্যব্রবীদ্ব্রাহ্মণস্তস্মৈ দত্ত্বাঽশ্বম্, রথধুরং গৃহ্নতা ব্যাহৃতম্—ব্রাহ্মণানাং সাম্প্রতং নাস্তি কিঞ্চিদিতি ॥৭॥

য এষ দদাতি চাসূয়তি চ তেন ব্যাহৃতেন তথাবতরেৎ ॥৮॥

---

## ভারতকৌমুদী

অশ্বচতুষ্টয়মধ্যে রথদক্ষিণপার্শ্বযুক্তমশ্বম্, অদদৎ অদাৎ প্রতর্দ্দনঃ। বামপার্ষ্ণিং রথবামপার্শ্বযুক্তমশ্বম্। প্রায়াৎ প্রতর্দ্দন এব ব্যচরৎ। অপনহ্য মোচয়িত্বা, ধুর্য্যং সম্মুখস্থমশ্বম। অতিযাতঃ পশ্চান্মর্ত্তিক্রান্তো গৃহং গত ইত্যর্থঃ। রথস্য ধুরং ভারম্, গৃহ্নতা স্বয়মেবাকর্ষতা, প্রতর্দ্দনেন, ব্যাহৃতমুক্তম্। কিঞ্চিৎ প্রার্থয়িতব্যমিতি শেষঃ। এতেনাসূয়া প্রকটিতা ॥৭॥

য ইতি। এষ প্রতর্দ্দনঃ। ব্যাহৃতেন উক্তেন, অবতরেৎ পৃথিব্যাং পতেৎ, দানানন্তরমসূয়য়া তৎপুণ্যক্ষয়াদিত্যাশয়ঃ ॥৮॥

## ভারতভাবদীপঃ

ভূয় ইতি ॥১—৪॥ আয়ুষ্মন্তং চিরকালভোগ্যং স্বর্গস্থানম্ পুংস্ত্বমার্ষম্। অবতরেৎ স্বর্গাৎ ভূমৌ প্রথমমিতি শেষঃ ॥৫—৬॥ পার্ষ্ণিং রথচক্রপ্রদেশস্থমশ্বম্। অতিযাতোঽতিবেগবান্, অশ্বচতুষ্টয়স্যাপি দানাৎ ধুরং স্বহস্তেনৈব গৃহ্নতা সাম্প্রতং যুক্তাযুক্তবিচারঃ।

---

বলিলেন—"প্রতর্দ্দন"। তখন কেহ জিজ্ঞাসা করিলেন—"প্রতর্দ্দনের পতনেরই বা কারণ কি?"। নারদ কহিলেন—"আমি একদা প্রতর্দ্দনের গৃহেও বাস করিয়াছিলাম; তখন প্রতর্দ্দন আমাকে রথে লইয়া কোন সময়ে বিচরণ করিতেছিলেন; তখন এক ব্রাহ্মণ আসিয়া প্রার্থনা করিলেন যে, "আপনি আমাকে একটী অশ্ব দান করুন"। প্রতর্দ্দন বলিলেন—"আমি ফিরিয়া যাইয়া দান করিব"। ব্রাহ্মণ কহিলেন—"সত্বরই দান করুন"। "ব্রাহ্মণের প্রার্থনা সত্বরই পূর্ণ করা উচিত" এই বলিয়া প্রতর্দ্দন রথের দক্ষিণপার্শ্বস্থ অশ্বটী দান করিলেন। তাহার পর অশ্বার্থী আর এক ব্রাহ্মণ আসিলেন, তাঁহাকেও সেইরূপ বলিয়া রথের বামপার্শ্বস্থ অশ্বটী দান করিলেন, পরে তিনি গমন করিতে লাগিলেন। পুনরায় অন্য এক অশ্বার্থী ব্রাহ্মণ আগমন করিলেন। তাহার পর প্রতর্দ্দন রথের সম্মুখের বামপার্শ্বস্থ অশ্বটীকে খুলিয়া তাঁহাকে দিলেন, পরে আবার যাইতে লাগিলেন। তাহার পর আবার আর এক অশ্বার্থী ব্রাহ্মণ আসিলেন; তাঁহাকে প্রতর্দ্দন বলিলেন—"রাজধানীতে যাইয়া দান করিব"। ব্রাহ্মণ বলিলেন—"সত্বর দান করুন"। পরে প্রতর্দ্দন তাঁহাকে অবশিষ্ট অশ্বটী দান করিয়া, নিজেই রথখানাকে টানিতে থাকিয়া বলিলেন—"এখন আর ব্রাহ্মণদের কিছুই প্রার্থনীয় নাই" ॥৭॥

অথ স্বাভ্যাং যাতব্যমিতি কোঽবতরেৎ। বসুমনা অবতরেদিত্যব্রবী-দৃষিঃ। কিং কারণমিত্যপৃচ্ছৎ। অথাচষ্ট নারদঃ—অহং পরিভ্রমন্ বসু-মনসো গৃহমুপস্থিতঃ। স্বস্তিবাচনমাসীৎ পুষ্পরথস্য প্রয়োজনেন, তমহ-মন্বগচ্ছম্। স্বস্তিবাচিতেষু ব্রাহ্মণেষু রথো ব্রাহ্মণানাং দর্শিতঃ, তমহং রথং প্রাশংসম্। অথ রাজাব্রবীৎ—ভগবতা রথঃ প্রশস্ত এষ ভগবতো রথ ইতি ॥৯॥

অথ কদাচিৎ পুনরপ্যহমুপস্থিতঃ, পুনরেব চ রথপ্রয়োজনমাসীৎ। সম্যগয়মেষ ভগবত ইত্যেবং রাজাঽব্রবীদিতি ॥১০॥

পুনরেব চ তৃতীয়ং স্বস্তিবাচনং সমভাবয়ম্। অথ রাজা ব্রাহ্মণানাং দর্শয়ন্ মামভিপ্রেক্ষ্যাব্রবীৎ—অথো ভগবতা পুষ্পরথস্য স্বস্তিবাচনানি সুষ্ঠু সম্ভাবিতানি। এতেন দ্রোহবচনেনাবতরেৎ ॥১১॥

ভারতকৌমুদী

অথেতি। যাতব্যং স্বর্গ এব। স্বস্তিবাচনং তাদৃশবহুতররথোৎপত্তৌ আশীঃপ্রদানম্, বিহারার্থো রথঃ পুষ্পরথস্তস্য। তং বসুমনসম্। রথঃ পুষ্পরথঃ। ভগবতো ভবতঃ ॥৯॥

অথেতি। এষ পুষ্পরথঃ, ভগবতো ভবত এব, ইত্যেবময়ং রাজা সম্যগব্রবীৎ ॥১০॥

---

ইনি দানও করিয়াছিলেন এবং অসূয়াপ্রকাশও করিয়াছিলেন। তাই প্রতর্দ্দন সেই অসূয়াপ্রকাশের দোষেই স্বর্গ হইতে ভূতলে পতিত হইবেন" ॥৮॥

পরে আর একজন জিজ্ঞাসা করিলেন—"অবশিষ্ট দুই জনেরও ত স্বর্গে যাইতে হইবে; তাঁহাদের মধ্যে কে পতিত হইবেন?"। নারদ বলিলেন—"বসুমনা পতিত হইবেন"। সেই ব্যক্তি জিজ্ঞাসা করিলেন—"বসুমনার পতনের কারণ কি?"। পরে নারদ বলিতে লাগিলেন—"আমি একদা পরিভ্রমণ করিতে করিতে বসুমনার গৃহে উপস্থিত হইয়াছিলাম। তখন আমার পুষ্প-রথের প্রয়োজন থাকায় 'আপনার বহুতর পুষ্পরথ হউক' বলিয়া বসুমনাকে আশীর্ব্বাদ করিলাম এবং তাঁহার পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিলাম। তখন অন্যান্য ব্রাহ্মণেরাও সেইরূপ আশীর্ব্বাদ করিলে, বসুমনা একখানি পুষ্পরথ ব্রাহ্মণদিগকে দেখাইলেন; আমি সেই রথখানির খুব প্রশংসা করিলাম। তখন বসুমনা বলিলেন—"আপনি যখন এই রথের প্রশংসা করিলেন, তখন এই রথ আপনারই" ॥৯॥

পুনরায় আমার সেই রথের প্রয়োজন ছিল বলিয়া আমি কোন সময়ে আবারও সেইখানে উপস্থিত হইয়াছিলাম; তখনও এই বসুমনা এই কথাই সম্যক্রূপে বলিয়াছিলেন যে, "এই রথ ত আপনারই" ॥১০॥

অথৈকেন যাতব্যং স্যাৎ কোঽবতরেৎ। পুনর্নারদ আহ—শিবির্যায়া-দহমবতরেয়ম্। অত্র কিং কারণমিত্যব্রবীৎ—অসাবহং শিবিনা ন সমানো-ঽস্মি। যতস্তং শিবিং ব্রাহ্মণোঽভ্যাগচ্ছৎ স চৈনমব্রবীৎ—শিবে! অন্নার্থ্যস্মীতি। তমব্রবীচ্ছিবিঃ—কিং ক্রিয়তাম্, আজ্ঞাপয়তু ভবানিতি। অথৈনং ব্রাহ্মণোঽব্রবীৎ য এষ তে পুত্রো বৃহদ্‌গর্ভো নাম, এষ প্রমাতব্য ইতি, তমেনং সংস্কুরু, অন্নঞ্চোপপাদয়, ততোঽহং প্রতীক্ষ্য ইতি ॥১২॥

ভারতকৌমুদী

পুনরিতি। স্বস্তিবাচনম আশীঃপ্রদানম্, সমভাবয়ম্ অকথয়ম্। দর্শয়ন্ তং পুষ্পরথম্। ভগবতা ভবতা, পুষ্পরথস্য সম্বন্ধে স্বস্তিবাচনানি 'ঈদৃশা রথা বহব এব ভবতো ভবন্তু' ইত্থমাশীঃপ্রদানানি, সুষ্ঠু সম্যক্, সম্ভাবিতানি কৃতানি। সোল্লুণ্ঠ'নাক্তিরিয়ং বহুতররথানুৎপত্তেঃ। অতএব চ প্রার্থিনং প্রতি দ্রোহঃ ॥১১॥

অথেতি। একেন যাতব্যং স্যাৎ ভবতা সার্দ্ধমস্মাকমেকতমেন স্বর্গে গন্তব্যং স্যাৎ, তয়োঃ কোঽবতরেৎ পৃথিব্যাং পতেৎ। অয়মেবার্থঃ পরগদ্যসামঞ্জস্যাৎ। ন সমানোঽস্মি, দানেন শিবেঃ প্রাধান্যাদিত্যাশয়ঃ। তদ্দানমেব দর্শয়তি যত ইতি কিং কীদৃশমন্নং ময়া ক্রিয়তাম্। প্রমাতব্যো হন্তব্যঃ, সংস্কুরু পচ ॥১২॥

ভারতভাবদীপঃ

পুষ্পরথস্য গিরিগগনসাগরেষ্বপ্রতিষিদ্ধমার্গস্য প্রয়োজনেন তদর্থমিত্যর্থঃ ॥৭—৮॥ রথঃ স্তুত এব ন তু যাচিতঃ রাজাপি মমাশয়ং বুদ্ধ্বাঽপি রথং ন দত্তবান্ রথস্তুতিং চাস্নুমোদিতবানিতি

আমি আবারও যাইয়া তৃতীয় বার সেই রথবিষয়েই আশীর্ব্বাদ করিলাম। তাহার পর রাজা বসুমনা ব্রাহ্মণদিগকে সেই রথখানি দেখাইতে থাকিয়া আমার প্রতি দৃষ্টিপাত করিয়া বলিয়াছিলেন—"আপনি পুষ্পরথসম্বন্ধে ভাল আশীর্ব্বাদই করিয়াছিলেন"। এই দ্রোহবাক্যের দোষেই বসুমনা স্বর্গ হইতে পতিত হইবেন" ॥১১॥

পরে অন্য কেহ জিজ্ঞাসা করিলেন—"আপনার সহিত একজনের স্বর্গে যাইতে হইবে; তন্মধ্যে কে পতিত হইবেন?"। পুনরায় নারদ বলিলেন—"শিবি যাইবেন, আমি পতিত হইব"। "ইহার কারণ কি?" এইরূপ জিজ্ঞাসা করিলে, নারদ বলিলেন—"আমি শিবির সমান নহি। কারণ, একদা এক ব্রাহ্মণ শিবির নিকট আসিয়াছিলেন এবং তিনি শিবিকে বলিয়াছিলেন—"শিবি! আমি অন্নপ্রার্থী"। শিবি তাঁহাকে বলিলেন—"আমি কিরূপ অন্ন প্রস্তুত করিব, তাহা আপনি আদেশ করুন"। তাহার পর ব্রাহ্মণ শিবিকে বলিলেন—"আপনার ঐ যে বৃহদ্‌গর্ভ-নামে পুত্র আছে, ইহাকে আপনি বধ করুন, তৎপরে উহার মাংস পাক করুন এবং অন্ন প্রস্তুত করুন; তাহার পর আমার প্রতীক্ষা করিবেন" ॥১২॥

তত পুত্রং প্রমাপ্য সংস্কৃত্য বিধিনা সাধয়িত্বা পাত্র্যামর্পয়িত্বা শিরসা প্রতিগৃহ্য ব্রাহ্মণমমৃগয়ৎ ॥১৩॥

অথাস্য মৃগয়মাণস্য কশ্চিদাচষ্ট—এষ তে ব্রাহ্মণো নগরং প্রবিশ্য দহতি তে গৃহম্, কোষাগারমায়ুধাগারং স্ত্র্যাগারমশ্বশালাং হস্তিশালাঞ্চ ক্রুদ্ধ ইতি ॥১৪॥

অথ শিবিস্তথৈবাবিকৃতমুখবর্ণো নগরং প্রবিশ্য ব্রাহ্মণং তমব্রবীৎ—সিদ্ধং ভগবন্নন্নমিতি। ব্রাহ্মণো ন কিঞ্চিদ্ব্যাজহার বিস্ময়াদধোমুখশ্চাসীৎ ॥১৫॥

ততঃ প্রাসাদয়দ্ব্রাহ্মণম্—ভগবন্! ভুজ্যতামিতি ॥১৬॥

স মুহূর্ত্তাদুদ্বীক্ষ্য শিবিমব্রবীৎ—ত্বমেবৈতদশানেতি। তত্রাহ তথেতি। শিবিস্তথৈবাবিমনা মহিত্বা কপালমভ্যুদ্ধার্য্য ভোক্তুমৈচ্ছৎ ॥১৭॥

ভারতকৌমুদী

তত ইতি। প্রমাপ্য হত্বা, সংস্কৃত্য পক্ত্বা, সাধয়িত্বা সম্ভারাদিনা স্বাদু কৃত্বা ॥১৩॥

অথেতি। এষ দাহোঽপি শিবেঃ পরীক্ষার্থমেব ব্রাহ্মণরূপিণা বিধিনা কৃতঃ ॥১৪॥

অথেতি। সিদ্ধং নিষ্পন্নম্। ব্যাজহার উবাচ ॥১৫॥

তত ইতি। ইতি বাক্যেন প্রাসাদয়দিত্যর্থঃ ॥১৬॥

স ইতি। মুহূর্ত্তাৎ পরম্। অশান ভুঙ্‌ক্ষ। আহ শিবিঃ। অবিমনা অবিষণ্ণচিত্তঃ, মহিত্বা তদ্‌ব্রাহ্মণবাক্যং সম্মান্য, কপালম্ অন্নপিধানপাত্রম্ ॥১৭॥

তাহার পর শিবি পুত্রবধ, তাহার মাংসপাক এবং যথাবিধানে তাহা সুস্বাদু করিয়া, তাহা একটী পাত্রে স্থাপনপূর্ব্বক ম[illegible]ক ধারণ করিয়া সেই ব্রাহ্মণের অন্বেষণ করিতে লাগিলেন ॥১৩॥

শিবি অন্বেষণ করিতেছিলেন, এমন সময়ে কেহ বলিল—"আপনার সেই ব্রাহ্মণ ক্রুদ্ধ হইয়া নগরে প্রবেশ করিয়া আপনার বাসগৃহ, কোষগৃহ, অস্ত্রগৃহ, স্ত্রীগৃহ, অশ্বশালা ও হস্তিশালা দগ্ধ করিতেছেন" ॥১৪॥

তাহার পর শিবি সেইরূপ শুনিয়াও অবিকৃত মুখবর্ণ থাকিয়াই নগরে প্রবেশ করিয়া সেই ব্রাহ্মণকে বলিলেন—"ভগবন্! আপনার অন্ন প্রস্তুত হইয়াছে"। ব্রাহ্মণ কিছুই বলিলেন না, বিস্ম[illegible] অধোমুখ হইয়া রহিলেন ॥১৫॥

তাহার পর শিবি সেই ব্রাহ্মণকে প্রসন্ন করিলেন—"ভগবন্! আপনি ভোজন করুন" ॥১৬॥

কিছুকাল পরে ব্রাহ্মণ নয়ন উত্তোলন করিয়া শিবিকে বলিলেন—"আপনিই ইহা ভোজন করুন"। তাহাতে শিবি কহিলেন—"তাহাই হউক"। তখন

অথাস্য ব্রাহ্মণো হস্তমগৃহ্লাৎ, অব্রবীচ্চৈনম্—জিতক্রোধোঽসি, ন তে কিঞ্চিদপরিত্যাজ্যং ব্রাহ্মণার্থে। ব্রাহ্মণোঽপি তং মহাভাগমসভাজয়ৎ ॥১৮॥

স হ্যুদীক্ষমাণঃ পুত্রমপশ্যদগ্রে তিষ্ঠন্তং দেবকুমারমিব পুণ্যগন্ধান্বিতমলঙ্কৃতম্ ॥১৯॥

সর্ব্বঞ্চ তমর্থং বিধায় ব্রাহ্মণোঽন্তরধীয়ত। তস্য রাজর্ষের্বিধাতা তেনৈব বেশেন পরীক্ষার্থমাগত ইতি ॥২০॥

তস্মিন্নন্তর্হিতে অমাত্যা রাজানমূচুঃ—কিং প্রেপ্সুনা ভবতেদমেবং জানতা কৃতমিতি ॥২১॥

## ভারতকৌমুদী

অথেতি। জিতক্রোধোঽসি, যয়ি ক্রোধস্য কর্ত্তব্যত্বেঽপি তদকরণাদিতি ভাবঃ। তং শিবম অসভাজয়ৎ বাচা সমতোষয়ৎ ॥১৮॥

স ইতি। স শিবিঃ, উদ্বীক্ষমাণঃ অন্নাময়নমুত্তোল্য পশ্যন ॥১৯॥

সর্ব্বমিতি। অর্থং তৎপুত্রপ্রদর্শনাদিকং বিষয়ম্। বিধাতা ব্রহ্মা ॥২০॥

তস্মিন্নিতি জানতা পুত্রহননমকর্ত্তব্যমিতি বুধ্যমানেনাপি ॥২১॥

## ভারতভাবদীপঃ

প্রঘট্টকার্থঃ ॥১৪॥ শ্রোতবচনেন অদত্ত্বা বৃথাস্তবেন ॥১৫—১৬॥ মতিত্বা পূজয়িত্বা কপালং শীর্ষাস্থিপাত্রম্ ॥১৭—১৮। যো দত্ত্বা শ্লাঘতে যশ্চাসূয়েৎ যশ্চার্থিনো লিপ্সিতমজিতৈর্জ্ঞাত্বাঽপি তং স্তুতিমাত্রেণৈব সম্ভাবয়তি ন ত্বর্থেন, যশ্চ ব্রাহ্মণেনার্থিতঃ শ্রদ্ধাক্ষমাপূর্ব্বকমদেয়মপি দদাতি অকর্ত্তব্যমপি করোতি তে উত্তরোত্তরং শ্রেষ্ঠাঃ, তত্রাপ্যন্ত্যো নারদাদপি শ্রেষ্ঠ ইতি দাতৃগুণদোষবিধানপরোঽয়মধ্যায়ঃ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬৮॥

---

শিবি সেইরূপ ঘটনাতেও অবিমর্ষচিত্ত থাকিয়া, ব্রাহ্মণের বাক্যের প্রতি শ্রদ্ধাপ্রদর্শনপূর্ব্বক আবরণপাত্র উত্তোলন করিয়া ভোজন করিবার ইচ্ছা করিলেন ॥১৭॥

তাহার পর ব্রাহ্মণ শিবির হস্ত ধারণ করিলেন এবং তাঁহাকে বলিলেন—"রাজা! আপনি ক্রোধকে জয় করিয়াছেন এবং ব্রাহ্মণকে আপনার অদেয় কিছুই নাই"। এই কথা বলিয়া ব্রাহ্মণও সেই মহাত্মা শিবিরাজাকে অভিনন্দিত করিলেন ॥১৮॥

তাহার পর শিবি নয়ন উত্তোলন করিয়া দেখিলেন—দেবকুমারের ন্যায় পবিত্র সৌরভসম্পন্ন ও অলঙ্কৃত সেই পুত্রটী সম্মুখে রহিয়াছে ॥১৯॥

ব্রাহ্মণ সেই সমস্ত বিষয় সম্পাদন করিয়া অন্তর্হিত হইলেন। কারণ, স্বয়ং বিধাতাই রাজর্ষি শিবিকে পরীক্ষা করিবার জন্য সেই ব্রাহ্মণবেশে আসিয়াছিলেন ॥২০॥

শিবিরুবাচ।

নৈবাহমেতদ্‌যশসে দদানি ন চার্থহেতোর্ন চ ভোগতৃষ্ণয়া।
পাপৈরনাসেবিত এষ মার্গ ইত্যেবমেতৎ সকলং করোমি ॥২২॥
সদ্ভিঃ সদাধ্যাসিতন্তু প্রশস্তং তস্মাৎ প্রশস্তং শ্রয়তে মতির্মে।
এতন্মহাভাগ্যবরং শিবেস্তু তস্মাদহং বেদ যথাবদেতৎ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়াং রাজন্যমহাভাগ্যকথনে অষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:*:—

## ভারতকৌমুদী

নেতি। এতৎ পুত্রমাংসম্, অর্থহেতোঃ পুত্রমাংসদানজনিতধর্ম্মেণ ধনং স্বর্গসুখ-ভোগশ্চ ভবিষ্যতীতি হেতোরপি চ এতন্নৈব দদানীত্যর্থঃ। অনাসেবিতঃ অনাশ্রিতঃ, নিষ্কামত্বাদিতি ভাবঃ। মার্গঃ প্রকারঃ ॥২২॥

সদ্ভিরিতি। অধ্যাসিতমাশ্রিতম, অতএব প্রশস্তমেতৎ কর্ম্ম। শ্রয়তে অবলম্বতে। ইদানীং মার্কণ্ডেয় উপসংহরন্নাহ—এতদিতি। অহং মার্কণ্ডেয়ঃ, শিবে রাজ্ঞঃ, এতন্মহাভাগ্য-বরং মাহাত্ম্যাতিশয়ম, বেদ জানামি, তস্মাদেব যথাবদেতচ্চরিতম, উক্তমিতি শেষঃ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়া মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়-সমাস্যায়ামষ্টষষ্ট্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

সেই ব্রাহ্মণ অন্তর্হিত হইলে, মন্ত্রীরা শিবিকে বলিলেন—"মহারাজ! আপনি জানিয়াও কি ফল লাভের ইচ্ছায় এইরূপ কার্য্য করিলেন?" ॥২১॥

শিবি বলিলেন—"আমি যশের জন্য ইহা দান করি নাই, কিংবা ধনও ভোগের ইচ্ছায় করি নাই; কিন্তু এই পথটি পাপসম্বন্ধ নহে; এই জন্যই আমি এই সকল করিয়াছি ॥২২॥

এই সকল কার্য্য সর্ব্বদাই সজ্জনের আচরিত বলিয়া প্রশস্ত; সেই জন্যই আমার বুদ্ধি এই প্রশস্ত বিষয় অবলম্বন করিয়াছে।" আমি শিবিরাজার এই মহামাহাত্ম্যের বিষয় জানি; তাই তোমাদের নিকট ইহা যথাযথভাবে বলিলাম" ॥২৩॥

—:*:—

'* .. সপ্তনবত্যধিক- বা ব, '.. অষ্টনবত্যধিক...'—কা, '.. একাধিকদ্বিশততমঃ...'—নি।

## ঊনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

মার্কণ্ডেয়মৃষয়ঃ পাণ্ডবাশ্চ পর্য্যপৃচ্ছন্নস্তি কশ্চিদ্ভবতশ্চিরজাততর ইতি ॥১॥

স তানুবাচ—অস্তি খলু রাজর্ষিরিন্দ্রদ্যুম্নো নাম ক্ষীণপুণ্যস্ত্রিদিবাৎ প্রচ্যুতঃ। কীর্ত্তির্মে ব্যুচ্ছিন্নেতি স মামুপাতিষ্ঠদথ প্রত্যভিজানাতি মাং ভবানিতি ॥২॥

তমহমব্রুবম্—কার্য্যচেষ্টাকুলত্বাম্ন বয়ং বাসায়নিকা গ্রামৈকরাত্রবাসিনো ন প্রত্যভিজানীমোঽপ্যাত্মনোঽর্থানামনুষ্ঠানং ন শরীরোপতাপেনাত্মনঃ সমারভামোঽর্থানামনুষ্ঠানম্ ॥৩॥

### ভারতকৌমুদী

মার্কণ্ডেয়মিতি। ভবতো ভবদপেক্ষয়া, চিরজাততরঃ প্রাচীনতরঃ। যত্রান্তে সমাপ্তি-সূচক ইতিশব্দঃ পূর্ণাকাঙ্ক্ষানিবৃত্তির্বা, গদ্যমু স একঃ শ্লোক ইতি মন্তব্যম্ ॥১॥

স ইতি। কীর্ত্তিঃ স্বর্গবাসনিবন্ধনং যশঃ, ব্যুচ্ছিন্না পুণ্যক্ষয়েণ স্বর্গবাসক্ষয়াদেব নষ্টা। অনুভূতস্য পুনরনুভবঃ প্রত্যভিজ্ঞা। অথ প্রশ্নে। ইত্যব্রবীদিতি শেষঃ। প্রত্যভিজ্ঞানে কীর্ত্ত্যুল্লেখসম্ভবঃ, তত এব চ পুনঃ স্বর্গলাভঃ। অতএব চ তৎপ্রশ্নঃ। এবমন্যত্র ॥২॥

তমিতি। বয়ম্, কার্য্যাণামবশ্যকর্ত্তব্যানাং তীর্থপর্য্যটনাদিপুণ্যানাং চেষ্টয়া উপার্জ্জনা-

### ভারতভাবদীপঃ

মার্কণ্ডেয়মৃষয় ইতি। যাবৎকীর্ত্তিস্তাবৎ স্বর্গে তিষ্ঠতি তুলান্যায়ত্বাদ্যাবদকীর্ত্তিস্তাবন্ন-রকেঽপ্যতঃ কীর্ত্ত্যকীর্ত্ত্যোর্নাশে কর্ম্মানুরূপং ব্রাহ্মণাদিশরীরং নীচযোনিং বা উভাবপি ভূমৌ প্রাপ্নুত ইত্যধ্যায়তাৎপর্য্যম্ ॥১॥ প্রত্যভিজানাতি পরিচিনোতি ॥২॥ কার্য্যং পুণ্যং তদর্থাশ্চেষ্টা জপাদয়স্তাভিরাকুলত্বাৎ বাসায়নিকাঃ বাসো বিষ্টাগারং তদেব অয়নং বাসায়নং তত্র ভবাঃ, গ্রামৈকরাত্রবাসিনস্তীর্থাটনশীলাঃ শরীরোপতাপেন কৃচ্ছ্রোপবাসাদিজন্মনা দেহ-

---

বৈশম্পায়ন বলিলেন—ঋষিরা ও পাণ্ডবেরা পুনরায় মার্কণ্ডেয়ের নিকট জিজ্ঞাসা করিলেন—"আপনা অপেক্ষা অধিক প্রাচীন কেহ আছেন কি?" ॥১॥

মার্কণ্ডেয় তাঁহাদিগকে বলিলেন—"পুণ্যক্ষয় হওয়ায় স্বর্গ হইতে বিচ্যুত রাজর্ষি ইন্দ্রদ্যুম্ন আছেন। 'আমার কীর্ত্তি নষ্ট হইয়া গেল' ইহা ভাবিতে ভাবিতে সেই ইন্দ্রদ্যুম্ন আমার নিকট আসিয়াছিলেন এবং বলিয়াছিলেন—"আপনি আমাকে জানেন কি?" ॥২॥

স মামুবাচ—অস্ত্যন্যস্ত্বত্তশ্চিরজাত ইতি। তমহমব্রুবম্—অস্তি খলু, হিমবতি প্রাবারকর্ণো নাম উলূকঃ প্রতিবসতি। স মত্তশ্চিরজাতো ভবন্তং যদি জানীয়াদিতঃ প্রকৃষ্টে চাধ্বনি হিমবাংস্তত্রাসৌ প্রতিবসতীতি ॥৪॥

ততঃ স মামশ্বো ভূত্বা তত্রাবহদ্‌যত্র বভূবোলূকঃ ॥৫॥

অথৈনং স রাজা পপ্রচ্ছ—প্রত্যভিজানাতি মাং ভবানিতি। স মুহূর্ত্তমিব ধ্যাত্বাঽব্রবীদেনম্—নাভিজানামি ভবন্তমিতি। স এবমুক্ত ইন্দ্রদ্যুম্নঃ পুনস্তমুলূকমব্রবীদ্রাজর্ষিঃ—অথাস্তি কশ্চিদ্ভবতঃ সকাশাচ্চিরজাত ইতি। স এবমুক্তোঽব্রবীৎ—অস্তি খল্বিন্দ্রদ্যুম্নং নাম সরঃ, তস্মিন্ নাড়ীজঙ্ঘো নাম বকঃ প্রতিবসতি, সোঽস্মত্তশ্চিরজাততরঃ, তং পৃচ্ছেতি ॥৬॥

ভারতকৌমুদী

গ্রহেণ আকুলত্বাৎ সর্ব্বদা বিহ্বলত্বাৎ, গ্রামে একরাত্রমপি বসন্তীতি তে তাদৃশাঃ, বাস ঐকৈকগ্রামে একৈকরাত্রস্থিতিরেব অয়নং নিয়মস্তেন সংসৃষ্টা ইতি বাসায়নিকাস্তদাখ্যাঃ পরিব্রাজকবিশেষা ন। অতএব আত্মনোঽপি, অর্থানাং পূর্ব্ববাসাদিবিষয়াণাম্, অনুষ্ঠানং করণম্, ন প্রত্যভিজানীমঃ ক্ষণিকত্বান্ন স্মরামঃ। তেন হি কদাচিৎ ক্ষণমাত্রদৃষ্টং ভবন্তং কথং প্রত্যভিজানীম ইতি ভাবঃ। অথ গৃহাদিনির্ম্মাণেন কথমেকত্র দীর্ঘকালং ন বসতি ভবানিত্যাহ—নেতি। শরীরোপতাপেন তীর্থসেবনাদিশারীরিকতপোবিধানেন হেতুনা, আত্মনঃ অর্থানাং গৃহাদিবিষয়াণাম্, অনুষ্ঠানম্, ন সমারভামঃ বয়ং ন কুর্ম্মঃ ॥৩॥

স ইতি। চিরজাতঃ প্রাচীনঃ। উলূকঃ পেচকঃ। প্রকৃষ্টে দূরে ॥৪॥

তত ইতি। স ইন্দ্রদ্যুম্নঃ। বভূবেতি অস্তেঃ পরোক্ষায়াং প্রয়োগঃ ॥৫॥

অথেতি। স উলূকঃ। এনমিন্দ্রদ্যুম্নম্। অস্মত্তঃ অস্মদপেক্ষয়া ॥৬॥

---

তখন আমি তাঁহাকে বলিয়াছিলাম—"আমরা তীর্থপর্যটনপ্রভৃতির চেষ্টায় সর্ব্বদা আকুল থাকি বলিয়া গ্রামে একরাত্রবাসী 'বাসায়নিক' পরিব্রাজক নহি; সুতরাং নিজের কৃত কার্য্যগুলিও স্মরণ করিতে পারি না, (অতএব আপনাকে কি করিয়া জানিব?)। তা'র পর, শারীরিক তপস্যার বিধান থাকায় আমরা নিজের জন্য গৃহাদিনির্ম্মাণও করি না" ॥৩॥

পরে ইন্দ্রদ্যুম্ন আমাকে বলিলেন—"আপনা অপেক্ষা প্রাচীন অন্য কেহ আছে কি?"। তখন আমি তাঁহাকে বলিলাম—"নিশ্চয়ই আছে; হিমালয়পর্ব্বতে 'প্রাবারকর্ণ'-নামে একটা পেচক আছে; সে আমা অপেক্ষা প্রাচীন বলিয়া সম্ভবতঃ আপনাকে জানিতে পারে। এস্থান হইতে দূরপথে হিমালয় রহিয়াছে, সেইখানেই ঐ পেচক বাস করে ॥৪॥

তাহার পর ইন্দ্রদ্যুম্নরাজা অশ্ব হইয়া আমাকে সেইখানে বহন করিয়া লইয়া গেলেন, যেখানে সেই পেচক ছিল ॥৫॥

ততঃ ইন্দ্রদ্যুম্নো মামুলূকঞ্চাদায় তৎ সরোঽগচ্ছৎ, যত্রাসৌ নাড়ীজঙ্ঘো নাম বকো বভূব ॥৭॥

সোঽস্মাভিঃ পৃষ্টো ভবানিমমিন্দ্রদ্যুম্নং রাজানং প্রত্যভিজানাতীতি। স এবমুক্তো মুহূর্ত্তং ধ্যাত্বাব্রবীৎ—নাভিজানাম্যহমিন্দ্রদ্যুম্নং রাজানমিতি। ততঃ সোঽস্মাভিঃ পৃষ্টঃ—কশ্চিদ্ভবতোঽন্যশ্চিরজাততরোঽস্তীতি। স নোঽব্রবীৎ-অস্তি খলু, অস্মিন্নেব সরসি অকূপারো নাম কচ্ছপঃ প্রতিবসতি, স মত্তশ্চিরজাততরঃ। স যদি কথঞ্চিদভিজানীয়াদিমং রাজানম্, তমকূপারং পৃচ্ছধ্বমিতি ॥৮॥

ততঃ স বকস্তমকূপারং কচ্ছপং বিজ্ঞাপয়মাস—অস্ত্যস্মাকমভিপ্রেতং ভবন্তং কঞ্চিদর্থমভিপ্রষ্টুম্, সাধ্বাগম্যতাং তাবদিতি ॥৯॥

ভারতকৌমুদী

তত ইতি। তৎ ইন্দ্রদ্যুম্নং নাম ॥৭॥

স ইতি। স বকঃ। নঃ অস্মান্। মত্তো মদপেক্ষয়া। যদিঃ সম্ভাবনায়াম্ ॥৮॥

তত ইতি। অভিপ্রেতমিচ্ছা। সাধু ভদ্রং নির্ভয়মিত্যর্থঃ ॥৯॥

---

তদনন্তর ইন্দ্রদ্যুম্নরাজা সেই পেচকের নিকট জিজ্ঞাসা করিলেন—"তুমি আমাকে জান?"। তখন পেচক কিছুকাল চিন্তা করিয়া ইন্দ্রদ্যুম্নকে কহিল—"আমি আপনাকে জানি না"। পেচক এইরূপ বলিলে, রাজর্ষি ইন্দ্রদ্যুম্ন পুনরায় সেই পেচককে বলিলেন—"তোমা অপেক্ষা কেহ প্রাচীন আছে কি?"। রাজা এইরূপ কহিলে, পেচক কহিল—"ইন্দ্রদ্যুম্ন'-নামে একটী সরোবর আছে, তাহাতে 'নাড়ীজঙ্ঘ'-নামে একটা বকপক্ষী বাস করে; সেই বক আমা অপেক্ষা প্রাচীন, আপনি তাহাকে জিজ্ঞাসা করুন" ॥৬॥

তৎপরে ইন্দ্রদ্যুম্নরাজা আমাকে ও পেচককে লইয়া সেই সরোবরে গমন করিলেন, যেখানে সেই নাড়ীজঙ্ঘ বাস করিত ॥৭॥

তাহার পর আমরা সেই বকের নিকট জিজ্ঞাসা করিলাম যে, "তুমি কি এই ইন্দ্রদ্যুম্নরাজাকে চেন?"। আমরা এইরূপ বলিলে, সেই বক কিছু কাল চিন্তা করিয়া বলিল—"আমি ইন্দ্রদ্যুম্নরাজাকে চিনি না"। তখন আমরা জিজ্ঞাসা করিলাম—"তোমা অপেক্ষা অন্য কেহ প্রাচীন আছে কি?"। পরে সে, আমাদিগকে বলিল—"আছে—এই সরোবরেই 'অকূপার'-নামে এক কচ্ছপ বাস করে, সে—আমা অপেক্ষা প্রাচীন; সম্ভবতঃ সেই কচ্ছপ কোন প্রকারে এই রাজাকে চিনিতে পারে; অতএব আপনারা যাইয়া সেই অকূপারকে জিজ্ঞাসা করুন" ॥৮॥

তচ্ছ্রুত্বা কচ্ছপস্তস্মাৎ সরস উত্থায়াগচ্ছৎ, যত্র তিষ্ঠামো বয়ং তস্য সরসস্তীরে। আগতঞ্চৈনং বয়মপৃচ্ছাম—ভবানিমমিন্দ্রদ্যুম্নং রাজান-মভিজানাতীতি ॥১০॥

স মুহূর্ত্তং ধ্যাত্বা বাষ্পপূর্ণনয়ন উদ্বিগ্নহৃদয়ো বেপমানো বিসংজ্ঞকল্পঃ প্রাঞ্জলিরব্রবীৎ—কিমহমেনং ন প্রত্যভিজ্ঞাস্যামি। ইহ হ্যনেন সহস্র-কৃত্বশ্চিতিষু যূপা আহিতাঃ, সরশ্চেদমস্য দক্ষিণাভির্দত্তাভির্গোভিরতিক্রম-মাণাভিঃ কৃতম্, অত্র চাহং প্রতিবসামীতি ॥১১॥

অথৈতৎ সকলং কচ্ছপেনোদাহৃতং শ্রুত্বা তদনন্তরং দেবলোকাদ্দেবরথঃ প্রাদুরাসীৎ বাচশ্চাশ্রূয়ন্ত ইন্দ্রদ্যুম্নং প্রতি প্রস্তুতস্তে স্বর্গঃ যথোচিতং স্থানং প্রতিপদ্যস্ব, কীর্ত্তিমানসি, অব্যগ্রো যাহীতি ॥১২॥

ভারতকৌমুদী

তদিতি। এনং কচ্ছপম্। অভিজানাতি স্মরতি। কাকুবশাৎ প্রশ্ন ॥১০॥

স ইতি। ধ্যাত্বা বিচিন্ত্য, বাষ্পপূর্ণনয়নঃ অধুনা তদভাবেন শোকোদয়াৎ, তত এব চ উদ্বিগ্নহৃদয়ঃ অস্থিরচিত্তঃ, বেপমানঃ কম্পমানদেহঃ, বিসংজ্ঞকল্পঃ অচেতনপ্রায়ঃ। সহস্রকৃত্বঃ সহস্রবারম্, চিতিষু যজ্ঞেষু, যূপাঃ পশুবন্ধনস্তম্ভাঃ, আহিতাঃ রোপিতাঃ। অতিক্রমমাণাভিঃ সর্ব্বদা বিচরন্তীভিঃ ॥১১॥

অথেতি। সকলং কীর্ত্তিবাক্যম্। প্রতিপদ্যস্ব লভস্ব। অব্যগ্রঃ সুস্থচিত্তঃ ॥১২॥

---

তাহার পর সেই বক সেই অকূপারনামক কচ্ছপকে জানাইল—"কচ্ছপ! তুমি নির্ভয়ে আগমন কর; তোমার নিকট কোন বিষয় জিজ্ঞাসা করিতে আমাদের ইচ্ছা আছে" ॥৯॥

তাহা শুনিয়া কচ্ছপ সেই সরোবর হইতে উঠিয়া আসিল, সেই সরোবরের যে তীরে আমরা ছিলাম। কচ্ছপ আসিলে, আমরা উহাকে জিজ্ঞাসা করিলাম—"তুমি এই ইন্দ্রদ্যুম্নরাজাকে চেন?" ॥১০॥

তখন কচ্ছপ কিছু কাল চিন্তা করিয়া অশ্রুপূর্ণনয়ন, অস্থিরচিত্ত, কম্পিতদেহ, অচেতনপ্রায় ও কৃতাঞ্জলি হইয়া বলিল—"আমি কি ইহাকে চিনিব না? ইনিই এইখানে সহস্র যজ্ঞে সহস্রবার যূপ প্রোথিত করিয়াছিলেন এবং দক্ষিণারূপে ইহারই প্রদত্ত গোসমূহ সর্ব্বদা বিচরণ করিতে থাকিয়া এই সরোবর করিয়াছিল এবং আমিও এইখানেই বাস করিতেছি" ॥১১॥

তাহার পর কচ্ছপোক্ত এই সকল কীর্ত্তির বাক্য শ্রবণ করিয়া তৎপরে দেবলোক হইতে দেবরথ উপস্থিত হইল এবং ইন্দ্রদ্যুম্নের প্রতি এই সকল বাক্যও শুনা গেল "মহারাজ! আপনার জন্য স্বর্গ প্রস্তুত হইয়াছে, আপনি

ভবন্তি চাত্র শ্লোকাঃ—

দিবং স্পৃশতি ভূমিঞ্চ শব্দঃ পুণ্যস্য কর্ম্মণঃ।
যাবৎ স শব্দো ভবতি তাবৎ পুরুষ উচ্যতে ॥১৩॥
অকীর্ত্তিঃ কীর্ত্ত্যতে লোকে যস্য ভূতস্য কস্যচিৎ।
স পতত্যধমাল্লোঁকান্ যাবচ্ছব্দঃ প্রকীর্ত্ত্যতে ॥১৪॥
তস্মাৎ কল্যাণবৃত্তঃ স্যাদনন্তায় নরঃ সদা।
বিহায় চিত্তং পাপিষ্ঠং ধর্ম্মমেব সমাশ্রয়েৎ ॥১৫॥

ইত্যেতচ্ছ্রুত্বা স রাজাব্রবীৎ-তিষ্ঠ তাবৎ,'যাবদিমৌ বৃদ্ধৌ যথাস্থানং প্রতিপাদয়ামীতি ॥১৬॥

---

ভারতকৌমুদী

দিবমিতি। শব্দঃ প্রশংসাবাদঃ। উচ্যতে স্বর্গস্থো মুনিভিরিতি শেষঃ ॥১৩॥

অকীর্ত্তিরিতি। ভূতস্য পুরুষস্য। অধমান্ লোকান্ নরকান্। শব্দো নিন্দাবাদঃ ॥১৪॥

তস্মাদিতি। তস্মান্নরঃ, অনন্তায় অনন্তকালস্বর্গভোগায়, সদৈব কল্যাণবৃত্তঃ কীর্ত্তিজনকচরিত্রঃ স্যাৎ। অতএব পাপিষ্ঠং চিত্তং চিত্তস্য পাপপ্রবৃত্তিমিত্যর্থঃ, বিহায়, ধর্ম্মমেব সমাশ্রয়েৎ, ধর্ম্মেণ স্থায়িস্বর্গজনিকায়াঃ কীর্ত্তের্জনয়িষ্যমাণত্বাদিতি ভাবঃ। এতেন পুণ্যক্ষয়েঽপি কীর্ত্তিসত্ত্বে স্বর্গসত্ত্বমিতি সূচিতম্। অত্রার্থে—সাহিত্যদর্পণধৃতা শ্রুতিরপি —"একঃ শব্দঃ সুপ্রযুক্তঃ সম্যগ্ জ্ঞাতঃ স্বর্গে লোকে চ কামধুগ্ ভবতি" ॥১৫॥

ইতীতি। অব্রবীৎ দেবদূতমিতি শেষঃ। বৃদ্ধৌ মার্কণ্ডেয়োলূকৌ ॥১৬॥

---

আসিয়া যথোচিত স্থান লাভ করুন, আপনি কীর্ত্তিশালীই আছেন; সুতরাং সুস্থচিত্তে গমন করুন" ॥১২॥

এ বিষয়ে তিনটী শ্লোকও আছে—

মুনিরা বলেন—"পুণ্যকর্ম্মের প্রশংসাবাদ স্বর্গ ও মর্ত্ত্য স্পর্শ করিয়া থাকে। যে পর্য্যন্ত সেই প্রশংসাবাদ চলিতে থাকে, সেই পর্য্যন্তই মানুষ স্বর্গে বাস করে ॥১৩॥

যে কোন মানুষের নিন্দাবাদ জগতে কীর্ত্তিত হয়, সেই মানুষই যে পর্য্যন্ত সেই নিন্দাবাদ চলিতে থাকে, সেই পর্য্যন্তই নরকে বাস করে ॥১৪॥

অতএব মানুষ অনন্তকাল স্বর্গ ভোগের জন্য সর্ব্বদাই প্রশস্ত চরিত্র হইবে এবং মনের পাপপ্রবৃত্তি পরিত্যাগ করিয়া ধর্ম্মেরই আশ্রয় লইবে" ॥১৫॥

এই দেবদূতের বাক্য শুনিয়া ইন্দ্রদ্যুম্নরাজা দেবদূতকে বলিলেন—"আমি যে পর্য্যন্ত এই বৃদ্ধ দুইজনকে যথাস্থানে রাখিয়া আসি, তুমি সেই পর্য্যন্ত অপেক্ষা কর" ॥১৬॥

---

(১৪) অকীর্ত্তিঃ কীর্ত্ত্যতে লোকৈঃ—পি। (১৬)…যানেন সংস্থিতঃ—বা ব কা পি।

স মাং প্রাবারকর্ণকোলূকং যথোচিতে স্থানে প্রতিপাদ্য তেনৈব যানেন সংসিদ্ধং যথোচিতং স্থানং প্রতিপেদে। তন্ময়ানুভূতং চিরজীবিনেদৃশমিতি পাণ্ডবানুবাচ মার্কণ্ডেয়ঃ। পাণ্ডবাশ্চোচুঃ—সাধু, শোভনং ভবতা কৃতং রাজানমিন্দ্রদ্যুম্নং স্বর্গলোকাচ্চ্যুতং স্বে স্থানে প্রতিপাদয়তেতি ॥১৭॥

অথৈতানব্রবীদসৌ—ননু দেবকীপুত্রেণাপি কৃষ্ণেন নরকে মজ্জমানো রাজর্ষির্নৃগস্তস্মাৎ কৃচ্ছ্রাৎ সমুদ্ধৃত্য পুনঃ স্বর্গং প্রাপিত ইতি ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়ামিন্দ্রদ্যুম্নোপাখ্যানে উনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। প্রাবারকর্ণং নাম। প্রতিপাদ্য প্রাপয্য। যানেন দেবরথেন, সংসিদ্ধম্ আত্মনোঽর্থে দেবৈঃ প্রস্তুতম্, প্রতিপেদে প্রাপ। অনুভূতং প্রত্যক্ষীকৃতম্। শোভনং প্রশংসনীয়ং কর্ম স্বে স্বপ্রাপ্তপূর্ব্বে, প্রতিপাদয়তা গময়তা ॥১৭॥

অথেতি। অসৌ মার্কণ্ডেয়ঃ। ননু সম্বোধনে। কৃচ্ছ্রাৎ নরকভোগকষ্টাৎ ॥১৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য মহাকবি-পদ্মভূষণ শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি মার্কণ্ডেয়সমাস্যায়ামুনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

তাপেন অতো ন বয়ম তীতানাগতাবিদঃ স্ম ইত ভাবঃ ॥৩॥ খলু প্রসিদ্ধম্ ॥৪॥ স ইন্দ্রদ্যুম্নোঽশ্বো ভূত্বা মামবহৎ ॥৫—॥ চিতিষু অগ্নিচয়নেষু কর্ত্তব্যেষু সংস্থ ॥১১—১২॥ পুরুষঃ স্বর্গস্থ ইতি শেষঃ ॥১৩—১৭॥ অসৌ মার্কণ্ডেয়ঃ ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে উনসপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১৬১॥

তাহার পর ইন্দ্রদ্যুম্নরাজা আমাকে ও প্রাবারকর্ণনামক সেই পেচককে যথাস্থানে রাখিয়া আসিয়া, সেই দেবরথেই আরোহণ করিয়া পূর্ব্বসম্পন্ন যথাযোগ্য স্বর্গে গমন করিলেন। আমি দীর্ঘজীবী বলিয়া এইরূপ সেই বৃত্তান্ত প্রত্যক্ষ করিয়াছিলাম"। এই কথা মার্কণ্ডেয়মুনি পাণ্ডবগণকে বলিলেন। আবার পাণ্ডবেরাও বলিলেন—"ভাল; আপনি—স্বর্গলোকচ্যুত ইন্দ্রদ্যুম্নরাজাকে পুনরায় স্বস্থানে পাঠাইয়া প্রশংসনীয় কার্য্যই করিয়াছিলেন" ॥১৭॥

তাহার পর মার্কণ্ডেয় পাণ্ডবগণকে বলিলেন—"পাণ্ডবগণ! দেবকীনন্দন কৃষ্ণও নরকমগ্ন রাজর্ষি নৃগকে সেই কষ্ট হইতে উদ্ধার করিয়া পুনরায় স্বর্গে পাঠাইয়াছেন" ॥১৮॥

---

* পিতামহপুস্তকে পূর্ব্বাধ্যায়চতুষ্টয় নাস্তীতি। '...পঞ্চনবত্যধিক...'—, পি, '...অষ্টনবত্যধিক...—'বা ব, '...নবনবত্যধিক...'—, কা, '...দ্ব্যধিকদ্বিশততমঃ...'—, নি।

# সপ্তত্যধিকশততমোঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

শ্রুত্বা স রাজা রাজর্ষেরিন্দ্রদ্যুম্নস্য তত্তদা।
মার্কণ্ডেয়ান্মহাভাগাৎ স্বর্গস্য প্রতিপাদনম্।
যুধিষ্ঠিরো মহারাজ! পুনঃ পপ্রচ্ছ তং মুনিম্ ॥১॥

কীদৃশীষু হ্যবস্থাসু দত্ত্বা দানং মহামুনে!।
ইন্দ্রলোকং ত্বনুভবেৎ পুরুষস্তদ্‌ব্রবীহি মে ॥২॥

গার্হস্থ্যেঽপ্যথবা বাল্যে যৌবনে স্থাবিরেঽপি বা।
যথাফলং সমশ্নাতি তথা ত্বং কথয়স্ব মে ॥৩॥

মার্কণ্ডেয় উবাচ।

বৃথা জন্মানি চত্বারি বৃথা দানানি ষোড়শ।
বৃথা জন্ম হ্যপুত্রস্য যে চ ধর্ম্মবহিষ্কৃতাঃ ॥৪॥

ভারতকৌমুদী

শ্রুত্বেতি। প্রতিপাদনং প্রাপণম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১॥

কীদৃশীষিতি। দত্ত্বা কৃত্বা। অনুভবেৎ প্রাপ্নুয়াৎ ॥২॥

গার্হস্থ্য ইতি। সমশ্নাতি দানেন লভতে ॥৩॥

বৃথেতি। অপুত্রস্য অজাতপুত্রস্য মৃতপুত্রস্য চ। তয়োরুভয়োরপি পুত্রাভাববত্ত্বৈক-রূপ্যাদেকবিধং বৃথা জন্ম। যে চ ব্রহ্মহত্যাদিকরণেন সামাজিকৈর্ধর্ম্মাদ্বহিষ্কৃতাঃ, তেষাং জন্ম বৃথা ইতি দ্বিবিধম্ ॥৪॥

---

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ জনমেজয়! রাজা যুধিষ্ঠির মহাত্মা মার্কণ্ডেয়মুনির নিকট রাজর্ষি ইন্দ্রদ্যুম্নের সেই স্বর্গলাভের বৃত্তান্ত শুনিয়া পুনরায় তখনই সেই মার্কণ্ডেয়মুনির নিকট জিজ্ঞাসা করিলেন—॥১॥

"মহর্ষি! মানুষ কি প্রকার অবস্থায় দান করিয়া স্বর্গ লাভ করে, তাহা আপনি আমার নিকট বলুন ॥২॥

গৃহস্থ আশ্রমে বা অন্য আশ্রমে, কিংবা বাল্যে, যৌবনে অথবা বার্দ্ধক্যে দান করিয়া যেমন ফল লাভ করে, তাহা আপনি আমার নিকট বলুন" ॥৩॥

---

(১)···যুধিষ্ঠিরো মহারাজঃ—বা ব কা।

পরপাকঞ্চ যেঽশ্নন্তি আত্মার্থঞ্চ পচেত্তু যঃ।
পর্য্যশ্নন্তি বৃথা যে চ তদসত্যং প্রকীর্ত্ত্যতে ॥৫॥
আরূঢ়পতিতে দত্তমন্যায়োপহৃতঞ্চ যৎ।
ব্যর্থন্তু পতিতে দানং ব্রাহ্মণে তস্করে তথা ॥৬॥
গুরৌ চানৃতিকে পাপে কৃতঘ্নে গ্রামযাজকে।
বেদবিক্রয়িণে দত্তং তথা বৃষলপাচকে ॥৭॥

ভারতকৌমুদী

পরেতি। যে চ পরাধীনতয়া পরপাকমেবাশ্নন্তি, তেষাং জন্ম বৃথেতি ত্রিবিধম্। যশ্চ ভার্য্যাভাবাদাত্মার্থমেব পচেৎ, তস্যাপি জন্ম বৃথেতি চতুর্বিধম্। কিঞ্চ যে, পরি অতিথ্যাদীন্ বর্জ্জয়িত্বা বৃথা নিষ্ফলমশ্নন্তি, তেষাং তদশনম্, অসত্যং মিথ্যা প্রকীর্ত্ত্যতে। 'বৃথা দানানি ষোড়শ" ইত্যনেনৈব প্রাসঙ্গিকত্বমনয়োরুক্তম্ ॥৫॥

ইদানীং ষোড়শ বৃথা দানানি বিবৃণোতি—আরূঢ়েতি। নৈষ্ঠিকব্রহ্মচর্য্যাদিব্রতমারূঢ়শ্চাসৌ পুনর্ভোগেচ্ছয়া ততঃ পতিতশ্চেতি তস্মিন্, দত্তং দানম্, ব্যর্থং বৃথা। যচ্চানম্, অন্যায়েন চৌর্য্যাদিনা উপহৃতমুপার্জ্জিতম্, তস্য দত্তং ব্যর্থম্। পতিতে ব্রাহ্মণে দানম্, তস্করে দানঞ্চ বৃথা ॥৬॥

ভারতভাবদীপঃ

শ্রদ্ধেতি। অতঃপরং স্বর্গপ্রদান্ সাধারণান্ ধর্ম্মানাহবাগ্নেয়েন "শ্রদ্ধা স রাজা রাজর্ষি"রিত্যাদিনা বদন্তি লোকেষু বিশিষ্টবুদ্ধয় ইত্যন্তেন ।১—৪। পর্য্যশ্নন্তি বালবৃদ্ধাতিথিভ্যঃ পূর্ব্বমশ্নন্তি যত্র জন্মনি অসত্যং বৃথা। গাবঞ্চা বিত্রণ বিনা কীর্ত্ত্যতে তদপি বৃথেত্যর্থঃ ॥৫॥ আরূঢ়শ্চাসৌ পতিতঃ। "আরূঢ়ো নৈষ্ঠিকং ধর্ম্মং যস্তু প্রচ্যবতে পুনঃ। প্রায়শ্চিত্তং ন তস্যাস্তি যেন শুধ্যেৎ স আত্মহা॥" ইতি শ্লোকোক্তঃ। নৈষ্ঠিকং যাবজ্জীবব্রহ্মচর্য্যং চতুর্থাশ্রমং বানপ্রস্থত্বং বা প্রচ্যবতে গার্হস্থ্যেচ্ছাদিনা তাং নিষ্ঠাং ত্যজতি ॥৬॥ গুরাবপানৃতিকেঽনৃতপ্রিয়ে বৃষলঃ শূদ্রঃ ॥৭॥

মার্কণ্ডেয় বলিলেন—"বৃথা জন্ম চারি প্রকার এবং বৃথা দান ষোড়শ প্রকার। অপুত্রকের জন্ম বৃথা, যাহারা স্বধর্ম্ম হইতে বহিষ্কৃত, তাহাদের জন্ম বৃথা ॥৪॥

যাহারা কেবল পরপাকেই ভোজন করে, তাহাদের জন্ম বৃথা এবং যে ব্যক্তি কেবল নিজের জন্য পাক করে, তাহার জন্মও বৃথা। আর যাহারা অতিথিপ্রভৃতিকে না দিয়া অনর্থক ভোজন করে, সে ভোজনকেও মিথ্যা বলা হয় ॥৫॥

যিনি ব্রহ্মচর্য্যপ্রভৃতি ব্রত অবলম্বন করিয়া আবার তাহা পরিত্যাগ করেন তাঁহাকে দান, অন্যায়ার্জ্জিত ধনদান, পতিত ব্রাহ্মণকে দান এবং চোরকে দান করা বৃথা ॥৬॥

(৫) পর্য্যশ্নন্তি বৃথা যত্র—বা ব কা।

ব্রহ্মবন্ধুষু যদ্দত্তং যদ্দত্তং বৃষলীপতৌ।
স্ত্রীজনেষু চ যদ্দত্তং ব্যালগ্রাহে তথৈব চ ॥৮॥
পরিচারকেষু যদ্দত্তং বৃথা দানানি ষোড়শ।
তমোবৃতস্তু যো দদ্যাদ্ভয়াৎ ক্রোধাত্তথৈব চ ॥৯॥ (বিশেষকম্)
ভুঙ্‌ক্তে চ দানং তৎ সর্ব্বং গর্ভস্থস্তু নরঃ সদা।
দদদ্দানং দ্বিজাতিভ্যো বৃদ্ধভাবেন মানবঃ ॥১০॥
তস্মাৎ সর্ব্বাস্ববস্থাসু সর্ব্বদানানি পার্থিব!।
দাতব্যানি দ্বিজাতিভ্যঃ স্বর্গমার্গজিগীষয়া ॥১১॥

ভারতকৌমুদী

গুরাবিতি। গুরৌ পিত্রাদিগুরুজনে। এতচ্চ সম্পৃক্তমাত্রোপলক্ষণম্। তত্র দানস্তু সম্পর্কপ্রযুক্ততয়া উপকারপ্রাপ্তিমূল্যকত্বাদ্বৃথাত্বমেতি ভাবঃ। অনৃতিকে মিথ্যাচারিণি, পাপে পাপবিশেষবতি, কৃতঘ্নে উপকারিণোঽপকারিণি, গ্রামযাজকে অতিবহুজনযাজনকারিণি, বেদবিক্রয়িণে বেতনগ্রহণেন বেদাধ্যাপকায়, বৃষলস্য শূদ্রস্য পাচকে, ব্রহ্মবন্ধুষু জাতিমাত্রতো ব্রাহ্মণেষু বৃত্তাদিহীনেষু, বৃষলীপতৌ শূদ্রাভর্ত্তরি ব্রাহ্মণে, স্ত্রীজনেষু উপাধ্যায়ীপ্রভৃতিভিন্নেষু, ব্যালগ্রাহে সর্পব্যবসায়িনি, পরিচারকেষু ভৃত্যাদিষু। এষু যুক্তয়ঃ স্পষ্টাঃ। তমোবৃতঃ রোগাদিনা প্রকৃষ্টজ্ঞানহীনঃ। তস্য তদ্দত্তদানমপি বৃথৈবেতি, ষোড়শেত্যুপলক্ষণম্ ॥৭—৯॥

ভুঙ্‌ক্তে ইতি। পরজন্মনি গর্ভস্থ এব নরঃ সদা তৎ সর্ব্বং দানং দানফলং ভুঙ্‌ক্তে। তস্য ভোগস্যাপ্রসারাত্মিকর্ষ এবেত্যাশয়ঃ। মানবঃ, দ্বিজাতিভ্য আরূঢ়পতিতাদিভিন্নেভ্যো ব্রাহ্মণেভ্যঃ, দানং দদৎ, বৃদ্ধভাবেন যৌবনাদ্যুপাচতভাবেনৈব তৎ সর্ব্বদানফলং ভুঙ্‌ক্তে, তস্য ভোগস্য প্রসারাদুৎকর্ষ এবেতি ভাবঃ ॥১০॥

তস্মাদিতি। সর্ব্বাসু বাল্যাদিষু। দ্বিজাতিভ্য আরূঢ়পতিতাদিভিন্নেভ্যো ব্রাহ্মণেভ্যঃ ॥১১॥

পিতৃপ্রভৃতি গুরুজনকে দান, মিথ্যাচারীকে দান, পাপীকে দান, কৃতঘ্নকে দান, গ্রামযাজককে দান, বেদবিক্রয়ীকে দান, শূদ্রের পাচককে দান, নিকৃষ্ট ব্রাহ্মণকে দান, শূদ্রার পতিকে দান, স্ত্রীলোককে দান, সর্পব্যবসায়ীকে দান এবং পরিচর্য্যাকারীকে দান—এই ষোড়শ প্রকার দানই বৃথা। আর অজ্ঞান, ভয় ও ক্রোধবশতঃ যে যাহা দান করে, তাহার সে দানও বৃথা ॥৭—৯॥

মানুষ গর্ভে থাকিয়াই সর্ব্বদা সেই সমস্ত দানের ফলভোগ করে; আর বৃদ্ধিপ্রাপ্ত হইয়া বিশুদ্ধ ব্রাহ্মণকে দানের ফল ভোগ করে ॥১০॥

অতএব রাজা! মানুষ স্বর্গলাভ করিবার ইচ্ছায় সমস্ত অবস্থাতেই বিশুদ্ধ ব্রাহ্মণকে সর্ব্বপ্রকার দান করিবে" ॥১১॥

যুধিষ্ঠির উবাচ।

চাতুর্বর্ণ্যস্য সর্ব্বস্য বর্ত্তমানাঃ প্রতিগ্রহে।
কেন বিপ্রা বিশেষেণ তারয়ন্তি তরন্তি চ ॥১২॥

মার্কণ্ডেয় উবাচ।

জপৈর্ম্মন্ত্রৈশ্চ হোমৈশ্চ স্বাধ্যায়াধ্যয়নেন চ।
নাবং বেদময়ীং কৃত্বা তারয়ন্তি তরন্তি চ ॥১৩॥
ব্রাহ্মণাংস্তোষয়েদ্‌যস্তু তুষ্যন্তে তস্য দেবতাঃ।
বচনাচ্চাপি বিপ্রাণাং স্বর্গলোকমবাপ্নুয়াৎ ॥১৪॥
পিতৃদৈবতপূজাভির্ব্রাহ্মণাভ্যর্চ্চনেন চ।
অনন্তং পুণ্যলোকন্তু গন্তাসৌ নাত্র সংশয়ঃ ॥১৫॥
শ্লেষ্মাদিভির্ব্যাপ্ততনুর্ম্রিয়মাণো বিচেতনঃ।
ব্রাহ্মণা এব সংপূজ্যাঃ পুণ্যং স্বর্গমভীপ্সতা ॥১৬॥

ভারতকৌমুদী

চাতুরিতি। চাতুর্বর্ণ্যমিতি স্বার্থে ষণ্। বিশেষেণ ক্ষত্রিয়াদিভ্য আধিক্যেন ॥১২॥
জপৈরিতি। জপৈর্গায়ত্র্যাদেঃ মন্ত্রৈঃ পুরুষসূক্তাদিভিঃ, স্বাধ্যায়স্য বেদস্যাধ্যয়নেন চ ॥১৩॥
ব্রাহ্মণানিতি। তোষয়েৎ দানাদিনা। বচনাৎ বরদানবাঙ্মাত্রাৎ ॥১৪॥
পিত্রিতি। অনন্তমক্ষয়ম্। অসৌ মানবঃ ॥১৫॥
শ্লেষ্মেতি। ঈদৃশো যো ভবতি তেনাপি ব্রাহ্মণা এব দানাদিনা সংপূজ্যাঃ ॥১৬॥

---

যুধিষ্ঠির বলিলেন—"চারি বর্ণের নিকটেই প্রতিগ্রহে প্রবৃত্ত ব্রাহ্মণ কোন্ গুণে বিশেষভাবে দাতাকে উত্তীর্ণ করেন এবং নিজেও উত্তীর্ণ হন"? ॥১২॥

মার্কণ্ডেয় বলিলেন—"ব্রাহ্মণেরা জপ, মন্ত্রোচ্চারণ, হোম ও বেদপাঠ দ্বারা বেদময়ী নৌকা নির্ম্মাণ করিয়া তাহা দ্বারা দাতাদিগকে সংসারসাগর হইতে পার করেন এবং নিজেরাও তাহার পারগামী হন ॥১৩॥

যে লোক ব্রাহ্মণদিগকে সন্তুষ্ট করে, তাহার উপরে দেবতারা সন্তুষ্ট হন; আর ব্রাহ্মণের বাক্যেও মানুষ স্বর্গলাভ করিতে পারে ॥১৪॥

মানুষ পিতৃশ্রাদ্ধ, দেবতাপূজা ও ব্রাহ্মণসেবাদ্বারা অক্ষয় স্বর্গ লাভ করে; এবিষয়ে কোন সন্দেহ নাই ॥১৫॥

মানুষ যখন শ্লেষ্মায় আক্রান্ত ও অচেতনপ্রায় হইয়া মৃত্যুমুখে উপস্থিত হয়, তখন সে—পবিত্র স্বর্গলাভ করিবার ইচ্ছায় ব্রাহ্মণদেরই পূজা করিবে ॥১৬॥

---

(১৫)···গন্তাসি ধ্রুবং ন সংশয়ঃ—বা ব কা।

শ্রাদ্ধকালে তু যত্নেন ভোক্তব্যা হ্যজুগুপ্সিতাঃ।
দুর্ব্বর্ণঃ কুনখী কুষ্ঠী মায়াবী কুণ্ডগোলকৌ ॥১৭॥
বর্জ্জনীয়াঃ প্রযত্নেন কাণ্ডপৃষ্ঠাশ্চ দেহিনঃ।
জুগুপ্সিতং হি যচ্ছ্রাদ্ধং দহত্যগ্নিরিবেন্ধনম্ ॥১৮॥ (যুগ্মকম্)
যে যে শ্রাদ্ধে নিযুজ্যন্তে মূকান্ধবধিরাদয়ঃ।
তেঽপি সর্ব্বে নিযোক্তব্যা মিশ্রিতা বেদপারগৈঃ ॥১৯॥
প্রতিগ্রহশ্চ বৈ দেয়ঃ শৃণু যস্য যুধিষ্ঠির !।
প্রদাতারং তথাত্মানং যস্তারয়তি শক্তিমান্ ॥২০॥
তস্মিন্ দেয়ং দ্বিজে দানং সর্ব্বাগমবিজানতা।
প্রদাতারং তথাত্মানং তারয়েদ্যঃ স শক্তিমান্ ॥২১॥ (যুগ্মকম্)

## ভারতকৌমুদী

শ্রাদ্ধেতি। ভোক্তব্যা ভোজয়িতব্যাঃ, অজুগুপ্সিতা অনিন্দিতাঃ। দুর্বর্ণো নিরতিশয়-শ্বেতাদিবর্ণঃ। "অমৃতে জারজঃ কুণ্ডো মৃতে ভর্ত্তরি গোলকঃ" ইত্যমরঃ। কাণ্ডানি বাণাঃ বাণপূর্ণাস্তূণীরাঃ পৃষ্ঠে যেষাং তে যুদ্ধব্যবসায়িন ইত্যর্থঃ, দেহিনো ব্রাহ্মণাঃ ॥১৭—১৮॥

য ইতি। বেদপারগমিশ্রণেনৈব মূকাদীনাং দোষনাশ ইত্যাশয়ঃ ॥১৯॥

প্রতীতি। প্রতিগ্রহস্তদুপযোগি দ্রব্যম্। সর্ব্বাগমবিজানতা সর্ব্বশাস্ত্রজ্ঞেন। অত্র সমাস আর্ষঃ। তারয়েৎ তপঃপ্রভাবেণ সংসারসাগরাদুদ্ধরেৎ ॥২০—২১॥

## ভারতভাবদীপঃ

ব্রহ্মবন্ধবো জাতিমাত্রব্রাহ্মণা বৃত্তাধ্যয়নশূন্যাঃ ॥৮—৯॥ দানং দানফলম্, অন্নং তু দানং বৃদ্ধভাবেন জরয়া ভুক্তম্ ॥১০—১৬॥ অজুগুপ্সিতাঃ অভিশপ্তপাতিতবর্জ্জিতাঃ দুর্বর্ণঃ অতি-

---

শ্রাদ্ধকালে যত্নপূর্ব্বক অনিন্দিত ব্রাহ্মণদিগকে ভোজন করাইবে; আর দূষিতবর্ণ, কুনখী, কুষ্ঠরোগী, মায়াবী, জারজ এবং যুদ্ধব্যবসায়ী ব্রাহ্মণদিগকে বিশেষ যত্নপূর্ব্বক বর্জ্জন করিবে। কারণ, যে শ্রাদ্ধ নিন্দিতভাবে নিষ্পাদিত হয়, সে শ্রাদ্ধ—অগ্নি যেমন কাষ্ঠ দগ্ধ করে, সেইরূপ শ্রাদ্ধকর্ত্তাকে দগ্ধ করে ॥১৭—১৮॥

মূক, অন্ধ ও বধিরপ্রভৃতি বিকলেন্দ্রিয় যে যে লোককে শ্রাদ্ধে নিযুক্ত করা আবশ্যক হইবে, তাহাদের সকলকেও বেদপারগ ব্রাহ্মণদের সহিত মিশ্রিত করিয়াই নিযুক্ত করিবে ॥১৯॥

যুধিষ্ঠির! শ্রবণ কর—যাঁহাকে প্রতিগ্রহোপযোগী দ্রব্য দান করা উচিত এবং যে শক্তিশালী লোক দাতাকে ও আপনাকে উদ্ধার করিতে পারেন, সর্ব্বশাস্ত্রজ্ঞ লোক সেই ব্রাহ্মণকেই দান করিবেন। যিনি দাতাকে ও

ন তথা হবিষো হোমৈর্ন পুষ্পৈর্নানুলেপনৈঃ।
অগ্নয়ঃ পার্থ! তুষ্যন্তি যথা হ্যতিথিভোজনে ॥২২॥
তস্মাত্ত্বং সর্ব্বযত্নেন যতস্বাতিথিভোজনে।
পাদোদকং পাদঘৃতং দীপমন্নং প্রতিশ্রয়ম্ ॥২৩॥
প্রয়চ্ছন্তি তু যে রাজন্! নোপসর্পন্তি তে যমম্।
দেবমাল্যাপনয়নং দ্বিজোচ্ছিষ্টাবমার্জ্জনম্ ॥২৪॥
আকল্পপরিচর্য্যা চ গাত্রসংবাহনানি চ।
অতিরিক্তৈকৈকং নৃপশ্রেষ্ঠ গোদানাদ্ভিরিচ্যতে ॥২৫॥ (বিশেষকম্)
কপিলায়াঃ প্রদানাত্তু মুচ্যতে নাত্র সংশয়ঃ।
তস্মাদলঙ্কৃতাং দদ্যাৎ কপিলাস্তু দ্বিজাতয়ে ॥২৬॥
শ্রোত্রিয়ায় দরিদ্রায় গৃহস্থায়াগ্নিহোত্রিণে।
পুত্রদারাভিভূতায় তথা হ্যনপকারিণে ॥২৭॥ (যুগ্মকম্)

### ভারতকৌমুদী

নেতি। অগ্নয়ো দক্ষিণাগ্নিগার্হপত্যাহবনীয়াখ্যাস্ত্রয়ঃ ॥২২॥

তস্মাদিতি। পাদমর্দনায় ঘৃতং পাদঘৃতম্ প্রতিশ্রয়মাশ্রয়ম্। প্রয়চ্ছন্তি অতিথিভ্যো দদতি। আকল্পঃ অতিথিবাহ্মণস্য বেশবিধানম্ ॥২৩—২৫॥

কপিলায়া ইতি। বর্ণেনৈব কাঞ্চনবর্ণা যা গৌঃ কপিলা তস্যাঃ। শ্রোত্রিয়ায় বেদজ্ঞায়, পুত্রদারৈরভিভূতায় তৎপোষণস্য দুষ্করতাঙ্গবাদিতি ভাবঃ ॥২৬—২৭॥

### ভারতভাবদীপঃ

গৌরোঽতিকৃষ্ণো বাভংসবর্ণঃ ॥১৭ বাপসাং বালানাং অথবা, ক্ষাত্রবরং ইত্যর্থঃ ॥১৮—২৩॥ মাল্যং নির্মাল্যম্ ॥২৪॥ আবল্পঃ বস্ত্রাদ্যলঙ্করণম্ ॥২৫ ২৬॥ অভিভূতায় দারিদ্র্যাদেব

আপনাকে সংসারসাগর হইতে উদ্ধার করিতে পারেন, তিনিই শক্তিশালী ব্রাহ্মণ ॥২০—২১॥

পৃথানন্দন! অতিথিভোজন করাইলে অগ্নি যেরূপ সন্তুষ্ট হন, ঘৃতদ্বারা হোমে এবং পুষ্প ও অনুলেপনদ্বারা পূজাতেও তিনি সেরূপ সন্তুষ্ট হন না ॥২২॥

অতএব যুধিষ্ঠির! তুমি সর্ব্বপ্রযত্নে অতিথিভোজন করাইতে চেষ্টা করিও। রাজা! যাঁহারা অতিথিকে পাদপ্রক্ষালনের জন্য জল, পাদমর্দ্দনের জন্য ঘৃত, প্রদীপ, অন্ন ও আশ্রয় দান করেন, তাঁহারা যমের নিকট উপস্থিত হন না। রাজশ্রেষ্ঠ! দেবনির্ম্মাল্য পরিষ্কার, অতিথি ব্রাহ্মণের উচ্ছিষ্ট মার্জ্জন এবং তাঁহার বেশরচনা, পরিচর্য্যা ও গাত্রসংবাহন— ইহার এক একটী কার্য্যই গোদান অপেক্ষাও অধিক পুণ্য উৎপাদন করে ॥২৩—২৫॥

এবংবিধেষু দাতব্যা ন সমৃদ্ধেষু ভারত ! ।
কো গুণো ভরতশ্রেষ্ঠ ! সমৃদ্ধেষভিবর্জ্জিতম্ ॥২৮॥
একস্যৈকা প্রদাতব্যা ন বহূনাং কদাচন ।
সা গৌর্বিক্রয়মাপন্না হন্যাত্ত্রিপুরুষং কুলম্ ।
ন তারয়তি দাতারং ব্রাহ্মণং নৈব নৈব তু ॥২৯॥
ব্রাহ্মণস্য বিশুদ্ধস্য সুবর্ণং যঃ প্রয়চ্ছতি ।
সুবর্ণানাং শতং তেন দত্তং ভবতি শাশ্বতম্ ॥৩০॥
অনড্বাহন্তু যো দদ্যাদ্বলবন্তং ধুরন্ধরম্ ।
স নিস্তরতি দুর্গাণি স্বর্গলোকঞ্চ গচ্ছতি ॥৩১॥

## ভারতকৌমুদী

এবমিতি। দাতব্যা কপিলেত্যনুবৃত্তিঃ। গুণো গুণকরম্, অভিবর্জ্জিতং দানম্ ॥২৮॥

একস্যেতি। একস্য ব্রাহ্মণস্য, একা কপিলা দাতব্যা। কিন্তু বহূনাং ব্রাহ্মণানাম্-একা কপিলা ন দাতব্যা। বিক্রয়ং গ্রহীতৃকর্ত্তৃকম্, দানেনৈব দাতুঃ স্বত্বনাশেন পুনর্বিক্রয়ানুপপত্তেঃ ; ত্রিপুরুষং গ্রহীতুরেব, "গবাং বিক্রয়কারী চ গবি লোমানি যানি চ। তাবদ্বর্ষসহস্রাণি গবাং গোষ্ঠে কৃমির্ভবেৎ।" ইতি প্রায়শ্চিত্ততত্ত্বধৃতবচনৈকবাক্যত্বাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

ব্রাহ্মণস্যেতি। বিশুদ্ধস্য মূকত্বাদিদোষরহিতস্য, সুবর্ণং স্বল্পমপি স্বর্ণম্। সুবর্ণানাং "পঞ্চকৃষ্ণলকো মাষস্তে সুবর্ণস্তু ষোড়শ" ইতি মনুপরিভাষিতস্বর্ণপরিমাণানাম্ ॥৩০॥

অনেতি। অনড্বাহং বৃষভম্। ধুরন্ধরং ভারবহনক্ষমম্। দুর্গাণি বিপদঃ ॥৩১॥

বেদবিৎ, দরিদ্র, গৃহস্থ, অগ্নিহোত্রী, পুত্রকলত্রযুক্ত এবং অনুপকারী—এমন ব্রাহ্মণকে অলঙ্কৃত কপিলা দান করিবে ॥২৬—২৭॥

ভরতনন্দন ! এইরূপ ব্রাহ্মণকেই কপিলা দান করিবে ; কিন্তু ধনী ব্রাহ্মণকে নহে। কারণ, ধনীকে দান করায় কি ফল হয় ? ॥২৮॥

একটী কপিলা একজন ব্রাহ্মণকেই দান করিবে, কিন্তু কখনও বহু ব্রাহ্মণকে একটী কপিলা দান করিবে না। কারণ, কোন গ্রহীতা যদি সেই গরু বিক্রয় করেন, তবে তাঁহার উপরের তিন পুরুষ পতিত হন ; আর সে গরু দাতাকে উদ্ধার করে না এবং গ্রহীতা ব্রাহ্মণকে ত কখনই না ॥২৯॥

যে লোক বিশুদ্ধ ব্রাহ্মণকে স্বর্ণ দান করে, তাহাতে তাহার চিরকালের জন্য শত সুবর্ণ-(মোহর) দানের ফল হয় ॥৩০॥

যে লোক বলবান্ ও ভারবাহী বৃষ দান করে, সে লোক সমস্ত বিপৎ উত্তীর্ণ হয় এবং স্বর্গলোকে গমন করে ॥৩১॥

বসুন্ধরান্তু যো দদ্যাদ্দ্বিজায় বিদুরাত্মনে।
দাতারং হ্যনুগচ্ছন্তি সর্ব্বে কামাভিবাঞ্ছিতাঃ ॥৩২॥
পৃচ্ছন্তি চান্নদাতারং বদন্তি পুরুষা ভুবি।
অধ্বনি ক্ষীণগাত্রাশ্চ পাংশুপাদাবগুণ্ঠিতাঃ ॥৩৩॥
তেষামেবং শ্রমার্ত্তানাং যো হ্যন্নং কথয়েদ্বুধঃ।
অন্নদাতৃসমঃ সোঽপি কীর্ত্ত্যতে নাত্র সংশয়ঃ।
তস্মাত্ত্বং সর্ব্বদানানি হিত্বান্নং সংপ্রযচ্ছ হ ॥৩৪॥
নহীদৃশং পুণ্যফলং বিচিত্রমিহ দৃশ্যতে।
যথাশক্তি চ যো দদ্যাদন্নং বিপ্রেষু সংস্কৃতম্ ॥৩৫॥
স তেন কর্ম্মণাপ্নোতি প্রজাপতিসলোকতাম্।
অন্নমেব বিশিষ্টং হি যস্মাৎ পরতরং ন চ ॥৩৬॥

ভারতকৌমুদী

বস্বিতি। বসুন্ধরাং ভূমিম্। বেত্তীতি বিদুরঃ "ছিদিভিদিবিদাং কুরঃ" ইতি বেত্তেঃ কুরঃ বিদুরো জ্ঞানবান্ আত্মা যস্য তস্মৈ। কামাভীতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥৩২॥

পৃচ্ছন্তীতি। ভুবি, পাংশুভির্ধূলিভিঃ পাদয়োরবগুণ্ঠিতা আবৃতাঃ, অধ্বশ্রমেণ ক্ষীণগাত্রাশ্চ পুরুষাঃ, অধ্বনি, অন্নদাতারং পৃচ্ছন্তি, অপরে পুরুষাস্তং বদন্তি চ ॥৩৩॥

তেষামিতি। তেষাং পথিকানাম্। অন্নম্ অন্নদাতারম্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৪॥

নেতি। হি যস্মাৎ। বিচিত্রমাশ্চর্য্যম্ সংস্কৃতং পক্বম্ ॥৩৫॥

স ইতি। প্রজাপতিসলোকতাং ব্রহ্মসালোক্যম্। পরতরম্ উৎকৃষ্টতরম্ ॥৩৬॥

যে ব্যক্তি, জ্ঞানী ব্রাহ্মণকে ভূমি দান করে, সমস্ত অভীষ্ট বস্তুই সেই ব্যক্তির অনুসরণ করে (সেই ব্যক্তি লাভ করে) ॥৩২॥

জগতে ধূলিসমাবৃত চরণ ও পরিশ্রমে ক্লান্তদেহ পথিকেরা পথে 'নিকটে কোন অন্নদাতা আছেন কি?' বলিয়া জিজ্ঞাসা করিয়া থাকে এবং অন্য লোকেরা তাহা বলিয়াও থাকে ॥৩৩॥

এইরূপ পরিশ্রান্ত পথিকদিগের নিকটে যে জ্ঞানী লোক সেই অন্নদাতার কথা বলিয়া দেয়, তাহাকেও অন্নদাতার সমানই বলা হয়। এবিষয়ে কোন সন্দেহ নাই; অতএব যুধিষ্ঠির! তুমি অন্য সমস্ত দান পরিত্যাগ করিয়া অন্নদানই কর ॥৩৪॥

যে লোক আপন শক্তি অনুসারে ব্রাহ্মণকে পক্ব অন্ন দান করে, তাহার সেই পুণ্যফলের তুল্য বিচিত্র পুণ্যফল আর এই জগতে দেখা যায় না ॥৩৫॥

---

(৩২,…বিদুষাত্মনে—বা কা নি পি, …সর্ব্বকামাভিবাঞ্ছিতাঃ—বা ব কা।

অন্নং প্রজাপতিশ্চোক্তঃ স চ সংবৎসরো মতঃ।
সংবৎসরস্তু যজ্ঞোঽসৌ সর্ব্বং যজ্ঞে প্রতিষ্ঠিতম্ ॥৩৭॥
তস্মাৎ সর্ব্বাণি ভূতানি স্থাবরাণি চরাণি চ।
তস্মাদন্নং বিশিষ্টং হি সর্ব্বেভ্য ইতি বিশ্রুতম্ ॥৩৮॥
যেষাং তড়াগানি মহোদকানি বাপ্যশ্চ কূপাশ্চ প্রতিশ্রয়াশ্চ।
